বৃহদারণ্যকোপনিষদ্

(ভাষ্য-টীকা-অনুবাদসমেত)

মহামহোপাধ্যায়—

শ্রীযুক্ত দুর্গাচরণ সাংখ্য-বেদান্ত-তীর্থ-

কর্ত্তৃক

অনূদিত ও সম্পাদিত।

দ্বিতীয় সংস্করণ।

প্রকাশক

শ্রীক্ষীরোদচন্দ্র মজুমদার।

২১/১ ঝামাপুকুর লেন, কলিকাতা।

সন ১৩৪০ সাল।

মূল্য—১৪্ চৌদ্দ টাকা।

শ্রীআশুতোষ মজুমদার দ্বারা মুদ্রিত।

"বি, পি, এম্‌স্‌ প্রেস্‌"

২২।৫ বি, ঝামাপুকুর লেন, কলিকাতা।

বৃহদারণ্যক-শ্রুতি ও ভাষ্যোক্ত

বিষয়ের সূচী।

প্রথম অধ্যায়।

দ্বিতীয় অধ্যায়।

তৃতীয় অধ্যায়।

চতুর্থ অধ্যায়।

পঞ্চম অধ্যায়।

ষষ্ঠ অধ্যায়।

বৃহদারণ্যকোপনিষদের সূচী-পত্র সম্পূর্ণ।

বৃহদারণ্যকোপনিষদের বর্ণানুক্রমে

মন্ত্র-সূচী।

অ

ওঁম্ তৎ সৎ ব্রহ্মণে নমঃ।

শুক্ল-যজুর্ব্বেদীয়-

বৃহদারণ্যকোপনিষদ্।

আনন্দগিরিকৃত-টীকোপেত-শাঙ্করভাষ্যসমেতা।

অথ শান্তিপাঠঃ—

ওঁম্, পূর্ণমদঃ পূর্ণমিদং পূর্ণাৎ পূর্ণমুদচ্যতে।
পূর্ণস্য পূর্ণমাদায় পূর্ণমেবাবশিষ্যতে॥
ওঁম শান্তিঃ শান্তিঃ শান্তিঃ॥

অথ ভাষ্যভূমিকা।

ওঁম নমো ব্রহ্মাদিভ্যো ব্রহ্মবিদ্যাসম্প্রদায়কর্তৃভ্যো
বংশর্ষিভ্যো, নমো গুরুভ্যঃ।

অথ আনন্দগিরিকৃতা টীকা।

যদবিদ্যাবশাদ্বিশ্বং দৃশ্যতে রশনাহিবৎ। যদ্বিদ্যয়া চ তদ্ধানিস্তং বন্দে পুরুষোত্তমম্॥ ১
নমস্ত্রয্যন্তসন্দোহসরসীরুহভানবে। গুরবে পরপক্ষৌঘধ্বান্ত-ধ্বংসপটীয়সে॥ ২
ভগবৎপাদ-পাদাব্জদ্বন্দ্বং দ্বন্দ্বনিবর্হণম্। সুরেশ্বরাদিসদ্ভৃঙ্গৈরবলম্বিতমাশ্রয়ে॥ ৩
বৃহদারণ্যকে ভাষ্যে শিষ্যোপকৃতিসিদ্ধয়ে। সুরেশ্বরোক্তিমাশ্রিত্য ক্রিয়তে ন্যায়নির্ণয়ঃ॥ ৪

কাণ্বোপনিষদ্বিবরণব্যাজেন অশেষামেব উপনিষদং শোধয়িতুকামো ভগবান্ ভাষ্যকারো বিঘ্নোপশমাদিসমর্থং শিষ্টাচারপ্রমাণকং পরাপরগুরুনমস্কাররূপং মঙ্গলমাচরতি—নমো ব্রহ্মাদিভ্য ইতি। বেদো হিরণ্যগর্ভো বা ব্রহ্ম, তন্নমস্কারেণ সর্ব্বা দেবতা নমস্কৃতা ভবন্তি, তদর্থত্বাৎ তদাত্মকত্বাচ্চ, "এষ উ হ্যেব সর্ব্বে দেবাঃ" ইতি শ্রুতেঃ। আদিপদেন পরমেষ্ঠিপ্রভৃতয়ো গৃহ্যন্তে। যদ্যপি তেষামুক্তো ব্রহ্মান্তর্ভাবঃ, তথাপি তেষু অনাদরনিরাসার্থং পৃথগ্গ্রহণম্।

বংশব্রাহ্মণং প্রমাণয়তি—বংশঋষিভ্য ইতি। যদ্যপি তত্র পৌতিমাষ্যাদয়ো ব্রহ্মান্তাঃ সম্প্রদায়-কর্ত্তারঃ শ্রূয়ন্তে, তথাপি গুরুশিষ্যক্রমেণ ব্রহ্মণঃ প্রাথম্যমিতি তদাদিত্বমিতি ভাবঃ। সম্প্রতি অপরগুরূন্ নমস্করোতি—নমো গুরুভ্য ইতি। যদ্যপি ব্রহ্মবিদ্যাসম্প্রদায়কর্ত্তৃত্বভাবাৎ এতে প্রাগেব নমস্কৃতাঃ, তথাপি শিক্ষাণাং গুরুবিষয়াদরাতিরেককার্য্যার্থং পৃথগ্‌গুরুনমস্করণম্, "যস্য দেবে পরা ভক্তিঃ" ইত্যাদিশ্রুতেরিতি।

ভাষ্যভূমিকানুবাদ।

ব্রহ্মবিদ্যাসম্প্রদায়প্রবর্ত্তক ব্রহ্মাদি বংশঋষিগণের উদ্দেশে নমস্কার এবং [শিক্ষাদাতা] গুরুগণের উদ্দেশে নমস্কার (১)।

ভাষ্যভূমিকা।

"উষা বা অশ্বস্য" ইত্যেবমাদ্যা বাজসনেয়িব্রাহ্মণোপনিষৎ। তস্যা ইয়মল্পগ্রন্থা বৃত্তিরারভ্যতে সংসার-ব্যাবিবৃৎসুভ্যঃ সংসারহেতু-নিবৃত্তিসাধন-ব্রহ্মাত্মৈকত্ব-বিদ্যাপ্রতিপত্তয়ে।

টীকা। যদুদ্দিশ্য মঙ্গলমাচরিতং, তৎ প্রতিজ্ঞাতুং প্রতীকমাদত্তে—উষা বা ইতি। এতেন চিকীর্ষিতায়া বৃত্তেঃ ভর্তৃপ্রপঞ্চভাষ্যেণাগতার্থত্বমুক্তম্। তদ্ধি "দ্বয়া হ" ইত্যাদিমাধ্যন্দিনশ্রুতিম্ অধিকৃত্য প্রবৃত্তম্, ইয়ং পুনঃ 'উষা বা অশ্বস্য' ইত্যাদিকাণ্বশ্রুতিমাশ্রিত্যেতি। অথ উদ্দেশ্যং নির্দিশতি—তস্যা ইতি। ভর্তৃপ্রপঞ্চভাষ্যাদ্ বিশেষান্তরমাহ—অল্পগ্রন্থেতি। অস্যা গ্রন্থতঃ অল্পত্বেঽপি নার্থতঃ তথাত্বমিতি গ্রন্থস্য গ্রহণম্। বৃত্তিশব্দো ভাষ্যবিষয়ঃ। সূত্রানুকারিভির্বাক্যৈঃ সূত্রার্থস্য স্বপদানাং চ উপবর্ণনস্য ভাষ্যলক্ষণস্যাত্র ভাবাদিতি। নমু কর্ম্মকাণ্ডাধিকারিণো বিলক্ষণঃ অধিকারী ন জ্ঞানকাণ্ডে সম্ভবতি, অর্থিত্বাদেঃ সাধারণত্বাদ্, বৈরাগ্যাদেশ্চ দুর্ব্বচনত্বাৎ। ন চ নিরধিকারং শাস্ত্রমারম্ভমর্হতি, ইত্যত আহ—সংসারেতি। কর্ম্মকাণ্ডে হি স্বর্গাদিকামঃ সংসারপরবশো নরপশুরধিকারী, ইহ তু সংসারান্ ব্যাবৃত্তিমিচ্ছবো বিরক্তাঃ। ন চ বৈরাগ্যং দুর্ব্বচং, শুদ্ধবুদ্ধের্বিবেকিনো ব্রহ্মলোকান্তে সংসারে তৎসম্ভবাৎ। উক্তং হি—

"শোধ্যমানং তু তচ্চিত্তমীশ্বরাপিতকর্ম্মভিঃ।
বৈরাগ্যং ব্রহ্মলোকাদৌ ব্যনক্ত্যাশু সুনির্ম্মলম্।" ইতি।

(১) তাৎপর্য্য—এখানে 'ব্রহ্ম' শব্দে বেদ বা হিরণ্যগর্ভ বুঝিতে হইবে; কারণ, প্রকৃত পক্ষে বেদই প্রথমে ব্রহ্মবিদ্যা প্রকাশ করিয়াছেন, পরে হিরণ্যগর্ভ তাহার প্রচার করিয়াছেন মাত্র; সুতরাং উভয়কেই ব্রহ্মবিদ্যাপ্রবর্ত্তক বলা যাইতে পারে। এই উপনিষদে 'বংশব্রাহ্মণ' নামে কয়েকটি অংশ আছে; তাহাতে ব্রহ্মবিদ্যাপ্রচারক আচার্য্যগণের নাম পারম্পর্য্য ক্রমে লিখিত আছে, অর্থাৎ পর পর যে যে আচার্য্যের উপদেশক্রমে জগতে ব্রহ্মবিদ্যা প্রচারিত হইয়াছিল, তাহার বিবরণ ঐ সমস্ত বংশব্রাহ্মণে প্রদত্ত হইয়াছে। সেই বংশব্রাহ্মণোক্ত আচার্য্যগণকেই এখানে 'বংশ-ঋষি' সংজ্ঞায় অভিহিত করা হইয়াছে।

অতো যথোক্তবিশিষ্টাধিকারিভ্যো বৃত্তেরারম্ভঃ সম্ভবতীত্যর্থঃ। তথাপি বিষয়-প্রয়োজন-সম্বন্ধানাম্ অভাবে কথং বৃত্তিরারভ্যতে, তত্রাহ—সংসারহেত্বিতি। প্রমাতৃতাপ্রমুখঃ কর্তৃত্বাদিরনর্থঃ সংসারঃ, তস্য হেতুঃ আত্মাবিদ্যা, তন্নিবৃত্তেঃ সাধনং ব্রহ্মাত্মৈকত্ববিদ্যা, তস্যাঃ প্রতিপত্তিঃ অপ্রতিবন্ধায়াঃ প্রাপ্তিঃ, তদর্থং বৃত্তিঃ আরভ্যত ইতি যোজনা। এতদুক্তং ভবতি—সনিদানানর্থনিবৃত্তিঃ শাস্ত্রস্য প্রয়োজনম্, ব্রহ্মাত্মৈকাবিদ্যা তদুপায়ঃ, তদৈক্যং বিষয়ঃ, সম্বন্ধো জ্ঞানফলয়োঃ উপায়োপেয়ত্বম্, শাস্ত্র-তদ্বিষয়য়োঃ বিষয়-বিষয়িত্বং; তদারভ্যং শাস্ত্রমিতি।

ভাষ্যভূমিকানুবাদ।

বাজসনেয়ি-ব্রাহ্মণে (২) "উষা বা অশ্বস্য মেধ্যস্য শিরঃ" ইত্যাদি উপনিষদ্ভাগ আরব্ধ হইয়াছে। যাহারা সংসারের হেতুভূত অবিদ্যানিবৃত্তির অভিলাষী; তাহাদের জন্য, সংসারের কারণীভূত অবিদ্যানিবৃত্তির উপায় ব্রহ্মাত্মৈকত্ববিদ্যা লাভের উদ্দেশ্যে অর্থাৎ ব্রহ্ম ও আত্মা একই বস্তু, এইরূপ তত্ত্বজ্ঞান সমুৎপাদনের জন্য সেই উপনিষদের এই ক্ষুদ্রাবয়ব ব্যাখ্যা-গ্রন্থ বিরচিত হইতেছে।

ভাষ্যভূমিকা।

সেয় ব্রহ্মবিদ্যা উপনিষচ্ছব্দবাচ্যা, তৎপরাণাং সহেতোঃ সংসারস্যাত্যন্তাবসাদনাৎ। উপ-নি-পূর্ব্বস্য সদেস্তদর্থত্বাৎ, তাদর্থ্যাদ্ গ্রন্থোঽপি উপনিষদুচ্যতে।

সেয় ষড়ধ্যায়ী অরণ্যে অনূচ্যমানত্বাৎ আরণ্যকম্; বৃহত্ত্বাৎ পরিমাণতো বৃহদারণ্যকম্। তস্যাস্য কর্ম্মকাণ্ডেন সম্বন্ধোঽভিধীয়তে—

টীকা। প্রয়োজনাদিষু প্রবৃত্ত্যঙ্গতয়া উক্তেষ্বপি সকলব্যাপারাণাং প্রয়োজনার্থত্বাৎ তস্য প্রাধান্যম্। উক্তং হি—

"সর্ব্বস্যৈব হি শাস্ত্রস্য কর্ম্মণো বাপি কস্যচিৎ।
যাবৎ প্রয়োজনং নোক্তং তাবৎ তৎ কেন গৃহ্যতে॥" ইতি॥

তথাচ শাস্ত্রারম্ভৌপয়িকং প্রয়োজনমেব নামব্যুৎপাদনদ্বারা ব্যুৎপাদয়তি—সেয়মিতি। অধ্যাত্মশাস্ত্রেষু প্রসিদ্ধা সন্নিহিতা চাত্র ব্রহ্মাত্মৈকাবিদ্যা, তন্নিষ্ঠানাং সর্ব্বকর্ম্মসন্ন্যাসিনাং সনিদানস্য সংসারস্য অত্যন্তনাশকত্বাৎ—ভবতি উপনিষচ্ছব্দ-বাচ্যা। "উপনিষদং ভো ব্রূহি" ইত্যাদ্যা চ শ্রুতিঃ। তস্মাৎ উপনিষচ্ছব্দবাচ্যত্বপ্রসিদ্ধেঃ বিদ্যায়াঃ, ততো যথোক্তফলসিদ্ধিরিত্যর্থঃ। কথং তস্যাঃ তচ্ছব্দবাচ্যত্বেঽপি এতাবানর্থো লভ্যতে, তত্রাহ—উপ-নি-পূর্ব্বস্যেতি। অস্যার্থঃ—'ষদ্‌ৢ বিশরণগত্যবসাদনেষু' ইতি স্মর্য্যতে। সদের্ধাতোঃ উপ-নি-পূর্ব্বস্য কিবন্তস্য সহেতুসংসারনিবর্ত্তকব্রহ্মবিদ্যার্থত্বাৎ উপনিষচ্ছব্দবাচ্যা সা ভবত্যুক্তফলবতী। উপ-শব্দো হি সামীপ্যমাহ; তচ্চাসতি সঙ্কোচকে প্রতীচি পর্য্যবস্যতি। নি-শব্দশ্চ নিশ্চয়ার্থঃ, তস্মাৎ ঐকাত্ম্যং

(২) তাৎপর্য্য—শুক্ল যজুর্ব্বেদের অপর নাম 'বাজসনেয়'। বাজসনেয় নাম যে, কেন হইল, তাহা ঈশোপনিষদের ভূমিকায় আমরা বলিয়া দিয়াছি।

নিশ্চিতং, তদ্বিদ্যা সহেতুং সংসারং সাদয়তীতি উপনিষদুচ্যতে। উক্তং হি—'অবসাদনার্থস্য চাবসাদাৎ' ইতি। ব্রহ্মবিদ্যৈব চেৎ উপনিষদুচ্যতে, কথং তর্হি গ্রন্থে বৃদ্ধাঃ তচ্ছব্দং প্রযুঞ্জতে? ন খলু একস্য শব্দস্যানেকার্থত্বং ন্যায্যম্? ইত্যাশঙ্ক্যাহ—তাদর্থ্যাদিতি। গ্রন্থস্য ব্রহ্মবিদ্যা-জনকত্বাদ্ উপচারাৎ তত্র উপনিষৎশব্দ ইত্যর্থঃ।

যথোক্তবিদ্যাজনকত্বে গ্রন্থস্য কিমিতি তদধ্যেতৄণাং সর্ব্বেষাং বিদ্যা ন ভবতীত্যাশঙ্ক্য শ্রবণাদিপরাণামেব অরণ্যানুবচনাদি-নিয়মাধীতাধ্যেতৄণাং তজ্জন্ম, ইতি বৃহদারণ্যক-নামনির্ব্বচনপূর্ব্বকমাহ—সেয়মিতি। অথ অরণ্যানুবচনাদি-নিয়মাধীতবেদানামপি কেষাঞ্চিৎ বিদ্যানুপলম্ভাৎ কুতো যথোক্তাধ্যেতৄণাং তদুৎপত্তিঃ? ইত্যত আহ—বৃহত্ত্বাদিতি। উপনিষদন্তরেভ্যো গ্রন্থপরিমাণাতিরেকাদস্য বৃহত্ত্বং প্রসিদ্ধম্, অর্থতোঽপি তদস্তি, যস্মাৎ অনন্তৈকরসব্রহ্ম প্রতিপাদ্যত্বাৎ, তজ্জ্ঞানহেতূনাং চ অন্তরঙ্গবহিরঙ্গাণাং ভূয়সামিহ প্রতিপাদনাৎ। অতো বৃহত্ত্বাৎ আরণ্যকত্বাৎ চ বৃহদারণ্যকম্। ন চ এতৎ অশুদ্ধবুদ্ধেরধীতমপি বিদ্যামাদধাতি। "কষায়ে কর্ম্মভিঃ পক্বে ততো জ্ঞানম্' ইতি স্মৃতেরিত্যর্থঃ। জ্ঞানকাণ্ডস্য বিশিষ্টাধিকারাদি-বৈশিষ্ট্যেঽপি কর্ম্মকাণ্ডেন নিয়তপূর্ব্বাপরভাবানুপপত্তিরিত্যতঃ সম্বন্ধো বক্তব্যঃ। ন চ পরীক্ষকবিপ্রতিপত্তেঃ সম্বন্ধো বিশেষতো জ্ঞাতুম্, ইত্যাশঙ্ক্যাহ—তস্যেতি।

ভাষ্যভূমিকানুবাদ।

যাহারা এই ব্রহ্মবিদ্যার অনুশীলনে তৎপর, তাহাদের সংসার, জন্মমৃত্যু প্রবাহ ও তৎকারণীভূত অবিদ্যার সম্পূর্ণরূপে উচ্ছেদসাধন করে বলিয়া সেই এই ব্রহ্মবিদ্যা উপনিষৎ-শব্দে অভিহিত হইয়া থাকে। কেন না, 'উপ' ও 'নি' পূর্ব্বক 'সদ্' (উপ+নি+সদ্) ধাতুর ঐরূপ অর্থই প্রসিদ্ধ। উল্লিখিত প্রয়োজন সিদ্ধির আনুকূল্য করে বলিয়া গ্রন্থও 'উপনিষৎ' নামে কথিত হইয়া থাকে।

ছয়টি অধ্যায়ে সম্পূর্ণ সেই এই উপনিষদ্গ্রন্থ অরণ্যমধ্যে পঠনীয় বলিয়া আরণ্যক, আর পরিমাণেও সর্ব্বাপেক্ষা বৃহৎ বলিয়া 'বৃহদারণ্যক' নামে অভিহিত হয়। এখন কর্ম্মকাণ্ডের সহিত ইহার কিরূপ সম্বন্ধ, তাহা বর্ণিত হইতেছে।

ভাষ্যভূমিকা।

সর্ব্বোঽপ্যয়ং বেদঃ প্রত্যক্ষানুমানাভ্যাম্ অনবগতেষ্টানিষ্টপ্রাপ্তি-পরিহারোপায়-প্রকাশনপরঃ, সর্ব্বপুরুষাণাং নিসর্গত এব তৎপ্রাপ্তি-পরিহারয়োরিষ্টত্বাৎ।

দৃষ্টবিষয়ে চ ইষ্টানিষ্টপ্রাপ্তি-পরিহারোপায়জ্ঞানস্য প্রত্যক্ষানুমানাভ্যামেব সিদ্ধত্বাৎ ন আগমান্বেষণা। ন চ অসতি জন্মান্তর-সম্বন্ধ্যাত্মাস্তিত্ববিজ্ঞানে জন্মান্তরেষ্টানিষ্টপ্রাপ্তি-পরিহারেচ্ছা স্যাৎ; স্বভাববাদি-দর্শনাৎ।

ভাষ্যভূমিকা।

তস্মাৎ জন্মান্তর-সম্বন্ধ্যাত্মাস্তিত্বে জন্মান্তরেষ্টানিষ্টপ্রাপ্তিপরিহারোপায়বিশেষে চ শাস্ত্রং প্রবর্ত্ততে ;—

"যেয়ং প্রেতে বিচিকিৎসা মনুষ্যে, অস্তীত্যেকে নায়মস্তীতি চৈকে" ইত্যুপক্রম্য "অস্তীত্যেবোপলব্ধব্যঃ" ইত্যেবমাদি-নির্ণয়দর্শনাৎ।

"যথা চ মরণং প্রাপ্য" ইত্যুপক্রম্য—

"যোনিমন্যে প্রপদ্যন্তে শরীরত্বায় দেহিনঃ।
স্থাণুমন্যেঽনুসংযন্তি যথাকর্ম্ম যথাশ্রুতম্॥" ইতি চ;

"স্বয়ং জ্যোতিঃ" ইত্যুপক্রম্য "তং বিদ্যা-কর্ম্মণী সমন্বারভেতে" "পুণ্যো বৈ পুণ্যেন কর্ম্মণা ভবতি, পাপঃ পাপেন" ইতি চ;

"জ্ঞপয়িষ্যামি" ইত্যুপক্রম্য "বিজ্ঞানময়ঃ" ইতি চ ব্যতিরিক্তাত্মাস্তিত্বম্।

টীকা। প্রতিজ্ঞাতং সম্বন্ধং প্রকটয়িতুম্ অসিদ্ধপ্রমাণভাবানাং বেদান্তানাং সম্বন্ধাভিধানাবসরাভাবাৎ তৎপ্রামাণ্যং প্রতিপাদ্য পশ্চাৎ তেষাং কর্ম্মকাণ্ডেন সম্বন্ধবিশেষবচনমুচিতম্—ইতি মন্বানঃ তৎপ্রামাণ্যং সাধয়তি—সর্ব্বোঽপীতি। প্রত্যক্ষানুমানাভ্যাম্ ইত্যাগমাতিরিক্ত-প্রমাণোপলক্ষণার্থম্। এবং অর্থঃ অধ্যয়ন-বিধ্যুপাত্তঃ সর্ব্বোঽপি কাণ্ডদ্বয়াত্মকে বেদঃ—যাবান্‌ত্রয়াবধিগতং যদ ইষ্টোপায়াদি, তজ্জ্ঞাপনপরঃ; তথাচ অজ্ঞাতজ্ঞাপকত্বাবিশেষাৎ তুল্যং প্রামাণ্যং কাণ্ডয়োরিতি। অথবা বেদনং বেদোঽনুভবঃ; স চ শব্দেতরমানাযোগ্যঃ, রূপাদিহীনত্বাৎ, "এতদপ্রমেয়ম্" ইতি হি শ্রুতিঃ। স চ ইষ্টানিষ্ট-প্রাপ্তিপরিহারোপায়ঃ, তস্যৈব তত্ত্বজ্ঞানাবস্থানাৎ, "সচ্চ ত্যচ্চাভবৎ" ইত্যাদিশ্রুতেঃ। স চ প্রকাশনঃ, সর্ব্বপ্রকাশকত্বাৎ; "তমেব ভান্তমনুভাতি সর্ব্বম্" ইতি শ্রুতেঃ। স চ পরঃ, অবিদ্যা-তৎকার্য্যাতীতত্বাৎ; "বিরজঃ পর আকাশাৎ" ইত্যাদিশ্রুতেঃ। এবংরূপো বেদপদ-বেদনীয়ঃ চিদেকরসঃ প্রত্যগ্ধাতুরেব সর্ব্বোঽপি কার্য্যকারণাত্মকঃ প্রপঞ্চঃ, "আত্মৈবেদং সর্ব্বম্" ইতি শ্রুতেঃ। তথাচ যথোক্তং বস্তু প্রকাশয়ন্তো বেদান্তা বিধিবাক্যবৎ প্রমাণমিতি। অথবা প্রত্যক্ষাদিনা অনবগতো যোঽসৌ ইষ্টপ্রাপ্ত্যাদ্যুপায়ো ব্রহ্মাত্মা, তস্য প্রকাশনপরঃ সর্ব্বোঽপি অয়ং বেদঃ, তস্যৈব অজ্ঞাতত্বাৎ। তত্র কর্ম্মকাণ্ডং কর্ম্মানুষ্ঠানপ্রযুক্ত বুদ্ধিশুদ্ধিদ্বারা ব্রহ্মাধিগতৌ আরাদ্ উপকারকম্, "বিবিদিষন্তি যজ্ঞেন" ইতি শ্রুতেঃ। জ্ঞানকাণ্ডং তু সাক্ষাদেব তত্রোপযুক্তম্, পরমপুরুষস্য ঔপনিষদত্বশ্রবণাৎ, "সর্ব্বে বেদা যৎ পদমামনন্তি" ইতি চ শ্রুতেঃ। তদ্ যুক্তং কর্ম্মকাণ্ডবৎ জ্ঞানকাণ্ডস্যাপি প্রামাণ্যমিতি। অধিকারিসৌলভ্য-প্রতিপাদনদ্বারা জ্ঞানকাণ্ডপ্রামাণ্যমেব স্ফুটয়তি—সর্ব্বপুরুষাণামিতি। অয়মর্থঃ —'সুখং মে স্যাৎ, দুঃখং মা ভূৎ' ইতি স্বভাবতঃ শাস্ত্রং বিনা সর্ব্বেষাং পুরুষাণাম্ অনবচ্ছিন্নসুখাদিমাত্রে অভিলাষোপলম্ভাৎ তস্যাত্রৈব চ মোক্ষত্বাৎ তৎকামিনঃ জ্ঞানকাণ্ডাধিকারিণঃ সুলভত্বাৎ তস্মিন্ প্রবর্ত্তিবর্ত্তিবিষয়াম্ আদধৎ কথং তদপ্রামাণ্যমিতি।

ভাষ্যভূমিকানুবাদ।

অভীষ্ট বিষয়ের প্রাপ্তি ও অনিষ্ট বিষয়ের পরিহার করা (পরিত্যাগ করা) মনুষ্যমাত্রেরই অভিপ্রেত ও নৈসর্গিক ধর্ম, অথচ কি উপায়ে যে, সেই ইষ্টপ্রাপ্তি ও অনিষ্টপরিহার করা যাইতে পারে, তাহা কেবল প্রত্যক্ষ ও অনুমানের সাহায্যেই অবধারণ করা যাইতে পারে না, এইজন্য লোকপ্রসিদ্ধ সমস্ত বেদশাস্ত্রই সেই উপায় প্রকাশনে আগ্রহান্বিত।

বিশেষ এই যে, যাহা দৃষ্ট বা ইহলৌকিক ইষ্টপ্রাপ্তি ও অনিষ্ট-পরিহার, তাহা সাধারণতঃ প্রত্যক্ষ ও অনুমান-প্রমাণ দ্বারাই নিরূপিত হইতে পারে, এই কারণে তদ্বিষয়ে আর বেদশাস্ত্র অন্বেষণ করিবার প্রয়োজন হয় না, [সুতরাং অদৃষ্ট বা অলৌকিক বিষয়েই শাস্ত্র প্রমাণের প্রয়োজন হয়]। কিন্তু জন্মান্তরভাগী আত্মার অস্তিত্ববিষয়ে জ্ঞান না থাকিলে অর্থাৎ দেহাতিরিক্ত আত্মার জন্মান্তর-সত্তা বিষয়ে স্থিরবিশ্বাস না থাকিলে কখনই জন্মান্তরীয় ইষ্টপ্রাপ্তি ও অনিষ্টপরিহারের জন্য কাহারও ইচ্ছা হইতে পারে না, যেহেতু, 'স্বভাববাদী' লোকও দেখিতে পাওয়া যায়, অর্থাৎ এরূপ একশ্রেণীর লোক দেখিতে পাওয়া যায়, যাঁহারা বলেন,—দেহের অতিরিক্ত ও জন্মান্তরভাগী আত্মা বলিয়া কোন পদার্থ নাই, পৃথিব্যাদি ভূতবর্গেরই স্বভাব এই যে, পর স্পরের সহিত সম্মিলিত হইয়া—দেহাকারে পরিণত হইয়া চৈতন্যসঞ্চার করিয়া থাকে (৩), সুতরাং পারলৌকিক শুভাশুভপ্রাপ্তির প্রয়াস অনাবশ্যক, ইত্যাদি।

বস্তুতঃ এই কারণেই আত্মার জন্মান্তরাস্তিত্ব প্রতিপাদনে এবং জন্মান্তরীণ ইষ্ট-প্রাপ্তি ও অনিষ্টপরিহারের উপযুক্ত উপায় প্রকাশনেই বেদাদিশাস্ত্রের প্রধানতঃ প্রবৃত্তি বা যত্ন। কেন না, [কঠোপনিষদে] 'মনুষ্য মরিলে পর, কেহ কেহ বলেন, [আত্মা] থাকে, অর্থাৎ পরলোকগামী আত্মা আছে আবার কেহ কেহ বলেন,—

(৩) তাৎপর্য্য—নাস্তিক সম্প্রদায়কে 'স্বভাববাদী' বলা হইয়া থাকে। তাঁহারা বলেন—মৃত্যুর পর স্থূলদেহের অতিরিক্ত জন্মান্তরগামী নিত্যচৈতন্যস্বরূপ আত্মা বলিয়া কোন পদার্থ নাই। চৈতন্য দেহেরই ধর্ম; স্বভাবশুভ্র চূণ ও স্বভাবপীত হরিদ্রা যেমন একত্র মিশ্রিত হইলে তাহাতে অভিনব রক্তিমাকার উদ্ভূত হয়, তেমনি পৃথিব্যাদি জড় পদার্থেরও পরস্পর বিলক্ষণ সংযোগে সমুৎপন্ন এই স্থূলদেহেই এক অভিনব চৈতন্যধর্মের আবির্ভাব হইয়া থাকে; সুতরাং অনুভূয়মান চৈতন্যশক্তি দেহেরই ধর্ম। দেহের সঙ্গেই—তাহার উৎপত্তি আবার দেহের সঙ্গেই তাহার বিনাশ হইয়া যায়; এখানেই স্বর্গ-নরক-ভোগ, লোকান্তর বা জন্মান্তর-কল্পনা, এবং দেহাতিরিক্ত নিত্য আত্মার জন্মান্তরলাভ—এ সমস্তই মিথ্যা কল্পিত কথা মাত্র।

না—মৃত্যুর পর এই আত্মা আর থাকে না, দেহের ধ্বংসেই আত্মার ধ্বংস হইয়া যায়, এইরূপ যে একটা সংশয়বাদ আছে—'এইরূপ বাক্যোপক্রমের পর 'নিশ্চয়ই আছে' অর্থাৎ [জন্মান্তরগামী আত্মা] নিশ্চয়ই আছে বলিয়া বুঝিতে হইবে' এই প্রকার অবধারণপ্রকাশর্থক শ্রুতি দেখিতে পাওয়া যায়। [তন্মধ্যে] 'জীব মৃত্যুর পর যে প্রকারে থাকে' এইরূপ উপক্রম করিয়া 'কোন কোন দেহী নিজ নিজ জ্ঞান ও কর্ম্মানুসারে শরীরলাভের জন্য মনুষ্যাদি যোনি (মনুষ্যাদি জন্ম) প্রাপ্ত হয়, আবার অন্য দেহীরা স্থাণু (বৃক্ষাদি দেহ) লাভ করে', এই কথা বলা হইয়াছে। তাহার পর [বৃহদারণ্যকে] 'আত্মা স্বয়ংজ্যোতিঃ বা স্বপ্রকাশ', এইরূপ উপক্রম করিয়া 'বিদ্যা ও কর্ম্ম অর্থাৎ জ্ঞান ও কর্ম্মসংস্কার তাহার (মৃতব্যক্তির) সম্যক্ অনুগমন করিয়া থাকে', 'পুণ্যকর্ম্ম দ্বারা পুণ্য (স্বর্গাদিগামী) হয়, আর পাপকর্ম্ম দ্বারা পাপ (নরকাদিগামী) হয়', এই কথা বলা হইয়াছে। পুনশ্চ 'তোমাকে বুঝাইব' এইরূপ উপক্রমের পর [আত্মা] 'বিজ্ঞানময়' (অলুপ্তচৈতন্যস্বভাব) এইরূপ বলা হইয়াছে ; [ফলতঃ, এতদ্দ্বারা শাস্ত্রই] দেহাতিরিক্ত আত্মার অস্তিত্ব প্রতিপাদন করিয়াছেন।

ভাষ্যভূমিকা।

তৎ প্রত্যক্ষবিষয়মেবেতি চেৎ ; ন ; বাদি-বিপ্রতিপত্তি-দর্শনাৎ। ন হি দেহান্তরসম্বন্ধিন আত্মনঃ প্রত্যক্ষেণ অস্তিত্ববিজ্ঞানে লোকায়তিকা বৌদ্ধাশ্চ নঃ প্রতিকূলাঃ স্যুঃ—নাস্ত্যাত্মেতি বদন্তঃ। ন হি ঘটাদৌ প্রত্যক্ষবিষয়ে কশ্চিদ্ বিপ্রতিপদ্যতে—নাস্তি ঘট ইতি।

টীকা। যথোক্তাত্মনি অহংপ্রত্যয়ো মানং, তত্র দেহাকারাস্ফুরণাৎ অতিরিক্তাত্মাস্তিত্বস্য তেনৈব স্ফুর্ত্তিপপত্তেঃ, অতো ন তত্র শ্রুতিপ্রামাণ্যমিতি শঙ্কতে—তৎ প্রত্যক্ষেতি। প্রত্যক্ষস্য বিষয়ঃ অবকাশঃ যস্মিন্ ইত্যতিরিক্তাত্মাস্তিত্বম্ উচ্যতে। যদ্যপি ব্যতিরিক্তাত্মাস্তিত্বং বস্তুতিপ্রাচ্যেণ অহংধীগোচরঃ, তথাপি ন সা ব্যতিরেকমাত্মনো গোচরয়তি ; যুক্ত্যাগমবিবেকশূন্যানাম্ অহং-প্রত্যয়তোঽপি ব্যতিরেকপ্রত্যয়প্রাপ্তৌ বিপশ্চিতাং বিপ্রতিপত্ত্যভাবপ্রসঙ্গাদিতি পরিহরতি—ন, বাদীতি। বেদপ্রতিকূলা বাদিনো নাস্তিকা নৈব বিবাদং যুক্তবীতাহ—ন হীতি। তেষু প্রাতিকূল্যসম্ভাবনার্থং বিশেষণং দেহাদি। ইতি বদন্তঃ সন্তো নোঽস্মাকং প্রতিকূলা নহি স্যুঃ, এবং বদনস্যৈব অসম্ভবাৎ প্রত্যক্ষবিরোধাদিতি যোজনা। প্রত্যক্ষে বিষয়ে বিপ্রতিপত্ত্যভাবে দৃষ্টান্তমাহ—ন হীতি।

ভাষ্যভূমিকানুবাদ।

যদি বল, সেই আত্মা যে দেহাতিরিক্ত, ইহা ত প্রত্যক্ষসিদ্ধই বটে ; [সুতরাং সে বিষয়ে বলিবার আর কি আছে ?] না,—তাহা বলিতে পার না ; যেহেতু

এ বিষয়ে বাদিগণের মতভেদ দেখিতে পাওয়া যায়। প্রত্যক্ষ প্রমাণ দ্বারাই যদি দেহান্তরগামী আত্মার অস্তিত্ববিজ্ঞান স্থির হইত, তাহা হইলে লোকায়তিক (নাস্তিক) ও বৌদ্ধগণ কখনই 'আত্মা নাই' বলিয়া আমাদের প্রতিপক্ষ হইত না, কেন না, প্রত্যক্ষের বিষয়ীভূত ঘটাদি বস্তুর অস্তিত্ববিষয়ে ত 'ঘট নাই' বলিয়া কেহই বিরুদ্ধ মত প্রকাশ করে না।

ভাষ্যভূমিকা।

স্থাণ্বাদৌ পুরুষাদিদর্শনাৎ নেতি চেৎ, ন, নিরূপিতে অভাবাৎ। ন হি প্রত্যক্ষেণ নিরূপিতে স্থাণ্বাদৌ বিপ্রতিপত্তির্ভবতি। বৈনাশিকাস্তু অহমিতি প্রত্যয়ে জায়মানেঽপি দেহান্তরব্যতিরিক্তস্য নাস্তিত্বমেব প্রতিজানতে। তস্মাৎ প্রত্যক্ষবিষয়বৈলক্ষণ্যাৎ প্রত্যক্ষাৎ ন আত্মাস্তিত্বসিদ্ধিঃ।

টীকা। তত্র ব্যভিচারং শঙ্কতে—স্থাণ্বাদাবিতি। প্রত্যক্ষে ধর্ম্মিণি স্থাণুর্ব্বা পুরুষো বেতি বিপ্রতিপত্তেরুপলম্ভাৎ ন প্রত্যক্ষে বিপ্রতিপত্ত্যভাবো ব্যভিচারাদিতি শঙ্কার্থঃ। আদিপদেন পাষাণাদৌ গজাদি-বিপ্রতিপত্তিঃ সংগৃহ্যতে। কিং প্রত্যক্ষমাত্রে বিপ্রতিপত্তিঃ? কিং বা তেন বিবিক্তে প্রতিপন্নে? নাদ্যঃ, অঙ্গীকারাৎ। ন চৈবমাত্মনি প্রত্যক্ষ বিপ্রতিপত্তৌ অপি ন আগমাপেক্ষণা, তেনৈব তন্নিরাসেন তন্নির্ণয়াৎ, ইতি মন্বানো দ্বিতীয়ং দূষয়তি—নেত্যাদিনা। প্রত্যক্ষতো বিবিক্তেঽর্থে বিপ্রতিপত্ত্যভাবং প্রপঞ্চয়তি—ন হীতি। আত্মন স্থূলদেহ-ব্যতিরিক্তত্বং ন প্রত্যক্ষমিতি প্রতিপাদ্য সূক্ষ্মদেহ ব্যতিরিক্তত্বমপি ন অহং প্রত্যয়গ্রাহ্যমিত্যাহ—বৈনাশিকাস্ত্বিতি। তে খল্বহমিতি ধিয়ম্ অনুভবন্তি; তথাপি দেহাদন্যং দেহাতিরিক্তং সূক্ষ্মং, তত্র প্রধানভূতায়া বুদ্ধেরতিরিক্তস্য আত্মনো নাস্তিত্বমেব পশ্যন্তি। অতঃ ন তয়া ধিয়া সূক্ষ্মদেহাতিরিক্তাত্মসিদ্ধিরিত্যর্থঃ। কিং চ, প্রত্যক্ষস্য বিষয়ো রূপাদিঃ, তস্মাৎ তদ্বৈলক্ষণ্যাৎ, রূপাদ্যাত্মনোঽস্তি, "অশব্দমস্পর্শমরূপম্" ইত্যাদিশ্রুতেঃ। ন হি রূপাদি তদাধারং বিনা প্রত্যক্ষং ক্রমতে। অতো ন দেহাদ্যতিরিক্তাত্মাস্তিত্বস্য প্রত্যক্ষাৎ প্রসিদ্ধিরিত্যাহ—তস্মাদিতি।

ভাষ্যভূমিকানুবাদ।

যদি বল, [প্রত্যক্ষসিদ্ধ] স্থাণু (= শাখাদিশূন্য বৃক্ষ প্রভৃতিতেও যখন মনুষ্যাদি-ভ্রম দেখিতে পাওয়া যায়, তখন এ কথা সঙ্গত হইতে পারে না। না,—যেহেতু সেখানেও স্থাণুত্বের নিশ্চয় নাই, কারণ, প্রত্যক্ষ দ্বারা স্থাণু নিশ্চিত হইলে, কখনই তাহাতে মনুষ্যাদিভ্রম উৎপন্ন হইতে পারে না। বৈনাশিকেরা (বৌদ্ধগণ) কিন্তু 'অহং' প্রতীতিসত্ত্বেও দেহাতিরিক্ত আত্মার নাস্তিত্ব বা অভাবই স্বীকার করেন, (অস্তিত্ব স্বীকার করেন না)। অতএব লৌকিক প্রত্যক্ষবিষয়ের সঙ্গে বৈলক্ষণ্য থাকায় প্রত্যক্ষ প্রমাণ দ্বারা আত্মার অস্তিত্ব সিদ্ধ বা প্রমাণিত হইতেছে না।

ভাষ্যভূমিকা।

তথা অনুমানাদপি। শ্রুত্যা আত্মাস্তিত্বে লিঙ্গস্য দর্শিতত্বাৎ, লিঙ্গস্য চ প্রত্যক্ষবিষয়ত্বাৎ নেতি চেৎ; ন; জন্মান্তরসম্বন্ধস্য অগ্রহণাৎ। আগমেন তু আত্মাস্তিত্বে অবগতে বেদপ্রদর্শিত-লৌকিক-লিঙ্গবিশেষৈশ্চ, তদনুসারিণো মীমাংসকাস্তার্কিকাশ্চ অহং-প্রত্যয়লিঙ্গানি চ বৈদিকান্যেব স্ব-মতিপ্রভবাণি— ইতি কল্পয়ন্তো বদন্তি— প্রত্যক্ষশ্চ অনুমেয়শ্চ আত্মা ইতি।

সর্ব্বথাপি অস্ত্যাত্মা দেহান্তরসম্বন্ধীত্যেবং প্রতিপত্তুঃ দেহান্তরগতেষ্টানিষ্ট-প্রাপ্তিপরিহারোপায়বিশেষার্থিনঃ তদ্বিশেষজ্ঞাপনায় কর্ম্মকাণ্ডং সমারব্ধম্। ন তু আত্মন ইষ্টানিষ্ট-প্রাপ্তি-পরিহারেচ্ছাকারণম্ আত্মবিষয়মজ্ঞানং কর্ত্তৃভোক্তৃ-স্বরূপাভিমানলক্ষণং তদ্বিপরীতব্রহ্মাত্মস্বরূপবিজ্ঞানেন অপনীতম্। যাবৎ হি তৎ ন অপনীয়তে, তাবদয়ং কর্ম্মফল-রাগদ্বেষাদি-স্বাভাবিকদোষপ্রযুক্তঃ শাস্ত্র-বিহিত-প্রতিষিদ্ধাতিক্রমেণাপি প্রবর্ত্তমানো মনোবাক্কায়ৈঃ দৃষ্টাদৃষ্টানিষ্টসাধনানি অধর্ম্মসংজ্ঞকানি কর্ম্মাণি উপচিনোতি বাহুল্যেন, স্বাভাবিকদোষবলীয়স্ত্বাৎ; ততঃ স্থাবরান্তাধোগতিঃ।

টীকা। প্রত্যক্ষতো বিবিক্তে বিপ্রতিপত্ত্যযোগাৎ; প্রকৃতে চ তদ্দর্শনাদিতি যাবৎ। অথ ইচ্ছাদয়ঃ কচিদাশ্রিতাঃ, গুণত্বাৎ, রূপবৎ; ইত্যনুমানাৎ অতিরিক্তাত্মসিদ্ধিরিতি; নেত্যাহ— তথেতি। ন আত্মাস্তিত্বপ্রসিদ্ধিঃ ইতিসম্বন্ধার্থঃ 'তথা'-শব্দঃ। অয়ং ভাবঃ—ইচ্ছাদীনাং স্বাতন্ত্র্যে স্বরূপাসিদ্ধিঃ, পারতন্ত্র্যে পরস্পরাশ্রয়ত্বম্, আধারস্য ইদানীমেব সাধ্যমানত্বাৎ। কচিৎ-শব্দেন চ আশ্রয়মাত্রবচনে সিদ্ধসাধনত্বং, মনসঃ তদাশ্রয়স্য সিদ্ধত্বাৎ, আত্মোক্তৌ চ দৃষ্টান্তস্য সাধ্যবিকলতেতি। "যঃ প্রাণেন প্রাণিতি" ইত্যাদিশ্রুত্যা প্রাণনাদিব্যাপারাখ্যস্য লিঙ্গস্য আত্মাস্তিত্বে প্রদর্শিতত্বাৎ, তস্য চ ব্যাপ্তিসাপেক্ষস্য প্রত্যক্ষাদিসিদ্ধাত্মবিষয়ত্বাৎ ন তস্য শব্দৈক-গম্যতা, ইতি শঙ্কতে—শ্রুত্যেতি। আত্মনঃ স্বাতন্ত্র্যেণ লিঙ্গসম্বন্ধাভিপ্রায়েণ শ্রুত্যা লিঙ্গং ন উপন্যস্তমিতি পরিহরতি—নেতি। যোঽচেতনব্যাপারঃ, স চেতনাধিষ্ঠানপূর্ব্বকঃ, যথা রথাদিব্যাপারঃ। প্রাণনাদিব্যাপারস্যাপি অচেতনব্যাপারত্বাৎ চেতনাধিষ্ঠানপূর্ব্বকত্বমিতি সম্ভাবনামাত্রেণ লিঙ্গোপন্যাসঃ। ন হি নিশ্চায়কত্বেন তদুপন্যস্যতে। আত্মনো জন্মান্তরসম্বন্ধস্য প্রমাণান্তরেণ অগ্রহণাৎ তদ্ব্যাপ্তলিঙ্গাযোগাদিত্যাহ—জন্মান্তরেতি। ননু ব্যতিরিক্তাত্মাস্তিত্বম্ আগমৈকগম্যং চেৎ, কথং তৎ প্রত্যক্ষম্ অনুমেয়ং চ—ইতি বাদিনো বদন্তীতি, তত্রাহ—আগমেন ত্বিতি। "যেয়ং প্রেতে বিচিকিৎসা" ইত্যাদ্যাগমেন "কো হ্যেবান্যাৎ" ইত্যাদিবেদোক্তৈশ্চ প্রাণনাদিভিঃ লৌকিকৈর্লিঙ্গবিশেষৈঃ আত্মাস্তিত্বে সিদ্ধে যথোক্তাত্মসিদ্ধম্ অনুসরন্তো বাদিনো বৈদিকমেব অহংপ্রত্যয়ং প্রতিপদ্যমানা বৈদিকান্যেব চ লিঙ্গানি পশ্যন্তঃ স্বোৎপ্রেক্ষানির্ম্মিতানি তানি—ইতি কল্পয়ন্তো দ্বিধা আত্মানং বদন্তি। বস্তুতস্তু আত্মা যথোক্তপ্রত্যক্ষসমধিগম্য ইত্যর্থঃ।

'তস্যাস্ত' ইত্যাদিনা কাণ্ডয়োঃ সম্বন্ধং প্রতিজ্ঞায় তাদর্থ্যেন সিদ্ধেঽর্থে বেদান্ত-প্রামাণ্যং 'সর্ব্বোঽপি' ইত্যাদিনা প্রসাধ্য, অধুনা কর্ম্মভিঃ শুদ্ধবুদ্ধেঃ বৈরাগ্যাদিদ্বারা জ্ঞানোৎপত্তিরিতি তয়োঃ সম্বন্ধং কথয়তি—সর্ব্বথাপীতি। আগমাৎ মানান্তরাদ্বা ব্যতিরিক্তাত্মাস্তিত্ব-প্রতিপত্তাবপি ইত্যর্থঃ। পুরুষার্থোপায়-বিশেষার্থিনঃ তজ্জ্ঞাপনার্থং কর্ম্মকাণ্ডমারব্ধং চেৎ, তর্হি তত্রোক্তকর্ম্মভিরেব বিবক্ষিতপুমর্থসিদ্ধেঃ বেদান্তারম্ভ-বৈয়র্থ্যাৎ ন সম্বন্ধোক্তিঃ সাবকাশা, ইত্যাশঙ্ক্যাহ—নত্বিতি। আত্মাজ্ঞানং গন্বনর্থকারণম্, অন্বয়-ব্যতিরেক-শাস্ত্রগম্যং মিথ্যাজ্ঞান-কার্য্যলিঙ্গকং চ; তচ্চ অকর্ত্তৃ-ভোক্তৃ-ব্রহ্মাত্মজ্ঞানাদ্ অপনেয়ম্। ন হি তৎ কর্ম্মকাণ্ডোক্তৈরেব কর্ম্মভিঃ শক্যমপনেতুং, বিরোধাভাবাৎ। তস্মাৎ তদ্‌বাধনার্থং জ্ঞানসিদ্ধয়ে বেদান্তারম্ভ-সম্ভবাৎ উক্তসম্বন্ধসিদ্ধিরিত্যর্থঃ। যদি কর্ম্মভিঃ অজ্ঞানং ন নিবর্ত্ততে, মা নিবর্ত্তিষ্ট, সত্যেব তস্মিন্ কর্ম্মবশাৎ মোক্ষঃ স্যাৎ, ইত্যাশঙ্ক্যাহ—যাবদ্বীতি। সম্যগ্‌জ্ঞানমেব সাক্ষান্মোক্ষহেতুঃ, ন কর্ম্ম; তৎ তু প্রনাড্যা তদুপযোগি। ন হি সত্যেব অজ্ঞানে মুক্তিঃ; তস্মিন্ সতি সংসারস্য দুর্ব্বারত্বাৎ। তস্মাৎ কর্ম্মকাণ্ডস্য বৈরাগ্যদ্বারা প্রবেশো মুক্তাবিতি ভাবঃ। 'অয়ম্' ইতি অজ্ঞো নির্দ্দিশ্যতে। 'রাগদ্বেষাদি'-ইত্যাদিশব্দেন অবিদ্যাস্মিতাভিনিবেশাদয়ো গৃহ্যন্তে। দোষানাং স্বাভাবিকত্বং শাস্ত্রানপেক্ষত্বম্। 'অপি' কারঃ সম্ভাবনার্থঃ। 'দৃষ্টত্বম্' অন্বয়ব্যতিরেকসিদ্ধত্বম্। 'অদৃষ্টত্বং' শাস্ত্রমাত্রগম্যত্বম্। অধর্ম্মোপচয়প্রাচুর্য্যে হেতুমাহ—স্বাভাবিকেতি। অথ বৈরাগ্যার্থং কর্ম্মফলং প্রপঞ্চয়ন্ অধর্ম্মফলমাহ—তত ইতি। উক্তং হি—

"শরীরজৈঃ কর্ম্মদোষৈর্যাতি স্থাবরতাং নরঃ" ইতি।

ভাষ্যভূমিকানুবাদ।

প্রত্যক্ষের ন্যায় অনুমান দ্বারাও আত্মার অস্তিত্ব প্রমাণিত হইতে পারে না। যদি বল, শ্রুতি নিজেই আত্মার অস্তিত্বজ্ঞাপক সুখদুঃখাদি ধর্ম্ম প্রদর্শন করিয়াছেন, এবং ঐ সমস্ত লিঙ্গ বা অস্তিত্বজ্ঞাপক ধর্ম্ম যখন প্রত্যক্ষগ্রাহ্য, তখন আত্মাকে আর প্রত্যক্ষাদির অবিষয় বলা যাইতে পারে না। না,—একথাও বলিতে পার না; কারণ, আত্মার যে জন্মান্তরের সহিত সম্বন্ধ আছে, তাহা প্রত্যক্ষগম্য নহে। বস্তুতঃ, শাস্ত্রপ্রমাণ ও বেদোক্ত লৌকিক হেতুবিশেষ (অহং প্রতীতি-রূপ হেতু) দ্বারা আত্মার অস্তিত্ব অবগত হইয়া তদনুসারে মীমাংসকগণ ও তার্কিকগণ বেদোক্ত 'অহং'-প্রতীতিরূপ হেতুকেই আপনাদের উদ্ভাবিত হেতু বলিয়া কল্পনা করত আত্মাকে প্রত্যক্ষ ও অনুমানগম্য বলিয়া নির্দ্দেশ করিয়া থাকেন (৪)।

(৪) তাৎপর্য্য—তার্কিকদিগের অনুমানপ্রণালী এইরূপ—জীবদ্দেহে ইচ্ছা দ্বেষ ও সুখ দুঃখ প্রভৃতি কতকগুলি অসাধারণ গুণ আছে; গুণমাত্রই দ্রব্যাশ্রিত; সুতরাং ঐ সমস্ত গুণের আশ্রয়রূপে দেহাতিরিক্ত আত্মারই অস্তিত্ব সিদ্ধ হইতেছে। বস্তুতঃ এরূপ অনুমান দ্বারাও

ভাষ্যভূমিকানুবাদ ।

ফল কথা, যে কোন প্রকারেই হউক, যিনি দেহান্তরসম্বন্ধী আত্মার অস্তিত্ব অবগত আছেন, এবং দেহান্তরগত (ভবিষ্যৎদেহে) ইষ্টপ্রাপ্তি ও অনিষ্টপরিহার-প্রার্থী হন ; তাহার পক্ষেই সেই উপায়বিশেষ-জ্ঞাপনের জন্য বৈদিক কর্ম্মকাণ্ড আরব্ধ হইয়াছে। কিন্তু [তাহাতেও জীবের প্রকৃত ইষ্টসিদ্ধি হইতে পারে না ; কারণ,] আত্মার ইষ্টপ্রাপ্তি ও অনিষ্টপরিহারের কারণীভূত কর্তৃত্বভোক্তৃত্বরূপ (আমি কর্ত্তা, আমি ভোক্তা ইত্যাদিরূপ) অভিমান যাহার লক্ষণ বা পরিচায়ক, আত্মবিষয়ক সেই অজ্ঞান ত তখনও কর্তৃত্বাদিবুদ্ধির বিপরীত ব্রহ্মাত্ম-স্বরূপ বিজ্ঞান (আত্মা ব্রহ্মস্বরূপই বটে, এইরূপ নিশ্চয়াত্মক জ্ঞান) দ্বারা অপনীত হয় নাই। আর যতকাল তাহা অপনীত না হয়, ততকাল সংসারী জীব স্বভাবসিদ্ধ রাগদ্বেষাদি দোষ বশতঃ কর্ম্মফলে আসক্তই থাকে, এবং স্বভাবসিদ্ধ সেই রাগদ্বেষাদি দোষের প্রাবল্য বশতঃ শাস্ত্রের বিধি-নিষেধও লঙ্ঘন করিতে প্রবৃত্ত হয়, এবং মন, বাক্য ও শরীর দ্বারা ঐহিক ও পারলৌকিক অনিষ্টসাধক রাশি রাশি পাপকর্ম্মও সঞ্চয় করিতে থাকে ; আর তাহার ফলে স্থাবরত্বপর্য্যন্ত অধোগতি প্রাপ্ত হয় (৫)।

আত্মাস্তিত্ব প্রমাণিত হয় না ; কারণ, মনকে ইচ্ছাদির আশ্রয় বলিলেও ঐপ্রকার অনুমানসার্থক হইতে পারে। তাহার পর, তাঁহারা যে, এইরূপ প্রমাণ প্রদর্শন করেন, তাহারও মূল—শাস্ত্র। কারণ, পূর্ব্বোক্ত "যেয়ং প্রেতে বিচিকিৎসা মনুষ্যে" ইত্যাদি শ্রুতি ও শ্রুত্যুক্ত "কো হ্যেবান্যাৎ কঃ প্রাণ্যাৎ" অর্থাৎ 'কেই বা শ্বাস ছাড়িত, কেই বা চেষ্টা করিত' ইত্যাদি লোকপ্রসিদ্ধ শ্বাস-প্রশ্বাসাদি লিঙ্গ বা হেতু দ্বারা শাস্ত্রই আত্মার অস্তিত্বে যে সমস্ত প্রমাণ প্রদর্শন করিয়াছেন, তার্কিকগণ সেই সমস্ত হেতুকেই আপনাদের বুদ্ধি দ্বারা সমুদ্ভাবিত হেতু বলিয়া প্রকাশ করেন, এবং তাহার সাহায্যে আত্মাকে প্রত্যক্ষ ও অনুমানগম্য বলিয়া ঘোষণা করেন মাত্র। বস্তুতঃ, ঐ সমস্ত হেতু যখন শাস্ত্রবহির্ভূত নহে, তখন আত্মার অস্তিত্বকে একমাত্র আগম-গম্যই বলিতে হইবে।

(৫) তাৎপর্য্য—অধর্ম্মাখ্য পাপকর্ম্মের ফলে জীবের যেরূপ অধোগতি হইয়া থাকে, মনুস্মৃতিতে তাহার একটা মোটামোটী হিসাব প্রদত্ত হইয়াছে। তিনি বলিয়াছেন,—

"শরীরজৈঃ কর্ম্মদোষৈর্যাতি স্থাবরতাং নরঃ।
বাচিকৈঃ পক্ষিমৃগতাং মানসৈরন্ত্যজাতিতাম্ ॥"

অর্থাৎ মানুষ শারীরিক ব্যাপার দ্বারা পাপ কর্ম্ম করিলে, বৃক্ষলতাদি স্থাবর-দেহ লাভ করে, বাক্য দ্বারা পাপ করিলে পক্ষিযোনি গ্রহণ করে, আর মানসিক চিন্তা দ্বারা পাপ করিলে

ভাষ্যভূমিকা।

কদাচিৎ শাস্ত্রকৃতসংস্কারবলীয়স্ত্বম্। ততো মনআদিভিঃ ইষ্টসাধনং বাহুল্যেন উপচিনোতি ধর্ম্মাখ্যম্। তদ্ দ্বিবিধম্—জ্ঞানপূর্ব্বকং কেবলঞ্চ। তত্র কেবলং পিতৃলোকাদি-প্রাপ্তিফলম্; জ্ঞানপূর্ব্বকং দেবলোকাদি-ব্রহ্মলোকান্ত-প্রাপ্তিফলম্। তথা চ শাস্ত্রং—"আত্মযাজী শ্রেয়ান্ দেবযাজিনঃ" ইত্যাদি। স্মৃতিশ্চ—"দ্বিবিধং কর্ম্ম বৈদিকম্" ইত্যাদ্যা। সাম্যে চ ধর্ম্মাধর্ম্ময়োঃ মনুষ্যত্ব-প্রাপ্তিঃ। এবং ব্রহ্মাদ্যা স্থাবরান্তা স্বাভাবিকাবিদ্যাদি-দোষবতো ধর্ম্মাধর্ম্মসাধন-কৃতা সংসারগতির্নামরূপকর্ম্মাশ্রয়া।

টীকা। তৎ কিং পুণ্যোপচয়াভাবাদ্ অনবকাশং স্বর্গাদিফলমিতি, নেত্যাহ—কদাচিদিতি। শাস্ত্রীয়সংস্কারস্য বলীয়স্ত্বে ফলিতমাহ—তত ইতি। 'আদি'-শব্দো বাগ্দেহবিষয়ঃ। ফলবিভাগং বক্তুং কর্ম্ম ভিনত্তি—তদ্ দ্বিবিধমিতি। তস্য মুক্তিফলত্বং নিরস্যিতুং ফলং বিভজতে—তত্রেতি। কেবলমিষ্টাদিকর্ম্মেতি শেষঃ। "কর্ম্মণা পিতৃলোকঃ" ইতি হি বক্ষ্যতি। তস্মিন্ ফলে নানাত্বম্ অভিপ্রেত্য আদিশব্দঃ। 'বিদ্যয়া দেবলোকঃ' ইতি শ্রুতিম্ আশ্রিত্যাহ—জ্ঞানেতি। দেবলোকো যস্য আদিঃ, ব্রহ্মলোকো যস্য অন্তঃ, তস্যার্থস্য প্রাপ্তিরেব ফলমস্যেতি বিগ্রহঃ। উক্তেঽর্থে শাস্ত্রপর্য্যীং শ্রুতিং প্রমাণয়তি—তথা চেতি। সর্ব্বত্র পরমাত্ম-ভাবনাপুরঃসরং নিত্যং কর্ম্মানুতিষ্ঠন্ আত্মযাজী। কামনাপুরঃসরং দেবান্ যজমানো দেবযাজী। তয়োর্ম্মধ্যে কতরঃ শ্রেয়ানিতি বিচারে সতি আত্মযাজী শ্রেয়ানিতি নির্ণয়ঃ কৃতঃ; অতো জ্ঞানপূর্ব্বকং কর্ম্ম দেবলোকস্য, কামনা-পূর্ব্বং তু পিতৃলোকস্য প্রাপকমিত্যর্থঃ।

> "প্রবৃত্তং চ নিবৃত্তং চ দ্বিবিধং কর্ম্ম বৈদিকম্।
> ইহ বামুত্র বা কাম্যং প্রবৃত্তং কর্ম্ম কীর্ত্ত্যতে।
> নিষ্কামং জ্ঞানপূর্ব্বং তু নিবৃত্তমভিধীয়তে।"

ইত্যাদিমনুস্মৃতিং চ অত্রৈব উদাহরতি—স্মৃতিশ্চেতি। ধর্ম্মাধর্ম্ময়োঃ একৈকস্য ফলম্ উক্ত্বা মিশ্রয়োঃ ফলমাহ—সাম্যে চেতি। উক্তং হি—

> "উভাভ্যাং পুণ্যপাপাভ্যাং মানুষ্যং লভতেঽবশঃ" ইতি।

অন্ত্যজত্ব—হীনজাতিত্ব প্রাপ্ত হয়। ঐরূপ স্বানুষ্ঠিত কর্ম্মের ফল যে, কতদিনে উৎপন্ন হয়, তাহারও নির্দ্দেশ করিয়াছেন,—

> "ত্রিভির্বর্ষৈস্ত্রিভির্মাসৈস্ত্রিভিঃ পক্ষৈস্ত্রিভির্দিনৈঃ।
> অত্যুৎকটৈঃ পুণ্যপাপৈরিহৈব ফলমশ্নুতে॥"

কর্ম্মকালীন মানসিক অভিনিবেশের তীব্রতানুসারে কর্ম্মফল তিন বৎসরে, তিন মাসে, তিন পক্ষে কিংবা তিন দিনের মধ্যেও প্রকাশ পাইয়া থাকে। কিন্তু তীব্রতার পরিমাণ অত্যন্ত অধিক হইলে তৎক্ষণাৎও ফল প্রকাশ পাইতে পারে। যেমন—মহারাজ নহুষ অগস্ত্য ঋষিকে পদাঘাত করায় তৎক্ষণেই সর্পদেহ প্রাপ্ত হইয়াছিলেন। কর্ম্মফলগত এই প্রকার বৈচিত্র্য পুরাণশাস্ত্রে বহুতর বর্ণিত আছে।

টীকা। ত্রিবিধমপি কর্ম্মফলং বৈরাগ্যার্থং সংক্ষিপ্য উপসংহরতি—এবমিতি। সা চ অবিদ্যাকৃতত্বাৎ অনর্থরূপা, ইত্যাহ—স্বাভাবিকেতি। বিচিত্রকর্ম্মজন্যতয়া তস্যা বৈচিত্র্যমাহ—ধর্ম্মাধর্ম্মেতি। তর্হি ধর্ম্মাধর্ম্মাভ্যামেব তন্নির্ম্মাণসম্ভবাৎ কৃতম্ অবিদ্যয়া, ইত্যত আহ—নামেতি। তেষাং সূক্ষ্মাবস্থা অবিদ্যা, তদালম্বনেতি যাবৎ। ধর্ম্মাদেঃ অবিদ্যায়াশ্চ নিমিত্তত্বোপাদানত্বাভ্যাম্ উপযোগ ইতি ভাবঃ।

ভাষ্যভূমিকানুবাদ।

কখনও বা শাস্ত্রানুশীলনজাত সংস্কারও প্রবল হইয়া থাকে। তখন মানসিক বাচিক ও কায়িক চেষ্টায় আপনার অভীষ্টসিদ্ধির জন্য বহুলপরিমাণে ধর্ম্মকর্ম্মও সঞ্চয় করিয়া থাকে। সেই ধর্ম্মকর্ম্ম আবার দুই প্রকার (১) জ্ঞানপূর্ব্বক ও (২) কেবল জ্ঞানরহিত। তন্মধ্যে কেবল ধর্ম্মকর্ম্ম দ্বারা পিতৃলোকাদি লাভ হয়, আর জ্ঞানপূর্ব্বক ধর্ম্মকর্ম্মের ফলে দেবলোক স্বর্গ হইতে আরম্ভ করিয়া ব্রহ্মলোক পর্য্যন্ত লাভ হয়। তদ্বোধক শ্রুতি এই 'দেবযাজী' অর্থাৎ যাহারা কেবল দেবতার আরাধনা করেন, তাঁহাদের অপেক্ষা 'আত্মযাজী' আত্মজ্ঞানসম্পন্ন লোক শ্রেষ্ঠ' ইত্যাদি। স্মৃতিও আছে 'বেদোক্ত কর্ম্ম দ্বিবিধ' ইত্যাদি। ধর্ম্ম ও অধর্ম্ম অর্থাৎ পাপ ও পুণ্য সমান হইলে মনুষ্যদেহ প্রাপ্তি হয় (৬)। এইরূপে স্বভাবসিদ্ধ অবিদ্যাদি দোষসম্পন্ন ব্যক্তির ধর্ম্মাধর্ম্ম কর্ম্মানুষ্ঠানের ফলে ব্রহ্মাদি স্থাবরত্ব প্রাপ্তি পর্য্যন্ত গতি হয়, কিন্তু ঐ সমস্তই সংসার দশার অন্তর্গত এবং নাম রূপ ও কর্ম্মাশ্রিত।

ভাষ্যভূমিকা।

তদেবং ইদং ব্যাকৃতং সাধ্যসাধনরূপং জগৎ প্রাগুৎপত্তেঃ অব্যাকৃতমাসীৎ। স এষ বীজাঙ্কুরাদিবদ্ অবিদ্যাকৃতঃ সংসারঃ আত্মনি ক্রিয়া-কারক-ফলাধ্যারোপ

(৬) তাৎপর্য্য—বেদোক্ত কর্ম্ম সাধারণতঃ দুই ভাগে বিভক্ত, (১) প্রবৃত্ত কর্ম্ম ও (২) নিবৃত্ত কর্ম্ম। তন্মধ্যে ঐহিক ও পারলৌকিক ফলোদ্দেশে যে কর্ম্ম অনুষ্ঠিত হয়, তাহার নাম 'প্রবৃত্ত' বা 'কাম্য' কর্ম্ম। নিত্য নৈমিত্তিকাদি কর্ম্মও এই 'প্রবৃত্ত' কর্ম্মেরই অন্তর্নিবিষ্ট, আর কোন প্রকার ফল উদ্দেশ্য না করিয়া কেবল জ্ঞানের জন্য যে কর্ম্ম অনুষ্ঠিত হয়, তাহার নাম 'নিবৃত্ত' বা 'নিষ্কাম' কর্ম্ম। প্রবৃত্ত কর্ম্মের ফল যতই উৎকৃষ্ট হউক না কেন, কখনই উহা সংসারের বাহিরে যাইতে পারে না, এবং ভাবী বিনাশের হস্ত হইতেও পরিত্রাণ করিতে পারে না; এই জন্য মুমুক্ষু পুরুষ প্রবৃত্ত কর্ম্ম পরিত্যাগপূর্ব্বক নিবৃত্ত কর্ম্মের আশ্রয় লইয়া থাকেন, এবং তাহা দ্বারাই ক্রমে চিত্তশুদ্ধি ও জ্ঞানোৎকর্ষ লাভ করিয়া ব্রহ্মাত্মভাব সাক্ষাৎ করিতে সমর্থ হন।

ভাষ্যভূমিকা।

লক্ষণঃ অনাদিরনন্তঃ অনর্থঃ—ইতি, এতস্মাদ্ বিরক্তস্য অবিদ্যা-নিবৃত্তয়ে তদ্বিপরীত-ব্রহ্মবিদ্যা-প্রতিপত্ত্যর্থা উপনিষদ্ আরভ্যতে।

টীকা। ননু সংসারগতেঃ আবিদ্যত্বম্ অযুক্তং, প্রত্যক্ষাদিপ্রতিপন্নত্বাৎ, "তৎ নামরূপাভ্যামেব ব্যাক্রিয়ত" ইতি শ্রুতৌ চ নামরূপাত্মনো জগতঃ অভিব্যক্তিশ্রবণাৎ। ন চ প্রামাণিকস্য অবিদ্যাকৃতত্বম্; অত আহ—তদেবেদমিতি। জগত স্বরূপমাত্মা, তত্র অধ্যস্তত্বাৎ; তস্মাৎ আত্মতত্ত্বে অনভিব্যক্তে প্রত্যক্ষাদিনা শ্রুত্যা চ অভিব্যক্তমিব দৃশ্যমানমপি জগদনভিব্যক্তমেবেতি, ন তস্য অবিদ্যাকৃতত্ব ক্ষতিঃ ইতিভাব। অবিদ্যাকৃতং সংসারগতিম্ অনুভাবয়তে—স এষ ইতি। ননু অবিদ্যাকৃতত্বে কথম্ অনাদিত্বম্ ?—তত্রাহ, তস্য প্রবাহরূপেণেত্যাহ—বীজাঙ্কুরাদিবদিতি। তর্হি কাদাচিৎকতয়া সাধনাপেক্ষাভাবে নাশো ভবিষ্যতি, ইত্যাশঙ্ক্যাহ-অনাদিরিতি। চৈতন্যবদাত্মনি তস্য অবিদ্যাকৃতত্বানুপপত্তিম্ আশঙ্ক্য নানারূপত্বেন ততো বিলক্ষণত্বাৎ একরূপে যুক্তং তস্য কল্পিতত্বম্, ইত্যাহ—ক্রিয়েতি। অনাদেরপি সংসারস্য প্রাগভাববৎ নিবৃত্তিঃ স্যাদিতি চেৎ, তথাপি ব্রহ্মবিদ্যামন্তরেণ নাশো নাস্তি, ইত্যাহ—অনন্ত ইতি। প্রবর্ত্তকতা হেয়ত্বং দ্যোতয়িতুম্ 'অনর্থ' ইতি বিশেষণম্। 'নৈসর্গিক' ইতি পাঠে তু কারণরূপেণ তত্ত্বম্ উন্নেয়ম্। যস্মাৎ কর্ম্ম সংসারফলং, ন মোক্ষ ফলবতি; তস্মাৎ সনিদান সংসার নিবর্ত্তকাত্মজ্ঞানার্থত্বেন সাধনচতুষ্টয়সম্পন্নম্ অধিকারিণম্ প্রতি বেদান্তারম্ভঃ সম্ভবতি, ইত্যুপসংহরতি—ইত্যেতস্মাদিতি।

ভাষ্যভূমিকানুবাদ।

সেই এই নাম-রূপাত্মক সাধ্য সাধনরূপ অর্থাৎ কার্য্য কারণ-প্রবাহরূপে অভিব্যক্ত পরিদৃশ্যমান এই সমস্ত জগৎই উৎপত্তির পূর্ব্বে অব্যাকৃত বা অনভিব্যক্ত ছিল। বীজ ও অঙ্কুরের কার্য্যকারণভাব যেমন অনাদি অনন্ত, তেমনি অবিদ্যা দ্বারা আত্মাতে আরোপিত ক্রিয়া, কারক (কর্তৃত্বাদি) ও কর্ম্মফলাত্মক অনর্থময় এই সংসারও অনাদিকাল হইতে অনন্তকাল পর্য্যন্ত প্রবাহক্রমে বর্ত্তমান রহিয়াছে ও থাকিবে। যে লোক এই সংসার হইতে বিরক্ত বা বৈরাগ্যসম্পন্ন হইয়াছে, তাহার অবিদ্যানিবৃত্তির জন্য এবং অবিদ্যাবিরোধী ব্রহ্মবিদ্যা লাভের উদ্দেশ্যে উপনিষৎ শাস্ত্র আরব্ধ হইতেছে।

ভাষ্যভূমিকা।

অস্য তু অশ্বমেধ-কর্ম্ম-সম্বন্ধিনো বিজ্ঞানস্য প্রয়োজন যেষাম্ অশ্বমেধে নাধিকারঃ, তেষাম্ অস্মাদেব বিজ্ঞানাৎ তৎফলপ্রাপ্তিঃ, "বিদ্যয়া বা কর্ম্মণা বা" "তদ্ধৈতল্লোকজিদেব" ইত্যেবমাদিশ্রুতিভ্যঃ।

কর্ম্মবিধ্যঙ্গমেব বিজ্ঞানস্যেতি চেৎ; ন; যোঽশ্বমেধেন যজতে, য উ

ভাষ্যভূমিকা।

চৈনমেবং বেদ" ইতি বিকল্পশ্রুতেঃ। বিদ্যাপ্রকরণে চ আম্নানাৎ, কর্ম্মান্তরে চ সম্পাদন-দর্শনাৎ বিজ্ঞানাৎ তৎফলপ্রাপ্তিঃ অস্তীতি অবগম্যতে। সর্ব্বেষাঞ্চ কর্ম্মণাং পরং কর্ম্ম অশ্বমেধঃ, সমষ্টি-ব্যষ্টি-প্রাপ্তি-ফলত্বাৎ।

তস্য চ ইহ ব্রহ্মবিদ্যাপ্রারম্ভে আম্নানং সর্ব্বকর্ম্মণাং সংসারবিষয়ত্বপ্রদর্শনার্থম্। তথা চ দর্শয়িষ্যতি ফলম্—অশনায়াং মৃত্যুভাবম্।

টীকা। যথোক্তজ্ঞানার্থত্বেন উপনিষদারম্ভে 'ব্রহ্ম বা ইদমগ্র আসীৎ" ইত্যারব্ধব্যং, তস্মাদারভ্য জ্ঞানোপদেশাৎ; 'উষা বা অশ্বস্য' ইত্যারম্ভস্তু ন যুক্তঃ, সাক্ষাদ অত্র তদনুক্তেঃ, ইত্যাশঙ্ক্য অস্মাদারভ্য উপনিষদারম্ভে অভীষ্টং ফলম্ অভিধিৎসমানঃ প্রথমম্ অশ্বমেধোপাসনফলমাহ—অস্য স্থিতি। রাজযজ্ঞত্বাদ্ অশ্বমেধস্য তদনধিকারিণামপি ব্রাহ্মণাদীনাং তৎফলার্থিনাম্ অস্মাদেব উপাসনাৎ তদাপ্তিরিতি মত্বা শ্রুতৌ তদুপাসনোক্তিরিত্যর্থঃ। কিমত্র নিয়ামকম্? ইত্যাশঙ্ক্য বিকল্পশ্রবণং কেবলস্যাপি জ্ঞানস্য সাধনত্বং সূচয়তি, ইত্যর্থতো বিকল্পশ্রুতিমুদাহরতি—বিদ্যয়েতি। 'তৎফলপ্রাপ্তি'রিতি পূর্ব্বেণ সম্বন্ধঃ। তত্রৈব শ্রুত্যন্তরমাহ—তদ্ধেতি। তদেতৎ প্রাণদর্শনং লোকপ্রাপ্তিসাধনং প্রসিদ্ধমিতি যাবৎ। 'আদি'-শব্দেন কেবলোপাস্ত্যা ব্রহ্মলোকাপ্তিবাদিন্যঃ শ্রুতয়ো গৃহ্যন্তে।

অশ্বমেধে যদুপাসনং, তস্যাপি অন্যাদিবৎ তচ্ছেষত্বেন ফলবত্ত্বাৎ ন স্বাতন্ত্র্যেণ ফলবত্ত্বম্, অঙ্গেষু স্বতন্ত্রফলাভাবাদিতি শঙ্কতে—কর্ম্মবিষয়ত্বমিতি। জ্ঞানস্য ক্রত্বর্থত্বং দূষয়তি—নেতি। পূর্ব্বত্র অর্থতো দর্শিতাং বিকল্পশ্রুতিম্ অত্র হেতুতয়া স্বরূপতঃ অনুক্রামতি—যোঽশ্বমেধেনেতি। "স সর্ব্বং পাপ্মানং তরতি, তরতি ব্রহ্মহত্যাম্" ইতি সম্বন্ধঃ। জ্ঞানকর্ম্মণোঃ তুল্যফলত্বস্য ন্যায্যত্বাদিতি শেষঃ। উপাস্তিফলশ্রুতেঃ অর্থবাদত্বমাশঙ্ক্য অশ্বমেধবৎ উপাস্তেরপি কর্ম্মত্বাৎ বিহিতত্বাৎ কর্ম্মপ্রকরণাদ ব্যুত্থিতত্বাচ্চ নৈবম্, ইত্যাহ—বিদ্যেতি। ফলশ্রুতেঃ অর্থবাদত্বাভাবে হেত্বন্তরমাহ—কর্ম্মান্তরে চেতি। অশ্বমেধাতিরিক্তে কর্ম্মণি "অয়ং বাব লোকোঽগ্নিঃ" ইত্যাদৌ চিত্যাগ্ন্যাদৌ এতল্লোকাদিসম্পাদনস্য স্বতন্ত্রফলোপাসনস্য দর্শনাৎ ন ফলশ্রুতেঃ অর্থবাদতা ইত্যর্থঃ। অশ্বমেধোপাসনং ন ক্রত্বর্থং, কিন্তু পুরুষার্থং; তত্র চ অধিকারঃ অশ্বমেধক্রত্বনধিকারিণামপীতি এতাবদেব ইষ্টং চেৎ, উপাসনে কর্ম্মপ্রকরণস্থেঽপি তল্লাভাৎ বিদ্যাপ্রকরণে ন অস্যাধ্যয়নমর্থবৎ, ইত্যাশঙ্ক্যাহ—সর্ব্বেষাং চেতি। পরত্বে হেতুঃ—সমষ্টীতি। অনুবৃত্তব্যাবৃত্তরূপহিরণ্যগর্ভ-প্রাপ্তিহেতুত্বাৎ তস্য শ্রেষ্ঠতা ইত্যর্থঃ।

তস্য পুণ্যশ্রেষ্ঠত্বেঽপি প্রকৃতে কিমায়াতং, তদাহ—তস্য চেতি। যদা ক্রতুপ্রধানস্য অশ্বমেধস্য উপাস্তিসহিতস্যাপি সংসারফলত্বং, তদা অর্ব্বাচীনানাম্ অগ্নিহোত্রাদীনাং সংসারফলত্বং কিং বাচ্যম্, ইত্যস্মিন্ কর্ম্মরাশৌ বন্ধহেতৌ বিরক্তাঃ সাধনচতুষ্টয়বিশিষ্টা জ্ঞানমপেক্ষমাণাঃ তদুপায়ে শ্রবণাদৌ এব সর্ব্বকর্ম্মসন্ন্যাসপূর্ব্বকে কথং প্রবর্ত্তেরন্—ইত্যাশয়বতী শ্রুতিরুপাসনাং বিদ্যারম্ভে অভিলপতি। তেন "উষা বা অশ্বস্য" ইত্যাদ্যুপনিষদারম্ভো যুক্তঃ, অস্য বিশিষ্টাধিকারিসমর্পকত্বাদ্ ইত্যর্থঃ। উপাসনফলস্য সংসারগোচরত্বমেব কুতঃ সিদ্ধম্? অত আহ—তথা

চেতি। অশনায়া হি মৃত্যুঃ, "স বৈ নৈব রেমে, সঃ অবিভেৎ"ইতি ভয়ারত্যাদিশ্রবণাৎ উপাস্তি-যুক্তক্রতুফলস্য সূত্রস্য বন্ধমধ্যপাতিত্বাৎ বিশিষ্টোঽপি ক্রতুঃ ন-মুক্তয়ে পর্য্যাপ্তোতীত্যর্থঃ।

ভাষ্যভূমিকানুবাদ।

এই অশ্বমেধ কর্ম্মসম্বন্ধী বিজ্ঞানের (অর্থাৎ এই বৃহদারণ্যকোপনিষদের প্রথমে উপদিষ্ট অশ্বমেধ যজ্ঞের রূপক-কল্পনার) উদ্দেশ্য এই যে, অশ্বমেধ যজ্ঞে যাহাদের অধিকার নাই, সেই ব্রাহ্মণপ্রভৃতিও যে, এব বিধ বিজ্ঞান হইতেই প্রকৃত অশ্বমেধ যজ্ঞের যথাযথ ফল লাভ করিতে পারিবে, (৭) তাহা 'বিদ্যা অথবা কর্ম্ম দ্বারা [যথোক্ত ফলপ্রাপ্তি হয়'] এবং 'সেই এই প্রাণবিজ্ঞান নিশ্চয়ই লোক-প্রাপ্তির সাধন' ইত্যাদি শ্রুতি হইতে [জানা যায়]।

যদি বল, কর্ম্মই উক্ত বিজ্ঞানের বিষয়, (অর্থাৎ শাস্ত্রোক্ত অশ্বমেধ যজ্ঞেরই অঙ্গ-রূপে ঐরূপ উপাসনার বিধান করা হইয়াছে, স্বতন্ত্র ভাবে নহে;) না,—তাহাও বলিতে পার না; কারণ, 'যে লোক অশ্বমেধ যজ্ঞ করে, অথবা যে লোক যথোক্ত প্রকারে ইহা চিন্তা করে (=বিজ্ঞানসম্পন্ন হয়)' এই শ্রুতিতে যজ্ঞ ও যজ্ঞ-বিজ্ঞানের বিকল্প (পৃথক্ অনুষ্ঠেয়ত্ব) কথিত হইয়াছে। বিশেষতঃ, উপাসনা-প্রকরণে পঠিত হওয়ায়, এব অশ্বমেধাতিরিক্ত কর্ম্মেও এইপ্রকার বিজ্ঞানের উপদেশ দৃষ্ট হওয়ায় বুঝা যাইতেছে যে, কেবল বিজ্ঞান হইতেও অশ্বমেধ যজ্ঞের ফললাভ হইয়া থাকে। অশ্বমেধ যজ্ঞ সর্ব্বকর্ম্মাপেক্ষা শ্রেষ্ঠ কর্ম্ম; কারণ, ইহা দ্বারা সমষ্টি-ব্যষ্টি—সমস্ত ফলই প্রাপ্ত হওয়া যায়।

ব্রহ্ম-বিদ্যার প্রারম্ভে যে, ইহার উল্লেখ করা হইয়াছে, তাহার প্রধান উদ্দেশ্য হইতেছে—কর্ম্মমাত্রেরই সংসার-বিষয়কত্ব (অর্থাৎ সা সারিক ফলসাধকত্ব) প্রদর্শন করা। আর ফলভোগের ইচ্ছায় বা সকাম ভাবে কৃত কর্ম্মের ফল যে মৃত্যু-প্রাপ্তি, তাহা পরেও প্রদর্শন করিবেন।

ভাষ্যভূমিকা।

ন নিত্যানাং সংসারবিষয়-ফলত্বমিতি চেৎ; ন; সর্ব্বকর্ম্মফলোপসংহার-শ্রুতেঃ। সর্ব্বং হি পত্নীসম্বদ্ধং কর্ম্ম; "জায়া মে স্যাৎ, এতাবান্ বৈ কামঃ" ইতি নিসর্গত এব সর্ব্বকর্ম্মণাং কাম্যত্বং দর্শয়িত্বা, পুত্র-কর্ম্মাপর-বিদ্যানাঞ্চ "অয়ং লোকঃ পিতৃলোকো দেবলোকঃ" ইতি ফল দর্শয়িত্বা,

(৭) তাৎপর্য্য—কর্ম্মকাণ্ডোক্ত অশ্বমেধযজ্ঞে একমাত্র ক্ষত্রিয় রাজারই অধিকার; সুতরাং, ব্রাহ্মণাদি জাতি ঐ যজ্ঞের অনুষ্ঠানে ও ফললাভে অধিকারী নহে। সেই জন্যই শ্রুতি কৃপাপরবশ হইয়া রূপক-যজ্ঞের উপদেশ দিয়াছেন। ব্রাহ্মণাদি জাতি ঐরূপ ভাবনার দ্বারাই—অশ্বমেধের ফললাভে সমর্থ হইবেন।

ভাষ্যভূমিকা।

ত্র্যাত্মকতাঞ্চ অন্তে উপসংহরিষ্যতি—"ত্রয়ং বা ইদং নাম রূপং কর্ম্ম" ইতি। সর্ব্বকর্ম্মণাং ফলং ব্যাকৃতং সংসার এবেতি।

টীকা। উক্তে সর্ব্বকর্ম্মণাং বন্ধফলত্বে নিত্যনৈমিত্তিকানাং ন তৎফলত্বং, তেষাং বিধ্যুদ্দেশে ফলাশ্রুতেঃ নষ্টাশ্ব-দগ্ধরথন্যায়েন মুক্তিফলত্বলাভাদিতি শঙ্কতে—ন নিত্যানামিতি। "এতাবান্ বৈ কাম." ইতি সর্ব্বকর্ম্মণাম্ অবিশেষেণ ফলসম্বন্ধশ্রবণাৎ পশ্বাদেশ্চ কাম্যফলস্য তদ্বিধ্যুদ্দেশবশাৎ সিদ্ধত্বাৎ "কর্ম্মণা পিতৃলোকঃ" ইতি বাক্যস্য নিত্যাদিকর্ম্মফলবিষয়ত্বাৎ ন মোক্ষফলত্বাশঙ্কা, ইতি পরিহরতি—নেতি। উক্তমেব স্ফুটয়তি—সর্ব্বং হীতি। পত্নীসম্বন্ধে মানমাহ—জায়েতি। তথাপি কথং কর্ম্মণঃ সর্ব্বস্য কামোপায়ত্বং, তত্রাহ—এতাবান্ বৈ কাম ইতি। কথং তর্হি তেষাং ফলভেদো লভ্যতে, তত্রাহ—পুত্রেতি। অথৈবং ফলবিভাগে কথং সমষ্টিব্যষ্টিপ্রাপ্তিফলত্বম্ অশ্বমেধস্যোক্তম্, অত আহ—ত্র্যাত্মকতাং চেতি। অন্ত্যাধ্যায়স্য অবসানে কর্ম্মফলস্য হিরণ্যগর্ভরূপতাং ত্রয়মিত্যাদ্যা শ্রুতিঃ উপসংহরিষ্যতীত্যর্থ.। উপসংহারশ্রুতেঃ তাৎপর্য্যমাহ—সর্ব্বকর্ম্মণামিতি।

ভাষ্যভূমিকানুবাদ।

যদি বল, না—নিত্যকর্ম্মেরও ফল সংসারবিষয়ক নহে, অর্থাৎ নিত্যকর্ম্ম দ্বারা যে ফল লাভ হয়, তাহা সাংসারিক ফলাপেক্ষা উৎকৃষ্টও হইতে পারে। না,—তাহাও বলিতে পার না; কেন না, এই অধ্যায়েরই শেষভাগে সমস্ত কর্ম্মফলের যেরূপ উপসংহার করা হইয়াছে, তাহাতে দেখা যায় যে, কর্ম্মের সর্ব্বোচ্চ ফল হইতেছে—হিরণ্যগর্ভত্ব-প্রাপ্তি পর্য্যন্ত, সেই হিরণ্যগর্ভও ত সংসারের বাহিরে নহেন। বিশেষতঃ, কর্ম্মমাত্রই পত্নী-সম্বন্ধ, কারণ, 'আমার পত্নী হউক', 'এই পর্য্যন্তই আমার কামনার বিষয়', এই সকল স্থলে কাম্য ফলবিষয়েই সমস্ত কর্ম্মের প্রবৃত্তি প্রদর্শন করিয়াছেন, এবং পুত্র, কর্ম্ম ও অপরা বিদ্যার [=ব্রহ্মবিদ্যাভিন্ন বিদ্যার] আবার ইহলোক, পিতৃলোক ও দেবলোকরূপ ফল নির্দ্দেশ করিয়াছেন, (অর্থাৎ পুত্রের ফল ইহলোক, কর্ম্মের ফল পিতৃলোক আর অপরা বিদ্যার ফল দেবলোকপ্রাপ্তি, এইরূপে ফলবিভাগ প্রদর্শন করিয়াছেন)। তাহার পর উপসংহারকালেও 'স্থূলসূক্ষ্মাত্মক এই জগৎ ত্রিবিধ—নাম, রূপ (আকৃতি) ও কর্ম্মাত্মক'; এই কথা বলিয়া জগতের ত্র্যাত্মকতা অর্থাৎ ত্রিবিধ অবয়বত্ব প্রদর্শন করিবেন (৮)। অতএব, নামরূপাভিব্যক্ত এই সংসারই যে, সমস্ত কর্ম্মের প্রাপ্তব্য ফল, তাহা বেশ বুঝা যাইতেছে।

---

(৮) তাৎপর্য্য—এখানে অন্ন অর্থে জীবের ভোগ্যমাত্র বুঝিতে হইবে। নাম, রূপ ও ক্রিয়া লইয়াই জগতের অস্তিত্ব। জাগতিক সেই নাম, রূপ ও কর্ম্ম-ত্রিতয়ই জীবগণের

ভাষ্যভূমিকা।

ইদমেব ত্রয়ং প্রাগুৎপত্তেঃ তর্হি অব্যাকৃতমাসীৎ। তদেব পুনঃ সর্ব্ব-প্রাণিকর্ম্মবশাদ্ ব্যাক্রিয়তে বীজাদিব বৃক্ষঃ। সোঽয়ং ব্যাকৃতাব্যাকৃতরূপঃ সংসারঃ অবিদ্যাবিষয়ঃ। ক্রিয়াকারক-ফলাত্মকতয়া আত্মরূপত্বেন অধ্যা-রোপিতঃ অবিদ্যয়ৈব মূর্ত্তামূর্ত্ত-তদ্বাসনাত্মকঃ, অতো বিলক্ষণঃ, অনাম-রূপ-কর্ম্মাত্মকঃ অদ্বয়ঃ নিত্যশুদ্ধবুদ্ধমুক্তস্বভাবোঽপি ক্রিয়াকারক-ফলভেদাদি-বিপর্য্যয়েণ অবভাসতে। অতঃ অস্মাৎ ক্রিয়াকারক-ফলভেদস্বরূপাৎ 'এতাবৎ ইদম্' ইতি সাধ্য-সাধনরূপাদ্ বিরক্তস্য কামাদিদোষ-কর্ম্মবীজভূতাবিদ্যা-নিবৃত্তয়ে রজ্জ্বামিব সর্পবিজ্ঞানাপনয়ায় ব্রহ্মবিদ্যারভ্যতে।

টীকা। কর্ম্মফলং সংসারশ্চেৎ, প্রাক্ তদনুষ্ঠানাৎ তদভাবাৎ মুক্তানাং পুনর্ব্বন্ধঃ স্যাৎ, ইত্যাশঙ্ক্যাহ—ইদমেবেতি। 'তর্হি' তস্যামবস্থায়ামিতি যাবৎ। তস্য পুনর্ব্যাকরণে কারণমাহ—তদেবেতি। ব্যাকৃতাব্যাকৃতাত্মনঃ সংসারস্য প্রামাণিকত্বেন সত্যত্বমাশঙ্ক্য অবিদ্যাকৃতত্বেন তন্মিথ্যাত্বমুক্তং স্মারয়তি—সোঽয়মিতি। স এব হি ভ্রান্তিবিষয়ো ন প্রামাণিকঃ, তৎ কুতোঽস্য সত্যতা ইত্যর্থঃ। কথমস্যাত্মনি অদ্বয়ে কূটস্থে প্রাপ্তিরিত্যাশঙ্ক্যাহ—ক্রিয়েতি। সমারোপে মূলকারণমাহ—অবিদ্যয়েতি। আত্মনি অবিদ্যারোপিতং দ্বৈতম্, ইত্যত্র "দ্বে বাব ব্রহ্মণো রূপে মূর্ত্তং চৈবামূর্ত্তং চ" ইত্যাদিবাক্যং প্রমাণয়তি—মূর্ত্তেতি। নন্বাত্মন্যারোপো ন উপপদ্যতে, তস্য নিত্যশুদ্ধবুদ্ধমুক্তস্বভাবস্য দ্বৈতবিলক্ষণত্বাৎ, অসতি সাদৃশ্যে অধ্যাসাসিদ্ধেঃ; অত আহ—অত ইতি। সংসারাদ্বৈলক্ষণ্যমেব প্রকটয়তি—অনামেতি। 'আদি'-পদেন অন্যেঽপি বিপর্য্যয়-ভেদাঃ সংগৃহ্যন্তে। আরোপে 'প্রমিণোমি করোমি ভুঞ্জে চ' ইত্যনুভবং প্রমাণয়তি—অবভাসত-ইতি। আত্মন্যধ্যাসঃ সাদৃশ্যাভাবেঽপি নভসি মলিনত্বাদিবৎ যতোঽনুভূয়তে, অতঃ সবিলাসা-বিদ্যানিবর্ত্তক-ব্রহ্মবিদ্যার্থত্বেন উপনিষদারম্ভঃ সম্ভবতি, ইত্যুপসংহরতি—অত্র ইতি। এতাব-দিতি অনর্থাত্মোক্তিঃ। তত্ত্বজ্ঞানাৎ অজ্ঞাননিবৃত্তৌ দৃষ্টান্তমাহ—রজ্জ্বামিবেতি।

ভাষ্যভূমিকানুবাদ।

এই তিনটিই অর্থাৎ উক্ত নাম, রূপ ও কর্ম্মই উৎপত্তির পূর্ব্বে অব্যাকৃত বা অনভিব্যক্ত অবস্থায় ছিল; বীজ হইতে যেরূপ বৃক্ষ বহির্গত হয়, তদ্রূপ

তোগ্য; এই জন্য অন্নসংজ্ঞায় পরিচিত। কর্ম্মের চূড়ান্ত ফল হইতেছে—হিরণ্যগর্ভত্ব প্রাপ্তি, সেই হিরণ্যগর্ভও যখন নামরূপকর্ম্মাত্মক সংসারের অতীত নহে, তখন অপরের আর কথা কি? বিশেষ এই যে, পুত্র দ্বারা ইহলোকে প্রতিষ্ঠাদি লাভ হয়, জ্ঞানরহিত কর্ম্ম দ্বারা পিতৃলোক লাভ হয়, আর অপরা বিদ্যা দ্বারা—যাহা ব্রহ্মবিদ্যা নহে, সেই বিদ্যা দ্বারা—দেবলোক লাভ হয়, কিন্তু কোনরূপেই কর্ম্ম দ্বারা সাক্ষাৎ সম্বন্ধে মুক্তিলাভ সম্ভব হয় না।

ভাষ্যভূমিকানুবাদ।

সেই তিনটিই জীবগণের প্রাক্তন কর্ম্ম বা অদৃষ্ট বশতঃ স্থূলরূপে অভিব্যক্ত হইল। সেই এই সংসারের (জগতের) অবস্থা দুইপ্রকার—ব্যাকৃত (স্থূল) ও অব্যাকৃত (সূক্ষ্ম)। এই উভয়াবস্থার সংসারই অবিদ্যার অধিকারে বর্ত্তমান, অথচ অবিদ্যাকর্ত্তৃকই আত্মাতে ক্রিয়া, কারক ও ফলরূপে অধ্যারোপিত (আরোপিত), (৯) এবং মূর্ত্ত (স্থূল—আকৃতিসম্পন্ন), অমূর্ত্ত (সূক্ষ্ম—স্থূলাবয়বরহিত) ও তদ্বিষয়ক সংস্কারময়। পরব্রহ্ম ঠিক ইহার বিপরীত—নাম-রূপ-কর্ম্ম-সম্বন্ধশূন্য অদ্বিতীয় এবং স্বভাবতই নিত্যশুদ্ধমুক্তস্বরূপ; কিন্তু তথাপি (১০) অবিদ্যা-বিভ্রমে ক্রিয়া, কারক ও ফলাদিভেদে বিভিন্নাকারে প্রতিভাসমান হইয়া থাকেন। এইজন্য 'ইহা এই পর্য্যন্তই', অর্থাৎ ক্রিয়াদি সমস্তই পরিচ্ছিন্ন ও বিনাশাদি-দোষগ্রস্ত, এইরূপ ভাবনাবশে যাহারা সাধ্য-সাধনাত্মক বা কার্য্য-কারণভাবাত্মক ক্রিয়া-কারক-ফলাদিবিভাগময় সংসার হইতে বিরক্ত বা অনাসক্ত, বৈরাগ্যসম্পন্ন সেই সমস্ত পুরুষেরই রজ্জুতে সর্পভ্রম-নিবৃত্তির ন্যায়, কামাদি দোষের ও কর্ম্মের বীজভূত অবিদ্যানিবৃত্তির জন্য এই ব্রহ্মবিদ্যা (উপনিষৎ) আরব্ধ হইতেছে।

---

(৯) তাৎপর্য্য—'অধ্যারোপ' কথাটি বেদান্তশাস্ত্রে বিশেষার্থে পরিভাষিত, 'অধ্যাস' ইহার নামান্তর। ইহার পরিচয় এই প্রকার;—'বস্তুন্যবস্ত্বারোপোঽধ্যারোপঃ' (বেদান্তসার)। অর্থাৎ কোন একটি সত্য পদার্থের উপর অপর কোন অসত্য পদার্থের যে, আরোপ বা অজ্ঞানমূলক কল্পনা, তাহাই অধ্যারোপ। যেমন—ব্যবহারজগতে রজ্জু একটি সত্য পদার্থ; অজ্ঞানের ফলে তাহাকে সর্পরূপে মনে করা হয়। এই রজ্জুতে যে সর্পজ্ঞান, ইহাই অধ্যারোপ; সুতরাং সর্প সেখানে অধ্যারোপিত। এই প্রকার, ব্রহ্ম নিত্য নিষ্পাপ ও মুক্তস্বভাব এবং অদ্বিতীয়, কিন্তু অজ্ঞান তাহাতে ভ্রান্তিময় অনিত্য জগৎ-ভেদ অধ্যারোপিত করিয়া দেয়। স্মরণ রাখিতে হইবে যে, অধ্যারোপ যতই হউক না কেন, সেই আরোপিতের দোষগুণে আরোপাধার সত্য বস্তুটি কখনও বিকৃত বা পরিবর্ত্তিত হয় না, প্রকৃত পক্ষে অবিকৃত নিজ স্বভাবেই থাকে। অতএব এই বিশাল জগৎপ্রপঞ্চের আরোপেও ব্রহ্মের কিছুমাত্র ক্ষতিবৃদ্ধি হয় না।

(১০) তাৎপর্য্য—নিত্য অর্থ কোন কালে বা কোন দেশে কোনও রূপে যাহার বিনাশ বা পরিবর্ত্তন না ঘটে। কিন্তু সাংখ্যবাদীরা বলেন,—বিকার বা পরিবর্ত্তন হইলেও যাহার অত্যন্ত উচ্ছেদ না হয়, তাহাও নিত্য। এই নিয়মানুসারে তাঁহারা চিরবিকারশীলা প্রকৃতিকেও নিত্য বলেন; কারণ, প্রকৃতির বিকার হয় সত্য, কিন্তু একেবারে ধ্বংস বা উচ্ছেদ হয় না; সুতরাং তাঁহাদের মতে নিত্য পদার্থ দুই প্রকার;—(১) পরিণামী নিত্য, ও (২) কূটস্থ নিত্য। তাঁহাদের মতে পুরুষ (আত্মা) ভিন্ন আর কিছুই কূটস্থ নিত্য নাই; আর বেদান্তমতে কূটস্থ নিত্য ব্রহ্ম ভিন্ন আর কিছুমাত্রই নিত্য পদার্থ নাই; অপর সকলের নিত্যতা কেবল আপেক্ষিক মাত্র।

ভাষ্যভূমিকা।

তত্র তাবদ্ অশ্বমেধবিজ্ঞানায় "উষা বা অশ্বস্য" ইত্যাদি। তত্র অশ্ববিষয়মেব দর্শনমুচ্যতে, প্রাধান্যাদশ্বস্য। প্রাধান্যঞ্চ তন্নামাঙ্কিতত্বাৎ ক্রতোঃ প্রাজাপত্যত্বাচ্চ।

টীকা। এবম্ উপনিষদারম্ভে স্থিতে প্রাথমিকব্রাহ্মণয়োঃ অবান্তরতাৎপর্য্যমাহ—তত্র তাবদিতি। আদ্যস্য পুনঃ অবান্তরতাৎপর্য্যং দর্শয়তি—তত্রেতি। নম্ন অশ্বমেধস্য অঙ্গবাহুল্যে কস্মাৎ অশ্বাখ্যাঙ্গবিষয়মেব উপাসনমুচ্যতে, তত্রাহ—প্রাধান্যাদিতি। তদেব কথমিতি, তদাহ—প্রাধান্যং চেতি। প্রজাপতিদেবতাকত্বাচ্চ অশ্বস্য প্রাধান্যমিত্যাহ—প্রাজাপত্যত্বাচ্চেতি।

ভাষ্যভূমিকানুবাদ।

অশ্বমেধ যজ্ঞবিষয়ে বিজ্ঞান সমুৎপাদনার্থ প্রথমে "উষা বা অশ্বস্য" ইত্যাদি বাক্য আরব্ধ হইতেছে। তন্মধ্যেও আবার সর্ব্বপ্রথমে অশ্ববিষয়ক দৃষ্টির (রূপক-বিজ্ঞানের বিষয়) কথিত হইতেছে; কারণ, অশ্বই অশ্বমেধ যজ্ঞের প্রধান অঙ্গ। ঐ যজ্ঞটি অশ্বের নামে পরিচিত, এবং প্রজাপতি উহার দেবতা; এই উভয় কারণে অশ্বের প্রাধান্য বুঝিতে হইবে।

প্রথমোঽধ্যায়ঃ।

[ব্রাহ্মণক্রমেণ তু তৃতীয়োঽধ্যায়ঃ।]

[উপনিষদারম্ভঃ।]

প্রথমং ব্রাহ্মণম্।

ওঁম্ উষা বা অশ্বস্য মেধ্যস্য শিরঃ সূর্য্যশ্চক্ষুর্ব্বাতঃ প্রাণো ব্যাত্তমগ্নির্বৈশ্বানরঃ সংবৎসর আত্মা অশ্বস্য মেধ্যস্য। দ্যৌঃ পৃষ্ঠমন্তরীক্ষমুদরং পৃথিবী পাজস্যম্ দিশঃ পার্শ্বে অবান্তরদিশঃ পর্শব ঋতবোঽঙ্গানি মাসাশ্চার্দ্ধমাসাশ্চ পর্ব্বাণ্যহোরাত্রাণি প্রতিষ্ঠা নক্ষত্রাণ্যস্থীনি নভো মাংসানি। ঊবধ্যং সিকতাঃ সিন্ধবো গুদা যকৃচ্চ ক্লোমানশ্চ পর্ব্বতা ওষধয়শ্চ বনস্পতয়শ্চ লোমানি উদ্যন্ পূর্ব্বার্দ্ধো নিম্লোচন্ জঘনার্দ্ধো যদ্বিজৃম্ভতে তদ্বিদ্যোততে যদ্বিধূনুতে তৎ স্তনয়তি যন্মেহতি তদ্ বর্ষতি বাগেবাস্য বাক্ ॥ ১ ॥

সরলার্থঃ।

সচ্চিদানন্দ-সন্দোহ-সন্দীপিত-কলেবরম্।
সানন্দং জগদানন্দং বন্দে শ্রীনন্দ-নন্দনম্ ॥
প্রণম্য গুরুপাদাব্জং স্মৃত্বা শঙ্করভাবিতম্।
বৃহদারণ্যকে ব্যাখ্যা সরলাখ্যা বিতন্যতে ॥

সরলার্থঃ—অনাদ্যবিদ্যাসমুত্থ-জন্মমরণপ্রবাহ প্রসার-সংসার-সাগর-নিমগ্নান্ জীবান্ ব্রহ্মজ্ঞানোপদেশেন সমুদ্দিধীর্ষুঃ শ্রুতিরাত্মোপকারায় সুখবোধায় চ প্রথমং কর্ম্মাঙ্গাশ্রয়মুপাসনং বক্তুমুপক্রমতে। তত্রাপি যজ্ঞেষু অশ্বমেধস্য শ্রেষ্ঠত্বাৎ, তদঙ্গস্য চ অশ্বস্য প্রজাপতিদৈবতত্বাদ্ অশ্ববিষয়কমেব বিজ্ঞানং প্রথমং প্রস্তৌতি "উষা বৈ" ইত্যাদিভিঃ।

উষাঃ (ব্রাহ্মো মুহূর্ত্তঃ)। বৈ-শব্দঃ (স্মরণার্থকঃ—প্রসিদ্ধকালস্মারকঃ)। মেধ্যস্য (পবিত্রস্য যজ্ঞীয়স্য) অশ্বস্য শিরঃ (মস্তকং) উষাঃ (অশ্বশিরসি

উষোবুদ্ধিঃ করণীয়া, শ্রেষ্ঠত্বসামান্যাদিত্যর্থঃ)। চক্ষুঃ সূর্য্যঃ (শিরঃসান্নিধ্যাৎ); প্রাণঃ (পঞ্চবৃত্ত্যাত্মকঃ) বাতঃ, (বায়ুস্বরূপত্বাৎ প্রাণস্য); ব্যাত্তং (মুখবিবরং) বৈশ্বানরঃ অগ্নিঃ, (মুখস্যাগ্নিদেবতাকত্বাৎ); আত্মা (শরীরং) সংবৎসরঃ (দ্বাদশাদিমাসাত্মকঃ কালঃ, অবয়বসমষ্টিরূপত্বাৎ); পৃষ্ঠং দ্যৌঃ (দ্যুলোকঃ, ঊর্দ্ধত্বসাম্যাৎ); উদরম্ অন্তরীক্ষং (আকাশম্, অবকাশরূপত্বাৎ); পাজস্যং (পাদস্থং পাদাধারস্থানং) পৃথিবী; পার্শ্বে দিশঃ, পর্শবঃ (পার্শ্বাস্থীনি) অবান্তর-দিশঃ; অঙ্গানি (অবয়বাঃ) ঋতবঃ (বসন্তাদ্যাঃ, সংবৎসরাঙ্গত্বাৎ); পর্ব্বাণি (অঙ্গসন্ধয়ঃ) মাসাঃ চ অর্দ্ধমাসাঃ (পক্ষাঃ) চ, প্রতিষ্ঠাঃ (পাদাঃ) অহো-রাত্রাণি; অস্থানি নক্ষত্রাণি; মাংসানি নভঃ (আকাশস্থাঃ মেঘাঃ); উবধ্যং (উদরস্থমর্দ্ধজীর্ণমন্নং) সিকতাঃ (বালুকাঃ, বিশীর্ণতাসাম্যাৎ); গুদাঃ (মলদ্বারং, বহুবচনসামর্থ্যাৎ স্যন্দনসামান্যাচ্চ নাড্যঃ) সিন্ধবঃ (নদ্যঃ); যকৃৎ চ ক্লোমানঃ (প্লীহা) চ পর্ব্বতাঃ; লোমানি ওষধয়ঃ চ বনস্পতয়ঃ চ; পূর্ব্বার্দ্ধঃ (দেহস্য পূর্ব্বভাগঃ) উদ্যন্ (উদ্গচ্ছন্ সূর্য্যঃ); জঘনার্দ্ধঃ (উত্তরার্দ্ধঃ) নিম্লোচন্ (অস্তং গচ্ছন্ সূর্য্যঃ), যৎ বিজৃম্ভতে (অশ্বঃ গাত্রাণি বিক্ষিপতি), তৎ বিদ্যো-ততে, (বিজৃম্ভণস্য বিদ্যোতনসাম্যাৎ); যৎ বিধূনুতে (গাত্রাণি কম্পয়তি), তৎ স্তনয়তি, (মেঘগর্জ্জনসাম্যাৎ বিধূননস্য), যৎ মেহতি (অশ্বঃ মূত্রং ত্যজতি), তৎ বর্ষতি (জলবর্ষসাম্যাৎ মেহনস্য); অস্য (অশ্বস্য) বাক্ (শব্দঃ) এব বাক্ (নাত্র পৃথক্ কল্পনমিত্যর্থঃ)।

অত্রেদং বোধ্যং—ন খলু শাস্ত্রোক্তাশ্বমেধযজ্ঞাধিকারিণং, তেষামেব যজ্ঞাঙ্গে অশ্বে সংস্কারাধানস্য আবশ্যকত্বাৎ অশ্বাঙ্গেষু উষঃপ্রভৃতিদৃষ্টয়ঃ কর্ত্তব্যাঃ, যে পুনর-শ্বমেধে অনধিকারিণঃ ব্রাহ্মণাদয়ঃ, তেষামেব উষঃপ্রভৃতিধ্যেন অশ্বাঙ্গদৃষ্টয়ঃ করণীয়-তয়া বিধীয়ন্তে; অতএব তে জ্ঞানযজ্ঞা ইত্যভিধীয়ন্তে॥ ১

মূলানুবাদ—অশ্বমেধ-যজ্ঞীয় অশ্বের মস্তকাদি অঙ্গে উষাকাল প্রভৃতি চিন্তার বিধান হইতেছে,—যজ্ঞীয় অশ্বের মস্তক হইতেছে উষা অর্থাৎ ব্রাহ্ম মুহূর্ত্ত; চক্ষু হইতেছে সূর্য্য; প্রাণ হইতেছে বায়ু; ব্যাত্ত মুখবিবর হই-তেছে বৈশ্বানরনামক অগ্নি; দেহ হইতেছে সংবৎসর; পৃষ্ঠ হইতেছে দ্যুলোক (স্বর্গ); উদর হইতেছে অন্তরিক্ষ; পাদাধিষ্ঠান (খুর) হইতেছে পৃথিবী; পার্শ্ব-দ্বয় হইতেছে দিক্‌সমূহ; পার্শ্বস্থ অস্থিসমূহ হইতেছে অবান্তর দিক্‌সমূহ (কোণ-সমূহ); অন্যান্য অঙ্গ হইতেছে ছয় ঋতু; অঙ্গসন্ধিসমূহ হইতেছে মাস ও অর্দ্ধ-মাস (এক এক পক্ষ); প্রতিষ্ঠা বা পাদসমূহ হইতেছে দিনরাত; অস্থিসমূহ

হইতেছে নক্ষত্রমণ্ডল; মাংস হইতেছে আকাশস্থ মেঘমালা; উদরস্থ অর্দ্ধজীর্ণ ভুক্তান্ন হইতেছে বালুকারাশি; নাড়ীসমূহ হইতেছে নদীসংঘ; যকৃৎ ও প্লীহা হইতেছে পর্ব্বতরাশি; লোমসমূহ হইতেছে তৃণ ও বৃক্ষরাজি; পূর্ব্বার্দ্ধ হইতেছে উদীয়মান সূর্য্য; আর পশ্চাদ্‌ভাগ হইতেছে অস্তগামী সূর্য্য; অশ্ব যে জৃম্ভন করে—শরীরবিক্ষেপ করে, তাহা হইতেছে মেঘের বিদ্যুৎসঞ্চার; আর অশ্ব যে শরীর কম্পন করে, তাহা হইতেছে মেঘ গর্জ্জন, এবং অশ্ব যে মূত্রত্যাগ করে, তাহাই মেঘের বারিবর্ষণ; অশ্বের শব্দই মেঘের শব্দ ॥ ১ ॥

শাঙ্করভাষ্যম্।—'উষা' ইতি। ব্রাহ্মো মুহূর্ত্ত উষাঃ; বৈ-শব্দঃ স্মারণার্থঃ, প্রসিদ্ধং কালং স্মারয়তি। শিরঃ, প্রাধান্যাৎ; শিরশ্চ প্রধানং শরীরাবয়বানাম্। অশ্বস্য মেধ্যস্য মেধার্হস্য যজ্ঞিয়স্য উষাঃ শির ইতি সম্বন্ধঃ। কর্ম্মাঙ্গস্য পশোঃ সংস্কর্ত্তব্যত্বাৎ কালাদিদৃষ্টয়ঃ শিরআদিষু ক্ষিপ্যন্তে। প্রাজাপত্যত্বঞ্চ প্রজাপতিদৃষ্ট্যধ্যারোপণাৎ। কাল-লোক-দেবতাত্বাধ্যারোপণঞ্চ প্রজাপতিত্বকরণং পশোঃ। এবংরূপো হি প্রজাপতিঃ; বিষ্ণ্বাদিকরণমিব প্রতিমাদৌ।

সূর্য্যশ্চক্ষুঃ, শিরসোঽনন্তরত্বাৎ সূর্য্যাধিদেবতত্বাচ্চ; বাতঃ প্রাণঃ, বায়ুস্বাভাব্যাৎ; ব্যাত্তং বিবৃতং মুখম্ অগ্নির্বৈশ্বানরঃ; বৈশ্বানর ইত্যগ্নের্বিশেষণম্; বৈশ্বানরো নামাগ্নিঃ বিবৃতমুখমিত্যর্থঃ, মুখস্যাগ্নিদৈবতত্বাৎ। সংবৎসর আত্মা; সংবৎসরো দ্বাদশমাসস্ত্রয়োদশমাসো বা। আত্মা শরীরম্; কালাবয়বানাঞ্চ সংবৎসরঃ শরীরং, শরীরঞ্চাত্মা, "মধ্যং হ্যেষামঙ্গানামাত্মা" ইতি শ্রুতেঃ। অশ্বস্য মেধ্যস্যেতি সর্ব্বত্রানুষঙ্গার্থং পুনর্ব্বচনম্।

দ্যৌঃ পৃষ্ঠম্, ঊর্দ্ধ্ব-সামান্যাৎ। অন্তরিক্ষমুদরম্, সুষিরত্ব-সামান্যাৎ। পৃথিবী পাজস্যম্; পাদস্যমিতি বর্ণব্যত্যয়েন, পাদাসনস্থানমিত্যর্থঃ। দিশঃ পার্শ্বে, পার্শ্বেন দিশাং সম্বন্ধাৎ। পার্শ্বয়োর্দ্দিশাঞ্চ সংখ্যাবৈষম্যাৎ অযুক্তমিতি চেৎ; ন; সর্ব্বমুখত্বোপপত্তেঃ; অশ্বস্য পার্শ্বাভ্যামেব সর্ব্বদিশাং সম্বন্ধাদ্ অদোষঃ। অবান্তরদিশঃ আগ্নেয্যাদ্যাঃ পর্শবঃ পার্শ্বাস্থীনি; ঋতবঃ অঙ্গানি, সংবৎসরাবয়বত্বাৎ অঙ্গাধর্ম্ম্যাৎ। মাসাশ্চার্দ্ধমাসাশ্চ পর্ব্বাণি সন্ধয়ঃ, সন্ধিসামান্যাৎ। অহোরাত্রাণি প্রতিষ্ঠাঃ; বহুবচনাৎ প্রাজাপত্য-দৈব-পিত্র্য মানুষাণি; প্রতিষ্ঠাঃ পাদাঃ, প্রতিতিষ্ঠন্তি এভৈরিতি; অহোরাত্রৈঃ হি কালাত্মা প্রতিতিষ্ঠতি, অশ্বশ্চ পাদৈঃ। নক্ষত্রাণি অস্থীনি, শুক্লত্বসামান্যাৎ। নভঃ নভঃস্থাঃ -মেঘাঃ, অন্তরিক্ষ উদরস্থোক্তেঃ; মাংসানি, উদক-রুধির-সেচন-সামান্যাৎ।

উবধ্যম্ উদরস্থম্ অর্দ্ধজীর্ণমশনং সিকতাঃ, বিশ্লিষ্টাবয়বত্ব-সামান্যাৎ। সিন্ধবঃ স্যন্দনসামান্যাৎ নদ্যঃ গুদাঃ নাড্যঃ, বহুবচনাচ্চ। যকৃচ্চ ক্লোমানশ্চ হৃদয়স্যাধস্তাৎ দক্ষিণোত্তরৌ মাংসখণ্ডৌ ; ক্লোমান ইতি নিত্যং বহুবচনমেকস্মিন্নেব ; পর্ব্বতাঃ, কাঠিন্যাদুচ্ছ্রিতত্বাচ্চ। ওষধয়শ্চ ক্ষুদ্রাঃ স্থাবরাঃ, বনস্পতয়ো মহান্তঃ, লোমানি কেশাশ্চ যথাসম্ভবম্। উদ্যন্ উদ্গচ্ছন্ ভবতি সবিতা আ মধ্যাহ্নাদশ্বস্য পূর্ব্বার্দ্ধঃ নাভেরর্দ্ধমিত্যর্থঃ। নিম্লোচন্ অস্তং যন্ আ মধ্যাহ্নাৎ জঘনার্দ্ধোঽপরার্দ্ধঃ, পূর্ব্বাপরত্বসামর্থ্যাৎ। যদ্ বিজৃম্ভতে গাত্রাণি বিনাময়তি বিক্ষিপতি, তৎ বিদ্যোততে, বিদ্যোতনং মুখ-ঘনবিদারণসামান্যাৎ। যৎ বিধূনুতে গাত্রাণি কম্পয়তি, তৎ স্তনয়তি, গর্জ্জনশব্দসামান্যাৎ। যৎ মেহতি মূত্রং করোত্যশ্বঃ, তদ্ বর্ষতি, বর্ষণং তৎ সেচনসামান্যাৎ। বাগেব শব্দ এবাস্য অশ্বস্য বাক্, ইতি নাত্র কল্পনেত্যর্থঃ ॥ ১ ॥

টীকা। প্রতীকমাদায় ব্যাচষ্টে—উষা ইত্যাদিনা। স্মারণার্থত্বমেব নিপাতস্য স্ফুটয়তি—প্রসিদ্ধমিতি। শাস্ত্রীয়ে লৌকিকে চ ব্যবহারে প্রসিদ্ধো ব্রাহ্মো মুহূর্ত্তঃ, তং কালমিতি যাবৎ। উষসি শিরঃশব্দপ্রয়োগে দিনাবয়বেষু তস্য প্রাধান্যং হেতুমাহ—প্রাধান্যাদিতি। তথাপি কথং তত্র তচ্ছব্দপ্রয়োগঃ, তত্রাহ—শিরশ্চেতি। আশ্বমেধিকাশ্বশিরস্যুষসো দৃষ্টিঃ কর্ত্তব্যা, ইত্যাহ—অশ্বস্যেতি। কালাদিদৃষ্টিরশ্বাঙ্গেষু কিমিতি ক্ষিপ্যতে, অশ্বাঙ্গদৃষ্টিরেব তেষু কিং ন স্যাৎ, ইত্যাশঙ্ক্যাহ—কর্ম্মাঙ্গস্যেতি। অঙ্গেষু অনঙ্গমিতি ক্ষেপে হেত্বন্তরমাহ—প্রাজাপত্যত্বঞ্চেতি। অশ্বস্য সংস্কৃতীতি শেষঃ। তত্র হেতুঃ—প্রজাপতীতি। ননু কালাদিদৃষ্টয়ঃ অশ্বাবয়বেষু আরোপ্যন্তে, ন তস্য প্রজাপতিত্বং ক্রিয়তে, তত্রাহ—কালেতি। কালাদ্যাত্মকো হি প্রজাপতিঃ। তথাচ যথা প্রতিমায়াং বিষ্ণুত্বকরণং তদ্দৃষ্টিঃ, তথা কালাদিদৃষ্টিঃ অশ্বাবয়বেষু তস্য প্রজাপতিত্বকরণম্। অশ্বমেধাধিকারী হি সতি অশ্বে কর্ম্মণো বীর্য্যবত্তরত্বার্থং কালাদিদৃষ্টিঃ অশ্বাবয়বেষু কুর্য্যাৎ, তদনধিকারী তু অশ্বাভাবে স্বাত্মানম্ অশ্বং কল্পয়িত্বা স্বশিরঃপ্রভৃতিষু কালাদিদৃষ্টিকরণেন প্রজাপতিত্বং সম্পাদ্য প্রজাপতিঃ অস্মীতি জ্ঞানাৎ তদ্ভাবং প্রতিপদ্যেত ইতি ভাবঃ।

যদি বল, কারণস্বরূপ মৃৎপিণ্ডাদিকে বিমর্দ্দিত না করিয়া যখন ঘটাদি কার্য্য উৎপন্ন হয় না, তখন ঘটাদির কারণ মৃৎপিণ্ডাদিও অসৎ—অস্তিত্বহীন। না,—যেহেতু মৃত্তিকা প্রভৃতিই ঘটাদি কার্য্যের প্রকৃত কারণ, মৃত্তিকাপিণ্ডাদি নহে, সেই হেতুই ঐ প্রকার আপত্তি করিতে পার না। দৃষ্টান্তস্থলে মৃত্তিকা ও সুবর্ণ প্রভৃতিই ঘট ও স্বর্ণহার প্রভৃতির কারণ, কিন্তু পিণ্ডাকার আকৃতিবিশেষ উহাদের কারণ নহে; কেন না, পিণ্ডাদি আকারের অভাবেও ঘট ও রুচকাদি কার্য্যের সদ্ভাব অক্ষুণ্ণ থাকে, (কিন্তু মৃত্তিকাদির অভাবে থাকে না;) পিণ্ডাকার না থাকিলেও কেবল মৃত্তিকা ও সুবর্ণাদি কারণ-দ্রব্য হইতেই ঘট ও রুচকাদি কার্য্যের উৎপত্তি দৃষ্ট হইয়া থাকে। অতএব মৃত্তিকা প্রভৃতির পিণ্ডাদি আকারবিশেষ কখনই ঘট ও রুচকাদি কার্য্যের কারণ হইতে পারে না। পক্ষান্তরে, মৃত্তিকা ও সুবর্ণাদি দ্রব্যের অসদ্ভাবে কস্মিন্ কালেও ঘট ও রুচকাদি কার্য্যের উৎপত্তি দেখিতে পাওয়া যায় না; অতএব মৃত্তিকা ও সুবর্ণাদিই প্রকৃতপক্ষে কারণ-দ্রব্য, কিন্তু পিণ্ডাদি আকারবিশেষ কারণ নহে। যেহেতু কারণমাত্রই কার্য্যোৎপাদনের সময়ে পূর্ব্বতন স্বীয় কার্য্যের তিরোধান (অব্যক্তভাব-ধারণ) করিয়া অবশেষে অপর কোনও কার্য্য সমুৎপাদন করিয়া থাকে; কারণ, একই সময়ে বহুকার্য্য সমুৎপাদন করা একটী কারণের স্বভাববিরুদ্ধ। বিশেষতঃ, পূর্ব্বোৎপন্ন কার্য্যের তিরোধান হইলেই যে, কারণেরও তিরোধান বা বিনাশ হইয়া যায়, তাহাও কখনই যুক্তিসিদ্ধ কথা নহে। অতএব পিণ্ডাদিরূপ কারণাবস্থার অপ-

---

তদুত্তরে নৈয়ায়িক বলিতেছেন,—না, সর্ব্বশূন্যতা হইতে পারে না; কেন না, সর্ব্বত্রই কার্য্যোৎপত্তির পূর্ব্বে তৎকারণের অস্তিত্ব দেখিতে পাওয়া যায়। যেমন ঘট একটি কার্য্য বা জন্য পদার্থ; সেই ঘটোৎপত্তির পূর্ব্বে তৎকারণ মৃত্তিকার অস্তিত্ব প্রত্যক্ষ দেখিতে পাওয়া যায়। সুতরাং, এই জগৎ-কার্য্য উৎপন্ন হইবার পূর্ব্বেও তৎকারণ (ন্যায়মতে পরমাণু) নিশ্চয়ই ছিল; সুতরাং 'সর্ব্বশূন্যবাদ' অসিদ্ধ। শূন্যবাদী পুনশ্চ বলিতেছেন যে, মৃত্তিকা প্রভৃতির যে, পিণ্ডাদিরূপ বিশেষ বিশেষ আকার, তাহাই ঘটাদি কার্য্যের প্রকৃত কারণ; যেহেতু সেই সেই পিণ্ডাদি আকারের ধ্বংস না হইলে কখনই ঘটাদি কার্য্যের উৎপত্তি হয় না, সুতরাং কারণের সদ্ভাবও প্রমাণিত হইতেছে না। তদুত্তরে বলিতেছেন যে, না—মৃত্তিকা প্রভৃতি দ্রব্যসমূহই ঘটাদি কার্য্যের প্রকৃত কারণ, তাহাদের পিণ্ডাদি আকারবিশেষ কারণ নহে। যাহার সদ্ভাবে যে কার্য্যের সদ্ভাব, তাহাই সেই কার্য্যের উপাদান-কারণ। মৃত্তিকার সদ্ভাবেই ঘটের সদ্ভাব; সুতরাং মৃত্তিকাই ঘটের কারণ। পক্ষান্তরে, যাহার অসদ্ভাবেও কার্য্য থাকে, তাহা তাহার কারণ নহে. পিণ্ডাদি আকারের অভাবেও ঘটাদি কার্য্য বিদ্যমানই থাকে, সুতরাং মৃত্তিকার পিণ্ডাদি অবস্থা কখনই ঘট-কার্য্যের উপাদান-কারণ হইতে পারে না।

গমে যে কার্য্যোৎপত্তি হইতে দেখা যায়, তাহা উৎপত্তির পূর্ব্বকালে কারণের অসদ্ভাবের হেতু হইতে পারে না।

যদি বল, "পিণ্ডাদি আকারবিশেষ পরিত্যাগ করিলে যখন মৃত্তিকা প্রভৃতি কারণ-দ্রব্যের অস্তিত্বই থাকে না, তখন কেবলই মৃত্তিকা প্রভৃতির উপাদান-কারণত্ব যুক্তিসম্মত হইতে পারে না, অর্থাৎ যদি বল, পূর্ব্বতন পিণ্ডাদি আকারের বিনাশেও তৎকারণ মৃত্তিকা প্রভৃতির বিনাশ হয় না, পরন্তু ঘটাদি কার্য্যান্তরেও তাহার অনুবৃত্তি হইয়া থাকে—একথা যুক্তিসঙ্গত হইতে পারে না; কারণ, পিণ্ড বা ঘটাদি কার্য্যাবস্থার অতিরিক্ত শুধু মৃত্তিকা ত কোথাও দেখিতে পাওয়া যায় না; অতএব মৃত্তিকা-প্রভৃতি- কারণানুবৃত্তির কথা সম্পূর্ণ অযৌক্তিক।" তাহা হইলে বলিব, "না,—তাহাও হইতে পারে না; যেহেতু, মৃত্তিকা প্রভৃতি কারণের পিণ্ডাদি অবস্থা নিবৃত্ত হইলেও ঘটাদি কার্য্যের উৎপত্তিতে তাহাদের অনুবৃত্তি দেখিতে পাওয়া যায়।" যদি বল, "ঘটাদি কার্য্যের সহিত তৎকারণ মৃত্তিকা প্রভৃতিরও সাদৃশ্য রহিয়াছে, সেই জন্যই ঐরূপ কারণানুবৃত্তি হয় বলিয়া বোধ হয় মাত্র, বস্তুতঃ কোথাও কারণানুবৃত্তি হয় না।" তাহা হইলে বলিব; "না, এ কথাও সঙ্গত নহে; কারণ, ঘটাদিকার্য্যে যখন পিণ্ডাদি কার্য্যগত মৃত্তিকা প্রভৃতির অবয়বসমূহেরই প্রত্যক্ষতঃ উপলব্ধি হইয়া থাকে, তখন অনুমানাভাস বা অসত্য অনুমানের সাহায্যে সাদৃশ্যাদি কল্পনা করা কখনই সঙ্গত হইতে পারে না। [অতএব উক্ত শূন্যবাদী বৌদ্ধের মত ঠিক নহে।]

[ক্ষণিক বিজ্ঞানবাদী বৌদ্ধের মত খণ্ডন—]

বিশেষতঃ, অনুমানমাত্রই যখন প্রত্যক্ষমূলক, তখন কারণের একত্ব-প্রত্যক্ষের বিরুদ্ধে কারণের ভেদানুমান কখনই গ্রাহ্য হইতে পারে না; কারণ, তাহা হইলে কোন বিষয়েই লোকের বিশ্বাস বা স্থিরতা থাকিতে পারে না।—যদি চ 'ইহা সেই বস্তু' এইরূপ প্রতীতিগম্য সমস্ত বস্তুই ক্ষণিক হয়, অর্থাৎ যে ক্ষণে উৎপন্ন হয়, তাহার পরক্ষণেই আবার বিনষ্ট হইয়া যায়, কেবল পূর্ব্ব বস্তুর সহিত সাদৃশ্য থাকায়, 'ইহা সেই বস্তু' ইত্যাকার অভেদবুদ্ধি হইয়া থাকে মাত্র, বস্তুতঃ পরদৃষ্ট বস্তুটী পূর্ব্বদৃষ্ট বস্তু হইতে সম্পূর্ণ স্বতন্ত্র, সুতরাং ঘটাদি কার্য্যে মৃত্তিকাদি দৃষ্ট হইলেও বুঝিতে হইবে যে, পূর্ব্বদৃষ্ট মৃত্তিকা প্রভৃতির অনুভবজাত সংস্কার বশতই এইরূপ মৃত্তিকাদির অনুবৃত্তি-বুদ্ধি হইয়া থাকে, বস্তুতঃ কারণরূপে কল্পিত মৃত্তিকার সহিত উহার কোনরূপ সম্বন্ধ নাই, ইত্যাদি;" তাহা হইলে বলিতে হইবে যে, "ইহা সেই মৃত্তিকা', এই বুদ্ধিটী যদি প্রাথমিক বুদ্ধিরই ফল হয়

তাহা হইলে সেই প্রাথমিক মৃত্তিকাবুদ্ধিটাকেও তৎপূর্ব্ববর্ত্তী মৃত্তিকা-বুদ্ধির ফল বলিতে হইবে, আবার সে বুদ্ধিকেও তৎপূর্ব্বতন মৃত্তিকা-বুদ্ধির ফল বলিয়া স্বীকার করিতে হইবে ; এইরূপে বুদ্ধিধারার কোথাও বিশ্রাম না হওয়ায় 'অনবস্থা' দোষ উপস্থিত হইতে পারে ; সুতরাং 'ইহা তাহার সদৃশ' এই বুদ্ধিটারও সত্যতা সিদ্ধ হইতে পারে না। অতএব কোন বিষয়েই লোকের স্থিরতর বিশ্বাস বা সত্যতা-প্রতীতি জন্মিতে পারে না। বিশেষতঃ, স্থিরতর একজন কর্ত্তা না থাকিলে, 'তৎ' ও 'ইদম্' বুদ্ধির সম্বন্ধও উপপন্ন হইতে পারে না। (১৬)।

[সাধারণভাবে বৌদ্ধমত খণ্ডন।]

যদি বল, "কর্ত্তার অভাবে 'তৎ' ও 'ইদং' বুদ্ধির সম্বন্ধ অনুপপন্ন হইলেও 'তৎ' ও 'ইদং' বুদ্ধিদ্বয়ের সাদৃশ্যবশতঃ উক্ত সম্বন্ধ উপপন্ন হইতে পারে", না, তাহাও হইতে পারে না ; কারণ, 'তৎ' ও 'ইদং'-বুদ্ধির পরস্পর-বিষয়তা অনুপপন্ন হইবে। আর উক্ত বুদ্ধিদ্বয় পরস্পর বিষয়ীভূত না হইলে উক্ত বুদ্ধিদ্বয়ের সাদৃশ্য-গ্রহণও অনুপপন্ন হইবে। যদি [বাহ্যার্থবাদী বৌদ্ধমতের অনুসরণ করিয়া) বল, "অসৎ-সাদৃশ্যেই তদ্‌বুদ্ধি হইয়া থাকে, (অর্থাৎ সাদৃশ্য নিজে অসৎ হইলেও 'তৎ' বলিয়া যে জ্ঞান হয়, তাহা অসৎ নহে ;)"

---

(১৬) তাৎপর্য্য—এস্থলে শূন্যবাদীর পুনশ্চ আপত্তি হইল যে, মৃত্তিকা প্রভৃতি যে সমস্ত বস্তুকে উপাদান বলা হয়, অগ্রে সে সমুদয়ের ধ্বংস হয়, পরে ঘটাদি কার্য্যের উৎপত্তি হয়,—অগ্রে বীজটি বিনষ্ট হয়—পচিয়া যায়, পরে অঙ্কুরের উৎপত্তি হয় ; সুতরাং, কারণ-বস্তুর ধ্বংসই কার্য্যোৎপত্তির হেতু, কারণ-বস্তু নহে। এই জগৎও তদ্রূপ কোনরূপ সৎপদার্থ হইতে উৎপন্ন হয় নাই। এই পক্ষ খণ্ডনের পর, ক্ষণিকবাদী বৌদ্ধ বলিলেন—জগতের সমস্ত পদার্থই ক্ষণিক—প্রতিক্ষণে উৎপন্ন হয়, আবার পরক্ষণেই বিনষ্ট হইয়া যায়। তবে যে, পূর্ব্বদৃষ্ট বস্তুকে পরে দর্শন করিলে, 'ইহা সেই বস্তু' বলিয়া মনে হয়, তাহার কারণ—পূর্ব্বদৃষ্ট বস্তুর সহিত পরদৃষ্ট বস্তুর সাদৃশ্য-সম্বন্ধ। যেমন, প্রথম বার যে ঔষধ সেবন করা হয়, দ্বিতীয় বার তজ্জাতীয় ঔষধ দেখিয়া 'ইহা সেই ঔষধ' বলিয়া মনে হয়, 'ইহা সেই বস্তু' ইত্যাদিরূপে উল্লেখও ঠিক তেমনি উক্ত সাদৃশ্যমূলক ; সুতরাং মৃত্তিকা প্রভৃতি কোন কারণই ঘটাদি কার্য্যে অনুবৃত্ত হয় না ; কাজেই সৎকার্য্যবাদও সিদ্ধ হয় না। তদুত্তরে আচার্য্য বলিতেছেন যে, পূর্ব্বোক্ত অভেদ-প্রতীতিকে সাদৃশ্যমূলক বলিয়া কেবল অনুমানের সাহায্যে ক্ষণিকবাদ স্থাপন করিতে পারা যায় না। কারণ, অনুমান অপেক্ষাও প্রত্যক্ষ প্রমাণ বলবান্. বিশেষতঃ, ক্ষণিকবাদে আত্মাও যখন ক্ষণিক, তখন 'ইহা সেই বস্তু' বলিয়া পূর্ব্বদৃষ্ট বস্তুর সহিত পরদৃষ্ট বস্তুর সাদৃশ্য (তুলনা) করিবে কে ? কারণ, পূর্ব্বদ্রষ্টা আত্মা ত দৃষ্ট বস্তুর সঙ্গে সঙ্গেই বিনষ্ট হইয়া গিয়াছে ; অতএব এই ক্ষণিকবাদ বিচারসহ নহে।

"না,—তাহাও বলা চলে না; কেন না, সাদৃশ্যবুদ্ধির বিষয় (সাদৃশ্য) যেমন অসৎ, তেমনি 'তৎ' ও 'ইদম্' বুদ্ধির বিষয়ও অসৎ হইতে পারে। আর যদি [বিজ্ঞানবাদীর মতাবলম্বনে] সমস্ত বুদ্ধির বিষয়গুলিকেই অসৎ বলিয়া স্বীকার করিতে ইচ্ছা কর, তাহাও পার না; কারণ, তাহা হইলে বুদ্ধিবিষয়ক যে বুদ্ধি, অর্থাৎ যে বুদ্ধির সাহায্যে সাদৃশ্যবিষয়ক বুদ্ধির সত্যতা উপলব্ধি করিতেছ, সেই বুদ্ধিরও অসত্যতা অনিবার্য্য হইয়া পড়ে। আর যদি [শূন্যবাদীর মতানুসারে] বল—তাহাই হউক। তাহা হইলেও বলিব, না—তাহাও হইতে পারে না; কারণ, সমস্ত বুদ্ধিই মিথ্যা হইলে, অসত্যতা-বুদ্ধিও সত্য হইতে পারে না। অতএব, সাদৃশ্যবশতঃ যে, তদ্বুদ্ধি হইয়া থাকে বলা হইয়াছে, সে কথা সঙ্গত হয় নাই। অতএব কার্য্যোৎপত্তির পূর্ব্বেও কারণের সদ্ভাব সিদ্ধ হইল; এবং অভিব্যক্তিই যখন কার্য্যের (জন্য পদার্থের) একমাত্র লিঙ্গ বা পরিচায়ক, তখন উৎপত্তির পূর্ব্বে কার্য্যের সদ্ভাবও প্রমাণিত হইল।

[সৎকার্য্যবাদ স্থাপন।

এইরূপে উৎপত্তির পূর্ব্বে জন্য-পদার্থের অস্তিত্ব সিদ্ধ হইল। [যদি বল—] কি প্রকারে? [তবে শুন,—] যেহেতু, কার্য্য মাত্রই অভিব্যক্তিলিঙ্গক; অর্থাৎ অভিব্যক্তিই সেই কার্য্যের লিঙ্গ (অস্তিত্ব-জ্ঞাপক), [সেই হেতু ইহা সিদ্ধ হইল।] অভিব্যক্তি অর্থ—সাক্ষাৎ সম্বন্ধে বুদ্ধির বিষয় হওয়া, অর্থাৎ প্রত্যক্ষতঃ জ্ঞানের বিষয় হওয়া; কেন না, জগতে ঘটাদি যে কোনও বস্তু অন্ধকারাদি দ্বারা আবৃত অবস্থায় অজ্ঞাত থাকে, আবার আলোক প্রভৃতি দ্বারা সেই অন্ধকারাবরণ অপনয়ন করিলে জ্ঞানের বিষয়ীভূত হয়, কিন্তু কখনও আপনার পূর্ব্বসত্তা (অন্ধকারাবস্থায় সত্তা) ত্যাগ করে না। উৎপত্তির পূর্ব্বে এই জগৎ-সম্বন্ধেও আমরা সেইরূপ অবস্থাই বুঝি। কেন না, যে ঘটের বাস্তবিকই সত্তা নাই, সূর্য্যোদয়ে তাহা কখনই প্রত্যক্ষ হয় না।

যদি বল, "না,—এ কথাও বলিতে পার না; কারণ, তোমার (সৎকার্য্যবাদী বৈদান্তিকের) মতে যখন কোন পদার্থেরই অবিদ্যমানতা বা অভাব নাই, তখন নিশ্চয়ই তাহা প্রত্যক্ষ হইতে পারে, অর্থাৎ যদি বল যে, তোমার (সৎকার্য্যবাদী বৈদান্তিক আমাদের) মতে ঘটাদি কোন জন্য পদার্থই যখন অবিদ্যমান (অসৎ) নহে, তখন, যে সময় মৃৎপিণ্ড সন্নিহিত রহিয়াছে এবং জ্ঞানপ্রতিবন্ধক অন্ধকারাদি কিছুই নাই, সেই সময় আদিত্যোদয়ে অবশ্যই ঘটাদি জন্য-পদার্থের উপলব্ধি হইতে পারে? কারণ, ঘট তখনও বিদ্যমান।" তাহা হইলে বলিব,

"না,—সে কথাও বলা চলে না; কেন না, আবরণের প্রভেদ আছে; অর্থাৎ ঘটাদি জন্য-পদার্থ মাত্রেরই আবরণ দুই প্রকার—এক প্রকার হইতেছে, অভিব্যক্ত বা ঘটাদিকার্য্যভাবাপন্ন মৃত্তিকা প্রভৃতির সম্বন্ধে অন্ধকার ও প্রাচীর প্রভৃতি; অপর প্রকার—কার্য্যাকারে অভিব্যক্ত হইবার পূর্ব্বে, মৃত্তিকা প্রভৃতির অবয়বসমূহের পিণ্ডাদি কার্য্যান্তররূপে অবস্থিতি। সেই কারণেই উৎপত্তির পূর্ব্বে ঘটাদি কার্য্য, স্বরূপতঃ বিদ্যমান থাকিলেও পিণ্ডাদি আকারে আবৃত থাকায় উপলব্ধির বিষয় হয় না। তবে যে, 'নষ্ট', 'উৎপন্ন', 'ভাব' ও 'অভাব' প্রভৃতি শব্দ ও তদনুযায়ী প্রতীতিভেদ হইয়া থাকে, তাহার কারণ—আবির্ভাব ও তিরোভাবের দ্বৈবিধ্য। অর্থাৎ আবির্ভাবের পর, 'উৎপন্ন' ও 'ভাব' প্রভৃতি বিদ্যমানতাবোধক শব্দের ব্যবহার ও তদনুরূপ প্রতীতি হয়, আর সেই অবস্থারই যখন তিরোভাব হয়, তখন 'নষ্ট' ও 'অভাব' প্রভৃতি শব্দের ব্যবহার এবং তদনুয়ায়ী প্রতীতি হয়, এই মাত্র বিশেষ।"

যদি বল, 'অপরাপর আবরণের সঙ্গে পিণ্ড ও কপালাদি আবরণের বৈলক্ষণ্য থাকায় উক্ত সিদ্ধান্তটী সঙ্গত নহে, অর্থাৎ লোকপ্রসিদ্ধ অন্ধকার ও প্রাচীরাদি আবরণ এবং আবরণীয় ঘটাদি পদার্থকে বিভিন্নস্থানবর্ত্তী দেখিতে পাওয়া যায়, কিন্তু কপাল (ঘটের অংশ) ও পিণ্ডাদি আবরণকে ত কখনও ঘট ছাড়িয়া অন্যত্র থাকিতে দেখা যায় না; অতএব পিণ্ড ও কপালাদি অবস্থায় ঘট বিদ্যমানই থাকে, কেবল আবৃত থাকায় তাহার উপলব্ধি হয় না,—একথা বলা যুক্তিযুক্ত হইতে পারে না; কারণ, প্রসিদ্ধ আবরণ অন্ধকারাদির সহিত ইহার ধর্ম্মগত বৈলক্ষণ্য রহিয়াছে।' 'না, এ কথাও বলা যায় না; কেন না, দুগ্ধমিশ্রিত জল দুগ্ধ দ্বারা আবৃত হয়, অথচ সেই আবরক দুগ্ধ ও আবৃত জল, উভয়কেই এক—অভিন্ন স্থানবর্ত্তী দেখিতে পাওয়া যায়।' যদি বল, 'কপাল ও মৃত্তিকাচূর্ণ প্রভৃতি ঘটাবয়বসমূহ যখন ঘটেরই অন্তর্ভূত, অর্থাৎ ঘট হইতে পৃথক্ পদার্থ নহে, তখন কপাল ও চূর্ণাদি অংশগুলিত ঘটাবরক হইতে পারে না।' 'না, তাহাও নহে। কারণ, বিভক্ত অর্থাৎ মৃত্তিকা হইতে পৃথগ্ভাবাপন্ন কপালাদি অংশগুলি যখন স্বতন্ত্র জন্য-পদার্থ বলিয়াই স্বীকৃত হইয়াছে, তখন উহাদের আবরকত্বে কোনই বাধা হইতে পারে না।'

যদি বল, 'তাহা হইলে কেবল আবরণ বিনাশেই যত্ন করা কর্ত্তব্য; অর্থাৎ চূর্ণ কপালাদি অবস্থায়ও যখন ঘটের অস্তিত্ব অক্ষুন্নই থাকে, কেবল আবরণবশতঃ তাহার উপলব্ধি হয় না, তখন ঘটার্থী পুরুষের কেবল আবরণভঙ্গেই অর্থাৎ কেবল চূর্ণ-কপা-

বর্ত্তমান সময়ে এই ঘটটী বিদ্যমান নাই বলাও যেরূপ, উক্ত কথাও ঠিক তদ্রূপ (১)।

আর যদি উৎপত্তির পূর্ব্বসময়ে ঘটকে অসৎ বলিতে ইচ্ছা কর, অর্থাৎ কুম্ভকার প্রভৃতি ঘটের জন্য প্রবৃত্ত হইলে পর, সেখানে কুম্ভকার প্রভৃতি যেরূপ সব্যাপাররূপে বর্ত্তমান থাকে, ঠিক সেইরূপে জন্য-বস্তু বর্ত্তমান না থাকাই যদি তোমার 'অসৎ' শব্দের অর্থ হয়, তাহা হইলে ত আমাদের মতের সহিত কিছু-মাত্র বিরোধ হইতেছে না। কারণ?—যেহেতু স্বীয় 'ভবিষ্যত্তা' রূপে তখনও ঘট বর্ত্তমানই থাকে; কারণ, পিণ্ড ও কপালের (ঘটাবয়বের) যে বর্ত্তমানতা, তাহা কখনই ঘটের বর্ত্তমানতা হইতে পারে না, এবং তদুভয়ের যে ভবিষ্যত্তা, তাহাও ঘটের ভবিষ্যত্তা হইতে পারে না। সুতরাং, কুম্ভকার প্রভৃতির ব্যাপার বা চেষ্টা বর্ত্তমান সত্ত্বেও যে, 'উৎপত্তির পূর্ব্বে ঘট অসৎ' বলা হয়, তাহা ত কোন মতেই বিরুদ্ধ হইতেছে না। ঘটের ভবিষ্যত্তার যাহা কার্য্য বা ফল (বর্ত্তমানতা-লাভ), তাহার যদি নিষেধ করা হয়, তাহা হইলেই বিরোধ উপস্থিত হইতে পারে; কিন্তু কেহই ত তাহার ভাবী সদ্ভাবের প্রতিষেধ করিতেছে না; আর ক্রিয়াবান্ বা উৎপাদনাদি ব্যাপার-বিশিষ্ট নিখিল বস্তুর বর্ত্তমানতা বা ভবিষ্যত্তা যে, একই হইবে, তাহাও নহে; [সুতরাং বিভিন্নপ্রকার অস্তিত্ব স্বীকারেও সৎকার্য্যবাদের কোনও বাধা ঘটিতে পারে না।

আরো এক কথা, [অসৎকার্য্যবাদীর অভিমত] চতুর্ব্বিধ অভাবের মধ্যে, (২) ঘটের যে ইতরেতরাভাব বা ভেদ, তাহা ঘট হইতে পৃথক্ দেখা গিয়াছে; যেমন—'ঘটাভাব বা ঘটের অন্য' বলিলে, পটাদি বস্তুই বুঝায়, কিন্তু নিশ্চয়ই তাহা ঘটস্বরূপ নহে; অধিকন্তু ঐ পট বস্তুটী ঘটাভাবস্বরূপ হয়

(১) তাৎপর্য্য—পূর্ব্বেই বলা হইয়াছে যে, যাহা অসৎ—বন্ধ্যাপুত্রের ন্যায় অস্তিত্ববিহীন, কস্মিন্ কালেও কোন রকমেও তাহার উৎপত্তি হয় না ও হইতে পারে না। ভাবী ঘটও যদি অস্তিত্ববিহীনই হয়, তাহা হইলে, তাহাকেও আর 'ভবিষ্যতি' (সত্তাবান্ হইবে) বলিয়া নির্দ্দেশ করা যাইতে পারে না। অতএব বর্ত্তমানে উপস্থিত ঘটকে 'ন বর্ত্ততে' (নাই) বলাও যেমন, 'ভাবী—অসৎ ঘট উৎপন্ন হইবে' বলাও ঠিক তেমনি প্রমাণবিরুদ্ধ কথা হয়; সুতরাং অসৎকার্য্য-বাদটী অযৌক্তিক—উপেক্ষার যোগ্য।

(২) তাৎপর্য্য—অসৎকার্য্যবাদী নৈয়ায়িকের মতে অভাব চতুর্ব্বিধ, এবং দ্রব্যাদি প্রভৃতির ন্যায় অভাবও পদার্থশ্রেণীর মধ্যেপরিগণিত। প্রথমতঃ, তাঁহারা অভাবকে দুই ভাগে বিভক্ত করিয়াছেন—(১) ইতরেতরাভাব, ও (২) সংসর্গাভাব। ইতরেতরাভাব, অন্যোন্যাভাব ও ভেদ,

বলিয়া যে, অভাবাত্মক অর্থাৎ কিছুই নহে, তাহা নহে; তবে কি? না, তাহা ভাবস্বরূপই বটে। ঘটের এই ইতরেতরাভাব যেমন ঘট হইতে স্বতন্ত্র বস্তু, ধ্বংস, প্রাগভাব এবং অত্যন্তাভাবও তেমনই ঘট হইতে স্বতন্ত্র বস্তুই হইবে; কারণ, ঘটের ইতরেতরাভাবের ন্যায় এই সমস্ত অভাবও যখন ঘটাদি বস্তু দ্বারা উল্লিখিত হইয়া থাকে, তখন ইতরেতরাভাবের ন্যায় সমস্ত অভাবেরই ভাবরূপতা সিদ্ধ হইতেছে। আর এরূপ সিদ্ধান্তই যখন স্থির হইল, তখন "ঘটস্য প্রাগভাবঃ" (ঘটের প্রাগভাব) বলিলে, উৎপত্তির পূর্ব্বে যে, ঘটের স্বরূপই ছিল না, তাহা নহে; পরন্তু বর্ত্তমানে যেরূপ আছে, সেরূপ ছিল না, ইহাই বুঝিতে হইবে।

পক্ষান্তরে, ঘটের যাহা প্রকৃত স্বরূপ, তাহাকেই যদি ঘটের প্রাগভাব বল, তাহা হইলে আর 'ঘটের' বলা সঙ্গত হয় না; [কারণ, তখন ত ঘটের অস্তিত্বই নাই; সুতরাং তাহার সহিত সম্বন্ধ-নির্দ্দেশই হইতে পারে না]। আর যদি বল, 'শিলাপুত্রের শরীর' [শিলাপুত্র অর্থ—নোড়া,] ইত্যাদি স্থলে যেরূপ অভেদেও ভেদ কল্পনা করিয়া ব্যবহার করা হইয়া থাকে, তদ্রূপ 'ঘটের প্রাগভাব'-স্থলেও ভেদ কল্পনা করিয়া ঐরূপ ব্যবহার করা হয়; তাহা হইলেও বুঝিতে হইবে যে, কল্পিত, (সুতরাং অবস্তু) অভাবেরই 'ঘট' শব্দ দ্বারা

এই তিনই একার্থবোধক পর্য্যায় শব্দ। প্রত্যেক অভাবের লক্ষণই বড় জটিল; এইজন্য সাধারণভাবে কেবল উহাদের স্বরূপটা বুঝাইবার চেষ্টা করিব মাত্র। ইতরেতরাভাব—এক বস্তুর সহিত যে অন্য বস্তুর ভেদ—কতকটা পার্থক্যেরই মত; কিন্তু তাই বলিয়া পার্থক্য ও ভেদ এক নহে। যেমন—ঘটাদন্যঃ পটঃ; অর্থাৎ ঘট হইতে পট বস্তুটা ভিন্ন। এখানে ঘট হইতে পটের ভেদ মাত্র বুঝাইতেছে। বলা আবশ্যক যে, এখানে ভাষ্যকার ধরিয়া লইয়াছেন যে, নৈয়ায়িকেরা ঘটের ভেদকে পটস্বরূপ বলিয়াই যেন স্বীকার করিয়া থাকেন, কিন্তু প্রকৃতপক্ষে তাঁহারা অভাবকে কোনও স্বতন্ত্র স্বরূপ বলিয়া স্বীকার করেন না; পরন্তু পটাদিকে ঘটাদির অভাববিশিষ্ট বলেন। সে যাহা হউক, এখানে সে কথা অনালোচ্য মনে করি। দ্বিতীয় সংসর্গাভাবটি তিন প্রকার :—(১) প্রাগভাব, (২) ধ্বংস ও (৩) অত্যন্তাভাব। তন্মধ্যে উৎপত্তির পূর্ব্বকালীন যে, বস্তুর অভাব, তাহা প্রাগভাব, যেমন—ঘটোৎপত্তির পূর্ব্বে ঘটের অভাব। উৎপন্ন বস্তুর বিনাশে যে, অভাব, তাহা ধ্বংসাভাব। যেমন ঘটনাশের পরবর্ত্তী অভাব। আর ত্রৈকালিক যে, অভাব, তাহা অত্যন্তাভাব; যেমন—'এখানে ঘট নাই' বলিলে ঘটের যে, অভাব বুঝা যায়, তাহাই অত্যন্তাভাব; কিন্তু যে বস্তুর কস্মিন্ কালেও অস্তিত্ব নাই, তাহার অভাবও স্বীকার করা হয় না। যেমন—'বন্ধ্যাপুত্রের অভাব, আকাশ-কুসুমের অভাব' ইত্যাদি।

নির্দ্দেশ করা হইতেছে মাত্র, কিন্তু ঘটের স্বরূপ-সত্তাকেই নির্দ্দেশ করা হইতেছে না। আর যদি বল, ঘটের অভাব ঘট হইতে সম্পূর্ণ পৃথক্ পদার্থ, তাহা হইলে বলিব,— এ কথারও উত্তর পূর্ব্বেই প্রদত্ত হইয়াছে (১)।

আরও এক কথা, উৎপত্তির পূর্ব্বে জন্যপদার্থমাত্রই যখন শশশৃঙ্গের ন্যায় অভাবাত্মক—অসৎ, এবং সম্বন্ধমাত্রই যখন উভয়নিষ্ঠ বা উভয়াপেক্ষিত, তখন ভাবী ঘটে সত্তাসম্বন্ধই (উৎপত্তিই) উপপন্ন হয় না। কেন না, তৎকালে যখন ঘটের অস্তিত্বই নাই, তখন সত্তার সহিত সম্বন্ধ হইবে কাহার? যে, অযুতসিদ্ধ পদার্থের (অর্থাৎ যে সমস্ত পদার্থ সংযোগ ভিন্ন অন্য সম্বন্ধে সম্বদ্ধ, যে সমস্ত পদার্থের সম্বন্ধে উৎপত্তি হয় না), তাহা হইলেও বলিব; না; তাহাও হইতে পারে না; কারণ, সৎ ও অসতের অযুতসিদ্ধত্বই হইতে পারে না (২)। যুতসিদ্ধতা বা অযুতসিদ্ধতা দুইটি ভাবপদার্থেরই হইতে পারে, কিন্তু ভাব ও অভাবের, অথবা দুইটী অভাবের হয় না। অতএব প্রমাণিত হইতেছে যে, উৎপত্তির পূর্ব্বেও জন্য পদার্থ সৎ—বিদ্যমানই থাকে।

এই জগৎ কিরূপ মৃত্যুকর্ত্তৃক আবৃত ছিল? এই আকাঙ্ক্ষায় [শ্রুতি] বলিতেছেন—"অশনায়য়া"। অশনায়া অর্থ—অশনের (ভোজনের) ইচ্ছা, তাহাই মৃত্যুর লক্ষণ বা স্বরূপ। তাদৃশ লক্ষণান্বিত মৃত্যুরূপী অশনায়াদ্বারা আবৃত ছিল। ভাল, এই অশনায়াই মৃত্যু কি প্রকারে? তদুত্তরে [শ্রুতি] বলিতেছেন—অশনায়াই প্রসিদ্ধ মৃত্যু। শ্রুতির "হি" পদটী অশনায়ার মৃত্যুরূপে প্রসিদ্ধি জ্ঞাপন করিতেছে।

---

(১) তাৎপর্য্য—অসৎকার্য্যবাদে ঘটের প্রাগভাবকে ঘট হইতে পৃথক্ পদার্থ বলিলেও তাহা অসৎ—অবস্তু হইল না, পরন্তু প্রকারান্তরে কারণরূপে সৎ বলিয়াই স্বীকার করিতে হইল; সুতরাং এ মতেও ফলতঃ সৎকার্য্যবাদই সিদ্ধ হইতেছে।

(২) তাৎপর্য্য—'যুতসিদ্ধ' ও 'অযুতসিদ্ধ' কথার অর্থ এইরূপ—যে সমস্ত পদার্থ পরস্পর সম্বন্ধ হইবার পূর্ব্বেও সিদ্ধ বা বর্ত্তমান থাকে, সে সমস্ত পদার্থকে বলে 'যুতসিদ্ধ', আর যে সমস্ত পদার্থ সম্বন্ধ-বিশেষ লাভের পূর্ব্বে অসিদ্ধ থাকে—বিদ্যমান থাকে না, সে সমস্ত পদার্থকে বলে 'অযুতসিদ্ধ'। যুতসিদ্ধের সম্বন্ধ—সংযোগ, আর অযুতসিদ্ধের সম্বন্ধ—সমবায়। উদাহরণ—যেমন একটী রাশি; 'রাশি' বলিলেই কতকগুলি বস্তুর একত্র সংযোগ মাত্র বুঝায়, কিন্তু সেই বস্তুগুলি ঐ সংযোগের পূর্ব্বেও সিদ্ধ ছিল; অতএব ঐ রাশিটী হইল যুতসিদ্ধ। আর দুইটী কপালের (ঘটাংশের) সমবায়ে যে ঘট উৎপন্ন হয়, তাহা অযুতসিদ্ধ; কারণ, এইরূপ সমবায়-সম্বন্ধের পূর্ব্বে ঘটের অস্তিত্বই ছিল না, সমবায়-সম্বন্ধই অবিদ্যমান ঘটের বিদ্যমানতা সাধন করিয়া দেয়। ইহা নৈয়ায়িকদিগের অভিমত কথা, বৈদান্তিকের সম্মত নহে।

কেন না, যে ব্যক্তি ভোজন করিতে ইচ্ছা করে—ক্ষুধার্ত্ত হয়, সে তাহার পরেই অপর প্রাণিগণকে বধ করিয়া থাকে ; সেইজন্যই মৃত্যুর লক্ষণ—অশনায়া ; এই অভিপ্রায়েই "অশনায়া হি" এই শ্রুতি প্রকাশ করিতেছে। বুদ্ধ্যাত্মার (বুদ্ধি-দর্পণে প্রতিবিম্বিত চিদাত্মার) ধর্ম্ম অশনায়া ; এই কারণে বুদ্ধি-সমষ্টিতে প্রতি-বিম্বিত চৈতন্যস্বরূপ হিরণ্যগর্ভকে এখানে মৃত্যু বলা হইতেছে। সেই হিরণ্য গর্ভরূপী মৃত্যু দ্বারা এই কার্য্য-জগৎ সমাবৃত ছিল ; পিণ্ডাবস্থ মৃত্তিকা দ্বারা যেরূপ তৎকার্য্য ঘট সমাবৃত থাকে, ঠিক সেইরূপ।

"তৎ মনঃ অকুরুত"—'তৎ'-পদে মনের নির্দ্দেশ হইয়াছে, 'তৎ'-পদটি মনের বিশেষণ। সেই মৃত্যু (হিরণ্যগর্ভ বক্ষ্যমাণ কার্য্য সৃষ্টির অভিলাষে কার্য্যপর্য্যালোচন-সমর্থ সেই মনের অর্থাৎ সঙ্কল্পবিকল্পাদিলক্ষণান্বিত মনঃশব্দবাচ্য অন্তঃকরণের সৃষ্টি করিয়াছিলেন। কি অভিপ্রায়ে মনের সৃষ্টি করিয়াছিলেন, তাহা বলিতেছেন—আমি আত্মন্বী—আত্মবান হইব, অর্থাৎ আমি এই আত্মশব্দবাচ্য মনঃ দ্বারা মনস্বী হইব, এই অভিপ্রায়ে [সৃষ্টি করিয়াছিলেন]।

সেই প্রজাপতি হিরণ্যগর্ভ অভিব্যক্ত মনের সাহায্যে সমনস্ক (অন্তঃকরণ-বিশিষ্ট হইয়া অর্চ্চনা করত, অর্থাৎ 'আমি কৃতার্থ হইয়াছি বলিয়া আপনাকেই পূজা করত তদুপযুক্ত ব্যবহার করিয়াছিলেন। প্রজাপতি আত্ম-পূজা করিতেছেন, এমন সময়ে তাঁহা হইতে পূজার অঙ্গভূত রসাত্মক জল প্রাদুর্ভূত হইল। অন্য শ্রুতিতে পঞ্চভূতোৎপত্তির কথা বর্ণিত থাকায়, এবং সৃষ্টির প্রণালীতে বিকল্প বা প্রকারভেদেরও সম্ভাবনা না থাকায়, এখানে বলিতে হইবে যে, অগ্রে আকাশ, বায়ু, তেজঃ,—এই ভূতত্রয়ের উৎপত্তি, তাহার পর জলের উৎপত্তি হইয়াছিল (১)। যেহেতু মৃত্যুরূপী প্রজাপতি মনে করিয়াছিলেন যে, পূজা করিতে করিতে আমার উদ্দেশে 'ক'—জল হইয়াছে, সেই হেতুই অর্কের—অশ্বমেধ যজ্ঞোপযোগী অগ্নির 'অর্কত্ব' অর্থাৎ অর্ক সংজ্ঞা হইয়াছে ; অগ্নির 'অর্ক' নামের ব্যুৎপত্তি বা যোগার্থ এইরূপ—যেহেতু অর্চ্চনা—সুখকর পূজা ও জলের সহিত সম্বন্ধ আছে, সেই হেতুই

---

(১) তাৎপর্য্য—তৈত্তিরীয় উপনিষদে "তস্মাদ্বা এতস্মাদাত্মন আকাশঃ সম্ভূতঃ, আকাশাদ্ বায়ুঃ, বায়োরগ্নিঃ, অগ্নেরাপঃ, অদ্ভ্যঃ পৃথিবী" এই শ্রুতিবাক্যে আকাশাদি পঞ্চভূতেরই উৎপত্তির কথা আছে ; সুতরাং এখানে প্রথমেই জলসৃষ্টির কথা থাকিলেও উহার পূর্ব্বে আকাশ, বায়ু ও তেজের উৎপত্তির কথা ধরিয়া লইতে হইবে।

অগ্নির গুণানুযায়ী নাম হইতেছে—'অর্ক' (১)। যে লোক অগ্নির যথোক্তপ্রকার অর্কত্ব অবগত হয়, সেই অর্কত্ববিদ্ লোকের নিশ্চয়ই 'ক' (সুখ) সম্পন্ন হয়। এখানে 'ক' অর্থে—সুখ ও জল উভয়ই বুঝা যাইতে পারে; কারণ, 'ক' নামটি উভয়েরই তুল্য। 'হ' ও 'বৈ' পদ দুইটীর অর্থ অবধারণ—নিশ্চয় করা॥ ৩॥ ১॥

আপো বা অর্কস্তদ্ যদপাং শর আসীৎ, তৎ সমহন্যত। সা পৃথিব্যভবৎ তস্যামশ্রাম্যৎ, তস্য শ্রান্তস্য তপ্তস্য তেজোরসো নিরবর্ত্ততাগ্নিঃ॥ ৪॥ ২॥

সরলার্থঃ—আপঃ (পূর্ব্বোক্তানি অর্চ্চনাঙ্গভূতানি জলানি) বৈ অর্কঃ (অর্কসংজ্ঞকাগ্নিহেতুত্বাৎ অর্কঃ); তৎ (তত্র) যৎ (যঃ) অপাং শরঃ (দধ্নীব মণ্ডভাবঃ) আসীৎ, তৎ (সঃ শরঃ) সমহন্যত (তেজঃসম্বন্ধাৎ কঠিনতাং প্রাপ), সা (সঃ কঠিনতাপন্নঃ শরঃ) পৃথিবী অভবৎ। তস্যাম্ (পৃথিব্যাম্ উৎপাদিতায়াম্, পৃথিবীসৃষ্ট্যনন্তরং) অশ্রাম্যৎ (শ্রমযুক্তঃ অভবৎ) [সঃ প্রজাপতিরিতি শেষঃ]। শ্রান্তস্য তপ্তস্য (তাপযুক্তস্য উষ্মযুক্তস্য) তস্য (প্রজাপতেঃ) তেজোরসঃ (রসঃ—সারঃ, সারভূতং তেজ এব) অগ্নিঃ (ব্রহ্মাণ্ডান্তর্গতো বিরাট্ পুরুষঃ, "স বৈ শরীরী প্রথমঃ স বৈ পুরুষ উচ্যতে" ইতি শ্রুত্যন্তরাৎ) নিরবর্ত্তত (জাতঃ)।

মূলানুবাদ—অর্চ্চনার অঙ্গভূত যে জল সৃষ্ট হইল, তাহাই অর্ক, [কারণ, উহাই অর্কসংজ্ঞক অগ্নির হেতু স্বরূপ]। তাহাতে যে, জলীয় শর অর্থাৎ দধির মণ্ডের ন্যায় শর—ঘনীভাব ছিল, তাহাই [উত্তাপ-সহযোগে] সংহতভাব বা কঠিনতা প্রাপ্ত হইল; তাহাই পৃথিবীরূপে পরিণত হইল। পৃথিবী-সৃষ্টির পর প্রজাপতির পরিশ্রম বোধ হইল, পরিশ্রমের ফলে প্রজাপতির শরীরে সন্তাপ বা উষ্মা উপস্থিত হইল; সেই সন্তপ্ত শরীর হইতে তেজের সারভূত অগ্নি প্রাদুর্ভূত হইল। [ভাষ্যকার এই অগ্নিকে প্রথমশরীরধারী ব্রহ্মাণ্ডান্তর্গত বিরাট্ পুরুষ বলিয়া নির্দ্দেশ করিয়াছেন]॥ ৪॥ ২॥

শাঙ্করভাষ্যম্।—আপো বা অর্কঃ। কঃ পুনরসৌ অর্কঃ? ইতি; উচ্যতে—আপো বা যা অর্চ্চনাঙ্গভূতাঃ, তা এবার্কঃ, অগ্নেরর্কস্য হেতুত্বাৎ,

(১) তাৎপর্য্য—'অর্ক' শব্দের ব্যুৎপত্তি এইরূপ—অর্চ্চনার 'অর' আর জলবাচক 'ক' এই উভয়ের সম্মিলনে 'অর+ক'='অর্ক' শব্দ নিষ্পন্ন হইয়াছে।

অপ্সু চাগ্নিঃ প্রতিষ্ঠিত ইতি; ন পুনঃ সাক্ষাদেবার্কস্তাঃ, তাসামপ্রকরণাৎ। অগ্নেশ্চ প্রকরণম্। বক্ষ্যতি চ "অয়মগ্নিরর্কঃ" ইতি। তৎ তত্র যৎ অপাং শর ইব শরো দধ্ন ইব মণ্ডভূতম্ আসীৎ, তৎ সমহন্যত সঙ্ঘাতমাপদ্যত তেজসা বাহ্যান্তঃপচ্যমানম্; লিঙ্গব্যত্যয়েন বা, যোঽপাং শরঃ, স সমহন্যতেতি। সা পৃথিব্যভবৎ, স সঙ্ঘাতঃ যেয়ং পৃথিবী, সা অভবৎ। তাভ্যঃ অদ্ভ্যঃ অণ্ডমভিনির্বৃত্তমিত্যর্থঃ। তস্যাং পৃথিব্যামুৎপাদিতায়াং স মৃত্যুঃ প্রজাপতিঃ অশ্রাম্যৎ শ্রমযুক্তো বভূব। সর্ব্বো হি লোকঃ কার্য্যং কৃত্বা শ্রাম্যতি; প্রজাপতেশ্চ তন্মহৎ কার্য্যম্, যৎ পৃথিবীসর্গঃ। কিং তস্য শ্রান্তস্য? ইতি; উচ্যতে—তস্য শ্রান্তস্য তপ্তস্য খিন্নস্য তেজোরসঃ, তেজ এব রসঃ, তেজোরসঃ, রসঃ—সারঃ, নিরবর্ত্তত প্রজাপতিশরীরাৎ নিষ্ক্রান্ত ইত্যর্থঃ। কোঽসৌ নিষ্ক্রান্তঃ? অগ্নিঃ সোঽণ্ডস্যান্তর্ব্বিরাট্ প্রজাপতিঃ প্রথমজঃ কার্য্যকরণসঙ্ঘাতবান্ জাতঃ; "স বৈ শরীরী প্রথমঃ" ইতি স্মরণাৎ ॥ ৪ ॥ ২ ॥

টীকা।—অপামর্কত্বশ্রবণান্নাগ্নেরর্কত্বমিতি শঙ্কতে—কঃ পুনরিতি। প্রকরণমাশ্রিত্য তাসামর্কত্বমৌপচারিকম্, ইত্যুত্তরমাহ—উচ্যত ইতি। তাসু অপ্সু হিরণ্ময়মণ্ডং সংবভূবেতি শ্রুতিমনুসরন্ উপচারে হেত্বন্তরমাহ—অপ্সু চেতি। মুখ্যমর্কত্বম্ [illegible] বারয়তি—ন পুনরিতি। ননু "শ্রুতিলিঙ্গবাক্যপ্রকরণস্থানসমাখ্যানাং সমবায়ে পারদৌর্ব্বল্যমর্থবিপ্রকর্ষাৎ" ইতিন্যায়াৎ প্রকরণাৎ "আপো বা অর্কঃ" ইতি বাক্যং বলবদিত্যাশঙ্ক্য বাক্যসহকৃতং প্রকরণমেব কেবলবাক্যাদ্ বলবদিত্যাশয়বানাহ—বক্ষ্যতি চেতি। ভূতান্তরসহিতাস্বপ্সু কারণভূতাসু পৃথিবীদ্বারা পার্থিবোঽগ্নিঃ প্রতিষ্ঠিত ইত্যুক্তম্, ইদানীং পৃথিবীসর্গং তাভ্যো দর্শয়তি—তদিত্যাদিনা। অপ্সু ভূতান্তরসহিতাস্বুৎপন্নাসু সতীষ্বিতি সপ্তম্যর্থঃ। শর ইব শর ইত্যুক্তমেব ব্যাচষ্টে—দধ্ন ইবেতি। সংঘাতে সহকারিকারণমাহ—তেজসেতি। যত্তদিতি পদে নপুংসকত্বেন শ্রুতে, কথং তয়োঃ শর-শব্দেন কারণস্থোচ্ছূনত্ববাচিনা পুংলিঙ্গেনান্বয়ঃ, তত্রাহ—লিঙ্গব্যত্যয়েনেতি। উক্তানুপপত্তিদ্যোতনার্থো বা-শব্দঃ। ব্যত্যয়েনান্বয়মেবাভিনয়তি—যোঽপামিতি। বাক্যতাৎপর্য্যমাহ—তাভ্য ইতি। স্থূলপ্রপঞ্চাত্মকবিরাজঃ সূক্ষ্মপ্রপঞ্চাত্মকসূত্রাদুৎপত্তিং বক্তুং পাতনিকামাহ—তস্যামিতি। উক্তেঽর্থে লোকপ্রসিদ্ধিমনুকূলয়তি—সর্ব্বো হীতি। ইদানীং বিরাডুৎপত্তিমুপদিশতি—কিং তস্যেত্যাদিনা। অগ্নিশব্দার্থং স্ফুটয়তি—সোঽণ্ডস্যেতি। তস্য প্রথমশরীরিত্বে মানমাহ—স বা ইতি ॥ ৪ ॥ ২ ॥

ভাষ্যানুবাদ।—"আপঃ বৈ অর্কঃ" ইত্যাদি। এই অর্ক পদার্থটী কে? তাহা বলা হইতেছে—অপ্ (জল), যাহা অর্চ্চনার অঙ্গরূপে প্রাদুর্ভূত হইয়াছিল, তাহাই এখানে অগ্নিরূপ অর্কের হেতু বলিয়া, এবং জলের মধ্যে অগ্নির অবস্থান হয় বলিয়াও অর্ক-পদবাচ্য; কিন্তু সাক্ষাৎ সম্বন্ধেই জল অর্ক-পদবাচ্য নহে। কেন না, ইহা জলের প্রকরণ বা প্রস্তাব নহে, অধিকন্তু অগ্নিরই প্রকরণ; [সুতরাং, এখানে অপ্রাকরণিক জল অর্করূপে গৃহীত হইতে পারে না।]

শ্রুতি নিজেও বলিবেন—'এই অগ্নিই অর্ক' ইতি। তাহাতে যে জলীয় শর—শরের ন্যায় মণ্ড, অর্থাৎ দধির মণ্ডের মত ঘনীভূত ভাব ছিল, তাহাই ভিতরে ও বাহিরে তেজঃসংযোগ বশতঃ পক্কতা প্রাপ্ত হইয়া [যেরূপ উত্তাপকৃত পাকের ফলে এখনও মৃত্তিকা প্রভৃতিকে ইষ্টকাদিরূপে পরিণত করা হইয়া থাকে, ঠিক সেইরূপ পাকের] দ্বারা সংঘাতরূপ প্রাপ্ত হইল, অর্থাৎ কঠিন হইল। [এখানে 'শর' শব্দটি পুংলিঙ্গ, তাহার বিশেষণ 'যৎ' পদটা ক্লীবলিঙ্গ থাকা অনুচিত হয়; এইজন্য বলিতেছেন—] অথবা, লিঙ্গপরিবর্ত্তন করিয়া অর্থাৎ ক্লীবলিঙ্গ 'যৎ' শব্দটীকে পুংলিঙ্গ করিয়া ('যৎ'কে 'যঃ' করিয়া) অর্থ করিতে হইবে, অর্থাৎ [সেই জলে] যে শর—ঘনীভাব, তাহাই সংঘাত প্রাপ্ত হইয়াছিল; এবং তাহাই পৃথিবী হইয়াছিল—সেই সংঘাতই—এই পৃথিবী—যাহা দৃষ্ট হইতেছে, সেই পৃথিবীরূপে পরিণত হইয়াছিল। অভিপ্রায় এই যে, সেই ঘনীভূত জল হইতে 'অণ্ড' (ব্রহ্মাণ্ড) উৎপন্ন হইল (১)। পৃথিবী উৎপন্ন হইলে পর, সেই মৃত্যুরূপী প্রজাপতি পরিশ্রান্ত হইয়াছিলেন। সমস্ত লোকই কার্য্য করিয়া শ্রমযুক্ত হয়, প্রজাপতিরও ইহা অতি মহৎ কার্য্য, যাহা পৃথিবী সৃষ্টি; [সুতরাং, তাঁহারও পরিশ্রম হওয়া সম্ভব।] প্রজাপতির সেই পরিশ্রমের ফল কি হইল, তাহা বলিতেছেন—প্রজাপতি শ্রান্ত—তাপাক্ত অর্থাৎ ক্লান্ত হইলে পর তাঁহার শরীর হইতে তেজোরস অর্থাৎ তেজের সার, রস অর্থসার (শ্রেষ্ঠ অংশ), অর্থাৎ সারভূত তেজই নির্গত হইল। এই নিষ্ক্রান্ত সার পদার্থটা কি? না, অগ্নি; অর্থাৎ অণ্ডের অভ্যন্তরস্থ বিরাট্সংজ্ঞক প্রথমজ দেহেন্দ্রিয়সম্পন্ন প্রজাপতি জন্মিলেন; কারণ স্মৃতিতে আছে,—'তিনিই প্রথম শরীরী—দেহেন্দ্রিয়াদিসম্পন্ন পুরুষ' ইত্যাদি ॥ ৪ ॥ ১ ॥

---

(১) তাৎপর্য্য—শ্রুতিতে সাধারণভাবে জলীয় ঘনীভাবের সংঘাতপ্রাপ্তির কথা থাকিলেও ভাষ্যকার স্মৃতিশাস্ত্রের সহিত সামঞ্জস্য রক্ষার জন্য সেই 'সংঘাত' শব্দের 'অণ্ড' অর্থ গ্রহণ করিলেন। মনুসংহিতায় আছে—"অপ এব সসর্জ্জাদৌ তাসু বীজমপাসৃজৎ। তদণ্ডমভবদ্ধৈমং সহস্রাংশুসমপ্রভম্। তস্মিন্ জজ্ঞে স্বয়ং ব্রহ্মা সর্ব্বলোকপিতামহঃ॥" ইত্যাদি। অর্থাৎ প্রজাপতি প্রথমে জল সৃষ্টি করিয়া তাহাতে সৃষ্টির অনুকূল কর্ম্মবীজ সন্নিবেশিত করিলেন, তাহার পর সেই জলের মধ্যে একটা জ্যোতির্ম্ময় হিরণ্ময় অণ্ড সমুৎপন্ন হইল, তাহার মধ্য হইতে সর্ব্বলোকপিতামহ ব্রহ্মা আবির্ভূত হইলেন। সর্ব্বপ্রথম দেহেন্দ্রিয়াদি অবয়বসম্পন্ন শরীর তাঁহারই হইয়াছিল, তৎপূর্ব্বে আর কাহারও ঐরূপ স্থূল শরীর ছিল না; এই জন্য পুনশ্চ বিশেষ করিয়া বলিয়াছেন যে, 'স বৈ শরীরী প্রথমঃ স বৈ পুরুষ উচ্যতে। আদিকর্ত্তা স ভূতানাং ব্রহ্মাগ্রে সমবর্ত্তত,' অর্থাৎ তিনিই

স ত্রেধাত্মানং ব্যকুরুতাদিত্যং তৃতীয়ং বায়ুং তৃতীয়ং স এব প্রাণস্ত্রেধা বিহিতঃ, তস্য প্রাচী দিক্ শিরোঽসৌ চাসৌ চের্ম্মৌ। অথাস্য প্রতীচী দিক্ পুচ্ছমসৌ চাসৌ চ সক্থ্যৌ, দক্ষিণা চোদীচী চ পার্শ্বে, দ্যৌঃ পৃষ্ঠমন্তরিক্ষমুদরমিয়মুরঃ; স এষোঽপ্সু প্রতিষ্ঠিতো যত্র ক্ক চৈতি, তদেব প্রতিতিষ্ঠত্যেবং বিদ্বান্॥ ৫॥ ৩॥

সরলার্থঃ।—স ইতি। সঃ (প্রথমজঃ প্রজাপতিঃ) আত্মানং ত্রেধা (ত্রিপ্রকারেণ)—আদিত্যং (সূর্য্যং) তৃতীয়ং (অগ্নিবায়্বপেক্ষয়া ত্রয়াণাং পূরণং) [তথা] বায়ুং তৃতীয়ং (অগ্ন্যাদিত্যাপেক্ষয়া ত্রয়াণাং পূরণং) ব্যকুরুত (স্বমেব আত্মানং অগ্নি-সূর্য্য-বায়ুরূপেণ বিভক্তং কৃতবানিত্যর্থঃ) [অত্র বায়্বাদিত্যাপেক্ষয়া অগ্নিরপি তৃতীয়ো দ্রষ্টব্যঃ।] সঃ (পূর্ব্বোক্তঃ) এবঃ প্রাণঃ (প্রজাপতিঃ) ত্রেধা (অগ্ন্যাদিত্যবায়ুরূপেণ) বিহিতঃ (বিভক্তঃ বভূব)। ইদানীমেতদ্বিষয়ে দর্শনমুচ্যতে—। তস্য (প্রথমজস্য অগ্নেঃ) প্রাচী (পূর্ব্বা) দিক্ শিরঃ (মস্তকং, শ্রেষ্ঠত্বাৎ); অসৌ চ (ঐশানী দিক্), অসৌ চ (আগ্নেয়ী দিক্ চ) ঈর্ম্মৌ (বাহূ)। অথ অস্য (অগ্নেঃ) প্রতীচী (পশ্চিমা দিক্) পুচ্ছম্; অসৌ চ (বায়বী দিক্) অসৌ চ নৈঋতী দিক্) সক্থ্যৌ (সক্থিনী—পৃষ্ঠকোণাস্থিদ্বয়ম্); দক্ষিণা চ উদীচী চ (দিক্) পার্শ্বে; দ্যৌঃ (দ্যুলোকঃ) পৃষ্ঠম্; অন্তরিক্ষম্ উদরম্; ইয়ং (পৃথিবী) উরঃ (বক্ষঃ)। সঃ এবঃ (প্রজাপতিরূপঃ অগ্নিঃ) অপ্সু (জলেষু) প্রতিষ্ঠিতঃ (অবস্থিতঃ বভূব)। এবং (যথোক্তম্ অগ্নেরপ্প্রতিষ্ঠত্বং) বিদ্বান্ (জানন্ জনঃ) যত্র ক্ক চ (যস্মিন্ কস্মিংশ্চিৎ স্থানে) এতি (গচ্ছতি), তৎ (তস্মিন্ এব স্থানে) প্রতিতিষ্ঠতি (প্রতিষ্ঠাং—স্থিতিং লভতে ইত্যর্থঃ)। অশ্বমেধোপযোগিনাং দ্রব্যাণাং পবিত্রতাপ্রদর্শনার্থমেব জন্মাদিকথনম্, ন তু তত্র শ্রুতেস্তাৎপর্য্যমিতি স্মর্ত্তব্যম্।

মূলানুবাদ—সেই প্রথমজ প্রজাপতি নিজেই আপনাকে তিন ভাগে—[অগ্নি] আদিত্য ও বায়ুরূপে বিভক্ত করিলেন। সেই প্রাণসংজ্ঞক প্রজাপতি এইরূপে ত্রিবিধ ভাবাপন্ন হইলেন। পূর্ব্বদিক্ তাঁহার মস্তক;

প্রথম শরীরী পুরুষ, এবং তিনিই সর্ব্বভূতের আদিকর্ত্তা ব্রহ্মা সর্ব্বপ্রথমে জন্মগ্রহণ করেন। এই অভিপ্রায়ই ব্যক্ত করিবার জন্য ভাষ্যকার শ্রুতির 'অগ্নি' অর্থে ব্রহ্মাণ্ডান্তর্গত—প্রথম শরীরী বিরাটপুরুষ গ্রহণ করিয়াছেন।

এবং ঈশান কোণ ও অগ্নি কোণ তাঁহার বাহুদ্বয়; পশ্চিম দিক্ তাঁহার পুচ্ছ; এবং বায়ু কোণ ও অগ্নি কোণ তাঁহার ঊরুদ্বয়; দক্ষিণ ও উত্তর-দিক্ তাঁহার দুই পার্শ্ব; দ্যুলোক তাঁহার পৃষ্ঠ; অন্তরিক্ষ (আকাশ) তাঁহার উদর, এবং এই পৃথিবী তাঁহার বক্ষঃ। সেই এই অগ্নি, জলের মধ্যে প্রতিষ্ঠিত বা অবস্থিত আছেন। যে ব্যক্তি অগ্নির এই জলে অবস্থিতি জানেন, তিনি যে কোন স্থানে গমন করেন, সেখানেই প্রতিষ্ঠা লাভ করিয়া থাকেন ॥ ৫ ॥ ৩ ॥

শাঙ্কর-ভাষ্যম্‌। স চ জাতঃ প্রজাপতিঃ ত্রেধা ত্রিপ্রকারমাত্মানং স্বয়মেব কার্য্যকরণসঙ্ঘাতং ব্যকুরুত বাভজদিত্যেতৎ। কথং ত্রেধেত্যাহ— আদিত্যং তৃতীয়ম্ অগ্নিবায়্বপেক্ষয়া ত্রয়াণাং পূরণম, অকুরুতেত্যনুবর্ত্ততে। তথা অগ্ন্যাদিত্যাপেক্ষয়া বায়ুং তৃতীয়ম্। তথা বায়্বাদিত্যাপেক্ষয়া অগ্নিং তৃতীয়মিতি দ্রষ্টব্যম্; সামর্থ্যস্য তুল্যত্বাৎ ত্রয়াণাং সংখ্যাপূরণত্বে। স এষ প্রাণঃ সর্ব্বভূতানামাত্মাপি অগ্নিবায়্বাদিত্যরূপেণ বিশেষতঃ স্বেনৈব মৃত্য্বাত্মনা ত্রেধা বিহিতঃ বিভক্তঃ, ন বিরাট্‌স্বরূপোপমর্দ্দনেন।

তস্যাস্য প্রথমজস্যাগ্নেঃ অশ্বমেধোপযোগিকস্যার্কস্য বিরাজশ্চিত্যাত্মকস্য অশ্বস্যেব দর্শনমুচ্যতে। সর্ব্বা হি পূর্ব্বোক্তোৎপত্তিরস্য স্তুত্যর্থেত্যবোচাম— ইত্থমসৌ শুদ্ধজন্মেতি। তস্য প্রাচী দিক্ শিরঃ বিশিষ্টত্বসামান্যাৎ। অসৌ চাসৌ চ ঐশান্যাগ্নেয্যৌ ঈর্ম্মৌ বাহূ; ঈরয়তের্গতিকর্ম্মণঃ।

অথ অস্যাগ্নেঃ, প্রতীচী দিক্ পুচ্ছং জঘন্যো ভাগঃ, প্রাঙ্মুখস্য প্রত্যগ্দিক্‌-সম্বন্ধাৎ। অসৌ চাসৌ চ বায়ব্য-নৈঋর্ত্যৌ সক্‌থ্যৌ সক্‌থিনী, পৃষ্ঠকোণত্বসামান্যাৎ। দক্ষিণা চ উদীচী চ পার্শ্বে, উভয়দিক্-সম্বন্ধ-সামান্যাৎ। দ্যৌঃ পৃষ্ঠমন্তরিক্ষমুদরমিতি পূর্ব্ববৎ। ইয়ম্ উরঃ, অধোভাগসামান্যাৎ। স এষঃ অগ্নিঃ প্রজাপতিরূপো লোকাত্মাত্মকোঽগ্নিঃ অপ্সু প্রতিষ্ঠিতঃ, "এবমিমে লোকা অপ্‌স্বন্তঃ" ইতি শ্রুতেঃ। যত্র ক্ব চ যস্মিন্ কস্মিংশ্চিৎ এতি গচ্ছতি, তদেব তত্রৈব প্রতিতিষ্ঠতি স্থিতিং লভতে। কোঽসৌ? এবং যথোক্তমপ্সু প্রতিষ্ঠিতত্বম্ অগ্নের্ব্বিদ্বান্ বিজানন্, গুণফলমেতৎ ॥ ৫ ॥ ৩ ॥

টীকা। বিরাজো ধ্যানার্থমবচ্ছেদভেদমাহ—স চেতি। কোঽস্য ত্রেধাভাবস্য কর্ত্তেতি বীক্ষায়ামাহ—স্বয়মেবেতি। কথমেকস্য ত্রিধাত্বমন্যথা কথমেকত্বমিত্যাহ—কথমিতি। মৃদো ঘটশরাবাদ্যনেকরূপত্ববদ্ বিরাজো বহুরূপত্বং সাধয়তি—আদিত্যাদিনা। কথমগ্নিং তৃতীয়মিত্যশ্রুতং

কল্প্যতে, তত্রাহ—সামর্থ্যস্যেতি। বাঘ্বাদিত্যয়োরিবাগ্নেরপি সংখ্যাপূরণত্বশক্তেরবিশিষ্টত্বাৎ অগ্নিং তৃতীয়মকরুতেত্যুপসংখ্যায়তে, স ত্রেধা আত্মানমিতি চোপক্রমাদিত্যর্থঃ। নন্বু কিময়ং ত্রেধাভাবো বিরাট্‌স্বরূপোপমর্দ্দেন ক্রিয়তে, ন হি স তস্মিন্ সত্যেব যুক্তো বিরোধাদিত্যাহ—স এষ ইতি। যথা তন্তুবস্ত্বানুপমর্দ্দনেন মূলকারণাৎ পটো জায়তে, তথা সর্ব্বেষাং ভূতানাং প্রাণতয়া সাধারণোঽপ্যয়ং স্বেনৈব স্বতন্ত্রেণানুগতেন মৃত্যুরূপেণ ত্রেধাবিভাগস্য কর্ত্তা। ন চৈকস্য বহুরূপত্ব-বিরোধঃ, মায়াবিবদুপপত্তেরিত্যর্থঃ।

তস্য প্রাচীত্যাদেস্তাৎপর্য্যমাহ—তস্যেতি। উক্তানি বিশেষণানি প্রকরণাবিচ্ছেদার্থমনূদ্যন্তে। অগ্নিবিষয়ং দর্শনমিদানীমুচ্যতে চেৎ, নৈবেহেত্যাদি পূর্ব্বোক্তমনর্থকমিত্যাশঙ্ক্যাহ—সর্ব্বা ইতি। স্তুতিমেবাভিনয়তি—ইত্থমিতি। কল্পাঙ্গস্যাগ্নেঃ সংস্কর্ত্তব্যত্বাৎ চিত্যাগ্নিশিরসি প্রাচীদৃষ্টিঃ কর্ত্তব্যেত্যাহ—তস্যেতি। আরোপে সাদৃশ্যমাহ—বিশিষ্টত্বেতি। শিরসঃ অনন্তরভাবিত্বাৎ। তদ্বাহ্বোরৈশান্যাদিদৃষ্টিমাহ—অসৌ চেতি। কথমীর্ম্মশব্দো বাহুবাচীত্যাশঙ্ক্য তদুৎপত্তিমাহ—ঈরয়তেরিতি। গত্যর্থযোগাদীর্ম্মশব্দো বাহুমধিকরোতীত্যর্থঃ।

তৎপুচ্ছাদিষু প্রতীচ্যাদিদৃষ্টিরধ্যস্যতি—অথেত্যাদিনা। চিত্যস্যাগ্নেঃ শিরসি বাহ্বোঃ প্রাচ্যাদিদৃষ্টিকরণানন্তরমিত্যর্থঃ। সক্থি-পদং পৃষ্ঠনিষ্ঠোন্নতাস্থিদ্বয়বিষয়ম্। উভয়শব্দেন প্রাচী-প্রতীচীদ্বয়ং গৃহ্যতে। উরসি পৃথিবীদৃষ্টিমাহ—ইয়মিতি। উপাস্যমগ্নিমুক্তমনুবদতি—স এষ ইতি। তস্য উপাদানার্থমেবাপ্সু প্রতিষ্ঠিতত্বং গুণমুপদিশতি অগ্নিরিতি। ভূতান্তরসহিতা-নামপাং সর্ব্বলোককারণত্বাদ্ অশেষলোকাত্মকোঽগ্নিস্তত্র প্রতিষ্ঠিত সম্ভবতীত্যত্র শ্রুত্যন্তরং সংবাদয়তি—এবমিতি। যথৈতেষু লোকেষু সর্ব্বং কার্য্যং প্রতিষ্ঠিতং, তথেতি যাবৎ। লোকশব্দেন স্থূলানাং ভূতানাং সন্নিবেশবিশেষা গৃহ্যন্তে। অপসু ভূতান্তরসহিতাসু কারণভূতাস্বিতি যাবৎ। ফলশ্রুতিং ব্যাচষ্টে—যত্রেতি। অথোপাস্তিফলম্ অপ পুনর্ম্মৃত্যুং জয়তি ইত্যাদিনা বক্ষ্যতে। কিমিদমস্থানে ফলসঙ্কীর্ত্তনমত আহ—গুণেতি॥ ৫॥ ৩॥

ভাষ্যানুবাদ।—সেই প্রথমজ [বিরাট্‌রূপ] প্রজাপতি আপনাকে—স্বীয় দেহেন্দ্রিয়-সমষ্টিকেই ত্রেধা করিয়াছিলেন, অর্থাৎ তিন প্রকারে বিভক্ত করিয়াছিলেন। কি কি প্রকারে, তাহাই বলিতেছেন—আদিত্য তৃতীয়, অর্থাৎ অগ্নি ও বায়ু অপেক্ষা তিনের পূরণ। এখানেও 'অকুরুত' ক্রিয়ার অনুবর্ত্তন হইতেছে। সেইরূপ, অগ্নিও আদিত্য অপেক্ষায় তৃতীয় বায়ু; এইরূপ বায়ুও আদিত্য অপেক্ষা তৃতীয় অগ্নির দৃষ্টিও বুঝিতে হইবে; কেন না, ত্রিত্বসংখ্যা পূরণে ইহারও তুল্য অপেক্ষা রহিয়াছে। সেই এই প্রাণ সর্ব্বভূতের আত্মস্বরূপ হইয়াও নিজ 'মৃত্যু'রূপী আত্মার কর্ত্তৃত্বে আবার বিশেষভাবে অগ্নি, বায়ু ও আদিত্যরূপে ত্রিধা বিহিত হইলেন, অর্থাৎ স্বীয় অখণ্ড বিরাট্ স্বরূপটী বিদলিত না করিয়াই তিন ভাগে বিভক্ত হইলেন।

সেই যে, এই অশ্বমেধ-যজ্ঞোপযোগী বিরাট্‌রূপী অর্কনামক প্রজাপতি অগ্নি,

তাঁহার সম্বন্ধেও, পূর্ব্বোক্ত জ্ঞানাত্মক অশ্বের ন্যায়, দর্শন বা উপাসনা কথিত হইতেছে। পূর্ব্বেই বলা হইয়াছে যে, পূর্ব্বোক্ত উৎপত্তির সমস্ত কথাই ইহার স্তুতির জন্য, অর্থাৎ কেবলই ইহার জন্মগত বিশুদ্ধি খ্যাপনের জন্য। পূর্ব্ব দিক্ তাহার মস্তক; কারণ, উভয়েরই শ্রেষ্ঠত্ব ধর্ম্ম সমান। 'এই—এই' দিক্, অর্থাৎ ঈশান ও অগ্নি কোণ ইহার দুইটী ঈর্ম, অর্থাৎ বাহুদ্বয়। ঈর্ম পদটী গত্যর্থক ঈরি ধাতু হইতে নিষ্পন্ন হইয়াছে।

তাহার পর, পশ্চিম দিক্ হইতেছে এই অগ্নির পুচ্ছ অর্থাৎ পশ্চাদ্ভাগ; কেন না, পূর্ব্বাভিমুখে স্থিত ব্যক্তির পশ্চাদ্ভাগের সহিতই পশ্চিম দিকের সম্বন্ধ হইয়া থাকে। আর 'এই—এই' দিক্ অর্থাৎ বায়ু ও নৈর্ঋত কোণ ইহার সক্থি-দ্বয় (পুচ্ছের পার্শ্ববর্ত্তী অস্থিদ্বয়); কারণ, পুচ্ছকোণের সহিত ইহার সাদৃশ্য রহিয়াছে। দক্ষিণ ও উত্তর দিক্ ইহার পার্শ্বদ্বয়; কারণ, উভয় দিকের সহিত ইহার সম্বন্ধগত সাম্য আছে। দ্যুলোক ইহার পৃষ্ঠ; অন্তরিক্ষ (আকাশ) ইহার উদর; এখানেও পূর্ব্বোক্ত অশ্বদৃষ্টির ন্যায় সাদৃশ্য বুঝিতে হইবে। এই অর্থাৎ পৃথিবী ইহার বক্ষঃস্থল; কারণ, ইহারও অধোভাগস্বরূপ সাদৃশ্য রহিয়াছে।

সেই এই অগ্নি—সর্ব্বলোকাত্মক প্রজাপতিরূপ অগ্নি জলের মধ্যে অবস্থিত; কারণ, অন্য শ্রুতিতে আছে—'এই প্রকারে এই সমস্ত জগৎ জলের মধ্যে প্রতিষ্ঠিত আছে'। যে লোক এই অগ্নির যথোক্তপ্রকার জলপ্রতিষ্ঠিতত্ব জানেন, তিনি যে কোনও স্থানে গমন করেন, তিনি সেখানেই প্রতিষ্ঠা লাভ করেন। ইহা হইতেছে উপাসনার গুণফল আনুষঙ্গিক ফল মাত্র; ইহার প্রকৃত ফল হইতেছে চিত্তশুদ্ধি ॥ ৫ ॥ ৩ ॥

সোঽকাময়ত দ্বিতীয়ো ম আত্মা জায়েতেতি; স মনসা বাচং মিথুনং সমভবৎ, অশনায়া মৃত্যুস্তদ্যদ্ রেত আসীৎ, স সংবৎসরোঽভবৎ। ন হ পুরা ততঃ সংবৎসর আস, তমেতাবন্তং কালমবিভঃ। যাবান্ সংবৎসরস্তমেতাবতঃ কালস্য পরস্তাদসৃজত। তং জাতমভিব্যাদদাৎ, স ভাণকরোৎ, সৈব বাগভবৎ ॥ ৬ ॥ ৪ ॥

সরলার্থঃ।—সঃ (অবাদিক্রমেণ স্রষ্টা মৃত্যুঃ) অকাময়ত (কামনাং কৃতবান্)—মে (মম) দ্বিতীয়ঃ আত্মা (শরীরং) জায়েত (জায়তাম্) ইতি। সঃ অশনায়া (তদুপলক্ষিতঃ) মৃত্যুঃ [এবমিচ্ছন্] মনসা (অন্তঃকরণেন) বাচং

(বাণীং বেদরূপাং) মিথুনং (অন্যোন্যসংযোগলক্ষণং) সমভবৎ (সম্ভবনং কৃতবান্—মনসা বেদার্থমালোচিতবান্)। তৎ (তত্র—মিথুনে) যৎ রেতঃ (বীজং) আসীৎ (বেদার্থ-পর্য্যালোচনয়া প্রথমশরীরিণঃ প্রজাপতেঃ সমুৎপত্ত্যনুকূলং জ্ঞানকর্ম্ম-সংস্কাররূপং যৎ কারণং দৃষ্টমাসীৎ), সঃ (তৎ রেতঃ) সংবৎসরঃ অভবৎ, ততঃ (তস্মাৎ সংবৎসরাখ্য-প্রজাপতেঃ) পুরা (উৎপত্তেঃ পূর্ব্বং) সংবৎসরঃ (দ্বাদশমাসাত্মকঃ কালঃ) ন হ (নৈব) আস (আসীৎ)। তং (সংবৎসরনির্ম্মাতারং প্রজাপতিং) এতাবন্তং (সংবৎসরপরিমিতং) কালং [ব্যাপ্য] অবিভঃ (অণ্ডগর্ভে ধৃতবান্), যাবান্ (যৎপরিমাণঃ) সংবৎসরঃ (লোকপ্রসিদ্ধঃ, এতাবন্তং কালমিতি সম্বন্ধঃ)। এতাবতঃ (সংবৎসরাত্মকস্য) কালস্য (কল্পস্য) পরস্তাৎ (পশ্চাৎ) তদ্ (অণ্ডমধ্যস্থম্) অসৃজত (অণ্ডং বিদারিতবান্) [মৃত্যুরিতি শেষঃ]। তং জাতং (প্রজাপতিং) অভিব্যাদদাৎ (ভোজনার্থং মুখব্যাদানং কৃতবান্); সঃ (জাতঃ) ভাণ্ (ইতি অব্যক্তং শব্দং) অকরোৎ (কৃতবান্), সা এব (স এব) বাক্ (শব্দঃ) অভবৎ, [ততঃ পূর্ব্বং শব্দো নাসীদিতি ভাবঃ]॥

মূলানুবাদ। জলাদি-স্রষ্টা সেই অশনায়া-লক্ষণান্বিত মৃত্যু ইচ্ছা করিলেন—আমার দ্বিতীয় একটি আত্মা (শরীর) উৎপন্ন হউক। [অনন্তর] তিনি মনের সহিত বাক্যের সংযোজনা করিলেন, (অর্থাৎ মনে মনে বেদবাক্য চিন্তা করিলেন।) তাহার মধ্যে যে বীজশক্তি নিহিত ছিল, অর্থাৎ তাদৃশ বেদ-চিন্তার ফলে, প্রথমোৎপন্ন পুরুষ প্রজাপতি স্বকার্য্যোপযোগী যে, প্রাক্তন জ্ঞান-কর্ম্মসংস্কার-বীজ দর্শন করিয়াছিলেন, তাহাই সংবৎসর হইল ; তৎপূর্ব্বে সংবৎসর বলিয়া কোন কালবিভাগ ছিল না। জগতে যাহা সংবৎসর বলিয়া প্রসিদ্ধ, [তিনি] প্রজাপতিকে অণ্ডের অভ্যন্তরে ততকাল ধারণ করিয়াছিলেন। এই পরিমাণ কালের (সংবৎসরের) পরে তাহাকে সৃষ্টি করিলেন ; অর্থাৎ এক বৎসরান্তে সেই অণ্ডটী বিদীর্ণ করিলেন ; [এবং] জন্মের পর তিনি তাহাকে ভক্ষণ করিবার নিমিত্ত মুখব্যাদান করিলেন। সেই নবজাত পুরুষ [ভয়ে] 'ভাণ্' শব্দ করিলেন, তাহাই জগতে প্রথম 'শব্দ' হইল ॥ ৬ ॥ ৪ ॥

শাঙ্কর-ভাষ্যম্। সোঽকাময়ত—যোঽসৌ মৃত্যুঃ ; সঃ অবাদিক্রমেণ আত্মনা আত্মানমণ্ডস্যান্তঃ কার্য্য-করণসঙ্ঘাতবন্তং বিরাজমগ্নিম্ অসৃজত, ত্রেধা চাত্মানমকুরুতেত্যুক্তম্। স কিংব্যাপারঃ সন্ অসৃজতেতি ? উচ্যতে—স

মৃত্যুঃ অকাময়ত কামিতবান্‌। কিম্‌? দ্বিতীয়ো মে মম আত্মা শরীরম্‌, যেনাহং শরীরী স্যাম্‌, স জায়েত উৎপদ্যেত, ইতি এবমেতদ্‌ অকাময়ত। স এবং কাময়িত্বা, মনসা পূর্ব্বোৎপন্নেন, বাচং ত্রয়ীলক্ষণাং, মিথুনং দ্বন্দ্বভাবম্‌, সমভবৎ সম্ভবনং কৃতবান্‌, মনসা ত্রয়ীমালোচিতবান্‌; ত্রয়ীবিহিতং সৃষ্টিক্রমং মনসা অন্বালোচয়দিত্যর্থঃ। কোঽসৌ? অশনায়য়া লক্ষিতো মৃত্যুঃ; অশনায়া মৃত্যুরিত্যুক্তম্‌; তমেব পরামৃশতি অন্যত্র প্রসঙ্গো মা ভূদিতি।

তদ্‌ যদ্রেত আসীৎ,—তৎ তত্র মিথুনে যৎ রেত আসীৎ—প্রথমশরীরিণঃ প্রজাপতেরুৎপত্তৌ কারণং রেতো বীজং জ্ঞান-কর্ম্মরূপং ত্রয্যালোচনায়াং যৎ দৃষ্টবানাসীৎ জন্মান্তরকৃতম্‌, তদ্ভাবভাবিতোঽপঃ সৃষ্ট্বা তেন রেতসা বীজেনাপ্সু অনুপ্রবিশ্য অণ্ডরূপেণ গর্ভীভূতঃ সঃ সংবৎসরোঽভবৎ, সংবৎসর-কালনির্ম্মাতা সংবৎসরঃ প্রজাপতিরভবৎ। ন হ পুরা পূর্ব্বং, ততঃ তস্মাৎ সংবৎসরকালনির্ম্মাতুঃ প্রজাপতেঃ, সংবৎসরঃ কালো নাম, ন আস ন বভূব হ। তং সংবৎসরকালনির্ম্মাতারম্‌ অন্তর্গর্ভং প্রজাপতিম্‌, যাবানিহ প্রসিদ্ধঃ কালঃ, এতাবন্তম্‌ এতাবৎ-সংবৎসরপরিমাণং কালম্‌, অবিভঃ ভৃতবান্‌ মৃত্যুঃ, যাবান্‌ সংবৎসর ইহ প্রসিদ্ধঃ। ততঃ পরস্তাৎ কিং কৃতবান্‌? তম্‌ এতাবতঃ কালস্য সংবৎসরমাত্রস্য পরস্তাদূর্দ্ধম্‌ অসৃজত সৃষ্টবান্‌, অণ্ডম্‌ অভিনৎ ইত্যর্থঃ। তমেবং কুমারং জাতমগ্নিং প্রথমশরীরিণম্‌, অশনায়াবত্ত্বাৎ মৃত্যুঃ অভিব্যাদদাৎ মুখবিদারণং কৃতবান্‌ অত্তুম্‌। স চ কুমারো ভীতঃ স্বাভাবিক্যা অবিদ্যয়া যুক্তো ভাণিতোবং শব্দমকরোৎ। সৈব বাগভবৎ, বাক্‌ শব্দোঽভবৎ॥ ১।৪॥

টীকা। উত্তরগ্রন্থম্‌ অবতার্য্য তস্য পূর্ব্বগ্রন্থেন সম্বন্ধং বক্তুং বৃত্তং কীর্ত্তয়তি—সোঽকাময়তেত্যাদিনা। অবান্তরব্যাপারমন্তরেণ কর্ত্তৃত্বানুপপত্তিরিতি মত্বা পৃচ্ছতি—স কিংব্যাপার ইতি। কামনাদিরূপমবান্তরব্যাপারম্‌ উত্তরবাক্যাবষ্টম্ভেন দর্শয়তি—উচ্যত ইতি। কামনাকার্য্যং মনঃ-সংযোগমুপন্যস্যতি—স এবমিতি। কোঽয়ং মনসা সহ বাচো দ্বন্দ্বভাবঃ, তত্রাহ—মনসেতি। বাক্যার্থমেব স্ফুটয়তি—ত্রয়ীবিহিতমিতি। বেদোক্তসৃষ্টিক্রমালোচনং প্রজাপতের্নেদং প্রথমং, সংসারস্য অনাদিত্বাদিতি বক্তুম্‌ অনু-শব্দঃ। 'সোঽকাময়ত' ইত্যাদৌ সর্ব্বনাম্নঃ অব্যবহিত-বিরাড়্‌বিষয়ত্বমাশঙ্ক্য পরিহরতি—কোঽসাবিত্যাদিনা। কথং তয়া মৃত্যুর্লক্ষ্যতে, তত্রাহ—অশনায়েতি। কিমিতি তর্হি পুনরুক্তিরিত্যাশঙ্ক্যাহ—তমেবেতি। অন্যত্রানন্তরপ্রকৃতে বিরাড়াত্মনীতি যাবৎ।

অবান্তরব্যাপারান্তরমাহ—তদিত্যাদিনা। প্রসিদ্ধং রেতো ব্যাবর্ত্তয়তি—জ্ঞানেতি। ননু প্রজাপতের্ন জ্ঞানং কর্ম্ম বা সম্ভবতি, তত্রানধিকারাদিত্যাশঙ্ক্য আসীদিত্যস্যার্থমাহ—জন্মান্তরেতি। বাক্যস্যাপেক্ষিতং পূরয়িত্বা বাক্যান্তরমাদায় ব্যাকরোতি—তদ্ভাবেত্যাদিনা।

নন্থ সংবৎসরস্ত প্রাগেব সিদ্ধত্বান্ন প্রজাপতেস্তন্নির্ম্মাণেন তদাত্মত্বমিত্যাশঙ্ক্যোত্তরং বাক্যমুপাদত্তে—ন হ পুরেতি। তদ্ ব্যাচষ্টে—পূর্ব্বমিতি। প্রজাপতেরাদিত্যাত্মকত্বাৎ তদধীনত্বাচ্চ সংবৎসর-ব্যবহারস্ত, আদিত্যাৎ পূর্ব্বং তদ্ব্যবহারো নাসীদেবেত্যর্থঃ। কিয়ন্তং কালমণ্ডরূপেণ গর্ভো বভূবেত্যপেক্ষায়ামাহ—তমিত্যাদিনা। অবান্তরব্যাপারম্ অনেকবিধমভিধায় বিরাড়ুৎপত্তি-মাকাঙ্ক্ষাদ্বারোপসংহরতি—যাবানিত্যাদিনা। কেয়ং পূর্ব্বমেব ? ভত্বয়া বিদ্যমানস্ত বিরাজঃ সৃষ্টিঃ ? তত্রাহ—অণ্ডমিতি। বিরাড়ুৎপত্তিম্ উক্ত্বা শব্দমাত্রস্ত সৃষ্টিং বিবক্ষুর্ভূমিকাং করোতি—তমেবমিতি। অযোগোঽপি পুত্রভক্ষণে প্রবর্ত্তকং দর্শয়তি—অশনায়াবত্বাদিতি। বিরাজো ভয়-কারণমাহ—স্বাভাবিকেতি। ইন্দ্রিয়ং দেবতাং চ ব্যাবর্ত্তয়তি—বাক্ শব্দ ইতি ॥ ৬ ॥ ৪ ॥

ভাষ্যানুবাদ।—তিনি কামনা (ইচ্ছা) করিয়াছিলেন; তিনি অর্থাৎ যিনি পূর্ব্বোক্ত মৃত্যু। তিনি নিজেই নিজকে জলাদিক্রমে অণ্ডমধ্যে দেহেন্দ্রি-য়াদিবিশিষ্ট বিরাট্সংজ্ঞক অগ্নিরূপে সৃষ্টি করিয়াছিলেন; এবং আপনাকে তিন ভাগে বিভক্ত করিয়াছিলেন, এ কথা পূর্ব্বেই বলা হইয়াছে। তিনি যে, কি প্রকার চেষ্টায় সৃষ্টি করিয়াছিলেন, এখন তাহাই কথিত হইতেছে—সেই মৃত্যু কামনা করিয়াছিলেন, অর্থাৎ ইচ্ছা করিয়াছিলেন। কি [ইচ্ছা করিয়াছিলেন] ? আমার দ্বিতীয় একটি আত্মা—শরীর হউক; আমি যাহা দ্বারা শরীরবান্ হইতে পারি, সেরূপ একটি শরীর উৎপন্ন হউক, এইরূপ কামনা করিয়াছিলেন। তিনি এইরূপ কামনা করিয়া পূর্ব্বোৎপন্ন মনের সহিত বাক্যের—ঋক্, যজুঃ, সাম ও অথর্ব্ব বেদরূপ বাণীর মিথুন—দ্বন্দ্বভাব (সংযোগ) ঘটাইয়াছিলেন,—মনে মনে বেদচিন্তা করিয়াছিলেন, অর্থাৎ বেদোক্ত সৃষ্টিক্রম মনে মনে আলো-চনা করিয়াছিলেন (১)। ইনি কে ? [উত্তর—] ইনি অশনায়ালক্ষিত (ভোজনেচ্ছা-বিশিষ্ট) মৃত্যু; অশনায়া যে মৃত্যুস্বরূপ, ইহা পূর্ব্বেই বলা হইয়াছে, এখানে অব্যব-হিত পূর্ব্বোক্ত বিরাটের কামনাকর্ত্তৃত্ব আশঙ্কিত হইতে পারিত, তন্নিবৃত্তির জন্য পুনশ্চ "অশনায়া মৃত্যুঃ" কথায় প্রথমোক্ত মৃত্যুর সম্বন্ধ গ্রহণ করা হইয়াছে।

---

(১) তাৎপর্য্য—হিন্দুশাস্ত্রানুসারে এই সৃষ্টিপ্রবাহ অনাদি; কোন্ সময় হইতে কি প্রকারে যে, সৃষ্টি আরম্ভ হইয়াছে, তাহা মানববুদ্ধির অগোচর। মানব স্বীয় বুদ্ধিপ্রভাবে সৃষ্টির দিকে যতই অগ্রসর হয়, ততই অজ্ঞানে অভিভূত হইয়া পড়ে। দেখিতে পায়, কেবলই সৃষ্টি ও জীবের কর্ম্ম, উভয়ই পরস্পর কার্য্যকারণভাবে সংবদ্ধ; কর্ম্ম না হইলে সৃষ্টি-বৈচিত্র্য হইতে পারে না, আবার সৃষ্টি না হইলেও জীবের কর্ম্ম আসিতে পারে না; এইরূপ সৃষ্টি ও কর্ম্মপ্রবাহের অনাদি সম্বন্ধ স্বীকার না করিলে কোন মীমাংসায়ই উপস্থিত হওয়া যায় না। তাই জীবস্রষ্টা মৃত্যুপুরুষ প্রথমে বেদচিন্তায় মনোনিবেশ করিয়াছিলেন এবং সেই অলৌকিক চিন্তার কালে জীবের প্রাক্তন কর্ম্মরাশি তাঁহার প্রত্যক্ষ হইতে ছিল, শেষে তিনি তদনুসারে সৃষ্টিকার্য্যে প্রবৃত্ত হইয়াছিলেন।

তাহাতে যে রেতঃ ছিল, অর্থাৎ সেই মিথুনমধ্যে যে বীজশক্তি নিহিত ছিল; অভিপ্রায় এই যে, বেদ-পর্য্যালোচনার ফলে প্রথমশরীরী প্রজাপতির শরীর-সমুৎপত্তির নিমিত্তীভূত জন্মান্তরকৃত জ্ঞানকর্ম্ম-সংস্কাররূপ যে বীজ বর্ত্তমান ছিল, তিনি তদ্ভাবভাবিত হইয়া অর্থাৎ সেই সংস্কারে অনুপ্রাণিত হইয়া জল সৃষ্টি করিয়া, সেই জলের অভ্যন্তরে প্রবেশপূর্ব্বক রেতোরূপ বীজ দ্বারা ডিম্বাকারে গর্ভ-রূপী হইয়া তিনিই সংবৎসর হইলেন, অর্থাৎ সংবৎসরাত্মক কালের প্রবর্ত্তক প্রজাপতি হইলেন। সংবৎসরকাল-নির্ম্মাতা সেই প্রজাপতির প্রাদুর্ভাবের পূর্ব্বে—নিশ্চয়ই সংবৎসর নামে কোন সময় প্রসিদ্ধ ছিল না। মৃত্যু সেই সংবৎ-সর-নির্ম্মাতা অণ্ডাভ্যন্তরস্থ প্রজাপতিকে, জগতে যে পরিমাণ কাল সংবৎসর নামে প্রসিদ্ধ, সেই প্রসিদ্ধ সংবৎসর কাল পর্য্যন্ত ধারণ বা পোষণ করিয়াছিলেন। আচ্ছা, লোকপ্রসিদ্ধ এই সংবৎসর কাল পর্য্যন্ত ধারণের পরে কি করিয়াছিলেন?— এই সংবৎসর পরিমিত কালের পরেই—সংবৎসর পূর্ণ হইবা মাত্রই তাহাকে সৃষ্টি করি-লেন, অর্থাৎ সেই ডিম্বটী ভাঙ্গিয়া ফেলিলেন। সেই আদিশরীরী অগ্নি, কুমার বা শিশুরূপে সমুৎপন্ন হইলেন। পরে, ভোজনেচ্ছুক বা ক্ষুধার্ত্ত মৃত্যু তাহাকে ভক্ষণ করিবার নিমিত্ত মুখ-বিদারণ (মুখ-ব্যাদান) করিলেন; তখন সেই নবজাত শিশু স্বভাবসিদ্ধ অবিদ্যাসম্বন্ধবশতঃ ভীত হইয়া 'ভাণ্' ইত্যাকার ভীতিসূচক শব্দ করিয়াছিলেন; তাহাই হইল বাক্—তাহাই ব্যবহারোপযোগী শব্দরূপে পরিণত হইল ॥ ৬ ॥ ৪ ॥

স ঐক্ষত যদি বা ইমমভিমংস্যে, কনীয়োঽন্নং করিষ্য-ইতি, স তয়া বাচা তেনাত্মনেদং সর্ব্বমসৃজত যদিদং কিঞ্চ—ঋচো যজূংষি সামানি ছন্দাংসি যজ্ঞান্ প্রজাঃ পশূন্। স যদ্যদেবাসৃজত তত্তদত্তুমধ্রিয়ত, সর্ব্বং বা অত্তীতি তদদিতেরদিতিত্বং সর্ব্বস্যৈ-তস্যাত্তা ভবতি সর্ব্বমস্যান্নং ভবতি, য এবমেতদদিতেরদিতিত্বং বেদ ॥ ৭ ॥ ৫ ॥

সরলার্থঃ—সঃ (মৃত্যুঃ) ঐক্ষত (চিন্তয়ামাস); [কিং?] যদি (সম্ভা-বনায়াং) বৈ [কদাচিৎ] [ক্ষুধাবশাৎ অহং] ইমং (কুমারং) অভিমংস্যে (মারয়িষ্যে,) [তর্হি এতস্য ভক্ষণে কৃতে,] অন্নং (মম ভক্ষ্যং) কনীয়ঃ (অত্যল্পং) করিষ্যে, [অতঃ প্রভূতান্নসৃষ্টৌ যতিষ্যে ইতি ভাবঃ] ইতি। সঃ (এবং কৃতনিশ্চয়ঃ মৃত্যুঃ) তয়া (পূর্ব্বোক্তয়া বেদরূপয়া) বাচা, তেন (পূর্ব্বোক্তেন) আত্মনা (মনসা চ)

[মনঃসংকল্পিতমর্থং বাচা সমুচ্চার্য্য] ইদং সর্ব্বম্ অসৃজত যৎ ইদং কিঞ্চ—ঋচঃ (ঋগ্বেদান্), যজূংষি (যজুর্ব্বেদান্), সামানি (সামবেদান্), ছন্দাংসি (গায়ত্র্যাদীনি সপ্ত), যজ্ঞান্ (যাগান্), প্রজাঃ (মনুষ্যান্), পশূন্ (গ্রাম্যান্ আরণ্যান্ চ জন্তূন্) [অসৃজত ইতি সম্বন্ধঃ]। সঃ (মৃত্যুঃ) যৎ যৎ এব (বস্তু) অসৃজত (সৃষ্টবান্), তৎ তৎ (বস্তু) [এব] অত্তুং (ভক্ষয়িতুং) অধ্রিয়ত (মনঃ কৃতবান্); [অন্নবাহুল্যং দৃষ্ট্বা তদানীং তদ্ভক্ষণে প্রবৃত্তঃ বভূব ইত্যভিপ্রায়ঃ]। যৎ [সঃ] সর্ব্বং (সৃষ্টং বস্তু) বৈ অত্তি (ভক্ষয়তি) ইতি, তৎ (তদেব) অদিতেঃ (অদিতিনাম্নো মৃত্যোঃ) অদিতিত্বম্ (অদিতিনামোদ্ভবে হেতুঃ)। [অন্যোঽপি] যঃ (জনঃ) অদিতেঃ (অদিতিনাম্নো মৃত্যোঃ) এতৎ (উক্তম্) অদিতিত্বম্ এবং (যথোক্তেন রূপেণ) বেদ (জানাতি), সঃ (জ্ঞাতাপি) এতস্য সর্ব্বস্য (জগতঃ) অত্তা (ভোক্তা) ভবতি, সর্ব্বং [বস্তু] অস্য (জ্ঞাতুঃ) অন্নং (ভক্ষ্যম্ অদনীয়ং) ভবতি ইত্যর্থঃ ॥

মূলানুবাদ। সেই মৃত্যুরূপী প্রজাপতি চিন্তা করিলেন—আমি যদি ক্ষুধাবশতঃ কখনও এই শিশুকে ভক্ষণ করিয়া ফেলি, তাহা হইলে আমার খাদ্য বস্তু অতি অল্প করিয়া ফেলিব, অর্থাৎ ইহাকে ভক্ষণ করিলেও আমার দীর্ঘকাল চলিবে না। তিনি এইরূপ চিন্তার পর, সেই পূর্ব্বোক্ত বাক্য ও মনের সহযোগে এই সমস্ত সৃষ্টি করিলেন—এই যাহা কিছু—ঋগ্বেদ, যজুর্ব্বেদ, সামবেদ, গায়ত্রী প্রভৃতি ছন্দঃ, সমস্ত যজ্ঞ, সমস্ত প্রজা (মনুষ্যাদি) ও সমস্ত পশু। তিনি যাহা সৃষ্টি করিলেন, তৎসমস্তই ভক্ষণ করিতে মনঃস্থ করিলেন, অর্থাৎ সৃষ্ট সমস্তই তাঁহার ভক্ষ্য হইল। যেহেতু তিনি সমস্ত বস্তু অদন করেন (ভক্ষণ করেন), সেই হেতুই তাঁহার 'অদিতি' নাম প্রসিদ্ধ। যে লোক অদিতির এই অদিতিত্ব যথোক্তপ্রকারে অবগত হন, তিনিও সমস্ত বস্তুর ভোক্তা হন—সমস্ত বস্তুই তাঁহার অন্ন বা ভোগ্যরূপে উপস্থিত হয় ॥ ৭॥৫॥

শাঙ্কর-ভাষ্যম্।—স ঐক্ষত—সঃ এবং জাতং কুমারং দৃষ্ট্বা মৃত্যুঃ ঐক্ষত ঈক্ষিতবান্ অশনায়াবানপি—যদি কদাচিৎ ইমং কুমারম্ অভিমংস্যে, অভিপূর্ব্বো মন্যতির্হিংসার্থঃ, হিংসিষ্যে ইত্যর্থঃ। কনীয়োঽন্নং করিষ্যে—কনীয়ঃ অল্পমন্নং করিষ্যে ইতি; এবমীক্ষিত্বা তদ্ভক্ষণাদুপররাম। বহু হ্যন্নং কর্ত্তব্যং দীর্ঘকালভক্ষণায়, ন কনীয়ঃ; তদ্ভক্ষণে হি কনীয়োঽন্নং স্যাৎ, বীজভক্ষণ ইব সস্যাভাবঃ। স এবং প্রয়োজনম্ অন্নবাহুল্যমালোচ্য, তয়ৈব ত্রয্যা বাচা

পূর্ব্বোক্তয়া, তেনৈব চ আত্মনা মনসা, মিথুনীভাবমালোচনম্ উপগম্যোপগম্য ইদং সর্ব্বং স্থাবরং জঙ্গমঞ্চ অসৃজত,—যদিদং কিঞ্চ যৎকিঞ্চেদম্। কিং তৎ? ঋচঃ, যজূংষি, সামানি, ছন্দাংসি চ সপ্ত গায়ত্র্যাদীনি—স্তোত্রশস্ত্রাদিকর্ম্মাঙ্গভূতান্ ত্রিবিধান্মন্ত্রান্ গায়ত্র্যাদিচ্ছন্দোবিশিষ্টান্, যজ্ঞাংশ্চ তৎসাধ্যান্, প্রজাঃ তৎকর্ত্রীঃ, পশূংশ্চ গ্রাম্যানারণ্যান্ কর্ম্মসাধনভূতান্।

নন্বু ত্রয্যা মিথুনীভূতয়াসৃজতেত্যুক্তম্, ঋগাদীনি ইহ কথমসৃজতেতি? নৈব দোষঃ; মনসস্তু অব্যক্তোঽয়ং মিথুনীভাবস্ত্রয্যা; বাহ্যস্তু ঋগাদীনাং বিদ্যমানানামেব কর্ম্মসু বিনিয়োগভাবেন ব্যক্তীভাবঃ সর্গ ইতি।

স প্রজাপতিরেবমন্নবৃদ্ধিং বুদ্ধ্বা, যদ্যদেব ক্রিয়াং ক্রিয়াসাধনং ফলং বা কিঞ্চিদসৃজত, তত্তৎ অত্তুং ভক্ষয়িতুম্ অধ্রিয়ত ধৃতবান্ মনঃ। সর্ব্বং কৃৎস্নং বৈ যস্মাদত্তি ইতি, তৎ তস্মাৎ অদিতেঃ অদিতিনাম্নো মৃত্যোরদিতিত্বং প্রসিদ্ধম্। তথা চ মন্ত্রঃ—"অদিতির্দ্যৌরদিতিরন্তরিক্ষমদিতির্ম্মাতা স পিতা" ইত্যাদিঃ। সর্ব্বস্যৈতস্য জগতোঽন্নভূতস্য অত্তা সর্ব্বাত্মনৈব ভবতি; অন্যথা বিরোধাৎ; ন হি কশ্চিৎ সর্ব্বস্যৈকোঽত্তা দৃশ্যতে; তস্মাৎ সর্ব্বাত্মা ভবতীত্যর্থঃ। সর্ব্বমস্যান্নং ভবতি; অতএব সর্ব্বাত্মনো হ্যত্তুঃ সর্ব্বমন্নং ভবতীত্যুপপদ্যতে। য এবমেতদ্ যথোক্তমদিতের্ম্মৃত্যোঃ প্রজাপতেঃ সর্ব্বস্যাদনাৎ অদিতিত্বং বেদ, তস্যৈতৎ ফলম্॥৭॥৫॥

টীকা।—ইদানীং মৃত্যাদিসৃষ্টিমুপবেক্ষ্যন্ প্রাতনিকাং করোতি—স ইত্যাদিনা। ঈক্ষণপ্রতিবন্ধকসদ্ভাবং দর্শয়তি—অশনায়য়ানশীতি। অভিপূর্ব্বো মন্যতিরিতি। "রুদ্রোঽস্য পশূনভিমন্যেত নাস্য রুদ্রঃ পশূনভিমন্যতে" ইত্যাদি শাস্ত্রমত্র প্রমাণয়িতবান্। অন্নস্য কনীয়স্ত্বে কা হানিরিত্যাশঙ্ক্যাহ—বহ ইতি। তথাপি বিরাজো ভক্ষণে কা ক্ষতিস্তত্রাহ—তদ্ভক্ষণে ইতি। তস্যান্নাত্মকত্বাত্তদুৎপাদকত্বাচ্চেতি শেষঃ। কারণনিবৃত্তৌ কার্য্যনিবৃত্তিরিত্যত্র দৃষ্টান্তমাহ—বীজেতি। যথোক্তেক্ষণানন্তরং মিথুনভাবদ্বারা ত্রয়ীসৃষ্টিং প্রস্তৌতি—স এবমিতি। নন্বু বিরাজঃ স্রষ্টা স্থাবরজঙ্গমাত্মনো জগতঃ সৃষ্টেরুক্তত্বাৎ কিং পুনরুক্ত্যেত্যাশয়েন পৃষ্ট্বা পরিহরতি—কিং তদিতি। গায়ত্র্যাদীনীত্যাদিপদেনোষ্ণিগনুষ্টুব্ বৃহতী পংক্তিস্ত্রিষ্টুব্জগতীচ্ছন্দাংস্যুক্তানি। কেবলানাং ছন্দসাং সর্গাসংভবাত্তদারূঢ়ানামৃগ্যজুঃসামাত্মনাং মন্ত্রাণাং সৃষ্টিরত্র বিবক্ষিতেত্যাহ—স্তোত্রেতি। উদ্গাত্রাদিনা গীয়মানমৃগ্জাতং স্তোত্রং, তদেব হোত্রাদিনা শস্যমানং শস্ত্রম্। স্তুতমনুশংসতীতি হি শ্রুতিঃ। যৎ ন গীয়তে ন চ শস্যতে অধ্বর্য্যুপ্রভৃতিভিশ্চ প্রযুজ্যতে, তদপ্যত্র গ্রাহ্যমিত্যভিপ্রেত্য আদিপদম্, অত এব ত্রিবিধানিত্যুক্তম্। অজাদয়ো গ্রাম্যাঃ পশবঃ, গবয়াদয়স্ত্বারণ্যা ইতি ভেদঃ। কর্ম্মসাধনভূতানসৃজতেতি সম্বন্ধঃ।

স মনসা বাচং মিথুনং সমভবদিত্যুক্তত্বাৎ প্রাগেব ত্রয্যাঃ সিদ্ধত্বাৎ, ন তস্যাঃ সৃষ্টিঃ শ্লিষ্টেতি শঙ্কতে—নন্বিতি। ব্যক্তাব্যক্তবিভাগেন পরিহরতি—নেত্যাদিনা। ইতি মিথুনীভাবসর্গয়োরুপপত্তিরিতি শেষঃ। অত্তৃসর্গঞ্চ অন্নসর্গঞ্চেতি দ্বয়মুক্তম্।

ইদানীমুপাস্যস্য প্রজাপতের্গুণান্তরং নির্দ্দিশতি—স প্রজাপতিরিত্যাদিনা। কথং মৃত্যোর-দিতিনামত্বং সিদ্ধবদুচ্যতে, তত্রাহ—তথা চেতি। অদিতেঃ সর্ব্বাত্মত্বং বদতা মন্ত্রেণ সর্ব্বকারণস্য মৃত্যোরদিতিনামত্বং সূচিতমিতি ভাবঃ। মৃত্যোরদিতিত্ববিজ্ঞানবতঃ অবান্তরফলমাহ—সর্ব্ব-স্যেতি। সর্ব্বাত্মনেতি কুতো বিশিষ্যতে, তত্রাহ—অন্যথেতি। সর্ব্বরূপেণাবস্থানাভাবে সর্ব্বান্ন-ভক্ষণস্যাশক্যত্বাদিত্যর্থঃ। বিরোধমেব সাধয়তি—ন হীতি। ফলস্যোপাসনাধীনত্বাৎ প্রজাপতিম্ অদিতিনামানম্ আত্মত্বেন ধ্যায়ন্ ধ্যেয়াত্মা ভূত্বা তৎতদ্রূপত্বমাপন্নঃ সর্ব্বস্যান্নস্যাত্তা স্যাদিত্যর্থঃ। অন্নমন্নমেবাস্য সদা, ন কদাচিৎ তদস্যাত্তৃ ভবতীতি বক্তুমনন্তরবাক্যমাদত্তে—সর্ব্বমিতি। অত এবেত্যুক্তং ব্যক্তীকরোতি—সর্ব্বাত্মনো হীতি ॥ ৭ ॥ ৫ ॥

ভাষ্যানুবাদ।—"স ঐক্ষত" ইত্যাদি। তিনি (মৃত্যুলক্ষণ প্রজাপতি) সেই নবজাত শিশুকে এইরূপে ভীত ও ভয়ে শব্দ করিতেছে দর্শন করিয়া চিন্তা করিলেন—যদিও আমি ক্ষুধার্ত্ত বলিয়া এখন এই শিশুকে হিংসা করি, অর্থাৎ ভক্ষণ করি, [তাহা হইলে] আমি আমার অন্ন অতি অল্প করিয়া ফেলিব, অর্থাৎ এই একটী মাত্র শিশু ভক্ষণে আমার আর কতদিন চলিবে—এইরূপ বিবেচনা করিয়া তাহার ভক্ষণ হইতে নিবৃত্ত হইলেন। এখানে "অভিমংস্যে" এই অভিপূর্ব্বক 'মন্' ধাতুর অর্থ—হিংসা বুঝিতে হইবে। উদ্দেশ্য এই যে, দীর্ঘ-কাল ভক্ষণের জন্য আমাকে প্রচুর পরিমাণে অন্ন সঞ্চয় করিতে হইবে, অল্প অন্নে হইবে না; বীজ ভক্ষণে যেমন শস্যাভাব ঘটে, তেমনি ইহাকে ভক্ষণ করিলেও আমার অন্ন কমিয়া যাইবে। তিনি এই উদ্দেশ্যে অন্নবাহুল্যের আবশ্যকতা চিন্তা করিয়া পূর্ব্বকথিত সেই বেদরূপ বাক্যের সহিত পূর্ব্বোক্ত আত্মার—মনের সহ-যোগে পুনঃপুনঃ আলোচনা করিয়া এই স্থাবর-জঙ্গমাত্মক যাহা কিছু দৃষ্ট হয়, তৎসমস্ত সৃষ্টি করিলেন। সেই সমস্ত বস্তু কি কি? না, ঋক্‌সমূহ, সামসমূহ এবং গায়ত্রী প্রভৃতি সপ্ত ছন্দঃ অর্থাৎ গায়ত্রী, উষ্ণিক্, অনুষ্টুপ্, বৃহতী, পংক্তি, ত্রিষ্টুপ্ ও জগতী প্রভৃতি ছন্দোবিশিষ্ট স্তোত্র, শস্ত্রাদিস্বরূপ তিন প্রকার কর্ম্মাঙ্গ মন্ত্র, মন্ত্রসাধ্য যজ্ঞসমূহ, যজ্ঞাধিকারী জনসমূহ এবং কর্ম্মোপযোগী গ্রাম্য ও অরণ্যচর পশুসমূহ [সৃষ্টি করিলেন]।

এখন আপত্তি হইতেছে যে, প্রথমে বলা হইয়াছে মিথুনীভূত ত্রয়ীবিদ্যার সাহায্যে সৃষ্টি করিয়াছিলেন; এখানে আবার ঋগ্‌বেদাদির সৃষ্টি করিলেন, বলা হইল কি প্রকারে? অর্থাৎ ঋগ্বেদাদি সৃষ্টি যদি পরেই হইল, তবে তৎপূর্ব্বে সেই বেদের সাহায্যে সৃষ্টি করা সম্ভব হয় কি প্রকারে? না—ইহা দোষাবহ হয় না; কারণ, মনের যে, ত্রয়ীর সহিত মিথুনীভাব, তাহা অব্যক্ত সৃষ্টি, অর্থাৎ মানসিক চিন্তামাত্র, কিন্তু বহির্বিকাশ নহে, এখানে হৃদয়-

নিহিত সেই ঋগ্বেদাদিরই যে, বিভিন্ন কর্ম্মে বিনিয়োগ বা ব্যবহার, তাহাই উহাদের সৃষ্টি বলা হইয়াছে, কিন্তু অভিনব উৎপত্তি নহে ; [সুতরাং পূর্ব্বের কথা দোষাবহ হইতেছে না।]

সেই প্রজাপতি যখন বুঝিতে পারিলেন যে, আমার প্রচুর পরিমাণে অন্ন হইয়াছে ; তাহার পর হইতেই, ক্রিয়া ও ক্রিয়াসাধন প্রভৃতি যাহা যাহা—যাহা কিছু সৃষ্টি করিলেন, তৎসমস্তই ভক্ষণ করিতে (সংহার করিতে) ধারণ করিলেন অর্থাৎ মনোনিবেশ করিলেন। যেহেতু সেই সমস্তই অদন— ভক্ষণ করেন, সেই হেতুই 'অদিতি'র অর্থাৎ অদিতিনামক মৃত্যুর অদিতিত্ব প্রসিদ্ধ হইয়াছে। এতদনুরূপ মন্ত্রও আছে—'অদিতিই দ্যুলোক, অদিতিই অন্তরিক্ষ (আকাশ), অদিতিই মাতা এবং প্রসিদ্ধ পিতা' ইত্যাদি। তিনি সর্ব্বাত্মভাবদ্বারাই অন্নস্বরূপ এই সমস্ত জগতের অত্তা (ভোক্তা) হন, কিন্তু সাক্ষাৎ সম্বন্ধে নহে ; কারণ, তাহা না হইলে সর্ব্বভোক্তৃত্ব কথা সঙ্গত হইতে পারে না ; কেন না, জগতে কোথাও একজনকে সর্ব্ব বস্তুর ভোক্তা দেখিতে পাওয়া যায় না ; অতএব নিশ্চয়ই তাঁহার সর্ব্বাত্মভাবও সিদ্ধ হইতেছে। সমস্ত বস্তুই ইঁহার অন্নস্থানীয় হইয়া থাকে ; যেহেতু ভোক্তৃস্বরূপ তিনি সর্ব্বাত্মক, সেই হেতুই তাঁহার সম্বন্ধে সর্ব্ব বস্তুর অন্নত্বলাভ উপপন্ন হইতেছে। যে লোক এই অদিতির অর্থাৎ মৃত্যুসংজ্ঞক প্রজাপতির সর্ব্বান্নভক্ষণনিমিত্ত এইরূপ অদিতিত্ব যথাযথরূপে অবগত হন, তাঁহারও উল্লিখিত ফললাভ হয় ॥ ৭ ॥ ৫ ॥

সোঽকাময়ত ভূয়সা যজ্ঞেন ভূয়ো যজেয়েতি। সোঽশ্রাম্যৎ, স তপোঽতপ্যত, তস্য শ্রান্তস্য তপ্তস্য যশো বীর্য্যমুদক্রামৎ। প্রাণা বৈ যশো বীর্য্যং ; তৎ প্রাণেষূৎক্রান্তেষু শরীরং শ্বয়িতুমধ্রিয়ত, তস্য শরীর এব মন আসীৎ ॥ ৮ ॥ ৬ ॥

উপমৃদিতমপি বাসনাবশাদুদ্ভবিষ্যতি, ততশ্চ বিদুষোঽপি কর্ম্মবিধিঃ স্যাদিত্যাশঙ্ক্যাহ—ন চেতি। বাসনাবশাদুদ্ভূতস্যাভাসত্বাৎ আত্মস্মৃত্যা পুনঃপুনর্ব্বাধাচ্চ বিদুষো ন কর্ম্মপ্রবৃত্তিরিত্যর্থঃ। কিঞ্চানবচ্ছিন্নং ব্রহ্মাস্মীতি স্মরতস্তদাত্মকস্য দেশাদিনাপেক্ষং কর্ম্ম নিরবকাশমিত্যাহ—ন হীতি। বিদুষো ভিক্ষাটনাদিবৎ কর্ম্মাবসরঃ স্যাদিতি শঙ্কতে—ভোজনাদীতি। অপরোক্ষজ্ঞানবতো বা পরোক্ষজ্ঞানবতো বা ভোজনাদিপ্রবৃত্তিঃ। নাদ্যঃ, অনভ্যুপগমাৎ তৎপ্রতীতের্ব্বাধিতানুবৃত্তিমাত্রত্বাৎ, অগ্নিহোত্রাদেরবাধিতাভিমাননিমিত্তস্য তথাত্বানুপপত্তেরিত্যভিপ্রেত্যাহ—নেতি। ন দ্বিতীয়ঃ। পরোক্ষজ্ঞানিনঃ শাস্ত্রানপেক্ষক্ষুৎপিপাসাদিদোষকৃতত্বাৎ তৎপ্রবৃত্তেরিষ্টত্বাদিত্যাহ—অবিদ্যাদীতি। অগ্নিহোত্রাদ্যপি তথা স্যাদিতি চেৎ; ন; ইত্যাহ—ন ত্বিতি। ভোজনাদিপ্রবৃত্তেরাবশ্যকত্বানুপপত্তিং বিবৃণোতি—কেবলেতি। ১১।

ন তু তথেত্যাদি প্রপঞ্চয়তি—শাস্ত্রনিমিত্তেতি। তর্হি শাস্ত্রবিহিতকালাদ্যপেক্ষত্বাৎ নিত্যানামদোষপ্রভবত্বং ভবেদিত্যাশঙ্ক্যাহ—দোষেতি। এবং দোষকৃতত্বেঽপি নিত্যানাং শাস্ত্রসাপেক্ষত্বাৎ কালাদ্যপেক্ষত্বমবিরুদ্ধমিত্যাহ—এবমিতি। ভোজনাদের্দোষকৃতত্বেঽপি—"

"চাতুর্ব্বর্ণ্যং চরেদ্ ভৈক্ষ্যং যতীনান্তু চতুর্গুণম্"

ইত্যাদিনিয়মবৎ বিদুষোঽগ্নিহোত্রাদিনিয়মোঽপি স্যাদিতি শঙ্কতে—তদ্ভোজনাদীতি। বিদুষো নাস্তি ভোজনাদিনিয়মঃ, অতিক্রান্তবিধিত্বাৎ। ন চ এতাবতা যথেষ্টচেষ্টাপত্তিঃ, অধর্ম্মাধীনা অবিবেককৃতা হি সা। ন চ তৌ বিদুষো বিদ্যতে। অতোঽবিদ্যাবস্থায়ামপি অসতী যথেষ্টচেষ্টা বিদ্যাদশায়াং কুতঃ স্যাৎ। সংস্কারস্যাপ্যভাবাৎ। বাধিতানুবৃত্তেশ্চ। অগ্নিহোত্রাদেস্তনাভাসত্বাৎ ন বাধিতানুবৃত্তিরিত্যাহ—নেতি। কিঞ্চ অবিদুষাং বিবিদিষূণামেব নিয়মঃ; তেষাং বিধিনিষেধগোচরত্বাৎ। ন চ তেষামপ্যেষ জ্ঞানোদয়পরিপন্থী। তস্যাত্মনিবৃত্তিরূপস্য স্বয়ংক্রিয়াত্বাভাবাৎ। নাপি স ক্রিয়ামাক্ষিপন্ ব্রহ্মবিদ্যাং প্রতিক্ষিপতি। অন্যনিবৃত্ত্যাত্মনঃ তদাক্ষেপকত্বাসিদ্ধেরিত্যাহ—নিয়মস্ত্বিতি।

কর্ম্মস্থ রাগাদিমতোঽধিকারান্বিরক্তস্য জ্ঞানাধিকারাজ্ জ্ঞানিনো হেত্বভাবাদেব কর্ম্মাভাবাৎ তস্য ভোজনাদ্যতুল্যত্বাৎ, তত্ত্বমাদেঃ সর্ব্বব্যাপারোপরমাত্মকজ্ঞানহেতোর্নিবর্ত্তকত্বেন প্রামাণ্যং প্রতিপাদিতমুপসংহরতি—তস্মাদিতি। তস্য বিধিরুৎপাদকং বাক্যম্, তস্য নিষেধবাক্যবৎ তত্ত্বজ্ঞানহেতোঃ তদ্বিরোধিমিথ্যাজ্ঞানধ্বংসিত্বাদশেষব্যাপারনিবর্ত্তকত্বেন কূটস্থবস্তুনিষ্ঠস্য যুক্তং প্রামাণ্যম্। মিথ্যাজ্ঞানধ্বংসে হেত্বভাবে ফলাভাবন্যায়েন সর্ব্বকর্ম্মনিবৃত্তেরিত্যর্থঃ। তৎপদোপাত্তং হেতুমেব স্পষ্টয়তি—কর্ম্মপ্রবৃত্ত্যাতি। যথা প্রতিষেধো ভক্ষণাদৌ প্রতিষেধশাস্ত্রবশাৎ প্রবৃত্ত্যভাবস্তথা তত্ত্বমস্যাদিবাক্যসামর্থ্যাৎ কর্ম্মস্বপি প্রবৃত্ত্যভাবস্য তুল্যত্বাৎ প্রামাণ্যমপি তুল্যমিত্যর্থঃ। প্রতিষেধশাস্ত্রসাম্যে তত্ত্বমস্যাদিশাস্ত্রস্যোচ্যমানে তস্যৈব নিবৃত্তিনিষ্ঠত্বং স্যাৎ, ন বস্তুপ্রতিপাদকত্বমিত্যাশঙ্ক্যাহ—তস্মাদিতি। প্রতিষেধো হি প্রসক্তক্রিয়াং নিবর্ত্তয়ংস্তদুপলক্ষিতৌদাসীন্যাত্মকে বস্তুনি পর্য্যবস্যতি। তথা তত্ত্বমস্যাদিবাক্যস্যাপি বস্তুপ্রতিপাদকত্বমবিরুদ্ধমিত্যর্থঃ। বেদান্তানাং সিদ্ধে প্রামাণ্যবৎ অর্থবাদাদীনামন্যপরাণামপি সংবাদবিসংবাদয়োরভাবে স্বার্থে মানত্বসিদ্ধৌ সিদ্ধা বিশুদ্ধ্যাদিগুণবতী প্রাণদেবতেতি চকারার্থঃ॥ ১০ ১॥

ভাষ্যানুবাদ। 'দ্বয়া' অর্থ দুই প্রকার। 'হ' শব্দ পূর্ব্ববৃত্তান্তসূচক 'নিপাত' পদ। বর্ত্তমান কল্পীয় প্রজাপতির পূর্ব্বজন্মে যাহা ঘটিয়াছিল, 'হ' শব্দে তাহাই প্রকাশ করিয়া দিতেছে। প্রাজাপত্য অর্থ—প্রজাপতির সন্তানগণ; অর্থাৎ প্রজাপতির জন্মোত্তরকালীন সমুৎপন্ন সন্তানগণ। তাহারা কে কে? দেবতা ও অসুরগণ, অর্থাৎ সেই প্রজাপতিরই বাক্প্রভৃতি প্রাণসমূহ। তাহাদের দেবত্ব ও অসুরত্ব হইল কি প্রকারে? তাহা বলা হইতেছে—প্রাণসমূহ শাস্ত্রোপদিষ্ট জ্ঞান ও কর্ম্মানুষ্ঠান-লব্ধ সংস্কারসম্পন্ন হওয়ায় জ্ঞানোৎকর্ষ নিবন্ধন দেবতা-পদবাচ্য হয়, তাহারাই আবার লোকসিদ্ধ প্রত্যক্ষ ও অনুমানের সাহায্যে ঐহিক প্রয়োজনমাত্র-সাধনক্ষম জ্ঞান ও কর্ম্মানুষ্ঠান-জনিত সংস্কারবিশিষ্ট হইয়া কেবল নিজ নিজ প্রাণপরিতৃপ্তিতে রত থাকে বলিয়া, অথবা সুর—দেবতা হইতে ভিন্ন বলিয়া অসুরপদবাচ্য হয় (৩)। যেহেতু অসুরগণ স্বভাবতই ঐহিক প্রয়োজনসাধক কর্ম্ম ও জ্ঞানে অনুরক্ত, সেই হেতুই দেবগণ কানীয়স। কানীয়স অর্থ—কনীয়ান্ (কনিষ্ঠ) অর্থাৎ অল্পসংখ্যক। 'কনীয়স্' শব্দের উত্তর স্বার্থে অণ্ প্রত্যয়ে বৃদ্ধি করিয়া 'কানীয়স' পদ নিষ্পন্ন করা হইয়াছে। আর অসুরগণ জ্যায়স অর্থাৎ অধিক; বাক্ প্রভৃতি ইন্দ্রিয়গণের শাস্ত্রোপদিষ্ট কর্ম্ম ও জ্ঞান-প্রবৃত্তি অপেক্ষা, স্বাভাবিক অনুরাগমূলক ঐহিক কর্ম্ম ও জ্ঞানানুষ্ঠানেই সমধিক প্রবৃত্তি হইয়া থাকে; এই জন্য অসুরের সংখ্যা অধিক। শাস্ত্রোপদিষ্ট জ্ঞান ও কর্ম্মানুষ্ঠান স্বভাবতই বহু আয়াস-সাধ্য; সুতরাং তদ্বিষয়ে প্রবৃত্তিও অতি অল্প; কাজেই দেবতাগণের সংখ্যায় অল্পতা ঘটিয়াছে। ১।

প্রজাপতির শরীরস্থিত সেই দেবতা ও অসুরগণ এই লোকের নিমিত্ত স্পর্দ্ধা করিয়াছিল, অর্থাৎ অসুরগণ স্বভাবসিদ্ধ অনুরাগমূলক কর্ম্ম ও জ্ঞান-সাধ্য বিষয়

---

(৩) তাৎপর্য্য—এখানে বুঝিতে হইবে যে, সাত্ত্বিক ও রাজসিক বৃত্তিবিশিষ্ট বাক্প্রভৃতি ইন্দ্রিয়ই ক্রমে 'দেবতা' ও 'অসুর' নামে অভিহিত হইয়াছে। ইন্দ্রিয়গণের সাত্ত্বিক ও রাজসিক বৃত্তিসমূহের মধ্যে পরস্পর বিরোধ চিরকালই আছে; চিরকালই একে অপরকে অভিভূত করিয়া নিজের প্রাধান্য লাভ করিতে চেষ্টা করে। এই সাত্ত্বিক বৃত্তিসমূহ (দেবতাগণ) চাহে—শাস্ত্রের উপদেশানুসারে তত্ত্বজ্ঞানের অনুশীলন ও সৎকর্ম্মের অনুষ্ঠান করিতে, আর রাজস বৃত্তিসমূহ (অসুরগণ) চাহে—লোকসিদ্ধ প্রত্যক্ষ ও অনুমানের সাহায্যে পরিজ্ঞাত ঐহিক সুখসম্ভোগ ও তৎসাধনের অনুষ্ঠান করিতে। প্রজাপতির ন্যায় প্রত্যেক জীবের—বিশেষতঃ মনুষ্যের হৃদয়ে এই দেবাসুর-সংগ্রাম অহরহ চলিতেছে। মনে হয়, শ্রুতির এই দেবাসুর-সংগ্রামের ছায়া অবলম্বনেই পুরাণ শাস্ত্রে দেবাসুর-সংগ্রামের সৃষ্টি হইয়াছে।

ভোগের জন্য, আর দেবগণ শাস্ত্রোপদেশলব্ধ কর্ম্ম ও জ্ঞানসাধ্য বিষয় পাইবার নিমিত্ত পরস্পর স্পর্দ্ধা করিয়াছিলেন। এখানে স্পর্দ্ধা অর্থ—দেবতা ও অসুরগণের সাময়িক বৃত্তিবিশেষের উদ্ভব ও অভিভব, অর্থাৎ কখনও প্রাণের মধ্যে শাস্ত্রোপদিষ্ট কর্ম্ম ও জ্ঞানচিন্তাত্মক বৃত্তি (ব্যাপার) প্রকাশ পাইয়া থাকে। যখন ঐ প্রকার বৃত্তি প্রাদুর্ভূত হয়, তখন সেইসকল প্রাণের প্রত্যক্ষ ও অনুমানলব্ধ ঐহিক প্রয়োজনসাধক জ্ঞান ও কর্ম্মভাবনাত্মক আসুরী বৃত্তি পরাজিত হইয়া যায়; তাহাই হইতেছে দেবগণের জয়, আর অসুরগণের পরাজয়। কখনও বা বিপরীতক্রমে দৈবী বৃত্তি অভিভূত হয়, আর আসুরী বৃত্তি প্রাদুর্ভূত হয়; তাহাই অসুরগণের জয়, আর দেবগণের পরাজয়। এই প্রকারে যখন দেবগণের জয় হয়, তখন ধর্ম্মপ্রবৃত্তি বহুলপরিমাণে বৃদ্ধি পায়, এবং তাহার ফলে প্রজাপতিত্ব লাভপর্য্যন্ত উৎকর্ষপ্রাপ্তি ঘটে, আবার যখন অসুরগণের প্রাধান্য হয়, তখন অধর্ম্মের বাহুল্য ঘটে, তাহার ফলে স্থাবরত্বপ্রাপ্তি পর্য্যন্ত অধোগতি হইয়া থাকে; আর যখন উভয়ের সমতা ঘটে, তখন মনুষ্যত্বপ্রাপ্তি হইয়া থাকে। ২।

আধিক্য নিবন্ধন অসুরগণ কর্তৃক অল্পসংখ্যক দেবগণ এইরূপে পরাজিত হইয়া কি করিয়াছিলেন, তাহা কথিত হইতেছে—দেবগণ অসুরগণকর্তৃক পরাজিত হইয়া পরস্পরকে বলিয়াছিলেন। তাহা কি প্রকার? ভাল, এখন আমরা এই জ্যোতিষ্টোমনামক যজ্ঞে উদ্গীথ দ্বারা, অর্থাৎ উদ্গীথ ক্রিয়ার কর্তৃত্ব গ্রহণ করিয়া অসুরগণকে পরাজিত করিব,—অসুরগণকে পরাভূত করিয়া শাস্ত্রোপদিষ্ট স্বীয় দেবভাব লাভ করিব, এই কথা পরস্পরকে বলিয়াছিলেন। এখানে বুঝিতে হইবে, উক্ত উদ্গীথ ক্রিয়ার কর্তৃত্বগ্রহণও জ্ঞান ও কর্ম্মের সাহায্যে নিষ্পন্ন হইয়া থাকে। তন্মধ্যে কর্ম্ম হইতেছে বক্ষ্যমাণ মন্ত্রজপাত্মক, যাহা "তদেতানি জপেৎ" এইরূপে বিহিতহইবে; আর এখানেই যাহার স্বরূপ নিরূপণ করা হইতেছে, তাহা হইতেছে সেই জ্ঞান। ৩

ভাল কথা, "ত্বয়া হ" ইত্যাদি বাক্যটী ত জ্ঞানবিধিপর নহে, অর্থাৎ উপাসনার বিধায়ক নহে, পরন্তু উহা হইতেছে দেবত্বলাভের উপায়ভূত জপবিধিরই অঙ্গ—অর্থবাদ মাত্র (উৎকর্ষবোধক প্রশংসামাত্র), [সুতরাং এখানে জ্ঞান-নিরূপণের কথা বলা হইতেছে, বল কি প্রকারে?] না,—এ আপত্তি সঙ্গত হইতে পারে না। কারণ, "যঃ এবং বেদ" বলিয়া এখানে উপাসনারই বিধান করা হইয়াছে। [আচ্ছা, ইহা জপবিধির প্রশংসাপর অর্থবাদ না হয়, না হউক, কিন্তু] উদ্গীথপ্রকরণে "উদগায়ৎ" এইরূপ অতীতকালীন ঘটনার উল্লেখ থাকায় ইহা ত উদ্গীথ ক্রিয়ারই বিধায়ক হইতে পারে? না, তাহাও হইতে পারে না; কারণ, প্রথমতঃ, ইহা উদ্গীথক্রিয়ার

প্রকরণই নয়; দ্বিতীয়তঃ, অন্যত্রই (কর্ম্মকাণ্ডেই) উদ্গীথের বিধান রহিয়াছে; [একই ক্রিয়ার দুইবার বিধান হইতে পারে না।] তৃতীয়তঃ, এটা বিদ্যারই (উপাসনারই) প্রকরণ। অভিপ্রায় এই যে, এখানে যে, উদ্গীথের প্রতীতি হইতেছে, তাহা উদ্গীথ-বিদ্যারই বিধায়ক, ক্রিয়া কিংবা জপের বিধায়ক নহে। চতুর্থতঃ, এখানে অভ্যারোহ-জপের নিত্যবিধি বা অবশ্য-কর্ত্তব্যতা নাই, পরন্তু উদ্গীথ-বিজ্ঞান-সম্পন্ন ব্যক্তির পক্ষেই ইহা প্রযোজ্য; [বিজ্ঞানের পূর্ব্বে ত তাহার বিধান করা সম্ভব হয় না]। পক্ষান্তরে, বিজ্ঞানেরই নিত্যতাবোধক অনুরূপ বিধিশ্রুতি রহিয়াছে; পঞ্চমতঃ, বিজ্ঞানের সম্বন্ধেই "তদ্ধৈতল্লোকজিদেব" ইত্যাদি ফলশ্রুতিও রহিয়াছে; ষষ্ঠতঃ, প্রাণ ও বাগাদির সম্বন্ধে শুদ্ধি ও অশুদ্ধির উল্লেখ রহিয়াছে; [যাহার বিধান হয়, তাহারই প্রশংসা করা আবশ্যক হয়, কিন্তু প্রাণ] যদি উপাস্যই না হইত, তাহা হইলে প্রাণের বিশুদ্ধি বর্ণনা (নিষ্পাপত্ব কথন) কথন, এবং তাহার সহিত একসঙ্গে নির্দ্দিষ্ট বাগাদির অশুদ্ধি কথন, আর বাক্‌প্রভৃতির নিন্দা দ্বারা মুখ্যপ্রাণের প্রশংসা জ্ঞাপন শ্রুতির অভিপ্রেত হইলেও উপপন্ন হইতে পারে না, এবং 'মৃত্যু অতিক্রম করিয়া দীপ্তি লাভ করে' ইত্যাদি ফল-কথনও সঙ্গত হইতে পারে না। কেন না, বাক্‌ প্রভৃতির যে, অগ্ন্যাদিভাবপ্রাপ্তি, তাহা ত প্রাণ-স্বরূপত্ব প্রাপ্তিরই ফল ভিন্ন আর কিছুই নহে, [অথচ বিজ্ঞানের বিধি না থাকিলে প্রাণস্বরূপতা প্রাপ্তি হইতেই পারে না।] ৪

আচ্ছা, প্রাণের উপাসনা বিহিত হয়, হউক; কিন্তু প্রাণের বিশুদ্ধি প্রভৃতি গুণসম্বন্ধ ত কখনও বিহিত হইতে পারে না। না, শ্রুতিতে যখন গুণের উল্লেখ রহিয়াছে, তখন নিশ্চয়ই উহা বিহিত হইতে পারে। না—তাহাও হইতে পারে না; কারণ, প্রাণের উপাস্যত্ব নিবন্ধন তাহার প্রশংসার্থও ঐরূপ গুণের উল্লেখ হইতে পারে। না,—তাহা হইতে পারে না; কারণ, লোকব্যবহারের ন্যায় [শ্রুতিতেও] যথার্থ বস্তুবিজ্ঞান হইতেই প্রকৃত শ্রেয়ঃপ্রাপ্তির কথাই দেখিতে পাওয়া যায়। জগতে যে ব্যক্তি যথার্থ বস্তু গ্রহণ করে, সেই ব্যক্তিই আপনার অভীষ্ট বিষয় প্রাপ্ত হয়, কিংবা অনিষ্টপ্রাপ্তি হইতে নিবৃত্ত হয়, [কিন্তু ভ্রান্ত বিষয় গ্রহণের ফলে কখনই ঐরূপ হয় না।] ঠিক সেইরূপ, এস্থলেও শ্রুতিবাক্যের যথার্থ অর্থ উপলব্ধি করিলেই তাহা হইতে প্রকৃত শ্রেয়ঃপ্রাপ্তি সঙ্গত হয়, কিন্তু তাহার বিপরীত হইলে হয় না। আর উপাসনাবিধায়ক শ্রুতিবাক্য হইতে যে, জ্ঞান সমুৎপন্ন হইয়া থাকে, তদ্বিষয়ীভূত পদার্থের অসত্যতা বিষয়ে যে, কোন প্রকার প্রমাণ আছে, তাহাও নহে। বিশেষতঃ, তাদৃশ জ্ঞানের কোথাও নিন্দা বা অসত্যতাও

শুনা যাইতেছে না; বরং তাহা হইতে যখন শ্রেয়ঃসিদ্ধির কথা দেখা যায়, তখন তাহার সত্যতাই আমরা বুঝিয়া থাকি; কারণ, বিপর্য্যয় জ্ঞানে বা ভ্রান্তিবুদ্ধিতে অনর্থলাভই—দুঃখপ্রাপ্তিই দেখা যায়। জগতে যে ব্যক্তি বিপরীত বা অসত্য বিষয় গ্রহণ করে—যেমন মনুষ্যকে স্থাণুরূপে, কিংবা শত্রুকে মিত্ররূপে মনে করে, সে ব্যক্তির অনর্থপ্রাপ্তিই দেখা যায়। বিশেষতঃ, শ্রুতি হইতে পরিজ্ঞাত আত্মা, ঈশ্বর ও দেবতা প্রভৃতি যদি অসত্যই হইবে, তাহা হইলে, নিশ্চয়ই বিপরীতার্থগ্রাহক শাস্ত্রও লোকব্যবহারের ন্যায় কেবল অনর্থপ্রাপ্তিরই কারণ হইয়া দাঁড়ায়; অথচ কেহই ত তাহা স্বীকার করে না। অতএব বুঝিতে হইবে যে, শাস্ত্র যে, উপাসনার্থ আত্মা, ঈশ্বর ও দেবতাপ্রভৃতি প্রতিপাদন করিয়া থাকে, সে সমুদয়ই সত্য (কোনটাই মিথ্যা বা আরোপিত নহে)। ৫

[কর্ম্মমীমাংসকের আপত্তি—(১)] যদি বল, অব্রহ্ম নামপ্রভৃতিতেও ব্রহ্ম-দৃষ্টির বিধান দেখিতে পাওয়া যায়; সুতরাং তোমার উক্ত কথা ত যুক্তিযুক্ত নহে, অর্থাৎ যদি বল, নাম প্রভৃতির যে, অব্রহ্মত্ব, ইহা ত স্পষ্টই বুঝিতে পারা যায়, অথচ স্থাণু প্রভৃতিতে মনুষ্যবুদ্ধির ন্যায় সেই অব্রহ্ম নামাদিতেও শাস্ত্রকে তদ্বিপরীত (অসত্য) ব্রহ্মদৃষ্টির বিধান করিতে দেখা যায়; অতএব শাস্ত্র হইতে যে, যথার্থ বিষয়েরই জ্ঞান এবং সেই জ্ঞানেই যে, শ্রেয়ঃপ্রাপ্তি হয়—বলা হইয়াছে, তাহা ত যুক্তিসঙ্গত হয় নাই। না—ইহাও অসঙ্গত হয় না; কারণ, প্রতিমাপ্রভৃতিতে যেমন ভেদপ্রতীতি হইয়া থাকে, তেমনি এখানেও ভেদোপলব্ধি রহিয়াছে। আর শাস্ত্র যে, অব্রহ্ম নামপ্রভৃতিতে ব্রহ্মদৃষ্টির উপদেশ দিয়া থাকেন, তাহা যে, স্থাণু প্রভৃতিতে পুরুষদৃষ্টির ন্যায় অসত্য বলিয়াছ; তাহাও ভাল বল নাই। কারণ? যাহারা নামপ্রভৃতিকে ব্রহ্ম হইতে পৃথক্ বস্তু বলিয়া অবগত আছেন, তাহাদের সম্বন্ধেই নামপ্রভৃতিতে ব্রহ্মদৃষ্টির বিধান করা হইয়া থাকে—অর্থাৎ প্রতিমাপ্রভৃতিতে যেরূপ ব্রহ্মদৃষ্টির বিধান করা

(১) তাৎপর্য্য—মীমাংসকের অভিপ্রায় এই যে, যাগাদি ক্রিয়া প্রতিপাদন করাই বেদের একমাত্র উদ্দেশ্য। যেখানে ক্রিয়াবিধি নাই—কেবলই বস্তুবিশেষের স্বরূপ-কথন মাত্র আছে, সেখানে বেদবাক্যের প্রামাণ্য নাই; সুতরাং কেবলই ব্রহ্ম-প্রতিপাদক "সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্ম" ইত্যাদি বাক্যও অপ্রমাণ, কাজেই এই প্রকার বেদবাক্য দ্বারা ব্রহ্মের অস্তিত্ব সিদ্ধ হয় না; অতএব ব্রহ্ম কেবল কল্পিত পদার্থ মাত্র—অসৎ। সত্য নামাদিতে সেই কল্পিত পদার্থেরই আরোপপূর্ব্বক চিন্তার উপদেশ করা হইয়াছে। ভাষ্যকার এই আপত্তির খণ্ডনার্থ উদাহরণরূপে কর্ম্মকাণ্ডের উল্লেখ করিয়াছেন।

হইয়া থাকে, ইহাও ঠিক তদ্রূপই। আর নামপ্রভৃতিতে যে ব্রহ্মদৃষ্টি, তাহাও ঠিক প্রতিমাপ্রভৃতি আলম্বনে ব্রহ্মদৃষ্টির ন্যায় আলম্বনরূপেই (চিন্তার বিষয়রূপেই) বিহিত হইয়া থাকে; প্রকৃতপক্ষে কিন্তু নামপ্রভৃতিই ব্রহ্মস্বরূপ নহে। স্থাণুকে (শাখাদিবিহীন বৃক্ষকে) স্থাণু বলিয়া বুঝিতে না পারিলে, তাহাতে যেরূপ তদ্বিপরীত ভ্রমাত্মক মনুষ্যাকারে নিশ্চয়-বুদ্ধি উৎপন্ন হয়, নামপ্রভৃতিতে ব্রহ্মবুদ্ধি কিন্তু তদ্রূপ বিপরীত জ্ঞান বা ভ্রান্তিবুদ্ধি নহে, (তাহা আলম্বনবিষয়ক যথার্থ বুদ্ধিই বটে) (২)। ৬

যদি বল, কথিত স্থলে কেবল ব্রহ্মদৃষ্টিরই বিধান করা হইয়াছে মাত্র, বস্তুতঃ ব্রহ্ম বলিয়া কোনও পদার্থ নাই। ইহা দ্বারা প্রতিমা ও ব্রাহ্মণ প্রভৃতির উপর যে বিষ্ণুত্ব, দেবত্ব ও পিতৃত্বাদি দৃষ্টি, তাহারও তুল্যতা প্রদর্শিত হইল। না, এ কথাও বলিতে পার না; কারণ, ঋক্ (মন্ত্র) প্রভৃতিতে যে, পৃথিব্যাদি দৃষ্টির বিধান দেখিতে পাওয়া যায়, সেখানে ঋক্প্রভৃতি বিষয় বিদ্যমানই রহিয়াছে, পৃথিবী প্রভৃতি সত্য বস্তুরই তাহাতে দৃষ্টিমাত্র-আরোপের বিধান দেখিতে পাওয়া যায়, (কিন্তু অসৎ পদার্থের নহে)। অতএব তাহার সহিত সাম্য থাকায়, নামপ্রভৃতিতে যে, ব্রহ্মদৃষ্টির বিধান, সেখানেও দৃষ্টির বিষয়ীভূত ব্রহ্মপ্রভৃতি বিষয়ের বিদ্যমানতা বা সত্যতা সিদ্ধ হইতেছে। এই যুক্তি অনুসারে, প্রতিমা ও ব্রাহ্মণ প্রভৃতিতেও বিষ্ণু, দেবতা ও পিতৃত্বাদি দৃষ্টির বিষয়ীভূত বস্তুগুলির সত্যতা সিদ্ধ হইতেছে (৩)। বিশেষতঃ গৌণ বা আরোপজ্ঞান মাত্রই মুখ্যাপেক্ষিত অর্থাৎ সত্য-বস্তু সাপেক্ষ; যেমন 'পঞ্চাগ্নিবিদ্যা' প্রভৃতি স্থলে [আরোপিত] অগ্নির

---

(২) তাৎপর্য্য—জ্ঞানমাত্রেরই একটি বিষয় থাকে, কস্মিন্‌কালেও নির্ব্বিষয়ক জ্ঞান হইতে পারে না; অথচ নির্গুণ ব্রহ্ম কখনই সাধারণ জ্ঞানের বিষয়ীভূত হন না; এই জন্য ব্রহ্মচিন্তায় প্রথমতঃ কোন একটী স্থূল বিষয় অবলম্বন করিবার প্রয়োজন হয়, নাম প্রভৃতি বিষয়গুলিই ব্রহ্মচিন্তার সেই প্রাথমিক বিষয় বা আলম্বন। অধ্যাত্মশাস্ত্রে প্রধানতঃ ঐরূপ জ্ঞানের বিষয়কেই আলম্বন বলিয়া নির্দ্দেশ করা হইয়া থাকে।

(৩) তাৎপর্য্য—কর্ম্ম-মীমাংসক আপত্তি করিয়াছিলেন যে, নামপ্রভৃতি অব্রহ্ম পদার্থে যে, ব্রহ্মদৃষ্টির বিধান আছে, বুঝিতে হইবে, সেখানে ব্রহ্ম বলিয়া কোনও পদার্থ নাই; কেবল ঐ অসত্য ব্রহ্মরূপে নামাদিরই চিন্তা করিবার বিধান করা হইয়াছে মাত্র। তদুত্তরে ভাষ্যকার বলিতেছেন যে, না, এ কথা ঠিক হইতেছে না; কারণ, যদি ব্রহ্ম বলিয়া কোনও সত্য বস্তু না থাকিত, তাহা হইলে অব্রহ্ম নামাদিতে ব্রহ্মবুদ্ধি করা কখনও কাহারো পক্ষে সম্ভবপর হইত না; সর্প বলিয়া একটা সত্য বস্তু না থাকিলে, কখনই রজ্জুতে সর্পবুদ্ধি হইতে পারিত না। বিশেষতঃ উপনিষদের মধ্যেও অন্যত্র দেখিতে পাওয়া যায় যে, ঋক্ প্রভৃতি বেদভাগকে পৃথিবী

গৌণত্ব নিবন্ধন মুখ্য অগ্নির সদ্ভাব সিদ্ধ হইয়া থাকে, (৪) তদ্রূপ এখানেও নামপ্রভৃতিতে ব্রহ্মভাবের গৌণত্ব নিবন্ধন মুখ্য বা সত্য ব্রহ্মেরও সদ্ভাব প্রমাণিত হইতেছে। ৭

অপিচ, যাগাদি ক্রিয়ার ন্যায় বিদ্যাবিষয়ে উপাস্যসম্বন্ধেও কোনও পার্থক্য না থাকায় ব্রহ্মসদ্ভাব সিদ্ধ হইতেছে। যেমন বিশিষ্ট ফলের জন্য বিশিষ্ট কর্ত্তব্যপ্রণালী ও বিশেষ বিশেষ ক্রম-সহকারে বিহিত দর্শ-পৌর্ণমাসাদি যাগের অঙ্গীভূত ফলাদি সমস্তই অলৌকিক অর্থাৎ লৌকিক প্রত্যক্ষাদি প্রমাণের অগোচর, অথচ একমাত্র বেদবাক্যই সে সমুদয়ের অস্তিত্ব জ্ঞাপন করিয়া থাকে, তেমনি স্থূলত্বাদি-ধর্ম্মবিহীন ও অশনায়াদিধর্ম্মরহিত পরমাত্মা, ঈশ্বর ও দেবতা প্রভৃতি পদার্থও প্রত্যক্ষাদির অগোচর; [সুতরাং কর্ম্মমীমাংসকের অভিমত কর্ম্মফলাদির সহিত] এ সমস্তেরও কিছুমাত্র বৈলক্ষণ্য নাই; এইজন্যই ঐ সমস্ত বিষয় কেবল বেদবাক্য হইতেই বিজ্ঞাত হইয়া থাকে; অতএব অলৌকিকত্ব বশতঃ অর্থাৎ প্রত্যক্ষাদি অন্য কোনও প্রমাণের অধিকার না থাকায় ঐ সমস্ত পদার্থকে সেইরূপই অর্থাৎ বেদ যাহা যে প্রকার জ্ঞাপন করিয়াছে, তাহা ঠিক সেইরূপই—সত্য বলিয়া স্বীকার করা উচিত। আর জ্ঞানোৎপাদনের পক্ষে ক্রিয়াবোধক বাক্যের সহিত জ্ঞানপ্রকাশক বাক্যের যে, কিছুমাত্রও বৈষম্য আছে, তাহাও নহে অর্থাৎ উভয় বাক্য হইতেই যথাযথ অর্থপ্রতীতি সমানভাবেই হইয়া থাকে; বস্তুতঃ পরমাত্ম-বিষয়ে কথনও ভ্রান্ত বা সংশয়িত জ্ঞান সমুৎপন্ন হয় না; [অতএব ক্রিয়াবোধক বাক্যের ন্যায় ব্রহ্মবোধক বাক্যও প্রমাণ এবং তাহার অর্থও নিশ্চয়ই অভ্রান্ত—সত্য। ৮।

প্রভৃতিরূপে চিন্তা করিবার উপদেশ রহিয়াছে। সেখানে ত পৃথিব্যাদি বস্তুগুলি অসত্য নহে, পরন্তু সত্যই বটে; তদনুসারে প্রতিমা প্রভৃতিতেও যে, বিষ্ণুত্বাদি বুদ্ধির উপদেশ, বুঝিতে হইবে, সেই বিষ্ণু প্রভৃতিও নিশ্চয়ই সত্য পদার্থ, নিশ্চয়ই কেবল সে কল্পনামাত্র নহে।

(৪) তাৎপর্য্য—ছান্দোগ্য-উপনিষদের মধ্যে 'পঞ্চাগ্নি-বিদ্যা' নামে একটী প্রকরণ আছে। সেখানে দ্যুলোক, পর্জ্জন্য, পৃথিবী, পুরুষ ও স্ত্রী, এই পাঁচটি পদার্থকে অগ্নিরূপে চিন্তা করিবার উপদেশ আছে। বুঝিতে হইবে, সেখানে যেমন, 'অগ্নি' বলিয়া একটী পদার্থ লোক-প্রসিদ্ধ আছে বলিয়াই অনগ্নি দ্যুলোক প্রভৃতিতে অগ্নিচিন্তার উপদেশ হইয়াছে, অগ্নি বলিয়া কোন পদার্থ না থাকিলে কথনই ঐরূপ চিন্তার অবসর হইত না, তেমনি এখানেও ব্রহ্ম বলিয়া কোনও সত্য পদার্থ না থাকিলে, নাম প্রভৃতি পদার্থে কখনই ব্রহ্মদৃষ্টির বিধান ও প্রয়োগ সম্ভবপর হইত না। এই জাতীয় বহুতর উদাহরণ দর্শনে প্রমাণিত হইতেছে যে, আরোপমাত্রই তন্মূলীভূত সত্যবস্তু-সাপেক্ষ; এবং আরোপ হইতেও সত্যবস্তুর অস্তিত্ব অনুমেয় হয়।

[মীমাংসকের পুনঃ শঙ্কা—] যদি বল, ব্রহ্মবোধক বাক্যে অনুষ্ঠানযোগ্য কোন প্রকার কর্ম্ম না থাকায় উক্ত সিদ্ধান্ত যুক্তিসঙ্গত হয় না,—অর্থাৎ যদি বল, ক্রিয়া-বোধক বাক্যসমূহ যেরূপ অলৌকিক হইলেও অংশত্রয়সম্পন্ন ভাবনার (স্বর্গাদি ফলোৎপাদক ব্যাপারবিশেষের) অনুষ্ঠেয়তা জ্ঞাপন করিয়া থাকে, (৫) পরমাত্মা ও ঈশ্বরাদিবিষয়ক জ্ঞানে ত সেরূপ কোনও অনুষ্ঠানের বিষয় নাই; অতএব ক্রিয়াবোধক বাক্যের সহিত যে, জ্ঞানবোধক বাক্যের সাম্য বলা হইয়াছে, সে কথা যুক্তিযুক্ত হইতেছে না। না, এ কথাও বলিতে পার না; কেন না, জ্ঞানের বিষয় হইতেছে 'তথাভূত' বা সিদ্ধ বস্তু; [সুতরাং, তাহার প্রামাণ্যও স্বাভাবিক বা স্বতঃসিদ্ধ]; কারণ, অংশত্রয়সমন্বিত অনুষ্ঠেয় ভাবনার যে, অনুষ্ঠেয়ত্ব-নিবন্ধনই সত্যতা বা প্রামাণ্য হয়, তাহা নহে; পরন্তু প্রমাণলব্ধ বলিয়াই হয়। আর সেই ভাবনাবিষয়ক বুদ্ধিও যে, বিষয়ের অনুষ্ঠেয়তা-নিবন্ধনই সত্যতালাভ করিয়া থাকে, তাহাও নহে; তবে কি? না, বেদবাক্য-জনিত বলিয়াই [সত্যতালাভ করিয়া থাকে]। বেদবাক্যাবগত বিষয়ের সত্যতা অবধারিত হইলে পর, সেই বিষয়টী যদি অনুষ্ঠানযোগ্য হয়, তাহা হইলেই লোকে তাহার অনুষ্ঠানে প্রবৃত্ত হয়; আর যদি অনুষ্ঠানযোগ্য না হয়, তাহা হইলে তাহার অনুষ্ঠানে বিরত হয়, [এই মাত্র বিশেষ]। আপত্তি হইতে পারে যে, অনুষ্ঠেয় না হইলে, বেদবাক্যের ত প্রামাণ্যই হইতে পারে না; কেন না, প্রতিপাদ্য বিষয়টী অনুষ্ঠানযোগ্য না হইলে, তদুদ্দেশ্যে পদসমূহের অনর্থক সংহতিই (সম্মিলন—বাক্যভাব ধারণাই) সঙ্গত হইতে পারে না; কারণ, বিষয়টী অনুষ্ঠানযোগ্য হইলেই তন্নিমিত্ত পদসমূহের সম্মিলন সম্ভবপর হইতে পারে। তন্মধ্যে 'এই কার্য্য এই ব্যক্তির এইরূপে কর্ত্তব্য', এই প্রকার অনুষ্ঠানোপদেশক বাক্যই প্রমাণ হইয়া থাকে; কিন্তু 'কুর্য্যাৎ, ক্রিয়েত, কর্ত্তব্যং, ভবেৎ, স্যাৎ' এই পাঁচটীর একটীও না থাকিলে, কেবল বস্তুমাত্রবোধক 'এই

---

(৫) তাৎপর্য্য—'ভাবনা' অর্থ—"ভবিতুর্ভবনানুকূলো ব্যাপারঃ" অর্থাৎ ভাবী স্বর্গাদির বা তজ্জনক অদৃষ্টোৎপত্তির অনুকূল যে কর্ত্তার ব্যাপার অর্থাৎ প্রযত্ন, তাহার নাম 'ভাবনা'। ভাবনা দুইপ্রকার:—(১) শাব্দী ও আর্থী। তন্মধ্যে "স্বর্গকামো যজেত" (স্বর্গাভিলাষী ব্যক্তি যাগ করিবে), এইটী শাব্দী ভাবনার উদাহরণ। এই ভাবনার অপেক্ষিত অংশ তিনটী—'কিং, কেন, ও কথম্'। 'যজেত' শুনিলেই জানিতে ইচ্ছা হয়—কিসের জন্য যাগ করিবে? কিসের দ্বারা যাগ করিবে? এবং কিপ্রকারে যাগ করিবে? এই আকাঙ্ক্ষা পূরণের জন্য কর্ম্মকাণ্ডে যাগের ফল, সাধন ও ইতিকর্ত্তব্যতা (যে প্রণালীতে যাগ সম্পাদন করিতে হয়, সেই প্রণালী) যথাযথরূপে নিরূপিত হইয়াছে,-কিন্তু জ্ঞানকাণ্ডে সেরূপ কোনও ব্যবস্থা দৃষ্ট হয় না।

বস্তু এই প্রকার' এবংবিধ শত শত পদ একত্রিত হইলেও কখনই বাক্যত্ব লাভ করিতে পারে না (৬); অতএব পরমাত্মা ও ঈশ্বরবোধক পদসমূহ প্রমাণভূত বাক্য বলিয়াও গণ্য হইতে পারে না। ৯।

যদি বল, ব্রহ্ম যদি নিশ্চয়ই সত্য পদার্থ হইতেন, তাহা হইলে অবশ্যই তিনি অন্য প্রমাণেরও বিষয় হইতেন; তাহা যখন হন না, তখন নিশ্চয়ই তিনি অসৎ। না—তাহাও বলিতে পার না; কারণ, অনুষ্ঠানবিহীন বিষয়েও 'চারি প্রকার বর্ণবিশিষ্ট সুমেরুনামে একটী পর্ব্বত আছে' ইত্যাদি বাক্যের প্রয়োগ দেখিতে পাওয়া যায়। 'সুমেরু পর্ব্বতটী চতুর্বিধ বর্ণবিশিষ্ট' এইজাতীয় বাক্যশ্রবণের পর, মেরুপ্রভৃতির সম্বন্ধে কাহারো কোন প্রকার অনুষ্ঠেয়ত্ব-বুদ্ধি উপস্থিত হয় না। এই প্রকার, 'অস্তি'পদ-সমন্বিত (সত্তাবোধক পদযুক্ত) পরমাত্মা ও ঈশ্বরের প্রতিপাদক বাক্যান্তর্গত পদসমূহেরও বিশেষণ-বিশেষ্যভাবে সম্মিলিত হইতে কে বাধা দিবে? যদি বল, মেরু প্রভৃতির জ্ঞানে যেরূপ সপ্রয়োজনতা আছে, পরমাত্মজ্ঞানে ত সেরূপ কোনও প্রয়োজন নাই? সুতরাং, ঐরূপ বাক্যসঙ্কলনটা যুক্তিযুক্ত হইতেছে না। না,—সে কথাও বলিতে পার না; কারণ, 'ব্রহ্মবিৎ পুরুষ পরম বস্তু লাভ করেন' '[ব্রহ্মবিদের] হৃদয়গ্রন্থি—অহঙ্কারাদি বন্ধন ছিন্ন হয়' এইরূপ ফলশ্রুতি, এবং সংসারের বীজভূত অবিদ্যাদি দোষের নিবৃত্তিও দৃষ্ট হয়। বিশেষতঃ ব্রহ্মজ্ঞান যখন অন্য কাহারও অঙ্গ নহে—স্বপ্রধান, তখন যজ্ঞীয় জুহূর সম্বন্ধে ফলশ্রুতির ন্যায় ব্রহ্মজ্ঞানের ফলশ্রুতিকেও অর্থবাদ কল্পনা করা সম্ভবপর হয় না (৭)। ১০।

---

(৬) তাৎপর্য্য—"কুর্য্যাৎ ক্রিয়েত কর্ত্তব্যং ভবেৎ স্যাদিতি পঞ্চমম্। এতৎ স্যাৎ সর্ব্ববেদেষু নিয়তং বিধিলক্ষণম্॥" অর্থাৎ 'করিবে' ও 'হইবে' ইত্যাদি যে পাঁচটী ক্রিয়াপদ লিখিত হইল, সমস্ত বেদে এই পাঁচটী ক্রিয়াপদই বিধির অব্যভিচারী লক্ষণ; সুতরাং 'অমুক বস্তু এইরূপ' 'এই বস্তু এইরূপ' ইত্যাদি বস্তু-স্বরূপমাত্রবোধক পদগুলি কখনই সম্মিলিত হইয়া বাক্যত্ব লাভ করিয়া প্রমাণরূপে পরিগণিত হইতে পারে না; সুতরাং ব্রহ্মবোধক পদগুলিও ঠিক এই প্রকারেই অপ্রমাণ হইয়া পড়িতেছে।

(৭) তাৎপর্য্য—জুহূ একপ্রকার যজ্ঞীয় হবিঃপ্রদানের পাত্র, তাহা পত্র দ্বারাও নির্ম্মিত হইতে পারে, অন্য বস্তু দ্বারাও হইতে পারে। সেইজন্য শ্রুতি বলিয়াছেন "যস্য পর্ণময়ী জুহূর্ভবতি, ন স পাপং শ্লোকং শৃণোতি" অর্থাৎ যাহার জুহূ পাত্রটী পলাশাদি পত্রদ্বারা নির্ম্মিত হয়, সে ব্যক্তি কখনও দুঃখবার্ত্তা শ্রবণ করে না। এখানে জুহূ হইতেছে প্রধানভূত যজ্ঞের একটী অঙ্গ; প্রধানের উপকার সাধনই তাহার মুখ্য ফল; সুতরাং অত্রত্য ফলশ্রুতিটীকে প্রশংসাপর অর্থবাদ বলিতে হয়। অর্থবাদ তিন প্রকার;—(১) গুণবাদ (২) অনুবাদ ও 'ভূতার্থবাদ'। প্রত্যক্ষাদির বিরুদ্ধ কথা 'গুণবাদ'। যেমন, 'আদিত্যো যূপঃ'। প্রমাণান্তর-সিদ্ধ বিষয়ের উক্তি 'অনুবাদ',

আরও এক কথা, নিষিদ্ধ কর্ম্মে যে, অনিষ্ট ফললাভ হয়, ইহাও ত কেবল বেদ হইতেই জানিতে পারা যায়; কিন্তু সেই অনিষ্ট ফল ত অনুষ্ঠেয় ক্রিয়া নহে; আর নিষিদ্ধ বিষয়ের অনুষ্ঠানে প্রবৃত্ত ব্যক্তিকে সেই ক্রিয়ানুষ্ঠান হইতে কেবল বিরত করা ভিন্ন আর যে কোন প্রকার অনুষ্ঠেয় আছে, তাহাও নহে। নিষিদ্ধ ব্রহ্ম হত্যাদি কার্য্যের অকর্ত্তব্যতা জ্ঞাপন করাই নিষেধবিধিসমূহের মুখ্য উদ্দেশ্য। যে ব্যক্তি নিষেধবিধিতে অভিজ্ঞ, ক্ষুধার সময়েও তাহার নিকট কলঞ্জ বা পতিতান্ন প্রভৃতি অভক্ষ্য বস্তু উপস্থিত হইলে পর, 'ইহা খাদ্য, ইহা ভক্ষ্য' এবংবিধ জ্ঞান সমুৎপন্ন হইলেও সেই নিষেধ জ্ঞানের স্মৃতিবলে তাহা বাধিত হইয়া যায়। যেমন— মৃগতৃষ্ণায় (ভ্রমকল্পিত জলে) পেয়জ্ঞান উপস্থিত হইলেও তদ্বিষয়ক প্রকৃত জ্ঞান দ্বারা তাহা বাধিত হইয়া থাকে, ইহাও তদ্রূপ। উপস্থিত সেই স্বাভাবিক ভ্রমজ্ঞান বাধাপ্রাপ্ত হইলে পর, তদ্বিষয়ে আর অনর্থকর ভোজনপ্রবৃত্তিও হয় না, (আপনা হইতেই তাহা নিবৃত্ত হইয়া যায়)। এ সমস্ত স্থলে কেবল বিপরীত জ্ঞানমূলক প্রবৃত্তিরই নিবৃত্তি হইয়া থাকে, কিন্তু তন্নিবৃত্তির জন্য আর কোন প্রকার যত্ন বা চেষ্টা করিতে হয় না। অতএব বস্তুর যাথাত্ম্য জ্ঞাপন করা অর্থাৎ নিষিদ্ধ কর্ম্মের অনিষ্টকারিতা জ্ঞাপন করাই নিষেধবিধিসমূহের মুখ্য উদ্দেশ্য, কিন্তু তাহাতে লোককে কোন প্রকার অনুষ্ঠানে প্রবর্ত্তিত করিবার নামগন্ধও নাই। ঠিক নিষেধবিধিসমূহের ন্যায় এখানেও পরমাত্মপ্রভৃতির যাথাত্ম্য-বিজ্ঞানবিষয়ক বাক্য-সমূহেরও পরমাত্মযাথাত্ম্য জ্ঞাপন করাই একমাত্র মুখ্য উদ্দেশ্য। সেইরূপ, এই সমস্ত বাক্যার্থ পর্য্যালোচনার ফলে যাহার জ্ঞান সংস্কারসম্পন্ন হইয়াছে, অর্থাৎ ঐ ভাবে ভাবিত হইয়াছে, তদ্বিপরীত জ্ঞানপ্রণোদিত প্রবৃত্তিসমূহের অনিষ্টকারিতা বিজ্ঞাত থাকায়, এবং পরমাত্মার যাথাত্ম্য জ্ঞান স্মরণপথে উদিত হওয়ায় স্বাভাবিক প্রবৃত্তি বাধিত হইয়া যায়, তখন আপনা হইতেই পূর্ব্বোক্ত প্রবৃত্তিসমূহের অভাব ঘটিয়া থাকে। ১১।

ভাল কথা, কলঞ্জপ্রভৃতি নিষিদ্ধ দ্রব্য ভক্ষণের অনিষ্টকারিতা স্মরণ হওয়ায় স্বভাবসিদ্ধ তদ্ভক্ষণীয়তা-ভ্রান্তি তিরোহিত হইয়া যায়; সুতরাং অনিষ্টকর কলঞ্জাদি ভক্ষণে যেরূপ অপ্রবৃত্তি হওয়া যুক্তিযুক্ত হয়, কিন্তু ব্রহ্মজ্ঞানে দৃঢ় সংস্কার জন্মিলেও

যেমন 'অগ্নির্হিমস্য ভেষজম্'। এই উভয়প্রকার হইতে ভিন্ন অর্থবাদের নাম 'ভূতার্থবাদ'। যেমন, "ইন্দ্রো বৃত্রায় বজ্রমুদযচ্ছৎ"। অর্থাৎ ইন্দ্র বৃত্রাসুরের উদ্দেশ্যে বজ্র উদ্যত করিয়াছিলেন। কিন্তু ব্রহ্মজ্ঞানে যে, ব্রহ্মপ্রাপ্তিরূপ ফলশ্রুতি রহিয়াছে, তাহা ত কাহারও অঙ্গ নহে; সুতরাং তাহা অর্থবাদমধ্যে পরিগণিত হইতে পারে না।

লোকের যে, শাস্ত্রবিহিত যাগাদি কার্য্যে প্রবৃত্তির অভাব হইবে, ইহা ত যুক্তিযুক্ত হইতে পারে না; কারণ, বৈধ যাগাদি ক্রিয়াগুলি ত নিষেধবিধির বিষয় নহে। না, এ আপত্তিও সঙ্গত হয় না; কারণ, বিপরীত জ্ঞানমূলক যে, ইষ্টানিষ্টভাব, তাহা বৈধকর্ম্মের পক্ষেও সমান। অভিপ্রায় এই যে, কলঞ্জাদি ভক্ষণে প্রবৃত্তি যেরূপ ভ্রান্তিজ্ঞানপ্রণোদিত বলিয়া অনর্থ বা অনিষ্টকর, শাস্ত্রবিহিত প্রবৃত্তিসমূহেরও সেইরূপ অজ্ঞানমূলকত্ব ও অনর্থকরত্ব সমান। অতএব পরমাত্মবিষয়ে যাহার যথার্থ জ্ঞান সমুৎপন্ন হইয়াছে, তাহার পক্ষে, শাস্ত্রবিহিত যাগাদি কার্য্যগুলিও ভ্রান্তি-জ্ঞানমূলকত্বে ও ইষ্টানিষ্টসাধনাংশে তুল্য হওয়ায়, পরমাত্ম-জ্ঞান দ্বারা মিথ্যা জ্ঞান উন্মূলিত হইবার পর বৈধকর্ম্মেও প্রবৃত্তি না হওয়া যুক্তিসিদ্ধই বটে। ১২।

আচ্ছা, কাম্য যাগাদি কার্য্যে প্রবৃত্তি না হওয়া যুক্তিসঙ্গত হইতে পারে সত্য, কিন্তু নিত্য কর্ম্মসমূহ যখন কেবলই শাস্ত্রবিহিত এবং ইষ্টানিষ্টসাধকও নহে, তখন তদ্বিষয়ে প্রবৃত্তির অভাব হওয়া ত যুক্তিসঙ্গত হইতে পারে না। না, তাহা নহে; কারণ, যাহারা অজ্ঞান ও অজ্ঞানমূলক রাগদ্বেষাদি দোষসম্পন্ন, তাহাদের সম্বন্ধেই নিত্যকর্ম্ম বিহিত হইয়াছে, (কিন্তু রাগদ্বেষাদি-দোষরহিতের সম্বন্ধে নহে)। [বুঝিতে হইবে,] যেমন স্বর্গকামনাদিরূপ দোষসম্পন্ন পুরুষের জন্য 'দর্শপৌর্ণমাসা'দি কাম্য কর্ম্মসমূহ বিহিত হইয়াছে, তেমনি যে লোক সর্ব্ববিধ অনর্থের বীজভূত অবিদ্যাদি-দোষে কলুষিত এবং অবিদ্যাপ্রসূত ইষ্টপ্রাপ্তি ও অনিষ্ট-পরিহারের মূলীভূত রাগদ্বেষাদি দোষেও অভিভূত, তাহার প্রবৃত্তিতেও পূর্ব্ববৎ অবিদ্যাদোষ সন্নিবিষ্ট থাকায়, বুঝিতে হইবে যে, তাদৃশ দোষসম্পন্ন লোকের জন্যই নিত্যকর্ম্মসমূহ বিহিত হইয়া থাকে, কিন্তু কেবল শাস্ত্রের আদেশই উহার একমাত্র প্রযোজক নহে। অগ্নিহোত্র, দর্শপৌর্ণমাস, চাতুর্ম্মাস্য, পশুবন্ধ ও সোমযাগের কাম্যত্ব বা নিত্যত্ব অংশে স্বরূপতঃ যে, কোনপ্রকার বিশেষ আছে, তাহা নহে। কারণ, অনুষ্ঠানকর্ত্তার যদি স্বর্গাদিফলে কামনা থাকে, তাহা হইলেই সেই দোষবলে কাম্যত্ব হইয়া থাকে, আর কর্ত্তা যদি অবিদ্যাদি দোষসম্পন্ন এবং দোষ নিবন্ধন স্বভাবসিদ্ধ অনুরাগাদি দোষে ইষ্টলাভে ও অনিষ্টপরিহারে অভিলাষী হন, তাহা হইলে নিত্যকর্ম্মও তাহার কাম্যফলের সাধক হয়; কারণ, তাহার জন্যই উহা বিহিত হইয়াছে; কিন্তু যে ব্যক্তির পরমাত্মবিষয়ে যথার্থ জ্ঞান উদিত হইয়াছে, তাহার পক্ষে নিবৃত্তির উপায় নির্দ্দেশ ভিন্ন কোথাও কোনরূপ কর্ম্মের বিধান দেখিতে পাওয়া যায় না। কেন না, কর্ম্মের নিমিত্তীভূত যে, দেবতাদি সর্ব্ববিধ সাধন, সে সমুদয়ের অসত্যতা প্রতিপাদনপূর্ব্বকই আত্মজ্ঞান বিহিত হইয়া থাকে; সুতরাং

যাহার ক্রিয়া ও কারকাদি বিশেষ জ্ঞান বিমর্দ্দিত (মিথ্যারূপে নিশ্চিত) হইয়াছে, তাহার পক্ষে ত কর্ম্মপ্রবৃত্তি কখনও উৎপন্ন হইতে পারে না; কারণ, ক্রিয়া ও তৎসাধনাদি বিষয়ে বিশেষ জ্ঞান থাকিলেই লোকের ক্রিয়ানুষ্ঠানে প্রবৃত্তি হইয়া থাকে, (নচেৎ কখনই হয় না)। কারণ, যে ব্যক্তি দেশ ও কালাদি পরিচ্ছেদরহিত ও স্থূলত্বাদিধর্ম্মবর্জ্জিত অদ্বিতীয় ব্রহ্মজ্ঞান লাভ করিয়াছে, তাহার পক্ষে কর্ম্মানুষ্ঠানের অবসরই বা কোথায়? যদি বল, ব্রহ্মবিদ্ ব্যক্তির ভোজনে যেমন প্রবৃত্তি হইয়া থাকে, তেমনি কর্ম্মানুষ্ঠানেও প্রবৃত্তি হইতে পারে; না—তাহাও বলিতে পার না; কারণ, লোকের যে, ভোজনাদি কার্য্যে প্রবৃত্তি হয়, অবিদ্যাই তাহার একমাত্র নিমিত্ত; সুতরাং ভোজনাদি কার্য্যানুষ্ঠানের অবশ্যকর্ত্তব্যতা নাই, অর্থাৎ যখনই অবিদ্যাদোষের উদ্ভব হয়, তখনই ভোজনানুষ্ঠানের আবশ্যক হয়, আবার যে সময় সেই দোষের তিরোধান হয়, সে সময়ে ভোজনেরও আবশ্যক হয় না; কিন্তু নিয়ত বা অবশ্যকর্ত্তব্য নিত্যকর্ম্মের অনুষ্ঠানে—কখনও করা, কখনও বা না করা, এইরূপ অনিয়মিত ব্যবহার কখনই হইতে পারে না। ভোজনাদি ক্রিয়াগুলি কেবলই দোষজন্য বলিয়া এবং সেই দোষের উদ্ভব ও অভিভবের কোনরূপ নিয়ম না থাকায় স্বর্গাদিকামনার ন্যায় ভোজনাদি প্রবৃত্তিও অনিয়ত বা কাদাচিৎক, (কিন্তু নিত্যকর্ম্মের সেরূপ অনিয়ত প্রবৃত্তি হইতে পারে না) (৮)। ১১।

বিশেষতঃ, শাস্ত্রোক্ত দেশকালাদি নিমিত্তসাপেক্ষ বলিয়াও নিত্যকর্ম্মের অনিয়তত্ব বা কাদাচিৎকতা হইতে পারে না। কাম্য 'অগ্নিহোত্র' যজ্ঞ যেমন শাস্ত্রনির্দ্দেশানুসারে সায়ং ও প্রাতঃকাল-সাপেক্ষ, অর্থাৎ সায়ং ও প্রাতঃকালেই উহার অনুষ্ঠান করিতে হয়, যে কোন সময়ে নহে, ঠিক তেমনি অবিদ্যাদি দোষমূলক নিত্যকর্ম্মসমূহও কালবিশেষসাপেক্ষ। ভাল কথা, জ্ঞানীদিগের ভোজ-নাদি প্রবৃত্তিবিষয়ে যেরূপ কর্ত্তব্যতা নিয়ম আছে, অগ্নিহোত্রাদি ক্রিয়াও ঠিক সেই-

(৮) তাৎপর্য্য—নিত্যকর্ম্মের লক্ষণ এইরূপ—"যদকরণে প্রত্যবায়ঃ, তৎ নিত্যম্" অর্থাৎ যে কার্য্য না করিলে পাপ হয়, তাহার নাম 'নিত্যকর্ম্ম'। সুতরাং নিত্যকর্ম্মানুষ্ঠানে কাহারও স্বাতন্ত্র্য নাই; কর্ত্তার ইচ্ছা থাকুক আর নাই থাকুক, নিত্যকর্ম্ম করিতেই হইবে। ভোজনাদি কার্য্যগুলি কেবলই দেহাদিতে আত্মাভিমানরূপ অবিদ্যাজনিত; সুতরাং সেই অবিদ্যারূপ দোষটি যখন যাহার যেরূপ প্রবল হয়, তখনই তাহার সেই প্রবৃত্তিরও সেই পরিমাণে প্রাবল্য ঘটিয়া থাকে, আবার সেই দোষ শিথিল হইয়া গেলে পর, সঙ্গে সঙ্গে ভোজনেচ্ছা রহিত হইয়া যায়; অতএব নিত্যকর্ম্মের সহিত পার্থক্য নাই।

রূপই জ্ঞানীদিগেরও অবশ্যকর্ত্তব্য হউক ; না, তাহা হইতে পারে না ; নিয়ম ত আর কোন ক্রিয়া নহে, এবং ক্রিয়ার প্রযোজকও নহে ; সুতরাং তাদৃশ নিয়ম-কল্পনাও জ্ঞানের প্রতিবন্ধক হইতে পারে না। অতএব পরমাত্মবিষয়ে যথার্থ জ্ঞানের বিধিও যখন তদ্বিপরীত স্থূলত্ব ও দ্বৈতভাবের নিবৃত্তি সাধন করে ; তখন জ্ঞানবিধিরও সর্ব্বকর্ম্ম-প্রতিষেধকতা উপপন্ন হইতে পারে ; কারণ, কর্ম্মপ্রবৃত্তির অভাব বা নিবৃত্তিসাধনরূপ প্রয়োজনটী নিষেধবিধি ও জ্ঞানবিধি—উভয়ের পক্ষেই তুল্য। অতএব নিষেধবিধির ন্যায় জ্ঞানশাস্ত্রেরও কেবলই বস্তুর স্বরূপমাত্র প্রতিপাদন ও তদ্বিষয়েই তাৎপর্য্যবত্তা সিদ্ধ হইল ॥ ১০ ॥ ১ ॥

তে হ বাচমূচুস্ত্বং ন উদ্গায়েতি, তথেতি, তেভ্যো বাগুদগায়ৎ। যো বাচি ভোগস্তং দেবেভ্য আগায়ৎ, যৎ কল্যাণং বদতি তদাত্মনে। তে বিদুরনেন বৈ ন উদ্গাত্রাঽত্যেষ্যন্তীতি তমভিদ্রুত্য পাপ্মনাঽবিধ্যন্, স যঃ স পাপ্মা, যদেবেদমপ্রতিরূপং বদতি স এব স পাপ্মা ॥ ১১ ॥ ২ ॥

সরলার্থঃ।—তে (পূর্ব্বোক্তাঃ) [দেবাঃ প্রাণাদয়ঃ] হ (ঐতিহ্যে) বাচম্ (বাগিন্দ্রিয়ম্) উচুঃ (উক্তবন্তঃ)—[হে বাক্,] ত্বং নঃ (অস্মভ্যম্) উদ্গায় (উদ্গীথগানং কুরু) ইতি। বাক্ (বাগিন্দ্রিয়-দেবতা) তথা (তথাস্তু) ইতি [প্রতিশ্রুত্য] তেভ্যঃ (প্রাণরূপদেবতাভ্যঃ) উদগায়ৎ (উদ্গীথগানং কৃতবতী)। বাচি যঃ ভোগঃ (বাঙ্‌নিমিত্তঃ য উপকারঃ), তং (ভোগং) দেবেভ্যঃ (সর্ব্বেন্দ্রিয়েভ্যঃ) আগায়ৎ ; যৎ [পুনঃ] কল্যাণং (শোভনং) বদতি (বর্ণান্ উচ্চারয়তি বাক্), তৎ (কল্যাণবদনং) আত্মনে (স্বস্মৈ) [আগায়ৎ]। তে (অসুরাঃ—রাজসবৃত্তয়ঃ) [বাচঃ তথাবিধং স্বপক্ষপাতং উপলভ্য] বিদুঃ (বিজ্ঞাতবন্তঃ), [যৎ—] অনেন (উদ্গাত্রা বাগাত্মনা উদ্গীথকর্ত্রা) বৈ নঃ (অস্মান্) [স্বাভাবিকং জ্ঞানং কর্ম্ম চ অভিভূয়] অত্যেষ্যন্তি (অতিক্রমিষ্যন্তি পরাভবিষ্যন্তি—দেবাঃ) ইতি (এবং নিশ্চিত্য) তং (বাক্‌স্বরূপম্ উদ্গাতারম্) অভিদ্রুত্য (সর্ব্বতোভাবেন আক্রম্য) পাপ্‌মনা (স্বকীয়েন ভোগাসক্তিদোষেণ) অবিধ্যন্ (সংযোজয়ামাসুঃ), যঃ সঃ (প্রজাপতেঃ পূর্ব্বজন্মনি জাতঃ ভোগাসঙ্গঃ), সঃ [এব] পাপ্‌মা (পাপং)। [কোঽসৌ ? ইত্যাহ—] যৎ এব ইদং (অনুভবগোচরং যথা স্যাৎ তথা) অপ্রতিরূপং (অনুচিতং প্রতিবিদ্ধমপি) বদতি (সর্ব্বো জনঃ), সঃ [অননুরূপবচনম্ এব] সঃ (আসঙ্গফলভূতঃ) পাপ্‌মা (পাপফলমিত্যর্থঃ)।

মূলানুবাদ ঃ সেই দেবতাগণ বাগিন্দ্রিয়কে বলিয়াছিলেন—তুমি আমাদের জন্য 'উদ্গীথ' গান কর; বাগিন্দ্রিয় 'তথাস্তু' বলিয়া তাহাদের জন্য উদ্গীথ গান করিতে লাগিলেন; কিন্তু বাক্যগত যে সাধারণ ভোগ, তাহাই দেবতাগণের উদ্দেশ্যে গান করিলেন, আর যাহা কল্যাণময় অতি রমণীয় বাক্যোচ্চারণ, তাহা আপনার নিমিত্ত গান করিলেন। এইরূপ ফলাভিষঙ্গ বা পক্ষপাতরূপ ক্রটী পাইয়া অসুরগণ বুঝিতে পারিলেন যে, দেবতাগণ এই উদ্গাতা দ্বারা (উদ্গীথগানকারী বাগ্দেবতা দ্বারা) আমাদিগকে অতিক্রম করিবে, অর্থাৎ পরাজিত করিবে। এইরূপ মনে করিয়া তাঁহারা বাগ্-দেবতাকে আক্রমণ করিয়া পাপ দ্বারা বিদ্ধ করিলেন। সেই যে, প্রজাপতির পূর্ব্বজন্মজাত আসক্তি বা পক্ষপাত, তাহাই ইহা; [তাহার পরিচয় দিতেছেন—] এই যে, লোকে অনুচিত অর্থাৎ শাস্ত্রনিষিদ্ধ কথা বলিয়া থাকে, তাহাই সেই পাপ, অর্থাৎ পাপের ফল॥ ১১ ॥ ২ ॥

শাঙ্করভাষ্যম্।—তে দেবা হ এবং বিনিশ্চিত্য বাচং বাগভিমানিনীং দেবতাম্ উচুঃ উক্তবন্তঃ;—ত্বং নঃ অস্মভ্যম্ উদ্গায় ঔদ্গাত্রং কর্ম্ম কুরুষ্ব,—বাগ্দেবতানির্ব্বর্ত্ত্যমৌদ্গাত্রং কর্ম্ম দৃষ্টবন্তঃ, তামেব চ দেবতাং জপমন্ত্রাভিধেয়াম্—"অসতো মা সদ্গময়" ইতি। ১।

অত্র চোপাসনায়াঃ কর্ম্মণশ্চ কর্ত্তৃত্বেন বাগাদয় এব বিবক্ষ্যন্তে। কস্মাৎ? যস্মাৎ পরমার্থতস্তৎকর্ত্তৃকঃ তদ্বিষয় এব চ সর্ব্বো জ্ঞান-কর্ম্মসংব্যবহারঃ। বক্ষ্যতি হি "ধ্যায়তীব লেলায়তীব"ইত্যাত্মকর্ত্তৃকত্বাভাবং বিস্তরতঃ ষষ্ঠে। ইহাপি চ অধ্যায়ান্তে উপসংহরিষ্যতি—অব্যাকৃতাদি ক্রিয়াকারকফলজাতম্—"ত্রয়ং বা ইদং নাম রূপং কর্ম্ম" ইত্যবিদ্যাবিষয়ম্। অব্যাকৃতাৎ তু যৎ পরং পরমাত্মাখ্যং বিদ্যাবিষয়ম্ অনামরূপকর্ম্মাত্মকং "নেতি নেতি" ইতি ইতরপ্রত্যাখ্যানেন উপসংহরিষ্যতি পৃথক্। যস্তু বাগাদি-সমাহারোপাধি-পরিকল্পিতঃ সংসার্য্যাত্মা, তঞ্চ বাগাদি-সমাহার-পক্ষপাতিনমেব দর্শয়িষ্যতি—"এতেভ্যো ভূতেভ্যঃ সমুত্থায় তান্যেবানুবিনশ্যতি" ইতি। তস্মাদ্ যুক্তা বাগাদীনামেব জ্ঞান-কর্ম্মকর্ত্তৃত্বফল-প্রাপ্তিবিবক্ষা। ২।

তথেতি তথাস্ত্বিতি দেবৈরুক্তা বাক্ তেভ্যঃ অর্থিভ্যঃ অর্থায় উদগায়ৎ উদ্গানং কৃতবতী। কঃ পুনরসৌ দেবেভ্যঃ অর্থায় উদ্গানকর্ম্মণা বাচা নির্ব্বর্ত্তিতঃ কার্য্য-

বিশেষ ইতি? উচ্যতে, যো বাচি নিমিত্তভূতায়াং বাগাদিসমুদায়স্য য উপকারো নিষ্পদ্যতে বদনাদিব্যাপারেণ, স এব। সর্ব্বেষাং হ্যসৌ বাগ্বদনাভিনির্বৃত্তো ভোগঃ ফলম্। তং ভোগং সা ত্রিষু পবমানেষু কৃত্বা, অবশিষ্টেষু নবসু স্তোত্রেষু বাচনিকমার্ত্বিজ্যং ফলম্—যৎ কল্যাণং শোভনং বদতি বর্ণানভিনির্ব্বর্ত্তয়তি, তদ্ আত্মনে মহ্যমেব। তদ্ধি অসাধারণং বাগ্দেবতায়াঃ কর্ম্ম, যৎ সম্যগ্ বর্ণানামুচ্চারণম্; অতস্তদেব বিশেষ্যতে—'যৎ কল্যাণং বদতি' ইতি। যৎ তু বদনকার্য্যং, সর্ব্বসঙ্ঘাতোপকারাত্মকং, তদ্ যাজমানমেব। ৩।

তত্র কল্যাণবদনাত্মসম্বন্ধাসঙ্গাবসরং দেবতায়া রন্ধ্রং প্রতিলভ্য তে বিদুরসুরাঃ। কথম্? অনেন উদ্গাত্রা, নঃ অস্মান্, স্বাভাবিকং জ্ঞানং কর্ম্ম চাভিভূয় অতীত্য, শাস্ত্রজনিত-কর্ম্ম-জ্ঞানরূপেণ জ্যোতিষা উদ্গাত্রাত্মনা অত্যেষ্যন্তি অতিগমিষ্যন্তি,—ইত্যেবং বিজ্ঞায়, তম্ উদ্গাতারম্ অভিদ্রুত্য অভিগম্য, স্বেন আসঙ্গলক্ষণেন পাপ্মনা অবিধ্যন্ তাড়িতবন্তঃ সংযোজিতবন্ত ইত্যর্থঃ।

স যঃ স পাপ্মা—প্রজাপতেঃ পূর্ব্বজন্মাবস্থস্য বাচি ক্ষিপ্তঃ, স এব প্রত্যক্ষীক্রিয়তে। কোঽসৌ? যদেবেদম্ অপ্রতিরূপম্ অননুরূপং শাস্ত্রপ্রতিষিদ্ধং বদতি, যেন প্রযুক্তঃ অসভ্য-বীভৎসানৃতাদি অনিচ্ছন্নপি বদতি; অনেন কার্য্যেণ অপ্রতিরূপবদনেন অনুগম্যমানঃ প্রজাপতেঃ কার্য্যভূতাসু প্রজাসু বাচি বর্ত্ততে; স এব অপ্রতিরূপবদনেনানুমিতঃ স প্রজাপতের্ব্বাচি গতঃ পাপ্মা; কারণানুবিধায়ি হি কার্য্যমিতি॥ ১১ ॥ ২ ॥

টীকা। জ্ঞানমিহ পরীক্ষ্যমাণমিত্যেতৎ প্রসঙ্গাগতং বিচারং পরিসমাপ্য 'তে হ বাচম্' ইত্যাদি ব্যাচষ্টে—তে দেবা ইতি। অচেতনায়া বাচো নিযোজ্যত্বং বারয়তি—বাগভিমানিনীমিতি। নিযোক্তৄণাং দেবানামভিপ্রায়মাহ—বাগ্ দেবতেতি। নমু উদ্গাত্রং কর্ম্ম জপমন্ত্রপ্রকাশ্যা দেবতা নির্ব্বর্ত্তয়িষ্যতি, ন তু বাগ্দেবতেতি, তত্রাহ—তামেবেতি। "অসতো মা সদ্গময়" ইতি জপমন্ত্রাভিধেয়াং দৃষ্টবন্ত ইতি পূর্ব্বেণ সম্বন্ধঃ।

বাগাদ্যাশ্রয়ং কর্ত্তৃত্বাদি দর্শয়তঃ অর্থবাদস্য প্রাসঙ্গিকং তাৎপর্য্যমাহ—অত্র চেতি। আত্মাশ্রয়ে কর্ত্তৃত্বাদৌ অবভাসমানে তস্য বাগাদ্যাশ্রয়ত্বমযুক্তমিত্যাহ—কস্মাদিতি। পরস্য জীবস্য বা কর্ত্তৃত্বাদি বিবক্ষিতমিতি বিকল্প্য আদ্যং দূষয়তি—যস্মাদিতি। বিচারদশায়াং বাগাদিসঙ্ঘাতস্য ক্রিয়াদিশক্তিমত্ত্বাৎ কর্ত্তৃত্বাদিঃ তদাশ্রয়ো যস্মাৎ প্রতীতঃ, তস্মাৎ পরস্যাত্মনঃ স্বতন্ত্রচ্ছক্তিশূন্যস্য ন তদাশ্রয়ত্বমিত্যর্থঃ। কিঞ্চ, অবিদ্যাশ্রয়ঃ সর্ব্বো ব্যবহারো ন তদ্ধীনে পরস্মিন্নবতরতীত্যাহ—তদ্বিষয় ইতি। "কর্ত্তা শাস্ত্রার্থবত্ত্বাৎ" ইতি ন্যায়েন কর্ত্তৃত্বমাত্মনঃ অঙ্গীকর্ত্তব্যম্, ইত্যাশঙ্ক্য "যথা চ তক্ষোভয়থা" ইতি ন্যায়াদৌপাধিকং তস্মিন্ কর্ত্তৃত্বমিত্যভিপ্রেত্যাহ—বক্ষ্যতি হীতি। যদুক্তমবিদ্যাবিষয়ঃ সর্ব্বো ব্যবহার ইতি, তত্র বাক্যশেষমনুকূলয়তি—ইহাপীতি। ইতশ্চ

পরস্মিন্নাত্মনি কর্তৃত্বাদিব্যবহারো নাস্তীত্যাহ—অব্যাকৃতাত্মিতি। অনামরূপকর্ম্মাত্মকমিত্যস্মাৎ উপরিষ্টাৎ তৎপদমধ্যাহর্ত্তব্যং, জীবস্তু স্যাদিতি দ্বিতীয়মাশঙ্ক্যাহ—যস্ত্বিতি। জীবশব্দবাচ্যস্য বিশিষ্টস্য কল্পিতত্বাৎ ন তাত্ত্বিকং কর্তৃত্বাদিকং, কিং তু তদ্দ্বারা স্বরূপে সমারোপিতমিতি ভাবঃ। আত্মনি তাত্ত্বিককর্তৃত্বাদ্যভাবে ফলিতমর্থবাদতাৎপর্য্যমুপসংহরতি—তস্মাদিতি।

তাৎপর্য্যমর্থবাদস্যোক্ত্বা নিযুক্তয়া বাগ্‌দেবতয়া যৎ কৃতং, তদুপন্যস্যতি—তথেত্যাদিনা। উক্তাতৃত্বং জপমন্ত্রপ্রকাশ্যত্বং চ আত্মনোঽঙ্গীকৃত্য বাগুদ্গানে প্রবৃত্তা চেৎ, তয়া কশ্চিদুপকারো দেবানামুদ্গানেন নির্ব্বর্ত্তনীয়ঃ, স চ নাস্তীতি শঙ্কতে—কঃ পুনরিতি। বদনাদিব্যাপারে সতি যঃ সুখবিশেষঃ সঞ্জাতস্য নিষ্পদ্যতে, স এব কার্য্যবিশেষঃ, ইত্যাহ—উচ্যত ইতি। যো বাচীতি প্রতীকমাদায় ব্যাখ্যায়তে কথং পুনর্ব্বাচো বচনং, চক্ষুষো দর্শনমিত্যাদিনা নিষ্পন্নং ফলং সর্ব্বসাধারণমিত্যাশঙ্ক্যানুভবমনুসৃত্যাহ—সর্ব্বেষামিতি। কিঞ্চ, দেবার্থমুদ্গায়ন্ত্যা বাচঃ স্বার্থমপি কিঞ্চিদুদ্গানমস্তি; তথা চ জ্যোতিষ্টোমে দ্বাদশ স্তোত্রাণি, তত্র ত্রিষু পবমানাখ্যেষু স্তোত্রেষু যাজমানং ফলমুদ্গানেন কৃত্বা, শিষ্টেষু নবসু স্তোত্রেষু যৎ কল্যাণবদনসামর্থ্যং, তদাত্মনে স্বার্থমেব আগায়দিত্যাহ—তং ভোগমিতি। ঋত্বিজাং ক্রীতত্বাৎ ন ফলসম্বন্ধঃ সম্ভবতি, ইত্যাশঙ্ক্যাহ—বাচনিকমিতি। 'অথাত্মনেঽন্নাদ্যমাগায়েৎ' ইতি শ্রুতমিত্যর্থঃ। কল্যাণবদনসামর্থ্যস্য স্বার্থত্বং সমর্থয়তে—তদ্ধীতি। কল্যাণবদনং বাচোঽসাধারণং চেৎ, কস্তর্হি যো বাচীত্যাদেৰ্বিষয়ঃ, তত্রাহ—যস্ত্বিতি।

বাগ্‌দেবতায়াম্ অসুরাণামবকাশং দর্শয়তি—তত্রেতি। স্বার্থে পরার্থে চোদ্গানে সতীতি যাবৎ। কল্যাণবদনস্যাত্মনা বাচৈব সম্বন্ধে যঃ অয়ম্ আসঙ্গোঽভিনিবেশঃ, স এবাবসরো দেবতায়াঃ, তমবসরং প্রাপ্যেত্যর্থঃ। অবসরমেব ব্যাকরোতি—রন্ধ্রমিতি। অস্মানতীত্যেতি—সম্বন্ধঃ। কোঽসৌ অসুরাভায়ন্তং ব্যাচষ্টে—স্বাভাবিকমিতি। তত্রোপায়মুপন্যস্যতি—শাস্ত্রেতি। অসুরানভিভূয় কেনাত্মনা দেবাঃ স্যুরন্তীতি বিবক্ষায়ামাহ—জ্যোতিষেতি। প্রজাপতের্ব্বাচি পাপ্মা ক্ষিপ্তঃ অসুরৈরিতি কুতোঽবগম্যতে, তত্রাহ—স যঃ স পাপ্মেতি। প্রতিষিদ্ধবদনমেব পাপ্মেত্যযুক্তমদৃষ্টস্য ক্রিয়াতিরিক্তত্বাঙ্গীকারাৎ, ইত্যাশঙ্ক্যাহ—যেনেতি। অসভ্যং সভানর্হং স্ত্রীবর্ণনাদি, বীভৎসং ভয়ানকং প্রেতাদিবর্ণনম্, অনৃতম্ অযথাদৃষ্টবচনম্। আদি-শব্দাৎ পিশুনত্বং গৃহ্যতে। কিমত্র প্রজাপতের্ব্বাচি পাপ্মসত্ত্বে মানমুক্তং ভবতীত্যাশঙ্ক্য স এব স পাপ্মেতি ব্যাকরোতি—অনেনেতি। প্রাজাপত্যাসু প্রজাসু প্রতিপন্নেন অসত্যবদনাদিনা লিঙ্গেন তদ্বাচি পাপ্মানুমিতঃ, স এব প্রজাপতিবাচি পাপ্মানং গময়তি; বিমতং কারণপূর্ব্বকং কার্য্যত্বাদ্ঘটবৎ। ন চ প্রজাগতং দুরিতং প্রাজাপত্যং তদ্বিনা হেত্বন্তরাদেব স্যাৎ, কারণানুবিধায়িত্বাৎ কার্য্যস্য। ন চ তৎকারণেঽপি পরস্মিন্ প্রসঙ্গঃ "অপাপবিদ্ধম্" ইতি শ্রুতেঃ। ন চ 'ন হ বৈ দেবান্ পাপং গচ্ছতি' ইতি শ্রুতের্ন সূত্রেঽপি পাপবেধঃ, তস্য ফলাবস্থস্য অপাপত্বেঽপি যজমানাবস্থস্য তত্ত্বাবাদিত্যর্থঃ। আদ্যসকারাভ্যাং কারণস্থং পাপ্মানমনূদ্য তস্যৈব কার্য্যস্থত্বমুচ্যতে। উত্তরাভ্যাং তু কার্য্যস্থং পাপ্মানমনূদ্য তস্যৈব কারণস্থত্বমিতি বিভাগঃ ॥ ১১ ॥ ২ ॥

ভাষ্যানুবাদ।—সেই দেবতাগণ এইরূপ নিশ্চয় করিয়া—বাক্‌কে অর্থাৎ বাগিন্দ্রিয়াভিমানী দেবতাকে বলিয়াছিলেন, তুমি আমাদের জন্য

উদ্‌গাতার কর্ম্ম—উদ্‌গীথগান কর; অর্থাৎ বাগ্দেবতার সম্পাদনীয় ঔদ্‌গাত্র কর্ম্ম এবং "অসতো মা সদ্‌ গময়" (আমাকে অসৎ হইতে সতে লইয়া যাও) এই জপ্যমন্ত্রের প্রতিপাদ্য দেবতাকেও দর্শন করিয়াছিলেন। ১।

এখানে বুঝিতে হইবে, বাগাদি দেবতাগণকেই উপাসনা ও কর্ম্মানুষ্ঠানের কর্ত্তারূপে প্রতিপাদন করা শ্রুতির অভিপ্রেত। কি জন্য? যেহেতু, যে কোন-প্রকার জ্ঞান ও কর্ম্ম প্রসিদ্ধ আছে, প্রকৃতপক্ষে তাহারাই সেই সমস্তের কর্ত্তা ও বিষয় (আশ্রয়), অর্থাৎ বাক্‌প্রভৃতি ইন্দ্রিয়ের সাহায্যে এবং বাক্‌প্রভৃতি ইন্দ্রিয়েতেই ঐ সমস্ত ব্যাপার সম্পন্ন হইয়া থাকে। এইজন্যই পরে ষষ্ঠাধ্যায়ে 'আত্মা যেন ধ্যানই করে, যেন স্পন্দনই করে' ইত্যাদি বাক্যে আত্মার অকর্তৃত্ব বিস্তৃতভাবে বর্ণনা করিবেন। আর এখানেও অধ্যায়ের শেষভাগে উপসংহার-স্থলে "ত্রয়ং বা ইদং নাম রূপং কর্ম্ম" ইত্যাদি বাক্যে অব্যক্ত প্রকৃতি হইতে আরম্ভ করিয়া ক্রিয়া, কারক ও ফল প্রভৃতি সমস্তই অবিদ্যার বিষয় বা অজ্ঞান-মূলক বলিয়া নির্দ্দেশ করিবেন। আর যিনি অব্যাকৃত, প্রকৃতির অতীত এবং নাম, রূপ ও কর্ম্মের সহিত অসম্বন্ধ, তিনিই বিদ্যার—জ্ঞানের বিষয়, এবং 'নেতি নেতি' বলিয়া অপর সর্ব্বপদার্থবিলক্ষণরূপে তাহারই পৃথক্ উপসংহার করি-বেন। আর যিনি বাক্‌প্রভৃতি উপাধিসমষ্টিবিশিষ্ট সংসারী আত্মা—জীব, তাহাকেও আবার "এতেভ্যঃ ভূতেভ্যঃ সমুত্থায় তান্যেব অনুবিনশ্যতি" ইত্যাদি বাক্যে বাক্‌প্রভৃতি দেহসংঘাতের অনুগামী বলিয়া প্রদর্শন করিবেন। অতএব বাক্‌প্রভৃতির সম্বন্ধেই জ্ঞান ও কর্ম্মানুষ্ঠানের ফলপ্রাপ্তি প্রতিপাদন করা সম্ভবপর ও সঙ্গত হয়। ২।

'তথা' ইতি। তথা অর্থ—তথাস্তু (সেইরূপই হউক); বাগ্দেবতা অপরাপর দেবতাকর্ত্তৃক অনুরুদ্ধ হইয়া প্রার্থী সেই দেবতাগণের নিমিত্ত উদ্‌গান করিয়াছিলেন (অর্থাৎ উদ্‌গীথ গান করিয়াছিলেন)। বাগ্দেবতা উদ্‌গানকর্ম্ম দ্বারা দেবতাগণের জন্য কিপ্রকার কার্য্য সম্পাদন করিয়াছিলেন? বলা হইতেছে;—বাক্যে—বাগিন্দ্রিয়ের সাহায্যে, অর্থাৎ শব্দোচ্চারণাদি ক্রিয়া দ্বারা বাক্‌প্রভৃতি ইন্দ্রিয় সমুদয়ের যে, উপকার সম্পাদিত হয়, তাহাই তাহার সেই কার্য্য। বাক্যোচ্চারণজনিত যে, এইরূপ ফল, তাহা সকলেরই সাধারণ ভোগ্য। সেই বাগ্দেবতা তিনটীমাত্র 'পবমান' স্তোত্রে উক্তপ্রকার ভোগ বা উপকার সম্পাদন করিয়া, অবশিষ্ট নয়টী স্তোত্র—যাহার পাঠগত ফল ঋত্বিক্‌গত হয় (পাঠকই লাভ করেন), সেই নয়টী স্তোত্রে বাগ্দেবতা যে,

কল্যাণ অর্থাৎ সুন্দর বর্ণোচ্চারণ করিয়া থাকেন, সেই সুন্দর বর্ণোচ্চারণ আপনারই উদ্দেশ্যে সম্পন্ন [করিয়াছিলেন] (৯)। যথাযথরূপে যে, বর্ণোচ্চারণ করা, তাহাই বাগ্‌দেবতার অনন্যসাধারণ কার্য্য; এই জন্যই 'যৎ কল্যাণং বদতি' কথায় তাহা বিশেষ ভাবে নির্দ্দেশ করিলেন। কিন্তু দেহসঙ্ঘাতের উপকারসাধক যে, বাক্যোচ্চারণমাত্র কার্য্য, তাহার ফলভাগী হয় যজমান; [আর যথাযথরূপে বাক্যোচ্চারণের ফলভাগী হয় নিজে—বাক্।]। ৩।

সেই অসুরগণ বাগ্‌দেবতার এইরূপ কল্যাণময় বাক্যোচ্চারণাত্মক স্বার্থপরতারূপ ছিদ্র প্রাপ্ত হইয়া বুঝিয়াছিলেন। কি বুঝিয়াছিলেন?—না, দেবগণ এই উদ্গাতা দ্বারা আমাদের স্বাভাবিক বা উচ্ছৃঙ্খল জ্ঞান ও কর্ম্মমার্গ পরাজিত করিয়া, শাস্ত্রোপদেশলব্ধ কর্ম্ম ও জ্ঞানরূপ উদ্গাত্রাত্মক জ্যোতিঃপ্রভাবে (দিব্য জ্ঞানের সাহায্যে) আমাদিগকে অতিক্রম করিবে; ইহা অবগত হইয়া সেই উদ্গাতাকে আক্রমণ করিয়া, তাহাকে স্বীয় ভোগাসক্তিরূপ পাপ দ্বারা বিদ্ধ করিয়াছিলেন, অর্থাৎ ঐ পাপে সংযোজিত করিয়াছিলেন। ৪।

সেই যে, সেই পাপ, অর্থাৎ পূর্ব্বজন্মে প্রজাপতির বাগিন্দ্রিয়ে যে পাপ প্রক্ষিপ্ত হইয়াছিল, তাহাই এখানে প্রত্যক্ষবৎ প্রদর্শিত হইতেছে। সেই পাপটী কি? না, তাহা এই যে, লোকে অপ্রতিরূপ—অনুচিত, অর্থাৎ শাস্ত্রনিষিদ্ধ বাক্য উচ্চারণ করিয়া থাকে; যাহার জন্য লোকে অনিচ্ছাপূর্ব্বকও অসভ্য, ঘৃণিত ও মিথ্যা কথা প্রভৃতিও বলিয়া থাকে। সেই অনুচিত বাক্য-ব্যবহারজনিত পাপ অদ্যাপি প্রজাপতির সৃষ্ট প্রাণিগণের বাগিন্দ্রিয়ে বর্ত্তমান রহিয়াছে। ঐরূপ নিষিদ্ধ ভাষণ হইতেই অনুমিত হয় যে, প্রজাপতির বাগিন্দ্রিয়েও এই পাপ সন্নিবিষ্ট ছিল; কেন না, কার্য্যমাত্রই কারণানুরূপ হইয়া থাকে॥ ১১॥ ২॥

---

(৯) তাৎপর্য্য—জ্যোতিষ্টোম যাগে দ্বাদশটী স্তোত্রগানের ব্যবস্থা আছে। তন্মধ্যে 'পবমান' নামক স্তোত্রত্রয়ের গানে যে ফল হয়, যজমান সে ফলে অধিকারী হয়; আর অবশিষ্ট যে, নয়টী স্তোত্র গান করিতে হয়, ঋত্বিক্ তাহার ফলভাগী হয়। স্তোত্রপাঠ বাগিন্দ্রিয়েরই নিজস্ব কার্য্য; অথচ বাগ্‌দেবতা সর্ব্বেন্দ্রিয়ের প্রতিনিধিরূপে স্তোত্র পাঠকার্য্যে নিয়োজিত হইয়া যজমানদিগের ফলজনক স্তোত্রগুলি সাধারণভাবে পাঠ করিলেন, আর স্বয়ং ঋত্বিক্‌রূপে যে সমস্ত স্তোত্রের ফল পাইবেন, সেই সমস্ত স্তোত্র অতি উত্তমরূপে যথাযথ স্বরব্যঞ্জনাদি বিভাগ অনুসারে গান করিলেন। এই স্বার্থপরতারূপ অপরাধে অসুরগণ তাহাকে আক্রমণ করিবার সুযোগ পাইলেন; এবং স্বীয় পাপ দ্বারা বাগিন্দ্রিয়কে কলুষিত করিলেন। বর্ত্তমান প্রজাপতির পূর্ব্বজন্মে এই ঘটনা ঘটিয়াছিল, তাহার ফলে বর্ত্তমান কল্পেও তাঁহার প্রজামণ্ডলীর বাক্যে সেই দোষ—স্বার্থপরতা পরিলক্ষিত হইতেছে।

অথ হ প্রাণমূচুস্ত্বং ন উদ্গায়েতি, তথেতি—তেভ্যঃ প্রাণ উদগায়ৎ। যঃ প্রাণে ভোগস্তং দেবেভ্য আগায়ৎ, যৎ কল্যাণং জিঘ্রতি তদাত্মনে। তে বিদুরনেন বৈ ন উদ্গাত্রাঽত্যেষ্যন্তীতি তমভিদ্রুত্য পাপ্মনাঽবিধ্যন্ স যঃ স পাপ্মা যদেবেদমপ্রতিরূপং জিঘ্রতি স এব স পাপ্মা ॥ ১২ ॥ ৩ ॥

সরলার্থঃ।—অথ (বাচঃ অভিভবানন্তরম্) হ (ঐতিহ্যে) প্রাণম্ (ঘ্রাণং) ঊচুঃ—ত্বং নঃ (অস্মভ্যম্) উদ্গায় (উদ্গানং কুরু) ইতি। [এবমুক্তঃ] প্রাণঃ তথা (তথাস্তু) ইতি [কৃত্বা] তেভ্যঃ (দেবেভ্যঃ) উদগায়ৎ (উদ্গীথগানং কৃতবান্)। প্রাণে যঃ ভোগঃ (সর্ব্বেন্দ্রিয়াণাং সাধারণঃ উপকারঃ), তং (ভোগং) দেবেভ্যঃ আগাৎ (গীতবান্), যৎ [পুনঃ] কল্যাণং (শোভনং) জিঘ্রতি, তৎ আত্মনে (আত্মার্থং স্বার্থমেব) [আগায়ৎ]। তে (অসুরাঃ) বিদুঃ (বিদিতবন্তঃ),—অনেন (ঘ্রাণরূপেণ) উদ্গাত্রা (উদ্গানকারিণা) বৈ (অবধারণে) নঃ (অস্মান্) অত্যেষ্যন্তি (অতিক্রমিষ্যন্তি দেবাঃ), ইতি [এবং নিশ্চিত্য] তম্ (প্রাণম্) অভিদ্রুত্য (আক্রম্য) পাপ্মনা (আসক্তিলক্ষণেন পাপেন) অবিধ্যন্ (সংযোজিতবন্তঃ)। যঃ সঃ, সঃ পাপ্মা; [কোঽসৌ ?] যৎ এব ইদং অপ্রতিরূপং (নিন্দিতং) জিঘ্রতি [ঘ্রাণঃ], সঃ এব পাপ্মা ইত্যর্থঃ ॥ ১২ ॥ ৩ ॥

মূলানুবাদ।—অতঃপর ঘ্রাণেন্দ্রিয়কে বলিলেন,—তুমি আমাদের জন্য উদ্গান কর (উদ্গীথ কর্ম্ম কর)। 'তথাস্তু' বলিয়া ঘ্রাণেন্দ্রিয় তাঁহাদের জন্য উদ্গীথগান করিলেন। ঘ্রাণেন্দ্রিয়ের যাহা সাধারণ ব্যাপার, তাহাই অপর সকলের জন্য গান করিলেন; কিন্তু ঘ্রাণেন্দ্রিয় যে, উত্তম আঘ্রাণ করে, তাহা নিজের জন্য গান করিলেন। [এই ত্রুটিতে] অসুরগণ বুঝিতে পারিল যে, দেবতারা এই উদ্গাতা দ্বারা আমাদিগকে পরাভূত করিবে। ইহা জানিয়া তাহারা ঘ্রাণেন্দ্রিয়কে আক্রমণ করিয়া তাঁহাকে পাপবিদ্ধ করিল। সেই ঘ্রাণেন্দ্রিয় যে, অপ্রিয় গন্ধ আঘ্রাণ করে, ইহাই হইল সেই পাপ্মা (পাপফল) ॥ ১২ ॥ ৩ ॥

অথ হ চক্ষুরূচুস্ত্বং ন উদ্গায়েতি, তথেতি—তেভ্যশ্চক্ষুরুদগায়ৎ। যশ্চক্ষুষি ভোগস্তং দেবেভ্য আগায়ৎ, যৎ কল্যাণং পশ্যতি

তদাত্মনে। তে বিদুরনেন বৈ ন উদ্গাত্রাত্যেষ্যন্তীতি তমভিদ্রুত্য পাপ্মনাঽবিধ্যন্ স যঃ স পাপ্মা যদেবেদমপ্রতিরূপং পশ্যতি, স এব স পাপ্মা ॥ ১৩ ॥ ৪ ॥

সরলার্থঃ।—অথ (ঘ্রাণানন্তরম্) হ (ঐতিহ্যে) চক্ষুঃ উচুঃ—ত্বং নঃ (অস্মভ্যম্) উদ্গায় ইতি। 'তথা' ইতি [কৃত্বা] চক্ষুঃ তেভ্যঃ (দেবেভ্যঃ) উদ্গায়ৎ। চক্ষুষি যঃ ভোগঃ (সাধারণঃ উপকারঃ), তং দেবেভ্যঃ আগায়ৎ ; যৎ [পুনঃ] কল্যাণং পশ্যতি, তৎ আত্মনে [আগায়ৎ]। তে (অসুরাঃ) বিদুঃ—অনেন (চক্ষুরূপেণ) উদ্গাত্রা নঃ (অস্মান্) বৈ অত্যেষ্যন্তি, ইতি (অস্মাৎ হেতোঃ) তম্ (চক্ষুরূপম্ উদ্গাতারম্) অভিদ্রুত্য পাপ্মনা অবিধ্যন্ (সংযোজিতবন্তঃ)। সঃ যঃ, সঃ পাপ্মা ; [কোঽসৌ ?] যৎ এব ইদম্ অপ্রতিরূপং (নিষিদ্ধং) পশ্যতি ; সঃ এব সঃ (অসুরাক্ষিপ্তঃ) পাপ্মা। ১৩ ॥ ৪ ॥

মূলানুবাদ।—তাহার পর দেবগণ চক্ষুকে বলিলেন—তুমি আমাদের জন্য উদ্গীথ গান কর ; চক্ষুঃ 'তথাস্তু' বলিয়া দেবগণের উদ্দেশে গান করিলেন ; কিন্তু চক্ষুর যাহা সাধারণ ভোগ, তাহাই দেবগণের উদ্দেশ্যে গান করিলেন, আর যাহা কল্যাণময় দর্শন, তাহা আপনার জন্য গান করিলেন। অসুরগণ বুঝিতে পারিল যে, দেবতারা এই উদ্গাতা দ্বারা আমাদিগকে পরাজিত করিবে ; এইজন্য তাহারা যাইয়া তাঁহাকে (চক্ষুদেবতাকে) পাপবিদ্ধ করিল। চক্ষু যে, নিকৃষ্ট রূপ দর্শন করে, তাহাই সেই পাপ॥ ১৩ ॥ ৪ ॥

অথ হ শ্রোত্রমূচুস্ত্বং ন উদ্গায়েতি, তথেতি—তেভ্যঃ শ্রোত্রমুদগায়ৎ। যঃ শ্রোত্রে ভোগস্তং দেবেভ্য আগায়ৎ, যৎ কল্যাণং শৃণোতি তদাত্মনে। তে বিদুরনেন বৈ ন উদ্গাত্রাঽত্যেষ্যন্তীতি তমভিদ্রুত্য পাপ্মনাঽবিধ্যন্ স যঃ স পাপ্মা যদেবেদমপ্রতিরূপং শৃণোতি, স এব স পাপ্মা ॥ ১৪ ॥ ৫ ॥

সরলার্থঃ।—অথ (অনন্তরং) হ (ঐতিহ্যে) শ্রোত্রম্ উচুঃ—ত্বং নঃ (অস্মভ্যম্) উদ্গায় ইতি ; শ্রোত্রং 'তথা' ইতি [কৃত্বা] তেভ্যঃ (দেবেভ্যঃ) উদগায়ৎ ; কিন্তু যঃ শ্রোত্রে ভোগঃ, তং দেবেভ্যঃ আগায়ৎ ; যৎ [পুনঃ

কল্যাণং শৃণোতি, তৎ (কল্যাণশ্রবণং) আত্মনে [আগায়ৎ]। তে (অসুরাঃ) বিদুঃ—[দেবাঃ] অনেন (শ্রোত্ররূপেণ) উদ্গাত্রা বৈ নঃ (অস্মান্) অত্যেষ্যন্তি ইতি, তম্ (উদ্গাতারম্) অভিদ্রুত্য পাপ্মনা অবিধ্যন্। সঃ যঃ পাপ্মা ; [কঃ ?] ইদং (শ্রোত্রং) যৎ এব অপ্রতিরূপং শৃণোতি, সঃ (অপ্রতিরূপশ্রবণম্) এব স পাপ্মা ॥ ১৪। ৫।

মূলানুবাদ।—অতঃপর দেবগণ শ্রবণেন্দ্রিয়কে বলিলেন—তুমি আমাদের জন্য উদ্গীথগান কর। শ্রবণেন্দ্রিয় 'তথাস্তু' বলিয়া তাঁহাদের জন্য গান করিলেন ; কিন্তু শ্রবণেন্দ্রিয়ের যাহা সাধারণ ভোগ, তাহাই দেবগণের উদ্দেশ্যে গান করিলেন, আর যাহা কল্যাণময় শ্রবণ, তাহা নিজের জন্য গান করিলেন। অসুরগণ বুঝিতে পারিল যে, দেবতারা এই শ্রোত্ররূপ উদ্গাতার সাহায্যে আমাদিগকে অতিক্রম করিবে। ইহা বুঝিয়া তাহারা সত্বর যাইয়া সেই শ্রবণেন্দ্রিয়কে পাপে বিদ্ধ করিল। শ্রবণেন্দ্রিয় যে, অপ্রিয় বিষয় শ্রবণ করিয়া থাকে, ইহাই সেই পাপ বা পাপের ফল ॥ ১৪ ॥ ৫ ॥

অথ হ মন উচুস্ত্বং ন উদ্গায়েতি, তথেতি—তেভ্যো মন উদগায়ৎ। যো মনসি ভোগস্তং দেবেভ্য আগায়দ্, যৎ কল্যাণꣳ সঙ্কল্পয়তি তদাত্মনে। তে বিদুরনেন বৈ ন উদ্গাত্রাঽত্যেষ্যন্তীতি তমভিদ্রুত্য পাপ্মনাঽবিধ্যন্ স যঃ স পাপ্মা যদেবেদমপ্রতিরূপꣳ সঙ্কল্পয়তি, স এব স পাপ্মা। এবমু খল্বেতা দেবতাঃ পাপ্মভিরুপাসৃজন্নেবমেনাঃ পাপ্মনাঽবিধ্যন্ ॥ ১৫ ॥ ৬ ॥

সরলার্থঃ।—অথ (অনন্তরং) হ (ঐতিহ্যে) মনঃ (অন্তঃকরণম্) উচুঃ ত্বং নঃ (অস্মভ্যম্) উদ্গায় ইতি। মনঃ তথা ইতি [কৃত্বা] তেভ্যঃ (দেবেভ্যঃ) উদগায়ৎ ; মনসি যঃ ভোগঃ (সাধারণঃ ব্যাপারঃ), তং দেবেভ্যঃ আগায়ৎ ; যৎ [পুনঃ] কল্যাণং সঙ্কল্পয়তি (চিন্তয়তি), তৎ (কল্যাণচিন্তনং) আত্মনে [আগায়ৎ]। তে (অসুরাঃ) বিদুঃ (বিজ্ঞাতবন্তঃ) যৎ [দেবাঃ] অনেন উদ্গাত্রা বৈ নঃ (অস্মান্) অত্যেষ্যন্তি ইতি, [এবং নিশ্চিত্য] অভিদ্রুত্য তং (মনোরূপম্ উদ্গাতারম্) পাপ্মনা অবিধ্যন্ ; সঃ যঃ, সঃ পাপ্মা। [কঃ ?] ইদং (মনঃ) যদ্ এব অপ্রতিরূপং সঙ্কল্পয়তি, সঃ এব সঃ পাপ্মা। এবং

(বাগাদিবৎ) উ (এব) এতাঃ (অনুক্তা অপি ত্বগাদ্যাঃ) দেবতাঃ খলু পাপ মভিঃ উপাসৃজন্ (পাপ্ম-সম্বন্ধং প্রাপ্তবন্তঃ), এবং (বাগাদিবদেব) এনাঃ (ত্বগাদ্যাঃ দেবতাঃ) পাপ্মনা অবিধ্যন্ [অসুরা ইতি শেষঃ] ॥ ১৫ ॥ ৬।

মূলানুবাদ।—তাহার পর দেবগণ মনকে বলিলেন—তুমি আমাদের জন্য উদ্গান কর। মন 'তথাস্তু' বলিয়া তাঁহাদের জন্য গান করিলেন; কিন্তু মনের যাহা সাধারণ কার্য্য—চিন্তামাত্র, তাহাই দেবগণের নিমিত্ত, আর যাহা কল্যাণময় শুভ সঙ্কল্প, তাহা আপনার নিমিত্ত গান করিলেন। এই অপরাধে অসুরগণ বুঝিতে পারিল যে, দেবতারা এই মনোরূপ উদ্গাতা দ্বারা আমাদিগকে পরাভূত করিবে; তাই তাহারা দ্রুত উপস্থিত হইয়া মনকে পাপে বিদ্ধ করিল। মন যে, অশুভ সঙ্কল্প (চিন্তা) করিয়া থাকে, তাহাই সেই পাপ; মন সেই পাপে সংযুক্ত হইয়াছিল। উক্ত বাক্ প্রভৃতির ন্যায় ত্বক্প্রভৃতি ইন্দ্রিয়-দেবতারাও এইরূপে পাপাসক্ত হইয়াছিলেন, এবং অসুরগণ তাঁহাদিগকে পাপবিদ্ধ করিয়াছিল ॥ ১৫ ॥ ৬ ॥

শাঙ্করভাষ্যম্।—তথৈব ঘ্রাণাদিদেবতা উদ্গীথনির্ব্বর্ত্তকত্বাৎ জপমন্ত্রপ্রকাশ্যা উপাস্যাশ্চেতি ক্রমেণ পরীক্ষিতবন্তঃ। দেবানাঞ্চৈতৎ নিশ্চিতমাসীৎ---বাগাদিদেবতাঃ ক্রমেণ পরীক্ষ্যমাণাঃ কল্যাণবিষয়বিশেষাত্ম-সম্বন্ধাসঙ্গহেতোঃ আসুরপাপ্মসংসর্গাদ্ উদ্গীথনির্ব্বর্ত্তনাসমর্থাঃ; অতঃ অনভিধেয়াঃ, "অসতো মা সদ্গময়" ইত্যনুপাস্যাশ্চ; অশুদ্ধত্বাৎ ইতরাব্যাপকত্বাচ্চেতি।

এবম্ খলু, অনুক্তা অপি এতাঃ ত্বগাদিদেবতাঃ, কল্যাণাকল্যাণকার্য্যদর্শনাৎ, এবং বাগাদিবদেব, এনাঃ পাপ্মনা অবিধ্যন্ পাপ্মনা বিদ্ধবন্ত ইতি যদুক্তম্, তৎ পাপ্মভিরুপাসৃজন্ পাপ্মভিঃ সংসর্গ কৃতবন্ত ইত্যেতৎ॥ ১২-১৫ ॥ ৩-৬ ॥

টীকা। বাগ্দেবতায়া জপমন্ত্রপ্রকাশ্যত্বমুপাস্যত্বং চ নেতি নির্দ্ধার্য, অবশিষ্টপর্য্যায়চতুষ্টয়স্য তাৎপর্য্যমাহ--তথৈবেতি। পরীক্ষাফলনির্ণয়মাহ—দেবানাং চেতি। অনুপাস্যত্বে হেত্বন্তরমাহ—ইতরেতি। ইতরঃ কার্য্যকরণসঙ্ঘাতঃ তস্মিন্নব্যাপকত্বং পরিচ্ছিন্নত্বম্, অতশ্চানুপাস্যত্বং, জপমন্ত্রাপ্রকাশ্যত্বং চেত্যর্থঃ। উক্তৈরিন্দ্রিয়ৈঃ অনুক্তেন্দ্রিয়াণ্যুপলক্ষণীয়ানীতি বিবক্ষিত্বোপসংহরতি—এবমিতি। বাগাদিবৎ ত্বগাদিষু কল্পকাভাবাৎ ন পাপ্মবেধোঽস্তীত্যাশঙ্ক্যাহ—কল্যাণেতি। পাপ্মভিরুপাসৃজন্ পাপ্মনা অবিধ্যন্নিত্যনয়োরস্তি পৌনরুক্ত্যম্, ইত্যাশঙ্ক্য ব্যাখ্যানব্যাখ্যেয়ভাবাৎ নৈবমিত্যাহ—ইতি যদুক্তমিতি ॥ ১২—১৫ ॥ ৩—৬ ॥

ভাষ্যানুবাদ।—বাক্‌প্রভৃতির ন্যায় ঘ্রাণাদি দেবতাও উদ্গীথের সম্পাদক; সুতরাং তাঁহারাও উপাস্য এবং ["অসতো মা সদ্গময়" এই] জপ্যমন্ত্রেও প্রকাশনযোগ্য; এই জন্য দেবতাগণ ক্রমে তাঁহাদিগকে পরীক্ষা করিয়াছিলেন। তাহার ফলে, দেবতাগণের এইরূপই নিশ্চয় বা স্থিরসিদ্ধান্ত হইয়াছিল যে, যেহেতু ক্রমিক পরীক্ষার ফলে যখন দেখা গেল যে, বাক্ প্রভৃতি দেবতাগণ বিশেষ বিশেষ কল্যাণকর বিষয়ে স্বার্থপরতারূপ আসক্তি-দোষে আসুর পাপে সংসৃষ্ট, সেই হেতুই তাহারা উদ্গীথ-ক্রিয়া সম্পাদনে অক্ষম; কাজেই "অসতো মা সদ্ গময়" এই মন্ত্রের প্রতিপাদ্য নহে, এবং উপাস্যও নহে; বিশেষতঃ, তাহারা পাপসংসর্গবশতঃ অশুদ্ধও বটে এবং অপরাপর অপেক্ষা শ্রেষ্ঠও নহে।

অনুক্ত ত্বক্‌প্রভৃতি দেবতাও পূর্ব্বোক্ত বাক্‌প্রভৃতি দেবতারই অনুরূপ; কারণ, তাহাদের মধ্যেও শুভাশুভ কার্য্য দৃষ্ট হয়। পূর্ব্বে যে পাপের কথা বলা হইয়াছে, এই দেবতাগণও সেই পাপে সংসৃষ্ট হইয়াছিলেন, এবং [অসুরগণ কর্তৃক] পাপবিদ্ধ হইয়াছিলেন॥ ১২—১৫ ॥ ৩—৬॥

শাঙ্কর-ভাষ্যম্।—বাগাদিদেবতা উপাসীনা অপি মৃত্যুত্যতিগমনায়াশরণাঃ সন্তো দেবাঃ ক্রমেণ—

টীকা।—সম্প্রতি মুখ্যপ্রাণস্য মন্ত্রপ্রকাশ্যত্বমুপাস্যত্বং চ বক্তুমুত্তরবাক্যমুপাদায় ব্যাকরোতি—বাগাদীতি। ক্রমেণ উপাসীনা ইতি সম্বন্ধঃ।

ভাষ্যানুবাদ।—দেবগণ ক্রমে বাক্ প্রভৃতি দেবতার উপাসনা করিয়াও মৃত্যুভয় অতিক্রম করিতে অসমর্থ হইয়া, [মুখ্যপ্রাণের উপাসনায় প্রবৃত্ত হইলেন]—

অথ হেমমাসন্যং প্রাণমূচুস্ত্বং ন উদ্গায়েতি, তথেতি—তেভ্য এষ প্রাণ উদগায়ৎ। তে বিদুরনেন বৈ ন উদ্গাত্রাঽত্যেষ্যন্তীতি তদভিদ্রুত্য পাপ্মনাঽবিব্যৎসন্ স যথাঽশ্মানমৃত্বা লোষ্টো বিধ্বংসেতৈবং হৈব বিধ্বংসমানা বিষ্বঞ্চো বিনেশুস্ততো দেবা অভবন্ পরাঽসুরাঃ, ভবত্যাত্মনা পরাঽস্য দ্বিষন্ ভ্রাতৃব্যো ভবতি য এবং বেদ॥ ১৬॥ ৭॥

সরলার্থঃ।—অথ (ততঃ পরং) [দেবাঃ] হ ইমং আসন্যং (আস্যস্থং—মুখবর্ত্তিনং) প্রাণং মুখ্যং প্রাণং) ঊচুঃ (উক্তবন্তঃ)—ত্বং নঃ (অস্মভ্যম্)

উদ্গায় ইতি। এষঃ (মুখ্যঃ) প্রাণঃ, তথা ইতি [কৃত্বা] তেভ্যঃ (দেবেভ্যঃ) উদগায়ৎ; তে (অসুরাঃ) বিদুঃ (জ্ঞাতবন্তঃ); [যৎ] অনেন (মুখ্যপ্রাণেন) উদ্গাত্রা বৈ নঃ (অস্মান্) অত্যেষ্যন্তি ইতি। [এবং জ্ঞাত্বা, তে অসুরাঃ] অভিদ্রুত্য, তং (তং মুখ্যং প্রাণম্) পাপ্মনা অবিব্যৎসন্ (বেদ্ধুম্ ইষ্টবন্তঃ)। সঃ (অস্মিন্ বিষয়ে দৃষ্টান্তঃ)—যথা)—(যদ্বৎ) লোষ্টঃ (মৃৎপিণ্ডঃ) অশ্মানং (পাষাণং) ঋত্বা (গত্বা প্রাপ্য) বিধ্বংসেত (বিধ্বস্তঃ ভবেৎ), এবং হ এব [অসুরাঃ] বিধ্বংসমানাঃ বিষ্বঞ্চঃ (ইতস্ততঃ বিস্রস্তাঃ সন্তঃ) বিনেশুঃ (বিনষ্টা বভূবুঃ)। ততঃ (অনন্তরং] দেবাঃ অভবন্ (স্বপদপ্রতিষ্ঠা বভূবুঃ); অসুরাঃ [চ] পরা (পরাজিতাঃ অভবন্)। যঃ (জনঃ) এবং [যথোক্তদেবাসুরসংবাদং) বেদ, [সঃ] আত্মনা (স্বয়ং) ভবতি (প্রজাপতিস্বরূপো ভবতীত্যর্থঃ)। অস্য দ্বিষন্ (দ্বেষকারী) ভ্রাতৃব্যঃ (শত্রুঃ) পরাভবতি (উপাসকঃ নিঃশত্রুঃ ভবতীতি ভাবঃ)॥ ১৬ ॥ ৭ ॥

মূলানুবাদ।—অতঃপর দেবতাগণ মুখবর্ত্তী মুখ্য প্রাণকে বলিলেন—তুমি আমাদের জন্য উদ্গীথ গান কর। মুখ্যপ্রাণ 'তথাস্তু' বলিয়া দেবতাগণের উদ্দেশ্যে উদ্গান করিলেন। এবারও অসুরগণ জানিতে পারিল যে, দেবতারা এই প্রাণরূপ উদ্গাতার সাহায্যে আমাদিগকে অতিক্রম করিবে। এইরূপ মনে করিয়া তাহারা অবিলম্বে যাইয়া তাঁহাকে স্বীয় পাপে কলুষিত করিতে ইচ্ছা করিল; কিন্তু লোষ্ট (ঢিল) যেমন পাষাণখণ্ডে পতিত হইয়া আপনিই চূর্ণ হইয়া যায়, ঠিক তেমনি সেই অসুরগণও মুখ্য প্রাণকে আক্রমণ করিতে যাইয়া নিজেরাই বিধ্বস্ত ও চতুর্দ্দিকে বিক্ষিপ্ত হইয়া বিনষ্ট হইল। তাহা হইতেই দেবতারা দেবভাব প্রাপ্ত হইলেন, আর অসুরগণ পরাভূত হইলেন। অপর কোন লোকও যদি এই তত্ত্ব অবগত হন, তাহা হইলে, তিনিও নিজে প্রজাপতি-স্বরূপ হন, এবং তাঁহারও শত্রু বিনষ্ট হইয়া যায়॥ ১৬ ॥ ৭ ॥

শাঙ্কর-ভাষ্যম্।—অথ অনন্তরম্, হ ইমম্—ইত্যভিনয়প্রদর্শনম্; আসন্যম্ আস্যে ভবমাসন্যং মুখান্তর্ব্বিলস্থং প্রাণম্ উচুঃ—ত্বং ন উদ্গায়েতি। তথেতি এবং শরণমুপগতেভ্যঃ স এষ প্রাণো মুখ্য উদগায়ৎ ইত্যাদি পূর্ব্ববৎ। পাপ্মনা-অবিব্যৎসন্ বেধনং কর্ত্তুমিষ্টবন্তঃ, তে চ দোষাসংসর্গিণং সন্তং মুখ্যং প্রাণং স্বেন আসঙ্গদোষেণ বাগাদিষু লব্ধপ্রসরাঃ তদভ্যাসানুবৃত্ত্যা, সংশ্লিষ্যমাণাঃ বিনেশুঃ বিনষ্টা

বিধ্বস্তাঃ। কথমিব? ইতি দৃষ্টান্ত উচ্যতে—স যথা, স দৃষ্টান্তো যথা—লোকে অশ্মানং পাষাণম্ ঋত্বা প্রাপ্য লোষ্টঃ পাংশুপিণ্ডঃ পাষাণচূর্ণনায় অশ্মনি নিক্ষিপ্তঃ স্বয়ং বিধ্বংসেত বিস্রংসেত বিচূর্ণীভবেৎ; এবং হৈব—যথায়ং দৃষ্টান্তঃ, এবমেব বিধ্বংসমানা বিশেষেণ ধ্বংসমানাঃ, বিষঞ্চঃ নানাগতয়ঃ, বিনেশুঃ বিনষ্টাঃ যতঃ, ততঃ তস্মাদসুরবিনাশাৎ দেবত্বপ্রতিবন্ধভূতেভ্যঃ স্বাভাবিকাসঙ্গ-জনিতপাপ্মভ্যো বিয়োগাৎ, অসংসর্গধর্ম্মি-মুখ্যপ্রাণাশ্রয়বলাৎ, দেবা বাগাদয়ঃ প্রকৃতাঃ অভবন্; কিমভবন্? স্বং দেবতারূপমগ্ন্যাদ্যাত্মকং বক্ষ্যমাণম্। পূর্ব্বমপি অগ্ন্যাদ্যাত্মান এব সন্তঃ স্বাভাবিকেন পাপ্মনা তিরস্কৃতবিজ্ঞানাঃ পিণ্ডমাত্রাভিমানা আসন্। তে তৎপাপ্মবিয়োগাদ্ উজ্‌ঝিত্বা পিণ্ডমাত্রাভিমানং, শাস্ত্রসমর্পিত-বাগাদ্যগ্ন্যাদ্যাত্মাভিমানা বভূবুরিত্যর্থঃ। কিঞ্চ, তে প্রতিপক্ষভূতা অসুরাঃ পরা—অভবন্নিত্যনুবর্ত্ততে; পরাভূতা বিনষ্টা ইত্যর্থঃ।

যথা পুরাকল্পেন বর্ণিতঃ পূর্ব্বযজমানোঽতিক্রান্তকালিকঃ এতামেব আখ্যায়িকারূপাং শ্রুতিং দৃষ্ট্বা, তেনৈব ক্রমেণ বাগাদিদেবতাঃ পরীক্ষ্য, তাশ্চাপোহ্য আসঙ্গ-পাপ্মাস্পদ-দোষবত্ত্বেন, অদোষাস্পদং মুখ্যং প্রাণম্ আত্মত্বেনোপগম্য, বাগাদ্যাধ্যাত্মিক-পিণ্ডমাত্র-পরিচ্ছিন্নাত্মাভিমানং হিত্বা, বৈরাজ-পিণ্ডাভিমানং বাগাদ্যগ্ন্যাদ্যাত্মবিষয়ং বর্ত্তমানপ্রজাপতিত্বং শাস্ত্রপ্রকাশিতং প্রতিপন্নঃ; তথৈবায়ং তেনৈব বিধিনা ভবতি প্রজাপতিস্বরূপেণ আত্মনা; পরা চাস্য প্রজাপতিত্ব-প্রতিপক্ষভূতঃ পাপ্মা দ্বিষন্ ভ্রাতৃব্যো ভবতি;—যতোঽদ্বেষ্টাপি ভবতি কশ্চিৎ ভ্রাতৃব্যো ভরতাদিতুল্যঃ; যস্তু ইন্দ্রিয়বিষয়াসঙ্গজনিতঃ পাপ্মা ভ্রাতৃব্যো দ্বেষ্টা চ, পারমার্থিকাত্মস্বরূপ-তিরস্করণহেতুত্বাৎ; স চ পরাভবতি বিশীর্যতে লোষ্টবৎ,প্রাণপরিষঙ্গাৎ।

কস্যৈতৎ ফলম্, ইত্যাহ—য এবং বেদ, যথোক্তং প্রাণমাত্মত্বেন প্রতিপদ্যতে, পূর্ব্বযজমানবদিত্যর্থঃ॥ ১৬॥ ৭॥

টীকা। বাগাদিষু নৈরাত্ম্যানন্তর্য্যম্ অথশব্দার্থঃ। বিবক্ষিতার্থ-জ্ঞাপকোঽসাধারণো দেহ-তদবয়ব-ব্যাপারোঽভিনয়ঃ। দোষাসংসর্গিণং দোষেণ সংসৃষ্টং কর্ত্তুমিচ্ছা কুতো জাতা? ইত্যাশঙ্ক্যাহ—স্বেনেতি। তদভ্যাসানুবৃত্ত্যা তস্য পাপ্মসংসর্গকরণস্য অভ্যাসবশাদিতি যাবৎ। উক্তমর্থং দৃষ্টান্তেন স্পষ্টয়তি—কথমিত্যাদিনা। অসুরনাশেন আসঙ্গজনিতপাপ্মবিয়োগে তুমাহ—অসংসর্গেতি। বক্ষ্যমাণং "সোঽগ্নিরভবৎ" ইত্যাদিনেতি শেষঃ। বাগাদীনাং স্থিতানাং নানাং চ কুতোঽগ্ন্যাদিরূপত্বম্, ইত্যাশঙ্ক্যাহ—পূর্ব্বমপীতি। ন তর্হি তেষাং পরিচ্ছেদাভিমানঃ দিত্যাশঙ্ক্যাহ—স্বাভাবিকেনেতি। পরিচ্ছেদাভিমানাৎ অগ্ন্যাদ্যাত্মাভিমানস্য বলবত্ত্বং তি—শাস্ত্রেতি। ন কেবলমত্রোক্তানামেব আসুরাণাম্ অসংসর্গধর্ম্মি-প্রাণাশ্রয়াদ্ বিনাশঃ, তৎ-তুল্যজাতীয়ানামপি, ইত্যভিপ্রেত্যাহ—কিঞ্চেতি।

বাগাদীনাম্ অগ্ন্যাদিত্বাবাপত্তিবচনেন তৎসংহতস্য যজমানস্য দেবতাপ্রাপ্তিঃ আসুরপাপ্ম-ধ্বংসশ্চ ফলমিত্যুক্তং, তত্র পূর্ব্বকল্পিয়-যজমানস্য অতিশয়শালিত্বাৎ যথোক্তফলবত্ত্বেঽপি, ন ইদানীন্তনস্যৈবমিত্যাশঙ্ক্য ভবতীত্যাদিশ্রুতিমবতারয়তি—যথেতি। পূর্ব্বকল্পনাপ্রকারেণ পূর্ব্ব-জন্মস্থো যজমানঃ শাস্ত্রপ্রকাশিতং বর্ত্তমানপ্রজাপতিত্বং প্রতিপন্নো যথেতি সম্বন্ধঃ। পূর্ব্বযজমান ইত্যস্য ব্যাখ্যা অতিক্রান্তকালিক ইতি। পুরাকল্পমেব দর্শয়তি—এতামিতি। তেনেতি শ্রুত্যুক্তেনেত্যেতৎ। তেনৈব বিধিনা শ্রুতিপ্রকাশিতেন ক্রমেণ মুখ্যং প্রাণম্ আত্মত্বেনোপ-গমোতি শেষঃ। সপত্নো ভ্রাতৃব্যঃ, তস্য দ্বিষন্নিতি কুতো বিশেষণম্? অর্থসিদ্ধত্বাদ্দ্বেষস্য, ইত্যাশঙ্ক্যাহ—যত ইতি। তস্য দ্বেষ্টৃত্বনিয়মে হেতুমাহ—পারমার্থিকেতি। অপরিচ্ছিন্ন-দেবতাত্বমত্র পারমার্থিকমাত্মস্বরূপং বিবক্ষিতং, তৎতিরস্করণকারণত্বাৎ উক্তপাপ্মনো বিশেষণ-মর্থবদিতি শেষঃ।

'যদাগ্নেয়োঽষ্টাকপালঃ' ইতিবৎ য এবং বেদেতি প্রসিদ্ধার্থোপবন্ধেঽপি বিধিপরং বাক্যম্, অতশ্চৈবং বিদ্যাদিতি বিবক্ষিতমিত্যভিপ্রেত্যাহ—যথোক্তমিতি॥ ১৬॥ ৭॥

ভাষ্যানুবাদ।—'অথ' অর্থ—অতঃপর; 'হ' শব্দ ঐতিহ্য-দ্যোতক; সাক্ষাৎ-নির্দ্দেশ-সূচনার্থ 'ইমম্' ('ইহাকে') শব্দের প্রয়োগ করা হইয়াছে। 'আসন্য' অর্থ—আস্যে বিদ্যমান=আসন্য, অর্থাৎ মুখবিবরে অবস্থিত সেই প্রাণকে বলিলেন—তুমি আমাদের জন্য উদ্‌গান কর। সেই এই মুখ্য প্রাণ তাদৃশ শরণাগত দেবতা-গণের নিমিত্ত 'তথাস্তু' বলিয়া উদ্গীথ গান করিলেন, ইত্যাদির ব্যাখ্যা পূর্ব্ববৎ। সেই অসুরগণ [প্রাণকে] পাপবিদ্ধ করিতে ইচ্ছা করিল,—অর্থাৎ অসুরগণ বাক্ প্রভৃতি ইন্দ্রিয়ে কৃতকার্য্য হইয়া সেই অভ্যাসদোষে দোষসংস্পর্শবিহীন মুখ্য-প্রাণকেও স্বীয় আসক্তিদোষে লিপ্ত করিতে উদ্যত হইল। সেই অভিপ্রায়ে [তাঁহার সহিত] সংসৃষ্ট অর্থাৎ মিলিত হইবামাত্র বিনষ্ট—বিশেষরূপে ধ্বংসপ্রাপ্ত হইল; কাহার ন্যায়? এই প্রশ্নোত্তরে দৃষ্টান্ত নির্দ্দেশ করিতেছেন। সেই দৃষ্টান্তটী এই—জগতে পাষাণকে চূর্ণ করিবার অভিপ্রায়ে নিক্ষিপ্ত লোষ্ট অর্থাৎ ধূলিপিণ্ড যেমন সেই অশ্মে—পাষাণে লাগিয়া নিজেই বিধ্বস্ত—চূর্ণীকৃত হইয়া যায়, ঠিক তেমনই প্রকার; অর্থাৎ কথিত দৃষ্টান্তটী যে প্রকার, উহাও ঠিক সেই প্রকারই বিধ্বংসমান—বিশেষরূপে ধ্বংসপ্রাপ্ত এবং বিষ্বক্ অর্থাৎ নানাদিকে বিক্ষিপ্ত হইয়া বিনষ্ট হইয়াছিল। সেই হেতু—অসুরপক্ষের বিনাশহেতু, অর্থাৎ দেবভাবপ্রাপ্তির প্রতিবন্ধকস্বরূপ বা বাধক স্বভাবসিদ্ধ বিষয়াসক্তি-দোষজনিত পাপের নিবৃত্তি হওয়ায় এবং পাপসংস্পর্শরহিত মুখ্যপ্রাণের আশ্রয়-গ্রহণ করায় বাক্‌প্রভৃতি দেবগণ স্বাভাবিক অবস্থা প্রাপ্ত হইয়াছিলেন। কিরূপ অবস্থা প্রাপ্ত হইয়াছিলেন? না,' পরে যাহার কথা বলা হইবে, সেই অগ্ন্যাদি

দেবভাব প্রাপ্ত হইয়াছিলেন। অভিপ্রায় এই যে, পূর্ব্বেও তাঁহারা অগ্ন্যাদি-স্বরূপই ছিলেন, তথাপি স্বাভাবিক বিষয়াসক্তিদোষে তাঁহাদের সেই বিশেষ জ্ঞান (দিব্য জ্ঞান) আবৃত থাকায় কেবল দেহপিণ্ডেই আত্মবুদ্ধি স্থাপন করিয়াছিলেন; শেষে সেই আসঙ্গরূপ পাপ অপনীত হইলে পর, দেহমাত্রগত আত্মাভিমান পরিত্যাগপূর্ব্বক শাস্ত্রোপদেশানুসারে স্বীয় অগ্ন্যাদি দেবতাভিমান ধারণ করিয়াছিলেন। অধিকন্তু, তাঁহাদের প্রতিপক্ষ অসুরগণও পরাভূত—বিনষ্ট হইয়াছিল।

এখানে শ্রৌত আখ্যায়িকায় যেমন পুরাকল্প—ঐতিহাসিকরূপে পূর্ব্বকালীন যজমান (প্রজাপতি) বর্ণিত হইলেন, অর্থাৎ পূর্ব্বকল্পীয় যজমান যেমন যথোক্তক্রমে বাগাদি দেবতাকে পরীক্ষা করিয়া—বিষয়াসক্তিরূপ পাপসঙ্গদোষ বশতঃ তাঁহাদিগকে পরিত্যাগপূর্ব্বক নির্দ্দোষ মুখ্য প্রাণকে আত্মস্বরূপে গ্রহণ করিয়াছিলেন, এবং দৈহিক বাক্‌প্রভৃতিতে কেবল দেহমাত্রস্বরূপ পরিচ্ছিন্ন আত্মবুদ্ধি পরিত্যাগ করিয়া বিরাট্‌পুরুষরূপে ভাবনা করত শাস্ত্রোপদিষ্ট এই বর্ত্তমান প্রজাপতিপদ লাভ করিয়াছিলেন। তেমনি বর্ত্তমানকালীন যজমানও পূর্ব্বোক্ত পদ্ধতিক্রমে কার্য্য করিয়া প্রজাপতিস্বরূপ হইতে পারেন; এবং তাহার প্রজাপতিত্বলাভের প্রতিবন্ধক অনিষ্টকারী শত্রু—পাপও পরাভূত করিতে পারেন (১০)। দশরথপুত্র—ভরতের ন্যায় বিদ্বেষবিহীন হইয়াও ভ্রাতৃব্য (জন্ম-শত্রু) হইতে পারে; [এইজন্য শ্রুতিতে 'ভ্রাতৃব্যে'র বিশেষণরূপে 'দ্বিষন্' শব্দ দিতে হইয়াছে,] কিন্তু ইন্দ্রিয়ের বিষয়াসক্তিজনিত যে পাপ, তাহা শত্রুও বটে, এবং দ্বেষকারীও বটে; কারণ, উহাই প্রকৃতপক্ষে আত্মস্বরূপের আবরণ সম্পাদন করিয়া থাকে। সেই শত্রুও প্রাণের স্পর্শমাত্রে সাধারণ লোকের ন্যায় পরাভূত—বিশীর্ণ হইয়া যায়। যে ফলের কথা বলা হইল, ইহা কাহার ফল? তদুত্তরে বলিতেছেন—

(১০) তাৎপর্য্য—'ভ্রাতৃব্য' অর্থ—শত্রু। শত্রু দুই শ্রেণীতে বিভক্ত—(১) সহজ ও (২) কৃত্রিম। জন্মাধীন যাহাদের সঙ্গে ধন-সম্বন্ধ, তাহারা প্রীতিভাজন হইলেও 'সহজ-শত্রু' মধ্যে পরিগণিত। যেমন জ্যেষ্ঠতাত ভাই, খুল্লতাত ভাই প্রভৃতি। আগন্তুক কারণবশতঃ যাহাদের সহিত শত্রুতা হয়, তাহারা 'কৃত্রিম-শত্রু'-মধ্যে পরিগণিত। ইহার উদাহরণ দেওয়া অনাবশ্যক। শত্রুর ন্যায় মিত্রও সহজ ও কৃত্রিমভেদে দুই প্রকার;—মাতুলভাই প্রভৃতি যাহাদের সঙ্গে জন্মাধীন বন্ধুতা, তাহারা অনিষ্ট করিলেও 'সহজমিত্র' শ্রেণীর অন্তর্গত। আর যাহারা কোন প্রকার উপকার করিয়া বন্ধু হয়, তাহারা 'কৃত্রিম মিত্র'। এই জন্য শ্রুতি কেবল 'ভ্রাতৃব্য' শব্দ দিয়া নিশ্চিন্ত হইতে পারেন নাই, 'দ্বিষন্' শব্দেরও প্রয়োগ করিয়াছেন।

যে ব্যক্তি পূর্ব্বকল্পীয় যজমানের ন্যায় ইহ কল্পে প্রাণকে আত্মস্বরূপে উপলব্ধি করিতে পারে, তাহার এইরূপ ফল ॥ ১৬ ॥ ৭ ॥

শাঙ্কর-ভাষ্যম্।—ফলমুপসংহৃত্য অধুনা আখ্যায়িকারূপমেব আশ্রিত্যাহ—কস্মাচ্চ হেতোঃ বাগাদীন্ মুক্ত্বা মুখ্য এব প্রাণ আত্মত্বেন আশ্রয়িতব্য ইতি; তদুপপত্তি-নিরূপণায়—যস্মাদয়ং বাগাদীনাং পিণ্ডাদীনাঞ্চ সাধারণ আত্মা—ইত্যেতম্ অর্থম্ আখ্যায়িকয়া দর্শয়ন্ত্যাহ শ্রুতিঃ—

টীকা। ফলবৎপ্রধানোপাস্তেরুক্তত্বাৎ তে হোচুরিত্যাদ্যুত্তরবাক্যং গুণোপাস্তিপরম্, ইত্যাহ—ফলমিতি। ফলবন্তং প্রধানবিধিমুক্ত্বা সম্প্রত্যাখ্যায়িকামেবাশ্রিত্য গুণবিশিষ্টং প্রাণোপাসনমাহ অনন্তরশ্রুতিরিত্যর্থঃ। শঙ্কোত্তরত্বেন চ উত্তরগ্রন্থমবতারয়তি—কস্মাচ্চেতি। বিশুদ্ধত্বস্য উক্তত্বাৎ হেত্বন্তরং জিজ্ঞাস্যমিতি দ্যোতয়িতুং চ-শব্দঃ। করণানাং কার্য্যস্য তদবয়বানাং চ প্রাণো যস্মাদাত্মা ব্যাপকঃ, তস্মাৎ স এবাশ্রয়িতব্যঃ, ইত্যুপপত্তিনিরূপণার্থং তস্য ব্যাপকত্বমিত্যেতদর্থম্ আখ্যায়িকয়া দর্শয়ন্তী শ্রুতির্হেত্বন্তরমাহেতি যোজনা। তচ্ছব্দস্তস্মাদর্থে।

ভাষ্যানুবাদ।—বাক্ প্রভৃতি ইন্দ্রিয়বর্গকে পরিত্যাগ করিয়া মুখ্য প্রাণকেই আত্মারূপে আশ্রয় করিতে হইবে কেন, তাহার কারণ নিরূপণের জন্য শ্রুতি বিদ্যাফলের উপসংহার করিয়া, পুনশ্চ আখ্যায়িকা অবলম্বনেই বলিতেছেন;—যেহেতু এক মাত্র মুখ্য প্রাণই বাক্ ও দেহপিণ্ড প্রভৃতির পক্ষে সাধারণ (ব্যক্তিগত পক্ষপাতদোষবিহীন), [সেই হেতুই তাহাকে আত্মারূপে গ্রহণ করিতে হইবে]। শ্রুতি আখ্যায়িকাচ্ছলে এই বিষয়টীই প্রদর্শন করিতেছেন;—

তে হোচুঃ ক নু সোঽভূদ্ যো ন ইত্থমসক্তেত্যয়মাস্যেঽন্তরিতি, সোঽয়াস্য আঙ্গিরসোঽঙ্গানাং হি রসঃ ॥ ১৭ ॥ ৮ ॥

সরলার্থঃ।—তে (প্রজাপতিপ্রাণাঃ) হ (ঐতিহ্যে) উচুঃ (উক্তবন্তঃ)—যঃ নঃ (অস্মান্) ইত্থম্ (যথোক্তপ্রকারেণ) অসক্ত (সম্যগ্ জিতবান্—দেবভাবং গমিতবান্), সঃ ক (কুত্র) নু (বিতর্কে) অভূৎ (অসীৎ)? ইতি। [উত্তরম্—] অয়ম্ (অস্মদুপকারী প্রাণঃ) আস্যে অন্তঃ (মুখমধ্যে—মুখগহ্বরে) [অভূৎ], ইতি (অস্মাৎ হেতোঃ) সঃ (প্রাণঃ) অয়াস্যঃ (অয়ং আস্যে—ইতি 'অয়াস্যঃ', অথবা অনায়াসলভ্যত্বাৎ অয়াস্যঃ); [তথা] আঙ্গিরসঃ (অঙ্গানাং সারঃ—আত্মভূতঃ এবঃ, তস্মাৎ আঙ্গিরস ইতি ভাবঃ) ॥ ১৭ ॥ ৮ ॥

মূলানুবাদ।—সেই প্রজাপতির ইন্দ্রিয়সমূহ পরস্পর বলিয়াছিল—যিনি আমাদিগকে এইরূপে জয় করিলেন, অর্থাৎ আমাদিগকে দেবভাব লাভ করাইলেন, তিনি কোথায় ছিলেন? [অনুসন্ধানের পর

বুঝিলেন যে,'] সেই মুখ্য প্রাণ আস্যমধ্যে (মুখবিবরে) ছিলেন। এই জন্যই তিনি 'অয়াস্য', এবং সমস্ত অঙ্গের রস বা সারভূত বলিয়া 'আঙ্গিরস'-পদবাচ্য ॥ ১৭ ॥ ৮ ॥

শাঙ্কর-ভাষ্যম্।—তে প্রজাপতিপ্রাণাঃ মুখ্যেন প্রাণেন পরিপ্রাপিত-দেবস্বরূপাঃ হ উচুঃ উক্তবন্তঃ ফলাবস্থাঃ। কিমিত্যাহ—ক নু ইতি বিতর্কে। ক কস্মিন্ নু সোঽভূৎ। কঃ? যঃ নোঽস্মান্ ইত্থমেবম্, অসক্ত সক্তিতবান্ দেবভাব-মাত্মত্বেনোপগমিতবান্। স্মরন্তি হি লোকে কেনচিদুপকৃতা উপকারিণম্; লোকব-দেব স্মরন্তো বিচারয়মাণাঃ কার্য্যকরণসঙ্ঘাতে আত্মন্যেবোপলব্ধবন্তঃ। কথম্? অয়মাস্যে অন্তরিতি—আস্যে মুখে য আকাশঃ, তস্মিন্ অন্তঃ অয়ং প্রত্যক্ষো বর্ত্তত-ইতি। সর্ব্বো হি লোকো বিচার্য্য অধ্যবস্যতি; তথা দেবাঃ।

যস্মাদয়মন্তরাকাশে বাগাদ্যাত্মত্বেন বিশেষমনাশ্রিত্য বর্ত্তমান উপলব্ধো দেবৈঃ, তস্মাৎ—স প্রাণঃ অয়াস্যঃ বিশেষানাশ্রয়াচ্চ অসক্ত সক্তিতবান্ বাগাদীন। অত-এবাঙ্গিরসঃ আত্মা কার্য্যকরণানাম্। কথমাঙ্গিরসঃ? প্রসিদ্ধং হ্যেতদঙ্গানাং কার্য্য-করণলক্ষণানাং রসঃ সার আত্মেত্যর্থঃ। কথং পুনরঙ্গরসত্বম্? তদপায়ে শোষ-প্রাপ্তেরিতি বক্ষ্যামঃ। যস্মাচ্চ অয়মঙ্গরসত্বাৎ বিশেষানাশ্রিতত্বাচ্চ কার্য্যকরণানাং সাধারণ আত্মা বিশুদ্ধশ্চ, তস্মাৎ বাগাদীনপাস্য প্রাণ এব আত্মত্বেন আশ্রয়িতব্য ইতি বাক্যার্থঃ। আত্মা হি আত্মত্বেনোপগন্তব্যঃ, অবিপরীতবোধাৎ শ্রেয়ঃপ্রাপ্তেঃ, বিপর্য্যয়ে চানিষ্টপ্রাপ্তিদর্শনাৎ ॥ ১৭ ॥ ৮ ॥

টীকা। প্রাণস্যাত্মত্বাদি বাক্তীকর্ত্তুমাখ্যায়িকাশ্রুতিং বিভজতে—তে প্রজাপতীতি। বাগাদয়শ্চেৎ প্রাণমাশ্রিত্য ফলাবস্থাস্তর্হি কিমিতি প্রাণং স্মরন্তি প্রাপ্তফলত্বাৎ, ইত্যাশঙ্ক্যাহ—স্মরন্তি হীতি। বিচারফলমুপলব্ধিং কথয়তি—লোকবদিতি। তামেবোপলব্ধিমাকাঙ্ক্ষাদ্বারেণ বিবৃণোতি—কথমিতি। দৃষ্টান্তং স্পষ্টয়তি—সর্ব্বো হীতি। তথা দেবা বিচার্য্য প্রাণম্ আস্যান্তরাকাশস্থং নির্দ্ধারিতবন্ত ইত্যাহ—তথেতি।

কিমনয়া কথয়া সিদ্ধমিত্যাশঙ্ক্যাহ—যস্মাদিতি। উপলব্ধিসিদ্ধেঽর্থে যুক্তিং সমুচ্চিনোতি—বিশেষেতি। সর্ব্বানেব বাগাদীন্ অবিশেষেণান্নাদিভাবেন প্রাণঃ সক্তিতবান্। ন চ অমধ্যস্থঃ সাধারণং কার্য্যং নির্ব্বর্ত্তয়তি। অতো যুক্তিতোঽপি অয়মাস্যান্তরাকাশে বর্ত্তমানঃ সিদ্ধ ইত্যর্থঃ। অয়াস্যত্ববদাঙ্গিরসত্বং গুণান্তরং দর্শয়তি—অত এবেতি। সর্ব্বসাধারণত্বাদেবেতি যাবৎ। তথাপি কুতোঽস্যাঙ্গিরসত্বং সাধারণেঽপি নভসি তদনুপলব্ধেরিত্যাশঙ্ক্য পরিহরতি—কথমিত্যাদিনা। অঙ্গেষু চরমধাতোঃ সারত্বপ্রসিদ্ধের্ন প্রাণস্য তথাত্বমিতি শঙ্কিত্বা সমাধত্তে—কথং পুনরিত্যাদিনা। কস্মাচ্চ হেতোরিত্যাদি-চোদ্যপরিহারমুপসংহরতি—যস্মাচ্চেতি। বাক্যার্থং প্রপঞ্চয়তি—আত্মা হীতি ॥ ১৭ ॥ ৮ ॥

ভাষ্যানুবাদ।—মুখ্যপ্রাণ যাহাদের দেবভাব প্রকটিত করিয়াছে, প্রজাপতির সেই প্রাণসমূহ সফলতালাভ করিয়া বলিয়াছিল। কি [বলিয়াছিল] ? 'নু' শব্দটী বিতর্কার্থে প্রযুক্ত হইয়াছে। তিনি কোথায় ছিলেন ? তিনি কে ? না, যিনি আমাদিগকে এই প্রকার আত্মস্বরূপে দেবভাব প্রাপ্ত করাইয়াছেন, [তিনি কোথায় ছিলেন ?]। জগতে কাহারও নিকট উপকার লাভ করিয়া কৃতজ্ঞ ব্যক্তিরা সেই উপকারীকে স্মরণ করিয়া থাকেন; কৃতজ্ঞ ব্যক্তির ন্যায় [প্রজাপতির ইন্দ্রিয়গণও] স্মরণ করত অর্থাৎ অনুসন্ধান করিতে করিতে দেহেন্দ্রিয়সমষ্টিরূপ আপনার মধ্যেই তাঁহাকে দেখিতে পাইয়াছিলেন। কি প্রকার ? "অয়ম্ আস্যে অন্তঃ ইতি"—আস্যে অর্থাৎ মুখের মধ্যে যে, আকাশ (ফাঁক—মুখবিবর) আছে, তাহার মধ্যে এই (প্রাণ) প্রত্যক্ষই রহিয়াছেন, অর্থাৎ মুখের মধ্যেই ইঁহাকে দেখিতে পাওয়া যাইতেছে। জগতে সমস্ত লোকই বিচার করিয়া নিশ্চয় করিয়া থাকে, দেবগণও ঠিক সেইরূপই করিয়াছিলেন।

দেবগণ যেহেতু ইঁহাকে মুখ-বিবররূপ আকাশ মধ্যে দেখিতে পাইয়া বুঝিয়াছিলেন যে, এই মুখ্য প্রাণ বাগাদিরূপ কোন বিশেষ প্রকার অবস্থা অবলম্বন না করিয়া সাধারণভাবে বর্ত্তমান রহিয়াছে, সেই হেতুই উক্ত প্রাণ 'অয়াস্য'-পদবাচ্য; এবং যেহেতু স্বগত কোনরূপ বিশেষত্ব অবলম্বন না করিয়াই বাক্ প্রভৃতিকে দেবভাবাপন্ন করিয়াছেন, সেই হেতুই 'আঙ্গিরস'-পদবাচ্য। ভাল, মুখ্য প্রাণ 'আঙ্গিরস' হইল কি প্রকারে ? যেহেতু মুখ্য প্রাণই যে, দেহেন্দ্রিয়সমষ্টিভূত অঙ্গসমূহের রস—সারভূত আত্মা; ইহা ত লোকপ্রসিদ্ধই আছে। আচ্ছা, প্রাণই বা আঙ্গিরস হয় কি প্রকারে ? [উত্তর —] যেহেতু প্রাণের অভাবে সমস্ত অঙ্গ শুষ্ক হইয়া যায়, এ কথা পরে আমরা বলিব। যেহেতু এই মুখ্য প্রাণই অঙ্গরসত্ব ও নির্ব্বিশেষত্ব হেতু দেহেন্দ্রিয়সমষ্টির আত্মস্বরূপ এবং বিশুদ্ধ অর্থাৎ ভোগাসঙ্গ-দোষরহিত, এই কারণেই বাক্ প্রভৃতিকে পরিত্যাগ করিয়া মুখ্য প্রাণকেই আশ্রয় করা উচিত, ইহাই উক্ত বাক্যের তাৎপর্য্য। যেহেতু বিপর্য্যয়রহিত যথার্থ জ্ঞানেই শ্রেয়ঃপ্রাপ্তি হইয়া থাকে, আর বিপরীত জ্ঞানে অনিষ্টপ্রাপ্তিই দেখিতে পাওয়া যায়, সেই হেতু আত্মাকে—আত্মস্বরূপ প্রাণকে আত্মারূপেই উপলব্ধি করা উচিত; [সেই কারণেই প্রাণকে আত্মারূপে আশ্রয় করিতে বলা হইয়াছে] ॥ ১৭ ॥ ৮ ॥

সা বা এষা দেবতা দূর্নাম, দূরং হ্যস্যা মৃত্যুর্দূরং হ বা অস্মান্-মৃত্যুর্ভবতি, য এবং বেদ ॥ ১৮ ॥ ৯ ॥

সরলার্থঃ।—সা (পূর্ব্বোক্তা) এষা (প্রাণাখ্যা) দেবতা বৈ দূর্ নাম (দূর্নাম্না প্রসিদ্ধা); হি (যস্মাৎ) মৃত্যুঃ (আসঙ্গলক্ষণঃ পাপ্মা, মরণং বা) অস্যাঃ (প্রাণদেবতায়াঃ) দূরং (দূরে) (বর্ত্ততে); (তস্মাৎ) যঃ (অন্যোঽপি যঃ কশ্চিৎ) এবং (প্রাণস্য দূর্নামত্বং) বেদ (বিজানাতি), (মৃত্যুঃ) তস্মাৎ (বিদুষঃ) (অপি) দূরং (দূরে) ভবতি, হ বৈ (অবধারণে)।

মূলানুবাদ।—পূর্ব্বোক্ত এই প্রাণ-দেবতা 'দূর্' নামে প্রসিদ্ধ। কেন না, যেহেতু মৃত্যু অর্থাৎ ভোগাসক্তিরূপ পাপ ইহা হইতে দূরে থাকে। যে লোক এই প্রাণদেবতার 'দূর্' নাম জানে, মৃত্যু তাহার নিকট হইতেও দূরে থাকে॥ ১৮॥ ৯॥

শাঙ্করভাষ্যম্।—স্যান্মতং প্রাণস্য বিশুদ্ধিরসিদ্ধেতি। ননু পরিহৃতমেতদ্ বাগাদীনাং কল্যাণবদনাদ্যাসঙ্গবৎ প্রাণস্যাসঙ্গাস্পদত্বাভাবেন। বাঢ়ম্; কিন্তু আঙ্গিরসত্বেন বাগাদীনামাত্মত্বোক্ত্যা বাগাদিদ্বারেণ সংস্পৃষ্টি-তৎস্পৃষ্টৈরিবাশুদ্ধতা শঙ্ক্যতে, ইত্যাহ—শুদ্ধ এব প্রাণঃ; কুতঃ? সা বা এষা দেবতা দূর্নাম—যং প্রাণং প্রাপ্য অশ্মানমিব লোষ্টবং বিধ্বস্তা অসুরাঃ; তং পরামৃশতি—সেতি। সৈবৈষা, যেয়ং বর্ত্তমান-সঙ্ক্রমান-শরীরস্থা দেবৈর্নির্দ্ধারিতা "অয়মাস্যেঽন্তঃ" ইতি। দেবতা চ সা স্যাৎ, উপাসনক্রিয়ায়াঃ কর্ম্মভাবেন গুণভূতত্বাৎ।

যস্মাৎ সা দূর্নাম দূরিত্যেবং খ্যাতা; নামশব্দঃ খ্যাপনপর্য্যায়ঃ। তস্মাৎ প্রসিদ্ধাঽস্যা বিশুদ্ধিঃ দূর্নামত্বাৎ। কুতঃ পুনর্দূর্নামত্বম্? ইত্যাহ—দূরং দূরে, হি যস্মাৎ, অস্যাঃ প্রাণদেবতায়াঃ, মৃত্যুরাসঙ্গলক্ষণঃ পাপ্মা; অসংশ্লেষধর্ম্মিত্বাৎ প্রাণস্য সমীপস্থস্যাপি দূরতা মৃত্যোঃ; তস্মাদ্ দূরিত্যেবং খ্যাতিঃ; এবং প্রাণস্য বিশুদ্ধির্জ্ঞাপিতা (ক)। বিদুষঃ ফলমুচ্যতে—দূরং হ বা অস্মাৎ মৃত্যুর্ভবতি—অস্মাদেবংবিদঃ, য এবং বেদ, তস্মাৎ; এবমিতি প্রকৃত বিশুদ্ধিগুণোপেতং প্রাণমুপাস্ত ইত্যর্থঃ। উপাসনং নাম উপাস্যার্থবাদে যথা দেবতাদিস্বরূপং শ্রুত্যা জ্ঞাপ্যতে, তথা মনসোপগম্য আসনং চিন্তনং লৌকিকপ্রত্যয়াব্যবধানেন, যাবৎ তদ্দেবতাদিস্বরূপাত্মাভিমানাভিব্যক্তিরিতি, লৌকিকাত্মাভিমানবৎ; "দেবো ভূত্বা দেবানপ্যেতি" "কিন্দেবতোঽস্যাং প্রাচ্যাং দিশ্যসি" ইত্যেবমাদি-শ্রুতিভ্যঃ॥ ১৮॥ ৯॥

টীকা। প্রাণস্য শুদ্ধত্বাৎ ব্যাপকত্বাচ্চ উপাস্যত্বমুক্তং, তস্য শুদ্ধং বাগাদিবদসিদ্ধম্,

(ক) খ্যাতিরেব, প্রাণস্য বিশুদ্ধিজ্ঞাপিকা ইতি কচিৎ পাঠঃ।

ইত্যাশঙ্কতে—শুদ্ধমিতি। শঙ্কামাক্ষিপ্য সমাধত্তে—নহীত্যাদিনা। শবেন স্পৃষ্টস্তৎস্পৃষ্ট, তেন স্পৃষ্টোঽপরঃ, তস্যাশুদ্ধতাবৎ অশুদ্ধবাগাদিসম্বন্ধাৎ অশুদ্ধত্বাশঙ্কা প্রাণস্যোচিতেতার্থঃ। তাৎপর্য্যং দর্শয়ন্ উত্তরবাক্যমুত্তরত্বেন অবতারয়তি—আহেতি। নম্বত্র প্রাণো নোচ্যতে স্ত্রীলিঙ্গেন অর্থান্তরোক্তিপ্রতীতেরিত্যাশঙ্কাহ—যং প্রাণমিতি। তস্যামুস্তস্য পরোক্ষত্বাদপরোক্ষবাচী চ কথমেতচ্ছব্দো যুজ্যতে, তত্রাহ—সৈবেতি। কথং প্রাণে দেবতাশব্দঃ, ন হি তস্য তচ্ছব্দত্বং প্রসিদ্ধমিত্যাশঙ্ক্যাহ—দেবতা চেতি। যাগে হি দেবতা কারকত্বেন গুণভূতা প্রসিদ্ধা, তথা প্রাণোঽপি দ্রব্যাঙ্গত্বে সতি বিহিতক্রিয়াগুণত্বাৎ দেবতেত্যর্থঃ।

প্রাণোপাস্তের্দ্বিবিধং ফলং—পাপহানির্দ্দেবতাভাবশ্চ, তত্র পাপহানেরেব প্রধানফলস্যাত্র শ্রবণাৎ দুর্গুণবিশিষ্টপ্রাণোপাস্তিরিহ বিবক্ষিতেতি বাক্যার্থমাহ—যশ্চীদিতি। ন তাবৎ প্রাণদেবতায়া দূর্নামত্বং নিরূঢ়ং, তত্র তচ্ছব্দপ্রসিদ্ধেরদর্শনাৎ, নাপি যৌগিকং প্রাণস্য প্রত্যগ্-বৃত্তের্দূরত্বাভাবাৎ, ইত্যাক্ষিপতি—কুতঃ পুনরিতি। পরিহরতি—আহেতি। কথং পাপ্মসন্নিধৌ বর্ত্তমানস্য ততো দূরত্বমিত্যাশঙ্কাহ—অসংশ্লেষেতি। উপাস্তে সদা ভাবয়তীতি যাবৎ। ব্রহ্ম-জ্ঞানাদিব প্রাণতত্ত্বজ্ঞানাৎ ফলসিদ্ধিসম্ভবে কিং সদা তদ্ভাবনয়া? ইত্যাশঙ্ক্য ভাবনাপর্য্যায়োপাসন-শব্দার্থমাহ—উপাসনং নামেতি। দীর্ঘকালাদরনৈরন্তর্য্যরূপবিশেষণত্রয়ং বিবক্ষিত্বাহ—লৌকি-কেতি। তস্য মর্য্যাদাং দর্শয়তি—যাবদিতি। মনুষ্যোঽহমিতিবৎ দেবোঽহমিতি যস্য জীবত এব অভিমানাভিব্যক্তিঃ, তস্যৈব দেহপাতাদূর্দ্ধং তদ্ভাবঃ ফলতীত্যত্র প্রমাণমাহ—দেবো ভূত্বেতি। কা দেবতা রূপং তবেতি—কিংদেবতোঽসীতি, তদ্ভাবো ভাতীত্যর্থঃ॥ ১৮॥ ৯॥

ভাষ্যানুবাদ।—মনে হইতে পারে,—প্রাণের যে, বিশুদ্ধি বলা হইয়াছে, তাহা অসিদ্ধ, অর্থাৎ কোন প্রমাণ দ্বারা সমর্থিত হয় না; কেন না, বাক্ প্রভৃতির যেরূপ কল্যাণ-কথনাদিবিষয়ে আসক্তি আছে, প্রাণের সেরূপ কোনও আসক্তি নাই; সুতরাং এ কথার মীমাংসা ত পূর্ব্বেই করা হইয়াছে; [তবে আবার শঙ্কা হয় কেন?] হাঁ, একথা সত্য বটে, কিন্তু আঙ্গিরসত্ব নিবন্ধন প্রাণকে বাক্প্রভৃতির আত্মস্বরূপ বলায়, 'শবস্পৃষ্ট-তৎস্পৃষ্ট' ন্যায়ানুসারে (১১) বাগাদির সহিত সম্বন্ধ থাকায়, প্রাণেও বাগাদিগত অশুদ্ধি সংক্রামিত হইতে পারে; এইজন্য বলিতেছেন যে, না—প্রাণ বিশুদ্ধই বটে; কারণ? যেহেতু এই দেবতা (প্রাণ) 'দূর' নামে প্রসিদ্ধ। পাষাণে নিক্ষিপ্ত লোষ্ট্রের ন্যায় অসুরগণ যে প্রাণকে আক্রমণ করিয়া বিধ্বস্ত হইয়াছিল, এখানে 'সা' পদে সেই প্রাণকে বুঝাইতেছে। ইহা সেই দেবতাই বটে,—বর্ত্তমান যজমানের শরীরগত যে দেবতা, দেবগণকর্ত্তৃক 'অয়ম্ আস্যে অন্তঃ'

---

(১১) তাৎপর্য্য—'শবস্পৃষ্ট' ন্যায় এইরূপ,—শব (মৃতদেহ) স্বভাবতই অস্পৃশ্য, শবস্পর্শী ব্যক্তিও অস্পৃশ্য; আবার তাহার স্পৃষ্ট বস্তুও অস্পৃশ্য হইয়া থাকে। এখানেও তদ্রূপই বুঝিতে হইবে।

বলিয়া নির্দ্ধারিত হইয়াছেন। উপাসনা-ক্রিয়ার কর্ম্মরূপে (উপাস্তরূপে) প্রাণ যখন উপাসনারই অঙ্গস্বরূপ, তখন দেবতাস্বরূপও বটে।

যেহেতু সেই দেবতা (প্রাণ) 'দূর্' নামে প্রসিদ্ধ; এখানে নামশব্দটী প্রসিদ্ধি-দ্যোতক; সেই হেতুই ইহার বিশুদ্ধতাও প্রসিদ্ধ; 'দূর্' এই নামই বিশুদ্ধির কারণ। কেন যে, তাহার 'দূর্' নাম হইল, তাহা বলিতেছেন—যেহেতু মৃত্যু অর্থাৎ বিষয়াসঙ্গরূপ পাপ এই প্রাণদেবতা হইতে দূরে অবস্থিত; আসক্তিরূপ দোষ না থাকায় মৃত্যু তাঁহার সন্নিহিত হইলেও বস্তুতঃ দূরে আছে; এইজন্যই তাঁহার 'দূর্' নামে প্রসিদ্ধি ঘটিয়াছে। এইরূপে প্রাণের বিশুদ্ধি বিজ্ঞাপিত হইল। এখন বিদ্যার ফল কথিত হইতেছে—ইহা হইতে অর্থাৎ এবংবিধ জ্ঞানসম্পন্ন ব্যক্তির নিকট হইতে মৃত্যু অতি দূরে থাকে, যিনি এইতত্ত্ব জানেন, তাঁহার নিকট হইতেও [মৃত্যু দূরে থাকে]। 'এবং' শব্দ হইতে বুঝিতে হইবে যে, যে লোক বিশুদ্ধ-গুণসম্পন্ন প্রাণের উপাসনা করেন,—উপাসনা শব্দের অর্থ এই যে, শ্রুতিতে উপাসনা বিধির অর্থবাদবাক্যে (প্রশংসাবাক্যে) দেবতাপ্রভৃতির যেরূপ স্বরূপ বর্ণিত আছে, মনে মনে ঠিক সেই রূপটির নিকট উপস্থিত হইয়া আসন—(উপ+আসন=উপাসনা) চিন্তা করা। বলা আবশ্যক যে, উক্ত চিন্তার মধ্যে জাগতিক অন্য কোনও চিন্তা প্রবিষ্ট থাকিবে না। যতক্ষণ লোকসিদ্ধ অভিমানের ন্যায় সেই উপাস্য দেবতাদির স্বরূপে তাহার আত্মাভিমান অভিব্যক্ত না হয়, [ততকাল ঐরূপ ধ্যান করিতে হইবে]; কেন না, শ্রুতি বলিয়াছেন—'দেবতা হইয়া দেবতার উপাসনা করিবে', 'তুমি এই পূর্ব্বদিকে কোন্ দেবতারূপে বর্ত্তমান আছ?' ইত্যাদি ॥ ১৮ ॥ ৯ ॥

শাঙ্করভাষ্যম্।—"সা বা এষা দেবতা...দূরং হ বা অস্মান্মৃত্যুর্ভবতি" ইত্যুক্তম্। কথং পুনরেবংবিদো দূরং মৃত্যুর্ভবতীতি? উচ্যতে—এবংবিত্ত্ববিরোধাৎ; ইন্দ্রিয়-বিষয়সংসর্গাসঙ্গজো হি পাপ্মা প্রাণাত্মাভিমানিনো হি বিরুধ্যতে, বাগাদিবিশেষাত্মাভিমানহেতুত্বাৎ স্বাভাবিকাজ্ঞানহেতুত্বাচ্চ। শাস্ত্রজনিতো হি প্রাণাত্মাভিমানঃ; তস্মাদেবংবিদঃ পাপ্মা দূরং ভবতীতি যুক্তম্, বিরোধাৎ। তদেতৎ প্রদর্শয়তি—

টীকা। কণ্ডিকান্তরমবতারয়ন্ বৃত্তং কীর্ত্তয়তি—সা বা ইতি। নিত্যানুষ্ঠানাৎ পাপহানিঃ, ধর্ম্মাৎ পাপক্ষয়শ্রুতেঃ। ন চেদমুপাসনং নিত্যং নৈমিত্তিকং বা, দেবতাত্বকামিনো বিধানাৎ, তৎকথং পাপম্ এবংবিদো দূরে ভবতীত্যাক্ষিপতি—কথং পুনরিতি। বিরোধিসন্নিপাতে পূর্ব্বপ্রধ্বংসমাবশ্যকং মত্বানঃ সমাধত্তে—উচ্যতে ইতি। উক্তমেব ব্যনক্তি—ইন্দ্রিয়েতি।

ইন্দ্রিয়াণাং বিষয়েষু সংসর্গে যোঽভিনিবেশস্তেন জনিতঃ পাপ্মা পরিচ্ছেদাভিমানঃ অপরিচ্ছিন্নে প্রাণাত্মনি আত্মাভিমানবতো বিরুধ্যতে, পরিচ্ছেদাপরিচ্ছেদয়োর্বিরোধস্ত প্রসিদ্ধত্বাদিত্যর্থঃ। বিরোধং সাধয়তি—বাগাদীতি। পাপ্মনো বাগাদিবিশেষবত্যাত্মনি বিশিষ্টে অভিমানহেতুত্বাৎ আধিদৈবিকাপরিচ্ছিন্নাভিমানে ধ্বংসো যুজ্যতে। দৃশ্যতে হি চণ্ডালভাণ্ডাবলম্বিনো জলস্য গঙ্গাদ্যবিশেষভাবাপত্তৌ অপেয়ত্বনিবৃত্তিঃ।

"অশুচ্যপি পয়ঃ প্রাপ্য গাঙ্গং যাতি পবিত্রতম্"

স্মৃতি স্যাদিত্যর্থঃ। যন্নৈসর্গিকাজ্ঞানজন্যং তদাগন্তুকপ্রমাণজ্ঞানেন নিবর্ত্ততে, যথা রজ্জুসর্পাদি-জ্ঞানং। নৈসর্গিকাজ্ঞানজন্যশ্চ পাপ্মা, তেন প্রামাণিকপ্রাণবিজ্ঞানেন তদধ্বস্তিরিত্যাহ - স্বাভাবিকেতি। নয়ভিমানয়োর্বিরোধাবিশেষাৎ বাধ্যবাধকত্বব্যবস্থাযোগাৎ দ্বয়োরপি মিথো বাধঃ স্যাৎ, তত্রাহ—শাস্ত্রজনিতো হীতি। উক্তমেব পাপধ্বংসরূপং বিদ্যাফলং প্রপঞ্চয়িতুমুত্তরবাক্য-মিত্যাহ—তদেতদিতি।

ভাষ্যানুবাদ।—(আভাস)। "সা বা এষা দেবতা,...দূরং হ বা অস্মাৎ মৃত্যুর্ভবতি" একথা পূর্ব্বে উক্ত হইয়াছে। এখন জিজ্ঞাস্য হইতেছে যে, এবংবিধ জ্ঞানসম্পন্ন ব্যক্তির মৃত্যু দূরগত হয় কি প্রকারে? বলা হইতেছে,— যেহেতু এবংবিধ জ্ঞানলাভের সঙ্গে মৃত্যুর বিরোধ রহিয়াছে। কেন না, ইন্দ্রিয়-গ্রাহ্য বিষয়সম্পর্কজাত আসক্তি হইতে যে, পাপ উৎপন্ন হয়, তাহা ত প্রাণাত্মা-ভিমানীর সম্বন্ধে সম্পূর্ণ বিরুদ্ধ; কারণ, বাকপ্রভৃতি বিশেষ বিশেষ ইন্দ্রিয়ে আত্মাভিমান এবং স্বভাবসিদ্ধ অজ্ঞান বা বিপরীত বুদ্ধিই ঐরূপ পাপোৎপত্তির কারণ; আর প্রাণে যে আত্মাভিমান হয়, তাহার কারণ হইল -শাস্ত্রীয় উপদেশ; কাজেই স্বাভাবিকের সহিত শাস্ত্রজ অভিমানের বিরোধ থাকায় প্রাণা-ত্মবিদের নিকট হইতে দূরে অবস্থান করা পাপের পক্ষে যুক্তিযুক্ত হইতেছে; কেন না, উভয়ের মধ্যে যথেষ্ট বিরোধ রহিয়াছে; বিরুদ্ধ পদার্থদ্বয়ের এক স্থানে অবস্থিতি কখনই হইতে পারে না। অতঃপর এ বিবরটিই প্রকাশ করিয়া বলিতেছেন—

সা বা এষা দেবতৈতাসাং দেবতানাং পাপ্মানং মৃত্যুমপহত্য যত্রাসাং দিশামন্তস্তদ্ গময়াঞ্চকার, তদাসাং পাপ্মনো বিন্যদধাৎ, তস্মান্ন জনমিয়ান্নান্তমিয়ান্নেৎ পাপ্মানং মৃত্যুমন্ববায়ানীতি॥১৯১০॥

সরলার্থঃ।—সা বৈ এষা (প্রাণাখ্যা) দেবতা, এতাসাং (বাগাদীনাং) পাপ্মানং (পাপলক্ষণং) মৃত্যুম্ অপহত্য (বিচ্ছিদ্য), যত্র (যস্মিন্ প্রদেশে) আসাং (পূর্ব্বাদীনাং) দিশাম্ অন্তঃ (অবসানং, যতঃ পরঃ দিগ্‌ব্যবহারো নাস্তি,

•শব্দ
যুক্তি

প্রাকৃতজ্ঞানসম্পন্ন-জনাধ্যুষিতং স্থানং বা), তৎ (তত্র) গময়াঞ্চকার (মৃত্যুং গমিতবান্)। তৎ (তত্র) আসাং (দেবতানাং) পাপ্মনঃ (পাপানি) বিন্যদধাৎ (বিবিধাকারেণ স্থাপিতবতী); তস্মাৎ (হেতোঃ) জনং (অন্ত্যজনং) ন ইয়াৎ (তেন সহ ন সংসর্গং কুর্য্যাৎ), তথা অন্তং (দিগন্তশব্দবাচ্যং অন্ত্যজনবাসস্থানমপি) ন ইয়াৎ (ন গচ্ছেৎ)। ['নেৎ' ইতি ভয়সূচকম্ অব্যয়ম্;] তৎসংসর্গে কৃতে হি [অহং] পাপ্মানং মৃত্যুম্ অন্ববায়ানি (অনুগচ্ছেয়ম্, পাপী ভবেয়ম) [এবং ভীত্যা ন অন্ত্যং জনম্, তৎস্থানং বা ইয়াদিত্যর্থঃ] ॥ ১৯ ॥ ১০ ॥

মূলানুবাদ। সেই প্রাণদেবতা উক্ত বাক্-প্রভৃতির পাপরূপ মৃত্যুকে তাহাদের নিকট হইতে বিচ্ছিন্ন করিয়া—যেখানে এই পূর্ব্বাদি দিকের অন্ত বা শেষ হইয়াছে, অর্থাৎ যেখানে শাস্ত্রোপদিষ্ট জ্ঞানশূন্য লোকের অবস্থান, সেই স্থানে প্রেরণ করিয়াছিলেন; সেখানেই বাগাদির পাপ-সমূহকে নানাবিধ আকারে স্থাপন করিয়াছিলেন; সেইজন্য ঐ প্রদেশস্থ লোকের সহিত সংসর্গ করিবে না, এবং সেই প্রান্তভূমিতেও যাইবে না। 'নেৎ' কথাটী ভীতিসূচক; [ঐরূপ করিলে] আমিও পাপরূপ মৃত্যুর কবলগত হইব, (এই ভয়ে আর অন্ত্যজনের ও ঐ স্থানের সংস্রব করিবে না) ॥ ১৯ ॥ ১০ ॥

শাঙ্করভাষ্যম্।—সা বা এষা দেবতেত্যুক্তার্থম্। এতাসাং বাগাদীনাং দেবতানাং পাপ্মানং মৃত্যুং—স্বাভাবিকাজ্ঞানপ্রযুক্তেন্দ্রিয়বিষয়সংসর্গাসঙ্গজনিতেন হি পাপ্মনা সর্ব্বো ম্রিয়তে, স হ্যতো মৃত্যুঃ,—তং প্রাণাত্মাভিমানরূপাভ্যো দেবতাভ্যঃ, অপরিচ্ছেদ্য অপহত্য—প্রাণাত্মাভিমানমাত্রতয়ৈব প্রাণোঽপহন্তেত্যুচ্যতে। বিরোধাদেব তু পাপ্মা এবংবিদো দূরং গতো ভবতি; কিং পুনশ্চকার দেবতানাং পাপ্মানং মৃত্যুমপহত্য? ইতি, উচ্যতে—যত্র যস্মিন্ আসাং প্রাচ্যাদীনাং দিশামন্তোঽবসানম্, তৎ তত্র গময়াঞ্চকার গমনং কৃতবানিত্যেতৎ।

নন্বু নাস্তি দিশামন্তঃ, কথমন্তং গমিতবানিতি? উচ্যতে—শ্রৌতবিজ্ঞানবজ্জনাবধিনিমিত্ত-কল্পিতত্বাৎ দিশাম্, তদ্বিরোধিজনাধ্যুষিত এব দেশো দিশামন্তঃ, দেশান্তোঽরণ্যমিতি বদ্বৎ, ইত্যদোষঃ।

তৎ তত্র গময়িত্বা আসাং দেবতানাং, পাপ্মন ইতি দ্বিতীয়াবহুবচনম্; বিন্যদধাৎ বিবিধং ন্যগ্‌ভাবেনাদধাৎ স্থাপিতবতী প্রাণদেবতা; প্রাণাত্মাভিমানশূন্যেষন্ত্যজনেষ্বিতি, সামর্থ্যাৎ। ইন্দ্রিয়সংসর্গজো হি সঃ, ইতি প্রাণ্যাশ্রয়তাব-

গম্যতে। তস্মাৎ তমন্তাং জনং নেয়াৎ ন গচ্ছেৎ—সম্ভাষণদর্শনাদিভির্ন সংসৃজেৎ; তৎসংসর্গে পাপ্মনা সংসর্গঃ কৃতঃ স্যাৎ; পাপ্মাশ্রয়ো হি সঃ; তজ্জননিবাসং চান্তং দিগন্তশব্দবাচ্যং নেয়াৎ—জনশূন্যমপি, জনমপি তদ্দেশবিযুক্তম্ ইত্যভিপ্রায়ঃ। নেদিতি পরিভয়ার্থে নিপাতঃ। ইত্থং জনসংসর্গে পাপ্মানং মৃত্যুম্ অন্ববায়ানীতি—[অনু+অব+অয়ানীতি] অনুগচ্ছেয়মিতি এবং ভীতো ন জনমন্তং চেয়াদিতি পূর্ব্বেণ সম্বন্ধঃ ॥ ১৯ ॥ ১০ ॥

টীকা। মৃত্যুমপহত্য যত্রাসাং দিশামন্তঃ, তদ্গময়াঞ্চকারেতি সম্বন্ধঃ। কথং পাপ্মা মৃত্যুরুচ্যতে, তত্রাহ—স্বাভাবিকেতি। অপহত্যেত্যত্র পূর্ব্ববদন্বয়ঃ। প্রাণদেবতা চেৎ পাপ্মানং হন্তি, সদৈব কিং ন হন্যাদিত্যাশঙ্কাহ—প্রাণাত্মেতি। ভবতু প্রাণো বাগাদীনাং পাপ্মনোঽপহন্তা, বিদুষস্তু কিমায়াতমিত্যাশঙ্ক্যাহ—বিরোধাদেবেতি।

অনন্তাকাশদেশত্বাৎ দিশামন্তাভাবাদ্ যত্রাসামিত্যাদ্যযুক্তমিতি শঙ্কতে—নন্বিতি। শাস্ত্রীয়জ্ঞানকর্ম্মসংস্কৃতো জনো মধ্যদেশঃ প্রসিদ্ধঃ, তস্যাপি তদধিষ্ঠিতত্বেন মধ্যদেশত্বাৎ তত্রাপাস্ত্যজাধিষ্ঠিতদেশস্য পাপীয়স্ত্বস্বীকারাৎ, অতস্তং জনং তদধিষ্ঠিতং চ দেশমবধিং কৃত্বা তেনৈব নিমিত্তেন দিশাং কল্পিতত্বাদানন্ত্যাভাবাৎ পূর্ব্বোক্তজনাতিরিক্তজনস্য তদধিষ্ঠিতদেশস্য চ অন্তত্বোক্তেন্মধ্যদেশাদন্যো দেশো দিশামন্ত ইত্যুক্তে ন কাচিদনুপপত্তিরিতি পরিহরতি—উচ্যত ইতি।

কিমিত্যন্ত্যজনেষু ইত্যধিকারাদঃ ক্রিয়তে, তত্রাহ—ইতি সামর্থ্যাদিতি। দেশমাত্রে পাপ্মাবস্থানানুপপত্তেরিত্যর্থঃ। তামেবানুপপত্তিং সাধয়তি—ইন্দ্রিয়েতি। ভবতু যথোক্তো দিশামন্তস্তথা চ পাপ্মনঃসর্গোঽস্তু, তথাপি কিমায়াতমিত্যাশঙ্ক্য তস্য শিষ্টৈস্ত্যাজ্যত্বমিত্যাহ—তস্মাদিতি। নিষেধদ্বয়স্য তাৎপর্য্যমাহ—জনশূন্যমপীতি। প্রাণোপাস্তিপ্রকরণে নিষেধশ্রুতেস্তদুপাসকেনৈবায়ং নিষেধোঽনুষ্ঠেয়ঃ ন সর্ব্বৈরিত্যাশঙ্ক্যাহ—নেদিত্যাদিনা। ইত্থংশ্রুত্যুক্তং নিষেধং ন চেদহং কুর্য্যাং, ততঃ পাপ্মানমনুগচ্ছেয়ং নিষেধাতিক্রমাদিতি সর্ব্বস্য ভয়ং জায়তে, ন প্রাণোপাসকস্যৈব। অতঃ সর্ব্বোঽপি পাপাদ্ভীতো নোভয়ং গচ্ছেৎ বাক্যং হি প্রকরণাদ্ বলবদিত্যর্থঃ ॥ ১৯ ॥ ১০ ॥

ভাষ্যানুবাদ।—'সা বৈ এষা দেবতা' এ কথার অর্থ পূর্ব্বেই উক্ত হইয়াছে। [সেই প্রাণ দেবতা] এই বাগাদি দেবতাগণের পাপরূপ মৃত্যুকে,—স্বাভাবিক অজ্ঞানবশতঃ যে, শব্দস্পর্শাদি বিষয়ের সহিত ইন্দ্রিয়সম্বন্ধাধীন আসক্তি, সাধারণতঃ সেই আসক্তিজনিত পাপের ফলেই সমস্ত লোক মৃত্যুমুখে পতিত হইয়া থাকে; এইজন্য সেই পাপই মৃত্যুর হেতু বলিয়া মৃত্যু নামে অভিহিত হইয়াছে। সেই পাপরূপী মৃত্যুকে প্রাণাত্মাভিমানরূপ দেবতাগণের নিকট হইতে বিচ্ছিন্ন করিয়া (পৃথক্ করিয়া), প্রাণে যে আত্মাভিমান স্থাপন, তাহাই এখানে 'অপহত্য' কথায় বলা হইয়াছে। ভাল কথা, এবংবিধ জ্ঞানসম্পন্ন ব্যক্তির স্বভাববিরুদ্ধ বলিয়াই ত পাপরূপ মৃত্যু দূরগামী হইয়া থাকে, তবে আর মৃত্যুকে বিচ্ছিন্ন করিয়া

বিশেষ ফল কি হইল? তদুত্তরে বলিতেছেন—এই পূর্ব্বাদি দিক্‌সমূহের যেখানে অন্ত—অবসান (শেষ) হইয়াছে, সেখানে মৃত্যুকে প্রেরণ করিয়াছিলেন।

ভাল, দিক্‌সমূহের ত কোথাও অন্ত নাই, তবে দিগন্তে প্রেরণ করিলেন কিরূপে? হাঁ- বলা হইতেছে—বেদোপদিষ্ট জ্ঞানসম্পন্ন বিদ্বজ্জনের বাসভূমির সীমা লইয়াই দিগ্‌বিভাগ কল্পিত হইয়াছে, অর্থাৎ যাঁহারা শ্রৌত জ্ঞান লাভ করিয়াছেন, সাধারণতঃ তাঁহারাই দিকের ব্যবহার করিয়া থাকেন; সুতরাং যাহারা শ্রৌত জ্ঞানবিহীন, তাহাদের ঐরূপ দিগ্‌ব্যবহার না থাকায়, তাদৃশ জনের আবাস-প্রদেশই এখানে দিগন্তশব্দ-বাচ্য, যেমন দেশান্ত বলিলে 'অরণ্য' বুঝায়, ইহাও তদ্রূপ; কাজেই এখানে কোনও দোষ হইতেছে না।

'পপ্মনঃ' পদে দ্বিতীয়ার বহুবচন রহিয়াছে; উহা কর্ম্মপদ। সেই প্রাণদেবতা উক্ত দেবতাগণের সেই পাপরাশিকে সেখানে প্রেরণ করিয়া নানাপ্রকার হীনাবস্থায় স্থাপন করিয়াছিলেন। পাপমাত্রই বিষয়েন্দ্রিয়সম্বন্ধজাত, এবং প্রাণিগণে আশ্রিত; সুতরাং বুঝা যাইতেছে যে, যাহারা প্রাণাত্মবুদ্ধিবিহীন অন্ত্যজ লোক, তাহাদের উপরই [ঐ পাপরাশি স্থাপন করিয়াছিলেন]। অতএব সেই পাপযুক্ত অন্ত্যজ লোকের নিকট গমন করিবে না, অর্থাৎ সম্ভাষণ ও দর্শনাদি দ্বারা তাহাদের সঙ্গে সংসর্গ করিবে না; কারণ, সে নিজে পাপী; সুতরাং তাহার সহিত সংসর্গ করিলেই পাপের সহিত সংসর্গ করা হইবে, এইজন্য তাহার সহিত সম্বন্ধ রাখিবে না এবং অন্ত—দিগন্তশব্দবাচ্য তাদৃশ লোকের বাসভূমিতেও যাইবে না। অভিপ্রায় এই যে, সে দেশ যদি জনশূন্যও হয়, তাহা হইলেও সে দেশে যাইবে না, আর সে দেশের লোক যদি অন্যত্রও থাকে, তাহা হইলেও তাহার সংসর্গ করিবে না। 'নেৎ' শব্দটি নিপাত, [যাহা কোন লক্ষণানুসারে নিষ্পন্ন না হয়, সেরূপ শব্দকে 'নিপাত' বলে]। ইহার অর্থ—বিশেষ ভয়; যদি এই প্রকার লোকের সংসর্গ করি, তাহা হইলে পাপরূপী মৃত্যুর অনুগত হইব; এইরূপে ভীত হইয়া অন্ত্য-জনের সংসর্গ করিবে না॥ ১৯॥ ১০॥

সা বা এষা দেবতৈতাসাং দেবতানাং পাপ্মানং মৃত্যুমপহত্যাথৈনা মৃত্যুমত্যবহৎ॥ ২০॥ ১১॥

সরলার্থঃ।—সা (পূর্ব্বোক্তা) এষা দেবতা (প্রাণঃ) এতাসাং (বাগাদীনাং) দেবতানাং পাপ্মানং মৃত্যুম্ অপহত্য, অথ (অনন্তরং) এনাঃ (বাগাদ্যাঃ দেবতাঃ)

মৃত্যুম্ (পাপ্মানম্) অতীত্য (অতিক্রম্য) অবহৎ (স্বং স্বং দেবভাবং প্রাপিতবতীত্যর্থঃ) ॥ ২০ ॥ ১১ ॥

মূলানুবাদ।—সেই এই প্রাণদেবতা এই বাগাদি দেবতার পাপরূপ মৃত্যু অপনীত করিয়া, অনন্তর মৃত্যুরহিতরূপে তাহাদিগকে বহন করিয়াছিলেন, অর্থাৎ তাহাদিগকে নিজ নিজ দেবভাবে উপনীত করিয়াছিলেন ॥ ২০ ॥ ১১ ॥

শাঙ্করভাষ্যম্।—সা বা এষা দেবতা—তদেতৎ প্রাণাত্মজ্ঞানকর্ম্মফলং বাগাদীনামগ্ন্যাদ্যাত্মত্বমুচ্যতে। অথৈনা মৃত্যুমত্যবহৎ—যস্মাৎ আধ্যাত্মিকপরিচ্ছেদকরঃ পাপ্মা মৃত্যুঃ প্রাণাত্মবিজ্ঞানেনাপহতঃ, তস্মাৎ স প্রাণোহপহন্তা পাপ্মনো মৃত্যোঃ; তস্মাৎ স এব প্রাণঃ, এনাঃ বাগাদিদেবতাঃ প্রকৃতং পাপ্মানং মৃত্যুমতীত্য অবহৎ প্রাপয়ৎ স্বং স্বমপরিচ্ছিন্নমগ্ন্যাদিদেবতাত্মরূপম্ ॥ ২০ ॥ ১১ ॥

টীকা। দ্বিবিধমুপাস্তিফলং পাপহানির্দেবতাভাবশ্চ। তত্র পাপহানিমুপদিশতা প্রাসঙ্গিকঃ সাধারণো নিষেধো দর্শিতঃ। সম্প্রতি দেবতাভাবং বক্তুমুত্তরবাক্যমিতি পাতনিকোপাদানপূর্ব্বকমাহ—সা বা এষেতি। অথশব্দাবদ্যোতিতমর্থং কথয়তি—যস্মাদিতি। পাপ্মাপহন্তৃত্বমন্যাবশিষ্টং ভাগং ব্যাচষ্টে—তস্মাৎ স এবেতি ॥ ২০ ॥ ১১ ॥

ভাষ্যানুবাদ।—'সা বা এষা দেবতা' ইত্যাদি শ্রুতিতে উল্লিখিত প্রাণাত্মবিজ্ঞান ও তদনুষ্ঠানের ফল—বাগাদি ইন্দ্রিয়ের অগ্ন্যাদ্যাত্মকতা কথিত হইতেছে। 'অথ এনা মৃত্যুম্ অত্যবহৎ' কথার অর্থ এই যে,—যেহেতু দৈহিক সম্বন্ধবিচ্ছেদকারী মৃত্যুরূপ পাপ প্রাণাত্ম-বিজ্ঞান দ্বারা নিবারিত হইয়াছে, সেই হেতুই প্রাণদেবতা মৃত্যুরূপ পাপের অপহন্তা; এবং সেই হেতুই উক্ত প্রাণদেবতা বাক্-প্রভৃতি দেবতাকে মৃত্যুরূপ পাপ হইতে বিনির্ম্মুক্ত করিয়া বহন করিয়াছিলেন, অর্থাৎ তাহাদিগকে নিজ নিজ অপরিচ্ছিন্ন অগ্ন্যাদিদেবভাব লাভ করাইয়াছিলেন ॥ ২০ ॥ ১১ ॥

স বৈ বাচমেব প্রথমামত্যবহৎ, সা যদা মৃত্যুমত্যমুচ্যত, সোঽগ্নিরভবৎ; সোঽয়মগ্নিঃ পরেণ মৃত্যুমতিক্রান্তো দীপ্যতে ॥ ২১ ॥ ১২ ॥

সরলার্থঃ।—সঃ (প্রাণঃ) প্রথমাম্ (উদ্গীথকর্ম্মণি অপরকরণাপেক্ষয়া প্রধানাং, বাগ্নির্ব্বর্ত্যত্বাৎ উদ্গীথকর্ম্মণঃ) অত্যবহৎ (পাপ্মলক্ষণং মৃত্যুমতীত্য দেবত্বমগময়ৎ)। সা (বাক্) যদা (যস্মিন্ কালে) মৃত্যুম্ অত্যমুচ্যত (মৃত্যু-

পাশাৎ বিমোচিতা অভবৎ), [তদা] সঃ (প্রসিদ্ধঃ) অগ্নিঃ অভবৎ। সঃ (প্রকৃতঃ) অয়ম্ অগ্নিঃ মৃত্যুম্ অতিক্রান্তঃ সন্ পরেণ (মৃত্যোরধিকারাৎ পরতঃ) দীপ্যতে (দীপ্তিমান্ ভবতি); [মৃত্যুসমতিক্রমণাৎ প্রাক্ বাচঃ নৈবং দীপ্তিরাসীদিতি, ভাবঃ]॥ ২১ ॥ ১২ ॥

মূলানুবাদ।—সেই প্রাণ [উদ্গীথক্রিয়ার] প্রধান সাধন বাগ্‌দেবতাকেই প্রথমে মৃত্যুবিহীন করিয়া দেবত্ব-প্রাপ্ত করিয়াছিলেন। সেই বাগ্‌দেবতা যে সময় মৃত্যুপাশ অতিক্রম করিল, অর্থাৎ পাপসম্বন্ধ-বিরহিত হইল, সেই সময়েই সে অগ্নিস্বরূপ হইল; সেই অগ্নিরূপেই মৃত্যুর অধিকার অতিক্রম করিয়া দীপ্তি পাইতে লাগিল। [বুঝিতে হইবে যে, তৎপূর্ব্বে তাহার এরূপ দীপ্তি ছিল না।]॥ ২১ ॥ ১২ ॥

শাঙ্করভাষ্যম্।—স বৈ বাচমেব প্রথমামত্যবহৎ। স—প্রাণঃ বাচমেব প্রথমাং প্রধানামিত্যেতৎ—উদ্গীথকর্ম্মণি ইতরকরণাপেক্ষয়া সাধকতমত্বং প্রাধান্যং তস্যাঃ, তাং প্রথমাম্ অত্যবহৎ বহনং কৃতবান্। তস্যাঃ পুনর্মৃত্যুমতীত্যোঢ়ায়াঃ কিং রূপম্? ইতি উচ্যতে—সা বাক্ যদা যস্মিন্ কালে পাপ্মানং মৃত্যুমত্যমুচ্যত—অতীত্যামুচ্যত—মোচিতা স্বয়মেব, তদা সঃ অগ্নিরভবৎ,—সা বাক্ পূর্ব্বমপ্যগ্নিরেব সতী মৃত্যুবিয়োগেঽপ্যগ্নিরেবাভবৎ। এতাবাংস্তু বিশেষঃ মৃত্যুবিয়োগে—সোঽয়মতিক্রান্তোঽগ্নিঃ পরেণ মৃত্যুং—পরস্তাৎ মৃত্যোঃ দীপ্যতে; প্রাঙ্মোক্ষাৎ মৃত্যুপ্রতিবদ্ধঃ অধ্যাত্মবাগাত্মনা নেদানীমিব দীপ্তিমানাসীৎ; ইদানীং তু মৃত্যোঃ পরেণ দীপ্যতে মৃত্যুবিয়োগাৎ॥ ২১ ॥ ১২ ॥

টীকা। সামান্যোক্তমর্থং বিশেষেণ প্রপঞ্চয়তি—স বৈ বাচমিত্যাদিনা। কথং বাচঃ প্রাথম্যং, তদাহ—উদ্গীথেতি। বাচো মৃত্যুমতিক্রান্তায়া রূপং প্রশ্নপূর্ব্বকং প্রদর্শয়তি—তস্যা ইতি। অনগ্নেরগ্নিত্ববিরোধং ধুনীতে—সা বাগিতি। পূর্ব্বমপি বাচঃ অগ্নিত্বেনোপাসনালভ্যং তদগ্নিত্বমিত্যাশঙ্ক্যাহ—এতাবানিতি। উক্তং বিশেষং বিশদয়তি—প্রাগিতি॥ ২১ ॥ ১২ ॥

ভাষ্যানুবাদ।—"স বৈ বাচমেব প্রথমাম্ অত্যবহৎ" ইত্যাদি। সেই প্রাণ, প্রথমা—প্রধানা বাগ্‌দেবতাকে বহন করিয়াছিলেন। উদ্গীথপাঠকার্য্যে অন্যান্য ইন্দ্রিয়াপেক্ষা সাধকতমত্ব (প্রধান-সাধকতা) তাহারই আছে; এইজন্য এখানে বাকের প্রাধান্য [বুঝিতে হইবে]। মৃত্যু অতিক্রম করিয়া যে, বাগ্‌দেবতাকে বহন করা হইয়াছে, তাহার প্রকৃত স্বরূপ কিরূপ? তাহা, বলা হইতেছে—সেই বাক্ যখন পাপাত্মক মৃত্যুকে অতিক্রম করিয়া মুক্ত হইল,—নিজেই বিমোচিত হইল, তখন সে প্রসিদ্ধ অগ্নিত্ব প্রাপ্ত হইল। সেই বাক্ পূর্ব্বেও অগ্নি-

আদিত্যঃ মৃত্যুম্ অতিক্রান্তঃ সন্ পরেণ তপতি (তাপং সম্পাদয়তি) [অন্যৎ সর্ব্বং বাগাদিপ্রকৃতিবৎ]॥ ২৩ ॥ ১৪ ॥

মূলানুবাদ।—অতঃপর প্রাণ চক্ষুকে পাপবিনির্ম্মুক্তভাবে বহন করিয়াছিলেন। চক্ষুঃ যখন মৃত্যু অতিক্রম করিয়াছিল, তখনই সে আদিত্যস্বরূপ হইয়াছিল; সেই এই আদিত্য মৃত্যু অতিক্রম করিয়া—মৃত্যুর বাহিরে থাকিয়া তাপ দিতেছেন॥ ২৩ ॥ ১৪ ।

শাঙ্করভাষ্যম্।—তথা চক্ষুরাদিত্যোঽভবৎ, স [illegible] তপতি॥ ২৩॥১৪ ॥

টীকা। [illegible]

ভাষ্যানুবাদ। সেই প্রকার চক্ষুঃ আদিত্য হইল; তিনিই এখন তাপ দিতেছেন। [illegible] ॥ ২৩ ॥ ১৪ ॥

অথ শ্রোত্রমত্যবহৎ, তদ্‌যদা মৃত্যুমত্যমুচ্যত, তা দিশোঽভবং স্তা ইমা দিশঃ পরেণ মৃত্যুমতিক্রান্তাঃ॥ ২৪ ॥ ১৫ ॥

সরলার্থঃ। অথ সঃ প্রাণঃ [illegible] অত্যবহৎ; তৎ (শ্রোত্রং) যদা মৃত্যুম্ অত্যমুচ্যত, [illegible] দিশঃ (দিগ্‌দেবতাঃ) অভবন্। [illegible] ইমাঃ দিশঃ মৃত্যুম্ অতিক্রান্তাঃ [illegible]। [অন্যৎ সর্ব্বং পূর্ব্ববৎ] ॥ ২৪ ॥ ১৫ ॥

মূলানুবাদ।—অনন্তর প্রাণ শ্রোত্রদেবতাকে মৃত্যু অতিক্রম পূর্ব্বক বহন করিয়াছিলেন; সেই শ্রোত্র যখন মৃত্যুপাশবিমুক্ত হইল, তখনই প্রসিদ্ধ দিগ্‌দেবতাস্বরূপ হইল। সেই এই দিগ্‌দেবতাসমূহ মৃত্যুর অধিকার অতিক্রম করিয়া অবস্থান করিতে লাগিল॥ ২৪ ॥ ১৫ ॥

শাঙ্করভাষ্যম্।—তথা শ্রোত্রং দিশোঽভবৎ, দিশঃ প্রাচ্যাদিবিভাগেনাবস্থিতাঃ॥ ২৪ ॥ ১৫ ॥

টীকা। [illegible]

ভাষ্যানুবাদ।—সেইরূপ শ্রোত্রও দিক্‌সমূহ হইল; দিশঃ—অর্থ—পূর্ব্বাদি বিভাগক্রমে অবস্থিত প্রসিদ্ধ দিক্‌সমূহ॥ ২৪ ॥ ১৫ ॥

অথ মনোঽত্যবহৎ, তদ্‌যদা মৃত্যুমত্যমুচ্যত, স চন্দ্রমা অভবৎ, সোঽসৌ চন্দ্রঃ পরেণ মৃত্যুমতিক্রান্তো ভাত্যেবং হ বা এনমেষা দেবতা মৃত্যুমতিবহতি, য এবং বেদ॥ ২৫ ॥ ১৬ ॥

টীকা। উপাস্যস্য প্রাণস্য কার্য্যকরণসংঘাতস্য বিধারকত্বং নাম গুণান্তরং বক্তুমুত্তরবাক্যং, তদাদায় ব্যাকরোতি—অথেত্যাদিনা। কথমুদ্গাতুর্বিক্রীতস্য ফলসম্বন্ধস্তত্রাহ—কর্তুরিতি।

অন্নাগানমাত্মন ইত্যত্র প্রশ্নপূর্ব্বকং বাক্যশেষমনুকূলয়তি—কথমিত্যাদিনা। তত্রৈব হেতুমাহ—যস্মাদিতি। প্রাণেনৈব তদন্নং ভক্ষ্যত ইতি সম্বন্ধঃ। যস্মাদিত্যস্য তস্মাদিত্যাদিনাক্ষেপোদয়ঃ। অনিতের্ধাতোরনঃশব্দশ্চেৎ প্রাণপর্য্যায়স্তর্হি কথং শকটে তচ্ছব্দপ্রয়োগস্তত্রাহ—অনঃশব্দ ইতি।

ইতশ্চ প্রাণস্য স্বার্থমন্নাগানং যুক্তমিত্যাহ—কিঞ্চেতি। প্রাণেন বাগাদিবৎ আত্মার্থমন্নমাশীতং চেৎ, তর্হি তস্যাপি পাপ্মবেধঃ স্যাদিত্যাশঙ্ক্যাহ—যদশীতি। ইহায়ং দেহাকারপরিণতে প্রাণস্তিষ্ঠতি, তদনুসারিণশ্চ বাগাদয়ঃ স্থিতিভাজঃ, অতঃ স্থিত্যর্থং প্রাণস্যান্নমিতি ন পাপ্মবেধস্তন্নিমিত্তোঽর্থঃ॥ ২৬॥ ১৭॥

ভাষ্যানুবাদ।—"অথ আত্মনে" ইত্যাদি। বাক্প্রভৃতি ইন্দ্রিয়গণ যেরূপ আপনার জন্য গান করিয়াছিল, মুখ্য প্রাণও সেইরূপ তিনটি পবমান স্তোত্রে সর্ব্বেন্দ্রিয়সাধারণ প্রাজাপত্য ফলসিদ্ধির অনুকূলভাবে গান করিয়া, অনন্তর অবশিষ্ট নয়টি স্তোত্রে আপনার জন্য অন্নাদ্য গান করিয়াছিলেন। 'অন্নাদ্য' অর্থ—যাহা অন্ন, অথচ ভক্ষণযোগ্য। কামসংযোগ অর্থাৎ যজ্ঞে আশংসিত ফলপ্রাপ্তি যে, কর্ত্তারই হইয়া থাকে, ইহা বাচনিক বা শাস্ত্রপ্রাপ্ত; [সুতরাং প্রাণের ঐ প্রকার ফলপ্রাপ্তি অসঙ্গত হয় নাই] (১)।

ভাল, প্রাণ যে, সেই অন্নাদ্য ফলজনক গান আপনার জন্য করিয়াছিলেন, তাহা জানা যায় কি প্রকারে? তদ্বিষয়ে হেতু প্রদর্শন করিতেছেন—'যৎ কিঞ্চ' ইতি। 'যৎ কিঞ্চ' কথায় এখানে সাধারণতঃ অন্নমাত্রই বুঝাইতেছে। 'হি' শব্দটি হেত্বর্থে প্রযুক্ত হইয়াছে; যেহেতু জগতে প্রাণিগণ যাহা কিছু অন্ন ভক্ষণ করিয়া থাকে, তাহাও এই 'অনে'র সাহায্যেই করিয়া থাকে,

(১) তাৎপর্য্য—শ্রুতিতে আছে, "যৎ কিঞ্চ যজ্ঞে আশাসতে, যজমানায়ৈব তদাশাসতে" ইত্যাদি। অর্থাৎ যজ্ঞে ঋত্বিক্গণ যাহা কিছু ফল কামনা করিয়া থাকেন, যজমানের উদ্দেশ্যেই তাহা করিয়া থাকেন। কিন্তু যজমানের জন্য আশংসিত হইলেও "ফলং চ কর্ত্তৃগামি স্যাৎ" এই নিয়মানুসারে সাক্ষাৎকর্ত্তা ঋত্বিক্গণেরই সেই আশংসিত ফললাভ হইয়া থাকে; পরে যজমান দক্ষিণারূপ মূল্য দ্বারা ঋত্বিক্গণের নিকট হইতে সেই ফল ক্রয় করিয়া লন; তাহার পর যজমান সেই ক্রীত ফলের অধিকারী বা ভোক্তা হন। এই অভিপ্রায়েই উদ্ধৃত শ্রুতিতে "যজমানায়ৈব তদাশাসতে" বলা হইয়াছে। এখন এখানে শঙ্কা হইল যে, উদ্গাতা প্রাণ যে অন্নাদ্য ফলার্থ গান করিয়াছিলেন, তাহা ত বিক্রীত হইয়া যজমানেরই হইবে, তবে আর 'প্রাণ আত্মার্থে গান করিয়াছিলেন' কথাটি সঙ্গত হয় কি প্রকারে? সেই শঙ্কা নিরাসার্থ ভাষ্যকার "কথং পুনঃ" ইত্যাদি বাক্যের অবতারণা করিয়াছেন।

অর্থাৎ প্রাণিগণ 'অন'নামক এই প্রাণের সাহায্যেই অন্ন ভক্ষণ করিয়া থাকে। প্রাণের 'অন' নামটি লোকপ্রসিদ্ধ। 'অন' শব্দের ন্যায় 'অনস্' শব্দও 'অন্' ধাতু হইতে নিষ্পন্ন হইয়াছে, বিশেষ এই যে, উহা সকারান্ত। 'অনস্' শব্দের অর্থ—শকট (গাড়ী), আর অকারান্ত 'অন' শব্দের অর্থ—প্রসিদ্ধ প্রাণ; সুতরাং ইহা 'প্রাণ' শব্দেরই সমানার্থক—পর্য্যায় শব্দ।

অপি চ, কেবল জীবগণই যে, অন্ন-ভক্ষণে প্রাণের সাহায্য পাইয়া থাকে, তাহা নহে, পরন্তু সেই মুখ্য প্রাণ নিজেও শরীরাকারে পরিণত সেই ভুক্তান্নেই অবস্থান করিয়া থাকে; অতএব প্রাণ যে, আপনার অবস্থিতির জন্যই অন্নাদি গান করিয়াছিলেন, তাহা বেশ বুঝা যাইতেছে। আর প্রাণ কর্তৃক যে, অন্ন ভক্ষণ, তাহাও কেবল তাহার অবস্থিতি লাভের নিমিত্তই, (কোন প্রকার ভোগার্থ নহে); সুতরাং কল্যাণাসক্তিনিবন্ধন বাক্ প্রভৃতির যেরূপ পাপ হইয়াছিল, প্রাণের সম্বন্ধে সেরূপ পাপোৎপত্তির সম্ভাবনা নাই ॥ ১৬ ॥ ১৭ ॥

তে দেবা অব্রুবন্নেতাবদ্বা ইদꣳ সর্ব্বং যদন্নং তদাত্মন-আগাসীরনু নোঽস্মিন্নন্ন আভজস্বেতি; তে বৈ মাভিসংবিশ-তেতি; তথেতি তꣳ সমন্তং পরিণ্যবিশন্ত।

তস্মাদ্ যদনেনান্নমত্তি তেনৈতাস্তৃপ্যন্ত্যেবꣳ হ বা এনꣳ স্বা অভিসংবিশন্তি, ভর্ত্তা স্বানাꣳ শ্রেষ্ঠঃ পুর এতা ভবত্য-ন্নাদোঽধিপতির্য এবং বেদ; য উ হৈবম্বিদꣳ স্বেষু প্রতি প্রতির্বুভূষতি, ন হৈবালং ভার্য্যেভ্যো ভবত্যথ য এবৈতমনু ভবতি যো বৈ তমনু ভার্য্যান্ বুভূর্ষতি, স হৈবালং ভার্য্যেভ্যো ভবতি ॥ ২৭ ॥ ১৮ ॥

সরলার্থঃ।—তে (বাগাদয়ঃ) দেবাঃ অব্রুবন্ (উক্তবন্তঃ) [মুখ্যং প্রাণং] —ইদং সর্ব্বং এতাবৎ বৈ (এব) (এতাবদেব, নাতোঽধিকমস্তীত্যর্থঃ)। [কিং তৎ? ইত্যাহ—লোকে প্রাণ-স্থিত্যর্থং] যৎ অন্নং অদ্যতে (ভক্ষ্যতে), তৎ (অন্নং) আত্মনে (আত্মার্থং) আগাসীঃ (পূর্ব্বং গীতবান্ অসি), অনু (পশ্চাৎ) নঃ (অস্মাকং গীতবান্ অসি, অথবা তৎ সর্ব্বং আত্মনে গীতবান্ অসি), [বয়ঞ্চ অন্নং বিনা স্থাতুং ন শক্নুমঃ, তস্মাৎ] অনু (পশ্চাৎ) অস্মিন্ (তব আত্মার্থে অন্নে) নঃ (অস্মান্) আভজস্ব (আভাজয়স্ব—অন্নভাগিনঃ কুরু) ইতি। [এবং

প্রার্থিতঃ প্রাণ আহ—] তে (প্রকৃতাঃ যূয়ং) বৈ মা (মাং প্রাণং) অভিসংবিশত (ময়ি সর্ব্বতঃ প্রবিশত) ইতি ; [এবমুক্তাঃ বাগাদয়ঃ] তথা (তথাস্তু) ইতি [উক্তা] তং (প্রাণং) পরিসমন্তং (পরিতঃ সমন্তাৎ) ন্যবিশন্ত (নিশ্চয়ে প্রবিষ্টা বভূবুঃ)। তস্মাৎ (সর্ব্বেন্দ্রিয়াণাং প্রাণে অন্তর্নিবেশাৎ হেতোঃ), অনেন (প্রাণেন) যৎ অন্নং অত্তি (ভক্ষয়তি) [লোকঃ], তেন (অন্ন-ভক্ষণেন) এতাঃ (বাগাদ্যাঃ দেবতাঃ) তৃপ্যন্তি (তৃপ্তিং লভন্তে)। যঃ (অন্যোঽপি যঃ কশ্চিৎ) এবং (বাগাদীনামাশ্রয়ভূতং প্রাণং) বেদ (বিজানাতি), এনং (বিদ্বাংসম্) [অপি] স্বাঃ (জ্ঞাতয়ঃ) এবং (বাগাদিবৎ) অভিসংবিশন্তি (আশ্রয়ন্তে), স্বানাং (জ্ঞাতীনাং) ভর্ত্তা (ভরণকর্ত্তা—পোষকঃ) ভবতি ; তথা শ্রেষ্ঠঃ সন্ পুরঃ (অগ্রে) এতা (গন্তা—অগ্রবর্ত্তী) ভবতি ; তথা অন্নাদঃ (অন্নভোক্তা—দীপ্তাগ্নিঃ) অধিপতিঃ (পালয়িতা চ) ভবতি।

কিঞ্চ, স্বেষু (জ্ঞাতিষু মধ্যে) যঃ (যঃ কশ্চিৎ) এবংবিদং প্রতি প্রতিঃ (প্রতিকূলঃ) বুভূষতি (ভবিতুমিচ্ছতি—প্রতিস্পর্দ্ধী ভবতি), (সঃ প্রতিস্পর্দ্ধী) ন হ এব (নৈব) ভার্য্যেভ্যঃ (স্বস্য ভরণীয়েভ্যঃ চ) অলং (পোষণায় সমর্থঃ) ভবতি। অথ (পক্ষান্তরে) যঃ এব এতং (প্রাণবিদং প্রতি) অনু (অনুগতঃ) ভবতি, যঃ এব চ তম্ অনু ভার্য্যান্ (তদনুগতান্ ভরণীয়ান্) বুভূর্ষতি (ভর্ত্তুং পোষয়িতুম্ ইচ্ছতি), সঃ এব হ (নিশ্চয়ে) ভার্য্যেভ্যঃ (স্বস্য ভরণীয়েভ্যঃ) অলং (পোষণে পর্য্যাপ্তঃ) ভবতি ॥ ২৭ ॥ ১৮ ॥

মূলানুবাদ ।—সেই বাক্প্রভৃতি দেবতাগণ [প্রাণকে] বলিল, এ সমস্তই সত্য,—যাহা অন্ন, তাহা তুমি আপনার জন্য গান করিয়াছ ; [আমরাও অন্ন ব্যতীত অবস্থান করিতে সমর্থ হইতেছি না ; অতএব] ইহার পর আমাদিগকেও ঐ অন্নের অধিকারী কর। [প্রাণ বলিল—] তোমরা সর্ব্বতোভাবে আমার মধ্যে প্রবেশ কর, অর্থাৎ আমার আশ্রয় গ্রহণ কর। তাহারা 'তথাস্তু' বলিয়া সর্ব্বতোভাবে প্রাণের মধ্যে প্রবিষ্ট হইল। সেই হেতু লোকে প্রাণ দ্বারা যে অন্ন ভক্ষণ করে, তাহাতেই এই বাগাদি ইন্দ্রিয়গণও তৃপ্তি লাভ করিয়া থাকে। যে ব্যক্তি বাগাদির আশ্রয়ভূত এই প্রাণতত্ত্ব অবগত হন, জ্ঞাতিগণও তাঁহার আশ্রয় গ্রহণ করে ; তিনিও জ্ঞাতিগণের ভরণ-পোষণ করেন, শ্রেষ্ঠ এবং অগ্রণী হন, অন্নভোক্তা (দীপ্তাগ্নি) এবং অধিপতি বা পরিপালক হন। অধিকন্তু

জ্ঞাতিগণের মধ্যে যে ব্যক্তি ইহার প্রতি—প্রতিকূল হইতে ইচ্ছা করে, সে ব্যক্তি নিশ্চয়ই নিজের ভরণীয়গণকে পোষণ করিতে সমর্থ হয় না; পক্ষান্তরে, যে ব্যক্তি ইহার প্রতি অনুগত থাকে, এবং ভরণীয় স্বজনগণের ভরণ-পোষণ করিতে ইচ্ছা করে, নিশ্চয়ই সেই ব্যক্তি ভরণীয় স্বজনগণকে ভরণ করিতে সমর্থ হয় ॥ ২৭ ॥ ১৮ ॥

শাঙ্করভাষ্যম্।—তে দেবাঃ। নন্ববধারণমযুক্তম্—'প্রাণেনৈব তদদ্যতে' ইতি, বাগাদীনামপি অন্ননিমিত্তোপকারদর্শনাৎ। নৈষ দোষঃ; প্রাণদ্বারত্বাৎ তদুপকারস্য। কথং প্রাণদ্বারকোঽন্নকৃতো বাগাদীনামুপকার ইতি, এতমর্থং প্রদর্শয়ন্নাহ—১।

তে বাগাদয়ো দেবাঃ স্ববিষয়দ্যোতনাৎ দেবাঃ, অব্রুবন্ উক্তবন্তঃ, মুখ্যং প্রাণম্ 'ইদম্ এতাবৎ' নাতোঽধিকমস্তি; বা ইতি স্মরণার্থঃ; ইদং তৎ সর্ব্বমেতাবদেব। কিম্? যদন্নং প্রাণস্থিতিকরমদ্যতে লোকে, তৎ সর্ব্বমাত্মনে আত্মার্থম্ আগাসীঃ আগীতবানসি, আগানেনাত্মসাৎ কৃতমিত্যর্থঃ; বয়ঞ্চ অন্নমন্তরেণ স্থাতুং নোৎসহামহে; অতঃ অনু পশ্চাৎ নোঽস্মান্ অস্মিন্ অন্নে আত্মার্থে তবান্নে আভজস্ব আভাজয়স্ব; ণিচোঽশ্রবণং ছান্দসম্; অস্মাংশ্চান্নভাগিনঃ কুরু। ২।

ইতর আহ—'তে যূয়ং যত্ত্বন্নার্থিনঃ বৈ, মা মাম্ অভিসংবিশত সমন্ততো মাম্ আভিমুখ্যেন নিবিশত' ইতি, এবমুক্তবতি প্রাণে তথেতি এবমিতি তৎ প্রাণং পরিসমন্তং পরিসমন্তাৎ ন্যবিশন্ত নিশ্চয়েনাবিশন্ত, তং প্রাণং পরিবেষ্ট্য নিবিষ্টবন্ত ইত্যর্থঃ। তথা নিবিষ্টানাং প্রাণানুজ্ঞয়া তেষাং প্রাণেনৈব অদ্যমানং প্রাণস্থিতিকরং সৎ অন্নং তৃপ্তিকরং ভবতি; ন স্বাতন্ত্র্যেণান্নসম্বন্ধো বাগাদীনাম্। তস্মাদ্ যুক্তমেবাবধারণম্—"অনেনৈব তদদ্যতে" ইতি। তদেব চাহ—তস্মাৎ,—যস্মাৎ প্রাণাশ্রয়তয়ৈব প্রাণানুজ্ঞয়াভিসন্নিবিষ্টা বাগাদিদেবতাঃ, তস্মাদ্ যদন্নম্ অনেন প্রাণেনাত্তি লোকঃ, তেনান্নেন এতা বাগাদ্যাঃ তৃপ্যন্তি। ৩।

বাগাদ্যাশ্রয়ং প্রাণং যো বেদ—বাগাদয়শ্চ পঞ্চ প্রাণাশ্রয়া ইতি, তমপি এবম্, এবং হ বৈ, স্বা জ্ঞাতয়ঃ অভিসংবিশন্তি বাগাদয় ইব প্রাণম্; জ্ঞাতীনাম্ আশ্রয়ণীয়ো ভবতীত্যভিপ্রায়ঃ। অভিসন্নিবিষ্টানাং চ স্বানাং প্রাণবদেব বাগাদীনাম্ স্বান্নেন ভর্ত্তা ভবতি; তথা শ্রেষ্ঠঃ; পুর এতা এতা গন্তা ভবতি, বাগাদীনামিব প্রাণঃ; তথা অন্নাদোঽনাময়াবীত্যর্থঃ। অধিপতিরধিষ্ঠায় চ

পালয়িতা স্বতন্ত্রঃ পতিঃ, প্রাণবদেব বাগাদীনাম্। য এবং প্রাণং বেদ, তস্ত এতৎ যথোক্তং ফলং ভবতি। ৪।

কিঞ্চ, য উ হ এবংবিদং প্রাণবিদং প্রতি স্বেষু জ্ঞাতীনাং মধ্যে প্রতিঃ প্রতিকূলঃ বুভূষতি প্রতিস্পর্দ্ধী ভবিতুমিচ্ছতি, সোঽস্যুরা ইব প্রাণপ্রতিস্পর্দ্ধিনো ন হৈবালং ন পর্য্যাপ্তঃ ভার্য্যেভ্যো ভরণীয়েভ্যো ভবতি ভর্ত্তুমিত্যর্থঃ। অথ পুনর্য এব জ্ঞাতীনাং মধ্যে এতম্ এবংবিদং বাগাদয় ইব প্রাণম্ অনু—অনুগতো ভবতি, যো বৈ এতম্ এবংবিদম্ অন্বেব অনুবর্ত্তয়ন্নেব আত্মীয়ান্ ভার্য্যান্ বুভূর্ষতি ভর্ত্তুমিচ্ছতি, যথৈব বাগাদয়ঃ প্রাণানুবৃত্ত্যা আত্মবুভূর্ষব আসন্; স হৈব অলং পর্য্যাপ্তঃ ভার্য্যেভ্যো ভরণীয়েভ্যঃ ভর্ত্তুং, নেতরঃ স্বতন্ত্রঃ। সর্ব্বমেতৎ প্রাণগুণবিজ্ঞানফলমুক্তম্॥ ২৭॥ ১৮॥

টীকা। ভর্ত্তা শ্রেষ্ঠঃ পুরো গন্তেতাদিগুণবিধানার্থং বাক্যান্তরমাদত্তে—তে দেবা ইতি। তস্ত বিবক্ষিতমর্থং বক্তুমাদাবাক্ষিপতি—নন্বিতি। অযুক্তত্বে হেতুমাহ—বাগাদীনামিতি। অবধারণানুপপত্তিং দূষয়তি—নৈষ দোষ ইতি। যথা প্রাণস্তোপকারোঽন্নকৃতো ন বাগাদিধারকঃ, তথা তেষামপি নাসৌ প্রাণধারকঃ, বিশেষাভাবাদিতি শঙ্কতে—কথমিতি। বাক্যেন পরিহরতি—এতমর্থমিতি। আহ বিশেষমিতি শেষঃ। ১।

তেষাং দেবত্বং সাধয়তি—স্ববিষয়েতি। তত্র প্রসিদ্ধিং প্রমাণয়িতুং বৈশব্দ ইত্যাহ—বা ইতি স্মরণার্থ ইতি। তৎপ্রসিদ্ধস্তার্থস্তেতি শেষঃ। বাক্যার্থমাহ—ইদং তদিতি। এতাবত্ত্বমেব ব্যাচষ্টে—তৎ সর্ব্বমিতি। কিমিদং প্রাণার্থমন্নাগানং নাম, তদাহ—আগানেনেতি। কা পুনরেতাবতা ভবতাং ক্ষতিঃ, তত্রাহ—বয়ং চেতি। অন্নমন্তরেণ মমাপি স্থাতুমশক্তেস্তদর্থং তদাগীতমিতি চেৎ, তত্রাহ—অত ইতি। আভজস্বেতি শ্রূয়মাণে কথমন্যথা ব্যাখ্যায়তে, তত্রাহ—ণিচ ইতি। তবৈবান্নস্বামিত্বম্, অস্মাকমপি তত্র প্রবেশমাত্রং স্থিত্যর্থমপেক্ষিতমিতি বাক্যার্থমাহ—অস্মাংশ্চেতি। ২।

বৈশব্দো যদ্যর্থে প্রযুক্তঃ। প্রাণং পরিবেষ্ট্য তদনুজ্ঞয়া বাগাদীনামন্নার্থিনামবস্থানং চেৎ, তেষামপি প্রাণবদ্ অন্নসম্বন্ধঃ স্যাদিত্যাশঙ্ক্যাহ—তথেতি। ত্যক্তপ্রাণস্ত অন্নবলাদ্ বাগাদিস্থিত্যনুপলব্ধেরিত্যর্থঃ। বাগাদীনামন্নজস্তোপকারস্ত প্রাণধারত্বে সিদ্ধে ফলিতমাহ—তস্মাদিতি। তেষামন্নকৃতোপকারস্ত প্রাণধারকত্বে বাক্যশেষং সংবাদয়তি—তদেবেতি। বিদ্যাফলং দর্শয়ন্ গুণজাতমুপদিশতি—বাগাদীতি। ৩।

বেদনমেব ব্যাচষ্টে—বাগাদয়শ্চেতি। স চ প্রাণোঽহমস্মীতি বেদেতি চকারার্থঃ। অনাময়াবী ব্যাধিরহিতো দীপ্তাগ্নিরিতি যাবৎ। ৪।

সম্প্রতি প্রাণবিদ্যাং স্তোতুং তদ্বিদ্যাবদ্বিদ্বেষিণো দোষমাহ—কিঞ্চেতি। ইদানীং প্রাণবিদং প্রত্যনুরাগে লাভং দর্শয়তি—অথেত্যাদিনা। তে দেবা অব্রুবন্নিত্যাদৌ গুণবিধির্বিবক্ষিতে ন বিশিষ্টবিধিগুণফলস্তৈবাত্র শ্রবণাদিত্যাহ—সর্ব্বমেতদিতি॥ ২৭॥ ১৮॥

ভাষ্যানুবাদ।—"তে দেবাঃ" ইত্যাদি। ভাল, বাক্ প্রভৃতি ইন্দ্রিয়েরও যখন অন্নভক্ষণজনিত উপকার দেখিতে পাওয়া যায়, তখন 'প্রাণ দ্বারাই অন্ন ভক্ষণ করে' এইরূপ অবধারণ করা (অপরের উপকার নিষেধ করা) যুক্তিযুক্ত হইতে পারে না ; না, ইহা দোষাবহ হয় না ; কারণ, বাক্ প্রভৃতির যে, অন্ন দ্বারা উপকার লাভ, তাহাও এই প্রাণের সাহায্যেই হইয়া থাকে, [সুতরাং ঐরূপ অবধারণে দোষ হইতেছে না]। প্রাণ দ্বারা বাগাদি অন্নকৃত উপকার ইন্দ্রিয়ের যে প্রকারে সাধিত হয়, তৎপ্রদর্শনার্থ বলিতেছেন—১।

সেই বাক্ প্রভৃতি দেবগণ,—তাঁহারা নিজ নিজ বিজ্ঞেয় বিষয় প্রকাশ বা প্রদ্যোতিত করেন বলিয়া দেব-শব্দ বাচ্য। 'বৈ' শব্দটী স্মরণার্থক, সেই দেবগণ মুখ্য প্রাণকে বলিয়াছিলেন—'ইহা এই পর্য্যন্তই, এতদপেক্ষা আর অধিক নাই', অর্থাৎ এই যে, সেই বিষয়, তাহা এই পর্য্যন্তই বটে। ইহা কি? না, জগতে প্রাণিগণ প্রাণরক্ষার জন্য, যে অন্ন ভক্ষণ করে, তুমি সেই সমস্ত অন্ন অর্থাৎ অন্নপ্রদ উদ্গান আপনার জন্য গান করিয়াছ,—উপযুক্ত গানের দ্বারা [সেই অন্নকে] আত্মসাৎ করিয়াছ, কিন্তু আমরাও ত অন্নের অভাবে থাকিতে সমর্থ হইতেছি না, অতএব অতঃপর তোমার নিজের জন্য পরিকল্পিত অন্নে আমাদিগকেও অংশভাগী কর। [শ্রুতির 'আভজস্ব' স্থলে 'আভাজয়স্ব' বুঝিতে হইবে], কেবল ছন্দের অনুরোধে 'ণিচ্' প্রত্যয়ের ব্যবহার করা হয় নাই। ২।

অপরে (প্রাণ) বলিলেন, সেই তোমরা যদি অন্নার্থী হইয়া থাক, তাহা হইলে আমাতে প্রবেশ কর, অর্থাৎ সর্ব্বতোভাবে আমার মধ্যে প্রবিষ্ট হও। প্রাণ এ কথা বলিলে পর 'তাহাই হউক—এইরূপই করি,' এই বলিয়া তাঁহারা স্থিরনিশ্চয়ে সেই প্রাণের মধ্যে সর্ব্বতোভাবে নিবিষ্ট হইলেন, অর্থাৎ সেই প্রাণকে বেষ্টন করিয়া তাহাতে সন্নিবিষ্ট রহিলেন। তাঁহারা সেইরূপ সন্নিবিষ্ট হইলে পর, প্রাণ-ভক্ষিত যে অন্নে প্রাণের স্থিতি সাধিত হয়, সেই অন্নই প্রাণের আজ্ঞাক্রমে তন্মধ্যে প্রবিষ্ট ইন্দ্রিয়গণেরও তৃপ্তিসাধন করিতে লাগিল, কিন্তু স্বতন্ত্রভাবে বাগাদি ইন্দ্রিয়ের অন্নসম্বন্ধ নাই। অতএব "অনেনৈব তদন্নতে" এইরূপ অবধারণ করা যুক্তিসম্মতই হইয়াছে। যেহেতু বাগাদি দেবতাগণ প্রাণের অনুমতিক্রমে প্রাণের মধ্যে সম্যক্‌রূপে সন্নিবিষ্ট ও প্রাণাশ্রিত ; সেই হেতুই সাধারণ লোকে 'অন্ন' দ্বারা অর্থাৎ প্রাণের সাহায্যে যে অন্ন ভক্ষণ করিয়া থাকে, সেই প্রাণভক্ষিত অন্ন দ্বারা এই বাগাদি ইন্দ্রিয়গণ তৃপ্তি লাভ করিয়া

থাকে; বাক্ প্রভৃতিকে আর স্বতন্ত্রভাবে অন্নভক্ষণ দ্বারা তৃপ্তিলাভ করিতে হয় না (১)। ৩।

যে ব্যক্তি, বাগাদি ইন্দ্রিয়ের আশ্রয়ভূত প্রাণকে জানে, অর্থাৎ বাক্প্রভৃতি পাঁচটী ইন্দ্রিয়ই প্রাণের আশ্রিত, এইরূপ জ্ঞানলাভ করে, তাহাকেও এইরূপই—বাক্প্রভৃতি ইন্দ্রিয় যেরূপ প্রাণে সন্নিবিষ্ট হয়, ঠিক সেইরূপই স্বগণ—জ্ঞাতিবর্গ আশ্রয় করে। অভিপ্রায় এই যে, সে ব্যক্তি জ্ঞাতিবর্গের আশ্রয়ণীয় হন; এবং প্রাণ যেমন স্বীয় অন্ন দ্বারা বাক্প্রভৃতি ইন্দ্রিয়ের পোষণ করে, তেমনি সেই বিদ্বান্ পুরুষও স্বীয় অন্নদ্বারা আশ্রিত জ্ঞাতিবর্গের ভরণ করিয়া থাকেন, সেইরূপ বাগাদির মধ্যে প্রাণ যেমন, তেমনি [জ্ঞাতিগণের মধ্যে] শ্রেষ্ঠ ও অগ্রণী হন; এবং অন্নাদ অর্থাৎ ব্যাধিরহিত দীপ্তাগ্নি হন; এবং অধিপতি হন—প্রাণ যেরূপ স্বাধীনভাবে বাগাদির পালক বা স্থিতিহেতু, সে ব্যক্তিও তদ্রূপ স্বয়ং বর্ত্তমান থাকিয়া পালক—প্রভু হন। যে ব্যক্তি যথোক্ত প্রকার প্রাণতত্ত্ব জানে, তাহার এইরূপ ফললাভ হইয়া থাকে। ৪।

অপিচ,—স্বগণের অর্থাৎ জ্ঞাতিগণের মধ্যে যে ব্যক্তি এবংবিধ জ্ঞানীর প্রতি প্রতিকূল হইতে ইচ্ছা করে—প্রতিপক্ষরূপে স্পর্দ্ধা করিতে অভিলাষী হয়, নিশ্চয় সে ব্যক্তিও প্রাণস্পর্দ্ধী অসুরগণের ন্যায় নিজের পোষ্যবর্গ পোষণ করিতে অসমর্থ হয়। পক্ষান্তরে, প্রাণের প্রতি বাক্প্রভৃতির ন্যায় জ্ঞাতিগণের মধ্যেও যে ব্যক্তি উক্ত জ্ঞানীর অনুগত থাকে, এবং বাক্ প্রভৃতি যেরূপ প্রাণের আনুগত্য গ্রহণপূর্ব্বক আত্মপোষণে অভিলাষী হইয়াছিল, ঠিক সেইরূপ যে ব্যক্তি সর্ব্বদা উক্ত জ্ঞানীর ইচ্ছানুবর্ত্তী থাকিয়া আত্মীয়গণকে পোষণ করিতে ইচ্ছা করে, সেই ব্যক্তিই ভরণীয় স্বগণের ভরণ পোষণ করিতে সমর্থ হয়; কিন্তু অপর যে লোক স্বতন্ত্র হইয়া থাকে, ইহার আনুগত্য স্বীকার করে না, সে লোক কখনই পোষণে সমর্থ হয় না। এ সমস্তই প্রাণগুণ-বিজ্ঞানের ফল কথিত হইল ॥ ২১ ॥ ১৮ ॥

শাঙ্করভাষ্যম্।—কার্য্যকরণানামাত্মত্বপ্রতিপাদনায় প্রাণস্যাঙ্গিরসত্বমুপন্যস্তম্—"সোঽযাস্য আঙ্গিরসঃ" ইতি। অস্মাদ্ধেতোঃ অয়ং আঙ্গিরসঃ ইত্যাঙ্গিরসত্বে হেতুর্নোক্তঃ, তদ্ধেতুসিদ্ধ্যর্থমারভ্যতে। তদ্ধেতুসিদ্ধ্যায়ত্তং হি

---

(১) তাৎপর্য্য—ক্ষুধা ও তৃষ্ণা, এই দুইটী প্রাণের ধর্ম্ম; এই জন্যই গুরুতর পরিশ্রমে যখন প্রাণের ক্রিয়া বৃদ্ধি পায়, তখন ক্ষুধা তৃষ্ণাও বৃদ্ধি পায়। গৌড়াচার্য্যের কারিকায় আছে—"স্বপ্নস্য জাগরশ্চৈব বুদ্ধেরেব ন সংশয়ঃ। বুভুক্ষা চ পিপাসা চ প্রাণধর্ম্ম ইতি স্মৃতঃ।" ইতি।

কার্য্যকরণাত্মত্বং প্রাণস্য, অনন্তরঞ্চ বাগাদীনাং প্রাণাধীনতোক্তা; সা চ কথমুপপাদনীয়া, ইত্যাহ—

টীকা। উত্তরগ্রন্থস্য ব্যবহিতেন সম্বন্ধং বক্তুং ব্যবহিতমনুবদতি—কার্য্যকরণানামিতি। অনন্তরগ্রন্থমবতারয়তি—অস্মাদিতি। কিমিত্যাঙ্গিরসত্বসাধকো হেতুঃ সাধনীয়স্তত্রাহ—তত্ত্বেতি। সম্প্রত্যব্যবহিতং সম্বন্ধং দর্শয়তি—অনন্তরং চেতি। প্রকারান্তরং বুভুৎসমানমিতি সূচয়িতুং চশব্দঃ।

ভাষ্যানুবাদ।—ইতঃপূর্ব্বে "সোঽয়াস্য আঙ্গিরসঃ" শ্রুতিতে প্রাণকে দেহেন্দ্রিয়াদি-সংঘাতের আত্মা বলিয়া প্রতিপাদন করিবার উদ্দেশ্যে তাহার আঙ্গিরসত্ব উল্লেখ করা হইয়াছে, কিন্তু কি কারণে যে, তাহার আঙ্গিরসত্ব হইল, তাহার কোন কারণ বলা হয় নাই; অথচ ঐরূপ হেতুর নির্দ্দেশ ব্যতীত প্রাণের দেহেন্দ্রিয়াদি স্বরূপতাই সিদ্ধ হইতে পারে না; এই জন্য সেই হেতুর প্রতিপাদনার্থ পরবর্ত্তী শ্রুতি আরব্ধ হইতেছে। অব্যবহিত পূর্ব্বেই বাক্ প্রভৃতি ইন্দ্রিয়কে প্রাণের অধীন বলা হইয়াছে; সেই প্রাণাধীনতা যে, কি প্রকারে সমর্থন করা যাইতে পারে, তাহা বলিতেছেন—

সোঽয়াস্য আঙ্গিরসোঽঙ্গানাꣳ হি রসঃ; প্রাণো বা অঙ্গানাꣳ রসঃ, প্রাণো হি বা অঙ্গানাꣳ রসস্তস্মাদ্ যস্মাৎ কস্মাচ্চাঙ্গাৎ প্রাণ উৎক্রামতি, তদেব তচ্ছুষ্যত্যেষ হি বা অঙ্গানাꣳ রসঃ ॥ ২৮ ॥ ১৯ ॥

সরলার্থঃ।—অথ প্রাণস্য প্রাগুক্তাঙ্গিরসত্বে হেতুমুপন্যস্যতি—"সোঽয়াস্যঃ" ইত্যাদি। "সঃ অযাস্য আঙ্গিরসঃ, অঙ্গানাংহি রসঃ, প্রাণো বা অঙ্গানাং রসঃ" ইত্যেবমন্তমষ্টমশ্রুতিবাক্যং যথাব্যাখ্যাতমেব স্মরণার্থমিহ পুনরুপন্যস্তম্।

প্রাণঃ (প্রাগুক্তঃ) বৈ (অবধারণে) হি (প্রসিদ্ধৌ) অঙ্গানাং (দেহেন্দ্রিয়াদীনাং) রসঃ (সারঃ, আত্মত্বেন প্রসিদ্ধ ইত্যর্থঃ); তস্মাৎ (হেতোঃ) যস্মাৎ কস্মাৎ চ (যতঃ কুতশ্চিদপি) অঙ্গাৎ (শরীরাবয়বাৎ) প্রাণঃ উৎক্রামতি (অপসরতি), তদেব (তত্রৈব) তৎ প্রাণবিযুক্তম্ অঙ্গং) শুষ্যতি (শুষ্কং ভবতি)। [কুতঃ এবম্?] হি (যস্মাৎ) এষঃ (মুখ্যঃ প্রাণঃ) বৈ অঙ্গানাং রসঃ (সার ইত্যর্থঃ) ॥ ২৮ ॥ ১৯ ॥

মূলানুবাদ।—ইতঃপূর্ব্বে কেন যে, প্রাণকে 'আঙ্গিরস' বলা হইয়াছে, তাহার হেতু নির্দ্দেশার্থ প্রথমে অষ্টম শ্রুতির বাক্যাংশ উদ্ধৃত

করা হইয়াছে। ঐ অংশের ব্যাখ্যা সেখানেই দ্রষ্টব্য। মুখ্য প্রাণই অঙ্গসমূহের—দেহেন্দ্রিয়াদির রস বা সারস্বরূপ আত্মা বলিয়া প্রসিদ্ধ; এই কারণেই যে কোনও দেহাবয়ব হইতে প্রাণ সরিয়া যায়, সেখানেই সেই অঙ্গ শুষ্ক হইয়া যায়; কেন না, মুখ্য প্রাণ হইতেছে অঙ্গসমূহের রস অর্থাৎ সারভূত আত্মা; [অতএব তাহার অভাবে অঙ্গের শুষ্কতা এবং প্রাণের 'আঙ্গিরস' নামে প্রসিদ্ধি সঙ্গতই বটে] ॥ ২৮ ॥ ১৯ ॥

টীকা। অথাতঃ পবমানানাম্ ইত্যাদিবাক্যমবতারয়তি—এবমিতি। তত্রাথশব্দং ব্যাচষ্টে—যদ্বিজ্ঞানবত ইতি। অতঃশব্দার্থমাহ—যস্মাচ্চেতি। ইহেতি প্রাণবিদুক্তিঃ। কদা তর্হি জপকর্ম্ম কর্ত্তব্যং, তত্রাহ—তস্যেতি। উদ্গীথেনাত্মানম্, স্বং ন উদ্গায়েতি চ প্রকরণা-দুদ্গীথেন সম্বন্ধাৎ জপস্য সর্বত্রোদ্‌গানকালে প্রাপ্তৌ পবমানানামেবেতি বচনাৎ কালনিয়ম-সিদ্ধিরিত্যর্থঃ। স বৈ খল্বিত্যাদিবাক্যতাৎপর্য্যমাহ—পবমানেষ্বিতি। ননু কর্ত্তব্যত্বেনাভ্যারোহঃ শ্রূয়তে, জপকর্ম্ম বিধিৎসিতমিতি চোচ্যতে, কিং কেন সঙ্গতমিত্যাশঙ্ক্যাহ—আভিমুখ্যেনেতি। যজুর্ম্মন্ত্রাক্ষরাণাম্ অনিয়তপাদাক্ষরত্বাৎ "অসতো মা সদ্‌গময়" ইত্যারভ্য একো দ্বৌ বা মন্ত্রৌ ? ইত্যাশঙ্ক্যাহ—এতানীতি। যজুষী যাজুষা মন্ত্রাঃ, তর্হি মান্ত্রেণ স্বরেণ বৈতানিকগ্রন্থোক্তেন তাব্য-

মিত্যাশঙ্ক্য আহ—স্থিতিয়েতি। যত্র স্বরো বিবক্ষিতস্তত্র তৃতীয়ানির্দ্দেশো দৃশ্যতে 'উচ্চৈঃ ঋচা ক্রিয়তে, উচ্চৈঃ সাম্না, উপাংশু যজুষা' ইতি। প্রকৃতে তু দ্বিতীয়ানির্দ্দেশাজ্জপকর্ম্মমাত্রং প্রতীয়তে, মাস্তু স্বরো ন প্রতিভাতীত্যর্থঃ। কেন তর্হি স্বরেণ প্রয়োগো মন্ত্রাণামিতি চেৎ, তত্রাহ—ব্রাহ্মণেতি। ভবতু শান্তপবেন স্বরেণ মন্ত্রাণাং প্রয়োগস্তথাপি কিমার্ত্বিজ্যং, কিং বা যাজমানং জপকর্ম্মেতি বীক্ষায়ামাহ—যাজমানমিতি। ১।

ব্যাচিখ্যাসিতযজুষাং স্বরূপং দর্শয়তি—এতানীতি। মন্ত্রার্থশব্দেন পদার্থো বাক্যার্থস্তৎফলং চেতি ত্রয়মুচ্যতে। ২

লৌকিকং তমো ব্যাবর্ত্তয়তি—সর্ব্বং হীতি। পূর্ব্বোক্তপদেন ব্যাখ্যাতং তমো গৃহ্যতে। বৈপরীত্যে হেতুমাহ—প্রকাশাত্মকত্বাদিতি। জ্ঞানং তেন সাধ্যমিতি যাবৎ। পদার্থোক্তি-সমাপ্তাবিতিশব্দঃ। উত্তরবাক্যাভ্যাং বাক্যার্থস্তৎফলং চেতি দ্বয়ং ক্রমেণোচ্যতে, ইত্যাহ—পূর্ব্ববদিতি। ফলবাক্যমাদায় পূর্ব্বস্মাদ্বিশেষং দর্শয়তি—অমৃতমিতি। ৩

প্রথমদ্বিতীয়মন্ত্রয়োরর্থভেদাপ্রতীতেঃ পুনরুক্তিমাশঙ্ক্য অবান্তরভেদমাহ—পূর্ব্বো মন্ত্র ইতি। তথাপি তৃতীয়ে মন্ত্রে পুনরুক্তিস্তদবস্থা, ইত্যাশঙ্ক্যাহ—পূর্ব্বয়োরিতি। ৪

বৃত্তমনূদ্যোত্তরবাক্যমবতার্য্য ব্যাচষ্টে—যাজমানমিতি। যথা প্রাণস্ত্রিষু পবমানেষু সাধারণ-মাগানং কৃত্বা শিষ্টেষু স্তোত্রেষু স্বার্থমাগানমকরোৎ, তথেত্যাহ—প্রাণবিদিতি। তদ্বিদোঽপি তদ্বদাগানে যোগ্যতামাহ—প্রাণভূত ইতি। হেতুবাক্যমাদৌ যোজয়তি—যস্মাদিতি। প্রতিজ্ঞা-বাক্যং ব্যাচষ্টে—তস্মাদিতি। কিমিতি ব্যত্যাসেন বাক্যদ্বয়ব্যাখ্যানমিত্যাশঙ্ক্যার্থাচ্চেতি ন্যায়েন পাঠক্রমমনাদৃত্য পরিহরতি—যস্মাদিত্যাদিনা। স এষ এবংবিদুদ্গাতা আত্মনে যজমানায় বা যং কামং কাময়তে, তমাগানেন সাধয়তি। যস্মাদিতি হেতুগ্রহণস্তস্মাদিতি প্রতিজ্ঞাগ্রহণাৎ প্রাগেব সম্বধ্যত ইতি যোজনা। ৫

বৃত্তং কীর্ত্তয়তি—এবং তাবদিতি। তত্র কর্ম্মসমুচ্চিতে জ্ঞানে দেবতাপ্তৌ শঙ্কাসম্ভবো নাস্তি, মিথঃ সহকৃতয়োর্জ্ঞানকর্ম্মণোঃ তদাপ্তিহেতুত্বাদিত্যাহ—তত্রেতি। সমনন্তরং বাক্য-মবতারয়তি—অত ইতি। সমুচ্চয়াৎ ফলাপ্তের্দৃষ্টত্বাদিতি যাবৎ। ন হেত্যাদিনা পদানি ছিন্দন্ বাক্যমাদায় ব্যাকরোতি—অলোকার্হত্বায়েতি। তদেব স্ফুটয়তি—ন হীতি। তত্র দৃষ্টান্তমাহ—ন হীতি। দৃশ্যমানমাশংসনং তর্হি কস্মিন্ বিষয়ে স্যাদিত্যাশঙ্ক্যাহ—অসন্নিকৃষ্টেতি। প্রাণাত্মনা ব্যবস্থিতস্য বিদুষস্তদাত্মভাবং কদাচিদহং ন প্রতিপদ্যেয় ইত্যাশংসনং নাস্তীতি নিগময়তি—তস্মাদিতি। ৬

কর্ম্মসমুচ্চিতাদুপাসনাৎ কেবলাচ্চ প্রাণাত্মত্বং ফলমুক্তং, তত্র সমুচ্চিতাদুদ্গাতুর্যজমানস্য বা ফলং কেবলাচ্চোপাসনাৎ তয়োরন্যতরস্যান্যস্য বা কস্যচিদিতি জিজ্ঞাসমানঃ শঙ্কতে—কস্যেতি। জ্ঞানকর্ম্মণোরুভয়ত্র সমত্বাদুভয়োরপি বচনাৎ ফলসিদ্ধিঃ। আশ্রমান্তরবিষয়ং তু কেবলজ্ঞানস্য লোকজয়হেতুত্বমিত্যভিপ্রেত্যাহ—য এবমিতি। এবংশব্দস্য প্রকৃতপরামর্শিত্বাৎ পূর্ব্বোক্তং সর্ব্বং বেদ্যস্বরূপং সংক্ষিপতি—অহমস্মীত্যাদিনা। তস্য বাগাদিভ্যো বিশেষং দর্শয়তি—ইন্দ্রিয়েতি। কিমিদানীং প্রাণস্যৈবোপাস্যতয়া বাগাদিপঞ্চকমুপেক্ষিতমিতি, নেত্যাহ—বাগাদীতি। তস্য

প্রাণাশ্রয়ত্বেঽপি কুতো দেবতাত্বম্, আসঙ্গপাপ্মবিদ্ধত্বাদিত্যাশঙ্ক্যাহ—স্বাভাবিকেতি। অস্ম-কৃতোপকারং প্রাণদ্বারা বাগাদৌ স্মারয়তি—সর্ব্বেতি। রূপাত্মকে জগতি প্রাণস্য স্বরূপমনু-সন্ধত্তে—আত্মা চেতি। নামাত্মকে জগতি প্রাণস্য আত্মত্বমুক্তং স্মারয়তি—ঋগিতি। সতি সামত্বে গীতিভাবাবস্থায়াং প্রাণস্যোক্তং সাহমাত্তরং চ সৌস্বর্য্যং সৌবর্ণ্যমিতি গুণদ্বয়মনুবদতি—মমেতি। তস্যৈব বৈকল্পিকীং প্রতিষ্ঠামুক্তামনুস্মারয়তি—গীতীতি। যদ্বেবেত্যাদিনোক্তং পরামৃশতি—এবংগুণোঽহমিতি। ইতোবমভিমানাভিব্যক্তিপর্য্যন্তং যো ধ্যায়তি, তস্যেদং ফলমিত্যুপসংহরতি—ইতীতি ॥ ৩৮ ॥ ২৮ ॥

ইতি প্রথমাধ্যায়স্য তৃতীয়ং ব্রাহ্মণম্ ॥ ১ ॥ ৩ ॥

ভাষ্যানুবাদ।—শ্রুতি এখন যথোক্ত প্রকার প্রাণ-বিজ্ঞানসম্পন্ন ব্যক্তির জন্য জপকর্ম্ম বিধানের ইচ্ছা করিতেছেন। যদ্বিষয়ক বিজ্ঞানশালী ব্যক্তির জপ-ক্রিয়ায় অধিকার, তাহা পূর্ব্বেই কথিত হইয়াছে। যেহেতু বিদ্বৎপুরুষানুষ্ঠিত এই জপক্রিয়ার ফল হইতেছে—দেবভাবে অভ্যারোহ অর্থাৎ দেবভাবপ্রাপ্তি; সেই হেতু অতঃপর, এখানে তাহাই বিহিত হইতেছে। উদ্গীথপ্রকরণে বিহিত উদ্গীথের সর্ব্বত্রই জপের সম্ভাবনা ছিল; এইজন্য বিশেষ করিয়া 'পবমানানাম্' বলা হইয়াছে। তাহার পর, 'পবমান' শব্দে ('পবমানানাম্') বহুবচন থাকায় তিনটি 'পবমান' স্তোত্রেরই জপক্রিয়ায় প্রসক্তি ছিল; এই জন্য "স বৈ খলু প্রস্তোতা সাম প্রস্তৌতি" বলিয়া পুনশ্চ তাহার কাল-সঙ্কোচ করিতেছেন,—সেই প্রস্তোতা (প্রস্তাবনামক সামাংশ পাঠকর্ত্তা—ঋত্বিগ্ বিশেষ) ঠিক সেই সময়ই এই তিনটি মন্ত্র জপ করিবেন। এই জপক্রিয়ার বিশেষ নাম—'অভ্যারোহ'; [ইহার যৌগিকার্থ এইরূপ—] প্রাণবিৎ এই জপক্রিয়া দ্বারা দেবভাবে আরোহণ করেন বলিয়া ইহার নাম 'অভ্যারোহ'। 'এতানি' এই বহুবচন থাকায় যজুর তিনটি মন্ত্রই বুঝিতে হইবে। 'এতানি' পদে দ্বিতীয়া বিভক্তি থাকায় এবং ব্রাহ্মণভাগের মধ্যে পঠিত হওয়ায় যথাশ্রুত স্বরানুসারেই ইহার প্রয়োগ করিতে হইবে, কিন্তু মন্ত্রভাগোক্ত স্বরানুসারে প্রয়োগ করিতে হইবে না (*)। এই জপক্রিয়াটি যজমানের কর্ত্তব্য (ঋত্বিকের নহে)। ১

(*) তাৎপর্য্য—বেদের সাধারণতঃ দুইটি ভাগ—মন্ত্র ও ব্রাহ্মণ। আপস্তম্ব বলিয়াছেন—"মন্ত্র-ব্রাহ্মণয়োর্বেদনামধেয়ম্", অর্থাৎ মন্ত্র ও ব্রাহ্মণভাগ, উভয়ের সম্মিলিত নাম 'বেদ'। মন্ত্র-ভাগের গূঢ় তাৎপর্য্য প্রকাশ করে বলিয়া 'ব্রাহ্মণ' নাম প্রদত্ত হইয়াছে। মন্ত্রভাগে প্রধানতঃ ক্রিয়াবিধি ও তদুপযোগী কথাবার্ত্তা আছে, আর ব্রাহ্মণভাগে প্রধানতঃ জ্ঞান ও ইতিহাসাদি বিষয়ও সন্নিবেশিত আছে। আলোচ্য বৃহদারণ্যকোপনিষদ্টীও যজুর্ব্বেদে কাণ্বশাখীয় শতপথ-ব্রাহ্মণের অন্তর্গত। ইহা ছাড়া মাধ্যন্দিনী শাখাতেও অনুরূপ উপনিষদ্ আছে। উভয়ের মধ্যে

সেই যজুঃ তিনটি এই—"অসতঃ মা সদ্ গময়, "তমসঃ মা জ্যোতিঃ গময়", "মৃত্যোঃ মা অমৃতং গময়" ইতি। মন্ত্রগুলির অর্থ তিরোহিত (অস্পষ্ট) আছে; এই জন্য, এই মন্ত্রত্রয়ে যে অর্থ প্রতিপাদিত হইয়াছে, ব্রাহ্মণ (এই শ্রুতি) নিজেই সেই সমুদয় অর্থ প্রকাশ করিয়া বলিতেছেন। সেই অর্থ কিপ্রকার, তাহা বলিতেছেন,—'অসতঃ মা সৎ গময়' ইতি, মৃত্যুই অসৎ; এখানে 'মৃত্যু' শব্দে স্বাভাবিক জ্ঞান ও কর্ম্ম অভিহিত হইয়াছে। অত্যন্ত অধঃপতনের কারণ বলিয়া উহাই অসৎ; আর সৎ হইতেছে অমৃত; শাস্ত্রোপদিষ্ট জ্ঞান ও কর্ম্ম মৃত্যুভয় নিবারণের হেতু বলিয়া, তাহারা সৎ-পদবাচ্য। অতএব [ইহার অর্থ হইতেছে যে,] অসৎ হইতে—অসৎ কর্ম্ম ও জ্ঞান হইতে আমাকে সতে—শাস্ত্রানুযায়ী কর্ম্ম ও জ্ঞানের দিকে লইয়া যাও, অর্থাৎ দেবভাব লাভের উপায়ভূত আত্মভাব লাভ করাও। বাক্যের তাৎপর্য্যার্থ বলিতেছেন—আমাকে অমৃত কর; এই অর্থই প্রথম মন্ত্রটী বলিয়াছেন। ২

সেইরূপ, 'তমসঃ মা জ্যোতিঃ গময়' এই মন্ত্রেরও অর্থ বলিতেছেন—'তমঃ' অর্থ—মৃত্যু; কেন না, অজ্ঞানমাত্রই বোধশক্তির আবরক, আবরক বলিয়াই তমঃ-শব্দবাচ্য; তাহাই আবার মৃত্যুর হেতুভূত বলিয়া মৃত্যুস্বরূপ; আর 'জ্যোতিঃ' অর্থ—অমৃত, অর্থাৎ তমের বিপরীত দৈব রূপ। জ্ঞান স্বভাবতই প্রকাশাত্মক, এই কারণে জ্যোতিঃ-শব্দবাচ্য; তাহাই আবার অবিনাশাত্মক বলিয়া অমৃত; সেই তমঃ হইতে আমাকে জ্যোতিতে লইয়া যাও। 'মৃত্যোঃ মা

বিষয়গত অনেক সাম্য থাকিলেও পাঠগত কিঞ্চিৎ বৈষম্য আছে। যজুর্ব্বেদে ছন্দোঽনুযায়ী পাদবিভাগ কিংবা অক্ষর-সংখ্যা নির্দ্দিষ্ট নাই; সুতরাং সন্দেহ হইতে পারে যে, এখানে মন্ত্র কয়টি—মন্ত্রের সংখ্যা কত? সেই সন্দেহ ভঞ্জনার্থ ভাষ্যকার বলিয়াছেন—'ত্রাণি যজুংষি' যজুর্মন্ত্র এখানে তিনটি; কমও নহে, বেশীও নহে। পুনশ্চ আশঙ্কা হইল যে, এই তিনটিই যখন মন্ত্র, তখন বৈভাবিক গ্রন্থে মন্ত্রসম্বন্ধে যে সমস্ত স্বরপ্রক্রিয়া কথিত আছে, যেমন—"উচ্চৈঃ ঋচা ক্রিয়তে, উচ্চৈঃ সাম্না, উপাংশু যজুষা" অর্থাৎ ঋক্ ও সামমন্ত্র উচ্চৈঃস্বরে পাঠ করিবে, আর উপাংশু স্বরে যজুর্মন্ত্র পাঠ করিবে। উপাংশু অর্থ—মৃদু স্বর, যাহা কেবল পাঠকের মাত্র কর্ণগোচর হয়, ইত্যাদি। এখানে সে সমস্ত স্বর গ্রহণ করিতে হইবে কি না, এই আশঙ্কা নিবৃত্তির জন্য ভাষ্যকার বলিলেন—এখানে মন্ত্রোক্ত স্বর গ্রহণ করিতে হইবে না, যথাশ্রুত হ্রস্ব দীর্ঘ অনুসারে পাঠ করিতে হইবে মাত্র। বিশেষতঃ "উচ্চৈঃ ঋচা" ইত্যাদি শ্রুতি অনুসারে জানা যায়, যে, যেখানে স্বরভেদ শ্রুতির অভিপ্রেত থাকে, যেখানে তৃতীয়া বিভক্তির নির্দ্দেশ থাকে, কিন্তু এখানে দ্বিতীয়া বিভক্তি থাকায় বুঝা যায় যে, এখানে স্বরভেদ শ্রুতির অভিপ্রেত নহে।

অমৃতং গময়' ইত্যাদির অর্থও পূর্ব্ববৎ, অর্থাৎ আমাকে অমৃত কর,—দিব্য প্রাজাপত্য (প্রজাপতিত্বরূপ) ফল আমাকে লাভ করাও, ইহাই ঐ মন্ত্রে বলা হইয়াছে। ৩

ইহার মধ্যে প্রথমোক্ত মন্ত্রটির অর্থ হইতেছে এই যে, সাধন-হীন অবস্থা হইতে আমাকে সাধনাবস্থা প্রাপ্ত করাও, আর দ্বিতীয় মন্ত্রটির অর্থ হইতেছে এই যে, অজ্ঞানাত্মক সাধনাবস্থা হইতেও আমাকে ফলীভূত সাধ্যাবস্থা লাভ করাও। প্রথমোক্ত মন্ত্রদ্বয়ের যাহা অর্থ, 'মৃত্যোঃ মা অমৃতং গময়' এই তৃতীয় মন্ত্রে আবার তাহাই সমুচ্চিত বা সম্মিলিতভাবে অভিহিত হইয়াছে; সুতরাং ইহার অর্থ প্রসিদ্ধই (স্পষ্টই) আছে। পূর্ব্বোক্ত মন্ত্রদ্বয়ের ন্যায় এই তৃতীয় মন্ত্রে প্রতি-পাদ্যার্থ কিছুমাত্র তিরোহিত অর্থাৎ লুক্কায়িত নাই, যথাশ্রুত অর্থই ইহার অর্থ; [কাজেই শ্রুতি ইহার ব্যাখ্যা করিয়া দেওয়া আবশ্যক মনে করেন নাই [। ৪

অতঃপর, প্রাণবিৎ [অতএব] প্রাণাত্মভাবাপন্ন উদ্গাতা ঠিক প্রাণের ন্যায় পবমানত্রয়ে যজমানসম্বন্ধী উদ্গান সম্পাদন করিবার পর অবশিষ্ট যে সমস্ত স্তোত্র আছে, তাহাতে আপনার জন্য অন্নাদ্য গান করিবেন। যেহেতু সেই এই উদ্গাতা যথোক্ত প্রকারে প্রাণতত্ত্ব জানেন, সেই হেতু প্রাণের ন্যায়ই অভীষ্ট কাম (ফল) সাধন করিতে সমর্থ হন; অতএব যে সময় সেই সমস্ত স্তোত্রপাঠ আরম্ভ হয়, সেই সময় যজমান বর প্রার্থনা করিবে।—সে যে ফল কামনা করে, সেই ফল বিষয়েই বর প্রার্থনা করিবে। 'তস্মাৎ' শব্দ থাকায় তাহার অগ্রে 'যস্মাৎ এবংবিদ্‌ উদ্গাতা' এইরূপ পদ যোজনা করিতে হইবে। যেহেতু এবংবিদ্‌ উদ্গাতা নিজের জন্যই হউক, আর যজমানের জন্যই হউক, যে ফল কামনা করেন—ইচ্ছা করেন, তাহাই আগান করেন—যথাবিধি গান দ্বারা সম্পাদন করেন, ['সেই হেতু' যজমান বর প্রার্থনা করিবে]। ৫

এইরূপে ত জ্ঞান ও কর্ম্মের দ্বারা প্রাণাত্মভাবপ্রাপ্তির কথা বলা হইল; এ বিষয়ে কোন প্রকার আশঙ্কার সম্ভাবনা নাই; অতএব এখন আশঙ্কার বিষয় হইতেছে যে, অনুষ্ঠের কর্ম্মের অপায়ে অর্থাৎ অভাব হইলেও প্রাণাত্মভাব প্রাপ্তি হয় কি না? সেই আশঙ্কা অপনয়নার্থ বলিতেছেন—"তদ্‌ হ এতল্লোকজিদেব" ইতি। সেই এই প্রাণাত্মদর্শন বা প্রাণবিজ্ঞান যজ্ঞাদি-কর্ম্মবিযুক্ত হইলেও নিশ্চয়ই লোকজিৎ—অবশ্যই অভীষ্ট লোকপ্রাপ্তির সাধক হয়; নিশ্চয়ই অলোক্য-তার জন্য—অভীষ্টলোকপ্রাপ্তির অযোগ্যতার পক্ষে কখনও ত আশা—প্রার্থনা নাই। গ্রামস্থ লোক কখনই অরণ্যস্থ লোকের ন্যায় প্রার্থনা করিতে পারে

না যে, আমি কবে গ্রাম প্রাপ্ত হইব; কেন না, অসন্নিহিত বা অপ্রাপ্ত অনাত্মবস্তু বিষয়েই আশংসা (প্রাপ্তির ইচ্ছা) হইয়া থাকে, কিন্তু নিত্য প্রাপ্ত স্বীয় আত্মাতে ত আর সেরূপ আশংসা হইতে পারে না। অতএব 'আমি কখনও প্রাণাত্মভাব না পাইতে পারি' এরূপ সম্ভাবনা তাহার হইতেই পারে না। ৬

উক্ত ফলপ্রাপ্তি কাহার হয়? না, যে ব্যক্তি যথোক্ত মহিমান্বিত এই সাম নামক প্রাণকে জানে,—আমি হইতেছি ইন্দ্রিয়বিষয়ে আসক্তিরূপ আসুর পাপ দ্বারা অধর্ষণীয়—বিশুদ্ধ; এবং বাক্ প্রভৃতি পাঁচটি ইন্দ্রিয়ও আমার আশ্রয়ে থাকিয়াই অগ্ন্যাদ্যাত্মভাবাপন্ন এবং স্বাভাবিক বা অপরিশুদ্ধ-জ্ঞানজাত ইন্দ্রিয়গ্রাহ্য বিষয়ে আসক্তিজনিত আসুর পাপবিযুক্ত হয়, অধিকন্তু সর্ব্বভূতে মদাশ্রিত অন্নাদ্যের ভোগ্য বস্তুর উপভোগেও সমর্থ হয়। আঙ্গিরসত্ব-নিবন্ধন আমিই সর্ব্বভূতের আত্মা-স্বরূপ,—ঋক্, যজুঃ, সাম ও উদ্গীথাত্মক বাক্যেরও আমিই আত্মা; কারণ, ঐ সমস্তই আমার অধীন এবং আমার দ্বারা নির্ব্বাহিত হয়; গীতিভাবপ্রাপ্ত সামস্বরূপ আমার বাহ্য ধন—অলঙ্কার হইতেছে স্বরসৌষ্ঠব, তদপেক্ষাও আন্তরতর অর্থাৎ সন্নিকৃষ্ট ভূষণ হইতেছে সৌবর্ণ্য—বর্ণ-সৌষ্ঠব, তাহাও স্বরসৌন্দর্য্যই বটে; গীতিভাবপ্রাপ্ত আমার প্রতিষ্ঠা বা আশ্রয়স্থান হইতেছে—কণ্ঠ-তালু প্রভৃতি স্থান; ঈদৃশগুণসম্পন্ন আমি অমূর্ত্ত—নির্দ্দিষ্ট আকৃতিবিহীন, এবং সর্ব্বব্যাপী বলিয়া, পুত্তিকাশরীরেও সম্পূর্ণরূপে অবস্থিত আছি। যতকাল আপনাতে প্রাণাত্মভাব অভিব্যক্ত না হয়, ততকাল যে জানে—উপাসনা করে; [তাহার এইরূপ ফল লাভ হয়] ॥ ৩৭ ॥ ২৮ ॥

ইতি প্রথমাধ্যায়ে তৃতীয় ব্রাহ্মণের ভাষ্যানুবাদ ॥ ১ ॥ ৩ ॥

চতুর্থং ব্রাহ্মণম্।

আত্মৈবেদমগ্র আসীৎ পুরুষবিধঃ ; সোঽনুবীক্ষ্য নান্যদাত্মনোঽপশ্যৎ ; সোঽহমস্মীত্যগ্রে ব্যাহরৎ, ততোঽহংনামাভবৎ, তস্মাদপ্যেতর্হ্যামন্ত্রিতোঽহময়মিত্যেবাগ্র উক্ত্বাথান্যন্নাম প্রব্রূতে— যদস্য ভবতি, স যৎ পূর্ব্বোঽস্মাৎ সর্ব্বস্মাৎ সর্ব্বান্ পাপ্মন ঔষৎ, তস্মাৎ পুরুষঃ, ওষতি হ বৈ স তং যোঽস্মাৎ পূর্ব্বো বুভূষতি, য এবং বেদ ॥ ৩৮ ॥ ১ ॥

সরলার্থঃ।—অগ্রে (শরীরান্তরোৎপত্তেঃ প্রাক্) ইদং (অনুভূয়মানং শরীরজাতং) পুরুষবিধঃ (পুরুষাকার-হস্তপদাদিসম্পন্নঃ বিরাট্স্বরূপঃ) আত্মা (প্রজাপতিঃ—প্রথমশরীরী) এব (ইতরব্যবচ্ছেদে) আসীৎ, (নান্যৎ শরীরান্তরমিত্যর্থঃ)। সঃ (প্রথমজঃ প্রজাপতিঃ) অনুবীক্ষ্য (মনসি আলোচ্য, আত্মনঃ স্বরূপং বিচিন্ত্য) (আত্মনঃ) (স্বস্মাৎ) অন্যৎ (পৃথগ্ভূত- বস্ত্বন্তরং) ন অপশ্যৎ (ন দৃষ্টবান্, আত্মানমেব কেবল দৃষ্টবান্)। সঃ (প্রজাপতিঃ) অগ্রে (প্রথম) অহম্ অস্মি' (সর্ব্বাত্মা অহমস্মি) ইতি ব্যাহরৎ (উক্তবান্); ততঃ (অহং-শব্দোচ্চারণাদেব) 'অহং'নামা (অহম্ ইতি নাম যস্য, সঃ তথাভূতঃ) অভবৎ ; তস্মাৎ (হেতোঃ) এতর্হি অপি (ইদানীমপি) আমন্ত্রিতঃ (কস্ত্বম্ ? ইতি পৃষ্টঃ সন্) অগ্রে 'অহম্ অয়ম্' ইতি এব উক্ত্বা (কথয়িত্বা), অথ (অনন্তরং) অন্যৎ নাম ব্রূতে (কথয়তি)—যৎ (নাম) অস্য (আমন্ত্রিতস্য) ভবতি (কৃতসঙ্কেতম্ অস্তি—যজ্ঞদত্ত-দেবদত্ত-প্রভৃতি)। যৎ (যস্মাৎ) সঃ (প্রজাপতিঃ পূর্ব্বঃ (প্রথমোৎপন্নঃ সন্) সর্ব্বান্ পাপ্মনঃ ঔষৎ (প্রাক্তন-জ্ঞানকর্ম্মসংস্কারবলেন দগ্ধবান্), তস্মাৎ পুরুষঃ (পূর্ব্বম্ ঔষৎ ইতি ব্যুৎপত্ত্যা 'পুরুষ'পদবাচ্যঃ অভবৎ)। [ইদানীং বিদ্যাফলমুচ্যতে—] য এবং (যথোক্তপ্রকারম্) বেদ (বিজানাতি), সঃ [অপি], যঃ (জনঃ) অস্মাৎ (বিদুষঃ) পূর্ব্বঃ (প্রথমঃ অগ্রগণ্যঃ) বুভূষতি (ভবিতুমিচ্ছতি), তং (জনং) হ বৈ (নিশ্চয়ে) ওষতি (দহতি), [এতল্লঙ্ঘনকারী স্বয়মেব বিনশ্যতীতি ভাবঃ ॥ ৩৮ ॥ ১ ॥

মূলানুবাদ।—এই শরীরসমূহ অগ্রে (যখন অন্য কোনও শরীর প্রাদুর্ভূত হয় নাই, তখন) পুরুষাকৃতিবিশিষ্ট (হস্তপদাদিযুক্ত)

আত্মা—বিরাট্ প্রজাপতিই একমাত্র ছিলেন; তিনি বিশেষ আলোচনা করিবার পর—তাঁহার অতিরিক্ত আর কিছু দেখিতে পাইলেন না। তিনিই অগ্রে 'অহম্ অস্মি' অর্থাৎ আমি হইতেছি সকলের আত্মা, এইরূপ উক্তি করিয়াছিলেন; সেই হেতুই তিনি 'অহম্' নামে পরিচিত হইয়াছেন। সেই কারণেই, এখনও 'তুমি কে?' জিজ্ঞাসা করিলে, জিজ্ঞাসিত ব্যক্তি প্রথমে 'এই আমি' বলে; পরে, তাহার যাহা নাম, সেই নাম প্রকাশ করিয়া থাকে। যেহেতু তিনি এই সমস্তের পূর্ব্বে সমস্ত পাপ দগ্ধ করিয়াছিলেন, সেই হেতুই 'পুরুষ'-পদবাচ্য হইয়াছেন। অপরও যে লোক এইপ্রকার জ্ঞান লাভ করেন, তিনিও, যে ব্যক্তি তদপেক্ষা বড় হইতে ইচ্ছা করে, তাহাকে দগ্ধ করেন, [ইহাই বিদ্যার গৌণ ফল] ॥ ৩৮ ॥ ১ ॥

শাঙ্করভাষ্যম্। আত্মৈবেদমগ্র আসীৎ। জ্ঞান-কর্ম্মভ্যাং সমুচ্চিতাভ্যাং প্রজাপতিত্বপ্রাপ্তির্ব্যাখ্যাতা, কেবলপ্রাণদর্শনেন চ —"তদ্ধৈতল্লোকজিদেব" ইত্যাদিনা। প্রজাপতেঃ ফলভূতস্য সৃষ্টিস্থিতিসংহারেষু জগতঃ স্বাতন্ত্র্যাদিবিভূত্যুপবর্ণনেন জ্ঞান-কর্ম্মণোর্বৈদিকয়োঃ ফলোৎকর্ষো বর্ণয়িতব্যঃ—ইত্যেবমর্থমারভ্যতে। তেন চ কর্ম্মকাণ্ডবিহিত-জ্ঞানকর্ম্মস্তুতিঃ কৃতা ভবেৎ সামর্থ্যাৎ। বিবক্ষিতস্ত্বেতৎ—সর্ব্বমপ্যেতজ্‌জ্ঞান-কর্ম্মফলং সংসার এব, ভয়ারত্যাদিযুক্তত্বশ্রবণাৎ কার্য্যকরণলক্ষণত্বাচ্চ স্থূলব্যক্তানিত্যবিষয়ত্বাচ্চেতি। ব্রহ্মবিদ্যায়াঃ কেবলায়া বক্ষ্যমাণায়া মোক্ষহেতুত্বমিত্যুত্তরার্থঞ্চেতি। ন হি সংসারবিষয়াৎ সাধ্য-সাধনাদিভেদলক্ষণাৎ অবিরক্তস্য আত্মৈকত্বজ্ঞানবিষয়েঽধিকারঃ, অতৃষিতস্যেব পানে। তস্মাজ্‌জ্ঞান-কর্ম্মফলোৎকর্ষোপবর্ণনম্ উত্তরার্থম্। তথাচ বক্ষ্যতি—"তদেতৎ পদনীয়মস্য" "তদেতৎ প্রেয়ঃ পুত্রাৎ" ইত্যাদি। ১

আত্মৈব,—আত্মেতি প্রজাপতিঃ প্রথমোঽণ্ডজঃ শরীর্য্যভিধীয়তে। বৈদিকজ্ঞানকর্ম্মফলভূতঃ স এব। কিম্? ইদং শরীরভেদজাতং—তেন প্রজাপতিশরীরেণ অবিভক্তম্ আত্মৈবাসীৎ, অগ্রে প্রাক্‌শরীরান্তরোৎপত্তেঃ। স চ পুরুষবিধঃ পুরুষপ্রকারঃ শিরঃপাণ্যাদিলক্ষণো বিরাট্; স এব প্রথমঃ সম্ভূতঃ অনুবীক্ষ্য অন্বালোচনং কৃত্বা —'কোঽহং কিংলক্ষণো বাস্মি' ইতি, নান্যদ্বস্ত্বন্তরম্—আত্মনঃ প্রাণপিণ্ডাত্মকাৎ কার্য্যকরণরূপাৎ, নাপশ্যৎ ন দদর্শ। কেবলন্ত্ব আত্মানমেব সর্ব্বাত্মানমপশ্যৎ, তথা পূর্ব্বজন্ম-শ্রৌতবিজ্ঞানসংস্কৃতঃ 'সোঽহং প্রজাপতিঃ সর্ব্বাত্মাহমস্মি, ইতি অগ্রে ব্যাহরৎ ব্যাহৃতবান্। ততঃ তস্মাৎ, যতঃ পূর্ব্বজ্ঞানসংস্কারাদাত্মানমেব 'অহম্'

ইত্যভ্যধাৎ অগ্রে, তস্মাৎ অহংনামা অভবৎ, তস্যোপনিষদ্—অহমিতি শ্রুতিপ্রদর্শিতমেব নাম বক্ষ্যতি। তস্মাৎ,—যস্মাৎ কারণে প্রজাপতৌ এবং বৃত্তম্, তস্মাৎ তৎকার্য্যভূতেষু প্রাণিষু এতর্হি এতস্মিন্নপি কালে আমন্ত্রিতঃ—'কস্ত্বম্'ইত্যুক্তঃ সন্ 'অহময়ম্' ইত্যেবাগ্রে উক্ত্বা কারণাত্মাভিধানেন আত্মানমভিধায়াগ্রে, পুনর্বিশেষনাম-জিজ্ঞাসবে, অথ অনন্তরং বিশেষপিণ্ডাভিধানং 'দেবদত্তঃ যজ্ঞদত্তঃ' বেতি প্রব্রূতে কথয়তি—যন্নামাস্য বিশেষপিণ্ডস্য মাতাপিতৃকৃতং ভবতি, তং কথয়তি ॥ ২

স চ প্রজাপতিরতিক্রান্তজন্মনি সম্যক্‌কর্ম্ম-জ্ঞানভাবনানুষ্ঠানৈঃ সাধকাবস্থায়াম্, যৎ যস্মাৎ কর্ম্মজ্ঞানভাবনানুষ্ঠানৈঃ প্রজাপতিত্বং প্রতিপিৎসূনাং পূর্ব্বঃ প্রথমঃ সন্, অস্মাৎ প্রজাপতিত্ব-প্রতিপিৎসুসমুদায়াৎ সর্ব্বস্মাৎ, আদৌ ঔষৎ অদহৎ। কিম্? আসঙ্গাজ্ঞানলক্ষণান্ সর্ব্বান্ পাপ্মনঃ প্রজাপতিত্বপ্রতিবন্ধকারণভূতান্। ৩

যস্মাদেবম্, তস্মাৎ পুরুষঃ—পূর্ব্বমৌষদিতি পুরুষঃ। যথায়ং প্রজাপতিরোষিত্বা প্রতিবন্ধকান্ পাপ্মনঃ সর্ব্বান্, স পুরুষঃ প্রজাপতিরভবৎ, এবমন্যোঽপি জ্ঞানকর্ম্ম-ভাবনানুষ্ঠান-বহ্নিনা, কেবলং জ্ঞানবলাদ্বা ওষতি ভস্মীকরোতি হ বৈ সঃ তম্; কম্? যোঽস্মাদ্বিদুষঃ পূর্ব্বঃ প্রথমঃ প্রজাপতিঃ বুভূষতি ভবিতুমিচ্ছতি, তমিত্যর্থঃ। তং দর্শয়তি—য এবং বেদেতি; সামর্থ্যাজ্জ্ঞানভাবনাপ্রকর্ষবান্।

নন্বনর্থায় প্রাজাপত্যপ্রতিপিৎসা, এবংবিদা চেৎ দহ্যতে? নৈষ দোষঃ; জ্ঞানভাবনোৎকর্ষাভাবাৎ প্রথমং প্রজাপতিত্বপ্রতিপত্ত্যভাবমাত্রত্বাৎ দাহস্য। উৎকৃষ্টসাধনঃ প্রথমং প্রজাপতিত্বং প্রাপ্নুবন্—ন্যূনসাধনো ন প্রাপ্নোতীতি স তং দহতীত্যুচ্যতে; ন পুনঃ প্রত্যক্ষমুৎকৃষ্টসাধনেন ইতরো দহ্যতে। যথা লোকে আজিসৃতাং যঃ প্রথমমাজিমুপসর্পতি, তেনেতরে দগ্ধা ইব অপহৃতসামর্থ্যা ভবন্তি, তদ্বৎ ॥ ৩৮ ॥ ১ ॥

টীকা। ব্রাহ্মণান্তরমবতার্য্য পূর্ব্বেণ সম্বন্ধং বক্তুং বৃত্তং কীর্ত্তয়তি—আত্মৈবেত্যাদিনা। কেবলপ্রাণদর্শনেন চ প্রজাপতিত্বপ্রাপ্তির্ব্যাখ্যাতেতি সম্বন্ধঃ। ইদানীম্ আত্মেত্যাদেস্তদ্বেদন্ ইত্যন্তঃ প্রাক্তনগ্রন্থস্য আপাততস্তাৎপর্য্যমাহ—প্রজাপতেরিতি। আদিপদেন সর্ব্বাত্মত্বাদি গৃহ্যতে। ফলোৎকর্ষোপবর্ণনং কুত্রোপযুজ্যতে, তত্রাহ—তেন চেতি। কর্ম্মকাণ্ডপদেন পূর্ব্ব-গ্রন্থোঽপি সংগৃহীতঃ। ফলাতিশয়ো হেত্বতিশয়াপেক্ষঃ, অন্যথা আকস্মিকত্বাপাতাৎ। অতো জ্ঞানকর্ম্মফলভূতস্যত্রবিভূতিরুচ্যমানা জ্ঞানকর্ম্মণোর্ম্মহত্ত্বং দর্শয়তীত্যাহ—সামর্থ্যাদিতি। আপাতিকং তাৎপর্য্যমুক্ত্বা পরমতাৎপর্য্যমাহ—বিবক্ষিতং ত্বিতি। কিঞ্চ, বিমতং সংসারান্তর্ভূতং, কার্য্যকরণাত্মত্বাৎ, অস্মদাদিকার্য্যকরণবদিত্যাহ—কার্য্যেতি। প্রাজাপত্যপদস্য সংসারান্তর্ভূতত্বে হেত্বন্তরমাহ—স্থূলেতি। স্থূলত্বং সাধয়তি—ব্যক্তেতি। অনিত্যত্বাৎ দৃষ্টত্বাচ্চ প্রজাপতিত্বং

সংসারান্তর্গতমিত্যাহ—অগ্নিত্যেতি। ইতিশব্দো বিবক্ষিতার্থসমাপ্ত্যর্থঃ। কিমিত্যেতদ্ বিবক্ষিতমুপবর্ণ্যতে, তত্রাহ—ব্রহ্মবিদ্যায়া ইতি। তচ্চেদং বিবক্ষিতার্থবচনম্ একাকিন্যা বিদ্যায়া বক্ষ্যমাণায়া মুক্তিহেতুত্বমিত্যুত্তরার্থমিতি দ্রষ্টব্যম্। যদা হি কর্মজ্ঞানফলং প্রজাপতিত্বং সংসার ইত্যুচ্যতে, তদা তৎপর্যন্তাৎ সর্বস্মাৎ তস্মাদ্বিরক্তস্য বক্ষ্যমাণবিদ্যায়ামধিকারঃ সেৎস্যতীত্যর্থঃ। অথ যস্য কস্যচিদর্থিতামাত্রেণ তত্রাধিকারসম্ভবাদ্বৈরাগ্যং ন মৃগ্যম্, ইত্যাশঙ্ক্যাহ—ন হীতি। উভয়ত্রাপি বিষয়শব্দঃ পূর্বেণ সমানাধিকরণঃ। বিবক্ষিতমর্থমুপসংহরতি—তস্মাদিতি। বৈরাগ্যমন্তরেণ জ্ঞানানধিকারাজ্জ্ঞানাদিফলস্য প্রজাপতিত্বস্যোৎকর্ষবতঃ সংসারত্ববচনং ততো বিরক্তস্য বক্ষ্যমাণবিদ্যায়ামধিকারার্থম্। বিরক্তস্য বিদ্যাধিকারে মোক্ষাদপি বৈরাগ্যং স্যাদিত্যাশঙ্ক্যাহ—তথা চেতি। ননু মোক্ষার্থং বিদ্যায়াং প্রবর্তিতব্যং, মোক্ষশ্চ অপুরুষার্থত্বাৎ ন প্রেক্ষাবতা প্রার্থ্যতে, তত্রাহ—তদেতদিতি। ১

আপাতিকমনাপাতিকং চ তাৎপর্যমুক্ত্বা প্রতীকমাদায়াক্ষরাণি ব্যাকরোতি—আত্মৈবেতি। তস্যাশ্বমেধাধিকারে প্রকৃতত্বং সূচয়তি—অণ্ডজ ইতি। পূর্বস্মিন্নপি ব্রাহ্মণে তস্য প্রস্তুতত্বমস্তীত্যাহ—বৈদিকেতি। স এব আসীদিতি সম্বন্ধঃ। স্থিত্যবস্থায়ামপি প্রজাপতিরেব সমষ্টিদেহঃ তত্তদ্ব্যষ্ট্যাত্মনা তিষ্ঠতীতি বিশেষাসিদ্ধিঃ, ইত্যাশঙ্ক্যাহ—তেনেতি। আত্মশব্দেন পরস্যাপি গ্রহসম্ভবে কিমিতি বিরাড়েবোপাদীয়তে, ইত্যাশঙ্ক্য বাক্যশেষাদিত্যাহ—স চেতি। বক্ষ্যমাণমর্যালোচনাদি বিরাড়াত্মকর্তৃকমেবেত্যাহ—স এবেতি। স্বরূপপর্যন্তবিষয়ৌ দ্বৌ বিমর্শৌ। নান্যদিতি বাক্যমাদায় অক্ষরাণি ব্যাচষ্টে—বস্ত্বন্তরমিতি। দর্শনশক্ত্যভাবাদেব বস্ত্বন্তরং প্রজাপতির্ন দৃষ্টবানিত্যাশঙ্ক্যাহ—কেবলং ত্বিতি। সোঽহমিত্যাদি ব্যাচষ্টে—তথেতি। যথা সর্বাত্মা প্রজাপতিরহমিতি পূর্বস্মিন্ জন্মনি শ্রৌতেন বিজ্ঞানেন সংস্কৃতো বিরাড়াত্মা, তথেদানীমপি ফলাবস্থঃ সোঽহং প্রজাপতিরস্মীতি প্রথমং ব্যাহৃতবানিতি যোজনা। ব্যাহরণফলমাহ—তত ইতি। কিমিতি প্রজাপতেরেতমিতি নামোচ্যতে, সাধারণং হীদং সর্বেষাম্; ইত্যাশঙ্ক্যোপাসনার্থমিত্যাহ—তস্যেতি। আধ্যাত্মিকস্য চাক্ষুষস্য পুরুষস্যাহমিতি রহস্যং নামেতি যত্তো বক্ষ্যতি, অতঃ শ্রুতিসিদ্ধমেবৈতন্নামাস্য ধ্যানার্থমিহোক্তমিত্যর্থঃ। প্রজাপতেরহংনামত্বে লোকপ্রসিদ্ধিং প্রমাণয়িতুমুত্তরং বাক্যমিত্যাহ—তস্মাদিতি। ২

উপাসনার্থং প্রজাপতেরহংনামোক্ত্বা পুরুষনামনির্বচনং করোতি—স চেত্যাদিনা। পূর্বস্মিন্ জন্মনি সাধকাবস্থায়াং কর্মাদ্যনুষ্ঠানৈরহমহমিকয়া প্রজাপতিত্বপ্রেপ্সূনাং মধ্যে পূর্বো যঃ সম্যক্ কর্মাদ্যনুষ্ঠানৈঃ সর্বং প্রতিবন্ধকং যস্মাদদহৎ, তস্মাৎ স প্রজাপতিঃ পুরুষ ইতি যোজনা। উক্তমেব স্ফুটয়তি—প্রথমঃ সন্নিতি। সর্বস্মাদস্মাৎ প্রজাপতিত্বপ্রতিপিৎসুসমুদায়াৎ প্রথমঃ সন্নৌষদিতি সম্বন্ধঃ। আকাঙ্ক্ষাপূর্বকং দাহং দর্শয়তি—কিমিত্যাদিনা। ৩

পূর্বং প্রজাপতিত্বপ্রতিবন্ধকপ্রধ্বংসিত্বে সিদ্ধমর্থমাহ—যস্মাদিতি। পুরুষগুণোপাসকস্য ফলমাহ—যথেতি। অয়ং প্রজাপতিরিতি ভবিষ্যদবৃত্ত্যা সাধকোক্তিঃ, পুরুষঃ প্রজাপতিরিতি ফলাবস্থঃ স কথ্যতে। কোঽসাবোষতীত্যপেক্ষায়ামাহ—তং দর্শয়তীতি। পুরুষগুণঃ প্রজাপতিরহমস্মীতি যো বিদ্যাৎ, সোঽস্মানোষতীত্যর্থঃ। বিদ্যাসাম্যে কথমেষা ব্যবস্থা, ইত্যাশঙ্ক্যাহ—সামর্থ্যাদিতি। হেতুসাম্যে দাহকত্বানুপপত্তেঃ তৎপ্রকর্ষবানিতরান্ দহতীত্যর্থঃ। প্রসিদ্ধং

দাহমাদায় চোদয়তি—নম্বিতি। তথা চ তৎপ্রেক্ষাযোগাৎ তদুপাস্ত্যসিদ্ধিরিত্যর্থঃ। বিবক্ষিতং দাহং দর্শয়ন্নুত্তরমাহ—নৈষ দোষ ইতি। তদেব স্পষ্টয়তি—উৎকৃষ্টেতি। প্রাপ্নুবন্ ভবতীতি শেষঃ। ঔপচারিকং দাহং দৃষ্টান্তেন সাধয়তি—যথেতি। আজির্মর্যাদা, তাং সরন্তি ধাবন্তী-ত্যাজিসৃতঃ, তেষামিতি যাবৎ॥ ৩৮ ॥ ১ ॥

ভাষ্যানুবাদ।—"আত্মৈব ইদমগ্রে আসীৎ" ইত্যাদি। সমুচ্চিত অর্থাৎ সহানুষ্ঠিত জ্ঞান ও কর্ম্ম দ্বারা যে, প্রজাপতিত্ব লাভ হয়, এ কথা ইতঃপূর্ব্বেই বর্ণিত হইয়াছে; আর শুদ্ধ প্রাণ-দর্শনেও যে, ঐ পদ লাভ হয়, তাহাও "তদ্ধৈ-তল্লোকজিৎ এব" ইত্যাদি বাক্যে বর্ণিত হইয়াছে। অতঃপর জ্ঞান ও কর্ম্মের ফল-স্বরূপ প্রজাপতির যে, জাগতিক সৃষ্টি স্থিতি ও সংহারকার্য্যে স্বাতন্ত্র্যাদি বিভূতি বা মহিমা, তদুপবর্ণন দ্বারা জ্ঞান ও কর্ম্মের উৎকর্ষ বর্ণনা করা আবশ্যক, সেই উদ্দে-শ্যেই এই চতুর্থ অধ্যায় আরব্ধ হইতেছে। ইহা দ্বারা কর্ম্মকাণ্ডোক্ত জ্ঞানসহকৃত কর্ম্মেরও স্তুতি সাধিত হইতেছে; কিন্তু ইহার অভিপ্রেত প্রয়োজন হইতেছে এই যে, কর্ম্মকাণ্ডে যত কিছু জ্ঞান-কর্ম্ম বিহিত আছে, সংসারই সে সমুদয়ের মুখ্য ফল; কারণ, ঐ সমস্ত ফলে ভয় ও উদ্বেগাদির উল্লেখ আছে, অধিকন্তু তৎসমস্তই কার্য্য-করণভাবাপন্ন (দেহেন্দ্রিয়াত্মক) এবং স্থূল, ব্যক্ত ও অনিত্যতাদোষগ্রস্ত; কেবল বক্ষ্যমাণ ব্রহ্মবিদ্যাই মোক্ষলাভের একমাত্র হেতু; সুতরাং পরবর্ত্তী ব্রহ্মবিদ্যার জন্যও এই চতুর্থ ব্রাহ্মণ আরম্ভ করা আবশ্যক হইয়াছে (১)। তৃষ্ণা না থাকিলে যেমন জলপানে প্রবৃত্তি হয় না, তেমনি নানারকম সাধ্য-সাধনভাবপূর্ণ (কার্য্য-কারণা-ত্মক) এই সংসারে যাহার বিতৃষ্ণা বা বৈরাগ্য না হয়, তাহার কখনই আত্মজ্ঞানে অধিকার ও প্রবৃত্তি জন্মিতে পারে না। [পরবর্ত্তী ব্রহ্মবিদ্যার মোক্ষরূপ ফল দর্শন

---

(১) তাৎপর্য্য—এই চতুর্থ ব্রাহ্মণ কেন আরব্ধ হইতেছে, এবং পূর্ব্ব ব্রাহ্মণের সহিত ইহার সম্বন্ধই বা কিপ্রকার, ভাষ্যকার তাহা বলিয়া দিতেছেন। এই চতুর্থ ব্রাহ্মণ আরম্ভ করিবার উদ্দেশ্য দুইটি—প্রথম প্রয়োজন প্রাজাপত্য-পদলাভরূপ উৎকৃষ্ট ফলপ্রদর্শন দ্বারা পূর্ব্বকাণ্ডোক্ত জ্ঞান-কর্ম্মের প্রশংসা করা; কারণ, সাধনের উৎকর্ষ না থাকিলে কখনই ফলোৎকর্ষ হইতে পারে না; কাজেই ফলোৎকর্ষ বর্ণনা দ্বারাই তৎসাধনীভূত জ্ঞান-সহকৃত কর্ম্মেরও স্তুতি সম্পন্ন হইবে। দ্বিতীয় প্রয়োজন—বক্ষ্যমাণ ব্রহ্মবিদ্যার স্তুতি করা; কেন-না, দেখা যাইতেছে যে, পূর্ব্বোক্ত জ্ঞানকর্ম্মের সর্ব্বোৎকৃষ্ট ফল হইতেছে—প্রাজাপত্য অধিকার লাভ; তাহাও যখন স্থূলতা ও অনিত্যতাদিদোষগ্রস্ত সংসারেরই অন্তর্ভূত, অথচ বক্ষ্যমাণ ব্রহ্মবিদ্যার ফল হইতেছে সংসারের অতীত নিত্য নিরতিশয় আনন্দস্বরূপ মোক্ষ; তখন সহজেই লোকের পূর্ব্বোক্ত জ্ঞানকর্ম্মে বৈরাগ্য জন্মিতে পারে, এবং ব্রহ্মবিদ্যায়ও প্রবৃত্তি হইতে পারে, এইজন্যই ভাষ্যকার বলিতেছেন—'উত্তরার্থং চ'। উভয়ের মধ্যে শেষোক্ত উদ্দেশ্যটাই শ্রুতির অভিপ্রেত।

করিলে সহজেই পূর্ব্বোক্ত ফলে লোকের বৈরাগ্য জন্মিতে পারে]; অতএব জ্ঞানমিশ্রিত কর্ম্মফলের যে, উৎকর্ষ বর্ণনা, তাহা পরবর্ত্তী ব্রহ্মবিদ্যার প্রশংসার্থও বটে। 'মুমুক্ষু ব্যক্তির ইহাই একমাত্র প্রাপ্য,' 'সেই এই আত্মবস্তুটি পুত্র অপেক্ষাও প্রিয়' ইত্যাদি শ্রুতিতেও এই অভিপ্রায়ই প্রকটিত করা হইবে। ১

শ্রুতির 'আত্মৈব' এই আত্মা অর্থ—প্রজাপতি, যিনি অণ্ড হইতে জাত প্রথম-শরীরী বলিয়া অভিহিত। বেদোক্ত জ্ঞান-কর্ম্মানুষ্ঠানের ফলস্বরূপ একমাত্র তিনিই,—কি? না, এই বিভিন্নজাতীয় অপরাপর শরীরোৎপত্তির পূর্ব্বে সেই প্রজাপতির শরীরের সহিত অবিভক্ত অর্থাৎ তদাত্মক ছিলেন। (প্রজাপতি-স্বরূপই) ছিলেন। সেই আত্মাও (প্রজাপতিও) আবার পুরুষবিধ—পুরুষা-কৃতি হস্ত-মস্তকাদিসম্পন্ন বিরাট্‌স্বরূপ। সর্ব্বাগ্রে সমুৎপন্ন সেই প্রজাপতিই অনুবীক্ষণ করিয়া 'আমি কে, এবং আমার লক্ষণ—বিশেষত্বই বা কি', ইহা আলোচনা করিয়া—প্রাণসমষ্টিভূত এবং দেহেন্দ্রিয়াত্মক আপনা হইতে পৃথগ্‌ভূত অপর কোনও বস্তু দর্শন করিলেন না (দেখিতে পাইলেন না), পরন্তু সর্ব্বাত্মস্বরূপে কেবল আপনাকেই দর্শন করিলেন। সেই রূপ, পূর্ব্বজন্মোৎপন্ন শ্রৌত-বিজ্ঞান সংস্কারসম্পন্ন তিনি প্রথমে 'আমি হইতেছি—সেই প্রজাপতি, আমি হইতেছি—সকলের আত্মা' এইরূপ উক্তি করিয়াছিলেন। যেহেতু প্রজাপতি পূর্ব্বজন্মজাত সংস্কারানুসারে প্রথমেই আপনাকে 'অহম্‌' বলিয়া উল্লেখ করিয়া-ছিলেন, সেই হেতুই তিনি 'অহং' নামে পরিচিত হইলেন। 'অহং' নামই যে, তাঁহার শ্রুতিপ্রদর্শিত উপনিষদ্‌—গুহ্য নাম, তাহা পরে বলা হইবে। সেই হেতু, যেহেতু সর্ব্বকারণ প্রজাপতিতে এইরূপ ঘটনা হইয়াছিল, সেই হেতু, এখনও—বর্ত্তমান সময়েও প্রজাপতির কার্য্যভূত (প্রজাপতি-সৃষ্ট) প্রাণিগণের মধ্যে কেহ আমন্ত্রিত হইলে 'তুমি কে' এইরূপে জিজ্ঞাসিত হইলে, প্রথমেই 'এই আমি' (অয়ম্‌ অহম্‌') বলিয়া অর্থাৎ আপনাকে কারণভূত প্রজাপতিরূপে পরিচিত করিয়া, তাহার পর বিশেষ নামজিজ্ঞাসু ব্যক্তিকে আপনার দেহপিণ্ডের পরিচা-য়ক 'দেবদত্ত' বা 'যজ্ঞদত্ত' প্রভৃতি নাম বলিয়া থাকে,—যে নাম তাহার পিতা-মাতা দেহপিণ্ডের পরিচয়ার্থ রক্ষা করিয়াছেন, সেই নাম বলিয়া থাকে। ২

সম্প্রতি যাহারা কর্ম্ম ও জ্ঞানভাবনা দ্বারা প্রজাপতিত্বলাভ করিতে ইচ্ছুক, সেই প্রজাপতিই সকলের প্রাজাপত্য-পদাভিলাষী অপর সকলের প্রথমে সমুৎপন্ন হইয়া, পূর্ব্বজন্মের সাধকাবস্থায় যথাযথরূপে অনুষ্ঠিত কর্ম্ম ও জ্ঞানভাবনা প্রভাবে

সর্ব্বপ্রথমে দগ্ধ করিয়াছিলেন; কি দগ্ধ করিয়াছিলেন? না, প্রজাপতিত্বলাভের প্রতিকূলভূত আসক্তি ও অজ্ঞানাত্মক পাপসমূহ [দগ্ধ করিয়াছিলেন]।

যেহেতু এই প্রকার অবস্থা, সেই হেতুই তিনি পুরুষ—অর্থাৎ 'পূর্ব্বম্ ঔষৎ' এই কারণে ('পূর্ব্ব' শব্দের পূ—পু, আর 'উষ্' ধাতুর উষ, উভয়ের যোগে নিষ্পন্ন) পুরুষপদবাচ্য হইলেন। এই প্রজাপতি যেরূপ প্রতিবন্ধক পাপরাশি দগ্ধ করিয়া পুরুষ—প্রজাপতি হইয়াছেন, এইরূপ অন্যেও জ্ঞানসহকৃত কর্ম্মানুষ্ঠানরূপ অগ্নি দ্বারা, অথবা কেবলই জ্ঞান দ্বারা তাহাকে ভস্মীভূত করেন। কাহাকে? না, যে ব্যক্তি এবংবিধ জ্ঞানীর অগ্রে প্রজাপতি হইতে ইচ্ছা করেন, তাহাকে [ভস্ম করেন]। ভস্মীকরণের কর্ত্তার নির্দ্দেশ করিতেছেন—যিনি এইরূপ জ্ঞানলাভ করেন, অর্থাৎ জ্ঞানানুশীলনজাত উৎকর্ষসম্পন্ন হন, [তিনি]। ৩

এখন শঙ্কা হইতেছে যে, প্রজাপতি-পদেচ্ছু ব্যক্তিকে যদি জ্ঞানী পুরুষ দগ্ধই করিয়া ফেলেন, তাহা হইলে প্রজাপতিত্ব লাভের অভিলাষ ত কেবল অনর্থেরই কারণ হইয়া পড়ে? না,—ইহা দোষাবহ নহে; এই দাহ অর্থ আর কিছুই নহে, কেবল যাহাদের জ্ঞান-ভাবনা সমুৎকর্ষ লাভ করে নাই, তাহাদের প্রজাপতিত্ব-প্রাপ্তি হইতে না দেওয়াই ঐ দাহ শব্দের অর্থ। উত্তম সাধনসম্পন্ন ব্যক্তিই প্রথমে প্রজাপতি-পদ অধিকার করিয়া থাকে; কাজেই ন্যূনসাধনসম্পন্ন ব্যক্তি সেই পদ লাভ করিতে পারে না, এইজন্যই উত্তমসাধক ব্যক্তি হীনসাধনসম্পন্ন ব্যক্তিকে যেন দগ্ধই করে, বলা হইয়া থাকে; কিন্তু সত্য সত্যই যে, উৎকৃষ্ট-সাধনসম্পন্ন ব্যক্তি হীনসাধন ব্যক্তিকে দগ্ধই করিয়া ফেলে, তাহা নহে। যেমন নির্দ্দিষ্ট সীমান্তে গমনেচ্ছু ব্যক্তিগণের মধ্যে, যে ব্যক্তি প্রথমে সীমান্তস্থানে উপস্থিত হইতে পারে, তাহা দ্বারা অপর গন্তৃবর্গ অসমর্থরূপে প্রমাণিত হওয়ায় যেন দগ্ধপ্রায়ই হইয়া থাকে, ইহাও তেমনই (১)॥ ৩৮ ॥ ১॥

(১) তাৎপর্য্য—'আজি' অর্থ—নির্দ্দিষ্ট সীমা। 'আজিসৃত্বাং' অর্থ—যাহারা সেই সীমান্ত স্থানকে লক্ষ্য করিয়া গমন করে। এখনও এইরূপ ব্যবহার দেখিতে পাওয়া যায় যে, কোন একটি স্থান লক্ষ্য করিয়া বলা হয় যে, অমুকস্থান হইতে বাহির হইয়া, যে লোক সর্ব্বপ্রথমে অমুক স্থানে যাইতে পারিবে, সে ব্যক্তি পুরস্কার লাভ করিবে। যে ব্যক্তি প্রথমে নির্দ্দিষ্ট স্থানে উপস্থিত হয়, সেই ব্যক্তিই নির্দ্দিষ্ট পুরস্কার লাভে সমর্থ হয়, অধিকন্তু তাহা দ্বারা অপর গন্তারা পরাভূত হয়, হীনশক্তি বলিয়া বিবেচিত হয়, এবং অপমানেও দগ্ধপ্রায় হয়। এখানেও, যে ব্যক্তির সাধন-সম্পদ্ উৎকৃষ্ট, তিনিই প্রথমে প্রাজাপত্যপদ লাভ করেন, হীনসাধন ব্যক্তিরা তদ্দর্শনে শোকানলে দগ্ধপ্রায় হন।

শাঙ্করভাষ্যম্।—যদিদং তুষ্টূষিতং কর্ম্মকাণ্ডবিহিত-জ্ঞানকর্ম্মফলং প্রাজাপত্যলক্ষণম্, নৈব তৎ সংসারবিষয়মত্যক্রামৎ, ইতীমমর্থং প্রদর্শয়িষ্যন্নাহ—

টীকা।—জ্ঞানকর্ম্মফলং সৌত্রং পদমুৎকৃষ্টত্বান্মুক্তিঃ, তদন্যমুক্ত্যভাবাৎ তদ্ধেতু-সম্যগ্‌ধীসিদ্ধয়ে প্রবৃত্তিরনর্থিকা, ইত্যাশঙ্ক্য সোঽবিভেদিত্যস্য তাৎপর্য্যমাহ—যদিদমিতি। তুষ্টূষিতং স্তোতুমভিপ্রেতমিতি যাবৎ—

ভাষ্যানুবাদ।—এখানে কর্ম্মকাণ্ডোক্ত জ্ঞানও কর্ম্মের ফলস্বরূপ, যে প্রাজাপত্য পদের প্রশংসা করা শ্রুতির অভিপ্রেত, সেই প্রাজাপত্য পদও সংসারের অধিকার অতিক্রম করিতে পারে না, অর্থাৎ তাহাও সংসারেরই অন্তর্গত, ইহা প্রদর্শনের জন্য বলিতেছেন—

সোঽবিভেৎ, তস্মাদেকাকী বিভেতি, স হায়মীক্ষাঞ্চক্রে— যন্মদন্যন্নাস্তি কস্মান্নু বিভেমীতি, তত এবাস্য ভয়ং বীয়ায়, কস্মাদ্ধ্যভেষ্যৎ দ্বিতীয়াদ্বৈ ভয়ং ভবতি॥ ৩৯॥ ২॥

সরলার্থঃ।—প্রাজাপত্যফলস্যাপি সংসারান্তর্গতত্বং প্রদর্শয়িতুমাহ—"সোঽবিভেৎ" ইত্যাদি।

সঃ (কর্ম্মজ্ঞানফলভূতঃ প্রজাপতিঃ) অবিভেৎ (অস্মদাদিবৎ ভীতঃ অভবৎ); তস্মাৎ (একাকিনঃ প্রজাপতেঃ ভয়োদ্গমাদেব হেতোঃ) [ইদানীমপি] একাকী (অসহায়ঃ জনঃ) বিভেতি। সঃ অয়ং (ভীতঃ প্রজাপতিঃ) হ (ঐতিহ্যে) ঈক্ষাংচক্রে (আলোচিতবান্—) যৎ (যস্মাৎ) মদন্যৎ (মদ্ব্যতিরিক্তম্ বস্তন্তরং) নাস্তি (ন বিদ্যতে), [তস্মাৎ হেতোঃ] নু (বিতর্কে) কস্মাৎ (কারণাৎ) বিভেমি (ভীতো ভবামি) ইতি। ততঃ (তস্মাৎ আলোচনাৎ) এব তস্য ভয়ং বীয়ায় (বিগতমভূৎ)। [অবিদ্যামূলকং হি ভয়ং জ্ঞানোদয়ে ন সম্ভবতীত্যাহ—] কস্মাৎ (হেতোঃ) অভেষ্যৎ [ন কস্মাদপীতিভাবঃ]; হি (যতঃ) দ্বিতীয়াৎ (স্বব্যতিরিক্ত-বস্তন্তরাৎ) বৈ (এব) ভয়ং ভবতি (উৎপদ্যতে), [সর্ব্বাত্মভাবাপন্নস্য তস্য তু ভয়ং ন সম্ভবতীতি ভাবঃ॥ ৩৯॥ ২॥

মূলানুবাদ।—প্রাজাপত্য পদটিও যে, সংসারেরই অন্তর্গত, তৎপ্রদর্শনার্থ বলিতেছেন—সেই প্রথমোৎপন্ন প্রজাপতি ভীত হইয়াছিলেন; সেইজন্যই লোক একাকী থাকিলে ভয় পায়। তিনি (প্রজাপতি) আলোচনা করিলেন—যখন আমা হইতে আর পৃথক্ বস্তু কিছু নাই, তখন কেনইবা আমি ভীত হইতেছি। তাহার পরই তাঁহার ভয় বিদূরিত

হইল। প্রকৃতপক্ষে, কেনই বা তিনি ভীত হইবেন?—কারণ, দ্বিতীয় হইতেই ত ভয় হইয়া থাকে; [তাহার ত দ্বিতীয় কোন বস্তু নাই], সুতরাং ভয়েরও সম্ভাবনা নাই]॥ ৩৯ ॥ ২ ॥

শাঙ্করভাষ্যম্।—সোঽবিভেৎ। সঃ প্রজাপতিঃ, যোঽয়ং প্রথমঃ শরীরী পুরুষবিধো ব্যাখ্যাতঃ, সোঽবিভেৎ ভীতবান্ অস্মদাদিবদেবেত্যাহ। যস্মাদয়ং পুরুষবিধঃ শরীর-করণবান্ আত্মনাশব-বিপরীতদর্শনবত্ত্বাৎ অবিভেৎ। তস্মাৎ তৎসামান্যাৎ অদ্যত্বেঽপি একাকী বিভেতি। কিঞ্চ, অস্মদাদিবদেব ভয়হেতু-বিপরীতদর্শনাপনোদকারণং যথাভূতাত্মদর্শনম্। সোঽয়ং প্রজাপতিঃ ঈক্ষাম্ ঈক্ষণং চক্রে কৃতবান্ হ। কথম্? ইত্যাহ—যৎ যস্মাৎ মত্তোঽন্যৎ আত্মব্যতি-রেকেণ বস্ত্বন্তরং প্রতিদ্বন্দ্বীভূতং নাস্তি, তস্মিন্নাত্মবিনাশহেত্বভাবে, কস্মাৎ নু বিভে-মীতি। তত এব—যথাভূতাত্মদর্শনাৎ অস্য প্রজাপতের্ভয়ং বীয়ায় বিস্পষ্টম্ অপ-গতবৎ। তস্য প্রজাপতের্যদ্ভয়ং, তৎ কেবলাবিদ্যানিমিত্তমেব;—পরমার্থদর্শনে অনুপপন্নম্; ইত্যাহ—কস্মাৎ হি অভেষ্যৎ?—কিমিত্যসৌ ভীতবান্? পরমার্থ-নিরূপণায়াং ভয়মনুপপন্নমেব ইত্যভিপ্রায়ঃ। যস্মাৎ দ্বিতীয়াৎ বস্ত্বন্তরাদ্বৈ ভয়ং ভবতি, দ্বিতীয়ং চ বস্ত্বন্তরমবিদ্যাপ্রত্যুপস্থাপিতমেব। ন হি অদৃশ্যমানং দ্বিতীয়ং ভয়জন্মনো হেতুঃ, "তত্র কো মোহঃ, কঃ শোক একত্বমনুপশ্যতঃ" ইতি মন্ত্রবর্ণাৎ। যচ্চৈকত্বদর্শনেন ভয়মপন্নুনোদ অপনোদিতং তদ্ যুক্তম্; কস্মাৎ? দ্বিতীয়াৎ বস্ত্বন্তরাদ্বৈ ভয়ং ভবতি, তৎ একত্বদর্শনেন দ্বিতীয়দর্শনমপনীতম্, ইতি নাস্তি যতঃ। ১।

অত্র চোদয়ন্তি—কুতঃ প্রজাপতেরেকত্বদর্শনং জাতম্? কো বা তস্মৈ উপ-দিদেশ? অথানুপদিষ্টমেব প্রাদুরভূৎ; অস্মদাদেরপি তথা প্রসঙ্গঃ। অথ জন্মান্তরকৃত-সংস্কারহেতুকম্? একত্বদর্শনানর্থক্যপ্রসঙ্গঃ। যথা প্রজাপতেরতি-ক্রান্তজন্মাবস্থস্যৈকত্বদর্শনং বিদ্যমানমপি অবিদ্যা-বন্ধকারণং নাপনিন্যে; যতঃ অবিদ্যাসংযুক্ত এবায়ং জাতোঽবিভেৎ, এবং সর্ব্বেষামেকত্বদর্শনানর্থক্যং প্রাপ্নোতি। অন্ত্যমেব নিবর্ত্তকমিতি চেৎ; ন; পূর্ব্ববৎ পুনঃ প্রসঙ্গেনানৈ-কান্ত্যাৎ; তস্মাদনর্থকমেবৈকত্বদর্শনমিতি। ২

নৈষ দোষঃ। উৎকৃষ্টহেতূদ্ভবত্বাৎ লোকবৎ; যথা পুণ্যকর্ম্মোদ্ভবৈর্বিবিক্তৈঃ কার্য্যকরণৈঃ সংযুক্তে জন্মনি সতি প্রজ্ঞা-মেধাস্মৃতিবৈশারদ্যং দৃষ্টম্, তথা প্রজা-পতের্ধর্ম্মজ্ঞানবৈরাগ্যৈশ্বর্য্যবিপরীতহেতু-সর্ব্বপাপ্মদাহাদ্বিশুদ্ধৈঃ কার্য্যকরণৈঃ সংযুক্ত-

মুৎকৃষ্টং জন্ম, তদুক্তবচ্চ অনুপদিষ্টমেব যুক্তম্ একত্বদর্শনং প্রজাপতেঃ। তথা চ স্মৃতিঃ—

"জ্ঞানমপ্রতিঘং যস্য বৈরাগ্যঞ্চ প্রজাপতেঃ।
ঐশ্বর্য্যঞ্চৈব ধর্ম্মশ্চ সহসিদ্ধং চতুষ্টয়ম্॥" ইতি।

সহসিদ্ধত্বে ভয়ানুপপত্তিরিতি চেৎ—ন হি আদিত্যেন সহ তম উদেতি। ন; অন্যানুপদিষ্টার্থত্বাৎ সহসিদ্ধবাক্যস্য। ৩

শ্রদ্ধা-তাৎপর্য্য-প্রণিপাতাদীনাম্ অহেতুত্বমিতি চেৎ,—স্যান্মতম্—"শ্রদ্ধাবাল্লভতে জ্ঞানং তৎপরঃ সংযতেন্দ্রিয়ঃ।" "তদ্বিদ্ধি প্রণিপাতেন" ইত্যেবমাদীনাং শ্রুতিস্মৃতিবিহিতানাং জ্ঞানহেতূনামহেতুত্বম্—প্রজাপতেরিব জন্মান্তরকৃত-ধর্ম্মহেতুত্বে জ্ঞানস্যেতি চেৎ; ন; নিমিত্তবিকল্প-সমুচ্চয়গুণবদগুণবত্ত্বভেদোপপত্তেঃ। লোকে হি নৈমিত্তিকানাং কার্য্যাণাং নিমিত্তভেদোঽনেকধা বিকল্প্যতে, তথা নিমিত্তসমুচ্চয়ঃ। তেষাঞ্চ বিকল্পিতানাং সমুচ্চিতানাঞ্চ পুনর্গুণবদগুণবত্ত্বকৃতো ভেদো ভবতি। তদ্‌যথা—রূপজ্ঞান এব তাবন্নৈমিত্তিকে কার্য্যে তমসি বিনালোকেন চক্ষূরূপসন্নিকর্ষো নক্তঞ্চরাণাং রূপজ্ঞানে নিমিত্তং ভবতি; মন এব কেবলং রূপজ্ঞাননিমিত্তং যোগিনাম্; অস্মাকন্তু সন্নিকর্ষালোকাভ্যাং সহ তথাদিত্যচন্দ্রাদ্যালোকভেদৈঃ সমুচ্চিতা নিমিত্তভেদা ভবন্তি। তথালোকবিশেষগুণবদগুণবত্ত্বেন ভেদাঃ স্যুঃ। এবমেব আত্মৈকত্বজ্ঞানেঽপি কচিজ্জন্মান্তরকৃতং কর্ম্ম নিমিত্তং ভবতি; যথা প্রজাপতেঃ। কচিৎ তপো নিমিত্তম্; "তপসা ব্রহ্ম বিজিজ্ঞাসস্ব" ইতি শ্রুতেঃ। কচিৎ "আচার্য্যবান্ পুরুষো বেদ", "শ্রদ্ধাবাঁল্লভতে জ্ঞানম্", "তদ্বিদ্ধি প্রণিপাতেন", "আচার্য্যাদ্ধৈব", "জ্ঞাতব্যো দ্রষ্টব্যঃ শ্রোতব্যঃ" ইতি শ্রুতিস্মৃতিভ্য একান্তজ্ঞানলাভনিমিত্তত্বং শ্রদ্ধাপ্রভৃতীনাম্, অধর্ম্মাদিনিমিত্তবিয়োগহেতুত্বাৎ; বেদান্তশ্রবণ-মনন-নিদিধ্যাসনানাঞ্চ সাক্ষাজ্জ্ঞেয়বিষয়ত্বাৎ; পাপাদি-প্রতিবন্ধক্ষয়ে চ আত্মমনসোর্ভূতার্থজ্ঞাননিমিত্ত-স্বাভাব্যাৎ। তস্মাদহেতুত্বং ন জাতু জ্ঞানস্য শ্রদ্ধাপ্রণিপাতাদীনামিতি॥ ৩৯॥ ২॥

টীকা। আহ বিবক্ষিতার্থসিদ্ধার্থং হেতুং—ভয়ভাক্‌মিতি শেষঃ। জ্ঞানকর্ম্মফলং ত্রৈলোক্যাত্মকহুত্বমুৎকৃষ্টমপি সংসারান্তর্ভূতমেব, ন কৈবল্যমিতি বক্তুমুত্তরং বাক্যমিত্যর্থঃ। অহমেকাকী, কোঽপি মাং হনিষ্যতীতি আত্মনাশ-বিষয়বিপরীতজ্ঞানবত্ত্বাৎ প্রজাপতির্ভীতবানিত্যত্র কিং প্রমাণমিত্যাশঙ্ক্য কার্য্যগতেন ভয়লিঙ্গেন কারণে প্রজাপতৌ তদনুমেয়মিত্যাহ—যস্মাদিতি। তৎসামান্যাদেকাকিত্বাবিশেষাদিতি যাবৎ। প্রজাপতেঃ সংসারান্তর্ভূতত্বে হেত্বন্তরমাহ—কিঞ্চেতি। যথাস্মদাদিভী রজ্জু-স্থাণ্বাদৌ সর্প-পুরুষাদিভ্রমজনিতভয়নিবৃত্তয়ে বিচারেণ তত্ত্বজ্ঞানং সম্পাদ্যতে, তথা প্রজাপতিরপি ভয়স্য তদ্ধেতোশ্চ বিপরীতধিয়ো ধ্বস্তিহেতুং তত্ত্বজ্ঞানং

বিচার্যা সম্পাদিতবানিত্যর্থঃ। পরমার্থদর্শনমেব প্রশ্নপূর্ব্বকং বিশদয়তি—কথমিত্যাদিনা। তস্মিন্নিত্যত্র তস্মাদিত্যাদৌ পঠিতবাম্, যচ্ছব্দোপলক্ষিতং প্রত্যক্‌চৈতন্যম্ অদ্বিতীয়ব্রহ্মরূপেণ জ্ঞাত্বা সহেতুং ভীতিং প্রজাপতিরক্ষিপদিত্যুক্তম্, ইদানীং তত্ত্বজ্ঞানফলমাহ—তত ইতি। কস্মাদ্ভী-ত্যাদেরুত্তরস্য পূর্ব্বেণ পৌনরুক্ত্যমিত্যাশঙ্ক্য বিভূষে। হেত্বভাবাৎ ন ভয়মিত্যুক্তসমর্থনার্থত্বাদুত্তরস্য নৈবমিত্যাহ—তস্যেত্যাদিনা। অনুপপত্তৌ হেতুমাহ—যস্মাদিতি। পরমার্থদর্শনেঽপি বস্বন্তরাৎ কিমিতি ভয়ং ন ভবতীত্যাশঙ্ক্যাহ—দ্বিতীয়ং চেতি। অন্বয়ব্যতিরেকাভ্যাং দ্বৈতস্য অবিদ্যা-প্রত্যুপস্থাপিতত্বেঽপি কুতস্তদুত্থদ্বৈতদর্শনং ভয়কারণং ন ভবতীত্যাশঙ্ক্যাহ—ন হীতি। তত্ত্বজ্ঞানে সতি অজ্ঞানাযোগাৎ তদুত্থং দ্বৈতং তদ্দর্শনং চাযুক্তমিত্যতো হেত্বভাবাৎ ভয়ানুপপত্তিরিত্যর্থঃ। অদ্বৈতজ্ঞানে ভয়নিবৃত্তিরিত্যত্র মন্ত্রং সংবাদয়তি—তত্রেতি। বিরাড়ৈক্যদর্শনেনৈব প্রজাপতে-র্ভয়মপনীতং, ন অদ্বৈতদর্শনেন, ইত্যস্মিন্নর্থেঽপি যৎ যদন্যন্নাস্তীত্যাদি শক্যং ব্যাখ্যাতুমিত্যাশঙ্ক্য অঙ্গীকুর্ব্বন্নাহ—যচ্চেতি। তদেব প্রশ্নদ্বারা প্রকটয়তি—কস্মাদিত্যাদিনা। ১

প্রথমব্যাখ্যানানুসারেণ চোদ্যমুত্থাপয়তি—অত্রেতি। প্রজাপতের্ব্রহ্মাত্মৈক্যজ্ঞানাৎ ভীতি-ধ্বস্তিরুক্তা, ন চ তস্য তত্ত্বজ্ঞানং যুক্তং, হেত্বভাবাদিত্যাহ—কুত ইতি। যস্মাৎ অস্মাকমৈক্যধীঃ, তস্মাদেব তস্যাপি স্যাদিত্যাশঙ্ক্যাহ—কো বেতি। ন হি তস্য শাস্ত্রশ্রবণমাচার্য্যাভাবাৎ, নাপি সন্ন্যাসস্তস্য ত্রৈবর্ণিকবিষয়ত্বাৎ, নাপি শমাদি ঐশ্বর্য্যাসক্তত্বাৎ, অতোঽস্মাসু প্রসিদ্ধশ্রবণাদিবিদ্যা-হেত্বভাবাৎ ন প্রজাপতেরৈক্যধীর্যুক্তেত্যর্থঃ। উপদেশানপেক্ষমেব প্রজাপতেরৈক্যজ্ঞানং প্রাদুর্ভূত-মিতি শঙ্কতে—অথেতি। অতিপ্রসক্ত্যা প্রত্যাহ—অস্মদাদেরিতি। প্রজাপতের্যজমানাবস্থায়াম্ আচার্য্যস্য সত্ত্বাৎ শ্রবণাদ্যাবৃত্তেরৈক্যজ্ঞানোদয়াৎ তৎসংস্কারোত্থং তথাবিধমেব তত্ত্বজ্ঞানং ফলাবস্থায়ামপি স্যাদিতি চোদয়তি—অথেতি। দূষয়তি—একত্বেতি। অজ্ঞানধ্বংসিত্বেনার্থ-বত্ত্বমিত্যাশঙ্ক্যাহ—যথেতি। তত্র গমকমাহ—গত ইতি। দার্ষ্টান্তিকমাহ—এবমিতি। নম্বস্মিন্নেব জন্মনি প্রজাপতেরৈক্যধীরনপেক্ষা জায়তে, 'জ্ঞানমপ্রতিঘং যস্য' ইতি স্মৃতেঃ। ন চ তদুৎপত্ত্যা-নন্তরমেব সহেতুং বন্ধং নিরুণদ্ধি, ভয়ারত্যাদিফলেন প্রারব্ধকর্ম্মণা প্রতিবন্ধাৎ; অতো মরণ-কালিকং তদজ্ঞানধ্বংসীতি শঙ্কতে—অন্ত্যমেবেতি। প্রবৃত্তফলস্য কর্ম্মণঃ স্বোপপাদকাজ্ঞান-লেশাৎ বিজ্ঞানশক্তিপ্রতিবন্ধকত্বেঽপি জন্মান্তরাদিসর্ব্বসংসারহেত্বজ্ঞান-ধ্বংসি-জ্ঞানসামর্থ্যপ্রতি-বন্ধকত্বে মানাভাবাৎ মধ্যে জাতং জ্ঞানমনিবর্ত্তকমিত্যশক্যং বক্তুম্, অন্ত্যস্য চ জ্ঞানস্য নিবর্ত্তকত্বে নাস্ত্যন্যঃ হেতুঃ। যজমানান্তরস্যান্ত্যে জ্ঞানে তদ্ধ্বংসিত্বাদৃষ্টেরন্ত্যস্য অজ্ঞানধ্বংসিত্বেন অনিয়মাৎ। ন চ যজমানান্তরে প্রজাপতৌ চান্ত্যং জ্ঞানং জ্ঞানত্বাদজ্ঞানধ্বংসি, পূর্ব্বজ্ঞানেষু বন্ধহেত্বজ্ঞান-ধ্বংসিত্বাদৃষ্টের্জ্ঞানত্বহেতোরনৈকান্ত্যাৎ। ন চান্ত্যম্ ঐক্যজ্ঞানম্, ঐক্যজ্ঞানত্বাদজ্ঞানধ্বংসীতি যুক্তম্। উপান্ত্য-তাদৃগ্‌জ্ঞানবদন্ত্যেঽপি তদযোগাৎ, উপান্ত্যে হেতোরনৈকান্ত্যাৎ, ইত্যভিপ্রেত্য দূষয়তি—নেত্যাদিনা। কৃপ্তকারণাভাবাৎ তদন্তরেণ চ উৎপত্ত্যাবতিপ্রসঙ্গাৎ, সংস্কারাধীনত্বেঽপি বিশেষাভাবাৎ অন্ত্যস্য চ জ্ঞানস্য অজ্ঞানধ্বংসিত্বাসিদ্ধেরযুক্তং প্রজাপতেরেকত্বদর্শনম্, ইত্যুপ-সংহরতি—তস্মাদিতি। ২

প্রজাপতেঃ সুপ্ত-প্রতিবুদ্ধবৎ প্রকৃষ্টাদৃষ্টোত্থকার্য্যকরণবত্ত্বাৎ পূর্ব্বকল্পীয়পদপদার্থবাক্যস্মরণবতঃ শ্রুতিবিপরিবর্জ্জিনো বাক্যাৎ বিচার্য্যমাণাদদৃষ্টসহকৃতাৎ তত্ত্বজ্ঞানং স্যাৎ, লোকে বিশিষ্টাদৃষ্টোত্থ-

কার্য্যকরণানাং প্রজ্ঞাদ্যতিশয়দর্শনাৎ; তেন চ জ্ঞানেন জন্মান্তরহেত্ববিদ্যাক্ষয়েঽপি আরব্ধং কর্ম্ম তজ্জং চ ভয়ারত্যাদি অবিদ্যালেশতো ভবিষ্যতীতি পরিহরতি—নৈষ দোষ ইতি। সংগৃহীতমর্থং সমর্থয়তে—যথেত্যাদিনা। ধর্ম্মাদিচতুষ্টয়াদ্বিপরীতমধর্ম্মাদিচতুষ্টয়ং, তত্র হেতোঃ সর্ব্বস্য পাপ্মনো জ্ঞানাদ্যতিশয়েন নাশাদিতি যাবৎ। উৎকৃষ্টত্বং প্রকৃষ্টজ্ঞানাদিশালিত্বম্। উক্তজন্মফলমাহ—তদুক্তবক্তেতি। তস্য জ্ঞানাদিবৈশারদ্যে পৌরাণিকীং স্মৃতিমুদাহরতি—তথা চেতি। অপ্রতিঘম-প্রতিবন্ধং নিরঙ্কুশমিত্যেতৎ প্রত্যেকং সম্বধ্যতে। যস্যৈতচ্চতুষ্টয়ং সহসিদ্ধং, স নিরবর্ত্ততেতি সম্বন্ধঃ। সহসিদ্ধত্বশ্রুতেঃ 'সোঽবিভেৎ' ইতি শ্রুতিবিরুদ্ধত্বাদপ্রামাণ্যমিতি বিরোধাধিকরণন্যায়েন শঙ্কতে—সহসিদ্ধত্ব ইতি। সত্যেব সহজে জ্ঞানে স্বহেতোর্ভয়মপি স্যাদিতি চেৎ, ন, ইত্যাহ—ন হীতি। অন্যেনাচার্য্যেণানুপদিষ্টমেব প্রজাপতের্জ্ঞানমুদেতি, ইত্যেবমর্থপরত্বাৎ সহসিদ্ধ-বাক্যস্য তজ্জ্ঞানাৎ প্রাক্ তস্য ভয়মবিরুদ্ধম্ ঊর্দ্ধং চাজ্ঞানলেশাৎ, অতো ন বিরোধঃ শ্রুতিস্মৃত্যো-রিতি সমাধত্তে—নেত্যাদিনা। ৩

জ্ঞানোৎপত্তেরাচার্য্যাদ্যনপেক্ষত্বে শ্রদ্ধাদি-বিধানানর্থক্যাৎ অনেকশ্রুতিস্মৃতিবিরোধঃ স্যাদিতি শঙ্কতে—শ্রদ্ধেতি। আদিপদেন শমাদিগ্রহঃ, অস্মদাদিষু তেষাং হেতুত্বমিতি চেৎ, ন, ইত্যাহ—প্রজাপতেরিবেতি। চোদিতং বিরোধং নিরাকরোতি—নেত্যাদিনা। নিমিত্তানাং বিকল্পঃ সমুচ্চয়ো গুণবত্ত্বমগুণবত্ত্বমিত্যনেন প্রকারেণ কার্য্যোৎপত্তৌ বিশেষসম্ভবাৎ ন শ্রদ্ধাদিবিধ্যানর্থক্য-মিত্যর্থঃ। সংগ্রহবাক্যং বিবৃণোতি—লোকে হীতি। তদ্ধি সর্ব্বং বিকল্পাদি যথা জ্ঞাতুং শক্যং, তথৈকস্মিন্নেব নৈমিত্তিকে রূপজ্ঞানাখ্যকার্য্যে দর্শয়িতুমাহ—তদ্যথেতি। তত্র বিকল্প-মুদাহরতি—তমসীত্যাদিনা। সমুচ্চয়ং দর্শয়তি—অস্মাকং হীতি। বিকল্পিতানাং সমুচ্চিতানাং চ নিমিত্তানাং গুণবদগুণবত্ত্বপ্রযুক্তং ভেদং কথয়তি—তথেতি। আলোকবিশেষস্য গুণবত্ত্বং, বহুলত্বমগুণবত্ত্বং মন্দপ্রভত্বং, চক্ষুরাদের্গুণবত্ত্বং নির্ম্মলত্বাদি, তিমিরোপহতত্বাদি চ অগুণবত্ত্বমিতি ভেদঃ। দৃষ্টান্তং প্রতিপাদ্য দার্ষ্টান্তিকমাহ—এবমিতি। তথান্যস্যাপি প্রজাপতিতুল্যস্য বামদেবাদের্জ্জন্মান্তরীয়সাধনবশাৎ ঈশ্বরানুগ্রহাৎ অস্মিন্ জন্মনি শ্রুতবাক্যাদৈক্যজ্ঞানমুদেতীতি শেষঃ। ভৃগুস্তত্তুল্যো বাঽধিকারী কচিদিত্যুচ্যতে। তপোঽন্বয়ব্যতিরেকাভ্যামালোচনম্। শ্বেতকেতুপ্রভৃতিষু জ্ঞাননিমিত্তানাং সমুচ্চয়ং দর্শয়তি—কচিদিত্যাদিনা। একান্তং নিয়তমাবশ্যকং জ্ঞানোদয়লাভে নিমিত্তত্বমিতি যাবৎ। অথ প্রণিপাতাদিব্যতিরেকেণ ন প্রজাপতেরপি জ্ঞানং সম্ভবতি, সামগ্র্যভাবাদত আহ—অধর্ম্মাদীতি। প্রণিপাতাদেঃ জ্ঞানোদয়প্রতিবন্ধকনিবর্ত্তকত্বাৎ প্রজাপতেশ্চ তন্নিবৃত্তের্জ্জন্মান্তরীয়সাধনায়ত্তত্বাৎ আধুনিকপ্রণিপাতাদিনা বিনা শ্রুতবাক্যাদেব ঐক্যধীঃ সম্ভবতীত্যর্থঃ। তর্হি শ্রবণাদিব্যতিরেকেণাপি প্রজাপতের্জ্ঞানং স্যাদিত্যাশঙ্ক্যাহ—বেদান্তেতি। ন তৈর্বিনা জ্ঞানং কস্যচিদপি স্যাৎ, প্রজাপতেস্তু জন্মান্তরীয়শ্রবণবশাৎ ইদানী-মনুশ্রুতবাক্যাৎ তদুৎপত্তিরিতি শেষঃ। তর্হি শ্রদ্ধাদিকমপি প্রতিবন্ধকনিবর্ত্তকত্বেন প্রজাপতে-রাদরণীয়ং, তন্নিবৃত্তিমন্তরেণ জ্ঞানোৎপত্ত্যনুপপত্তেরিত্যাশঙ্ক্যাহ—পাপাদীতি। আত্ম-মনসোর্মিথঃ সংযুক্তয়োঃ সম্বন্ধি যৎ পাপং, তৎকার্য্যং চ রাগাদি, তেন জ্ঞানোৎপত্তৌ প্রতিবন্ধস্য পূর্ব্বোক্তেন ন্যায়েন ক্ষয়ে সতি প্রজাপতেরীশ্বরানুগ্রহাৎ শ্রুতবাক্যস্য পরমার্থজ্ঞানোৎপত্তৌ কেবলস্য নিমিত্তত্বাৎ, তস্য আধুনিকশ্রদ্ধাব্যতিরেকেণ জ্ঞানোদয়েঽপি ন তদ্বিধিবৈয়র্থ্যম্। অস্মাকং

তত্বশাদেব তদুৎপত্তের্বাক্যতাৎপর্য্যাদিজ্ঞানং সর্ব্বেষামেব জ্ঞানসাধনম্, আচার্য্যাদিষু পুনর্বিকল্প-সমুচ্চয়াবিত্যর্থঃ। অধিকারিভেদেন জ্ঞানহেতুষু বিকল্পেঽপি তেষামস্মাসু সমুচ্চয়াৎ ন শ্রুতিস্মৃতি-বিরোধোঽস্তি, ইত্যুপসংহরতি—তস্মাদিতি ॥ ৩৯ ॥ ২ ॥

ভাষ্যানুবাদ।—"সোঽবিভেৎ" ইত্যাদি। সেই প্রজাপতি—যিনি প্রথম শরীরী পুরুষাকার বলিয়া বর্ণিত হইয়াছেন, তিনি ভীত হইয়াছিলেন,—বলা হইল যে, তিনিও আমাদেরই মত ভয় পাইয়াছিলেন। যেহেতু পুরুষবিধ—দেহে-ন্দ্রিয়বিশিষ্ট প্রজাপতি আপনার বিনাশাদিবিষয়ক বিপরীত দর্শনে অর্থাৎ তাদৃশ ভ্রান্তিজ্ঞানের ফলে ভীত হইয়াছিলেন, সেই হেতু, অদ্যাপি তৎসমানজাতীয় (দেহে-ন্দ্রিয়সম্পন্ন) ব্যক্তি একাকী থাকিতে ভয় পায়। অপিচ, আমাদের ন্যায় তাঁহার পক্ষেও যথার্থ আত্মজ্ঞানই ভয়োৎপাদক ভ্রান্তিজ্ঞানের নিবৃত্তিসাধক। সেই এই প্রজাপতি আলোচনা করিয়াছিলেন; কি প্রকার? তাহা বলিতেছেন—যেহেতু আমা হইতে স্বতন্ত্র অর্থাৎ আমার অতিরিক্ত প্রতিদ্বন্দ্বীভূত অন্য কোনও বস্তু নাই; আমার বিনাশকর তাদৃশ বস্তুর অভাবে আমি কেন ভয় পাইতেছি? সেই কার-ণেই—যথাযথভাবে আত্মার স্বরূপ উপলব্ধির ফলেই প্রজাপতির সেই ভয় সম্পূর্ণরূপে অপগত হইয়াছিল। প্রজাপতির যে, সেই ভয়, তাহা কেবলই অজ্ঞানমূলক; সুতরাং আত্মদর্শন উপস্থিত হইলে তাহা কখনই থাকিতে পারে না; তাই বলি-লেন—'কস্মাৎ হি অভেষ্যৎ'?—কি কারণে তিনি ভীত হইবেন? অভিপ্রায় এই যে, পরমার্থতত্ত্বের নিরূপণ হইলে, কখনই ত ভয়ের সম্ভাবনা থাকে না; যেহেতু দ্বিতীয় বস্তু হইতেই ভয় হইয়া থাকে, অথচ দ্বিতীয় বস্তুমাত্রই অবিদ্যা-সমুত্থিত; সুতরাং অপর কোন প্রকার দ্বিতীয় পদার্থ জ্ঞানগোচর না হইয়া কখনই ভয়োৎ-পাদক হয় না; কেন না, শ্রৌত মন্ত্রে আছে যে, 'যে লোক নিরন্তর একত্ব দর্শন করে, তাহার শোকই বা কি, আর মোহই বা কি?' ইতি। অতএব তিনি যে, একত্বদর্শনের বলে ভয় নিবারণ করিয়াছিলেন, তাহা যুক্তিযুক্তই বটে। যুক্তিটা কি? যেহেতু দ্বিতীয় হইতেই—অপর বস্তু হইতেই ভয় হইয়া থাকে; একত্ব-দর্শনের বলে তাঁহার সেই দ্বৈতদর্শন অপনীত হইয়াছিল; কাজেই তাহার আর ভয়ের সম্ভাবনা ছিল না। ১

কেহ কেহ এস্থলে আপত্তি উত্থাপন করিয়া বলেন—প্রজাপতির একত্বদর্শন জন্মিল কোথা হইতে? কে-ই বা তাঁহাকে সে উপদেশ দিয়াছিল? যদি বিনা উপদেশেই ঐরূপ জ্ঞান হইয়া থাকে, তবে, আমাদেরও তাহা হইতে পারে; আর যদি বল, জন্মান্তরসঞ্চিত সংস্কারই ঐ একত্বদর্শনের মূল কারণ, তাহা হইলেও

একত্বদর্শনের কোন প্রয়োজন থাকিতেছে না। প্রজাপতির প্রাক্তন জন্মের একত্বদর্শন বিদ্যমান থাকিয়াও যেরূপ [সেই জন্মে] বন্ধ-জনক অবিদ্যার অপনয়নে সমর্থ হয় নাই, তদ্রূপ সকলের পক্ষেই একত্বদর্শন অনর্থক হইয়া পড়িতে পারে। প্রজাপতির যে, পূর্ব্বজন্মে বন্ধন-হেতু অবিদ্যা অপনীত হয় নাই, তাহা তাঁহার এ জন্মে ভয় দর্শনেই অনুমান করা যাইতে পারে। যদি বল, সর্ব্বশেষে একত্বদর্শন হয়, তাহাই অবিদ্যা-নিবারক হয়; না,—তাহাও বলিতে পার না; কারণ, পূর্ব্বজন্মের ন্যায় এ জন্মেও তুল্যাবস্থার সম্ভাবনা রহিয়াছে; অতএব এই একত্বদর্শন অনর্থকই হইতেছে। ২

না,—অনর্থক হইতেছে না; কারণ, লোকপ্রাপ্তির ন্যায়, এখানেও হেতুটির উৎকর্ষ থাকা আবশ্যক হয়। যেমন পুণ্যকর্ম্মসমুদ্ভূত বিশুদ্ধ দেহেন্দ্রিয়াদিবিশিষ্ট জন্মলাভ হইলেই প্রাক্তন জ্ঞানসংস্কারজাত বিমল স্মৃতিশক্তির আবির্ভাব দৃষ্ট হয়; তেমনি প্রজাপতিরও ধর্ম্ম, জ্ঞান, বৈরাগ্য ও ঐশ্বর্য্য প্রভৃতির প্রতিকূলভূত পাপের বিনাশ হইলেই বিশুদ্ধ উৎকৃষ্ট জন্ম লাভ সম্ভবপর হয়, এবং সেই জন্মে, স্বগত বিশুদ্ধিবলে বিনা উপদেশেও একত্বদর্শন লাভ করা অযৌক্তিক হইতে পারে না। স্মৃতিশাস্ত্রও বলিতেছেন যে, 'প্রজাপতির অপ্রতিহত জ্ঞান, বৈরাগ্য, ঐশ্বর্য্য ও ধর্ম্ম, এই চারিটিই সহসিদ্ধ বা স্বাভাবিক' ইতি। ভাল, প্রজাপতির জ্ঞানচতুষ্টয় যদি স্বভাবসিদ্ধই হয়, তাহা হইলে ত কখনই তাঁহার ভয় হইতে পারে না,—স্বপ্রকাশ আদিত্যের সঙ্গে ত কখনও অন্ধকারের উদয় সম্ভব হয় না; না,—এ আপত্তিও হইতে পারে না; কারণ, উক্ত বাক্যোপদিষ্ট 'সহসিদ্ধ' কথার অর্থ—অন্যের উপদেশ ব্যতিরেকে লব্ধ। অভিপ্রায় এই যে, প্রজাপতির যে, অপ্রতিহত জ্ঞান, বৈরাগ্য, ধর্ম্ম ও ঐশ্বর্য্য, তাহা কাহারও উপদেশ হইতে লব্ধ হয় নাই, পরন্তু স্বীয় শক্তিবলেই লব্ধ হইয়াছে; এইজন্যই উহা 'সহসিদ্ধ' বলিয়া অভিহিত হইয়া থাকে। ৩

ভাল, যদি মনে কর যে, বিনা উপদেশেই প্রজাপতির জ্ঞান লাভ হইয়াছিল, তাহা হইলে ত শ্রদ্ধা, তাৎপর্য্য বা একনিষ্ঠা ও প্রণিপাত প্রভৃতি জ্ঞানলাভের প্রসিদ্ধ হেতুগুলির অহেতুত্ব হইয়া পড়ে?—প্রজাপতির ন্যায় জন্মান্তরসঞ্চিত ধর্ম্ম হইতেই যদি জ্ঞানলাভের সম্ভব হয়, তাহা হইলে ত 'শ্রদ্ধাবান্, তৎপর (শ্রুতার্থে নিষ্ঠাবান্) ও সংযতেন্দ্রিয় ব্যক্তি জ্ঞান লাভ করে', 'তুমি গুরুর নিকট যাইয়া প্রণিপাত দ্বারা তাহা অবগত হও' ইত্যাদি শ্রুতিস্মৃতিবিহিত জ্ঞানহেতুগুলির অহেতুত্ব হইতে পারে, অর্থাৎ কারণতাপ্রসিদ্ধিই ব্যাহত হইয়া যায়? না,—অহেতুত্ব

হয় না; কারণ, নিমিত্তসমূহের সমুচ্চয় (একত্র বহু নিমিত্তের উপস্থিতি), বিকল্প (পৃথগ্‌ভাবে এক একটা নিমিত্তের উপস্থিতি) এবং অধিকারীর গুণবত্ত ও অগুণবত্ত্বভেদে এ আপত্তির সমাধান হইতে পারে। জগতে যে সমস্ত কার্য্য-পদার্থ নিমিত্তবিশেষ হইতে সমুৎপন্ন হয়, তাহাদের সেই নিমিত্তভেদ অনেকপ্রকার কল্পনা করা হইয়া থাকে। সেইরূপ, নিমিত্তসমূহের আবার সমুচ্চয় এবং বিকল্প ব্যবস্থাও দেখা যায়। সেই বিকল্পিত বা সমুচ্চিত নিমিত্তসমূহের মধ্যেও আবার গুণগত উৎকর্ষ ও অপকর্ষানুসারে নত প্রভেদ ঘটিয়া থাকে। দৃষ্টান্ত এই যে, সাধারণতঃ চক্ষুঃ ও আলোকপ্রভৃতি বহুবিধ নিমিত্তের সাহায্যে শ্বেত-পীতাদি রূপবিষয়ে জ্ঞান সমুৎপন্ন হইয়া থাকে, সুতরাং চাক্ষুষ জ্ঞানটী নৈমিত্তিক; কিন্তু সেই একই রূপজ্ঞান কার্য্য সম্পাদনে, দেখিতে পাওয়া যায়, রাত্রিচর শৃগাল প্রভৃতির সম্বন্ধে অন্ধকারের মধ্যেও আলোক নিরপেক্ষ শুধু চক্ষুঃসংযোগই নিমিত্তকারণ হইয়া থাকে, যোগিগণের পক্ষে মনই রূপজ্ঞানের একমাত্র নিমিত্ত হইয়া থাকে, কিন্তু আমাদের পক্ষে আবার সেই রূপ জ্ঞানেই চক্ষুঃসংযোগ ও আলোক আলোকের মধ্যেও আবার সূর্য্য চন্দ্রাদি বিবিধ আলোকের সহিত সমুচ্চিত বা একত্রিত হইয়া নিমিত্তগত প্রভেদ জন্মাইয়া থাকে; অধিকন্তু সেই বিশেষ বিশেষ আলোকেরও গুণগত উৎকর্ষাপকর্ষানুসারে 'কার্য্যোৎপাদনে' বহুপ্রকার প্রভেদ সংঘটিত হইয়া থাকে। এই প্রকার আত্মৈকত্বজ্ঞান সম্বন্ধেও কোথাও জন্মান্তরকৃত কর্ম্মই নিমিত্ত হইয়া থাকে, যেমন প্রজাপতির হইয়াছিল, কোথাও বা কেবল তপস্যাই নিমিত্ত হইয়া থাকে; কারণ, শ্রুতি বলিয়াছেন—'তপস্যা দ্বারা ব্রহ্মকে বিশেষরূপে অবগত হও'; কোথাও আবার 'উপযুক্ত আচার্য্যবান্ পুরুষই তাহাকে জানেন', 'শ্রদ্ধাবান্ ব্যক্তি জ্ঞান লাভ করেন', 'গুরুর নিকট প্রণিপাত (প্রণতি) দ্বারা সেই তত্ত্ব অবগত হও', 'আচার্য্য হইতে লব্ধ বিদ্যাই বীর্য্যবতী হয়', 'আত্মাকে শ্রবণ করিবে, দর্শন করিবে, এবং প্রত্যক্ষ করিবে' ইত্যাদি শ্রুতিস্মৃতি হইতে জানা যায় যে, পাত্রবিশেষে শ্রদ্ধা প্রভৃতিও জ্ঞানলাভের একান্ত বা অব্যভিচারী নিমিত্ত কারণ; কেন না, শ্রদ্ধা প্রভৃতি দ্বারা জ্ঞানপ্রতিবন্ধক অধর্ম্মাদি দোষগুলি বিদূরিত হইয়া যায়। বেদান্তশাস্ত্রের যে, শ্রবণ, মনন ও নিদিধ্যাসন, সে সমুদয়েরও মুখ্য বিষয় হইতেছে—সাক্ষাৎ বিজ্ঞেয় ব্রহ্মবস্তু। বিশেষতঃ জ্ঞানপ্রতিবন্ধক পাপাদি দোষগুলি বুদ্ধি ও মন হইতে বিদূরিত হইলে পর, স্বভাবতঃ সত্যগ্রাহী বুদ্ধির পক্ষে একত্বদর্শন সম্পাদন করা ত স্বভাবসিদ্ধই বটে; অতএব, শ্রদ্ধা

প্রভৃতি জ্ঞানহেতুগুলির কস্মিন্ কালেও জ্ঞানহেতুত্ব ব্যাহত হইতে পারে না (১)॥ ৩৯॥ ২॥

স বৈ নৈব রেমে, তস্মাদেকাকী ন রমতে, স দ্বিতীয়মৈচ্ছৎ। স হৈতাবানাস—যথা স্ত্রীপুমাংসৌ সম্পরিষক্তৌ; স ইমমেবাত্মানং দ্বেধাপাতয়ৎ ততঃ পতিশ্চ পত্নী চাভবতাং, তস্মাদিদমর্দ্ধবৃগলমিব স্ব ইতি হ স্মাহ যাজ্ঞবল্ক্যস্তস্মাদয়মাকাশঃ স্ত্রিয়া পূর্য্যত এব, তাং সমভবৎ ততো মনুষ্যা অজায়ন্ত॥ ৪০॥ ৩॥

সরলার্থঃ।—[প্রজাপতেঃ সংসারান্তর্গতত্বমেব সমর্থয়িতুং পুনরাহ—] "স বৈ" ইত্যাদি। সঃ (প্রথমোৎপন্নঃ প্রজাপতিঃ) বৈ (যস্মাৎ একাকী সন্] ন এব (নিশ্চয়ে) রেমে (রতিং ন অনুভূতবান্), তস্মাৎ (হেতোঃ) [ইদানীমপি জনঃ] একাকী (দ্বিতীয়রহিতঃ সন্) ন রমতে (রতিং ন অনুভবতি)। সঃ (এবম্ অরতিযুক্তঃ প্রজাপতিঃ) দ্বিতীয়ং (আত্মনঃ সহায়ভূতং অন্যৎ কিঞ্চিৎ) ঐচ্ছৎ (অভিলষিতবান্)। সঃ হ [সত্যসঙ্কল্পত্বাৎ] এতাবান্ (এতৎপরিমাণঃ) আস (বভূব), —যথা সম্পরিষক্তৌ (পরস্পরালিঙ্গিতৌ) স্ত্রীপুমাংসৌ (স্ত্রী চ পুমান্ চ, তৌ—স্ত্রীপুমাংসৌ, তথা আত্মানমেব স্ত্রীপরিষক্তমিব মেনে ইত্যর্থঃ)। সঃ (এবংভাবাপন্নঃ প্রজাপতিঃ) ইমম্ আত্মানম্ (স্বদেহম্ এব) দ্বেধা (দ্বিপ্রকারেণ—স্ত্রীপুংরূপেণ) অপাতয়ৎ (বিভক্তম্ অকরোৎ), ততঃ (দ্বেধাকরণাৎ) পতিঃ চ

(১) তাৎপর্য্য—ভাষ্যোক্ত "নিমিত্তবিকল্প-সমুচ্চয়-গুণবদগুণবত্ত্বভেদোপপত্তেঃ" কথার অভিপ্রায় এই যে,—কার্য্য মাত্রেরই কতকগুলি নিমিত্ত থাকে। কিন্তু স্থলভেদে সেই নিমিত্তগুলির অনেকপ্রকার ব্যবস্থা দেখা যায়; কোন স্থানে সমস্ত নিমিত্তগুলিরই আবশ্যক হয়, কোন স্থলে বা কয়েকটির মাত্র অপেক্ষা হয়; আবার একের সম্বন্ধে যে যে নিমিত্ত আবশ্যক হয়, অপরের সম্বন্ধে সে সমুদায়ের অপেক্ষা হয় না। তাহার উপর আবার নির্দিষ্ট নিমিত্তগুলির এবং কার্য্যক্ষেত্রের গুণগত উৎকর্ষাপকর্ষও কার্য্যের বৈচিত্র্য ঘটাইয়া থাকে; যেখানে উৎকৃষ্টগুণসম্পন্ন একটিমাত্র নিমিত্ত দ্বারা কার্য্য সম্পন্ন হইতে পারে, সেখানেই অপেক্ষাকৃত হীনগুণসম্পন্ন একাধিক নিমিত্তের প্রয়োজন হইয়া পড়ে। ইত্যাদি বহু কারণে বুঝা যায় যে, কার্য্যবিশেষের জন্য নির্দিষ্ট নিমিত্তগুলির যে, সর্ব্বত্রই সমানভাবে প্রয়োজন হয়, তাহা নহে, পরন্তু যেখানে যতটুকু দরকার, সেখানে ততটুকুমাত্রই গ্রহণ করিতে হয়। কিন্তু তা' বলিয়া নির্দ্দিষ্ট নিমিত্তগুলির নিমিত্তত্ব নষ্ট হইতে পারে না। আলোচ্য স্থলেও প্রজাপতির পক্ষে শ্রদ্ধা প্রণিপাতাদি নিমিত্তের আবশ্যক না থাকিলেও, অন্যের পক্ষে যখন আবশ্যকতা রহিয়াছে, তখন শ্রদ্ধা প্রভৃতির অনিমিত্ততা শঙ্কা হইতেই পারে না।

পত্নী চ অভবতাং (পতি-পত্ন্যৌ জাতে); তস্মাৎ—(যস্মাৎ প্রজাপতেঃ শরীরার্দ্ধম্ এব পত্নী অভূৎ, তস্মাৎ হেতোঃ) ইদং স্বঃ (আত্মনঃ শরীরং)) অর্দ্ধবৃগলং (অর্দ্ধং চ তৎ বৃগলং বিদলং দলার্দ্ধমিতি যাবৎ) ইব,—ইতি যাজ্ঞবল্ক্যঃ (তন্নামা ঋষিঃ) আহ স্ম। তস্মাৎ (হেতোঃ) আকাশঃ আকাশবৎ শূন্যপ্রায়ঃ) অয়ং (পুংদেহঃ) স্ত্রিয়া (অর্দ্ধাঙ্গভূতয়া) পূর্য্যতে (পূর্ণঃ ভবতি) এব (নিশ্চয়ে)। তাং (শরীরার্দ্ধভূতাং শতরূপাখ্যাং স্ত্রিয়ং) সমভবৎ (মিথুনীভাবেন উপাগচ্ছৎ) [মনুস ঞ্জকঃ প্রজাপতিঃ]; ততঃ তস্মাৎ উপগমনাৎ) মনুষ্যাঃ (মানবাঃ) অজায়ন্ত উৎপন্নাঃ) ॥ ৪০ ॥ ৩ ॥

মূলানুবাদ।—সেই প্রজাপতি একাকী তৃপ্তিলাভ করিতে পারিলেন না; সেইজন্য এখনও লোকে একাকী থাকিয়া সন্তুষ্ট হয় না; তিনি আপনার দ্বিতীয় (স্ত্রী) কামনা করিলেন; তাহার পর তিনি এইরূপ ভাবাপন্ন হইয়াছিলেন—পরস্পর আলিঙ্গিত স্ত্রী-পুরুষ যেরূপ হয়। তিনি এই স্বীয় দেহকেই দুই ভাগে বিভক্ত করিয়াছিলেন; তাহার ফলে পতি ও পত্নী এই দুইটি রূপ উদ্ভূত হইয়াছিল। এইজন্যই যাজ্ঞবল্ক্য ঋষি [পত্নী-রহিত] এই নিজ দেহকে অর্দ্ধবৃগলের ন্যায়—অর্দ্ধাংশশূন্য শস্যবীজের মত বলিয়াছিলেন; সেই কারণে আকাশ, অর্থাৎ শূন্যপ্রায় এই দেহ নিশ্চয়ই স্ত্রী দ্বারা পূর্ণতা লাভ করিয়া থাকে। সেই প্রজাপতি—যিনি মনু নামে পরিচিত, তিনি সেই শরীরার্দ্ধভূতা স্ত্রীতে—যাঁহার নাম শতরূপা, সেই পত্নীতে মিথুনীভাবে উপগত হইয়াছিলেন; তাহা হইতে মনুষ্যগণ উৎপন্ন হইল ॥ ৪০ ॥ ৩ ॥

শাঙ্করভাষ্যম্।—ইতশ্চ স সাবর্বিময় এব প্রজাপতিত্বম্, যতঃ সঃ প্রজাপতির্বৈ নৈব রেমে রতিং নান্বভবৎ—অরত্যাবিষ্টোঽভূদিত্যর্থঃ, অস্মদাদিবদেব যতঃ; ইদানীমপি তস্মাদেকাকিত্বাদিধর্ম্মবত্ত্বাৎ একাকী ন রমতে রতিং নানুভবতি। রতির্নামেষ্টার্থসংযোগজা ক্রীড়া, তৎপ্রসঙ্গিন ইষ্টবিয়োগাৎ মনস্যাকুলীভাবোঽরতিরিত্যুচ্যতে। সঃ তস্যা অরতেরপনোদায় দ্বিতীয়ম্ অরত্যপঘাতসমর্থং স্ত্রীবস্তু ঐচ্ছৎ গৃদ্ধিমকরোৎ। তস্য চৈবং স্ত্রীবিষয়ং গৃদ্ধ্যতঃ স্ত্রিয়া পরিষ্বক্তস্যেবাত্মনো ভাবো বভূব।

সঃ তেন সত্যেপ্সুত্বাৎ এতাবান্ এতৎপরিমাণ আস বভূব হ। কিম্পরিমাণঃ? ইত্যাহ—যথা লোকে স্ত্রী-পুমাংসৌ অরত্যপনোদায় সম্পরিষ্বক্তৌ যৎপরিমাণৌ

চারিণীসম্বন্ধাৎ পূর্ব্বমিত্যর্থঃ। আকাঙ্ক্ষাদ্বারা ষষ্ঠীমাদায় অনুভবমবলম্ব্য ব্যাচষ্টে—কস্তেত্যাদিনা। বৃগলশব্দো বিকারার্থঃ।

অনুভবসিদ্ধেঽর্থে প্রামাণিকসম্মতিমাহ—এবমিতি। দেহাপাতনে সতি একো ভাগঃ পুরুষঃ, অপরস্তু স্ত্রীতি। অত্রৈবাহেত্বন্তরমাহ—যস্মাদিতি। উদ্বহনাৎ প্রাগবস্থায়াম্ আকাশঃ পুরুষার্দ্ধঃ স্ত্র্যর্দ্ধশূন্যো যস্মাদসম্পূর্ণো বর্ত্ততে, তস্মাৎ উদ্বহনেন প্রাপ্তস্ত্র্যর্দ্ধেন পুনরিতরো ভাগঃ পূর্য্যতে, যথা বিদলার্দ্ধোঽসম্পূর্ণঃ সম্পুটীকরণেন পুনঃ সম্পূর্ণঃ ক্রিয়তে, তদ্বদিতি যোজনা। পূর্ব্বমপি স্বাভাবিকযোগ্যতাবশেন সংসর্গোঽভূৎ, অনাদিত্বাৎ সংসারস্যেতি সূচয়িতুং পুনরিত্যুক্তম্। পুরুষার্দ্ধস্যেতরার্দ্ধস্য চ মিথঃ সম্বন্ধাৎ মনুষ্যাদিসৃষ্টিরিত্যাহ—তামিত্যাদিনা॥ ৪০॥ ৩॥

কথং পুনরেতৎ পদনীয়মিতি? উচ্যতে—যথা হ বৈ লোকে, পদেন—গবাদি-খুরাঙ্কিতো দেশঃ পদমিত্যুচ্যতে, তেন পদেন, নষ্টং বিবিৎসিতং পশুং পদেনান্বিষ্যমাণোঽনুবিন্দেৎ লভেত, এবমাত্মনি লব্ধে সর্ব্বমুপলভত ইত্যর্থঃ। নম্ন আত্মনি বিজ্ঞাতে সর্ব্বমন্যজ্জ্ঞায়ত ইতি জ্ঞানে প্রকৃতে, কথং লাভোঽপ্রকৃত উচ্যতে? ইতি; ন; জ্ঞান-লাভয়োরেকার্থত্বস্য বিবক্ষিতত্বাৎ। আত্মনো হ্যলাভোঽজ্ঞানমেব; তস্মাজ্জ্ঞানমেবাত্মনো লাভঃ, ন অনাত্মলাভবদপ্রাপ্তপ্রাপ্তিলক্ষণ আত্মলাভঃ, লব্ধৃ-লব্ধব্যয়োর্ভেদাভাবাৎ। যত্র হি আত্মনোঽনাত্মা লব্ধব্যো ভবতি, তত্রাত্মা লব্ধা, লব্ধব্যোঽনাত্মা। স চাপ্রাপ্ত উৎপাদ্যাদিক্রিয়াব্যবহিতঃ, কারকবিশেষোপাদানেন ক্রিয়াবিশেষমুৎপাদ্য লব্ধব্যঃ। স তু অপ্রাপ্তপ্রাপ্তিলক্ষণোঽনিত্যঃ, মিথ্যাজ্ঞানজনিতকামক্রিয়াপ্রভবত্বাৎ, স্বপ্নে পুত্রাদিলাভবৎ। অয়ন্তু তদ্বিপরীত আত্মা। ৩৭

সত্যোপায়াভাবাদাত্মতত্ত্বস্য পদনীয়ত্বাসিদ্ধিরিতি শঙ্কতে—কথমিতি। অসত্যস্যাপি শ্রুত্যাচার্য্যাদেরর্থক্রিয়াকারিত্বসম্ভবাদাত্মতত্ত্বস্য পদনীয়ত্বোপপত্তিরিত্যাহ—উচ্যত ইতি। বিবিৎসিতং লব্ধুমিষ্টম্। অন্বেষণোপায়ত্বং দর্শয়িতুং পদেনেতি পুনরুক্তিঃ। অনেনেত্যত্র বেদেতি

জ্ঞানেনোপক্রম্যানুবিন্দেদিতি লাভমুক্ত্বা কীর্ত্তিমিত্যাদিশ্রুতৌ পুনর্জ্ঞানার্থেন বিদিনোপসংহারাদনুবিন্দেদিতি শ্রুতেরুপক্রমোপসংহারবিরোধঃ স্যাদিতি শঙ্কতে—নন্বিতি। শঙ্কিতং বিরোধং নিরাকরোতি—নেতি। কথং তয়োরৈকার্থ্যং, গ্রামাদৌ তদেকত্বাপ্রসিদ্ধেরিত্যাশঙ্ক্যাহ—আত্মন ইতি। গ্রামাদাবপ্রাপ্তে প্রাপ্তিরেব লাভো ন জ্ঞানমাত্রং, তথাত্রাপি কিং ন স্যাদিত্যাশঙ্ক্যাহ—নেত্যাদিনা।

জ্ঞানলাভশব্দয়োরর্থভেদস্তর্হি কুত্রেত্যাশঙ্ক্যাহ—যত্র হীতি। অনাত্মনি লব্ধলব্ধব্যয়োর্জ্ঞাতৃজ্ঞেয়য়োশ্চ ভেদে ক্রিয়াভেদাৎ ফলভেদসিদ্ধিরিত্যর্থঃ। নন্বাত্মলাভোঽপি জ্ঞানাত্ভিদ্যতে, লাভত্বাদনাত্মলাভবদিত্যাশঙ্ক্য জ্ঞানহেতুমাত্রানধীনত্বমুপাধিরিত্যাহ—স চেতি। অপ্রাপ্তত্বং ব্যক্তীকরোতি—উৎপাদ্যেতি। তদ্ব্যবধানমেব সাধয়তি—কারকেতি। কিঞ্চানাত্মলাভোঽবিদ্যাকল্পিতঃ, কাদাচিৎকত্বাৎ সম্মতবদিত্যাহ—স ত্বিতি। কিঞ্চ, অসাববিদ্যাকল্পিতোঽপ্রামাণিকত্বাৎ সম্প্রতিপন্নবদিত্যাহ—মিথ্যেতি। প্রকৃতে বিশেষং দর্শয়তি—অয়ং ত্বিতি। ৩৭

আত্মত্বাদেব নোৎপাদ্যাদিক্রিয়াব্যবহিতঃ। নিত্যলব্ধস্বরূপত্বেঽপি সতি অবিদ্যামাত্রং ব্যবধানম্; যথা গৃহ্যমাণায়া অপি শুক্তিকায়া বিপর্য্যয়েণ রজতাভাসায়া অগ্রহণং বিপরীতজ্ঞানব্যবধানমাত্রম্, তথা গ্রহণম্ জ্ঞানমাত্রমেব, বিপরীতজ্ঞানব্যবধানাপোহার্থত্বাজ্ জ্ঞানস্য; এবমিহাপি আত্মনোঽলাভঃ অবিদ্যামাত্রব্যবধানম্; তস্মাদ্বিদ্যয়া তদপোহনমাত্রমেব লাভঃ নান্যঃ কদাচিদপ্যুপপদ্যতে। তস্মাদাত্মলাভে জ্ঞানাদর্থান্তরসাধনস্যানর্থক্যং বক্ষ্যামঃ। তস্মান্নিরাশঙ্কমেব জ্ঞান-লাভয়োরেকার্থত্বং বিবক্ষন্নাহ—জ্ঞানং প্রকৃত্যানুবিন্দেদিতি; বিন্দতের্লাভার্থত্বাৎ। ৩৮

বৈপরীত্যমেব স্ফোরয়তি—আত্মত্বাদিতি। আত্মনঃ তর্হি নিত্যলব্ধত্বাৎ ন তত্রালব্ধত্ববুদ্ধিঃ স্যাদিত্যাশঙ্ক্যাহ—নিত্যেতি। আত্মনোঽলাভোঽজ্ঞানং, লাভস্তু জ্ঞানমিত্যেতদ্দৃষ্টান্তেন স্পষ্টয়তি—যথেত্যাদিনা। শুক্তিকায়াঃ স্বরূপেণ গৃহ্যমাণায়া অপীতি যোজনা। আত্মলাভোঽবিদ্যানিবৃত্তিরেবেত্যত্রোক্তং বক্ষ্যমাণং চ গমকং দর্শয়তি—তস্মাদিতি। অবিরোধমুপসংহরতি—তস্মাদিত্যাদিনা। তয়োরেকার্থত্বেঽপি কথমনুবিন্দেদিতি মধ্যে প্রযুজ্যতে, তত্রাহ—বিন্দতেরিতি। ৩৮

গুণ-বিজ্ঞানফলমিদমুচ্যতে; যথা—অয়মাত্মা নামরূপানুপ্রবেশেন খ্যাতিং গতঃ আত্মেত্যাদিনামরূপাভ্যাং, প্রাণাদিসংহতিং চ শ্লোকং প্রাপ্তবান্—ইত্যেবং যো বেদ; স কীর্ত্তিং খ্যাতিং শ্লোকং চ সঙ্ঘাতমিষ্টৈঃ সহ, বিন্দতে লভতে। যদ্বা, যথোক্তং বস্তু যো বেদ, মুমুক্ষূণামপেক্ষিতং কীর্ত্তিশব্দিতমৈক্যজ্ঞানং, তৎফলং শ্লোকশব্দিতাং মুক্তিমাপ্নোতীতি মুখ্যমেব ফলম্ ॥ ৪৪ ॥ ৭

আদিমধ্যাবসানানামবিরোধমুক্ত্বা কীর্ত্তিমিত্যাদিবাক্যমবতার্য্য ব্যাকরোতি—গুণেত্যাদিনা। ইতি-শব্দাদুপরিষ্টাদ্ যথেত্যস্য সম্বন্ধঃ। জ্ঞানস্তুতিশ্চাত্র বিবক্ষিতা, জ্ঞানিনামীদৃক্ফলস্যানভিলষিতত্বাদিতি দ্রষ্টব্যম্ ॥ ৪৪ ॥ ৭ ॥

ভাষ্যানুবাদ।—'তদ্ধেদম্' ইত্যাদি। উৎপত্তির পূর্ব্বে এই জগৎ বীজা-

বস্থায়—কারণরূপে অব্যক্তাবস্থায় বিদ্যমান ছিল; এই জন্যই—তৎকালে পরোক্ষ ছিল বলিয়াই অপ্রত্যক্ষবাচক সর্ব্বনাম 'তৎ' শব্দে তাহার উল্লেখ করা হইয়াছে। অব্যাকৃত অবস্থায় অবস্থিত ভবিষ্যৎ জগৎ তখনও অতীত কালের সহিত সংস্পৃষ্ট থাকায় [তাহার পরোক্ষত্বাভিধান যুক্তিযুক্তই হইয়াছে]। বিষয়টি যাহাতে অনায়াসে হৃদয়ঙ্গম হইতে পারে, সেই জন্য ঐতিহ্যবোধক (পুরাবৃত্তবোধক) 'হ' শব্দের প্রয়োগ করা হইয়াছে। কেন না, 'যুধিষ্ঠির নামে একজন রাজা ছিলেন', এই কথা বলিলে যেমন ঐতিহাসিক রূপে সহজেই বুঝিতে পারা যায়, তেমনি 'তৎকালে এইপ্রকার ছিল' বলিলে, জগতের বীজাবস্থাটী পরোক্ষ বা প্রত্যক্ষের অগোচর হইলেও তাহা অনায়াসেই হৃদয়ঙ্গম করিতে পারা যায়। 'ইদম্' শব্দেও যথোক্তপ্রকার সাধ্য-সাধনাত্মক (কার্য্য-কারণভাবাপন্ন) অভিব্যক্ত নাম-রূপাত্মক জগতের নির্দ্দেশ করা হইয়াছে। এখানে জগতের পরোক্ষাবস্থাবোধক 'তৎ' শব্দ ও প্রত্যক্ষাবস্থাবোধক (স্থূলাবস্থাবোধক) 'ইদম্' শব্দের সামানাধিকরণ্য বা অভেদ নির্দ্দেশ থাকায় স্পষ্ট বুঝা যাইতেছে যে, এই পরোক্ষ ও প্রত্যক্ষাত্মক জগৎ ফলতঃ একই বস্তু, ভিন্ন নহে;—যাহা এই ব্যক্তাবস্থায় বর্ত্তমান আছে, তাহাই পূর্ব্বে অব্যক্তাবস্থায় বর্ত্তমান ছিল, (উভয়ের মধ্যে স্বরূপগত পার্থক্য কিছুমাত্র নাই)। ইহা ছাড়া, অসতের উৎপত্তি হয় না, আর সৎ—বর্ত্তমান কার্য্য বস্তুরও বিনাশ হয় না, এইরূপ সিদ্ধান্তই অবধারিত হইল। ১

এবংবিধ জগৎ অব্যক্তাবস্থায় থাকিয়া [সৃষ্টির প্রারম্ভে] নাম-রূপাকারেই—নাম ও বিশেষ বিশেষ আকৃতিতে ব্যাকৃত হইল (অভিব্যক্ত হইল)। এখানে 'ব্যাক্রিয়ত' ক্রিয়াপদটীর কর্ম্ম-কর্ত্তৃবাচ্যে প্রয়োগ (*) থাকায় বুঝিতে হইবে যে,

---

(*) তাৎপর্য্য—সাধারণতঃ কার্য্যমাত্রেরই স্বতন্ত্র কর্ত্তা ও কর্ম্ম থাকে, কর্ত্তা উপযুক্ত সাধনের সাহায্যে ক্রিয়া নিষ্পাদন করিয়া থাকে, কিন্তু যেখানে কার্য্যটীকে অনায়াসসাধ্য বুঝাইবার জন্য কর্ম্মকেই কর্ত্তার স্থানবর্ত্তী করিয়া কর্ত্তারূপে ব্যবহার করা হয়, তাহাকে কর্ম্ম-কর্ত্তৃবাচ্য প্রয়োগ বলে; ফল কথা, যে প্রয়োগে কর্ত্তার স্পষ্ট প্রতীতি থাকে না, কর্ম্মেরই কর্ত্তৃত্ব মনে হয়, তাহাই কর্ম্মকর্ত্তৃ-প্রয়োগ। যেমন 'ছিদ্যতে বৃক্ষঃ স্বয়মেব' অর্থাৎ বৃক্ষটি আপনিই যেন কাটা হইতেছে; কিন্তু প্রকৃতপক্ষে কর্ত্তা ও সাধনাদি না থাকিলে কোথাও কোন ক্রিয়াই হইতে পারে না; জগতের অভিব্যক্তিতেও তাহার ব্যতিক্রম হয় নাই; এই জন্যই ভাষ্যকার 'সামর্থ্যাৎ নিয়ন্তৃ' ইত্যাদি কথা বলিতে বাধ্য হইয়াছেন। পরমেশ্বর জীবগণের প্রাক্তন-কর্ম্মানুসারে অনায়াসে জগৎসৃষ্টি সম্পন্ন করিয়াছিলেন; এই অভিপ্রায় জ্ঞাপনের জন্য কর্ম্ম-কর্ত্তৃবাচ্যে প্রয়োগ করা হইয়াছে।

সেই জগৎ নিজেই—আপনিই ব্যক্তীভাব প্রাপ্ত হইয়াছিল,—অর্থাৎ নাম ও রূপ-বিশেষে প্রতীত হইবার উপযুক্ত অবস্থায় স্পষ্টরূপে ব্যক্তীভূত হইয়াছিল। বিনা হেতুতে যখন কার্য্য হইতে পারে না; তখন [উল্লেখ না থাকিলেও] কার্য্য নিয়ামক অধ্যক্ষ) কর্ত্তা, করণব্যাপারাদি আবশ্যকীয় কারণ-সমূহের সদ্ভাব ধরিয়া লইতে হইবে। [এখন অভিব্যক্তির স্বরূপ বলিতেছেন,—] 'অসৌ-নামা' 'ইদং রূপঃ' অর্থাৎ দেবদত্ত বা যজ্ঞদত্ত প্রভৃতি যাহার নাম এবং এই দৃশ্যমান শুক্ল কৃষ্ণাদি বর্ণ যাহার রূপ, তাদৃশ নাম-রূপবিশিষ্ট; এখানে সাধারণভাবে 'অসৌ' এই সর্ব্বনাম শব্দ থাকায় নামমাত্রেরই গ্রহণ করিতে হইবে, আর 'ইদং'-রূপঃ' স্থলেও 'ইদং' শব্দ থাকায়, জগতে যত রকম রূপ আছে, তৎসমস্তই বুঝিতে হইবে। সেই এই আলোচ্য অব্যাকৃত বস্তুটাই বর্ত্তমান সময়েও (আধুনিক সৃষ্টিকালেও) নাম-রূপ দ্বারাই ব্যাকৃত হইয়া থাকে—ইহা 'অমুক-নামক' ও 'অমুক আকৃতিবিশিষ্ট'। ২

যে তত্ত্বপ্রতিপাদনের জন্য সমস্ত অধ্যাত্মশাস্ত্রের আরম্ভ, স্বভাবসিদ্ধ অবিদ্যা দ্বারা যাহার উপর কর্ত্তৃত্বাদি ধর্ম্ম আরোপিত হইয়াছে, যিনি সমস্ত জগতের কারণ, স্বচ্ছ সলিল হইতে যেরূপ মলস্বরূপ ফেন সমুদ্গত হয়, তেমনি স্ব-রূপভূত নাম ও রূপ হইতে সম্পূর্ণ স্বতন্ত্র পদার্থ—নিত্যশুদ্ধবুদ্ধমুক্তস্বভাব, সেই তিনিই আত্মভূত নাম ও রূপ প্রকটিত করিয়া কর্ম্মফলাশ্রয় এবং ক্ষুধা-পিপাসাদি-সম্পন্ন ব্রহ্মাদি তৃণ পর্য্যন্ত দেহীর অভ্যন্তরে প্রবিষ্ট হইলেন। ৩

প্রশ্ন হইতেছে যে, ভাল, পূর্ব্বে বলা হইয়াছে—'অব্যাকৃত জগৎ আপনা হইতেই ব্যাকৃত বা অভিব্যক্ত হইয়াছে; এখন আবার এ কথা বলা হইতেছে কি প্রকারে যে, পরমাত্মাই অব্যাকৃত জগৎকে ব্যাকৃত করিয়া তন্মধ্যে প্রবেশ করিলেন? না—এ কথা দোষাবহ হইতেছে না; কারণ, সেখানে পরমাত্মাকেই অব্যাকৃত জগৎস্বরূপে প্রতিপাদন করা শ্রুতির অভিপ্রেত; এইজন্যই [ঐরূপ বলা হইয়াছে] আমরাও পূর্ব্বেই বলিয়া রাখিয়াছি যে, অব্যাকৃত জগৎ যে স্বয়ংই ব্যাকৃত হইয়াছে, তাহাতেও জগতের নিয়ন্তা, কর্ত্তা, ক্রিয়াসাধন প্রভৃতি আবশ্যকীয় সমস্ত কারণেরই সদ্ভাব স্বীকার করিতে হইবে, (নচেৎ কার্য্যই জন্মিতে পারে না)। বিশেষতঃ 'ইদং' শব্দের সহিত 'অব্যাকৃত' শব্দের সামানাধিকরণ্যও (অভেদ নির্দ্দেশও) এ সিদ্ধান্তের সমর্থন করিতেছে, অর্থাৎ এই দৃশ্যমান (ব্যক্ত) জগতে যেরূপ নিয়ন্তা (পরিচালক) প্রভৃতি বহুবিধ বিশিষ্ট কারকাদির সম্বন্ধ দৃষ্ট হয়, তদ্রূপ সেই অব্যাকৃত জগৎ-সম্বন্ধেও এ সমস্ত নিমিত্তাদির সদ্ভাব অবশ্যই

স্বীকার করিতে হইবে; উভয়ের মধ্যে এইমাত্র বিশেষ যে, একটি ব্যাকৃত (ব্যক্ত), আর অপরটি অব্যাকৃত (অব্যক্ত)। তাহার পর বক্তার ইচ্ছানুসারে এরূপ বিচিত্র ক্রিয়াপদের প্রয়োগ অন্যত্রও দেখিতে পাওয়া যায়, যথা—'গ্রাম আসিয়াছে' (গ্রামস্থ লোক আসিয়াছে), এবং 'গ্রাম শূন্য হইয়াছে' (গ্রামে লোকের বাস নাই), ইত্যাদি স্থলে গ্রাম-শব্দে কখনও কেবল বসতি মাত্র অর্থের বিবক্ষায় অর্থাৎ গ্রামে লোকের বাস নাই, এইরূপ অর্থ প্রতিপাদনের অভিপ্রায়ে 'গ্রামঃ শূন্যঃ' এইরূপ শব্দ-ব্যবহার হইয়া থাকে, কখনওবা গ্রামবাসী লোককে লক্ষ্য করিয়া 'গ্রামঃ আগতঃ' এইরূপ শব্দ-প্রয়োগ করা হইয়া থাকে, কখনও বা গ্রামবাসী লোক ও তাহাদের বসতি, এতদুভয় অর্থকেই লক্ষ্য করিয়া 'গ্রাম' শব্দের প্রয়োগ হইয়া থাকে; যথা,—'গ্রামং চ ন প্রবিশেৎ' অর্থাৎ 'এ গ্রামেও প্রবেশ করিবে না'। [সেখানে যেমন গ্রামে প্রবেশ ও গ্রামবাসী জনের সংসর্গ, উভয়ই নিষিদ্ধ হইয়াছে]; তেমনি এখানেও ব্যাকৃত ও অব্যাকৃত জগতের অভেদবিবক্ষায় আত্মস্বরূপে, আর ভেদবিবক্ষায় অনাত্মরূপেও ব্যবহার হইয়া থাকে; 'সেই এই জগৎ উৎপত্তি-বিনাশশীল', এইবাক্যে আবার কেবলই জগতের (জড়ভাবের) নির্দ্দেশ হইয়াছে। সেইরূপ, 'আত্মা মহান্ ও অজ (জন্মরহিত', 'স্থূলও নহে, অণুও নহে' 'এই আত্মা বস্তুটি ইহা নহে ইহা নহে' ইত্যাদি স্থলে শুধু আত্মারই স্বরূপোল্লেখ হইয়াছে। ৪

এখন আপত্তি হইতেছে যে, পরমাত্মার ইচ্ছায় ব্যাকৃত (ব্যক্তীভাবাপন্ন) এই জগৎ যখন তাঁহা দ্বারা সর্ব্বদা সর্ব্বতোভাবে ব্যাপৃত রহিয়াছে, তখন তাঁহাকেই আবার ইহার মধ্যে প্রবিষ্ট বলিয়া কল্পনা করা যাইতে পারে কি প্রকারে? কেননা, অপ্রবিষ্ট স্থানেই কোনও পরিচ্ছিন্ন পদার্থ প্রবেশ করিতে পারে; যেমন লোকে গ্রাম প্রভৃতি স্থানে প্রবেশ করিয়া থাকে; কিন্তু আকাশ ত কখনও কোথাও প্রবেশ করিতে পারে না; কারণ, তাহা সর্ব্বদা সর্ব্বত্র পরিব্যাপ্তই রহিয়াছে। যদি বল, পাষাণমধ্যগত সর্পাদির ন্যায় অন্য কোনরূপেও তাঁহার প্রবেশ হইতে পারে অর্থাৎ যদি বল যে, পরমাত্মা স্বীয় ব্যাপকরূপে প্রবেশ করেন না সত্য; কিন্তু তাহার মধ্যগত থাকিয়াই অন্য কোনও প্রকারে প্রকটিত হইয়া থাকেন; এই জন্যই তাঁহাকে 'প্রবিষ্ট' বলিয়া আরোপ মাত্র করা হইয়া থাকে; পাষাণের ভিতরে যেমন পাষাণের সঙ্গেসঙ্গেই সর্পের আবির্ভাব হয়, অথবা নারিকেলের মধ্যে যেমন সঙ্গে সঙ্গেই জল উৎপন্ন হয়, ইহাও ঠিক তেমনই। না, তাহাও বলিতে পার না; কারণ, শ্রুতি বলিতেছেন—'তাহা সৃষ্টি করিয়া তন্মধ্যে প্রবেশ করি-

লেন'। ইহা হইতে জানা যাইতেছে যে, যিনি সৃষ্টি করিয়াছেন, তিনি স্বয়ংই অবিকৃতভাবে অর্থাৎ অন্য কোনও ধর্ম্মান্তর গ্রহণ না করিয়াই জগৎ সৃষ্টি করিয়া, পরে তাহার মধ্যে প্রবেশ করিয়াছেন। যেমন 'ভোজন করিয়া গমন করিতেছে' বলিলে পূর্ব্বকালবর্ত্তী ভোজনক্রিয়া ও পরবর্ত্তী গমন-ক্রিয়া এতদুভয়ের পার্থক্য প্রতীত হইলেও ত কর্ত্তার পার্থক্য-প্রতীতি হয় না, (পরন্তু একই কর্ত্তার প্রতীতি হয়), এখানেও ঠিক তদ্রূপ ব্যবস্থাই হওয়া উচিত; কিন্তু প্রবিষ্ট বস্তুর অবস্থান্তরোৎপত্তি স্বীকার করিলে ইহা কখনই সঙ্গত হইতে পারে না। আর নিরবয়ব ও অপরিচ্ছিন্ন কোন পদার্থের যে, এক স্থান পরিত্যাগপূর্ব্বক অন্য স্থানের সহিত সংযোগাত্মক প্রবেশ, তাহাত কোথাও দেখা যায় না; [অতএব নিরবয়বের প্রবেশের কথা কোন মতেই উপপন্ন হইতে পারে না]। ৫

যদি বল, শ্রুতিতে যখন প্রবেশের কথা আছে, তখন তিনি সাবয়বই বটে; না,—তাহাও বলিতে পার না; কারণ, 'পুরুষ দিব্য ও অমূর্ত্ত (নিরবয়ব),' 'নিষ্ক্রিয় ও নিরংশ' ইত্যাদি শ্রুতি হইতে এবং সর্ব্ববিধ ধর্ম্ম-প্রতিষেধক অন্য শ্রুতি হইতেও [তাঁহার নিরবয়বত্ব প্রমাণিত হয়]। যদি বল, সূর্য্যাদি-প্রতিবিম্বের যেরূপ জলাদিতে প্রবেশ দৃষ্ট হয়, ইহারও তদ্রূপ প্রবেশ কল্পনা করা যাইতে পারে। না, তাহাও হইতে পারে না; কারণ, কোন বস্তুর সহিতই তাহার বিপ্রকর্ষ বা ব্যবধান নাই, [অথচ ব্যবধান না থাকিলে একের মধ্যে অপরের প্রবেশ কখনই সম্ভবপর হইতে পারে না]। [ভাল, ব্যবধান না থাকিলেও] দ্রব্যের মধ্যে যেরূপ গুণের প্রবেশ হয়, সেরূপ প্রবেশ ত ব্রহ্মেরও হইতে পারে? না,—তাহাও হইতে পারে না; কারণ, ব্রহ্ম ত গুণের ন্যায় কোথাও আশ্রিত নহে। গুণ-পদার্থ নিতাই পরাধীন (দ্রব্যের অধীন) ও দ্রব্যাশ্রিত; সুতরাং দ্রব্যের মধ্যে তাহার প্রবেশ-ব্যবহার উপপন্ন হয়, কিন্তু স্বতন্ত্র অর্থাৎ অ-পরাধীন ব্রহ্মের সম্বন্ধে ত সেরূপ প্রবেশ কখনই সঙ্গত হইতে পারে না। আর ফলের মধ্যে বীজ-প্রবেশের ন্যায় যে, প্রবেশ বলিবে; তাহাও নহে; কারণ, তাহা হইলে, ফলের ন্যায় ব্রহ্মেরও সাবয়বত্ব, বৃদ্ধি, হ্রাস, উৎপত্তি ও বিনাশাদি ধর্ম্মের সম্ভাবনা হইতে পারে; প্রকৃতপক্ষে ত ঐ সমস্ত ধর্ম্মের সহিত ব্রহ্মের কস্মিন্‌কালেও সম্বন্ধ নাই; কারণ, তাহা হইলে তিনি 'জন্মরহিত ও মরণহীন' ইত্যাদি শ্রুতি ও যুক্তির সহিত বিরোধ উপস্থিত হয় (১)। আর যদি বল—অন্য কোনও পরিচ্ছিন্ন

---

(১) তাৎপর্য্য—ব্রহ্মের বৃদ্ধি-ক্ষয়াদি ধর্ম্ম স্বীকার করিলে যে, শ্রুতি-বিরোধ উপস্থিত হয়, তাহা "অজঃ অজরঃ" ইত্যাদি শ্রুতিতে প্রকাশিত হইয়াছে। যুক্তি-বিরোধ এইরূপ—ব্রহ্ম যদি

সংসারী (জীবই) ইহার অভ্যন্তরে প্রবেশ করিয়াছে, (ব্রহ্ম নহে) ; না, তাহাও বলিতে পার না ; কারণ, 'সেই এই দেবতা (পরমাত্মা) ঈক্ষণ করিলেন' এই হইতে আরম্ভ করিয়া 'নাম ও রূপ ব্যাকৃত করিব' এই পর্য্যন্ত শ্রুতিতে সেই পরমেশ্বরেরই সৃষ্টিমধ্যে প্রবেশ ও অভিব্যক্তি কার্য্যে কর্ত্তৃত্ব উল্লিখিত আছে। সেইরূপ 'তিনি জগৎ সৃষ্টি করিয়া তন্মধ্যে প্রবেশ করিলেন,' 'তিনি এই সীমা বিদীর্ণ করিয়া, ইহা দ্বারাই প্রাপ্ত হইয়াছিলেন,' 'স্থিরস্বভাব ব্রহ্ম সমস্ত রূপ (আকৃতি) নির্ম্মাণ করিয়া এবং পৃথক্ পৃথক্ নামকরণ করিয়া, সেই সেই নামের উল্লেখ করত অবস্থান করেন', 'তুমি কুমার, অথবা কুমারী, তুমি জীর্ণ (বৃদ্ধ) হইয়া দণ্ড দ্বারা গমন করিয়া থাক,' 'প্রথমে দ্বিপদ সৃষ্টি করিলেন,' 'তিনি বিভিন্ন বস্তুতে [প্রবেশ করিয়া ভিন্ন ভিন্ন আকারে প্রকাশ পাইলেন]' এই সমস্ত শ্রুতিবাক্য হইতে জানা যায় যে, পরমাত্মা ভিন্ন অপর কাহারো প্রবেশ হয় নাই। আপত্তি হইতে পারে যে, প্রবেশের পাত্রগুলির মধ্যে যখন পরস্পর পার্থক্য বা প্রভেদ রহিয়াছে, তখন প্রবিষ্ট পরমাত্মার ত বহুত্ব হইয়া পড়ে? তদুত্তরে বলি যে, না, তাহা হয় না ; কারণ, 'একই দেবতা (পরমাত্মা) বহুরূপে প্রবিষ্ট হইয়াছেন' 'তিনি এক হইয়াও বহু প্রকারে বিচরণ করিতেছেন', 'তুমি বহুতে প্রবেশ করিয়াও একই আছ' 'একই দেব (পরমাত্মা) সর্ব্বভূতের মধ্যে প্রচ্ছন্ন আছেন, এবং তিনি সর্ব্বব্যাপী ও সর্ব্বভূতের অন্তরাত্মা' ইত্যাদি শ্রুতিতে [তাঁহার একত্বই ব্যবস্থিত হইয়াছে]। ৫

আচ্ছা, প্রবেশ উপপন্ন হয়, কি না হয়, সে কথা থাকুক ; প্রবিষ্টমাত্রই যখন সংসারী, এবং পরমাত্মাও যখন সেই সমস্ত সংসারী হইতে ভিন্ন নহে, তখন পরমাত্মারও নিশ্চয়ই সংসারিত্ব সম্ভাবিত হইতে পারে? এ কথা যদি বল, তদুত্তরে বলিতেছি যে, না—তাহাও হইতে পারে না ; কারণ, শ্রুতিতে তাঁহাকে অশনায়াদি (ভোজনেচ্ছা প্রভৃতি) ধর্ম্মশূন্য বলা হইয়াছে। যদি বল যে, জীবের যখন সুখ-দুঃখাদি সম্বন্ধ প্রত্যক্ষ হইতেছে, তখন তিনি অশনায়াদির অতীত হইতে পারেন

ধর্ম্মী হন, আর ক্ষয়, বৃদ্ধি প্রভৃতি যদি তাঁহার ধর্ম্ম হয়, তাহা হইলে জিজ্ঞাস্য এই যে, ঐ ধর্ম্মগুলি ব্রহ্ম হইতে অত্যন্ত ভিন্ন, কি অভিন্ন? ভিন্ন হইলে ত অদ্বৈতভাব থাকে না, আর অভিন্ন হইলেও উহাদের উচ্ছেদের সঙ্গে সঙ্গে ব্রহ্মেরই উচ্ছেদ সম্ভাবিত হয় ; কাজেই ঐ জাতীয় ধর্ম্মগুলিকে ভিন্ন বা অভিন্ন বলিয়া নিরূপণ করা যায় না ; অতএব ব্রহ্মসম্বন্ধে ঐরূপ ধর্ম্ম স্বীকার করা যুক্তি-বিরুদ্ধ হয় ; অতএব ব্রহ্মের বৃদ্ধি ক্ষয়াদি ধর্ম্ম-সম্বন্ধ, এবং তন্নিবন্ধন যে সাবয়বত্ব কল্পনা, তাহা সঙ্গত হইতে পারে না।

না ; না,—সে কথাও বলিতে পার না ; কারণ, শ্রুতিতে আছে—'তিনি (আত্মা) লোকদুঃখে (সংসারদুঃখে) লিপ্ত হন না' ; 'তিনি এ সমস্তের অতীত'। যদি বল, প্রত্যক্ষাদি প্রমাণ-বিরুদ্ধ বলিয়া শ্রুতির কথা যুক্তিসঙ্গত নহে ; না, সে কথাও বলা চলে না ; কারণ, আত্মার অভিব্যক্তি-ক্ষেত্র বিশেষ বিশেষ উপাধির বৈচিত্র্যই প্রত্যক্ষাদি প্রমাণের বিষয় হয়, [কিন্তু আত্মা হয় না] ; কেন না, 'দৃষ্টি'র দ্রষ্টাকে (জ্ঞানের প্রকাশককে) দর্শন করিতে পার না'। 'অরে মৈত্রেয়ি, বিজ্ঞাতাকে আবার কিসের দ্বারা জানিবে ?', 'তিনি অন্যের অবিজ্ঞাত, অথচ স্বয়ং বিজ্ঞাতা' ইত্যাদি শ্রুতি হইতে জানা যায় যে, আত্মা প্রত্যক্ষাদি জ্ঞানের বিষয় নহে, তবে কি ? না, বুদ্ধি প্রভৃতি উপাধিতে প্রতিফলিত যে আত্মপ্রতিবিম্ব, তাহাই 'আমি সুখী, আমি দুঃখী' ইত্যাদি প্রত্যক্ষজ্ঞানের বিষয় বা বিজ্ঞেয়, (কিন্তু আত্মা তাহার বিষয় নহে) ; কারণ, 'অয়ম্ অহম্' (ইহা আমি) ইত্যাদি স্থলে বিষয়ের (অয়ং-পদবাচ্য জ্ঞেয় পদার্থের) সহিত বিষয়ীর (বিজ্ঞাতা আত্মার) সামানাধিকরণ্য বা অভেদ ব্যবহার দেখিতে পাওয়া যায় ; বিশেষতঃ 'ইহা ভিন্ন আর দ্রষ্টা নাই' ইত্যাদি শ্রুতিতে দ্বিতীয় আত্মার নিষেধও রহিয়াছে (১)। বিশেষতঃ হস্তপদাদি দেহাবয়বে সুখ-দুঃখের প্রতীতি হয় বলিয়াও সুখ-দুঃখকে বিষয়ের (অনাত্মপদার্থের) ধর্ম্ম বলিয়া স্বীকার করিতে হইবে (২)। ৭

যদি বল, 'আত্মার তৃপ্তিসাধনের জন্যই [সমস্ত বিষয় প্রিয় হইয়া থাকে]'

---

(১) তাৎপর্য্য—সাধারণতঃ জ্ঞান হয় বিষয়ী, আর জ্ঞেয় বস্তু হয় বিষয়। বেদান্তমতে জ্ঞানই আত্মা ; সুতরাং আত্মাকেই বিষয়ী বলা যায়। 'অয়ম্ অহম্' স্থলে, 'অয়ং' পদের অর্থ—প্রত্যক্ষযোগ্য অনাত্মবস্তু ; সুতরাং তাহা আত্মোপাধিভূত বুদ্ধি-প্রভৃতি ভিন্ন আর কিছুই হইতে পারে না ; আর 'অহং' পদের অর্থ—আত্মা। জ্ঞান ও জ্ঞেয় এবং আত্মা ও অনাত্মা স্বভাবতই ভিন্ন, কিন্তু তথাপি ব্যবহারক্ষেত্রে অনাত্মা 'অয়ং' পদার্থের সহিত বিষয়ীর (আত্মার) অভেদ আরোপ করা হইয়া থাকে। ইহা হইতেই বেশ বুঝা যায় যে, শুদ্ধ আত্মা লৌকিক প্রত্যক্ষাদি প্রমাণের বিষয় নহে ; পরন্তু বুদ্ধিরূপ উপাধিতে প্রতিবিম্বিত যে আত্ম-চৈতন্য, তাহাই উহার বিষয় ; কাজেই 'আমি সুখী দুঃখী' ইত্যাদি অনুভব দ্বারা বিশুদ্ধ আত্মার সুখ-দুঃখাদি সম্বন্ধ কল্পনা করা যাইতে পারে না।

(২) তাৎপর্য্য—সাধারণতঃ 'আমার হাতে দুঃখ, পায়ে দুঃখ, কিংবা মস্তকে দুঃখ, অথবা সুখ' ইত্যাদিরূপে দেহাবয়ব হস্তপদাদিতেই সুখ-দুঃখের প্রতীতি হইয়া থাকে ; হস্তপদাদি যে অনাত্ম-বস্তু—বিষয়, সে বিষয়ে কাহারো সন্দেহ নাই ; সুতরাং উক্তপ্রকার প্রতীতি হইতেও জানা যায় যে, সুখ-দুঃখাদি ধর্ম্মগুলি আত্মার নহে ; পরন্তু অনাত্মা দেহাদিরই বটে, আত্মাতে সে সকলের আরোপ হয় মাত্র।

ইত্যাদি শ্রুতিতে যখন আত্মতৃপ্তিকেই একমাত্র উদ্দেশ্য বলা হইয়াছে, তখন আত্মার সুখ-দুঃখ নাই, এ কথাটা যুক্তিযুক্ত হইতেছে না; না, তাহাও বলিতে পার না; কারণ, 'যে সময় অন্যেরই মত হয়, আত্মা হইতে আপনাকে যেন ভিন্ন বলিয়াই মনে করে' ইত্যাদি শ্রুতিতে অবিদ্যাসমন্বিত আত্মাকেই উল্লিখিত কামনার ক্ষেত্র বলিয়া স্বীকার করা হইয়াছে। বিশেষতঃ 'যখন ব্রহ্মাত্ম-বোধ উপস্থিত হয়, তখন কিসের দ্বারা কাহাকে দর্শন করিবে?' 'এ জগতে নানা (ব্রহ্ম ভিন্ন) কিছুই নাই' '[মুমুক্ষু যখন] সর্ব্বত্র একত্ব দর্শন করেন, তখন তাঁহার শোকই বা কি, আর মোহই বা কি?' ইত্যাদি শ্রুতিতে জ্ঞানদশায় সুখ-দুঃখাদির সদ্ভাব নিষিদ্ধই হইয়াছে; কাজেই সুখ দুঃখ প্রভৃতিকে আত্মার ধর্ম্ম বলা যায় না। ৮

যদি বল, তর্কশাস্ত্রীয় সিদ্ধান্তের সহিত বিরোধ হয় বলিয়া, ইহা যুক্তিযুক্ত হইতেছে না; না, তাহাও বলিতে পার না; কারণ, যুক্তি দ্বারাও আত্মার সুখ-দুঃখাদি-সম্বন্ধ উপপন্ন হইতে পারে না। কেন না, প্রত্যক্ষের অগম্য আত্মা কখনই প্রত্যক্ষের বিষয়ীভূত দুঃখ দ্বারা বিশেষিত (দুঃখের বিশেষ্য) হইতে পারে না; কারণ, আত্মা কখনও লৌকিক প্রত্যক্ষের বিষয় নহে। যদি বল, আকাশ অপ্রত্যক্ষ হইলেও যেমন প্রত্যক্ষ-গ্রাহ্য শব্দ তাহার গুণ বা ধর্ম্ম হয়, তেমনি অপ্রত্যক্ষ আত্মারও প্রত্যক্ষযোগ্য দুঃখ-গুণের সহিত সম্বন্ধ হইতে বাধা কি? না, তাহা বলা যায় না; কারণ, তাহা হইলেও এক বুদ্ধির বিষয় হইতে পারে না; কেন না, প্রত্যক্ষের বিষয় (প্রত্যক্ষযোগ্য) যে সুখগ্রাহক জ্ঞান, [তোমার মতে] নিত্যানুমেয় আত্মা কখনই তাহার বিষয়ীভূত হইতে পারে না। বিশেষতঃ আত্মা যখন এক বৈ দুই নয়, তখন, সেই আত্মাও যদি ঐ জ্ঞানেরই বিষয়ীভূত হয়, তাহা হইলে (সেই আত্মাও বিষয়শ্রেণীতে নিবিষ্ট হইলে) বিষয়ীরই (বিষয়-প্রকাশক—বিষয়গ্রাহকেরই) অভাব হইয়া পড়ে। আর যদি বল, দীপ যেমন নিজেই নিজের বিষয় ও বিষয়ী (প্রকাশ্য ও প্রকাশক) হয়, তেমনি আত্মাও নিজেই নিজের বিষয় ও বিষয়ী (জ্ঞেয় ও জ্ঞাতা) হইবে; না, তাহাও বলিতে পার না, কারণ, একই সময়ে কাহারো বিষয়-বিষয়িভাব হইতে পারে না। বিশেষতঃ আত্মা যখন নিরংশ (নিরবয়ব), তখন অংশভেদেও যে, ঐরূপ বিষয়-বিষয়িভাব কল্পনা করা, তাহাও সঙ্গত হয় না (ক)। ৯

(ক) তাৎপর্য্য—তার্কিকগণ বলিয়া থাকেন যে, আত্মাতে চতুর্দ্দশপ্রকার গুণ আছে—"বুদ্ধ্যাদিষট্‌কং সংখ্যাদিপঞ্চকং ভাবনা তথা। ধর্ম্মাধর্ম্মৌ গুণা এতে আত্মনঃ স্যুশ্চতুর্দ্দশ॥"

উপরে যে সমস্ত যুক্তি-প্রমাণ প্রদর্শিত হইল, তাহা দ্বারা [বৌদ্ধমতে] বিজ্ঞানের যে, গ্রাহ্য-গ্রাহকভাব, তাহাও খণ্ডিত হইল, এবং প্রত্যক্ষের বিষয়ীভূত দুঃখ, আর অনুমানের বিষয়ীভূত আত্মার যে, গুণ-গুণিভাব-কল্পনা, তাহাও নিরস্ত হইল ; কারণ, দুঃখ-পদার্থ নিত্যই প্রত্যক্ষের বিষয়, অধিকন্তু দৈহিক রূপাদির সহিত একাধিকরণে (একই দেহে) প্রতীত হইয়া থাকে ; [সুতরাং রূপাদি যেমন আত্মার গুণ নহে, তেমনি দুঃখও আত্মার গুণ হইতে পারে না] । আর আত্মাতে দুঃখ যদি মনঃসংযোগজনিতও হয়, তাহা হইলেও আত্মাতে সাবয়বত্ব, সবিকারত্ব ও অনিত্যত্বাদি দোষ আসিয়া পড়ে ; কারণ, কোথাও এমন কোনও গুণ দেখিতে পাওয়া যায় না, যাহা উৎপন্ন বা বিনষ্ট হইবার সময় স্বসম্বন্ধ সাবয়ব দ্রব্যকে কিছুমাত্র বিকৃত করে না । আর যাহার অবয়ব নাই, সেই নিরবয়ব পদার্থকেও কোথায়ও বিকৃত হইতে, অথবা কোন নিত্য পদার্থকেও অনিত্য গুণ-বিশিষ্ট হইতে দেখা যায় না । বিশেষতঃ যাহারা আগমবাদী অর্থাৎ প্রধানতঃ শাস্ত্রপ্রামাণ্যমাত্রাবলম্বী, তাহারা ত আকাশকেও নিত্য বলিয়া স্বীকার করেন না ; অথচ এ বিষয়ে তদ্ভিন্ন আর উপযুক্ত দৃষ্টান্তও দেখা যায় না । আর যদি বল, বিকৃত হইলেও যখন তৎ-প্রত্যয়ের নিবৃত্তি হয় না, অর্থাৎ 'ইহা সেই বস্তুই বটে' এইরূপ জ্ঞান বিদ্যমানই থাকে, তখন উহা বিকারী হইলেও নিত্যই বটে ; না, তাহাও বলিতে পার না ; কারণ, দ্রব্যের রূপান্তর না ঘটাইয়া কখনও কোন

অর্থাৎ বুদ্ধি (জ্ঞান) সুখ, দুঃখ, ইচ্ছা, দ্বেষ, যত্ন (চেষ্টা), একত্বাদি সংখ্যা, মহৎ পরিমাণ, পৃথকত্ব, সংযোগ, বিভাগ, 'ভাবনা' নামক সংস্কার, (যাহার সাহায্যে জ্ঞাত বিষয় পুনঃ স্মৃতিপথে উদিত হয়), ধর্ম্ম ও অধর্ম্ম, এই চতুর্দ্দশটি গুণ আত্মার স্বতঃসিদ্ধ ধর্ম্ম । এখন আত্মাতে যদি সুখ-দুঃখের অস্তিত্ব অস্বীকার করা যায়, তাহা হইলে উক্ত তার্কিকসিদ্ধান্ত বিরুদ্ধ হইয়া পড়ে । অতএব আত্মার সুখ-দুঃখাদি ধর্ম্মসদ্ভাব স্বীকার করাই উচিত । তদুত্তরে ভাষ্যকার বলিতেছেন—

যুক্তি দ্বারাও যখন আত্মার সুখ-দুঃখাভাব প্রমাণ করা যাইতে পারে, তখন তাঁহাতে সুখ-দুঃখ সম্বন্ধ কখনই স্বীকার করা যাইতে পারে না । একটি যুক্তি এই যে, সুখ-দুঃখগুণ প্রত্যক্ষের বিষয় হয়, আত্মা কিন্তু সাধারণ প্রত্যক্ষের অবিষয়, সুতরাং প্রত্যক্ষ ও অপ্রত্যক্ষের মধ্যে কখনও ধর্ম্ম-ধর্ম্মিভাব হইতে পারে না । বিশেষতঃ আত্মা জ্ঞানস্বরূপ, সুতরাং তাহা বিষয়ী, আর আত্মগুণ সুখ-দুঃখ হইল তাহার বিষয় ; দীপ যেমন কথঞ্চিৎ নিজেই নিজকে প্রকাশিত করে বলিয়া বিষয়ও বটে, এবং বিষয়ীও বটে ; আত্মার পক্ষে কিন্তু সেরূপ ব্যবস্থা হইতে পারে না ; কারণ, দীপ সাংশ বা সাবয়ব পদার্থ ; তাহার পক্ষে একাংশে প্রকাশকত্ব আর অপরাংশে প্রকাশ্যত্ব হইতেও পারে, কিন্তু আত্মা যখন নিরংশ পদার্থ, তখন তাহার পক্ষে একই সময়ে ঐরূপ বিষয়-বিষয়িভাব হইতে পারে না ইত্যাদি ।

প্রকার বিকার হইতে পারে না; অর্থাৎ এরূপ কোনও বিকার দেখা যায় না, যাহা দ্বারা বিকৃত দ্রব্যের রূপান্তর ঘটে না, পরন্তু উহাই বিকারের স্বভাব বা স্বরূপ। আর এ কথাও বলিতে পার না যে, হউক না কেন আত্মা সাবয়ব, তথাপি উহা নিত্য; তাহা হইলে অবয়বসমূহের পরস্পর সংযোগই যখন সাবয়ব পদার্থের কারণ, তখন নিশ্চয়ই সেই সমস্ত অবয়বের পুনর্ব্বার বিভাগও অবশ্যম্ভাবী, [অবয়ব-বিভাগই ত সাবয়ব পদার্থের ধ্বংস বা বিনাশ, কাজেই সাবয়ব পদার্থের ধ্বংসও অবশ্যম্ভাবী]। যদি বল, বজ্রপ্রভৃতি কোন কোন সাবয়ব বস্তুতে যখন অবয়ব-সংযোগ দৃষ্ট হয় না, তখন সংযোগপূর্ব্বকত্ব নিয়মটি ঠিক অব্যভিচারী (সার্ব্বত্রিক) নহে; না, সে কথাও সঙ্গত হয় না; কারণ, বজ্রাদিও যে, অবয়বসংযোগ হইতেই উৎপন্ন, তদ্বিষয়ে অনুমান করা যাইতে পারে; অতএব আত্মাতে কখনই দুঃখাদি অনিত্যগুণের সদ্ভাব উপপন্ন হইতে পারে না (১)। ১০

(১) তাৎপর্য্য—এ স্থানে যে সমস্ত তর্কের অবতারণা করা হইয়াছে, তাহার প্রত্যেকটিই জটিল এবং পৃথগ্‌ভাবে আলোচনার যোগ্য, কিন্তু সেরূপ অবসর কোথায়? তাই দুই একটি বিষয়ে কিঞ্চিৎ আলোচনার আভাস মাত্র প্রদান করিতেছি—প্রথম কথা হইল, আমরা আত্মাতে যে সুখ-দুঃখ অনুভব করিয়া থাকি, তাহা আত্মার স্বাভাবিক ধর্ম্ম নহে; পরন্তু উহা মনের ধর্ম্ম; বিষয়-সম্বন্ধ মনের সহিত আত্মার সংযোগে উহার উৎপত্তি; সুতরাং, উহা অনিত্য। এ কথার উত্তরে ভাষ্যকার বলিলেন—আচ্ছা, আত্মার সুখ-দুঃখাদি যদি মনঃসংযোগজন্যই হয়, তাহা হইলেও আত্মার ঐ সমস্ত গুণকে উৎপত্তি-বিনাশশীল বলিতে হইবে। দেখিতে পাওয়া যায়, গুণ কখনও সাবয়ব ভিন্ন নিরবয়ব বস্তুতে থাকে না, এবং থাকাও সম্ভব হয় না। অবশ্য, নৈয়ায়িকগণ শব্দ-গুণবিশিষ্ট আকাশকেও নিরবয়ব বলেন; কিন্তু উপনিষৎপ্রভৃতি প্রামাণিক শাস্ত্রে যখন পঞ্চভূতকেই উৎপন্ন (জন্য) পদার্থ বলিয়াছেন; তখন শাস্ত্রপ্রামাণ্যানুসারে আকাশকেও গুণাশ্রয় নিরবয়ব দ্রব্যরূপে দৃষ্টান্ত দেওয়া চলে না। অতএব আত্মাতে সুখ-দুঃখ স্বীকার করিলেই সাবয়বত্বও স্বীকার করিতে হয়; অধিকন্তু, সাবয়ব দ্রব্যে যখনই কোনও গুণ উৎপন্ন হয়, অথবা তাহা হইতে অন্তর্হিত হয়, তখনই তাহার কিছু না কিছু বিকার উৎপন্ন করিয়া থাকে। অতএব আত্মার সুখ-দুঃখ স্বীকার করিলে বিকারিত্বও স্বীকার করিতে হয়; বিকারিত্ব স্বীকার করিলেই তাহার অনিত্যত্বও স্বীকার করিতে হয়। বিকারশীল সাবয়ব বস্তুমাত্রই কতকগুলি অবয়বের সংযোগে সমুৎপন্ন হইয়া থাকে; তাহা হইলেই 'সংযোগাশ্চ বিয়োগান্তাঃ' অর্থাৎ সংযোগের শেষ ফল হইতেছে—বিয়োগ; অবয়ব-বিয়োগই সাবয়ব পদার্থের ধ্বংস। বজ্র প্রভৃতি যে সমস্ত সাবয়ব বস্তুকে আপাতদৃষ্টিতে নিত্য বলিয়া এবং অবয়ব-সংযোগজাত নয়, এইরূপ মনে হয়; বস্তুতঃ সাবয়বত্ব নিবন্ধন সে সমস্ত বস্তুকেও সংযোগজ বলিয়া অনুমান করা যাইতে পারে; সুতরাং ঐ সমস্ত বস্তুও ইহার বিরুদ্ধ দৃষ্টান্ত হইতে পারে না।

এখন আপত্তি হইতে পারে যে, পরমাত্মাও যদি দুঃখী (দুঃখাশ্রয়) না হইলেন, এবং তদ্ভিন্ন অপর কাহাকেও যখন দুঃখী বলিয়া কল্পনা করা যাইতে পারে না, তখন সেই দুঃখশান্তির জন্য শাস্ত্রারম্ভের ত কিছুমাত্র প্রয়োজন দেখা যাইতেছে না; না, এরূপ আপত্তিও হইতে পারে না; কারণ, অবিদ্যা-বশতঃ আত্মাতে দুঃখিত্বভ্রম অধ্যারোপিত হইয়াছে, তন্নিবৃত্তিই শাস্ত্রারম্ভের উদ্দেশ্য। যেমন ["দশমস্ত্বমসি"স্থলে] অজ্ঞানবশতঃ আত্মাতে কল্পিত দশমত্ব সংখ্যার অপূর্ণতাভ্রমনিবৃত্তির জন্য উপদেশের আবশ্যক হয়, (*) তেমনি এখানেও আত্মাতে কল্পিত দুঃখসম্বন্ধনিবৃত্তির জন্যও শাস্ত্রারম্ভের প্রয়োজন আছে। ১১

জলের মধ্যে যেরূপ সূর্য্যাদির প্রতিবিম্ব দৃষ্ট হইয়া থাকে, তদ্রূপ ব্যাকৃত জগতের মধ্যেও যে, আত্মার প্রতিবিম্ববৎ উপলব্ধি বা প্রতীতি, তাহাই আত্মার প্রবেশ। জগদুৎপত্তির পূর্ব্বে আত্মার উপলব্ধি ছিল না, পশ্চাৎ স্থূল কার্য্য সৃষ্ট হইলে পর, বুদ্ধির অভ্যন্তরে তাহার উপলব্ধি হইল; এই কারণেই জলাদির মধ্যে সূর্য্যাদি-প্রতিবিম্বের ন্যায় কার্য্যস্বরূপ জগৎসৃষ্টির পর, তিনি তন্মধ্যে প্রবিষ্টবৎ অনুভূত হন বলিয়া শ্রুতি-নির্দ্দেশ রহিয়াছে,—'তিনি ইহার মধ্যে প্রবিষ্ট হই-লেন', 'তাহা (জগৎ) সৃষ্টি করিয়া তাহারই মধ্যে তিনি প্রবেশ করিলেন', 'তিনি এই সীমা বিদীর্ণ করিয়া ইহা দ্বারাই প্রাপ্ত হইলেন', 'সেই দেবতা (পরমেশ্বর) আলোচনা করিলেন,—ভাল, আমি এই জীবাত্মরূপে এই তিন দেবতার (তেজঃ, জল ও পৃথিবীর) অভ্যন্তরে প্রবেশপূর্ব্বক [নাম ও রূপ বিস্তার

(*) তাৎপর্য্য—দশজন লোক বাড়ী হইতে বাহির হইয়া যাইতে যাইতে পথে একটি ক্ষুদ্র নদী পাইল; নদীটী সন্তরণের সাহায্যে পার হইলে পর, তাহাদের মনে সন্দেহ উপস্থিত হইল যে, আমরা ঠিক দশ জনই পার হইতে পারিয়াছি? কিংবা কেহ নদীতে ডুবিয়া গিয়াছে? তখনই গণনা আরম্ভ হইল। সকলেই অদ্ভুত পণ্ডিত। প্রত্যেকেই গণিবার সময় আপনাকে বাদ দিয়া গণিতে আরম্ভ করিল; সুতরাং নয় জনের বেশী আর কিছুতেই হইল না, তখন তাহারা স্থির করিল যে, আমাদের মধ্যে দশম লোকটি নিশ্চয়ই জলে ডুবিয়া মরিয়াছে। সকলেই দশম ব্যক্তির শোকে কাঁদিয়া আকুল। অপর একজন অভিজ্ঞ ব্যক্তি তাহাদের দুরবস্থা দর্শনে কাতর হইয়া বলিলেন যে, তোমরা পুনর্ব্বার গণনা করিয়া দেখ, দশম মরে নাই; তখন তাহাদের একজন পূর্ব্ববৎ গণনা করিতে করিতে যেই নবম পর্য্যন্ত গণনা করিল, তখনই সেই অভিজ্ঞ ব্যক্তি অঙ্গুলিনির্দ্দেশ করিয়া বলিলেন যে, 'দশমস্ত্বমসি' অর্থাৎ তুমিই সেই দশম। তখন তাহাদের দশম সংখ্যার অপূরণভ্রম বিদূরিত হইল।

করিব]’ ইত্যাদি। [প্রবেশ শব্দের যেরূপ অর্থ বলা হইল, সেরূপ না হইলে,] সর্ব্বব্যাপী ও নিরবয়ব আত্মার পক্ষে দিক্, দেশ ও কালের সহিত সংযোগ-বিয়োগাত্মক প্রবেশ কথনও উপপন্ন হইতে পারে না। প্রকৃতপক্ষে পরমাত্মার অতিরিক্ত যে, আর কেহ দ্রষ্টা আছেন, তাহাও নহে; কারণ, শ্রুতি বলিতেছেন—‘ইহার অতিরিক্ত আর কেহ দ্রষ্টা নাই’, ‘ইহার অতিরিক্ত আর কেহ শ্রোতা নাই’ ইত্যাদি; এ সব কথা আমরা পূর্ব্বেই বলিয়াছি। বিশেষতঃ জগতের সৃষ্টি, স্থিতি, লয় প্রতিপাদন এবং সৃষ্ট জগতে ব্রহ্মের প্রবেশবোধক যে সমস্ত শ্রুতিবাক্য আছে, সে সমস্তের প্রধান উদ্দেশ্য হইতেছে—ব্রহ্মকে উপলব্ধি-গোচর করান। কারণ, শ্রুতিতে ব্রহ্মোপলব্ধিই পুরুষার্থ (পুরুষের মুখ্য প্রয়োজন) বলিয়া শ্রুত হয়,—‘আত্মাকেই জানিবে,’ ‘সেই ব্রহ্মোপলব্ধির ফলে সর্ব্বাত্মক হইয়াছিলেন’, ‘ব্রহ্মবিৎ পরমাত্মাকে প্রাপ্ত হন’, ‘সেই যে-কেহ পরমাত্মাকে অবগত হন, তিনি ব্রহ্মই হইয়া যান’, ‘আচার্য্যবান্ পুরুষ (জিজ্ঞাসু ব্যক্তি) তাঁহাকে জানেন’, ‘তাঁহার (ব্রহ্মদর্শীর) সেই পর্য্যন্তই বিলম্ব’ ইত্যাদি; এবং ‘তাহার পর আমাকে যথাযথরূপে অবগত হইয়া পশ্চাৎ আমাতে (ব্রহ্মে) প্রবেশ লাভ করেন,’ ‘তাহাই (জ্ঞানই) সর্ব্ববিদ্যার শ্রেষ্ঠ, এবং তাহা হইতেই মুক্তিলাভ হইয়া থাকে’, ইত্যাদি স্মৃতিশাস্ত্র হইতেও [জানা যায় যে, ব্রহ্মোপলব্ধিই প্রধান পুরুষার্থ বা তাহার সাধন]। বিশেষতঃ আত্মৈকত্বজ্ঞান-সমুৎপাদনেই যে, সৃষ্টি প্রতিপাদক বাক্যের তাৎপর্য্য, তাহা ভেদদর্শনের নিন্দা হইতেও প্রতিপন্ন হয়। অতএব, স্বসৃষ্ট জগতে তাঁহার উপলব্ধিই ‘তাঁহার প্রবেশ’ বলিয়া কল্পিত হইয়া থাকে। ১২

‘আ নখাগ্রেভ্যঃ’—নখের অগ্রভাগ পর্য্যন্ত আত্ম-চৈতন্য অনুভূত হইয়া থাকে। আত্মাইবা সেখানে কি প্রকারে প্রবিষ্ট আছেন? তাহা বলিতেছেন—জগতে ক্ষুর যেমন ক্ষুরধানে—ক্ষুর যাহাতে রাখা হয়, তাহার নাম ক্ষুরধান—নাপিতের যন্ত্রাধার। ক্ষুর যেমন সেই ক্ষুরধানের মধ্যে নিবেশিত থাকে, অথবা বিশ্বম্ভর—অগ্নি, জগৎকে ভরণ (পোষণ) করে বলিয়া অগ্নির নাম বিশ্বম্ভর; কুলায় অর্থ—নীড় (বাসস্থান); অর্থাৎ অগ্নি যেরূপ বিশ্বম্ভর-কুলায়ে—কাষ্ঠ প্রভৃতির অভ্যন্তরে প্রবিষ্ট থাকে; তজ্জন্যই কাষ্ঠঘর্ষণ করিলে তন্মধ্য হইতে অগ্নি প্রকাশ পাইয়া থাকে। ক্ষুর যেমন ক্ষুরধানের একাংশে অবস্থান করে, এবং অগ্নি যেমন কাষ্ঠকে সর্ব্বতোভাবে ব্যাপিয়া তন্মধ্যে নিহিত থাকে, তেমনি আত্মাও এই দেহকে সামান্য-বিশেষভাবে অর্থাৎ আংশিকভাবে ও সর্ব্বতোভাবে ব্যাপিয়া তন্মধ্যে অবস্থান করে; কিন্তু সেই দেহমধ্যে শ্বাস—প্রাণব্যাপার ও দর্শনাদি ক্রিয়ার সহযোগেই আত্মার উপলব্ধি হইয়া

থাকে ; এই জন্যই সেই দেহমধ্যে প্রবিষ্ট প্রাণনাদি-ক্রিয়াবিশিষ্ট সেই আত্মাকে দর্শন করিতে পায় না । ১৩

ভাল, এখানে যখন দর্শনের কোন প্রসঙ্গই নাই, তখন 'তাহাকে দর্শন করে না' এই কথাটা ত অপ্রাপ্তপ্রতিষেধ হইল, অর্থাৎ যাহার প্রাপ্তি সম্ভাবনা ছিল না, তাহারই নিষেধ করা হইল ? না, ইহা দোষাবহ হয় না ; কেন না, সৃষ্টি-প্রভৃতি-প্রতিপাদক বাক্যগুলির প্রধান প্রতিপাদ্য বিষয় হইতেছে—আত্মৈকত্বজ্ঞান সমুৎপাদন করা ; সুতরাং আত্মদর্শন এখানে অপ্রাসঙ্গিক নহে ; এই জন্যই মন্ত্রেতে আছে—'তিনি প্রত্যেক বস্তুতে প্রবিষ্ট হইয়া তত্তদ্রূপে প্রকাশ পাইয়াছিলেন ; লোকের বুদ্ধিগম্য হইবার জন্যই ইহার সেই রূপটি অভিব্যক্ত হইয়াছে' ইত্যাদি। কেন যে, প্রাণনাদি ক্রিয়াসহযোগে আত্মারই দর্শন হয়, তাহার কারণ প্রদর্শন করিতেছেন—যে হেতু, প্রাণনাদি ক্রিয়াবিশিষ্ট সেই আত্মা অকৃৎস্ন—সমস্ত নয়, [সেই হেতুই অসম্যক্‌বুদ্ধির বিষয় হইয়া থাকে] । প্রাণনাদিবিশিষ্ট আত্মা যে, অসম্পূর্ণ কেন, তাহাও বলিতেছেন—আত্মা কেবল প্রাণন অর্থাৎ শ্বাস-প্রশ্বাসাদি ক্রিয়া করে বলিয়াই প্রাণ-নামে অভিহিত হইয়া থাকে । [বুঝিতে হইবে যে,] শুধু প্রাণধারণ কার্য্যের কর্ত্তা বলিয়াই অর্থাৎ আত্মা প্রাণন করে বলিয়াই প্রাণ-নামে অভিহিত হয়, কিন্তু অন্য ক্রিয়ার কর্ত্তৃত্বনিবন্ধন নহে । যেমন, যে ব্যক্তি ছেদন করে, তাহাকে 'লাবক' (ছেদক) বলে, আর যে লোক পাক করে, তাহাকে 'পাচক' বলে ; ইহাও তদ্রূপ । অতএব অপরাপর ক্রিয়ার কর্ত্তৃরূপে আত্মার অনুভূতি হয় না বলিয়াই ঐরূপ আত্মা অকৃৎস্ন বা অসম্পূর্ণ । ১৪

সেইরূপ বদন-ক্রিয়া করে বলিয়া—বাক্যোচ্চারণ করে বলিয়া বাক্ ; দর্শন করে বলিয়া চক্ষুঃ ; চক্ষুঃ অর্থ দর্শনকারী—দ্রষ্টা ; 'শৃণ্বন্'—শ্রবণ করে বলিয়া শ্রোত্র । "প্রাণন্ এব প্রাণঃ," আর "বদন্ বাক্" এই দুই কথায় আত্মাতে ক্রিয়া-শক্তির অভিব্যক্তি জ্ঞাপিত হইল । আর "পশ্যন্ চক্ষুঃ," ও "শৃণ্বন্ শ্রোত্রং" এই দুইটি কথায় জ্ঞানশক্তির আবির্ভাব প্রদর্শন করা হইল ; কেন না, নাম ও রূপ, এই দুইটাই জ্ঞানশক্তির বিষয় বা গ্রহণীয় । শ্রবণেন্দ্রিয় ও চক্ষু হইতেছে—বিজ্ঞানোৎপাদনের উপায়, আর বিজ্ঞান হইতেছে নাম ও রূপের সাধন অর্থাৎ শ্রোত্র ও চক্ষুরিন্দ্রিয়ের সাহায্যে প্রথমে অনুভবাত্মক জ্ঞান জন্মে, তাহার পর সেই বিজ্ঞানই আবার নাম ও রূপ, এই দুইটা বিষয় গ্রহণ করে । জগতে নাম ও রূপ ভিন্ন আর কিছু জ্ঞাতব্য পদার্থ নাই । সেই দুইটা বিষয় অনুভব করিতে হইলে চক্ষুঃ ও কর্ণ ভিন্ন আর কোনও সাধন বা উপায় নাই ; কাজেই চক্ষুঃ ও কর্ণকে

নাম-রূপবোধের সাধন বলা হইতেছে। তাহার পর, ক্রিয়ামাত্রই নাম-রূপের সাহায্যে নিষ্পাদিত হয়, এবং প্রাণই সেই ক্রিয়ার আশ্রয়। সেই প্রাণাশ্রিত ক্রিয়ার অভিব্যক্তিতেও (প্রকাশনেও) বাগিন্দ্রিয়ই কারণ ; হস্ত, পদ, পায়ু (মলদ্বার) ও উপস্থ (জননেন্দ্রিয়) সম্বন্ধেও এইরূপ নিয়ম ; কেবল উপলক্ষণার্থ অর্থাৎ উদাহরণস্বরূপে বাগিন্দ্রিয়ের উল্লেখ করা হইয়াছে মাত্র। ইহাই যে ব্যাকৃত সমষ্টি বা সৃষ্টিসমষ্টি, তাহা 'ত্রয়ং বা ইদং নাম রূপং কর্ম্ম' এই শ্রুতিতেও বলিবেন। এইরূপ 'মন্বানঃ'—মনন করে—ভালমন্দ চিন্তা করে বলিয়া 'মনঃ' নামে অভিহিত হয়। যাহা দ্বারা মনন করা হয়, এইরূপ অর্থানুসারে সর্ব্ববিধ জ্ঞানসাধন অন্তঃকরণকেও 'মনঃ' বলা হইয়া থাকে ; কিন্তু পুরুষ সেরূপ অর্থে 'মনঃ' শব্দবাচ্য নহে, পরন্তু তিনি নিজে মনন-কার্য্যের কর্ত্তা বলিয়া 'মনঃ' শব্দে অভিহিত হইয়া থাকেন। ১৫

[এই যে সমস্ত নাম উল্লিখিত হইল,] সেই প্রাণাদি সমস্ত নামই এই আত্মার কর্ম্ম-নাম, অর্থাৎ নিশ্চয়ই কর্ম্মানুযায়ী নাম, কিন্তু কোনটাই প্রকৃত শুদ্ধ আত্ম-বস্তুর বোধক নহে। আত্মা যথোক্তপ্রকার প্রাণনাদি ক্রিয়া ও ক্রিয়াজনিত প্রাণাদি নাম এবং তদনুরূপ রূপে অভিব্যক্ত হইলেও—সূচিত হইলেও, ঐ সমস্ত নাম দ্বারা প্রকৃত আত্মবস্তুর যথাযথ স্বরূপটি প্রকাশ পায় না। অতএব, যে লোক উক্ত প্রাণনাদি ক্রিয়াসমষ্টিরূপে গ্রহণ না করিয়া একএকটিকে—শুধু প্রাণ বা চক্ষু ইত্যাদি এক এক অংশ বিশিষ্টকেই 'ইহাই আত্মা' বলিয়া মনে মনে উপাসনা করে—চিন্তা করে, কিন্তু সমস্ত ক্রিয়াবিশিষ্টের অনুসন্ধান করে না, বস্তুতঃ সে লোক ব্রহ্মকে জানে না। কারণ? যেহেতু ঐরূপ এক একটি মাত্র গুণযুক্ত আত্মা অকৃৎস্ন অর্থাৎ উক্ত প্রাণনাদি ক্রিয়াসমষ্টি হইতে পৃথগ্‌ভূত—এক একটিমাত্র গুণে বিশেষিত আত্মা পূর্ণ আত্মা নহে ; কারণ, অপর ক্রিয়াসমুদয়ের চিন্তা না থাকায় উহা আত্মার সম্পূর্ণ স্বরূপ হইতে পারে না। অভিপ্রায় এই যে, উপাসক যে পর্য্যন্ত এইরূপ—'দর্শনকর্ত্তা, শ্রবণকর্ত্তা ও স্পর্শকর্ত্তা' ইত্যাদি প্রকার স্বভাবসিদ্ধ বৃত্তি বা ক্রিয়াবিশিষ্টরূপে চিন্তা করেন, তিনি সে পর্য্যন্ত ঠিক যথার্থরূপে সম্পূর্ণ আত্মাকে জানিতে পারে না। ১৬

ভাল, কিরূপে দর্শন করিলে আত্মাকে যথার্থরূপে জানিতে পারে? তদুত্তরে বলিতেছেন—'আত্মা'-রূপে [অর্থাৎ ব্যাপকরূপে দর্শন করিলেই জানিতে পারে]। ইতঃপূর্ব্বে যাহার সম্বন্ধে প্রাণাদি যে সমস্ত বিশেষণ বা কর্ম্মনাম উক্ত হইয়াছে, তিনিই সেই সমস্ত বিশেষণের ব্যাপক বলিয়া এখানে 'আত্মা' নামে অভিহিত

হইতেছেন (১)। সেই আত্মা সমস্ত বিশেষণব্যাপী বলিয়া কৃৎস্ন—পূর্ণ। কেন না, তিনি স্বীয় স্বভাববলেই প্রাণাদি বিশেষ বিশেষ উপাধির ক্রিয়াজনিত সমস্ত বিশেষণ বা বিশেষ বিশেষ অবস্থাগুলিকে ব্যাপিয়া রহিয়াছেন; [কাজেই তিনি কৃৎস্ন বা পূর্ণ]। ইতঃপর 'যেন ধ্যানই করেন, যেন স্পন্দনই করেন' ইত্যাদি বাক্যেও এই কথাই বলা হইবে। অতএব, তাঁহাকে আত্মারূপেই উপাসনা করিবে; ঐরূপ উপাসনা করিলেই যথার্থরূপে সম্পূর্ণ আত্মাকে গ্রহণ করা হইয়া থাকে। আশঙ্কা হইতে পারে যে, ঐরূপ চিন্তা করিলেই আত্মার পূর্ণভাব গ্রহণ করা হয় কেন? সেই আশঙ্কা অপনয়নের নিমিত্ত বলিতেছেন—যেহেতু, সর্ব্বোপাধিবর্জ্জিত শুদ্ধ বস্তুভূত এই আত্মাতে—জলে প্রতিফলিত সূর্য্যবিম্বসমূহ যেরূপ সূর্য্যে মিশিয়া এক হয়, তদ্রূপ প্রাণাদি-উপাধিজনিত কর্ম্মজ প্রাণাদি-নাম-বাচ্য যে সমস্ত বিশেষ বা ভেদসমূহ পূর্ব্বে কথিত হইয়াছে, সে সমস্তই এক হইয়া যায়, অর্থাৎ আত্মার সহিত অভিন্নভাব প্রাপ্ত হয়। ১৭

[লোকে যখন আপন ইচ্ছামত 'আত্মারূপে' আত্মার উপাসনা করিতে পারে, তখন আত্মোপাসনারও] পাক্ষিক প্রাপ্তির সম্ভাবনা আছে, অতএব 'আত্মা ইত্যেব উপাসীত' এই বাক্যোক্ত উপাসনাবিধিটি 'অপূর্ব্ববিধি' হইতে পারে না, অর্থাৎ ইহা লোকের সম্পূর্ণ অবিজ্ঞাত বিষয়ের উপদেশক বিধি হইতে পারে না। 'যাহা সাক্ষাৎ প্রত্যক্ষস্বরূপ' 'কোনটি আত্মা? না, এই যাহা বিজ্ঞানময়', আত্মপ্রতি-পাদক এই সমস্ত শ্রুতিতেই আত্মবিষয়ে বিজ্ঞানোপদেশ রহিয়াছে; সুতরাং আত্মার প্রকৃত স্বরূপ বিজ্ঞাত হইলে, সেই বিজ্ঞান দ্বারাই ত অনাত্মাভিমান এবং কারক ও ক্রিয়াফলারোপাত্মক অবিদ্যাও অপনীত হইয়া যাইতে পারে। অবিদ্যা-নিবৃত্তি হইলে আত্মাতে আর কামাদি দোষেরও উৎপত্তি-সম্ভাবনা থাকে না; সুতরাং কামাদি দোষ নিবৃত্তি হইয়া গেলে অনাত্মবিষয়ক চিন্তাও আর আসিতে

(১) তাৎপর্য্য—'আত্মা' শব্দটি 'অত্' ধাতু হইতে 'মন্' প্রত্যয় যোগে নিষ্পন্ন হইয়াছে। 'অত্' ধাতুর অর্থ—সতত গমন বা সর্ব্বব্যাপিত্ব; সুতরাং 'আত্মা' শব্দের যৌগিক অর্থ হইতেছে—যিনি সর্ব্বগত বা সর্ব্বব্যাপী, তিনিই আত্মা। এইরূপ যোগার্থকে লক্ষ্য করিয়াই ভাষ্যকার বলিয়াছেন যে, 'প্রাণ', 'বাক্' ও 'শ্রোত্র' প্রভৃতি এক একটি কর্ম্ম-নামে আত্মার যেসমস্ত আংশিক ভাব প্রকটিত হয়, এক আত্মারূপে সেই সমস্ত ঔপাধিক বিশেষ বিশেষ অবস্থাগুলি আত্মার ক্রোড়ীকৃত হয়। এই জন্য এক একটি বিশেষ ভাব ধরিয়া উপাসনা করিলে আত্মার ঠিক সম্পূর্ণভাব গ্রহণ করা হয় না; পরন্তু 'আত্মা' বলিয়া উপাসনা করিলেই ঐ সমস্ত ক্ষুদ্র ভাবগুলি গ্রহণ করা হয়; কারণ, আত্মা ত ঐ সমস্ত ভাবেরই সমষ্টিবিশিষ্ট।

পারে না; কাজেই অবশিষ্ট আত্মবিষয়ক চিন্তাই পাওয়া যায়। অতএব, এই মতে আত্মোপাসনার জন্য আর বিধির আবশ্যক হইতে পারে না; কারণ, উহা প্রমাণান্তর দ্বারাই প্রাপ্ত হওয়া গিয়াছে; [অথচ অপ্রাপ্ত বিষয় ভিন্ন, প্রাপ্তবিষয়ে কখনই অপূর্ব্ববিধি হইতে পারে না] (২)। ১৮

[অপূর্ব্ববিধিবাদী পুনশ্চ আশঙ্কা করিয়া বলিতেছেন]—থাকুক,—আত্মোপাসনার প্রাপ্তি পাক্ষিক বা নিত্য, এ কথা রাখিয়া দাও। এটি কিন্তু অপূর্ব্ববিধিই হওয়া উচিত; কারণ, জ্ঞান ও উপাসনা যখন একই বস্তু, তখন উহা নিশ্চয়ই অপ্রাপ্ত; বিশেষতঃ "ন স বেদ" (সে লোক জানে না), এই কথা বলার পর অর্থাৎ 'বেদনে'র প্রসঙ্গে যখন "আত্মা ইত্যেব উপাসীত" (আত্মা বলিয়াই উপাসনা করিবে) বলা হইয়াছে, তখন বেশ বুঝা যাইতেছে যে, 'বেদন' ও 'উপাসনা' শব্দের একই অর্থ। তাহার পর, 'ইহা দ্বারা (আত্মবিজ্ঞান দ্বারা) এই সমস্ত জগৎ জানা যায়,' 'আত্মাকেই জানিয়াছিলেন' ইত্যাদি শ্রুতি হইতেও বিজ্ঞান ও উপাসনার একত্বই প্রতিপন্ন হইতেছে। যথোক্ত বিজ্ঞান যখন অন্য কোনও প্রমাণে প্রাপ্ত হওয়া যায় নাই, তখন তদ্বিষয়ে অবশ্যই বিধি হইতে পারে। [আর [বিধি ব্যতীত] কেবলই বস্তুর স্বরূপ বর্ণনা করিলে, তদ্বিষয়ে কখনই লোকের প্রবৃত্তি জন্মিতে পারে না; অতএব ইহা 'অপূর্ব্ব-বিধি'ই বটে। বিশেষতঃ কর্ম্মবিধির অনুরূপ বলিয়াও [ইহাকে অপূর্ব্ববিধি' বলিতে হইবে]। কারণ, 'যজেত' (যজ্ঞ করিবে), 'জুহুয়াৎ' (হোম করিবে) ইত্যাদি কর্ম্ম-বিধায়ক বাক্যের সঙ্গে আত্মো-

---

(২) তাৎপর্য্য—যাহা দ্বারা লোককে কার্য্যবিশেষে প্রবর্ত্তিত বা নিবর্ত্তিত করা হয়, তাহার নাম 'বিধি'। ইহাই বিধির সামান্য লক্ষণ। বিধি প্রথমতঃ চারি প্রকার—(১) অপূর্ব্ব-বিধি, (২) নিয়মবিধি (৩) পরিসংখ্যাবিধি ও (৪) প্রয়োগবিধি। তন্মধ্যে, অন্য কোন প্রকারে যাহা জানিতে পারা যায় না, এরূপ কোনও নূতন বিষয়ের জ্ঞাপক যে বিধি, তাহার নাম 'অপূর্ব্ববিধি', ইহার নামান্তর উৎপত্তিবিধি। আর যেরূপ কার্য্য লোকের জানা আছে, এবং ইচ্ছা করিলে করিতেও পারে, ইচ্ছা না করিলে নাও করিতে পারে, সেরূপ নিয়মবোধক (অবশ্যকর্ত্তব্যতাজ্ঞাপক) বিধির নাম নিয়ম-বিধি।

যেখানে বিধিবিভক্তি থাকিলেও বিধির প্রাধান্য থাকে না, পরন্তু নিষেধেই তাৎপর্য্য অবধারিত হয়, তাহার নাম পরিসংখ্যা। যেমন "পঞ্চ পঞ্চনখান্ ভুঞ্জীত" অর্থাৎ পঞ্চনখযুক্ত পাঁচপ্রকার প্রাণীকে ভক্ষণ করিবে, এইস্থলে ভক্ষণ না করাই বাক্যের উদ্দেশ্য; যদি ভক্ষণ করিতেই হয়, তবে ঐ পাঁচপ্রকার ভিন্ন কোন প্রাণীকে ভক্ষণ করিবে না।

আর যে বিধিতে কেবল ক্রিয়ানুষ্ঠানের প্রণালীমাত্র কথিত হয়, তাহার নাম প্রয়োগবিধি। মন্ত্রাদির বিনিয়োগ নির্দ্দেশ করাও প্রয়োগবিধির অন্তর্গত।

পাসনা-বিধায়ক "আত্মেত্যেব উপাসীত" "আত্মা বা অরে দ্রষ্টব্যঃ" ইত্যাদি বিধি-গুলির কিছুমাত্র প্রভেদ বুঝা যাইতেছে না ; [অতএব ইহা অপূর্ব্ববিধিই বটে]। ১৯

বিশেষতঃ বিজ্ঞান কথার অর্থ মানস ক্রিয়া, তজ্জন্যও [এখানে অপূর্ব্ববিধিই স্বীকার করিতে হইবে]। যেমন, যে দেবতার উদ্দেশ্যে হবিঃ (যজ্ঞীয় দ্রব্য) গ্রহণ করিতে হয়, বষট্কার করিবার পূর্ব্বেই ('হবিঃ ত্যাগের অগ্রেই) তাহাকে মনে মনে চিন্তা করিবে' ইত্যাদি মানসী ক্রিয়ার (শুধু চিন্তাত্মক ক্রিয়ার) বিধান হইয়া থাকে, তেমনি 'আত্মা-ইত্যেব উপাসীত" "মন্তব্যো নিদিধ্যাসিতব্যঃ" ইত্যাদি স্থলেও জ্ঞানাত্মক ক্রিয়াই বিহিত হইতেছে। আর 'বেদন' ও 'উপাসনা' শব্দের যে, একই অর্থ, তাহা আমরা পূর্ব্বেই প্রতিপাদন করিয়াছি। বিশেষতঃ অপূর্ব্ববিধির অঙ্গস্বরূপ যে, 'ভাবনা' নামক অংশত্রয়, তাহাও এখানে উপপন্ন হইতেছে। দেখ, 'যজেত' (যজ্ঞ করিবে), এই ভাবনা স্থলে (ভাবনা অর্থ—ফলোৎপত্তির অনুকূল ব্যাপারবিশেষ।) যেমন সাধন ও ফলাদি-বিষয়ে আকাঙ্ক্ষার নিবারক—'কিং ? কেন ? ও কথম্ ?' অর্থাৎ কি ফল কি উপায়ে এবং কি প্রকারে উৎপাদন করিবে ? এই তিনটি অংশের প্রতীতি হইয়া থাকে, ঠিক তেমনি "উপাসীত" এই বিধীয়মান 'ভাবনা'তেও কাহার উপাসনা করিবে ? এবং কি প্রকারে করিবে ? এইরূপ আকাঙ্ক্ষা উপস্থিত হইয়া থাকে ; সেই আকাঙ্ক্ষা অপনয়নের নিমিত্তই, 'ব্রহ্মচর্য্য, শম দম, উপরতি ও তিতিক্ষা প্রভৃতি ইতিকর্ত্তব্যতা সমন্বিত' ও 'ত্যাগী হইয়া মনের দ্বারা আত্মার উপাসনা করিবে' ইত্যাদি শাস্ত্রবাক্যে বিধির অপেক্ষিত সেই অংশত্রয় প্রদর্শিত হইতেছে। ২০

[ইহার উদাহরণ রূপে বলা যাইতে পারে যে,] 'দর্শ পূর্ণমাস' যাগের সমস্তটা প্রকরণই যেমন দর্শ-পূর্ণমাস যাগের বিধিকে উদ্দেশ্য করিয়া প্রবৃত্ত হইয়াছে, ঠিক তেমনি উপনিষদের আত্মোপাসনা-প্রকাশক সমস্ত প্রকরণটাই আত্মো-পাসনার বিধিকে উদ্দেশ্য করিয়া প্রবৃত্ত হইয়াছে। আর "নেতি নেতি" (ইহা নহে, ইহা নহে), 'স্থূল নহে' 'নিশ্চয়ই এক ও অদ্বিতীয়' এবং 'তিনি অশনায়াদির অতীত' এই বাক্যগুলিরও কেবল উপাস্য আত্মার স্বরূপ প্রদর্শন করাই প্রধান উদ্দেশ্য ; ইহার ফল অবিদ্যানিবৃত্তি অথবা মুক্তিলাভ। ২১

অপর সকলে আবার বলিয়া থাকেন যে, ['আত্মেত্যেবোপাসীত' এই বাক্যের অর্থ—] উপাসনা দ্বারা আত্মবিষয়ে এক প্রকার স্বতন্ত্র জ্ঞান সমুৎপাদন করিবে। সেই জ্ঞান দ্বারাই আত্মাকে জানা যায়, এবং তাদৃশ জ্ঞানই আত্মবিষয়ক অজ্ঞান বা ভ্রান্তি বিদূরিত করিয়া থাকে ; কিন্তু কেবলই বেদবাক্যলব্ধ আত্মবিষয়ক

জ্ঞান অবিদ্যা-নিবারণে কিংবা আত্মার স্বরূপ-প্রকাশনে কখনই সমর্থ হয় না। এ বিষয়ে বেদবাক্যও আছে—'বিশেষরূপে জানিয়া শেষে প্রজ্ঞা (প্রকৃষ্ট জ্ঞান) লাভ করিবে, আত্মাকে শ্রবণ করিবে, মনন করিবে, এবং নিদিধ্যাসন ('ধ্যান বিশেষ) করিবে, অবশেষে দর্শন করিবে', 'আত্মার অনুসন্ধান করিবে, এবং সেই আত্মাকে জানিতে হইবে' ইত্যাদি। ২১

[পর পর দুইটি মত উল্লেখ করিয়া, সিদ্ধান্তবাদী এখন প্রথম মতটি খণ্ডন করিবার জন্য বলিতেছেন (১)—] না,—স্বতন্ত্র কোনও প্রয়োজন না থাকায় প্রথমোক্ত পক্ষটি সঙ্গত হইতেছে না। "আত্মেত্যেবোপাসীত" এটি কখনই 'অপূর্ব্ববিধি' নহে। কারণ? যেহেতু, আত্মার স্বরূপপ্রকাশক ও অনাত্ম-প্রতিষেধক বাক্য হইতে যাহা অবগত হওয়া যায়, এখানে তদতিরিক্ত এমন কোনও বিষয় পাওয়া যাইতেছে না, যাহা মানস কিংবা বাহ্যরূপে অনুষ্ঠানযোগ্য হইতে পারে। সেখানেই বিধির সার্থকতা হয়, যেখানে বিধিবাক্য শ্রবণের পর, শাব্দজ্ঞান ছাড়া আরও কিছু অনুষ্ঠানযোগ্য প্রতীতিগম্য হয়; যেমন—'স্বর্গাভিলাষী পুরুষ 'দর্শ' ও 'পূর্ণমাস'নামক দুইটি যাগ করিবে', ইত্যাদি স্থলে (২)। সেখানে 'দর্শ' ও 'পূর্ণমাস' যাগের বিধায়ক বাক্য শ্রবণে, যে জ্ঞান উৎপন্ন হয়, শুধু

---

(১) তাৎপর্য্য—"আত্মেত্যেব উপাসীত" বাক্যটি লইয়া প্রথমতঃ দুইটি পক্ষ দাঁড়াইল—এক পক্ষ বলিতেছেন—এটা অপূর্ব্ববিধি, আত্মোপাসনাই তাহার বিধেয়; সুতরাং আত্মার উপাসনায় লোককে প্রবৃত্ত করাই এই বাক্যের উদ্দেশ্য। অপর পক্ষ বলিতেছেন যে, না, "আত্মেত্যেবোপাসীত" বাক্যে আত্মোপাসনার বিধান করা হয় নাই, পরন্তু বাক্যজনিত জ্ঞানের অতিরিক্ত একটি স্বতন্ত্র জ্ঞানের বিধান করা হইয়াছে। অপর অভিপ্রায় এই যে, সাক্ষাৎ শ্রুতি-বাক্য হইতে যে জ্ঞানের উৎপত্তি হয়, তাহা পরোক্ষ—শাব্দ জ্ঞান, তাহা দ্বারা কাহারো প্রবৃত্তি বা নিবৃত্তি হয় না, এবং আত্মারও স্বরূপ-সাক্ষাৎকার হয় না। পরন্তু সেই সমস্ত বাক্যজন্য জ্ঞান হইতে যে স্বতন্ত্র একপ্রকার জ্ঞান উৎপন্ন হয়, তাহাই আত্ম-সাক্ষাৎকারের কারণ এবং সেই জ্ঞানলাভের জন্যই এখানে অপূর্ব্ববিধির আবশ্যকতা হইতেছে। এ পক্ষের অনুকূলে প্রমাণ এই যে, "বিজ্ঞায় প্রজ্ঞাং কুর্ব্বীত" প্রভৃতি শ্রুতিবাক্যে 'বিজ্ঞায়' শব্দে শব্দজ্ঞানের কথা বলিয়া পুনশ্চ 'প্রজ্ঞাং' কথায় প্রকৃত জ্ঞানলাভের উপদেশ করা হইয়াছে।

(২) তাৎপর্য্য—বিধিবাক্যের বিশেষত্ব এই যে, বিধিবাক্য শ্রবণের পর শব্দশাস্ত্রের নিয়মানুসারে প্রথমে শ্রোতার হৃদয়ে একটি শাব্দ জ্ঞান (বাক্যার্থ জ্ঞান) উৎপন্ন হয়, তাহার পর সেই বিধিবাক্যটি যে কার্য্যের উপদেশ দিতেছে, সেই বিষয়ে নিজের অধিকার আছে কি না, ইত্যাদি বিষয়ে বিচার উপস্থিত হয়; যদি বুঝিতে পারে যে, অধিকার আছে, তবে বিহিত কার্য্যের অনুষ্ঠানে প্রবৃত্ত হয়, আর অধিকার না থাকিলে, তদনুষ্ঠানে প্রবৃত্ত হয় না। অতএব

সেই জ্ঞানমাত্রই দর্শ-পূর্ণমাস যাগের অনুষ্ঠান নহে, অর্থাৎ কেবল ঐ বিধিবাক্য জানিলেই যে, দর্শপূর্ণমাস-যাগের ফললাভ হয়, তাহা নহে, পরন্তু উহার ফল অনুষ্ঠান-সাপেক্ষ; সেই অনুষ্ঠানও আবার শ্রোতার অধিকারাদি-সাপেক্ষ। আত্মার স্বরূপ-প্রতিপাদক "নেতি নেতি" ইত্যাদি বাক্য শ্রবণে যে জ্ঞান সমুৎপন্ন হইয়া থাকে, সেই জ্ঞানভিন্ন সেখানে 'দর্শপূর্ণমাসাদি' যাগের ন্যায় আর কিছুই কর্ত্তব্য আছে বলিয়া প্রতীতি হয় না; কেন না, আত্মার স্বরূপ-প্রকাশক বাক্যলব্ধ জ্ঞানের ইহাই স্বভাব যে, সে পুরুষকে সর্ব্ববিধ কর্ত্তব্যাধিকার হইতে নিবৃত্ত করিয়া দেয়। আর বিধি-নিষেধরহিত (উদাসীন) বাক্য হইতে কখনই লোকের প্রবৃত্তি বা চেষ্টা জন্মিতে পারে না। বিশেষতঃ অব্রহ্মভাব ও অনাত্ম-বুদ্ধি বিদূরিত করাই "তৎ ত্বমসি" "একমেব অদ্বিতীয়ম্" প্রভৃতি বাক্যগুলির একমাত্র উদ্দেশ্য; অথচ তাদৃশ অজ্ঞান বা ভ্রান্তিজ্ঞান অপনীত হইলে পর, কখনই লোকের কর্ত্তব্য-চেষ্টা জন্মিতে পারে না; কারণ, উহারা পরস্পর-বিরুদ্ধ স্বভাবাপন্ন; [কাজেই অবিদ্যানিবৃত্তির পর আর লোকের চেষ্টা আসিতে পারে না]। ২৩

যদি বল, কেবল বাক্যজনিত জ্ঞানেই অব্রহ্মভাব ও অনাত্মবুদ্ধি কখনই অপনীত হইতে পারে না। [তদুত্তরে বলি যে,] না, সে কথাও বলা চলে না; কারণ, 'তৎ ত্বম্ অসি' (তুমি তৎস্বরূপ), "নেতি নেতি" (ইহা নহে—ইহা নহে), "আত্মৈব ইদম্" (এ সমস্তই আত্মস্বরূপ), "একমেব অদ্বিতীয়ম্" (নিশ্চয়ই এক ও অদ্বিতীয়), "ব্রহ্ম বৈ ইদমমৃতং পুরস্তাৎ" (অগ্রে এই জগৎ অমৃত ব্রহ্মস্বরূপ ছিল), "নান্যদতোঽস্তি দ্রষ্টৃ" (এতদতিরিক্ত আর কেহ দ্রষ্টা নাই), "তদেব ব্রহ্ম ত্বং বিদ্ধি" (তুমি তাহাকেই ব্রহ্ম বলিয়া জানিবে), ইত্যাদি শ্রুতিবাক্যই সে কথা বলিয়া দিতেছেন। যদি বল, এ সমস্ত বাক্যই "দ্রষ্টব্যঃ" এই দৃষ্টিবিধির বিষয়-সমর্পক, অর্থাৎ দর্শনের কর্ম্মপদার্থ নির্দ্দেশক; [তদুত্তরে বলি যে,] না, তাহাও বলিতে পার না; কারণ, পূর্ব্বেই বলিয়াছি যে, 'দ্রষ্টব্য' বাক্যে বিধি-কল্পনার স্বতন্ত্র কোনও প্রয়োজন নাই; কেন না, আত্মার স্বরূপজ্ঞাপক 'তৎ ত্বমসি'

বিধিবাক্য স্থলে কেবল বাক্যার্থ জ্ঞানেই শেষ হয় না, তদনুরূপ ক্রিয়ানুষ্ঠানও শ্রোতার আবশ্যক হয়; কিন্তু যেখানে সেরূপ কোনও কর্ত্তব্যের উপদেশ নাই, কেবল বাক্যার্থ জ্ঞানেই বাক্যের পরিসমাপ্তি হয়, সেখানে বিধিপ্রত্যয় (লিঙ্) থাকিলেও বিধি কল্পনা করা যাইতে পারে না। দর্শ ও পূর্ণমাস প্রভৃতি যাগের বিধিবাক্য দেখিলেই এ বিষয়টি আরও সুস্পষ্ট হইতে পারে।

প্রভৃতি বাক্য হইতে যখন বাক্যশ্রবণের সঙ্গেসঙ্গেই আত্মবিষয়ে সাক্ষাৎকার সম্পন্ন হইয়া যায়, তখন 'দ্রষ্টব্য' বিধি অনুসারে ত আর কিছুই অনুষ্ঠেয় অবশিষ্ট থাকে না; এই উত্তর পূর্ব্বেই প্রদত্ত হইয়াছে; [সুতরাং এখানে আর অধিক কথা বলা অনাবশ্যক] ॥ ২৪

যদি বল, বিধি ব্যতীত শুদ্ধ আত্মার স্বরূপমাত্র বর্ণনা করিলে তদ্বিষয়ে কখনই লোকের প্রবৃত্তি হইতে পারে না; [অতএব বিধির আবশ্যক হইতেছে]; না, এ কথাও বলা যায় না; কারণ, আত্মার স্বরূপ-প্রকাশক বাক্য-শ্রবণেই যখন আত্মার সম্বন্ধে যথার্থ জ্ঞান সমুৎপন্ন হইতে পারে, তখন বল দেখি, কৃত বিষয়ের পুনর্ব্বার করণ (অনুষ্ঠান) হইতে পারে কি প্রকারে? যদি বল, শুধু আত্মার স্বরূপ-প্রকাশক বাক্য শ্রবণ করিলেও তদ্বিষয়ে লোকের প্রবৃত্তি হইতে পারে না; [সুতরাং লোকপ্রবৃত্তির জন্য বিধির আবশ্যক; না, তাহাও বলিতে পার না; কারণ, তাহা হইলে অনবস্থাদোষ উপস্থিত হয়; আত্মবোধক বাক্য শ্রবণেও যেমন বিধির অভাবে তদ্বিষয়ে লোকের প্রবৃত্তি হইতে পারে না, তেমনি স্বতন্ত্র বিধি না থাকিলে বিধিবাক্য শ্রবণেও লোকের প্রবৃত্তি হইতে পারে না; কাজেই তাহার জন্যই আবার পৃথক্ বিধির আবশ্যক; এইরূপ সেই বিধিবাক্যার্থ শ্রবণেও [স্বতন্ত্র বিধিকল্পনার আবশ্যক হয়], এইরূপে অনবস্থাদোষ উপস্থিত হইতে পারে ॥ ২৫

যদি বল, বাক্যার্থ-ভাবনা-জনিত যে স্মৃতিধারা অর্থাৎ উপাসনাত্মক জ্ঞান, তাহা বাক্যশ্রবণজাত জ্ঞান হইলেও বিধির আবশ্যক হয় না; কারণ, আত্মার স্বরূপ-প্রতিপাদক বাক্যশ্রবণে যেই মুহূর্ত্তে আত্ম-বিষয়ে জ্ঞান সমুৎপন্ন হয়, উক্ত জ্ঞানটি ঠিক সেই মুহূর্ত্তেই আত্মবিষয়ক অজ্ঞান বিনষ্ট করিয়াই সমুৎপন্ন হয়; সুতরাং আত্মবিষয়ক মিথ্যাজ্ঞান বিনষ্ট হইয়া গেলে পর, বিভিন্নাকার অনাত্ম-বস্তুবিষয়ে জীবের স্বভাবসিদ্ধ যে অজ্ঞানমূলক স্মরণাত্মক জ্ঞান, তাহারও আর উৎপত্তি সম্ভবপর হয় না। অনর্থত্বজ্ঞানও ঐরূপ স্মৃতি-সমুৎপত্তির প্রতিবন্ধক; কেন না, আত্ম-তত্ত্ব বুঝিতে পারিলে অনাত্মবস্তুমাত্রই অনর্থ (জীবের অপ্রার্থনীয়—দুঃখকর) বলিয়া বোধ হইতে থাকে। কারণ, অনাত্ম বস্তুমাত্রই অনিত্য, অশুচি ও দুঃখাদি বহুতর দোষের আকর; পক্ষান্তরে, আত্মা উহার সম্পূর্ণ বিপরীত; কাজেই আত্মজ্ঞান উদিত হইলে, পূর্ব্বানুভূত অনাত্মবস্তুগুলি আর স্মৃতিপথে উদিত হইতে পারে না; সুতরাং তখন তাহার পক্ষে কেবল অবশিষ্ট আত্মবিষয়ে স্মৃতিধারার উদয়ই স্বাভাবিক; তজ্জন্য আর বিধিকল্পনার আবশ্যক হয় না। বিশে-

যতঃ শোক-মোহাদি দোষনিচয় স্বতই ভ্রান্তিজ্ঞানপ্রসূত; আর আত্ম-বিষয়ক স্মৃতিধারা হইতেছে সেই শোক, মোহ, ভয়, শ্রম ও দুঃখাদি সমস্ত দোষের নিবর্ত্তক। দেখ, শ্রুতিও সে কথা বলিতেছেন—'আত্মদর্শন হইলে পর, তাহার আর শোকই বা কি, আর মোহই বা কি?' আত্মজ্ঞ পুরুষ কোথা হইতেও ভীত হন না', 'হে জনক, তুমি অভয় (ব্রহ্ম) লাভ করিয়াছ', 'হৃদয়ের গ্রন্থি—কামরাগাদি-দোষ নষ্ট হইয়া যায়' ইত্যাদি। ২৬

ভাল, তাহা হইলেও, নিরোধ ত ইহা হইতে অতিরিক্তই বটে,—অর্থাৎ চিত্তের বৃত্তিনিরোধ যখন বেদবাক্যজনিত আত্ম-বিজ্ঞান হইতে পৃথক্ পদার্থ, এবং অপরাপর শাস্ত্রেও যখন উহার কর্ত্তব্যতা বিজ্ঞাপিত আছে, তখন উহার জন্য ত বিধির আবশ্যক হয়? না, এ কথাও সঙ্গত হয় না; কারণ, চিত্তবৃত্তি-নিরোধের মোক্ষসাধনত্ব বোঝা যায় না; কেন না, বেদান্তশাস্ত্রে একমাত্র ব্রহ্মাত্ম-জ্ঞান ভিন্ন আর কিছু যে, পরমপুরুষার্থ—মোক্ষের সাধন আছে বা থাকিতে পারে, তাহা ত দেখা যায় না; কেন না, 'আত্মাকেই অবগত হইয়াছিলেন, 'তাহাতেই সর্ব্বাত্মভাব প্রাপ্ত হইয়াছিলেন' 'ব্রহ্মবিৎ পুরুষ ব্রহ্মকে প্রাপ্ত হন' 'সেই যে কেহ পরব্রহ্মকে জানেন, তিনিও ব্রহ্মই হন', 'উপযুক্ত আচার্য্যবান্ পুরুষই জ্ঞানলাভ করেন,' 'তাহার সেই পরিমাণই বিলম্ব' 'যিনি এই তত্ত্ব জানেন, তিনিও অভয় ব্রহ্মস্বরূপ হন' ইত্যাদি শত শত শ্রুতি হইতে এ কথা জানা যাইতেছে। চিত্তবৃত্তি-নিরোধের অনন্যসাধনত্বও ইহার অপর হেতু,—আত্মজ্ঞান ও তদ্বিষয়ক স্মৃতিধারা (চিন্তাপ্রবাহ) ব্যতীত, চিত্তবৃত্তি-নিরোধের যে, অপর কোনও উপায় আছে, তাহাও নহে; (পরন্তু উহাই চিত্তবৃত্তি-নিরোধের একমাত্র উপায়)। আর চিত্তবৃত্তিনিরোধের যে, মোক্ষসাধনতা বলা হইয়াছে, তাহাও কেবল অভ্যুপগম বা স্বীকার করিয়া লওয়া হইয়াছে মাত্র; প্রকৃতপক্ষে কিন্তু একমাত্র ব্রহ্মজ্ঞান ব্যতীত আর কিছুই মোক্ষসাধন আছে বলিয়া স্বীকৃত হয় না। ২৭

বিশেষতঃ আকাঙ্ক্ষা না থাকাতেও এখানে 'ভাবনা' বা বিধিকল্পনা সম্ভব হইতে পারে না। পূর্ব্বে যে, বলা হইয়াছে,—"যজেত" ইত্যাদি ক্রিয়াবিধিস্থলে যেরূপ 'কি, কিসের দ্বারা? এবং কি প্রকারে? এই তিনটি বিষয় জানিতে ইচ্ছা হয় বলিয়া, ফল, ফল-সাধন (যাহা দ্বারা ফল লাভ হয়) ও তাহার অনুষ্ঠানপ্রণালীর নির্দ্দেশ দ্বারা সেই আকাঙ্ক্ষার অপনয়ন করা হইয়া থাকে, তেমনি এখানে এই আত্মবিষয়ক বিজ্ঞানবিধিতেও ঐ সমস্ত নিয়মই উপপন্ন হইতে পারে। না,—সে কথাও সঙ্গত হয় না; কেন না, 'তিনি নিশ্চয়ই এক অদ্বিতীয়' 'তুমি

তৎস্বরূপ' 'ইহা নয়—ইহা নয়' 'তিনি বাহ্যাভ্যন্তরবর্জ্জিত' 'এই আত্মা ব্রহ্ম' ইত্যাদি বাক্যার্থবোধের সমকালেই সর্ব্ববিষয়ে আকাঙ্ক্ষা নিবৃত্ত হইয়া যায়। আর এ কথাও বলিতে পারা যায় না যে, বিধি দ্বারা প্রেরিত (নিয়োজিত) হইয়াই লোকে বাক্যার্থশ্রবণে প্রবৃত্ত হইয়া থাকে; কারণ, তাহা হইলে বিধির জন্যও আবার অপর বিধির আবশ্যক হইয়া পড়ে; সুতরাং এইরূপে যে অনবস্থা-দোষ উপস্থিত হয়; এ কথা আমরা পূর্ব্বেই বলিয়াছি। আর "একম্ এব অদ্বিতীয়ম্" প্রভৃতি বাক্যে যে, কোন বিধি পাওয়া যাইতেছে, তাহাও নয়; কারণ, ঐ সমস্ত বাক্য কেবল আত্মবস্তুর স্বরূপমাত্র নির্দ্দেশ করিয়াই ক্ষান্ত হইয়াছে। ২৮

ভাল, ঐ সমস্ত বাক্য যদি কেবলই বস্তুর স্বরূপমাত্র-প্রকাশক হয়, তাহা হইলে ত ঐ সমস্ত বাক্যের প্রামাণ্যই থাকিতে পারে না, আর যদি এরূপ বাক্যেরও প্রমাণ্য হয়, তাহা হইলে, 'তিনি (অগ্নি) রোদন করিয়াছিলেন; তিনি, যে রোদন করিয়াছিলেন, তাহাই রুদ্রের রুদ্রত্ব অর্থাৎ রুদ্রসংজ্ঞার কারণ' ইত্যাদি স্থলে যেমন শুধু বস্তু-স্বরূপমাত্র কথিত হওয়ায় বাক্যের অপ্রামাণ্য হইয়াছে, তেমনি আত্মস্বরূপপ্রকাশক বাক্যগুলিরও অপ্রামাণ্য হইতে পারে? এ কথা যদি বল, তদুত্তরে আমরা বলি যে, না,—অপ্রামাণ্য হইতে পারে না; কারণ, উভয়ের মধ্যে বৈলক্ষণ্য আছে। অভিপ্রায় এই যে, বস্তুর স্বরূপকথন কিংবা ক্রিয়া-কথন কখনই বাক্যের প্রামাণ্য বা অপ্রামাণ্যের কারণ নহে; তবে কি? না, নিশ্চিতফলক বিজ্ঞানোৎপাদকত্বই [বাক্য প্রামাণ্যের কারণ।] যে বাক্য তাদৃশ জ্ঞান জন্মায়, তাহা প্রমাণ, আর যে বাক্য তাহা জন্মায় না, তাহাই অপ্রমাণ। ২৯

অপিচ, মহাশয়, তোমাকে জিজ্ঞাসা করিতেছি যে, যে সমস্ত বাক্যে আত্মার স্বরূপ বর্ণিত আছে, সেই সমস্ত বাক্যে নিশ্চয়াত্মক সফল জ্ঞান সমুৎপন্ন হয় কি না? যদি সফল জ্ঞান সমুৎপন্ন হয়, তাহা হইলে ঐ বাক্যের অপ্রামাণ্য হইবে কেন? আর ঐ সমস্ত বাক্যজাত বিজ্ঞান হইতে যে, সংসারের বীজভূত শোক, মোহ ও ভয় প্রভৃতি দোষনিবৃত্তিরূপ ফল সমুৎপন্ন হইয়া থাকে, তাহা কি দেখিতেছ না? এবং 'তখন আত্মৈকত্বদর্শীর শোকই বা কি, আর মোহই বা কি?' 'হে ভগবন্, আমি কেবল মন্ত্রতত্ত্বই জানি, কিন্তু আত্মতত্ত্ব জানি না, সেই আত্মজ্ঞানবিহীন আমি দুঃখ ভোগ করিতেছি। সেই আমাকে আপনি শোকের পরপারে উত্তীর্ণ করুন' এই জাতীয় শত শত শ্রুতিবাক্যও কি শুনিতেছ না? [এখন জিজ্ঞাসা করি—] "সোঽরোদীৎ"

ইত্যাদি বাক্যে এবংবিধ সফল বিজ্ঞান আছে কি? যদি না থাকে, তবে অপ্রামাণ্য হউক; ঐ জাতীয় বাক্যের অপ্রামাণ্য হইলেও, যে সকল বাক্য সফল ও অসন্দিগ্ধ বিজ্ঞান সমুৎপাদন করিতেছে, সে সকল বাক্যের অপ্রামাণ্য হইবে কেন? আর যদি সফল ও অসন্দিগ্ধ জ্ঞানোৎপাদক ঐ সমস্ত বাক্যেরও অপ্রামাণ্য হয়, তাহা হইলে দর্শ-পূর্ণমাসাদি-বিধায়ক বাক্যের উপরই বা প্রামাণ্যের বিশ্বাস কি?। ৩০

যদি বল, দর্শ-পূর্ণমাসাদি-বিধায়ক বাক্যগুলি লোকের ক্রিয়াপ্রবৃত্তির অনুকূল জ্ঞান জন্মায়, এইজন্য প্রমাণ, কিন্তু আত্মবিজ্ঞাননিরূপক বাক্যে লোকের প্রবৃত্তি-জনক কোন জ্ঞানের উপদেশ করে না, এই কারণে অপ্রমাণ; হাঁ, এ কথা সত্য; কিন্তু তথাপি উক্ত দোষ এখানে হইতেছে না; কারণ, এখানে প্রামাণ্যের কারণই বিদ্যমান রহিয়াছে। প্রামাণ্যের কারণ, পূর্ব্বে যাহা নির্দ্দেশ করা হইয়াছে, এখানেও তাহাই, তদতিরিক্ত আর কিছুই নহে; [সুতরাং যখন নিশ্চয়াত্মক জ্ঞান জন্মাই-তেছে, এবং তাহার ফলও যখন বিদ্যমান রহিয়াছে, তখন অপ্রামাণ্য হইবে কেন?] বিশেষতঃ আত্ম-প্রতিপাদক বাক্যগুলি যে, সর্ব্ববিধ প্রবৃত্তির বীজভূত অবিদ্যার নিবৃত্তিক্ষম জ্ঞানমাত্র সমুৎপাদন করে, ইহা ত সে সমস্ত বাক্যের অলঙ্কারস্বরূপ; সুতরাং কখনই অপ্রামাণ্যের কারণ হইতে পারে না। ৩১

[এখন দ্বিতীয় বাদীর মত খণ্ডন করিতেছেন—] আরও যে বলা হইয়াছে— "বিজ্ঞায় প্রজ্ঞাং কুর্বীত" ইত্যাদি বাক্যের কেবল শব্দার্থজ্ঞানই অর্থ নহে, পরন্তু উপাসনা-প্রতিপাদনও উহাদের আর একটি অর্থ। সে কথা সত্য; কিন্তু তাহা হইলেও [বাদীর অভিপ্রেত] অপূর্ব্ববিধি উহার অর্থ নহে; পরন্তু পক্ষে প্রাপ্ত বলিয়া বরং নিয়মার্থতাই (নিয়মবিধি) হইতে পারে, অর্থাৎ "আত্মেত্যেব উপাসীত" বাক্যে উৎপত্তিবিধি না হইয়া বরং নিয়মবিধিই কল্পিত হইতে পারে। ভাল, উপাসনার পাক্ষিক প্রাপ্তি সম্ভবপর হয় কিপ্রকারে? যেহেতু, পূর্ব্বেই বলা হইয়াছে, আত্মবিষয়ক যে, বিজ্ঞানপ্রবাহ, 'পারিশেষ্য' নিয়মানুসারে তাহাত নিত্য-প্রাপ্তই বটে। (১) হাঁ, যদিও একথা সত্য হউক, তথাপি, যে প্রাক্তন কর্ম্মফলে বর্ত্তমান শরীর সমুৎপন্ন হইয়াছে, তাহার ফল ত সুনির্দ্দিষ্ট,

অভিধান করাও সঙ্গত হইতে পারে, নচেৎ নহে; পক্ষান্তরে এরূপ অর্থ না হইলে ইহা 'সংসারি-বিদ্যা' নামে অভিহিত হওয়াই উচিত ছিল। সূর্য্যের সম্বন্ধে আলোক ও অন্ধকারের ন্যায়, একই পদার্থের সম্বন্ধে ব্রহ্মত্ব ও অব্রহ্মত্বরূপ বিরুদ্ধ ধর্ম্মদ্বয় উপপন্ন হইতে পারে না; কারণ, একই সূর্য্যের আলোক ও অন্ধকারের সহিত সম্বন্ধলাভ যেরূপ বিরুদ্ধ, ইহাও তদ্রূপ বিরুদ্ধ; [সুতরাং একই বস্তুর উক্ত উভয়বিধ ভাব কখনই সম্ভবপর হইতে পারে না]। ১৩

আর যদি ঐ উভয়কেই ইহার নিমিত্তরূপে স্বীকার করা হয়, তাহা হইলেও ইহার কেবল 'ব্রহ্মবিদ্যা' নামকরণ সঙ্গত হয় না; বরং তাহা হইলে 'ব্রহ্মবিদ্যা' ও 'সংসারিবিদ্যা', এই উভয় নামে ব্যবহার করাই সঙ্গত হয়; কিন্তু তত্ত্বজ্ঞান উপদেশ করাই যদি বিবক্ষিত হয়, অর্থাৎ শ্রুতির অভিপ্রেত হয়, তাহা হইলে কখনই ওরূপ অর্দ্ধজরতীয়ভাব কল্পনা করা সঙ্গত হইতে পারে না (১); কারণ, তাহা হইলে উপদিষ্ট বিষয়ে শ্রোতার সংশয় উপস্থিত হইতে পারে। অথচ 'যাহার নিশ্চিত বুদ্ধি হয়, কোনরূপ সংশয় না থাকে' এবং 'সংশয়াত্মক লোক বিনষ্ট হয়' ইত্যাদি শ্রুতি ও স্মৃতিশাস্ত্র হইতে জানা যায় যে, নিশ্চয়াত্মক জ্ঞানই পরমপুরুষার্থ মুক্তির সাধন; অতএব পরহিতার্থী ব্যক্তির পক্ষে সংশয়াত্মক বাক্যার্থ কল্পনা করা কখনই উচিত হয় না। ১৪

আর যদি বল, "তদাত্মানমেবাবেৎ" ইত্যাদি শ্রুতি অনুসারে আমাদের ন্যায় ব্রহ্মেতেও যে, সাধকত্ব-কল্পনা, তাহা সঙ্গত নহে; না, এরূপ আপত্তিও করিতে পার না; কারণ, তাহা হইলে শাস্ত্রবাক্যের প্রতি তিরস্কার বা অনুযোগ করিতে হয়; কারণ, ইহা ত আর আমাদের কল্পনা নয়, পরন্তু শাস্ত্রই ঐরূপ কল্পনা করিয়াছেন; সুতরাং এই উপালম্ভ বা অনুযোগ শাস্ত্রের উপরই প্রযোজ্য, (আমাদের উপরে নহে); অথচ ব্রহ্মের প্রিয়-সাধনের ইচ্ছায় প্রকৃতার্থের বিপরীত কল্পনা দ্বারা কখনই শাস্ত্রার্থ পরিত্যাগ করা উচিত হয় না। আরও এক কথা, শুধু এই সাধকত্ব-কল্পনাতেই তোমার অসহিষ্ণুতা প্রদর্শন করা সঙ্গত হয় না; কারণ, জাগতিক নানাত্ব বা বিভাগমাত্রই ত ব্রহ্মেতে পরিকল্পিত ভিন্ন আর কিছুই নহে; ইহা—'তাঁহাকে এক প্রকারেই দর্শন করিবে' 'এজগতে নানা—ব্রহ্মভিন্ন কিছুই

(১) তাৎপর্য্য—'অর্দ্ধজরতীয়' ন্যায়টি এরূপ—একই ব্যক্তির অর্দ্ধাংশে যৌবন, আর অর্দ্ধাংশে জরা (বার্দ্ধক্য)। যৌবনাংশে যুবকসুলভ ভোগ, আর জরাভারাক্রান্ত অংশে প্রাচীনসুলভ জ্ঞানধ্যানাদি করিতে পারে; এরূপ ব্যবস্থা যেমন সম্ভবপর হয় না, তেমনি একই বিদ্যাতে 'ব্রহ্মবিদ্যা' ও 'সংসারিবিদ্যা' এই উভয়ভাব কল্পনা করা হইতে পারে না।

নাই' 'যে অবস্থায় দ্বৈতের ন্যায় হয়', 'নিশ্চয়ই তিনি এক ও অদ্বিতীয়' ইত্যাদি বাক্যশেষ হইতে প্রতিপন্ন হয়। বিশেষতঃ যখন সর্ব্বপ্রকার লৌকিক ব্যবহারই একমাত্র ব্রহ্মেতে পরিকল্পিত, প্রকৃতপক্ষে কোনটিই সৎ নহে, তখন, ব্রহ্মের কেবল সাধকত্ব-কল্পনাতেই যে, অশোভনত্ব বলা, ইহা অতি সামান্য কথা (উপেক্ষার যোগ্য)। ১৫

অতএব, স্রষ্টারূপে, যে ব্রহ্ম প্রবেশ করিয়াছেন, এখানে তিনিই ব্রহ্ম-শব্দের অর্থ; শ্রুতির 'বৈ' শব্দের অর্থ—অবধারণ; 'ইদ' অর্থ—শরীরমধ্যস্থরূপে যাহা গৃহীত হয়; অগ্রে অর্থাৎ জ্ঞানোদয়ের পূর্ব্বে, সে সময়েও এ সমস্ত ব্রহ্মস্বরূপই ছিল; কিন্তু প্রতিবোধ বা সম্যক্ জ্ঞানের অভাবে অবহ্মভাব ও অসর্ব্বত্ব অধ্যারোপিত হওয়ায়—'আমি কর্ত্তা, ক্রিয়াসম্পন্ন এবং স্বকৃত ক্রিয়াফলের ভোক্তা, সুখী, দুঃখী ও সংসারী' ইত্যাদি ভাবনিচয় আত্মাতে অধ্যারোপিত করিয়া থাকে; প্রকৃতপক্ষে কিন্তু তৎকালেও কর্তৃত্বভোক্তৃত্বাদির বিপরীত ব্রহ্মস্বরূপই এবং সর্ব্বাত্মকই ছিল। দয়ালু আচার্য্য কোন রকমে বুঝাইয়া দিলেন যে, 'তুমি সংসারী নহে'; শিষ্য সেই প্রতিবোধের ফলে স্বাভাবিক আত্মস্বরূপ উপলব্ধি করিয়াছিলেন। শ্রুতির 'এব'শব্দের অভিপ্রায় এই যে, [তিনি যাহা জানিয়াছিলেন, তাহাতে] কোন প্রকার অবিদ্যাসমারোপিত বিশেষ ধর্ম্মের সম্বন্ধ ছিল না। ১৬

এখন জিজ্ঞাসা করি, এই স্বাভাবিক আত্মাটী কে?—যাহাকে স্বয়ং ব্রহ্মও অবগত হইয়াছিলেন? কেন, আত্মার কথা কি স্মরণ করিতেছ না?—'যিনি ইহার অভ্যন্তরে প্রবিষ্ট হইয়া প্রাণ, অপান, ব্যান, উদান ও সমান-ব্যাপার করিতেছেন' এইরূপে ত অগ্রেই এই আত্মার স্বরূপ প্রদর্শন করা হইয়াছে। [আচ্ছা, জিজ্ঞাসা করি,] লোকে যেমন এটি গো, এটি অশ্ব' ইত্যাদি নির্দ্দেশ করিয়া থাকে, তুমিও তেমনি পরোক্ষভাবেই আত্মার নির্দ্দেশ করিতেছ, কিন্তু প্রত্যক্ষ ত দেখাইতে পারিতেছ না? ভাল কথা, এরূপ নির্দ্দেশই যদি আবশ্যক মনে কর, তাহা হইলে বলিতেছি—সেই আত্মা হইতেছেন দ্রষ্টা (দর্শনের কর্ত্তা), শ্রোতা (বাক্য-শ্রবণের কর্ত্তা), মন্তা (সদসৎ চিন্তার কর্ত্তা) ও বিজ্ঞাতা (নিশ্চয়াত্মক জ্ঞানের কর্ত্তা); সুতরাং শ্রবণাদি ক্রিয়ার সহযোগে আত্মা ত প্রত্যক্ষবৎই প্রদর্শিত হইল। ভাল কথা, এরূপেও আত্মাকে দর্শনাদি ক্রিয়ার কর্ত্তা বলাতে তাঁহার স্বরূপ প্রত্যক্ষতঃ প্রদর্শন করান হইতেছে না; কেননা, গমনক্রিয়া আর গন্তার স্বরূপ এক নহে, ছেদনই ত ছেদনকর্ত্তার স্বরূপ নয়। আচ্ছা, তাহা হইলে বলিতেছি

—যিনি দৃষ্টির দ্রষ্টা, শ্রবণের শ্রোতা, মননের কর্ত্তা ও বিজ্ঞানেরও বিজ্ঞাতা, তিনিই সেই আত্মা। ১৭

আচ্ছা, জিজ্ঞাসা করি, তোমার এই শেষ উত্তরেও দ্রষ্টার সম্বন্ধে পূর্ব্বাপেক্ষা কি বিশেষ বলা হইল? আত্মা দৃষ্টিরই (জ্ঞানেরই) দ্রষ্টা হউক, বা ঘটেরই দ্রষ্টা হউক, সর্ব্বত্রই দ্রষ্টা ভিন্ন আর কিছুই নহে। তুমি 'দৃষ্টির দ্রষ্টা' বলিয়া কেবল দ্রষ্টব্য বিষয় সম্বন্ধেই কিঞ্চিৎ বিশেষ বলিতেছ; কিন্তু দ্রষ্টা যদি দৃষ্টির কিংবা ঘটের দর্শনকর্ত্তা হয়, তাহা হইলেও তিনি দ্রষ্টাই, তদ্ভিন্ন আর কিছুই নহে। না, তাহা নহে; কারণ, এখানেও বিশেষত্বের উপপত্তি হয়—এখানেও বিশেষ আছে —যিনি দৃষ্টির দ্রষ্টা, তিনিও যদি দৃষ্টিস্বরূপই হন, তাহা হইলে দৃষ্টি (জ্ঞান) সর্ব্বদাই তাঁহার দর্শনগোচর হইতে পারে, কখনই দ্রষ্টার অবিজ্ঞাত থাকিতে পারে না। দ্রষ্টার দৃষ্টি (জ্ঞানস্বভাব) নিত্য হওয়া আবশ্যক, আর দ্রষ্টার দৃষ্টি বা প্রকাশশক্তি যদি অনিত্য (সাময়িক) হয়, তাহা হইলে, যে দৃষ্টিটি তাহার দৃশ্য অর্থাৎ প্রকাশনীয়, সময়বিশেষে হয় ত সেই দৃষ্টিটি দর্শনের বিষয় না হইতেও পারে; যেমন অনিত্য লোকদৃষ্টি দ্বারা দৃশ্য ঘটাদি বস্তু [সময়ে দৃষ্ট হয়, আবার সময়ে অদৃষ্ট থাকে]; দৃষ্টির দ্রষ্টা কিন্তু তদ্রূপ কখনও দৃষ্টিকে প্রকাশ না করিয়া থাকে না, অর্থাৎ বুদ্ধিতে যখনই যেরূপ বৃত্তির উদয় হয়, স্বতঃ প্রকাশশীল দ্রষ্টা (আত্মা) তৎক্ষণাৎ সেই বুদ্ধিবিজ্ঞানকে প্রকাশিত করিয়া থাকে; জ্ঞান কখনও আত্মার অবিজ্ঞাত থাকে না; কাজেই আত্মার দৃষ্টিকে নিত্য বলিয়া স্বীকার করিতে হয়। ১৮

ভাল, তবে কি দ্রষ্টার দৃষ্টি দুইটা?—একটি নিত্য অথচ অদৃশ্য, আর অপরটী অনিত্য অথচ দৃশ্য? হাঁ, দ্রষ্টার অনিত্য দৃষ্টি ত (ঘটপটাদিবিষয়ক জ্ঞান ত) প্রসিদ্ধই আছে; কেননা, জগতে অন্ধ ও অনন্ধ দুই প্রকারই লোক দেখিতে পাওয়া যায়। দৃষ্টি যদি কেবল নিত্যই হইত, তাহা হইলে কেহই আর অন্ধ থাকিত না; দ্রষ্টার দৃষ্টি কিন্তু নিত্য অর্থাৎ সর্ব্বদাই বিদ্যমান; কারণ, শ্রুতি বলিতেছেন—'দ্রষ্টার দৃষ্টি বিলুপ্ত হয় না'; অনুমান দ্বারাও ইহা সমর্থিত হইতে পারে—দেখিতে পাওয়া যায়, অন্ধ ব্যক্তিও স্বপ্নসময়ে প্রাতিভাসিক ঘটাদিবিষয়ক দৃষ্টি লাভ করিয়া থাকে, অর্থাৎ অন্ধ ব্যক্তিকেও স্বপ্নসময়ে ঘটাদি বিষয় দর্শন করিতে দেখা যায়, তবেই হইল যে, বাহ্য দৃষ্টি বিলুপ্ত হইলেও সেই নিত্য দৃষ্টিটি কখনও বিলুপ্ত হয় না; তাহাই দ্রষ্টার প্রকৃত দৃষ্টি। দ্রষ্টা আপনার স্বরূপভূত স্বয়ং প্রকাশ-নামক সেই অবিলুপ্ত নিত্য দৃষ্টি দ্বারা—স্বপ্ন ও জাগ্রৎসময়ে বাসনাময় ও বুদ্ধি-বৃত্তিরূপ

অপর দৃষ্টিটিকে সর্ব্বদা দর্শন করেন ; এইজন্যই তাহাকে দৃষ্টির দ্রষ্টা বলা হইয়া থাকে। এইরূপই যদি সিদ্ধান্ত হইল, তাহা হইলে বুঝিতে হইবে, অগ্নির উষ্ণতা যেরূপ স্বাভাবিক, তদ্রূপ এই নিত্য দৃষ্টিই আত্মার প্রকৃত স্বরূপ, কিন্তু কণাদমতে যেরূপ দৃষ্টির (জ্ঞানের) অতিরিক্ত চেতন আত্মা একটি পৃথক্ পদার্থ, বেদান্তের আত্মা সেরূপ পৃথক্ বস্তু নহে। ১৯

সেই ব্রহ্ম আপনাকে অধ্যারোপিত অনিত্যাদিদৃষ্টিবর্জ্জিত স্ব-স্বরূপকেই জানিয়াছিলেন। এখন আপত্তি হইতেছে যে, 'বিজ্ঞাতার বিজ্ঞান'-কথা ত শ্রুতিবিরুদ্ধ ; কারণ, শ্রুতি বলিতেছেন—'বিজ্ঞানের বিজ্ঞাতাকে জানিবে না' ইত্যাদি। না, এবংবিধ বিজ্ঞানে কিছুমাত্র বিরোধ হয় না, কেন না, আত্মা যে দৃষ্টিরও দ্রষ্টা, অর্থাৎ সর্ব্বজ্ঞানের প্রকাশক, ইহা ত নিশ্চয়ই জানা যাইতেছে। বিশেষতঃ আত্মাকে সাধারণতঃ জ্ঞানান্তর-নিরপেক্ষও বলিতে হইবে, কেননা, দ্রষ্টার নিত্য-বিজ্ঞান-সম্বন্ধ বিজ্ঞাত থাকিলে, দ্রষ্টার সম্বন্ধে আর অন্য বিজ্ঞানের আকাঙ্ক্ষাও হয় না, অর্থাৎ দ্রষ্টা অপর জ্ঞানের সাহায্যে আপনাকে জানিয়া থাকে—এরূপ জানিতে কাহারও ইচ্ছা হয় না। দ্রষ্টার অতিরিক্ত বিজ্ঞানসম্বন্ধ থাকা সম্ভবপর হয় না বলিয়াই, দ্রষ্টৃবিষয়ে অন্য দৃষ্টির আকাঙ্ক্ষা আপনা হইতেই নিবৃত্ত হইয়া যায় ; কেন না, যে বিষয় বিদ্যমান নাই—নিতান্ত অসত্য, তাহা জানিবার জন্য কাহারো আগ্রহ হয় না বা হইতে পারে না। আর দৃশ্য-দৃষ্টি অর্থাৎ আত্ম-প্রকাশ্য বুদ্ধিবৃত্তিও কখনই দ্রষ্টাকে (আত্মাকে) প্রকাশ করিতে সমর্থ হয় না ; সুতরাং তাহা জানিবার জন্য জ্ঞানাকাঙ্ক্ষাও উপস্থিত হয় না, তা'ছাড়া, আপনার বিষয়ে আপনার আকাঙ্ক্ষা হওয়া সম্ভবপরও হয় না। অতএব, "আত্মানম্ এব অবেৎ' কথার অর্থ—অজ্ঞানকৃত কর্তৃত্বাদি আরোপনিবৃত্তিমাত্র, কিন্তু আত্মাকে প্রকাশিত করা নহে (১) ২০

তিনি কিপ্রকার জানিয়াছিলেন, তাহা বলিতেছেন—'আমি হইতেছি দৃষ্টির

---

(১) তাৎপর্য্য—আপত্তি হইয়াছিল, আত্মা যখন স্বপ্রকাশ, আর জ্ঞান বা জানা অর্থ যখন বিষয়কে প্রকাশকরা ; অথচ স্বপ্রকাশকে প্রকাশ করাও যখন অসম্ভব, তখন উক্ত শ্রুতির অর্থ সঙ্গত হয় কিরূপে ? ভাষ্যকার তদুত্তরে বলিতেছেন যে, এখানে 'অবেৎ' (জানিয়াছিলেন) কথার অর্থ—প্রকাশ করা নহে, কিন্তু অজ্ঞানের মহিমায় আত্মাতে যে, কর্তৃত্ব ভোক্তৃত্বাদি জড়ধর্ম্ম আরোপিত হইয়াছিল, কেবল তাহার নিবৃত্তি করাই এখানে "অবেৎ" কথার অর্থ ; কেননা, "স্বয়ং প্রকাশমানত্বাৎ নাভাস উপযুজ্যতে।" অর্থাৎ স্বয়ং প্রকাশমান পদার্থকে প্রকাশ করা কখনও সম্ভবপর হয় না।

দ্রষ্টা (বুদ্ধিবৃত্তির প্রকাশক) আত্মা—ব্রহ্মস্বরূপ,' [এই প্রকার জানিয়াছিলেন]। এখানে ব্রহ্ম অর্থ—যাহা সাক্ষাৎ প্রত্যক্ষস্বরূপ সর্ব্বান্তর অশনায়াদির অতীত "নেতি নেতি" শ্রুতিপ্রতিপাদ্য এবং অস্থূল ও অনণু ইত্যাদিপ্রকারে সর্ব্বজগৎ-বিলক্ষণ; সেই ব্রহ্মই আমি, কিন্তু আপনি যেরূপ বলিতেছেন, আমি বস্তুতঃ সেরূপ ব্রহ্মাতিরিক্ত স্বতন্ত্র সংসারী নহি। অতএব, এবংবিধ জ্ঞানের প্রভাবে সেই ব্রহ্ম সর্ব্বাত্মক হইয়াছিলেন, অর্থাৎ আরোপিত অব্রহ্মভাব ও অসর্ব্বভাব নিবৃত্তি করিয়া সর্ব্বাত্মভাবাপন্ন হইয়াছিলেন। অতএব মনুষ্যেরা যে, ব্রহ্মবিদ্যা দ্বারা সর্ব্বভাবাপন্ন হইব বলিয়া মনে করে, তাহা যুক্তিযুক্তই বটে। পূর্ব্বে যে প্রশ্ন করা হইয়াছিল—'সেই ব্রহ্ম আবার কাহাকে জানিয়াছিলেন? যাহাকে জানিয়া তিনি সর্ব্বাত্মক হইয়াছেন'? "ব্রহ্ম বা ইদমগ্রে আসীৎ" ইত্যাদি বাক্যে তাহারই উত্তর নিরূপিত হইল। ২১।

এই জগতে দেবগণের মধ্যে যিনি যিনি প্রতিবুদ্ধ হইয়াছিলেন অর্থাৎ যথোক্ত বিধানে আত্মস্বরূপ জানিয়াছিলেন, প্রতিবুদ্ধ সেই সেই আত্মাই ব্রহ্মভাব প্রাপ্ত হইয়াছিলেন; এইরূপ ঋষিগণের মধ্যে এবং সেইরূপ মনুষ্যগণের মধ্যেও হইয়াছিল। এখানে যে, দেবমনুষ্যাদি বিভাগের উক্তি করা হইতেছে, তাহা কেবল লৌকিক ব্যবহারানুযায়িমাত্র, কিন্তু ব্রহ্মজ্ঞানানুসারী নহে; কেননা, "পুরঃ পুরুষ আবিশৎ" এই সকল শ্রুতি অনুসারে, ব্রহ্মই যে, সর্ব্বত্র অনুস্যূত আছেন, একথা আমরা পূর্ব্বেই বলিয়াছি। অতএব বুঝিতে হইবে, শ্রুতিতে যে, 'দেবানাম্' ইত্যাদি ভেদোল্লেখ করা হইয়াছে, তাহা কেবল শরীরাদি-উপাধিকৃত লোকপ্রতীতির অনুযায়িমাত্র; প্রকৃতপক্ষে কিন্তু বিজ্ঞানলাভের পূর্ব্বেও, সেই সমস্ত দেবাদি শরীরেও ব্রহ্ম বিদ্যমানই ছিলেন, কেবল বুদ্ধিদোষে অন্যপ্রকার প্রতীতি হইত মাত্র। পরে তিনি আত্মাকে উপলব্ধি করিয়াছিলেন, সেই জ্ঞানপ্রভাবেই সর্ব্বাত্মভাব লাভ করিয়াছিলেন। ২২

এই ব্রহ্ম-বিদ্যা হইতে যে, সর্ব্বভাবপ্রাপ্তিরূপ ফল লাভ হয়, এ কথার দৃঢ়তা সম্পাদনার্থ শ্রুতি নিজেই মন্ত্রসমূহের উল্লেখ করিতেছেন। তাহা কি প্রকার? না, বামদেবনামক ঋষি—'আমি হইতেছি এই ব্রহ্ম-স্বরূপ' এই প্রকার আত্ম-দর্শন লাভ করত, অর্থাৎ এইরূপ ব্রহ্মদর্শনের ফলে তৎক্ষণেই আপনার সর্ব্বাত্মভাব বুঝিয়াছিলেন, অর্থাৎ তিনি উক্ত ব্রহ্মদর্শনে অবস্থিত হইয়া এই সমস্ত মন্ত্রার্থ দর্শন করিয়াছিলেন—'আমিই মনু ও সূর্য্য হইয়াছিলাম' ইত্যাদি। "তদেতৎ ব্রহ্ম পশ্যন" কথাটি ব্রহ্মবিদ্যার সহিত সম্বন্ধ প্রকাশক। 'আমি মনু ও সূর্য্য

হইয়াছিলাম' এই বাক্যে সর্ব্বভাবাপত্তিরূপ ব্রহ্মবিদ্যার ফলও প্রকাশ করা হইতেছে। 'ভোজন করিতে করিতে তৃপ্তিলাভ করে' বলিলে যেমন ভোজন-কেই তৃপ্তিফলের কারণ বলিয়া নির্দ্দেশ করা হয়, তেমনি 'দর্শন করত সর্ব্বাত্ম-ভাবরূপ ফললাভ করিয়াছিলেন' এই প্রয়োগেও বুঝাইতেছেন যে, ব্রহ্মবিদ্যা-সহকৃত সাধনই মুক্তিরূপ ফলসিদ্ধির কারণ। ২৩

ভাল কথা, ব্রহ্মবিদ্যার ফলস্বরূপ যে সর্ব্বভাবাপত্তি, ইহা মহাবীর্য্যশালী দেবতা-প্রভৃতির সম্বন্ধেই সম্ভবপর হইয়াছিল, কিন্তু এখন বর্ত্তমান যুগের লোকদিগের—বিশেষতঃ মনুষ্যদিগের পক্ষে তাহা কখনই সম্ভবপর হইতে পারে না; কারণ, ইহারা অতিশয় অল্পশক্তিসম্পন্ন, এইরূপ আশঙ্কা কাহারও মনে হইতে পারে; তদপনো-দনের নিমিত্ত বলিতেছেন—দর্শনাদি ক্রিয়ানুমিত এই যে সর্ব্বভূতানুপ্রবিষ্ট ব্রহ্মের কথা বলা হইল, তাহা এখনও—বর্ত্তমান সময়েও, যে কোন লোক বাহ্যবিষয়ে আসক্তি পরিত্যাগপূর্ব্বক 'আমি উক্ত ব্রহ্মস্বরূপ' এই বলিয়া আত্মাকে জানেন—উপাধিসম্বন্ধজনিত ভ্রান্তিজ্ঞানের ফলে যে সমুদয় বিশেষধর্ম্ম আরোপিত হইয়াছিল, সে সমস্ত অপনীত করিয়া, আমি নিশ্চয়ই সংসারধর্ম্মে অসংস্পৃষ্ট এবং বাহ্যাভ্যন্তর-ভাবরহিত ব্রহ্মস্বরূপ, এইরূপে আত্মার উপলব্ধি করেন; ব্রহ্মবিজ্ঞানে অবিদ্যাকৃত অসর্ব্বত্বভ্রান্তি নিবৃত্ত হইয়া যাওয়ায় তিনিও উক্ত সর্ব্বভাবাপন্ন হইতে পারেন। কারণ, মহাশক্তিসম্পন্ন বামদেবপ্রভৃতিতে কিংবা বর্ত্তমানকালীন হীনবীর্য্য মনুষ্যেতে ব্রহ্ম বা ব্রহ্মবিজ্ঞানের কিঞ্চিন্মাত্রও তারতম্য ঘটে নাই, অর্থাৎ ব্রহ্ম ও ব্রহ্মবিদ্যা সকলের পক্ষেই চিরদিন সমান আছে। বর্ত্তমানকালীন লোকদিগের ব্রহ্মবিদ্যা-ফললাভে অনৈকান্তিকতার (অনিশ্চয়তার) আশঙ্কা হইতে পারে, তদুত্তরে বলিতেছেন—যে ব্যক্তি যথোক্ত বিধানে ব্রহ্মজ্ঞান লাভ করে, মহাবীর্য্য দেবগণও তাহার অকল্যাণ বা সর্ব্বভাবাপত্তিরূপ ফললাভে বাধা ঘটাইতে সমর্থ হন না, অন্যের আর কথা কি? । ২৪

ভাল, জিজ্ঞাসা করি, ব্রহ্মবিদ্যার ফলপ্রাপ্তিতে দেবগণ যে, বিঘ্নোৎপাদন করিয়া থাকেন, এরূপ আশঙ্কা করিবার কারণ কি? হাঁ, বলা হইতেছে—যেহেতু, মর্ত্ত্যগণ দেবগণের নিকট ঋণগ্রস্ত, সেই কারণে [ঐরূপ আশঙ্কা হইতে পারে]। 'ব্রহ্মচর্য্য দ্বারা ঋষিগণের, যজ্ঞ দ্বারা দেবগণের এবং সন্তান দ্বারা পিতৃগণের নিকট হইতে [ঋণমুক্ত হইবে]', এই শ্রুতিবাক্য জন্মকাল হইতেই মনুষ্যের ঋণসম্বন্ধ প্রতিপাদন করিতেছে। শ্রুত্যুক্ত পশু-দৃষ্টান্ত হইতেও ইহা অবগত হওয়া যায়—"অথো অয়ং বা" ইত্যাদি শ্রুতি হইতেও জানা যায় যে, মনুষ্যগণ যখন দেবতাদিগের

নিকট অধমর্ণ বা ঋণগ্রস্তের তুল্য, তখন দেবগণ আপনাদের বৃত্তিরক্ষার জন্য ঋণগ্রস্ত মনুষ্যগণের মুক্তিলাভে অবশ্যই বিঘ্নাচরণ করিতে পারেন; অতএব উক্তপ্রকার আশঙ্কা ন্যায়সঙ্গতই বটে। ২৫

দেবগণ নিজ নিজ পশুগণকে স্বীয় শরীরের মত রক্ষা করিয়া থাকেন। অতঃপর স্বয়ং শ্রুতিও—এক একটি পুরুষকে দেবতাপ্রভৃতির বহুপশুস্থানীয় বলিয়া, মনুষ্যদিগকে কর্ম্মাধীন (ভোগসাধন বলিয়া) প্রদর্শন করিবেন—'মনুষ্যগণ যে, এই আত্মতত্ত্ব অবগত হয়, ইহা দেবতাদিগের প্রিয় নহে।' এবং 'মনুষ্য যেমন আত্মীয় লোকের অরিষ্টি (অকল্যাণ-নিবৃত্তি) ইচ্ছা করে, তেমনি ভূতগণও এবংবিধ জ্ঞানীর কল্যাণ কামনা করিয়া থাকে'। এই 'অরিষ্টি' ও 'অপ্রিয়' কথা হইতে জানা যায় যে, ব্রহ্মজ্ঞান লাভ হইলে তাহার পরাধীনভাব নিবৃত্ত হইয়া যায়; সুতরাং স্বজনত্ব বা প্রিয়ত্ব কিছুই তখন থাকে না; অতএব, ব্রহ্মবিদের ব্রহ্মবিদ্যা-ফললাভে দেবগণ অবশ্যই বিঘ্নাচরণ করিতে পারেন; কারণ, তাঁহারা মহাপ্রভাব-সম্পন্ন। ২৬

ভাল, তাহা হইলে ত অন্যান্য কর্ম্মফলপ্রাপ্তিতেও বিঘ্নাচরণ করা, দেবগণের পক্ষে পেয়-পানের তুল্য অর্থাৎ জলযোগের মত অতি সহজ; অহো! তাহা হইলে ত অভ্যুদয় ও মুক্তির জন্য সাধন-কর্ম্মানুষ্ঠানেও লোকের কিছুমাত্র আস্থা বা বিশ্বাস থাকিতে পারে না। এইরূপ অচিন্ত্যশক্তিসম্পন্ন ঈশ্বরেরও বিঘ্নাচরণে যথেষ্ট ক্ষমতা আছে, এবং কাল, কর্ম্ম, মন্ত্র, ওষধি ও তপস্যারও বিঘ্নোৎপাদনে প্রভুত্ব রহিয়াছে; কারণ, ইহারা সকলেই যে, ফলসম্বন্ধে সিদ্ধি ও অসিদ্ধির হেতুভূত, ইহা শাস্ত্রে ও সমাজে প্রসিদ্ধ আছে; সেই কারণেও শাস্ত্রোপদিষ্ট কর্ম্মানুষ্ঠানে লোকের বিশ্বাস থাকিতে পারে না। না, এরূপ আপত্তি হইতে পারে না; কারণ, প্রত্যেক কার্য্যের জন্য পৃথক্ পৃথক্ নিমিত্ত-গ্রহণের ব্যবস্থা রহিয়াছে, এবং জগতে তদনুরূপ বৈচিত্র্যও দেখিতে পাওয়া যায়। কিন্তু যাহারা স্বভাবকে কারণ বলেন, তাঁহাদের মতে উক্ত উভয় কথাই উপপন্ন হইতে পারে না। কর্ম্মই যে, সুখদুঃখ-ফলের প্রযোজক, ইহা বেদ, স্মৃতি, যুক্তি ও লোকব্যবহারের অনুমোদিত। এই পক্ষটি গ্রহণ করিলে বুঝা যায় যে, দেবতা, ঈশ্বর ও কাল, ইহারা কেহই কর্ম্মফলের বৈপরীত্যকারী নহেন; কেন না, কর্ম্মসমূহ যাহা প্রদান করিতে চাহে, উহারা তাহাই সম্পাদন করিয়া থাকেন মাত্র; কারণ, জীবগণের শুভাশুভ কর্ম্মসমূহ কখনই সহায়ভূত দেবতা, কাল ও ঈশ্বরাদি কারকনিচয়ের সাহায্য না লইয়া আত্মলাভে সমর্থ হয় না, আর কথঞ্চিৎ আত্মলাভ করিলেও ফলপ্রদানে সমর্থ হয় না; কারণ,

বহু কারকের সাহায্যে ফল প্রদান করাই ক্রিয়ার স্বভাব; সুতরাং বলিতে হইবে যে, দেবতা ও ঈশ্বর প্রভৃতি সকলেই ক্রিয়াফলের অনুকূল বা সহায়মাত্র; কাজেই কর্ম্মফল-প্রাপ্তিতে কাহারও অনাশ্বাস বা নৈরাশ্যের সম্ভাবনা নাই। ২৭

স্থলবিশেষে দেবতাগণও কর্ম্মপরিচালিত হইয়া দুঃখ সমুৎপাদন করিয়া থাকেন; কারণ, তাঁহারা কর্ম্মের দুঃখদায়িকাশক্তিকে নিবারণ করিতে সমর্থ হন না। তাহার পর, কর্ম্ম, কাল, দৈব (অদৃষ্ট) ও বস্তুস্বভাবের যে গুণ-প্রধান-ভাব, অর্থাৎ কোথাও কর্ম্ম হয় প্রধান, কাল প্রভৃতি হয় তাহার অধীন, আবার কোথাও কালাদি হয় প্রধান, আর কর্ম্মাদি হয় তাহার অধীন, ইত্যাদি প্রকারে যে অঙ্গাঙ্গিভাব, ইহা অনিয়ত ও দুর্ব্বিজ্ঞেয়, অর্থাৎ কোথায় কোন্‌টি প্রধান, আর কোন্‌টি অপ্রধান হইবে, ইহার স্থিরতা নাই, এবং চিন্তা দ্বারাও ইহা নিশ্চয় করা সহজ নহে; এই কারণেই এ সম্বন্ধে লোকের নানাপ্রকার ভ্রান্তি উপস্থিত হইয়া থাকে,—কেহ কেহ বলেন—কর্ম্মই ফলপ্রাপ্তির একমাত্র কারণ, অন্য কিছু নহে; অপরে বলেন, দৈবই ফলপ্রদানের কারণ; অন্যেরা বলেন—কালই কর্ম্মফল প্রদান করিয়া থাকে; কেহ কেহ বলেন—দ্রব্য ও দেশাদির বিশেষ বিশেষ স্বভাবই ফল প্রদান করিয়া থাকে; আবার অপর এক দল লোক বলিয়া থাকেন—কর্ম্ম ও কালপ্রভৃতি কারণনিচয় সম্মিলিত হইয়াই ফলপ্রদানের কারণ হইয়া থাকে। তন্মধ্যে কর্ম্মের প্রাধান্য স্বীকার করিয়া 'পুণ্য কর্ম্মের ফলে পুণ্য লোকপ্রাপ্ত হয়, আর পাপকর্ম্মের ফলে দুঃখময় লোক প্রাপ্ত হয়' ইত্যাদি বেদ ও স্মৃতিশাস্ত্র-সমূহ [কর্ম্মকেই ফলপ্রদ বলিয়া নির্দ্দেশ করিয়াছেন]। যদিও স্বাধিকার সম্পাদনসময়ে ইহাদের মধ্যেও কর্ম্মবিশেষের প্রাধান্য অভিব্যক্ত হয়, এবং অপর কর্ম্মগুলির প্রাধান্যশক্তি নিরুদ্ধ হইয়া থাকে সত্য, তথাপি কর্ম্মের উপযুক্ত ফলপ্রাপ্তি সম্বন্ধে কিছুমাত্র ব্যতিক্রমের সম্ভাবনা নাই; কারণ, ফল-প্রদানে যে, কর্ম্মেরই প্রাধান্য, ইহা শাস্ত্র ও যুক্তি দ্বারা (১) অবধারিত হইয়াছে। ২৮

না, দেবগণও বিদ্যাফলে বিঘ্নাচরণ করিতে পারে না; কারণ, বিদ্যার ফল ব্রহ্মপ্রাপ্তি, তাহা ত অবিদ্যার অপসারণ ভিন্ন আর কিছুই নহে (২)। অভিপ্রায়

---

(১) তাৎপর্য্য—কর্ম্মের প্রাধান্যজ্ঞাপক শাস্ত্র—"পুণ্যো বৈ পুণ্যেন ভবতি, পাপঃ পাপেন" ইত্যাদি শ্রুতি এবং "ধর্ম্মরক্ষা ব্রজেদূর্দ্ধম্" ইত্যাদি স্মৃতি। ন্যায় বা যুক্তি এই—প্রাক্তন কর্ম্মসত্তা স্বীকার না করিলে পূর্ব্বোক্ত জগদ্বৈচিত্র্যের অনুপপত্তি ও অসঙ্গতি প্রভৃতি।

(২) বিদ্যার ফল মুক্তি। মুক্তিলাভে দেবগণের বিঘ্নাচরণাশঙ্কার প্রসঙ্গে কর্ম্মফল প্রাপ্তি-তেও দেবগণের প্রতিকূলতাচরণ আশঙ্কিত হইয়াছিল, তন্মধ্যে প্রথমতঃ কর্ম্মফলে দেবগণের

এই যে, তোমরা যে বলিয়াছ—বিদ্যার ফল ব্রহ্মপ্রাপ্তিতেও দেবগণ বিঘ্নাচরণ করিতে পারেন। [তদুত্তরে বলিতেছি—] না, তাহাতে বিঘ্নসমুৎপাদন করিবার সামর্থ্য দেবগণেরও নাই। কেন? যেহেতু, ব্রহ্মপ্রাপ্তিরূপ যে বিদ্যাফল, তাহা বিদ্যাকালের অনন্তরিত, অর্থাৎ যেই মুহূর্ত্তে বিদ্যার উদয় হয়, ব্রহ্মপ্রাপ্তিরূপ বিদ্যাফলও ঠিক সেই মুহূর্ত্তেই প্রাদুর্ভূত হয়, কিছুমাত্র কালব্যবধান থাকে না। কি প্রকার? যেমন দ্রষ্টার চক্ষুর সহিত যেই মুহূর্ত্তে আলোক-সংযোগ হয়, ঠিক সেই মুহূর্ত্তেই রূপের প্রত্যক্ষ হয়, তেমনি আত্মবিষয়ক বিজ্ঞান যে সময়ে সমুৎপন্ন হয়, ঠিক সেই সময়েই আত্মবিষয়ক অজ্ঞানও অন্তর্হিত হইয়া যায়; কাযেই ব্রহ্মবিদ্যা উৎপন্ন হইলে পর, অবিদ্যার কোনরূপ কার্য্য হইবারই আর অবসর থাকে না।—যেমন প্রদীপ প্রকাশ হইলে পর অন্ধকারের [আর কার্য্য করিবার অবসর থাকে না, তেমন।] অতএব যে অবস্থায় ব্রহ্মবিৎ পুরুষ দেবগণের আত্মস্বরূপই হইয়া যান, সে অবস্থায় দেবগণ কিরূপে তাহার বিঘ্নাচরণ করিবেন? ২৯

অতঃপর সেই কথাই বলিতেছেন—যেহেতু সেই ব্রহ্মবিৎ পুরুষের ব্রহ্মবিদ্যা-লাভের সমকালেই অবিদ্যামাত্ররূপী ব্যবধানের বা অব্রহ্মভাবের অপগম হইয়া যায়, তখন রজতাকারে প্রতিভাসমান শুক্তিতে যেমন শুক্তিধর্ম্মের আবির্ভাব হয়, তেমনি তিনিও এই দেবগণের আত্মস্বরূপ হইয়া যান, অর্থাৎ সর্ব্বশাস্ত্রপ্রতিপাদ্য সেই স্বরূপভূত ধ্যেয় ব্রহ্মস্বরূপ হন, এ কথা আমরা পূর্ব্বেই বলিয়াছি। এই কারণেই তখন দেবগণেরও আপনারই প্রতিকূলাচরণে চেষ্টা করা সম্ভব হয় না। পক্ষান্তরে, যাহার ফল অনাত্মস্বরূপ—দেশ ও কালাদি দ্বারা ব্যবহিত, অর্থাৎ যে ফল বিভিন্ন দেশে ও সময়ে উৎপত্তিশীল; তাদৃশ অনাত্মভূত ফলবিষয়ে বিঘ্নাচরণেই দেবগণ সমর্থ হন, কিন্তু বিদ্যার সমকালীন এবং দেশকালাদি ব্যবধানরহিত আত্মস্বরূপ বিদ্যাফলে বিঘ্নাচরণ করিতে তাহারা সমর্থ হন না; কারণ, এখানে বিঘ্ন উৎপাদন করিবার আর অবসর কোথায়? [যদি ব্রহ্মবিদ্যালাভের পরে কোনও কালে কোনও স্থানে বিদ্যার ফল উৎপন্ন হইত, তাহা হইলেই সেই সময়ে বিঘ্ন জন্মান তাঁহাদের পক্ষে সম্ভবপর হইত]। ৩০

ভাল, জ্ঞানফল যদি অব্যবহিত পরবর্ত্তী বা সমকালীনই হয়, তাহা হইলে বলিতে হইবে যে, তৎকালে অবিচ্ছিন্ন জ্ঞানধারা বর্ত্তমান না থাকায় এবং জ্ঞানোদয়ের পরেও বিপরীত জ্ঞান (ভ্রান্তি) ও তৎকার্য্য দৃষ্ট হওয়ার অনুমিত হয় যে, তৎকালে

বিঘ্নাচরণাশঙ্কা খণ্ডন করিয়া এখন বিদ্যাফলে দেবগণকর্ত্তৃক বিঘ্নাচরণাশঙ্কার সমাধান করিবার উদ্দেশ্যে 'ন' ইত্যাদি বাক্যের অবতারণা করিতেছেন।

জল-প্রবাহের ন্যায় জ্ঞানের ধারা অবিচ্ছিন্ন ভাবে বিদ্যমান নাই, পক্ষান্তরে বিপরীত জ্ঞান এবং তৎকার্য্যও যখন ঐ সঙ্গে দৃষ্ট হইয়া থাকে, তখন অবশ্যই স্বীকার করিতে হইবে যে, অন্তিম জ্ঞানেই অবিদ্যানিবৃত্তি হয়, আদ্য জ্ঞানে হয় না; না, এরূপ ব্যবস্থাও হইতে পারে না; কারণ, তাহা হইলে প্রথম জ্ঞানের ন্যায় অন্তিম জ্ঞানও অনৈকান্তিক বা ব্যভিচারী হইয়া পড়ে। কেন না, আত্ম-বিষয়ক প্রথমোৎপন্ন জ্ঞানে যদি অবিদ্যার নিবৃত্তি সাধন করিতে না পারে, তাহা হইলে অন্তিম জ্ঞানে যে, নিবৃত্তি হইবে, তাহার বিশ্বাস কি? কারণ, উভয়েরই অধিকার তুল্য। আচ্ছা, তাহা হইলে বলিব যে, সন্তত অর্থাৎ অবিচ্ছিন্নভাবে প্রবর্ত্তিত বিজ্ঞানেই অবিদ্যার নিবৃত্তি হয়, বিচ্ছিন্ন বিজ্ঞানে হয় না; না, এ কথাও সঙ্গত হয় না; কারণ, জীবদ্দশায় কখনই অবিচ্ছিন্ন জ্ঞানপ্রবাহ হইতে পারে না; কারণ, অন্ততঃ জীবন-ধারণের জন্যও তদনুকূল চিন্তা করা আবশ্যক হয়; সুতরাং তৎকালে প্রবাহাকারে বিদ্যা-প্রত্যয় হইতেই পারে না; যেহেতু, উহারা পরস্পর-বিরুদ্ধ। আর যদি বল, জীবনাদির চিন্তা নিবৃত্তি করিয়া মরণকাল পর্য্যন্ত এই বিদ্যাপ্রত্যয়ই প্রবহমাণ হইয়া থাকে; না, তাহাও বলিতে পার না; কারণ, বিদ্যা প্রত্যয়ের সংখ্যাবিশেষ অবধারিত না থাকায়, অর্থাৎ কতবার প্রত্যয়ানুশীলন করিতে হইবে, ইহার নির্দ্দিষ্ট সংখ্যা না থাকায় শাস্ত্রার্থেরই অবধারণ হইতে পারে না। অভিপ্রায় এই যে, এতগুলি প্রত্যয়ধারায় অবিদ্যার নিবৃত্তি হইবে, এরূপ কোনও ব্যবস্থা না থাকায় প্রকৃত পক্ষে শাস্ত্রের উদ্দেশ্যই স্থির করা যাইতে পারে না; ইহা অবশ্যই দোষাবহ; সুতরাং কখনই স্বীকার্য্য হইতে পারে না। না, এ কথাও বলা যাইতে পারে না; কারণ, আদ্য ও অন্তিম প্রত্যয়ের মধ্যে কিছুমাত্র বিশেষত্ব নাই, অর্থাৎ প্রথমোৎপন্ন বিদ্যা-প্রত্যয়-ধারা অথবা মরণকাল পর্য্যন্ত প্রবহমাণ বিদ্যা-প্রত্যয়ধারা অবিদ্যা-নিবর্ত্তক হইবে, এরূপ বিশেষ করিয়া বলিবার কোনও প্রয়োজন নাই; আদি ও অন্ত্য প্রত্যয় সম্বন্ধে পূর্ব্বে যে দুইটী দোষ কথিত হইয়াছে, এখানেও সেই দুইটী দোষেরই সম্ভাবনা আছে। ভাল কথা, এইরূপই যদি হয়, তাহা হইলে বলিব, জ্ঞান অবিদ্যার নিবর্ত্তকই নয়। না,—সে কথাও বলা যায় না; কারণ, 'তিনি সেই বিজ্ঞানের প্রভাবে সর্ব্বাত্মক হইয়াছিলেন', 'হৃদয়ের অবিদ্যাগ্রন্থি ছিন্ন হইয়া যায়', 'সে অবস্থায় আবার মোহই বা কি?' ইত্যাদি শ্রুতিই এ বিষয়ে প্রমাণ। ৩১

যদি বল, "তস্মাৎ তৎ সর্ব্বমভবৎ" ইত্যাদি শ্রুতি কেবল 'অর্থবাদ' মাত্র, অর্থাৎ ব্রহ্মবিদ্যার প্রশংসাত্মকমাত্র, কিন্তু প্রকৃত সত্যার্থপ্রকাশক নহে; না,

তাহা হইলে সর্ব্বশাখীয় সমস্ত উপনিষদেরই অর্থবাদত্ব হইতে পারে। কারণ, সর্ব্বশাখীয় সমস্ত উপনিষৎই কেবল এইরূপ তত্ত্ব প্রতিপাদন করিয়াই বিশ্রাম লাভ করিয়াছে। যদি বল, ঐ সমস্ত উপনিষদের প্রতিপাদ্য আত্মা যখন প্রত্যক্ষগম্য, তখন অর্থবাদ হয় হউক, ক্ষতি কি? না, সে কথাও বলিতে পার না; কারণ, এ কথার মীমাংসা পূর্ব্বেই কথিত হইয়াছে, অর্থাৎ বিদ্যাপ্রভাবে যে, অবিদ্যা-জনিত শোক-মোহ-ভয়াদির নিবৃত্তি হয়, ইহা প্রত্যক্ষ সিদ্ধ, অর্থাৎ বিদ্বদনুভবসিদ্ধ; সুতরাং এ বিষয়ে শ্রুতির অর্থবাদত্ব কল্পনা করা সঙ্গত হয় না; এ কথা পূর্ব্বেই বলা হইয়াছে। অতএব, অবিদ্যাদি-দোষনিবৃত্তিরূপ ফলোৎপাদনেই যখন বিদ্যার পরিসমাপ্তি, তখন জ্ঞান সম্বন্ধে আদ্য, অন্ত্য, সন্তত বা অসন্তত ইত্যাদি পরিকল্পনার অবসরই নাই। কারণ, যে প্রত্যয়ে অবিদ্যাদি দোষ-নিচয় নিবারিত হয়, তাহাকেই বিদ্যা বলিয়া স্বীকার করা হয়, এখন তাহা আদ্যই হউক, বা অন্ত্যই হউক, সন্ততই হউক, আর অসন্ততই হউক, সে সম্বন্ধে কোনও কথা নাই; সুতরাং এ বিষয়ে আপত্তিরও অবসর নাই। ৩২

আর যে, বিপরীত বুদ্ধি ও তদনুরূপ কার্য্যদর্শনরূপ অপর হেতু প্রদর্শিত হইয়াছে, তাহাও সঙ্গত হয় নাই; কারণ, প্রারব্ধ কর্ম্মশেষই ঐরূপ ব্যবহারের প্রবর্ত্তক, অর্থাৎ যে কর্ম্মানুসারে উপস্থিত দেহ আরব্ধ বা উৎপন্ন হইয়াছে, সেই কর্ম্মই ঐরূপ বিপরীত বুদ্ধি-দোষের সমুৎপাদক। বিপরীত বুদ্ধিসংযুক্ত তাদৃশ কর্ম্মেরই তদনুরূপ ফলপ্রদানে সামর্থ্য; এই কারণে, যে পর্য্যন্ত বর্ত্তমান শরীরের পতন না হয়, সেই পর্য্যন্ত কর্ম্মফলভোগেরই, অঙ্গরূপে অর্থাৎ কর্ম্মফল-ভোগের জন্য যে পরিমাণ দরকার, ঠিক সেই পরিমাণ ভ্রান্তিপ্রত্যয় ও রাগ-দ্বেষাদি দোষেরও উদ্ভাবন করিয়া থাকে; কারণ, ভোগের হেতুভূত কর্ম্মগুলি তখনও ফল দিয়া বিরত হয় নাই; সুতরাং ধনুর্ম্মুক্ত বাণের ন্যায় প্রারব্ধ শেষ না হওয়া পর্য্যন্ত তাহার বিরাম হইতে পারে না। এই জন্য, বিরুদ্ধ নয় বলিয়াই সমুৎপন্ন ব্রহ্মবিদ্যা তাদৃশ বিপরীত প্রত্যয়ের নিবারণ করে না, [বিরুদ্ধ স্থলেই বিদ্যা দ্বারা অবিদ্যা বাধিত হইয়া থাকে, অবিরুদ্ধ স্থলে নহে]; তবে, ভবিষ্যৎ-কালে জ্ঞানবিরোধী যে সমস্ত অবিদ্যা-কার্য্য সমুৎপন্ন হইবে, বিরুদ্ধস্বভাব বলিয়া কেবল সেই সমস্ত অজ্ঞানকার্য্যকেই নিরুদ্ধ করিয়া থাকে; কারণ, তাহা তখনও অনাগত; আর প্রারব্ধ হইল লব্ধোদয়; [সুতরাং তাহার আর নিবারণ করা সম্ভবপর হয় না] (১)। ৩৩

---

(১) তাৎপর্য্য—এখানে আশঙ্কা হইয়াছিল যে, ব্রহ্মবিদ্যা যখন প্রারব্ধ কর্ম্ম ও তৎফলের

আরও এক কথা, যথার্থ বিদ্যাসম্পন্ন ব্যক্তির বিপরীত বুদ্ধি হওয়া সম্ভবপরও হয় না; কেন না, সে সময় ঐরূপ জ্ঞানের কোনরূপ বিজ্ঞেয়-বিষয়ও বর্ত্তমান থাকে না। সাধারণতঃ যে বস্তু বিশিষ্টরূপে অবধারিত না হইয়া সামান্যাকারে পরিদৃষ্ট হয়, তাদৃশ বস্তুবিশেষকে অবলম্বন করিয়াই বিপরীত জ্ঞান সমুৎপন্ন হইয়া থাকে; যেমন—শুক্তিতে রজতজ্ঞান। এই কারণেই, যে ব্যক্তি বস্তুগত বিশেষ ধর্ম্ম অবধারণ করিতে সমর্থ হন,—বিপরীত জ্ঞানের সর্ব্বপ্রকার সংস্কার বিমর্দ্দিত করিতে পারেন, তাঁহার নিকট পূর্ব্ববৎ ভ্রান্তিজ্ঞান সমুৎপন্ন হওয়া কখনই সম্ভবপর হয় না; কেন না, শুক্তিজ্ঞানের পর তদ্বিষয়ে পুনর্ব্বার ভ্রান্তিজ্ঞান জন্মিতে দেখা যায় না; [সুতরাং বস্তুতত্ত্ববিৎ ব্যক্তির পক্ষে পুনর্ব্বার ভ্রান্তিসমুৎপত্তি অসম্ভব]। ৩৪

কোথাও বা, বিদ্যা-প্রাদুর্ভাবের পূর্ব্ববর্ত্তী বিপরীত-প্রতীতি হইতে সমুৎপন্ন সংস্কারসমূহ হইতেও বিপরীত-জ্ঞানাভাস (যাহা আপাততঃ বিপরীত জ্ঞান বলিয়া মনে হয়, বাস্তবিক পক্ষে কিন্তু সেগুলি স্মরণ মাত্র, সেই সমস্ত স্মরণাত্মক জ্ঞান) উৎপন্ন হইয়া হঠাৎ বিপরীত বুদ্ধি-ভ্রম জন্মাইয়া থাকে; যেমন, যে লোক পূর্ব্বাদি দিগ্বিভাগ জানে, তাহারই দিক্‌সম্বন্ধে ভ্রমাত্মক বিপরীত বুদ্ধি ঘটিয়া থাকে, [ইহাও তেমনি]। আর যদি যথার্থ তত্ত্বজ্ঞ লোকেরও পূর্ব্ববৎ বুদ্ধিবিভ্রম উৎপন্ন হয় বল, তাহা হইলে ত তত্ত্বজ্ঞানের উপরেই লোকের অবিশ্বাস উপস্থিত হইতে পারে! তাহার ফলে শাস্ত্রার্থজ্ঞানে লোক-প্রবৃত্তিরই ব্যাঘাত ঘটিতে পারে। বিশেষতঃ কোনটী প্রমাণ, আর কোন্‌টি অপ্রমাণ, ইহা নিশ্চয় করিবার বিশেষ কোন উপায় না থাকায় সমস্ত প্রমাণই অপ্রমাণমধ্যে পরিগণিত হইতে পারে। এই কথা দ্বারা 'তত্ত্বজ্ঞানলাভের পরক্ষণেই শরীরপাত হয় না কেন?' এই আপত্তিও খণ্ডিত হইল। ৩৫

নিবৃত্তি করিতে সমর্থ হয় না, তখন অনারব্ধ কর্ম্মেরও নিবৃত্তি করিতে পারে না; তদুত্তরে বলিতেছেন যে, যেখানে জ্ঞানের প্রতিকূলভাবে কর্ম্ম ও কর্ম্মফল উৎপন্ন হইবার সম্ভাবনা থাকে, জ্ঞান কেবল তাদৃশ ভবিষ্যৎকর্ম্ম ও কর্ম্মফলেরই বাধা ঘটাইয়া থাকে, কিন্তু যেখানে কর্ম্ম ও তৎফল জ্ঞানের অবিরোধী, অথচ পূর্ব্বোৎপন্ন, সেখানে জ্ঞান উৎপন্ন হইয়াও সে সমুদায়ের নিবৃত্তি করিতে পারে না। প্রারব্ধ কর্ম্মগুলি জ্ঞানোদয়ের পূর্ব্বেই ফল দিতে প্রবৃত্ত হইয়াছে, অথচ জ্ঞানের পরিপন্থীও নয়; সুতরাং ব্রহ্মজ্ঞান উৎপন্ন হইয়াও সেগুলির বাধা দিতে পারে না, পক্ষান্তরে, যে সমস্ত কর্ম্ম তখনও ফল দিতে আরম্ভ করে নাই, তাহাদের ফল জ্ঞানের বিরোধী, এই কারণে সেগুলিই জ্ঞান দ্বারা নিরুদ্ধ হয়।

'জ্ঞানীর ফলপ্রাপ্তি সম্বন্ধে কোন প্রকার বিঘ্নের সম্ভাবনা নাই', শ্রুতির এই কথা হইতে ইহাও প্রমাণিত হইতেছে যে, তত্ত্বজ্ঞানোদয়ের পূর্ব্বে, পরে ও তৎ-সমকালে জাত এবং জন্মান্তরসঞ্চিত যে সমস্ত কর্ম্ম তখনও ফল দিতে আরম্ভ করে নাই, সে সমুদয় কর্ম্মও বিনষ্ট হইয়া যায়। শ্রুতি বলিতেছেন—'ইহার (জ্ঞানীর) সমস্ত কর্ম্ম ক্ষয়প্রাপ্ত হয়', 'প্রারব্ধ কর্ম্ম ক্ষয় না হওয়া পর্য্যন্তই তাহার বিলম্ব', 'সমস্ত পাপ দগ্ধ হইয়া যায়', তাঁহাকে জানিলে পর আর পাপকর্ম্ম দ্বারা লিপ্ত হয় না', 'কেবল ইহাকেই পুণ্য ও পাপ আক্রমণ করিতে পারে না', 'পুণ্য ও পাপ তাহাকে তাপ দেয় না', 'ইহাকেই কেবল তাপ দেয় না', 'কোথা হইতেও ভীত হন না' ইত্যাদি। আর স্মৃতিশাস্ত্রও বলিতেছেন—'হে অর্জ্জুন, জ্ঞানরূপ অগ্নি সমস্ত কর্ম্ম ভস্মীভূত করে' ইত্যাদি॥ ৩৬

আর যে, জ্ঞানীরাও ঋণে আবদ্ধ থাকেন বলা হইয়াছে, তাহাও সঙ্গত হইতে পারে না; কারণ, ঋণশ্রুতির বিষয় হইতেছে—অবিদ্বান্ পুরুষ; কারণ, কর্তৃত্বাদি ধর্ম্ম তাহার সম্বন্ধেই উপপন্ন হয়। বিশেষতঃ এই উপনিষদেই পরে বলা হইবে যে, 'যে অবস্থায় ব্রহ্ম-বস্তু জীব হইতে পৃথক্‌ভাবাপন্নের ন্যায় হয়, তখনই একে অপরকে দর্শন করে'। ইহার অভিপ্রায় এই যে, যে অবিদ্যা বিদ্যমান থাকিলে জীব হইতে অনন্য বা অপৃথগ্‌ভূত আত্মানামক সদ্বস্তুটিকে পৃথক্ পদার্থের ন্যায় বোধ হয়,—যেমন তিমিররোগগ্রস্ত ব্যক্তির নিকট এক চন্দ্রও সদ্বিতীয়বৎ প্রতি-ভাত হয়; সেই অবস্থায়ই অবিদ্যাকৃত অনেক কারক-সাপেক্ষ দর্শনাদি ক্রিয়াও তজ্জনিত ফলের সম্ভাব—"তত্র অন্যোঽন্যং পশ্যেৎ" ইত্যাদি বাক্যে প্রদর্শন করিতেছে; পক্ষান্তরে, যখন বিদ্যার উদয় হয়, তখন অবিদ্যাকৃত অনেকত্বভ্রম নিবারিত হইয়া যায়, তদ্বিষয়েই 'কিসের দ্বারা কাহাকে দর্শন করিবে' এই বাক্যে ক্রিয়ার অসম্ভাবনা প্রদর্শন করিতেছে। অতএব, কর্ম্মাদির অনুষ্ঠান সম্ভবপর হয় বলিয়াই বুঝিতে হইবে যে, অবিদ্যাযুক্ত পুরুষই ঋণী, অপরে নহে। ৩৭

'তদ্‌যথা ইহৈব তাবৎ' ইত্যাদি। যে কোনও অব্রহ্মজ্ঞ পুরুষ অন্য—আত্ম-ভিন্ন, যে কোনও দেবতার উপাসনা করে, অর্থাৎ স্তুতি, নমস্কার, যাগ (গন্ধ-পুষ্পাদি দ্বারা পূজা), বলি-উপহার (নৈবেদ্য সমর্পণ), প্রণিধান (চিত্তের একাগ্রতা) ও ধ্যান প্রভৃতি দ্বারা নিকটে থাকে—সেই দেবতার গুণভাব বা অধীনতা অবলম্বনপূর্ব্বক বর্ত্তমান থাকে, অর্থাৎ আমার উপাস্য এই অনাত্মবস্তুটি আত্মা হইতে পৃথক্, উপাসনায় অধিকারী আমি হইতেছি—ইহা হইতে পৃথক্,

এবং আমাকে অধমর্ণের ন্যায় ইহার আরাধনা করিতে হইবে, এইরূপ বিশ্বাস সহকারে উপাসনা করে, ঈদৃশ জ্ঞানসম্পন্ন সেই উপাসক কিন্তু প্রকৃত তত্ত্ব জানে না। সেই ব্যক্তি যে, কেবল এবংবিধ অবিদ্যা-দোষেই কলুষিত, তাহা নহে; তবে কি? না, গবাদি পশু যেরূপ বাহন ও দোহনাদিরূপ উপকার সাধন করিয়া [গৃহস্থের] উপভুক্ত হইয়া থাকে, ঠিক সেইরূপ সেই উপাসকও যজ্ঞাদি কার্য্য দ্বারা এক এক দেবতার ভোগ সম্পাদন করিয়া থাকে; এই জন্য তাদৃশ পুরুষও পশুর ন্যায়ই সর্ব্বপ্রকার কর্ম্মে অধিকার লাভ করিয়া থাকে। ৩৮

বর্ণাশ্রমাদি-বিভাগসম্পন্ন কর্ম্মাধিকারী উক্ত অবিদ্বান পুরুষ শাস্ত্রোক্ত যে সমস্ত কর্ম্মের অনুষ্ঠান করেন, সে সমস্ত কর্ম্ম উপাসনাসহকৃতই হউক, আর তদ্বিযুক্তই হউক, তাহার উৎকৃষ্ট ফল হইতেছে- মনুষ্যত্ব হইতে আরম্ভ করিয়া ব্রহ্মত্বলাভ পর্য্যন্ত; আর শাস্ত্রোক্তের বিপরীত (অশাস্ত্রীয়) স্বাভাবিক কর্ম্মের অপকৃষ্ট ফল হইতেছে—মনুষ্যত্ব হইতে আরম্ভ করিয়া স্থাবরভাবপ্রাপ্তি পর্য্যন্ত। যাহাতে এই কথা প্রমাণিত হইতে পারে, তাহা এই অধ্যায়ের শেষাংশে "অথ ত্রয়ো বাব লোকাঃ" ইত্যাদি বাক্যে আমরা প্রতিপাদন করিব। বিদ্যার ফল যে, সর্ব্বাত্মভাবপ্রাপ্তি, তাহাও সংক্ষেপে প্রদর্শিত হইয়াছে; এই সম্পূর্ণ বৃহদারণ্যকোপনিষদ্‌টি বিদ্যা ও অবিদ্যার বিভাগপ্রদর্শনেই পরিসমাপ্ত হইয়াছে। যাহাতে ইহা সমগ্র শাস্ত্রের প্রতিপাদ্যার্থরূপে প্রমাণিত হইতে পারে, আমরা তাহা প্রদর্শন করিব। ৩৯

যেহেতু, এইরূপই শাস্ত্রার্থ নির্ণীত হইল, সেই হেতু দেবগণ অবিদ্বান্ পুরুষের প্রতি বিঘ্নাচরণ বা অনুগ্রহপ্রদর্শন করিতে অবশ্যই সমর্থ হন; ইহা প্রদর্শন করিবার উদ্দেশ্যে বলিতেছেন—জগতে গো, অশ্ব প্রভৃতি বহু পশু যেরূপ নিজের প্রভু বা রক্ষক মনুষ্যকে ভোগ করিয়া থাকে—পালন করিয়া থাকে, তদ্রূপ বহুপশু-স্থানীয় এক একটি অবিদ্বান্ পুরুষও দেবগণকে ভোগ করে অর্থাৎ পোষণ করে—এই ইন্দ্রাদি দেবগণ আমা হইতে পৃথক্, আমার প্রভু, আমি ভৃত্যের ন্যায় স্তুতি, নমস্কার ও যাগাদি কার্য্য দ্বারা ইঁহাদের আরাধনা করিয়া ইঁহাদেরই অনুগ্রহপ্রদত্ত অভ্যুদয় (স্বর্গাদি) ও নিঃশ্রেয়স (মুক্তি) ফল লাভ করিব, এইরূপ মনে করিয়া থাকে। এখানে "দেবানাং" এই দেবতাশব্দটি পিতৃগণপ্রভৃতিরও বোধক; [সুতরাং মনুষ্যগণ যেমন দেবতার ভোগ্য, তেমনি পিত্রাদিরও ভোগ্য]। ৪০

জগতে যাহার বহু পশু আছে, তাহার একটি পশু গৃহীত হইলেও অর্থাৎ ব্যাঘ্রাদিকর্ত্তৃক অপহৃত বা নিহত হইবার মত হইলেও যেমন অত্যন্ত অপ্রিয় (দুঃখ)

উপস্থিত হয়, তেমনি বহুপশুস্থানীয় একটি পুরুষ পশুভাব হইতে অর্থাৎ অবিদ্যাবস্থা হইতে উত্থান করিবার উদ্‌যোগ করিতে থাকিলে, বহু পশু অপহরণে গৃহস্থের যেমন দুঃখ হয়, তেমনি দেবগণেরও যে, মহা দুঃখ (অপ্রিয়) হইবে, ইহা আর বিচিত্র কি ? সেই হেতু ইহাদের তাহা প্রিয় নয় ; তাহা কি ? না, মনুষ্যগণ যে, কোন প্রকারেও এই ব্রহ্মাত্ম-তত্ত্ব জানিতে পারে ; [ইহা দেবগণের প্রিয় নহে]। অনুগীতাগ্রন্থে ভগবান্ বেদব্যাসও এইরূপই স্মরণ (১) করিয়াছেন,—'হে কৌন্তেয় (অর্জ্জুন), ক্রিয়াধিকৃত পুরুষ দ্বারা দেবলোক পরিপূর্ণ হইয়া রহিয়াছে ; মরণশীল মানবগণ যে, দেবগণেরও উপরে থাকে, ইহা তাঁহাদের অভিপ্রেত নহে' ; অতএব, পশুগণকে যেরূপ ব্যাঘ্রাদির নিকট হইতে রক্ষা করিয়া থাকে, তদ্রূপ মনুষ্যগণ আমাদের উপভোগ্যভাব হইতে মুক্ত না হউক, এই মনে করিয়া দেবগণও তাহাদের ব্রহ্মবিজ্ঞানে বিঘ্নাচরণ করিয়া থাকেন ; আবার যাহাকে বিমুক্ত করিতে ইচ্ছা করেন, তাহাকে শ্রদ্ধাদিসাধনের সহিত সংযোজিত করেন, অপরকে অশ্রদ্ধাদির সহিত সংযোজিত করেন । এই 'দেবাপ্রিয়' শ্রুতিবাক্যে কাকু দ্বারা (ভঙ্গিক্রমে) (২) ইহাই জ্ঞাপন করিলেন যে, অতএব মুমুক্ষু ব্যক্তি দেবতার আরাধনায় তৎপর, শ্রদ্ধাভক্তিসম্পন্ন, বিনীত ও প্রমাদহীন (সাবধান) হইবেন, (কখনও তদ্বিপরীত হইবেন না) ॥ ৪৭ ॥ ১০ ॥

আভাস-ভাষ্যম্ ।—সূত্রিতঃ শাস্ত্রার্থঃ—"আত্মেত্যেবোপাসীত" ইতি ; তস্য চ ব্যাচিখ্যাসিতস্য সার্থবাদেন "তদাহুর্যদ্‌ব্রহ্মবিদ্যয়া" ইত্যাদিনা সম্বন্ধ-প্রয়োজনে অভিহিতে ; অবিদ্যায়াশ্চ সংসারাধিকারকারণত্বমুক্তম্—"অথ যোঽন্যাং

---

(১) তাৎপর্য্য—এখানে 'স্মরণ' বলিবার অভিপ্রায় এই যে, যাহা দেখিলে বেদার্থ স্মরণ হয়, অথবা বেদার্থ স্মরণপূর্ব্বক যাহা রচিত হইয়াছে, তাহার নাম 'স্মৃতি'-শাস্ত্র। ঋষিগণ জটিল বেদার্থকে সরল করিয়া বুঝাইবার নিমিত্ত স্মৃতিশাস্ত্র রচনা করিয়াছেন ; সুতরাং স্মৃতিশাস্ত্রের উপদেশ দেখিলেই তদনুরূপ বেদবাক্যের স্মরণ হইয়া থাকে ; এইজন্য 'স্মরণ' কথাটীও স্মৃতিশাস্ত্রকেই বুঝায় । আলোচ্যস্থলে ব্যাসের স্মরণ বলিবার উদ্দেশ্য এই যে, ব্যাসদেব যখন স্বরচিত স্মৃতিশাস্ত্রের মধ্যে "ক্রিয়াবদ্ভিঃ" ইত্যাদি বাক্য বিন্যস্ত করিয়াছেন, তখন তিনি নিশ্চয়ই শ্রুতি হইতেই ঐ ভাব সংগ্রহ করিয়াছেন, এরূপ অনুমান করা যাইতে পারে ; সুতরাং তাঁহার কথাতেও এই শ্রুতির ঐরূপ অর্থ ই পরিস্ফুট হইতেছে বুঝিতে হইবে ।

(২) তাৎপর্য্য—'কাকু' অর্থ—স্বরবিকৃতি ; 'কাকুঃ স্ত্রিয়াং বিকারো যঃ শোকভীত্যাদিভির্ধ্বনেঃ।" (অমরঃ)। অর্থাৎ শোকভয়াদি কারণে যে, ধ্বনির (কণ্ঠস্বরের) বিকৃতি, তাহার নাম কাকু । শ্রুতি যদিও স্পষ্ট কথায় মুমুক্ষুর পক্ষে শ্রদ্ধাভক্তিসাধনার কথা বলেন নাই বটে ; কিন্তু তাঁহার বাক্যভঙ্গীতে ঐরূপ অভিপ্রায়ই বুঝা যাইতেছে ।

দেবতামুপাস্তে" ইত্যাদিনা। তত্রাবিদ্বান্ ঋণী পশুবদ্দেবাদিকর্ম্মকর্ত্তব্যতয়া পরতন্ত্র ইত্যুক্তম্। কিং পুনর্দ্দেবাদিকর্ম্মকর্ত্তব্যত্বে নিমিত্তম্? বর্ণা আশ্রমাশ্চ; তত্র কে বর্ণাঃ? ইত্যত ইদমারভ্যতে—যন্নিমিত্ত-সম্বন্ধেষু কর্ম্মসু অয়ং পরতন্ত্র এবাধিকৃতঃ সংসরতি। এতস্যৈবার্থস্য প্রদর্শনায় অগ্নিসর্গানন্তরমিন্দ্রাদিসর্গো নোক্তঃ; অগ্নেস্তু সর্গঃ প্রজাপতেঃ সৃষ্টিপরিপূরণায় প্রদর্শিতঃ। অয়ঞ্চেন্দ্রাদিসর্গস্তত্রৈব দ্রষ্টব্যঃ, তচ্ছেষত্বাৎ; ইহ তু স এবাভিধীয়তে অবিদুষঃ কর্ম্মাধিকারহেতুপ্রদর্শনায়।

টীকা। সঙ্গতিমুক্ত্বা বাক্যমাদায় ব্যাচেষ্টে—ব্রহ্মেতি। অগ্রে ক্ষত্রাদিসর্গাৎ পূর্ব্বমিতি যাবৎ। বৈ-শব্দস্যাবধারণার্থত্বং বদন্ বাক্যার্থোক্তিপূর্ব্বকমেকমিত্যস্যার্থমাহ—ইদমিতি।

আভাস ভাষ্যানুবাদ।—উপনিষৎ-শাস্ত্রের যাহা প্রকৃত অর্থ, তাহা- "আত্মেত্যেবোপাসীত" শ্রুতিতে সংক্ষেপে উক্ত হইয়াছে; তাহারই ব্যাখ্যা করিবার অভিপ্রায়ে অর্থবাদযুক্ত "তদাহুঃ যদ্‌ব্রহ্মবিদ্যয়া" ইত্যাদি বাক্যে সম্বন্ধ ও প্রয়োজন অভিহিত হইয়াছে। তাহার পর, অবিদ্যাই যে, সংসারপ্রাপ্তির মূল কারণ, তাহাও "অথ যোঽন্যাং দেবতামুপাস্তে" ইত্যাদি শ্রুতিতে কথিত হইয়াছে। সেখানে এ কথাও বলা হইয়াছে যে, অবিদ্বান্ পুরুষ ঋণগ্রস্ত—দেবাদির কার্য্যসম্পাদনে বাধ্য বলিয়া পশুর ন্যায় পরাধীন। এখন জিজ্ঞাস্য হইতেছে যে, দেবাদির কর্ম্ম যে অবশ্যই করিতে হইবে, তাহার কারণ কি? কারণ—বর্ণ ও আশ্রম। তন্মধ্যে এই অবিদ্বান্ পুরুষ যেই ব্রাহ্মণাদি বর্ণরূপ নিমিত্তের সহিত সংসৃষ্ট কর্ম্মে অধিকার প্রাপ্ত হইয়া পরাধীনভাবে সংসারী হইয়া থাকে; সেই বর্ণ কি কি, তাহা নিরূপণের নিমিত্ত এই পরবর্ত্তী বাক্য আরব্ধ হইতেছে। আর এই বিষয়টি পৃথগ্‌ভাবে প্রদর্শন করিবেন বলিয়াই পূর্ব্বে অগ্নিসৃষ্টির পর, ইন্দ্রাদি দেবসৃষ্টির কথা বর্ণনা করেন নাই; সেখানে কেবল প্রজাপতির সৃষ্টিক্রম পরিপূরণের জন্য অগ্নিসৃষ্টির কথামাত্র বলিয়াছেন। অত্রত্য ইন্দ্রাদিসৃষ্টিও সেখানেই (প্রজাপতির সৃষ্টিমধ্যেই সন্নিবিষ্ট) বুঝিতে হইবে; কারণ, ইহা হইতেছে—তাহারই শেষ বা অবশিষ্ট অংশ; এখানে কেবল অবিদ্বানের কর্ম্মাধিকারের নিমিত্ত-প্রদর্শনার্থ পৃথগ্‌ভাবে অভিহিত হইতেছে মাত্র।

ব্রহ্ম বা ইদমগ্র আসীদেকমেব, তদেকং সন্ন ব্যভবৎ। তচ্ছ্রেয়োরূপমত্যসৃজত ক্ষত্রম্—যান্যেতানি দেবত্রা ক্ষত্রাণীন্দ্রো বরুণঃ সোমো রুদ্রঃ পর্জ্জন্যো যমো মৃত্যুরীশান ইতি। তস্মাৎ

ক্ষত্রাৎ পরং নাস্তি, তস্মাদ্‌ব্রাহ্মণঃ ক্ষত্রিয়মধস্তাদুপাস্তে রাজসূয়ে, ক্ষত্র এব তদ্‌যশো দধাতি, সৈষা ক্ষত্রস্য যোনির্যদ্ ব্রহ্ম ।

তস্মাদ্ যদ্যপি রাজা পরমতাং গচ্ছতি ব্রহ্মৈবান্তত উপনিশ্রয়তি স্বাং যোনিম্, য উ এনং হিনস্তি স্বাং স যোনিমৃচ্ছতি, স পাপীয়ান্ ভবতি, যথা শ্রেয়াংসং হিংসিত্বা ॥ ৪৮ ॥ ১১ ॥

সরলার্থঃ।—অগ্রে (সৃষ্টেঃ প্রাক্) ইদং (ক্ষত্রাদি-ভেদজাতম্) একং ব্রহ্ম এব বৈ (প্রসিদ্ধৌ) আসীৎ। তৎ (ব্রহ্ম) একং (অসহায়ং সৎ) ন ব্যভবৎ [আত্মনঃ কর্ত্তব্যং সম্পাদয়িতুং] (অসমর্থমভবৎ)। তৎ (তস্মাৎ) শ্রেয়োরূপং (প্রকৃষ্টং শ্রেয়স্করং) ক্ষত্রং (ক্ষত্রিয়জাতিং) অত্যসৃজত (সৃষ্টবৎ); [কিং তৎ ক্ষত্রম্? ইত্যাহ—] যানি এতানি (অনন্তরোক্তানি) দেবত্রা (দেবেষু প্রসিদ্ধানি) ক্ষত্রাণি—ইন্দ্রঃ (দেবরাজঃ), বরুণঃ (জলাধিপতিঃ), সোমঃ (ব্রাহ্মণানাং রাজা), রুদ্রঃ (পশূনাং রাজা), পর্জ্জন্যঃ (বিদ্যুদাদীনাং রাজা), যমঃ (পিতৃণাং রাজা), মৃত্যুঃ (রোগাদীনাং রাজা), ঈশানঃ (জ্যোতিষাং রাজা) ইতি (এতানি)। তস্মাৎ (প্রথমমেব ক্ষত্রসর্জ্জনাৎ হেতোঃ) ক্ষত্রাৎ (ক্ষত্রজাতেঃ) পরঃ (উৎকৃষ্টঃ) নাস্তি ; তস্মাৎ (ক্ষত্রজাতেঃ পরমোৎকর্ষাদেব) ব্রাহ্মণঃ [বর্ণশ্রেষ্ঠোঽপি সন্] রাজসূয়ে (তন্নামকে যজ্ঞে) অধস্তাৎ (ক্ষত্রিয়াসনাৎ নিম্নদেশে বর্ত্তমানঃ সন্) ক্ষত্রিয়ম্ উপাস্তে (স্তুত্যা আরাধয়তি); ক্ষত্রঃ এব তৎ (স্বকীয়ং) যশঃ (ব্রহ্মেতি খ্যাতিরূপম্) দধাতি, [রাজসূয়ে অভিষিক্তেন রাজ্ঞা ব্রহ্মন্নিতি আমন্ত্রিত ঋত্বিক্ পুনস্তং প্রতিবদতি—রাজন্ ত্বং ব্রহ্মাসীতি; এতদেব যশআধানমিতি ভাবঃ]। সা এষা (প্রকৃতা) ক্ষত্রস্য যোনিঃ (কারণং)—যৎ ব্রহ্ম (ব্রাহ্মণঃ); তস্মাৎ (ক্ষত্রিয়স্য ব্রাহ্মণযোনিত্বাদেব হেতোঃ) রাজা (ক্ষত্রিয়ঃ) যদ্যপি (সম্ভাবনায়াম্) পরমতাং (রাজসূয়ে পরমোৎকর্ষং) গচ্ছতি ; [তথাপি] অন্ততঃ (অন্তে—রাজসূয়কর্ম্মসমাপ্তেঃ পরম্), স্বাং (স্বকীয়াং) যোনিং (কারণরূপং) ব্রহ্ম এব উপনিশ্রয়তি (আশ্রয়তি—পুরোহিতম্ অগ্রে স্থাপয়তীতি যাবৎ)। যঃ উ (যঃ পুনঃ) স্বাং যোনিং এনং (ব্রাহ্মণং) হিনস্তি (অবজানাতি), সঃ (হিংসাকারী জনঃ) স্বাং যোনিম্ এব ঋচ্ছতি (স্বকারণমেব বিনাশয়তি); সঃ (হিংসাকারী জনঃ) পাপীয়ান্ (অতিশয়েন পাপী ভবতি), যথা শ্রেয়াংসং (অত্যুৎকৃষ্টং) হিংসিত্বা [ভবতি, তথা ইত্যর্থঃ] ॥ ৪৮ ॥ ১১ ॥

মূলানুবাদ।—সৃষ্টির পূর্ব্বে এই জগৎ একমাত্র ব্রহ্মস্বরূপ ছিল। তিনি একাকী [কর্ম্মসম্পাদন করিতে] সমর্থ হইলেন না; তিনি উত্তম শ্রেয়স্কর ক্ষত্রিয়-জাতি সৃষ্টি করিলেন—যাহারা দেবগণের মধ্যে প্রসিদ্ধ ক্ষত্রিয়—এই ইন্দ্র, বরুণ, সোম, রুদ্র, পর্জ্জন্য, যম, মৃত্যু ও ঈশান। অতএব ক্ষত্রিয় অপেক্ষা আর শ্রেষ্ঠ নাই; এই কারণেই 'রাজসূয়' যজ্ঞে ব্রাহ্মণ নিজে নীচে বসিয়া উপরিস্থিত ক্ষত্রিয়ের আরাধনা করিয়া থাকেন; ক্ষত্রিয়ই সেই যশঃ (ব্রাহ্মণত্বখ্যাতি) প্রদান করেন: ইহাই সেই ক্ষত্রিয়ের যোনি, অর্থাৎ যশঃপ্রাপ্তির কারণ,—যাহা ব্রহ্ম (ব্রাহ্মণ জাতি)। অতএব ক্ষত্রিয় জাতি যদি [রাজসূয়ে] পরমোৎকর্ষ প্রাপ্ত হন, তথাপি অন্তে অর্থাৎ যজ্ঞ-সমাপ্তির পর পুনর্ব্বার স্বযোনি ব্রাহ্মণকেই আশ্রয় করেন,—অগ্রে স্থাপন করেন। যে লোক এই ব্রাহ্মণের হিংসা বা অবমাননা করেন, ফলতঃ তিনি স্বকারণেরই উচ্ছেদসাধন করেন; এবং তজ্জন্য তিনি অতিশয় পাপী হন—যেমন অন্যান্য শ্রেষ্ঠ বস্তু হিংসা করিয়া হইয়া থাকে, [তেমনি] ॥ ৪৮ ॥ ১১ ॥

শাঙ্করভাষ্যম্।—ব্রহ্ম বা ইদমগ্র আসীৎ—যদগ্নিং সৃষ্ট্বাগ্নিরূপাপন্নং ব্রহ্ম—ব্রাহ্মণজাত্যভিমানাদ্ ব্রহ্মেত্যভিধীয়তে—বৈ, ইদং ক্ষত্রাদিজাতং ব্রহ্মৈব, অভিন্নমাসীদ্, একমেব—নাসীৎ ক্ষত্রাদিভেদঃ। তৎ ব্রহ্ম এক৲ ক্ষত্রাদি-পরিপালয়িত্রাদিশূন্য৲ সৎ, ন ব্যভবৎ ন বিভূতবৎ কর্ম্মণে নালমাসীদিত্যর্থঃ। ততস্তদ্ ব্রহ্ম—ব্রাহ্মণোঽস্মি, মমেত্থং কর্ত্তব্যম্' ইতি ব্রাহ্মণজাতিনিমিত্তং কর্ম্ম চিকীর্ষুঃ আত্মনঃ কর্ম্মকর্ত্তৃত্ববিভূত্যৈ, শ্রেয়োরূপং প্রশস্তরূপম্ অত্যসৃজত অতিশয়েন অসৃজত সৃষ্টবৎ। কিং পুনস্তৎ, যৎ সৃষ্টম্? ক্ষত্রং ক্ষত্রিয়জাতিঃ তদ্ব্যক্তিভেদেন—যান্যেতানি প্রসিদ্ধানি লোকে, দেবত্রা দেবেষু ক্ষত্রাণীতি—জাত্যাখ্যায়াং পক্ষে বহুবচনস্মরণাৎ ব্যক্তিবহুত্বাদ্বা ভেদোপচারেণ। ১

কানি পুনস্তানীত্যাহ—তত্রাভিষিক্তা এব বিশেষতো নির্দ্দিশ্যন্তে—ইন্দ্রো দেবানাং রাজা, বরুণো যাদসাম্, সোমো ব্রাহ্মণানাম্, রুদ্রঃ পশূনাম্, পর্জ্জন্যো বিদ্যুদাদীনাম্, যমঃ পিতৄণাম্, মৃত্যুঃ রোগাদীনাম্, ঈশানো ভাসাম্, ইত্যেবমাদীনি দেবেষু ক্ষত্রাণি। তদনু ইন্দ্রাদিক্ষত্রদেবতাধিষ্ঠিতানি মনুষ্যক্ষত্রাণি সোম-সূর্য্য-বংশ্যানি পুরূরবঃপ্রভৃতীনি সৃষ্টান্যেব দ্রষ্টব্যানি; তদর্থ এব হি দেবক্ষত্রসর্গঃ প্রস্তুতঃ। ২

যস্মাদ্ ব্রহ্মণা অতিশয়েন সৃষ্টং ক্ষত্রম্, তস্মাৎ ক্ষত্রাৎ পরং নাস্তি—ব্রাহ্মণজাতেরপি নিয়ন্তৃ; তস্মাদ্ ব্রাহ্মণঃ কারণভূতোঽপি ক্ষত্রিয়স্য, ক্ষত্রিয়ম্ অধস্তাৎ ব্যবস্থিতঃ সন্ উপরিস্থিতমুপাস্তে,—ক? রাজসূয়ে। ক্ষত্র এব তদাত্মীয়ং যশঃ খ্যাতিরূপং—ব্রহ্মেতি দধাতি স্থাপয়তি। রাজসূয়াভিষিক্তেন আসন্দ্যাং স্থিতেন রাজ্ঞা আমন্ত্রিতঃ—ব্রহ্মন্নিতি ঋত্বিক্ পুনস্তং প্রত্যাহ—ত্বং রাজন্ ব্রহ্মাসীতি। তদেতদভিধীয়তে—ক্ষত্র এব তদ্‌যশো দধাতীতি। ৩

সৈষা প্রকৃতা ক্ষত্রস্য যোনিরেব, যদ্ ব্রহ্ম। তস্মাদ্ যদ্যপি রাজা পরমতাং রাজসূয়াভিষেকগুণং গচ্ছতি আপ্নোতি, ব্রহ্মৈব ব্রাহ্মণজাতিমেব অন্ততঃ অন্তে কর্ম্মপরিসমাপ্তৌ, উপনিশ্রয়তি আশ্রয়তি স্বাং যোনিং—পুরোহিতং পুরো নিধত্ত-ইত্যর্থঃ। যস্তু পুনর্ব্বলাভিমানাৎ স্বাং যোনিং ব্রাহ্মণজাতিং ব্রাহ্মণং য উ এনং হিনস্তি ন্যগ্‌ভাবেন পশ্যতি, স্বামাত্মীয়ামেব স যোনিমৃচ্ছতি—স্বং প্রসবং বিচ্ছিনত্তি বিনাশয়তি। স এতৎ কৃত্বা পাপীয়ান্ পাপতরো ভবতি; পূর্ব্বমপি ক্ষত্রিয়ঃ পাপ এব ক্রূরত্বাৎ, আত্মপ্রসবহিংসয়া সুতরাম্; যথা লোকে শ্রেয়াংসং প্রশস্ততরং হিংসিত্বা পরিভূয় পাপতরো ভবতি, তদ্বৎ॥ ৪৪। ১১॥

টীকা। দ্বিতীয়মেবকারং ব্যাচষ্টে—নাসীদিতি। কথং তর্হি তস্য কর্ম্মানুষ্ঠানসামর্থ্যসিদ্ধিরিত্যাশঙ্ক্য সমনন্তরবাক্যং ব্যাচষ্টে—তত ইতি। তদেব স্পষ্টয়াকাঙ্ক্ষাদ্বারা স্পষ্টয়তি—কিং পুনরিতি। একা চেৎ ক্ষত্রজাতিঃ সৃষ্টা, কথং তর্হি যান্যেতানীতি বহুক্তিরিত্যাশঙ্ক্যাহ—তদ্ব্যক্তিভেদেনেতি। ক্ষত্রজাতেরেকত্বাৎ কথং ক্ষত্রাণীতি বহুবচনমিত্যাশঙ্ক্য 'জাত্যাখ্যায়ামেকস্মিন্ বহুবচনমন্যতরস্যাম্' (পা॰ সূ॰ ১।২।৫৮) ইতি স্মৃতিমাশ্রিত্যাহ—জাতীতি। বহুক্তের্গত্যন্তরমাহ—ব্যক্তীতি। তাসাং বহুত্বাজ্জাতেশ্চ তদভেদাৎ তত্রাপি ভেদমুপচর্য্য বহুক্তিরিত্যর্থঃ। ক্ষত্রাণীতি বহুবচনমিতি সম্বন্ধঃ। ১

তেষাং বিশেষতো গ্রহণং ক্ষত্রস্যোত্তমত্বং খ্যাপয়িতুমিতি মত্বানঃ সন্নাহ—কানি পুনরিত্যাদিনা। ননু কিমিতি দেবেষু ক্ষত্রসৃষ্টিরুচ্যতে? ব্রাহ্মণস্য কর্ম্মানুষ্ঠানসামর্থ্যসিদ্ধ্যর্থং মনুষ্যেষ্বেব তৎসৃষ্টিরুপদেষ্টব্যেত্যাশঙ্ক্যাহ—তদর্থমিতি। তথাপি বিবক্ষিতা সৃষ্টির্মুখতো বক্তব্যেত্যাশঙ্ক্যোপোদ্‌ঘাতোঽয়মিত্যাহ—তদর্থ ইতি। ২

তস্মাদিত্যাদি ব্যাচষ্টে—যস্মাদিতি। ক্ষত্রস্য নিয়ন্তৃত্বদ্বয়ংকর্ষে হেত্বন্তরমাহ—তস্মাদিতি। ব্রহ্মেতি প্রসিদ্ধং ব্রাহ্মণ্যাখ্যমিতি যাবৎ। উক্তমেব প্রপঞ্চয়তি—রাজসূয়েতি। আসন্দ্যাং মঞ্চিকায়াম্।

ক্ষত্রে স্বকীয়ং যশঃ সমর্পয়তো ব্রাহ্মণস্য নিকর্ষমাশঙ্ক্যাহ—সৈষেতি। তয়োর্ব্রাহ্মণত্বস্য তুল্যত্বাৎ কুতোঽবান্তরভেদঃ ক্ষত্রমপি ক্রতুকালে ব্রাহ্মণ্যং প্রাপ্নোতীত্যাশঙ্ক্যাহ—তস্মাদিতি। ক্ষত্রস্য ব্রহ্মাভিভবে দোষশ্রবণাচ্চ তস্য তদপেক্ষয়া তদ্গুণত্বমিত্যাহ—যস্ত্বিতি। প্রমাদাদপীতি বক্তুং 'উ'শব্দঃ। য উ এনং হিনস্তীতি প্রতীকগ্রহণং, যস্তু পুনরিত্যাদি ব্যাখ্যানমিতি ভেদঃ।

ঈয়সুনন্তরবর্থস্ত প্রয়োগে হেতুমাহ—পূর্ব্বমপীতি। ব্রাহ্মণাভিভবে পাপীয়স্ত্বমিত্যেতদুদাহরণেন বুদ্ধাবারোপয়তি—যথেতি ॥ ৪৮ ॥ ১১ ॥

ভাষ্যানুবাদ।—"ব্রহ্ম বা ইদমগ্র আসীৎ" ইত্যাদি। যে ব্রহ্ম অগ্নি-সৃষ্টির পর অগ্নিভাবাপন্ন এবং ব্রাহ্মণ-জাত্যভিমান নিবন্ধন ব্রহ্ম-নামে অভিহিত এই ক্ষত্রিয়াদি জাতিসমূহ [অগ্রে] একমাত্র সেই ব্রহ্মই—ব্রহ্মের সহিত অভিন্ন-রূপই ছিল,—ক্ষত্রিয়াদি বিভাগ ছিল না। সেই ব্রহ্ম একাকী—পরিপালনক্ষম ক্ষত্রিয়াদিরহিত হইয়া থাকিতে সমর্থ হইলেন না, অর্থাৎ কর্ম্মসম্পাদনে সমর্থ হইলেন না। সেই কারণে, সেই ব্রহ্ম—'আমি ব্রাহ্মণ, আমার পক্ষে এইরূপ কর্ম্ম করা আবশ্যক' এইরূপ চিন্তার পর ব্রাহ্মণজাত্যুচিত কর্ম্ম করিতে ইচ্ছুক হইয়া, আপনার কর্ত্তব্য কর্ম্মে কর্তৃত্ব রক্ষার নিমিত্ত শ্রেয়োরূপ—একটী সুপ্রশস্ত জাতি উত্তমরূপে সৃষ্টি করিলেন। তিনি যাহা সৃষ্টি করিলেন, সেই শ্রেয়োরূপ বস্তুটি কি? না, ক্ষত্র—ক্ষত্রিয়জাতি; তাহাই বিভিন্ন ব্যক্তিক্রমে দেখাইতেছেন—জগতে এই যে, দেবগণের মধ্যে প্রসিদ্ধ ক্ষত্রিয়গণ। জাতিনির্দ্দেশস্থলে একেতেও বৈকল্পিক বহুবচন হইবার বিধান থাকায়, অথবা ব্যক্তিভেদে একেতেও ভেদ আরোপ করায় 'ক্ষত্রাণি' শব্দে বহুবচন হইয়াছে। অভিপ্রায় এই যে, ইন্দ্রাদি-বরুণাদির ব্যক্তি-গত বহুত্বের সহিত তদীয় ক্ষত্রিয়জাতিরও অভিন্নত্ব আরোপ করায় এখানে বহুবচনের ব্যবহার অনুচিত হয় নাই। ১

তাহারা কে কে? এই আকাঙ্ক্ষায়, তাহাদের মধ্যে যাহারা অভিষিক্ত ক্ষত্রিয়, বিশেষভাবে তাহাদিগকেই নির্দ্দেশ করিতেছেন—দেবগণের রাজা—ইন্দ্র, জলজন্তুর রাজা—বরুণ, ব্রাহ্মণগণের রাজা—সোম, পশুগণের রাজা—রুদ্র, বিদ্যুৎপ্রভৃতির রাজা—পর্জ্জন্য, পিতৃগণের রাজা—যম, রোগাদির রাজা—মৃত্যু ও জ্যোতিঃসমূহের রাজা—ঈশান, ইত্যাদি দেবক্ষত্রিয়গণকে [সৃষ্টি করিয়াছিলেন]। বুঝিতে হইবে, এই দেবক্ষত্রিয়সৃষ্টির পরে, ইন্দ্রপ্রভৃতি ক্ষত্রিয়দেবতাধিষ্ঠিত চন্দ্র-সূর্য্যবংশীয় পুরূরবাপ্রভৃতি মনুষ্য-ক্ষত্রিয়ের সৃষ্টি হইয়াছে এবং ইহার জন্যই এখানে দেবক্ষত্রিয়সৃষ্টির অবতারণা করা হইয়াছে।

যেহেতু, ব্রহ্ম বিশেষ গুণযোগে ক্ষত্রিয়ের সৃষ্টি করিয়াছিলেন, সেই হেতু ক্ষত্রিয় ভিন্ন আর কেহই ব্রাহ্মণ-জাতিরও নিয়ন্তা বা পরিচালক নাই; এই কারণেই ব্রাহ্মণগণ ক্ষত্রিয়জাতির কারণ-স্বরূপ হইয়াও ক্ষত্রিয়ের নীচে অবস্থান করত উপরি-স্থিত ক্ষত্রিয়ের উপাসনা করিয়া থাকেন; কোথায়?—রাজসূয়নামক যজ্ঞে। ক্ষত্রিয়ই আপনার যশঃ অর্থাৎ ব্রাহ্মণ্যখ্যাতি স্থাপন করেন,—রাজসূয় যজ্ঞে অভি-

বিক্ত রাজা মঞ্চোপরি উপবিষ্ট হইয়া ঋত্বিক্‌কে (পুরোহিতকে) 'ব্রহ্মন্' বলিয়া সম্বোধন করেন; তদুত্তরে ঋত্বিক্ আবার রাজাকে বলেন যে, 'রাজন্ ত্বং ব্রহ্ম অসি' অর্থাৎ হে রাজন্, তুমি হইতেছ—ব্রহ্ম; এই অভিপ্রায়েই "ক্ষত্র এব তদ্‌যশো দধাতি" বাক্য অভিহিত হইতেছে। ৩

এই যে ব্রহ্ম, ইহাই ক্ষত্রিয়ের যোনি (উৎপত্তির কারণ); সেই হেতু রাজা যদিও পরমতা—রাজসূয়াভিষেকজাত পরম উৎকর্ষ প্রাপ্ত হউক, তথাপি অন্তে অর্থাৎ রাজসূয় যজ্ঞসমাপ্তির পরে কিন্তু স্ব-যোনি ব্রহ্মকেই—ব্রাহ্মণজাতিকেই আশ্রয় করেন, অর্থাৎ সেই পুরোহিতকেই আবার অগ্রভাগে স্থাপন করিয়া থাকেন। পক্ষান্তরে, যে লোক আপনার বলদর্পে এই স্বযোনি ব্রাহ্মণজাতিকেই হিংসা করে, অর্থাৎ অবজ্ঞার ভাবে দর্শন করে, সে লোক স্বীয় যোনিকে—নিজের উৎপত্তিকারণকেই বিচ্ছিন্ন করে—বিনষ্ট করে। সেই ব্যক্তি এইরূপ কার্য্য করিয়া পাপীয়ান্—অতিশয় পাপগ্রস্ত হয়। ক্ষত্রিয়জাতি ক্রূরস্বভাব বলিয়া পূর্ব্বেও নিশ্চয়ই পাপী ছিল, পরে আপনার উৎপত্তিকারণ ব্রাহ্মণের প্রতি হিংসা করায় আরও অধিক পাপী হয়। জগতে কোনও শ্রেষ্ঠ বা প্রশংসিত ব্যক্তিকে হিংসা করিয়া—অভিভূত করিয়া লোক মধ্যে যেরূপ অধিকতর পাপী হইয়া থাকে, ইহাও তদ্রূপ ॥ ৮॥১৯

স নৈব ব্যভবৎ, স বিশমসৃজত—যান্যেতানি দেবজাতানি গণশ আখ্যায়ন্তে—বসবো রুদ্রা আদিত্যা বিশ্বে দেবা মরুত ইতি ॥ ৪৯ ॥ ১২ ॥

সরলার্থঃ।—সঃ (ব্রাহ্মণঃ) ন এব ব্যভবৎ (ক্ষত্রসৃষ্টাবপি স্বকর্ম্মণে সমর্থো নৈব বভূব); [অতঃ] সঃ বিশং (বিত্তোপার্জ্জনক্ষমাং বৈশ্যজাতিং) অসৃজত—যানি এতানি দেবজাতানি (যে এতে দেবজাতিবিশেষাঃ) গণশঃ (সংঘক্রমেণ) আখ্যায়ন্তে (কথ্যন্তে)—বসবঃ (অষ্টসংখ্যাকঃ বসুগণঃ), রুদ্রাঃ (একাদশ-সংখ্যকাঃ), আদিত্যাঃ (দ্বাদশসংখ্যাকাঃ), বিশ্বে দেবাঃ (বিশ্বায়া অপত্যানি ত্রয়োদশ, সর্ব্বে বা দেবাঃ), মরুতঃ (বায়বঃ সপ্তসপ্তগণাঃ) ইতি ॥ ৩৯॥১২ ॥

মূলানুবাদ।—ক্ষত্রিয় সৃষ্টির পরও তিনি (ব্রহ্ম) নিজের কর্ম্ম সম্পাদনে সমর্থ হইলেন না; তজ্জন্য তিনি বিত্তোপার্জ্জনক্ষম বৈশ্য-জাতি সৃষ্টি করিলেন, যাঁহারা এই এক একটি গণ বা সংঘরূপে কথিত হইয়া থাকেন। যেমন—অষ্ট বসু, একাদশ রুদ্র, দ্বাদশ

আদিত্য, ত্রয়োদশ বিশ্বেদেব, এবং ঊনপঞ্চাশৎ মরুৎ অর্থাৎ বায়ুসংঘাত ইতি ॥ ৪৯ ॥ ১২ ॥

শাঙ্করভাষ্যম্ ।—ক্ষত্রে সৃষ্টেঽপি স নৈব ব্যভবৎ—কর্ম্মণে ব্রহ্ম তথা ন ব্যভবৎ বিত্তোপার্জ্জয়িতুরভাবাৎ। স বিশমসৃজত কর্ম্মসাধনবিত্তোপার্জ্জনায়। কঃ পুনরসৌ বিট্? যান্যেতানি দেবজাতানি—স্বার্থে নিষ্ঠা, য এতে দেব-জাতিভেদা ইত্যর্থঃ। গণশঃ গণং গণম্ আখ্যায়ন্তে কথ্যন্তে—গণপ্রায়া হি বিশঃ; প্রায়েণ সংহতা হি বিত্তোপার্জ্জনে সমর্থাঃ, নৈকৈকশঃ। বসবঃ অষ্টসঙ্খ্যো গণঃ, তথৈকাদশ রুদ্রাঃ; দ্বাদশ আদিত্যাঃ; বিশ্বে দেবাঃ ত্রয়োদশ—বিশ্বায়া অপত্যানি, সর্ব্বে বা দেবাঃ; মরুতঃ সপ্তসপ্ত গণাঃ ॥ ৪৯ ॥ ১২ ॥

টীকা। কর্ত্তুর্ব্রাহ্মণস্য নিয়ন্তুশ্চ ক্ষত্রিয়স্য সৃষ্টত্বাৎ কিমুত্তরেণেত্যাশঙ্ক্যাহ—ক্ষত্রইতি। তদ্ব্যাচষ্টে—কর্ম্মণ ইতি। ব্রহ্ম ব্রাহ্মণোঽস্মীত্যভিমানী পুরুষঃ। তথা ক্ষত্রসর্গাৎ পূর্ব্বমিবেতি যাবৎ। কথং তর্হি লৌকিকসামর্থ্যসম্পাদনদ্বারা কর্ম্মানুষ্ঠানম্, অত আহ—স বিশমিতি। দেবজাতানীত্যত্র তকারো নিষ্ঠা। গণং গণং কৃত্বা কিমিত্যাখ্যানং বিশামিত্যাশঙ্ক্যাহ—গণেতি। বিশাং সমুদায়প্রধানত্বমদ্যাপি প্রত্যক্ষমিত্যাহ—প্রায়েণেতি ॥ ৪৯ ॥ ১২ ॥

ভাষ্যানুবাদ ।—ক্ষত্রিয়-সৃষ্টির পরেও তিনি নিশ্চয়ই সমর্থ হইলেন না, অর্থাৎ বিত্তোপার্জ্জনক্ষম লোকের অভাবে সেই ব্রহ্ম উপযুক্তরূপে নিজের কর্ম্ম সম্পাদন করিতে সমর্থ হইলেন না; তখন কর্ম্ম-সাধনের উপযোগী বিত্ত-উপা-র্জ্জনের নিমিত্ত বৈশ্যজাতি সৃষ্টি করিলেন। এই বৈশ্যজাতি কে?—যাহারা এই দেবজাতিবিশেষ এক একটি গণক্রমে অর্থাৎ সংঘরূপে অভিহিত হইয়া থাকেন; কেননা, বৈশ্যজাতি প্রায়ই দলবদ্ধ; দেখিতে পাওয়া যায়—অধিকাংশ স্থলে দলবদ্ধ ব্যক্তিরাই ধন উপার্জ্জনে সমর্থ হয়; কিন্তু এক এক ব্যক্তি সমর্থ হয় না; বসু—অষ্টসংখ্যক গণ; সেইরূপ রুদ্র—একাদশ, আদিত্য—দ্বাদশ, বিশ্বেদেব—ত্রয়োদশ, বিশ্বেদেব অর্থ—বিশ্বানাম্নী স্ত্রীর সন্তান, অথবা সমস্ত দেবতা, আর মরুদ্গণ—সপ্তসপ্ত—ঊনপঞ্চাশৎসংখ্যক (বায়ুসমষ্টি), [ইহাদের সৃষ্টি করিয়াছিলেন] ॥ ৪৯

স নৈব ব্যভবৎ, স শৌদ্রং বর্ণমসৃজত পূষণম্—ইয়ং বৈ পূষেয়ꣳ হীদꣳ সর্ব্বং পুষ্যতি যদিদং কিঞ্চ ॥ ৫০ ॥ ১৩ ॥

সরলার্থঃ ।—সঃ [পুনশ্চ] নৈব ব্যভবৎ; [অতঃ] সঃ শৌদ্রং বর্ণং (শূদ্রজাতিং) পূষণম্ অসৃজত। ইয়ং (দৃশ্যমানা পৃথিবী) বৈ (প্রসিদ্ধৌ) পূষা; হি (যস্মাৎ) ইয়ং (পৃথিবী) ইদং সর্ব্বং—যৎ ইদং কিঞ্চ (যৎ কিঞ্চিদপি, তৎ) পুষ্যতি (পুষ্ণাতি) ॥ ৫০ ॥ ১৩ ॥

মূলানুবাদ।—তিনি তখনও সমর্থ হইলেন না; তখন তিনি শূদ্রজাতি পূষার সৃষ্টি করিলেন। এই পৃথিবীই 'পূষা' নামে প্রসিদ্ধ; কারণ, এই যাহা কিছু দৃশ্যমান বস্তু, এই পৃথিবীই তৎসমস্তকে পোষণ করিয়া থাকে ॥ ৫০ ॥ ১৩ ॥

শাঙ্করভাষ্যম্।—সঃ পরিচারকাভাবাৎ পুনরপি নৈব ব্যভবৎ; স শৌদ্রং বর্ণমসৃজত। শূদ্র এব শৌদ্রঃ, স্বার্থেঽণি বৃদ্ধিঃ। কঃ পুনরসৌ শৌদ্রো বর্ণঃ, যঃ সৃষ্টঃ? পূষণং—পুষ্যতীতি পূষা। কঃ পুনরসৌ পূষা? ইতি বিশেষতস্তন্নির্দ্দিশতি—ইয়ং পৃথিবী পূষা। স্বয়মেব নির্ব্বচনমাহ—ইয়ং হি ইদং সর্ব্বং পুষ্যতি যদিদং কিঞ্চ ॥ ৫০। ১৩ ॥

টীকা। কর্তৃপালয়িতৃধনার্জ্জয়িতৄণাং সৃষ্টত্বাৎ কৃতং বর্ণান্তরসৃষ্ট্যেত্যাশঙ্ক্যাহ—স পরিচারকেতি। শৌদ্রং বর্ণমসৃজতেত্যত্রৌকারো বৃদ্ধিঃ। পুষ্যতীতি পূষেত্যুক্তত্বাৎপ্রশ্নস্যানবকাশত্বমাশঙ্ক্যাহ—বিশেষত ইতি। পূষশব্দস্যার্থান্তরে প্রসিদ্ধত্বাৎ কথং পৃথিব্যাং বৃত্তিরিত্যাশঙ্ক্যাহ—স্বয়মেবেতি। ৫০ ॥ ১৩ ॥

ভাষ্যানুবাদ। তিনি পরিচারকের অভাবে পুনশ্চ অসমর্থই রহিলেন; তিনি শৌদ্রবর্ণ সৃষ্টি করিলেন। এখানে শৌদ্র অর্থ—শূদ্র; স্বার্থে তদ্ধিত প্রত্যয় হওয়ায় উকারবৃদ্ধি—ঔকার হইয়াছে। তিনি যাহাকে সৃষ্টি করিলেন, সেই শূদ্রবর্ণটী কে? তাহা পূষন্—যিনি পোষণ করেন, তিনি পূষা; এই পূষা যে, কে, তাহা বিশেষ করিয়া নির্দ্দেশ করিতেছেন—এই পৃথিবী হইতেছে পূষা। নিজেই ইহার যৌগিকার্থ প্রদর্শন করিতেছেন—যেহেতু এই পৃথিবীতে যাহা কিছু আছে, পৃথিবীই তাহা পোষণ করিয়া থাকে, [সেই হেতু পৃথিবীর নাম পূষা ॥৫০ ॥১৩ ॥

স নৈব ব্যভবত্তচ্ছ্রেয়োরূপমত্যসৃজত ধর্ম্মম্, তদেতৎ ক্ষত্রস্য ক্ষত্রং যদ্ধর্ম্মস্তস্মাদ্ধর্ম্মাৎ পরং নাস্ত্যথো অবলীয়ান্ বলীয়াংসমাশংসতে ধর্ম্মেণ—যথা রাজ্ঞৈবম্, যো বৈ স ধর্ম্মঃ সত্যং বৈ তৎ, তস্মাৎ সত্যং বদন্তমাহুর্ধর্ম্মং বদতীতি, ধর্ম্মং বা বদন্তং সত্যং বদতীত্যেতদ্ধ্যেবৈতদুভয়ং ভবতি ॥ ৫১ ॥ ১৪ ॥

সরলার্থঃ।—সঃ [এবং চতুরো বর্ণান্ সৃষ্ট্বাপি] ন এব ব্যভবৎ; তৎ (তস্মাৎ) শ্রেয়োরূপং (প্রকৃষ্টং শ্রেয়াংসং) ধর্ম্মং অত্যসৃজত (অতিশয়েন সৃষ্টবান্)। তৎ (পূর্ব্বোক্তং) এতৎ (শ্রেয়োরূপম্) ক্ষত্রস্য (ক্ষত্রিয়জাতেঃ)

ক্ষত্রং (রক্ষকং—নিয়ামকং) ; [কিং তৎ ? ইত্যাহ—] যৎ (যঃ) ধর্ম্মঃ ; তস্মাৎ (ক্ষত্রিয়স্যাপি নিয়ন্তৃত্বাৎ হেতোঃ) ধর্ম্মাৎ পরং (অধিকং—উৎকৃষ্টং) ন অস্তি। অথ অবলীয়ান্ (অতিশয়েন বলহীনোঽপি) বলীয়াংসং (তদপেক্ষয়া বলাধিকং জনং) যথা রাজ্ঞা (রাজবলেন), এবং (তথা) ধর্ম্মেণ (ধর্ম্মবলেন) আশংসতে (জেতুমিচ্ছতি)। যঃ বৈ (এব) সঃ ধর্ম্মঃ, তৎ বৈ (স এব) সত্যং (অবিতথরূপং) ; তস্মাৎ (ধর্ম্মস্য সত্যপরত্বাৎ হেতোঃ) সত্যং বদন্তং (সত্যবাদিনং জনং) আহুঃ (কথয়ন্তি) [জনাঃ]—ধর্ম্মং বদতি ইতি ; তথা ধর্ম্মং বদন্তং [আহুঃ—] সত্যং বদতি ইতি ; এতৎ (যথোক্তং) উভয়ং হি (নিশ্চয়ে) এতৎ (এষ ধর্ম্মঃ) এব ভবতি, [নহি একম্ অন্যতঃ অতিরিচ্যতে ইতি ভাবঃ] ॥ ৫১ ॥ ১৪ ॥

মূলানুবাদ।—তিনি চারিবর্ণ সৃষ্টি করিয়াও সমর্থ হইলেন না। তজ্জন্য ধর্ম্মনামক অপর একটী শ্রেয়োরূপ সৃষ্টি করিলেন। ইহাই ক্ষত্রিয়েরও ক্ষত্র অর্থাৎ নিয়ামক বা শাসনকর্ত্তা—যাহার নাম ধর্ম্ম। অতএব সেই ধর্ম্ম অপেক্ষা শ্রেষ্ঠ কিছু নাই। এই ধর্ম্ম বলে অতিশয় দুর্ব্বল লোকও অতিশয় বলবান্‌কে জয় করিবার জন্য আহ্বান করিয়া থাকে—যেমন লোকে রাজার সাহায্যে করে। যাহা ধর্ম্ম, তাহাই সত্য, সেই কারণে সত্যবাদীকে বলে—এ লোক ধর্ম্ম বলিতেছে, আবার ধর্ম্মবাদীকেও বলে—এ লোক সত্য বলিতেছে, এই শ্রেয়োরূপটিই এই উভয়রূপ অর্থাৎ ধর্ম্ম ও সত্য স্বরূপ ॥ ৫১ ॥ ১৪ ॥

শাঙ্করভাষ্যম্।—সঃ চতুরঃ সৃষ্ট্বাপি বর্ণান্ নৈব ব্যভবৎ, উগ্রত্বাৎ ক্ষত্রস্যানিয়তাশঙ্কয়া তৎ শ্রেয়োরূপম্ অত্যসৃজত। কিং তৎ ? ধর্ম্মম্ ; তদেতৎ শ্রেয়োরূপং সৃষ্টং ক্ষত্রস্য ক্ষত্রং ক্ষত্রস্যাপি নিয়ন্তৃ, উগ্রাদপ্যুগ্রং—যদ্ধর্ম্মঃ যো ধর্ম্মঃ ; তস্মাৎ ক্ষত্রস্যাপি নিয়ন্তৃত্বাৎ ধর্ম্মাৎ পরং নাস্তি, তেন হি নিয়ম্যন্তে সর্ব্বে। তৎ কথম্—ইত্যুচ্যতে—অথো অপি অবলীয়ান্ দুর্ব্বলতরঃ বলীয়াংসম্ আত্মনো বলবত্তরমপি আশংসতে কাময়তে জেতুং ধর্ম্মেণ বলেন,—যথা লোকে রাজ্ঞা সর্ব্ববলবত্তমেনাপি কুটুম্বিকঃ, এবম্ তস্মাৎ সিদ্ধং ধর্ম্মস্য সর্ব্ববলবত্তরত্বাৎ সর্ব্বনিয়ন্তৃত্বম্।

যো বৈ স ধর্ম্মো ব্যবহারলক্ষণো লৌকিকৈর্ব্যবহ্রিয়মাণঃ, সত্যং বৈ তৎ ; সত্যমিতি যথাশাস্ত্রার্থতা। স এবানুষ্ঠীয়মানো ধর্ম্মনামা ভবতি ; শাস্ত্রার্থত্বেন জ্ঞায়মানস্তু সত্যং ভবতি। যস্মাদেবম্, তস্মাৎ,—সত্যং যথাশাস্ত্রং বদন্তং ব্যবহারকালে, আহুঃ সমীপস্থা উভয়বিবেকজ্ঞাঃ—ধর্ম্মং বদতীতি—প্রসিদ্ধং লৌকিকং ন্যায়ং

বদতীতি; তথা বিপর্য্যয়েণ ধর্ম্মং বা লৌকিকং ব্যবহারং বদন্তমাহুঃ—সত্যং বদতি, শাস্ত্রাদনপেতং বদতীতি। এতৎ যদুক্তম্ উভয়ং জ্ঞায়মানমনুষ্ঠীয়মানঞ্চ, এতৎ ধর্ম্ম এব ভবতি, তস্মাৎ স ধর্ম্মো জ্ঞানানুষ্ঠানলক্ষণঃ শাস্ত্রজ্ঞান্ ইতরাংশ্চ সর্ব্বানেব নিয়ময়তি; তস্মাৎ স ক্ষত্রস্যাপি ক্ষত্রম্; অতস্তদভিমানোঽবিদ্বাংস্তদ্বিশেষানুষ্ঠানাদ্ ব্রহ্মক্ষত্রবিট্শূদ্রনিমিত্তবিশেষমভিমন্যতে; তানি চ নিসর্গত এব কর্ম্মাধিকারনিমিত্তানি ॥ ৫১ ॥৫১ ॥১৪ ॥

টীকা। ননু চাতুর্ব্বর্ণ্যে সৃষ্টে তাবতৈব কর্ম্মানুষ্ঠানসিদ্ধেরলং ধর্ম্মসৃষ্ট্যেত্যত আহ—স চতুর ইতি। অনিয়ন্তাশঙ্কয়া নিয়ামকাভাবে তস্যানিয়তত্বসম্ভাবনয়েতি যাবৎ। তচ্ছব্দ' সৃষ্টব্রহ্মবিষয়ঃ। কুতো ধর্ম্মস্য সর্ব্বনিয়ন্তৃত্বং, ক্ষত্রস্যৈব তৎপ্রসিদ্ধেরিত্যাহ—তৎ কথমিতি। অনুভবমনুসৃত্য পরিহরতি—উচ্যত ইত্যাদিনা। তদেবোদাহরতি—যথেতি। রাজ্ঞা স্পর্দ্ধমান ইতি শেষঃ। ধর্ম্মস্যোৎকৃষ্টত্বেন নিয়ন্তৃত্বে সত্যাদভিন্নত্বং হেতুত্বমাহ—যো বা ইতি। কথং ধর্ম্মস্য সত্যত্বং, স হি পুরুষধর্ম্মো বচনধর্ম্মঃ সত্যত্বমিত্যাবান্তরভেদাদিত্যাশঙ্ক্যাহ—স এবেতি। যথোক্তে বিবেকে লোকপ্রসিদ্ধিং প্রমাণয়তি—তস্মাদিতি। উভয়শব্দো ধর্ম্মসত্যবিষয়ং, ধর্ম্মং বদতীত্যেতদেব বিভজতে—প্রসিদ্ধমিতি। যথা শাস্ত্রানুসারেণ বদন্তং 'ধর্ম্মং বদতি' ইতি বদন্তি, তথা পূর্ব্বোক্তবদনবৈপরীত্যেন ধর্ম্মং বদন্তং সত্যং বদতীত্যাহুরিতি যোজনা। ধর্ম্মমেব ব্যাচষ্টে—লৌকিকমিতি। সত্যং বদতীত্যেতদেব স্ফুটয়তি—শাস্ত্রাদিতি। কার্য্যকারণভাবেনানয়োরেকত্বমুপসংহরতি—এতদিতি। শাস্ত্রার্থসংশয়ে শিষ্টব্যবহারান্নিশ্চয়ঃ, যথা যব-বরাহাদিশব্দেষু। ধর্ম্মসংশয়ে তু শাস্ত্রার্থবশান্নির্ণয়ঃ, যথা চৈত্যবন্দনাদিবুদ্ধাদ্যসেনাগ্নিহোত্রাদৌ। অতো হেতুহেতুমদ্ভাবা দুভয়োরৈক্যমিতি ভাবঃ। ধর্ম্মস্য সত্যাদভেদে ফলিতমাহ—তস্মাদিতি। তস্য সর্ব্বনিয়ন্তৃত্বেঽপি প্রকৃতে কিমায়াতং, তদাহ—তস্মাৎ স ইতি। তর্হি যথোক্তধর্ম্মবশাদেব কর্ম্মানুষ্ঠানসিদ্ধের্বর্ণাশ্রমাভিমানস্যাকিঞ্চিৎকরত্বমিত্যাশঙ্ক্যাহ—অত ইতি। ধার্ম্মিকস্যাপ্যভিমানো ব্রাহ্মণাদ্যভিমানং পুরোধায়ানুষ্ঠাপকশ্চেত্তদভিমানোঽপি তথৈবাভিমানান্তরং পুরস্কৃত্যানুষ্ঠাপয়েদিত্যাশঙ্ক্যাহ—তানি চেতি। ন যদবিদুষো ধার্ম্মিকস্য ব্রাহ্মণাদিষু নিমিত্তেষু সৎসু কর্ম্মপ্রবৃত্তৌ নিমিত্তান্তরমপেক্ষ্যতে প্রমাণাভাবাদিত্যর্থঃ ॥ ৫১ ॥ ১৪ ॥

ভাষ্যানুবাদ।—তিনি চারিবর্ণ সৃষ্টি করিয়াও ক্ষত্রিয়জাতির উগ্রস্বভাব নিবন্ধন অবাধ্যতা শঙ্কায় [স্বকার্য্যে] নিশ্চয়ই সমর্থ হইলেন না; সেই জন্য তিনি আর একটী কল্যাণকর উৎকৃষ্ট বস্তু উত্তমরূপে সৃষ্টি করিলেন। তাহা কি? তাহা ধর্ম্ম; সৃষ্ট সেই এই উৎকৃষ্ট শ্রেয়ঃপদার্থটী ক্ষত্রেরও ক্ষত্র অর্থাৎ ক্ষত্রিয়জাতিরও নিয়ন্তা (শাসনকারী) এবং উগ্র অপেক্ষাও উগ্র, যাহার নাম—ধর্ম্ম। অতএব ক্ষত্রিয়ের নিয়ন্তা বলিয়া ধর্ম্মাপেক্ষা আর শ্রেষ্ঠ কিছু নাই; কারণ, জগজ্জীব তাহা দ্বারা নিয়মিত—নির্দ্দিষ্ট পথে পরিচালিত হইয়া থাকে। সেই নিয়ন্তৃত্ব কি প্রকার উৎকৃষ্ট, তাহা বলা হইতেছে,—অবলীয়ান্ অতিশয়

দুর্ব্বল ব্যক্তিও বলীয়ান্‌কে—আপনার অপেক্ষা অধিকতর বলবান্ পুরুষকেও ধর্ম্মবলে আশংসা করে অর্থাৎ জয় করিতে ইচ্ছা করে,—জগতে গৃহস্থ লোক যেরূপ সর্ব্বাধিক ক্ষমতাপন্ন রাজার সাহায্যে [জয়েচ্ছু হইয়া থাকে], তদ্রূপ; অতএব সর্ব্বাপেক্ষা অধিক বলশালী বলিয়া ধর্ম্মের ক্ষত্রিয়নিয়ন্তৃত্ব সিদ্ধ হইতেছে। লোকে যাহার ব্যবহার বা অনুষ্ঠান করিয়া থাকে,—যাহা সেই ব্যবহারাত্মক ধর্ম্ম, তাহাই প্রসিদ্ধ সত্য। সত্য অর্থ—শাস্ত্রপ্রতিপাদ্য অর্থের যাথার্থ্যবোধ; তাহাই লোককর্ত্তৃক অনুষ্ঠিত হইয়া ধর্ম্ম নামে পরিচিত হইয়া থাকে, যখন তাহাই আবার শাস্ত্রার্থরূপে জ্ঞানগোচর হয়, তখন 'সত্য' নামে অভিহিত হয়। যেহেতু, এইরূপই ব্যবস্থা, সেই হেতু ব্যবহারসময়ে, যে ব্যক্তি যথাশাস্ত্র কথা বলে, সত্য ও ধর্ম্মের স্বরূপাভিজ্ঞ সমীপস্থ লোকেরা তাহাকে বলিয়া থাকেন যে, এ ব্যক্তি ধর্ম্ম বলিতেছে—লোকপ্রসিদ্ধ ন্যায্য (ধর্ম্ম) বলিতেছে; সেইরূপ যে ব্যক্তি এতদ্‌বিপরীতভাবে ধর্ম্ম কিংবা লৌকিক বিষয় বলিয়া থাকে, তাহাকে বলা হয় যে, এ ব্যক্তি ধর্ম্ম বলিতেছে অর্থাৎ শাস্ত্রসম্মত কথা বলিতেছে। ইহা—জ্ঞায়মান ও অনুষ্ঠীয়মানরূপে যে উভয় তত্ত্ব (ধর্ম্ম ও সত্য) বলা হইল, প্রকৃতপক্ষে ইহা ধর্ম্মই, (ধর্ম্মের অতিরিক্ত নহে)। অতএব জ্ঞানাত্মক ও অনুষ্ঠানাত্মক সেই ধর্ম্মই শাস্ত্রজ্ঞ ও শাস্ত্রানভিজ্ঞ সকলকেই সমানভাবে নিয়মিত করিয়া রাখে; সেই জন্যই উহা ক্ষত্রিয়েরও ক্ষত্র—দমনকারী। অতএব ধর্ম্মাভিমানী অবিদ্বান্ পুরুষ ধর্ম্মবিশেষের অনুষ্ঠানার্থ ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্ররূপ বর্ণ-বিশেষে আত্মাভিমান করিয়া থাকে; কেন না, ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র ত স্বভাবতই কর্ম্মাধিকারের নিমিত্তস্বরূপ অর্থাৎ ঐ সমস্ত বর্ণই পৃথক্ পৃথক্ কর্ম্মাধিকারের প্রয়োজক ॥৫১॥১৪॥

তদেতদ্ ব্রহ্ম ক্ষত্রং বিট্ শূদ্রঃ, তদগ্নিনৈব দেবেষু ব্রহ্মাভবদ্ ব্রাহ্মণো মনুষ্যেষু ক্ষত্রিয়েণ ক্ষত্রিয়ো বৈশ্যেন বৈশ্যঃ শূদ্রেণ শূদ্রস্তস্মাদগ্নাবেব দেবেষু লোকমিচ্ছন্তে ব্রাহ্মণে মনুষ্যেষ্বেতাভ্যাংহি রূপাভ্যাং ব্রহ্মাভবৎ।

অথ যো হ বা অস্মাল্লোকাৎ স্বং লোকমদৃষ্ট্বা প্রৈতি স এনমবিদিতো ন ভুনক্তি, যথা বেদো বাঽননূক্তোঽন্যদ্বা কর্ম্মাকৃতম্, যদিহ বা অপ্যনেবংবিদ্ মহৎ পুণ্যং কর্ম্ম করোতি

তদ্ধাস্যান্ততঃ ক্ষীয়ত এব, আত্মানমেব লোকমুপাসীত, স য আত্মানমেব লোকমুপাস্তে ন হাস্য কর্ম্ম ক্ষীয়তে। অস্মাদ্ধ্যেবাত্মনো যদ্ যৎ কাময়তে তত্তৎ সৃজতে ॥ ৫২ ॥ ১৫ ॥

সরলার্থঃ।—তৎ (পূর্ব্বোক্তং) এতৎ (বর্ণচতুষ্টয়ং) ব্রহ্ম, ক্ষত্রং, বিট্ (বৈশ্যঃ), শূদ্রঃ [সৃষ্ট ইতি শেষঃ]। তৎ (স্রষ্টৃ ব্রহ্ম) দেবেষু মধ্যে অগ্নিনা এব (অগ্নিস্বরূপেণৈব) ব্রহ্ম (ব্রাহ্মণঃ) অভবৎ, মনুষ্যেষু ব্রাহ্মণঃ (ব্রাহ্মণস্বরূপেণ ব্রহ্ম) ক্ষত্রিয়েণ (ইন্দ্রাদিনা দেবক্ষত্রিয়েণ) [অধিষ্ঠিতঃ] ক্ষত্রিয়ঃ [অভবৎ], বৈশ্যেন (বসুপ্রভৃতিনা অধিষ্ঠিতঃ) বৈশ্যঃ (অভবৎ), শূদ্রেণ (পূষালক্ষণেন অধিষ্ঠিতঃ) শূদ্রঃ [অভবৎ]। তস্মাৎ (হেতোঃ), দেবেষু (দেবানাং মধ্যে) [কর্ম্মফলেচ্ছায়াং সত্যাং] অগ্নৌ এব (অগ্নিসম্বন্ধং কর্ম্ম কৃত্বা) লোকং (কর্ম্মফলং) ইচ্ছন্তে (প্রার্থয়ন্তে) [কর্ম্মিণঃ]; তথা মনুষ্যেষু (মনুষ্যাণাং মধ্যে) [কর্ম্মফলেচ্ছায়াং] ব্রাহ্মণে এব (ব্রাহ্মণজাতিলাভেন এব) [লোকং ইচ্ছন্তি]; হি (যস্মাৎ) ব্রহ্ম (সৃষ্টিকর্ত্তৃ) এতাভ্যাং (ব্রাহ্মণাগ্নিভ্যাং—কর্ম্মকর্ত্রধিকরণরূপাভ্যাম্) অভবৎ (এতদুভয়রূপেণ অভিব্যক্তম্ অভবদিত্যর্থঃ)।

অথ (পক্ষান্তরে) যঃ হ বৈ (নিশ্চয়ে) স্বং (আত্মানং) লোকং (অবশ্যদ্রষ্টব্যং) অদৃষ্ট্বা (অহং ব্রহ্মাস্মীতি প্রত্যক্ষম্ অকৃত্বা) অস্মাৎ লোকাৎ (বর্ত্তমানদেহগ্রহণরূপাৎ) প্রৈতি (গচ্ছতি—ম্রিয়তে), সঃ (আত্মা) অবিদিতঃ (অবিজ্ঞাতঃ সন্) এনং (প্রেতং) ন ভুনক্তি (ন পালয়তি, স ন মুচ্যতে ইত্যর্থঃ)। [অত্র দৃষ্টান্তদ্বয়মাহ—] যথা [লোকে] বেদঃ অননূক্তঃ (অনধীতঃ), কর্ম্ম (কৃষ্যাদি) বা অকৃতং (অনিষ্পাদিতং সৎ) [ন পালয়তি, তদ্বৎ]। যৎ (যদি) ইহ (সংসারে) বৈ অনেবংবিৎ (আত্মজ্ঞানরহিতঃ) মহৎ পুণ্যং কর্ম্ম অপি (সম্ভাবনায়াং) করোতি (নিষ্পাদয়তি), অস্য (কর্ম্মিণঃ) তৎ (স্বনুষ্ঠিতং কর্ম্ম) হ (নিশ্চয়ে) অন্ততঃ (অন্তে—অবসানে) ক্ষীয়তে (নশ্যতি) এব, [যৎ কৃতকং, তদনিত্যমিতি ভাবঃ]। [অতঃ] আত্মানম্ এব লোকম্ উপাসীত (জানীত)। সঃ যঃ (যঃ কশ্চিৎ) আত্মানম্ এব লোকম্ উপাস্তে, অস্য (উপাসিতুঃ) কর্ম্ম ন হ (নৈব) ক্ষীয়তে ; [কর্ম্মাভাবাদেব, ইতি নিত্যানুবাদোঽয়ং]। [উপাসকঃ] যৎ যৎ (অভীষ্টং) কাময়তে, অস্মাৎ আত্মনঃ এব হি (নিশ্চয়ে) তৎ তৎ সৃজতে (আত্মলাভাদেব তস্য সর্ব্বার্থঃ সম্পদ্যতে ইতি ভাবঃ) ॥৫২॥১৫॥

মূলানুবাদ।—এইরূপে সেই ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র

সৃষ্ট হইল; অতএব দেবগণের মধ্যে [ফলকামনা থাকিলে] অগ্নিতেই সেই ফল ইচ্ছা করিবে, অর্থাৎ অগ্নিসাধ্য যাগাদি কর্ম্ম দ্বারা সেই ফল লাভ করিবে, আর মনুষ্যের মধ্যে [ফলেচ্ছা থাকিলে] ব্রাহ্মণে প্রার্থনা করিবে, অর্থাৎ ব্রাহ্মণলাভে যত্নপর হইবে; কারণ, স্রষ্টা ব্রহ্ম এই উভয়েতেই—কর্ম্মের কর্ত্তারূপে ব্রাহ্মণে, আর কর্ম্মের অধিকরণরূপে অগ্নিতে অবিকৃতভাবে প্রকটিত হইয়াছেন।

পক্ষান্তরে, যে ব্যক্তি স্বলোককে—দর্শনীয় আত্মাকে দর্শন না করিয়া অর্থাৎ আত্মবিজ্ঞান লাভ না করিয়া ইহলোক হইতে প্রয়াণ করে, সেই ব্যক্তি অবিদিত—আত্মজ্ঞানবিহীন হওয়ায় এই আত্মলোক ভোগ করিতে সমর্থ হয় না; যেমন বেদ অপঠিত থাকিয়া—অথবা যেমন কৃষিকর্ম্ম প্রভৃতি অসম্পাদিত অবস্থায় [কাহাকেও পালন করে না], ইহাও তদ্রূপ। জগতে এবংবিধ জ্ঞানবিহীন কোন লোক যদি মহৎ পুণ্য কর্ম্মও করেন, তাঁহার অনুষ্ঠিত সেই কর্ম্ম পরিণামে নিশ্চয়ই ক্ষয় প্রাপ্ত হইয়া থাকে, অতএব আত্মস্বরূপ লোকেরই উপাসনা করিবে। সেই যে ব্যক্তি আত্ম-লোকের উপাসনা করে, তাহার কর্ম্ম ক্ষীণ হয় না, অর্থাৎ কর্ম্ম না থাকায় তাহার আর কর্ম্মক্ষয়ের ভয় থাকে না; সেই ব্যক্তি যাহা যাহা কামনা করে, এই আত্মা হইতেই তৎসমস্ত পাইয়া থাকে ॥ ৫২ ॥ ১৫ ॥

শাঙ্করভাষ্যম্।—তদেতচ্চাতুর্ব্বর্ণ্যং সৃষ্টম্—ব্রহ্ম ক্ষত্রং বিট্ শূদ্র ইতি; উত্তরার্থ উপসংহারঃ। যত্তৎ স্রষ্টৃ ব্রহ্ম, তদগ্নিনৈব, নান্যেন রূপেণ, দেবেষু ব্রহ্ম ব্রাহ্মণজাতিঃ অভবৎ; ব্রাহ্মণো ব্রাহ্মণস্বরূপেণ মনুষ্যেষু ব্রহ্মাভবৎ; ইতরেষু বর্ণেষু বিকারান্তরং প্রাপ্য; ক্ষত্রিয়েণ ক্ষত্রিয়োঽভবৎ—ইন্দ্রাদিদেবতাধিষ্ঠিতঃ, বৈশ্যেন বৈশ্যঃ, শূদ্রেণ শূদ্রঃ। যস্মাৎ ক্ষত্রাদিষু বিকারাপন্নম্, অগ্নৌ ব্রাহ্মণ এব চাবিকৃতং স্রষ্টৃ ব্রহ্ম, তস্মাদগ্নাবেব দেবেষু দেবানাং মধ্যে লোকং কর্ম্মফলমিচ্ছন্তি, অগ্নিসম্বন্ধং কর্ম্ম কৃত্বেত্যর্থঃ; তদর্থমেব হি তদ্‌ব্রহ্ম কর্ম্মাধিকরণত্বেনাগ্নিরূপেণ ব্যবস্থিতম্; তস্মাত্তস্মিন্নগ্নৌ কর্ম্ম কৃত্বা তৎফলং প্রার্থয়ন্ত ইত্যেতদুপপন্নম্। ১

ব্রাহ্মণে মনুষ্যেষু—মনুষ্যাণাং পুনঃ মধ্যে কর্ম্মফলেচ্ছায়াং নাগ্ন্যাদিনিমিত্ত-ক্রিয়াপেক্ষা, কিং তর্হি, জাতিমাত্রস্বরূপপ্রতিলম্ভেনৈব পুরুষার্থসিদ্ধিঃ। যত্র তু দেবাধীনা পুরুষার্থসিদ্ধিঃ, তত্রৈবাগ্ন্যাদিসম্বন্ধক্রিয়াপেক্ষা; স্মৃতেশ্চ—

"জপ্যেনৈব তু সংসিধ্যেদ্ব্রাহ্মণো নাত্র সংশয়ঃ।
কুর্য্যাদন্যন্ন বা কুর্য্যান্মৈত্রো ব্রাহ্মণ উচ্যতে।" ইতি।

পারিব্রাজ্যদর্শনাচ্চ। তস্মাদ্ব্রাহ্মণত্ব এব মনুষ্যেষু লোকং কর্ম্মফলমিচ্ছন্তি। যস্মাদেতাভ্যাং হি ব্রাহ্মণাগ্নিরূপাভ্যাং কর্ম্মকর্ত্রধিকরণরূপাভ্যাং যৎ স্রষ্টৃ ব্রহ্ম সাক্ষাদভবৎ। ২

অত্র তু পরমাত্মলোকমগ্নৌ ব্রাহ্মণে চেচ্ছন্তীতি কেচিৎ। তদসৎ, অবিদ্যাধিকারে কর্ম্মাধিকারার্থং বর্ণবিভাগস্য প্রস্তুতত্বাৎ, পরেণ চ বিশেষণাৎ। যদি হ্যত্র লোকশব্দেন পর এবাত্মোচ্যেত, পরেণ বিশেষণমনর্থকং স্যাৎ—"স্বং লোকমদৃষ্ট্বা" ইতি; স্বলোকব্যতিরিক্তশ্চেদগ্ন্যধীনতয়া প্রার্থ্যমানঃ প্রকৃতো লোকঃ, ততঃ স্বম্—ইতি যুক্তং বিশেষণম্, প্রকৃতপরলোকনিবৃত্ত্যর্থত্বাৎ; স্বত্বেন চাব্যভিচারাৎ পরমাত্মলোকস্য; অবিদ্যাকৃতানাঞ্চ স্বত্বব্যভিচারাৎ; ব্রবীতি চ কর্ম্মকৃতানাং ব্যভিচারং "ক্ষীয়ত এব" ইতি। ৩

ব্রহ্মণা সৃষ্টা বর্ণাঃ কর্ম্মার্থম্; তচ্চ কর্ম্ম ধর্ম্মাখ্যং সর্ব্বানেব কর্ত্তব্যতয়া নিয়ন্তৃ পুরুষার্থসাধনং চ; তস্মাত্তেনৈব চেৎ কর্ম্মণা স্বো লোকঃ পরমাত্মাখ্যোঽবিদিতোঽপি প্রাপ্যতে, কিং তস্যৈব পদনীয়ত্বেন ক্রিয়তে? ইত্যত আহ—অথেতি—পূর্ব্বপক্ষবিনিবৃত্ত্যর্থঃ। যঃ কশ্চিৎ হ বা অস্মাৎ সাংসারিকাৎ পিণ্ডগ্রহণলক্ষণাদবিদ্যাকামকর্ম্মহেতুকাৎ অগ্ন্যধীনকর্ম্মাভিমানতয়া বা ব্রাহ্মণজাতিমাত্রকর্ম্মাভিমানতয়া বা আগন্তুকাদস্বরূপভূতাৎ লোকাৎ স্বং লোকমাত্মাখ্যম্ আত্মত্বেনাব্যভিচারিত্বাৎ, অদৃষ্ট্বা—অহং ব্রহ্মাস্মীতি, প্রৈতি ম্রিয়তে; স যদ্যপি স্বো লোকঃ অবিদিতঃ অবিদ্যয়া ব্যবহিতোঽস্ব ইবাজ্ঞাতঃ; এনং—সঙ্খ্যাঽপূরণ ইব লৌকিকঃ, আত্মানং—ন ভুনক্তি ন পালয়তি ন শোকমোহভয়াদিদোষাপনয়েন; যথা চ লোকে বেদোঽননুক্তঃ অনধীতঃ কর্ম্মাদ্যববোধকত্বেন ন ভুনক্তি; অন্যদ্বা লৌকিকং কৃষ্যাদিকর্ম্ম অকৃতং স্বাত্মনা অনভিব্যঞ্জিতম্ আত্মীয়ফলপ্রদানেন ন ভুনক্তি, এবমাত্মা স্বো লোকঃ স্বেনৈব নিত্যাত্মস্বরূপেণানভিব্যঞ্জিতোঽবিদ্যাদিপ্রহাণেন ন ভুনক্ত্যেব। ৪

ননু কিং স্বলোকদর্শননিমিত্ত-পরিপালনেন?—কর্ম্মণঃ ফলপ্রাপ্তিধ্রৌব্যাৎ, ইষ্টফলনিমিত্তস্য চ কর্ম্মণো বাহুল্যাৎ, তন্নিমিত্তং পালনমক্ষয়ং ভবিষ্যতি? তন্ন; কৃতস্য ক্ষয়িত্বাৎ, ইত্যেতদাহ—যৎ ইহ বৈ সংসারেঽদ্ভুতবৎ কশ্চিন্মহাত্মাপি অনেবংবিৎ স্বং লোকং যথোক্তেন বিধিনা অবিদ্বান্ মহৎ বহু অশ্বমেধাদি পুণ্যং কর্ম্ম ইষ্টফলমেব নৈরন্তর্য্যেণ করোতি—অনেনৈবানন্ত্যং মম ভবিষ্যতীতি, তৎ কর্ম্ম হ অস্যাবিদ্যাবতঃ অবিদ্যাজনিতকামহেতুত্বাৎ স্বপ্নদর্শনবিভ্রমোদ্ভূত-বিভূতিবৎ

অন্ততঃ অন্তে ফলোপভোগস্য ক্ষীয়ত এব; তৎকারণয়োরবিদ্যা-কাময়োশ্চলত্বাৎ কৃতক্ষয়ধ্রৌব্যোপপত্তিঃ। তস্মান্ন পুণ্যকর্ম্মফলপালনানন্ত্যাশা অন্ত্যেব। অত আত্মানমেব স্বং লোকম্—আত্মানমিতি স্বং লোকমিত্যস্মিন্নর্থে, স্বং লোকমিতি প্রকৃতত্বাদিহ চ স্বশব্দস্যাপ্রয়োগাদুপাসীত। ৫

স য আত্মানমেব লোকমুপাস্তে, তস্য কিম্?—ইত্যুচ্যতে—ন হাস্য কর্ম্ম ক্ষীয়তে, কর্ম্মাভাবাদেব—ইতি নিত্যানুবাদঃ। যথা অবিদুষঃ কর্ম্মক্ষয়লক্ষণং সংসারদুঃখং সন্ততমেব; ন তথা তদস্য বিদ্যত ইত্যর্থঃ; "মিথিলায়াং প্রদীপ্তায়াং ন মে দহ্যতি কিঞ্চন" ইতি যদ্বৎ।"

স্বাত্মলোকোপাসকস্য বিদুষো বিদ্যাসংযোগাৎ কর্ম্মৈব ন ক্ষীয়তে ইত্যপরে বর্ণয়ন্তি; লোকশব্দার্থঞ্চ কর্ম্মসমবায়িনং দ্বিধা পরিকল্পয়ন্তি কিল,—একো ব্যাকৃতাবস্থঃ কর্ম্মাশ্রয়ো লোকো হৈরণ্যগর্ভাখ্যঃ, তং কর্ম্মসমবায়িনং লোকং ব্যাকৃতং পরিচ্ছিন্নং য উপাস্তে, তস্য কিল পরিচ্ছিন্নকর্ম্মাত্মদর্শিনঃ কর্ম্ম ক্ষীয়তে। তমেব কর্ম্মসমবায়িনং লোকমব্যাকৃতাবস্থং কারণরূপমাপাদ্য যস্তূপাস্তে, তস্যাপরিচ্ছিন্নকর্ম্মাত্মদর্শিত্বাৎ তস্য চ কর্ম্ম ন ক্ষীয়ত ইতি॥ ৭

ভবতীয়ং শোভনা কল্পনা, ন তু শ্রৌতী, স্বলোকশব্দেন প্রকৃতস্য পরমাত্মনোঽভিহিতত্বাৎ, স্বং লোকমিতি প্রস্তুত্য স্বশব্দং বিহায়াত্মশব্দপ্রক্ষেপেণ পুনস্তস্যৈব প্রতিনির্দ্দেশাৎ—আত্মানমেব লোকমুপাসীতেতি; তত্র কর্ম্মসমবায়িলোককল্পনায়া অনবসর এব। ৮

পরেণ চ কেবলবিদ্যাবিষয়েণ বিশেষণাৎ—"কিং প্রজয়া করিষ্যাম, যেষাং নোঽয়মাত্মায়ং লোকঃ" ইতি। পুত্রকর্ম্মাপরবিদ্যাকৃতেভ্যো হি লোকেভ্যো বিশিনষ্টি—অয়মাত্মা নো লোক ইতি। "ন হাস্য কেনচন কর্ম্মণা লোকো মীয়তে, এষোঽস্য পরমো লোকঃ" ইতি চ। তৈঃ সবিশেষণৈরস্যৈকবাক্যতা যুক্তা; ইহাপি স্বং লোকমিতি বিশেষণদর্শনাৎ। ৯

অস্মাৎ কাময়ত ইত্যযুক্তমিতি চেৎ; ইহ স্বো লোকঃ পরমাত্মা, তদুপাসনাৎ স এব ভবতীতি স্থিতে, যদ্ যৎ কাময়তে, তত্তদস্মাদাত্মনঃ সৃজতে ইতি তদাত্মপ্রাপ্তিব্যতিরেকেণ ফলবচনমযুক্তমিতি চেৎ; ন; স্বলোকোপাসনস্তুতিপরত্বাৎ। স্বস্মাদেব লোকাৎ সর্ব্বমিষ্টং সম্পদ্যত ইত্যর্থঃ, নান্যদতঃ প্রার্থনীয়ম্, আপ্তকামত্বাৎ। "আত্মতঃ প্রাণ আত্মত আশা" ইত্যাদিশ্রুত্যন্তরে যথা; সর্ব্বাত্মভাবপ্রদর্শনার্থো বা পূর্ব্ববৎ। ১০

যদি হি পর এবাত্মা সম্পদ্যতে, তদা যুক্তঃ "অস্মাদ্ধ্যেবাত্মনঃ" ইত্যাত্মশব্দ-

প্রয়োগঃ—স্বস্মাদেব প্রকৃতাদাত্মনো লোকাদিত্যেবমর্থঃ; অন্যথা অব্যাকৃতাবস্থাৎ কর্ম্মণো লোকাদিতি সবিশেষণমবক্ষ্যৎ, প্রকৃতপরমাত্মলোকব্যাবৃত্তয়ে ব্যাকৃতাবস্থাব্যাবৃত্তয়ে চ। ন হ্যস্মিন্ প্রকৃতে বিশেষিতে অশ্রুতান্তরালাবস্থা প্রতিপত্তুং শক্যতে ॥৫২॥১৫॥

টীকা। পুনরুক্তিবৈয়র্থ্যমাশঙ্ক্যোক্তম্—উত্তরার্থ ইতি। পূর্ব্বত্র দেবেষু দর্শিতস্য বর্ণবিভাগস্য মনুষ্যেষূত্তরগ্রন্থেন যোজনার্থ ইতি যাবৎ। সৃষ্টবর্ণচতুষ্টয়নিবিষ্টমবান্তরবিভাগমভিধাতুমারভতে—যৎ তদিতি। নাম্নেন দেবান্তররূপেণ ক্ষত্রাদিবিকারমন্তরেণেতি যাবৎ। বিকারান্তরমগ্নিব্রাহ্মণলক্ষণম্। ক্ষত্রিয়েণেত্যত্র বিবক্ষিতমর্থমাহ—ইন্দ্রাদিদেবতাধিষ্ঠিত ইতি। বৈশ্যেনেতি বস্বাদ্যধিষ্ঠিতত্বমুচ্যতে। শূদ্রেণেতি পূষাধিষ্ঠিতত্বম্। অগ্ন্যাদিভাবমাপন্নস্য ক্ষত্রাদিভাবো ন তু ক্ষত্রাদিভাবমাপন্নস্যাগ্ন্যাদিভাবঃ, ইত্যেতাবন্মাত্রেণ ব্রহ্মণো বিকৃতত্বাবিকৃতত্বমগ্নিব্রাহ্মণস্য ত্বর্থমুক্তমিত্যভিপ্রেত্য তস্মাদিত্যাদি ব্যাচষ্টে—যস্মাদিতি। যথোক্তপ্রার্থনায়া স্থানান্তং সাধয়তি—তদর্থমেবেতি। কর্ম্মফলদানার্থমিতি যাবৎ। ১

মনুষ্যাণাং মধ্যে কমপি মনুষ্যমবলম্ব্য কর্ম্মফলভোগাপেক্ষায়ামধিকরণসম্প্রদানভাবেনাবস্থিতাগ্নীন্দ্রাদিনিমিত্তক্রিয়াপেক্ষা নাস্তি, কিন্তু ব্রাহ্মণজাতিপ্রাপ্তিমাত্রেণ তৎসম্বন্ধং জপাদিকর্ম্মাবশ্যম্ভাবীতি তন্মাত্রেণ পুরুষার্থঃ সিধ্যতীতি প্রতীকগ্রহণপূর্ব্বকমাহ—মনুষ্যাণামিতি। কুত্র তর্হি যথোক্তক্রিয়াপেক্ষেতি, তত্রাহ—যত্র স্থিতি। দেবানাং মধ্যেঽগ্নিসংবন্ধমেব কর্ম্ম কৃত্বা পুরুষার্থলাভঃ, মনুষ্যাণাং মধ্যে তু ব্রাহ্মণ্যপ্রযুক্তজপাদিমাত্রেণ তৎপ্রাপ্তিরিত্যত্র প্রমাণমাহ—স্মৃতেশ্চেতি। জপগ্রহণং জাতিমাত্রপ্রযুক্তকর্ম্মোপলক্ষণার্থম্। অন্যদগ্নিসংবন্ধং কর্ম্ম। কোঽয়ং ব্রাহ্মণো নাম? তত্রাহ—মৈত্র ইতি। সর্ব্বেষু ভূতেষভয়প্রদো বিশিষ্টজাতিমানিতি যাবৎ। নমু যথোক্তস্মৃতের্ব্রাহ্মণ্যপ্রতিলম্ভমাত্রাদভ্যুদয়লাভেঽপি কুতস্ততো নিঃশ্রেয়সসিদ্ধিস্তত্রাহ—পারিব্রাজ্যেতি। ব্রাহ্মণা ব্যুত্থায়াথ ভিক্ষাচর্য্যং চরন্তীতি ব্রাহ্মণস্য পারিব্রাজ্যং শ্রূয়তে, তচ্চ সংন্যাসাদ্ব্রহ্মণঃ স্থানমিতি ব্রহ্মলোকসাধনং গম্যতে। অতশ্চ ব্রাহ্মণজাতিনিমিত্তং লোকমিচ্ছন্তীতি যুক্তমিত্যর্থঃ। ব্রাহ্মণে মনুষ্যেষিত্যস্যার্থমুপসংহরতি—তস্মাদিতি। হেতুবাক্যমাদায় ব্যাচষ্টে—যস্মাদিতি। হিশব্দার্থো যস্মাদিত্যুক্তং, যৎ স্রষ্টৃ ব্রহ্ম, তদেতাভ্যাং যস্মাৎ সাক্ষাদভবৎ, তস্মাদগ্নাবেবেত্যাদি যুক্তমিতি যোজনা। ২

অগ্নৌ হুত্বা ব্রাহ্মণে চ দত্ত্বা পরমাত্মলক্ষণং লোকমাপ্তুমিচ্ছন্তীতি ভর্ত্তৃপ্রপঞ্চব্যাখ্যানমনুবদতি—অত্রেতি। সপ্তমী তস্মাদিত্যাদিবাক্যবিষয়া। প্রক্রমালোচনায়াং কর্ম্মফলমিহ লোকশব্দার্থো ন পরমাত্মা, প্রক্রমভঙ্গপ্রসঙ্গাদিতি দূষয়তি—তদসদিতি। কর্ম্মাধিকারার্থং কর্ম্মসু প্রবৃত্তিসিদ্ধ্যর্থমিতি যাবৎ। বাক্যশেষগতবিশেষণবশাদপি কর্ম্মফলস্যৈবাত্র লোকশব্দবাচ্যত্বমিত্যাহ—পরেণ চেতি। তদেব প্রপঞ্চয়তি—যদি হীতি। পরপক্ষে স্বমিতি বিশেষণং ব্যাবর্ত্ত্যাভাবান্ন ঘটতে চেৎ, স্বপক্ষেঽপি কথং তদুপপত্তিরিত্যাশঙ্ক্যাহ—স্বলোকেতি। পরপক্ষোঽনাত্মবিষয়ঃ। ননু প্রকৃতে বাক্যে লোকশব্দেন পরমাত্মা নোচ্যতে চেৎ, উত্তরবাক্যেঽপি তেন নাসাবুচ্যেত, বিশেষাভাবাদিত্যাশঙ্ক্য বিশেষণসামর্থ্যাত্তত্রৈবমিত্যাহ—যদেব চেতি। কর্ম্ম-

ফলবিষয়ত্বেনাপি বিশেষণস্য নেতুং শক্যত্বান্ন বিশেষসিদ্ধিরিত্যাশঙ্কাহ—অবিদ্যেতি। তেষাং স্বরূপব্যভিচারে বাক্যশেষং প্রমাণয়তি—ব্রবীতি চেতি। ৩

উত্তরবাক্যব্যাবর্ত্ত্যং পূর্ব্বপক্ষমাহ—ব্রহ্মেতি। তৎপুনরচেতনমকিঞ্চিৎকরমিত্যাশঙ্ক্যাহ—তচ্চেতি। সর্ব্বৈরেব বর্ণৈঃ স্বস্য কর্ত্তব্যতয়া তান্ প্রতি নিয়ন্তৃ ভূত্বেতি যোজনা। তস্য পুনর্থোপায়ত্বপ্রসিদ্ধিমাদায় ফলিতমাহ—তস্মাদিতি। অবিদিতোঽপীতি চ্ছেদঃ। দেবতাগুণকর্ম্ম মুক্তিহেতুরিতি পক্ষং প্রতিক্ষেপ্তুমুত্তরং বাক্যমুত্থাপয়তি—অত আহেতি। জ্ঞানাদেব মুক্তির্ন কর্ম্মণেত্যাগমপ্রসিদ্ধমিতি নিপাতয়োরর্থঃ। তত্র নিমিত্তমুপাদানং চেতি দ্বয়ং সংক্ষিপতি—অবিদ্যেতি। নিমিত্তং বিবৃণোতি—অগ্ন্যধীনেতি। আত্মাখ্যস্য লোকস্য সত্ত্বে হেতুমাহ—আত্মত্বেনেতি। অহং ব্রহ্মাস্মীত্যদৃষ্টেতি সম্বন্ধঃ। যঃ পরমাত্মানমবিদিত্বৈব ম্রিয়তে, তমেনং পরমাত্মা ন পালয়তীতি যোজনা। পরমাত্মনঃ স্বরূপত্বাদবিদিতস্যাপি পালয়িতৃত্বং স্যাদিত্যাশঙ্ক্যাহ—স যদ্যপীতি। লোকশব্দাদুপরিষ্টাত্তৎপাপীতি দ্রষ্টব্যম্। অবিদিত ইত্যস্য ব্যাখ্যানমবিদ্যয়েত্যাদি। পরমাত্মাখ্যো লোকো নাজ্ঞাতো ভুনক্তীত্যত্র কর্ম্মফলভূতং লোকং বৈধর্ম্ম্যদৃষ্টান্ততয়া দর্শয়তি—অস্ব ইবেতি। অজ্ঞাতস্যাপালয়িতৃত্বে সাধর্ম্ম্যদৃষ্টান্তমাহ—সংখ্যেতি। যথা লৌকিকো দশমো দশমোঽস্মীত্যজ্ঞাতো ন শোকাদিনিবর্ত্তনেনাত্মানং ভুনক্তি, তথা পরমাত্মাঽপীত্যর্থঃ। তত্রৈব শ্রুত্যুক্তং দৃষ্টান্তদ্বয়ং ব্যাচষ্টে—যথা চেত্যাদিনা। অবিদ্যাদীত্যাদিশব্দেন তদুত্থং সর্ব্বং সংগৃহ্যতে। ৪

যদিহেত্যাদিবাক্যাপোহ্যং চোদ্যমুত্থাপয়তি—নন্বিতি। নন্বনিষ্টফলনিমিত্তস্যাপি কর্ম্মণঃ ফলপ্রাপ্তিধ্রৌব্যাৎ কথং কর্ম্মণা মোক্ষঃ সেৎস্যতি, তত্রাহ—ইষ্টেতি। বাহুল্যমশ্বমেধাদিকর্ম্মণো মহত্তরত্বং, তদ্ধি দুরিতমভিভূয় মোক্ষমেব সম্পাদয়িষ্যতীত্যর্থঃ। যৎ কৃতকং তদনিত্যমিতি ন্যায়মাশ্রিত্য পরিহরতি—তন্নেত্যাদিনা। সপ্তম্যর্থঃ সংসার ইতি নিপাতার্থঃ সূচয়তি—অদ্ভুতবদিতি। অনেবম্বিত্ত্বং ব্যাকরোতি—স্বং লোকমিতি। যথোক্তো বিধিরন্বয়ব্যতিরেকাভ্যাং। পুণ্যকর্ম্মচ্ছিদ্রেষু দুরিতপ্রসক্তিং নিবারয়তি—নৈরন্তর্য্যেণেতি। তথা পুণ্যং সঞ্চিম্বতোঽভিপ্রায়মাহ—অনেনেতি। প্রক্রান্তযচ্ছব্দাপেক্ষিতং কথয়তি—তৎ কর্ম্মেতি। প্রাগুক্তন্যায়দ্যোতী হেতি নিপাতঃ। কারণরূপেণ কার্য্যস্য ধ্রুবত্বমাশঙ্ক্যাহ—তৎকারণয়োরিতি।

মুক্তেরনিত্যত্বদোষসমাধিস্তর্হি কেন প্রকারেণ স্যাদিত্যাশঙ্ক্যাহ—অত ইতি। আত্মশব্দার্থমাহ—স্বং লোকমিতি। তদেব স্ফুটয়তি—আত্মানমিতীতি। আত্মশব্দস্য প্রকৃতস্বলোকবিষয়ত্বে হেত্বন্তরমাহ—ইহ চেতি। প্রয়োগে তু পুনরুক্তিভয়াদর্থান্তরবিষয়ত্বমপি স্যাদিত্যর্থঃ। ৫

বিদ্যাফলমাকাঙ্ক্ষাদ্বারা নিক্ষিপতি—স য ইতি। কর্ম্মফলস্য ক্ষয়িত্বমুক্ত্বা কর্ম্মণোঽক্ষয়ত্বং বদতো ব্যাহতিমাশঙ্ক্যাহ—কর্ম্মেতি। বাক্যস্য বিবক্ষিতমর্থং বৈধর্ম্ম্যদৃষ্টান্তেন ব্যাচষ্টে—যথেতি। অবিদুষ ইতি চ্ছেদঃ। কর্ম্মক্ষয়েঽপি বা বিদুষো দুঃখাভাবে দৃষ্টান্তমাহ—নিখিলায়ামিতি। ৬

আত্মানমিত্যাদি কেবলজ্ঞানান্মুক্তিরিত্যেবংপরতয়া ব্যাখ্যাতং, সম্প্রতি তত্র ভর্ত্তৃপ্রপঞ্চব্যাখ্যামুত্থাপয়তি—অন্যেতি। আত্মলোকোপাসকস্য কর্ম্মাভাবে কথং তদক্ষয়ত্বাচ্চোমুক্তিরিত্যাশঙ্ক্য কর্ম্মাভাবস্যাসিদ্ধিমভিসন্ধায় কর্ম্মসাধ্যং লোকং ব্যাকৃতাব্যাকৃতরূপেণ ভিনত্তি—লোকশব্দার্থং চেতি। উৎপ্রেক্ষিকী কল্পনা, ন তু শ্রৌতীতি বক্তুং কিলেত্যুক্তম্। তত্রাহ—

লোকশব্দার্থমনূদ্য তদুপাসকস্য দোষমাহ—এক ইতি। পরিচ্ছিন্নঃ কর্ম্মাত্মা, তৎসাধ্যো ব্যাকৃতাবস্থো লোকস্তস্মিন্নহংগ্রহোপাসকস্তেতি যাবৎ। কিলশব্দস্তু পূর্ব্ববৎ। দ্বিতীয়ং লোকশব্দার্থমনূদ্য তদুপাসকস্য লাভং দর্শয়তি—তমেবেতি। যথা কুণ্ডলাদেরন্তর্ব্বহিরন্বেষণে সুবর্ণব্যতিরিক্তরূপানুপলম্ভাত্তদ্রূপেণাস্য নিত্যত্বং, তথা কর্ম্মসাধ্যং হিরণ্যগর্ভাদিলোকং কার্য্যত্বাদব্যাকৃতং কারণমেবেত্যঙ্গীকৃত্য যস্তস্মিন্নহংবুদ্ধ্যোপাস্তে, তস্যাপরিচ্ছিন্নকর্ম্মসাধ্যলোকাত্মোপাসকত্বাদব্রহ্মবিত্বং কর্ম্মিত্বং চ ঘটতে, তস্য খল্বাস্যৈব কর্ম্ম, তেন তস্য তন্ন ক্ষীয়তে। যঃ পুনরদ্বৈতাবস্থামুপাস্তে, তস্যাস্যৈব কর্ম্ম ভবতীতি হি ভর্তৃপ্রপঞ্চৈরুক্তমিত্যর্থঃ। ৭

আত্মানমিত্যাদিসমুচ্চয়পরমিতি প্রাপ্তং পক্ষং প্রত্যাহ—ভবতীতি। শ্রৌতত্বাভাবে হেতুমাহ—স্বলোকেতি। স্বং লোকমদৃষ্ট্বেত্যত্র স্বলোকশব্দেন পরস্য প্রকৃতস্যাত্মানমেবেত্যত্র প্রকৃতহানাপ্রকৃতপ্রক্রিয়াপরিহারার্থমুক্তত্বান্নাত্র লোকস্যৈবিধা কল্পনা যুক্তেত্যর্থঃ। লোকশব্দেনাত্র পরমাত্মপরিগ্রহে হেত্বন্তরমাহ—স্বং লোকমিতীতি। যথা লোকস্য স্বশব্দার্থো বিশেষণং, তথাত্মানমিত্যত্র স্বশব্দপর্য্যায়াত্মশব্দার্থস্তস্য বিশেষণং দৃশ্যতে, ন চ কর্ম্মফলস্য মুখ্যমাত্মত্বমতো লোকশব্দোঽত্র পরমাত্মৈবেত্যর্থঃ। প্রকরণাদ্বিশেষণাচ্চ সিদ্ধমর্থং দর্শয়তি—তত্রেতি। ৮

পরস্যৈব লোকশব্দার্থত্বে হেত্বন্তরমাহ—পরেণেতি। উক্তমেব প্রপঞ্চয়তি—পুত্রেতি। অথ পরেষু বাক্যেষু পরমাত্মা লোকশব্দার্থঃ,—প্রকৃতে তু কর্ম্মফলমিতি ব্যবস্থেতি চেৎ, নৈবমেকবাক্যত্বসম্ভবে তদ্ভেদস্যান্যায্যত্বাদিত্যাহ—তৈরিতি। একবাক্যত্বসম্ভাবনামেব দর্শয়তি—ইহাপীতি। যথোত্তরত্রাত্মাদিশব্দেন লোকো বিশেষিতস্তথাত্মানমিত্যত্রাপ্যাত্মশব্দেন বিশেষ্যতে। পূর্ব্ববাক্যে চ স্বং লোকমদৃষ্ট্বেতি স্বশব্দেনাত্মবাচিনা তস্য বিশেষণং দৃশ্যতে। তথা চ পূর্ব্বাপরালোচনায়ামেকবাক্যত্বসিদ্ধিরিত্যর্থঃ। ৯

প্রকরণেন পরস্য লোকশব্দার্থত্বমযুক্তং লিঙ্গবিরোধাদিতি চোদয়তি—অস্মাদিতি। তদেব বিবৃণোতি—ইহেত্যাদিনা। অর্থবাদস্থং লিঙ্গং ন প্রকরণাদ্বলবদিতি মত্বা সমাধত্তে—নেত্যাদিনা। স্তুতিমেব স্পষ্টয়তি—অস্মাদেবেতি। লোকাৎ জ্ঞাতাদিতি শেষঃ। যথা ছান্দোগ্যে স্তুত্যর্থমাত্মনঃ স্রষ্টৃত্বমুচ্যতে, তথাত্রাপ্যাত্মলোকং স্তোতুমেতৎ ফলবচনমিত্যাহ—আত্মত ইতি। ভবতু বা, মা বা ভূৎ; অস্মাদ্ধ্যেবেত্যাদিরর্থবাদঃ, তথাপি তস্য সর্ব্বাত্মত্বপ্রদর্শনার্থত্বাদযুক্তমত্র লোকশব্দেন পরমাত্মগ্রহণমিত্যাহ—সর্ব্বাত্মেতি। তস্মাৎ তৎ সর্ব্বমভবদিতি বাক্যং দৃষ্টান্তয়তি—পূর্ব্ববদিতি। ১০

কিঞ্চ, আত্মশব্দস্য ত্রিধাপরিচ্ছেদশূন্যার্থবাচিত্বাদ্যচ্চাপ্নোতীত্যাদিস্মৃতেরেব সিদ্ধত্বাত্তৎসমানাধিকরণ-লোকশব্দস্যাপি তদর্থত্বাৎ পরস্যৈবাত্র লোকত্বমিত্যাহ—যদি হীতি। কিং চ, যদি লোকশব্দেন পরং হিত্বার্থান্তরমুচ্যতে, তদা সবিশেষণং বাক্যং স্যাৎ, অন্যথা স্বং লোকমিতি প্রকৃতপরমাত্মলোকস্য স্বৎপক্ষেঽনন্তরোক্তব্রহ্মলোকস্য চ ব্যাবৃত্ত্যযোগাৎ। ন চাত্র সবিশেষণং বাক্যং দৃষ্টম্, অতঃ স্বং লোকমিতি প্রকৃতঃ পরমাত্মৈবাত্রাপি লোক ইত্যাহ—অন্যথেতি। বিশেষণং বিনৈবাত্মাদিত্যত্র পরাপরাত্মামর্থান্তরং কিং ন স্যাদিত্যাশঙ্ক্যাহ—ন হীতি। স্বং লোকমিতি প্রকৃতে পরমাত্মস্যাত্মানমেবেতি বিশেষিতে চাব্যাকৃতাখ্যা পরাপরাত্মামন্তরালাবস্থা ন প্রতিপত্তুং শক্যতে, তস্যাঃ প্রকৃতত্বাভাবাদিত্যর্থঃ। ১৫। ৫।

ভাষ্যানুবাদ।—এইরূপে ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র, এই চাতুর্ব্বর্ণ্য সৃষ্ট হইল; মনুষ্যের মধ্যেও এই বর্ণ-বিভাগের প্রয়োজন হইবে; এই জন্য পূর্ব্বোক্ত সৃষ্টির এখানে উপসংহার বা পুনরুল্লেখ করা হইল। সেই যে সৃষ্টিকর্ত্তা ব্রহ্ম, তিনি দেবগণের মধ্যে অগ্নিরূপেই ব্রহ্ম অর্থাৎ ব্রাহ্মণজাতি হইয়াছিলেন, অন্য কোনরূপে নহে; মনুষ্যগণের মধ্যে ব্রাহ্মণরূপেই ব্রাহ্মণ হইয়াছিলেন; অপরাপর বর্ণের মধ্যে তিনি রূপান্তর অবলম্বন করিয়া প্রকটিত হইয়াছিলেন (১)।

ক্ষত্রিয়রূপে অর্থাৎ ইন্দ্রপ্রভৃতি দৈব ক্ষত্রিয়ে অধিষ্ঠিত হইয়া ক্ষত্রিয় এবং দৈব-বৈশ্যাধিষ্ঠিতরূপে বৈশ্য এবং শূদ্র-পূষাধিষ্ঠিত হইয়া শূদ্ররূপে অভিব্যক্ত হইয়াছিলেন। যেহেতু, সৃষ্টিকর্ত্তা ব্রহ্ম ক্ষত্রিয়াদি বর্ণত্রয়ে বিকারাপন্ন, কেবল অগ্নি ও ব্রাহ্মণেই অবিকৃত; সেই হেতু দেবগণের মধ্যে কর্ম্মফল পাইতে হইলে অগ্নিতেই তাহা ইচ্ছা করিয়া থাকেন; [বুঝিতে হইবে,] অগ্নিসম্পর্কিত যজ্ঞাদি কর্ম্ম করিয়া [ফল পাইতে ইচ্ছা করেন]; কারণ, ইহার জন্যই ব্রহ্ম যজ্ঞাদি কর্ম্মের অধিকরণ-স্বরূপ অগ্নিরূপে অবস্থিত হইয়াছেন; অতএব সেই অগ্নিতে কর্ম্মসম্পাদন করিয়া যে, কর্ম্মের উপযুক্ত ফল পাইতে ইচ্ছা করিয়া থাকে, ইহা সঙ্গতই বটে। ১

আবার মনুষ্যের মধ্যে কর্ম্মফললাভের অভিলাষ থাকিলে ব্রাহ্মণেই তাহা প্রার্থনা করিয়া থাকেন, সেখানে আর অগ্নিপ্রভৃতি সাধনসাপেক্ষ ক্রিয়ার প্রয়োজন হয় না; পরন্তু, কেবল জাতিমাত্রলাভেই (ব্রাহ্মণ্যলাভেই) পুরুষের অভীষ্টসিদ্ধি হইয়া থাকে; আর যেখানে পুরুষার্থসিদ্ধি অর্থাৎ পুরুষের অভীষ্টফলপ্রাপ্তি দেবতার অধীন,—দেবতার অনুগ্রহে পাইতে হয়, কেবল সেখানেই অগ্নিপ্রভৃতির অধীন ক্রিয়ার অপেক্ষা, (অন্যত্র নহে)। যেহেতু, স্মৃতিশাস্ত্রও বলিয়াছেন—'ব্রাহ্মণ একমাত্র জপের দ্বারাই (স্বজাত্যুচিত কর্ম্ম দ্বারাই) সম্যক্ সিদ্ধিলাভ করিতে পারেন, ইহাতে আর সংশয় নাই; অন্য (অগ্নিসম্বদ্ধ যজ্ঞাদি) কর্ম্ম করুক আর না-ই করুক, যিনি মৈত্র—সর্ব্বভূতের হিতেরত—অভয়প্রদ, তিনিই

---

(১) তাৎপর্য্য—ব্রহ্ম দেবগণের মধ্যে প্রথমে অগ্নিরূপে প্রকটিত হইলেন, তাহার পর সেই অগ্নিরূপে থাকিয়াই দেব ক্ষত্রিয়-বৈশ্যাদির সৃষ্টি করিলেন; আবার মনুষ্যের মধ্যে তিনি প্রথমেই ব্রাহ্মণরূপে প্রকটিত হইলেন; শেষে সেই ব্রাহ্মণরূপে থাকিয়াই মানবীয় ক্ষত্রিয় ও বৈশ্যাদির সৃষ্টি করিলেন; কাজেই অগ্নি ও ব্রাহ্মণকে অবিকৃত ব্রহ্ম-সৃষ্টি বলা হইল, আর অপরাপর ক্ষত্রিয়াদি-সৃষ্টিতে অগ্নি ও ব্রাহ্মণরূপ বিকারের সাহায্য অপেক্ষিত থাকায়, ক্ষত্রিয়াদি-সৃষ্টিকে বিকারান্তর দ্বারা সৃষ্ট বলা হইল।

ব্রাহ্মণ নামে অভিহিত হইয়া থাকেন' ইতি। পারিব্রাজ্যদর্শনও ইহার অন্য কারণ (২)। যেহেতু, স্রষ্টা ব্রহ্ম, কর্ম্মের কর্ত্তা ব্রাহ্মণ ও কর্ম্মের অধিকরণ অগ্নি, এই উভয়রূপেই প্রকটিত হইয়াছেন ; সেই হেতু মনুষ্যগণের মধ্যে ব্রাহ্মণের দ্বারাই অভীষ্ট লোক অর্থাৎ কর্ম্মফল পাইতে ইচ্ছা করিয়া থাকেন। ২

এ স্থলে কেহ কেহ ব্যাখ্যা করেন যে, 'লোক' অর্থ পরমাত্মা ;—অগ্নিতে ও ব্রাহ্মণে সেই পরমাত্ম-লোক লাভ করিতে ইচ্ছা করিয়া থাকেন। কিন্তু সে রূপ ব্যাখ্যা সঙ্গত হয় না ; কেন না, যতদিন জীব অবিদ্যার অধিকারে থাকে, ততদিনই তাহার কর্ম্মেতে অধিকার। বর্ণবিভাগ সেই কর্ম্মানুষ্ঠানেরই উপযোগী ; এই জন্যই এখানে বর্ণবিভাগ বর্ণিত হইয়াছে ; পরবর্ত্তী বাক্যেও এই বিষয় বিশেষ করিয়া বলিয়া দিয়াছেন। এখানে 'লোক' শব্দে যদি পরমাত্মাই উক্ত হইত, তাহা হইলে নিশ্চয়ই 'স্বং লোকম্ অদৃষ্ট্বা' এইরূপে বিশেষ করিয়া বলিবার কোনই আবশ্যক হইত না। পক্ষান্তরে, এখানে যদি স্ব-লোকাতিরিক্ত অন্য কোনও প্রার্থনীয় লোকের প্রস্তাব থাকিত—যাহা অগ্নির অধীন, তাহা হইলেই সেই প্রস্তাবিত 'লোকে'র ব্যাবৃত্তির জন্য এখানে 'স্ব'-বিশেষণের সার্থকতা হইতে পারিত ; [কিন্তু সেরূপ ত কোনও প্রসঙ্গ নাই] ; কারণ, পরমাত্মা যে, সকলেরই 'স্ব', এ কথার কোথাও ব্যভিচার নাই ; আর অবিদ্যাকৃত বস্তুমাত্রেতেই স্বত্বের (আত্মভাবের) ব্যভিচার রহিয়াছে, অর্থাৎ আবিদ্যক কোন বস্তুই 'স্ব' (আত্মা) হইতে পারে না ; বিশেষতঃ শ্রুতি নিজেই কর্ম্মজন্য বস্তুমাত্রের স্বত্ব নিষেধ করিয়া বলিবেন, যথা—"ক্ষীয়তে এব" (নিশ্চয়ই ক্ষয়প্রাপ্ত হয়) ইতি। ৩

ব্রহ্ম যে কর্ম্মসম্পাদনের জন্য চারিবর্ণের সৃষ্টি করিয়াছেন, সেই কর্ম্মের নাম ধর্ম্ম ; কর্ত্তব্যরূপে বিহিত সেই কর্ম্ম সর্ব্ববর্ণেরই নিয়ন্তা এবং পুরুষার্থসিদ্ধিরও উপায়। যদি স্ব-লোক পরমাত্মাকে না জানিলেও কর্ম্ম দ্বারাই সেই পরমাকে পাওয়া যায়,

(২) তাৎপর্য্য—এখানে আশঙ্কা হইয়াছিল এই যে, ভাল, ব্রাহ্মণ্যলাভই যদি মানুষের প্রধান প্রার্থনীয় হয়, তাহা হইলেও উহা হইতে কেবল অভ্যুদয় স্বর্গাদি ফলপ্রাপ্তি মাত্র হইতে পারে, কিন্তু জীবের প্রকৃত লক্ষ্য যে নিঃশ্রেয়স—মুক্তি, তাহা সিদ্ধ হইবে কিসে ? তদুত্তরে বলিতেছেন—"ব্রাহ্মণা ব্যুত্থায় অথ ভিক্ষাচর্য্যং চরন্তি" অর্থাৎ ব্রাহ্মণ সংসারাশ্রম হইতে উত্থিত হইয়া ভিক্ষাচর্য্য (সন্ন্যাস) অবলম্বন করিবেন', এই শ্রুতিতে ব্রাহ্মণের পারিব্রাজ্য বা সন্ন্যাস গ্রহণের বিধান রহিয়াছে ; সন্ন্যাসাশ্রম ব্রহ্মলাভেরই উপযুক্ত স্থান ; কাজেই ব্রাহ্মণ্যকেও ব্রহ্মলাভের সাধন বলিতে পারা যায় ; সুতরাং ব্রাহ্মণ্যকেই জীবের চরম লক্ষ্য মুক্তিলাভের প্রধানতম উপায় বলিয়া উল্লেখ করিয়াছেন।

তাহা হইলে, তাহাকে জানিয়া ফল কি? এই আশঙ্কায় বলিতেছেন—'অথ' ইত্যাদি। উক্ত পূর্ব্বপক্ষ নিরাসার্থ 'অথ' শব্দ প্রযুক্ত হইয়াছে। যে কোন ব্যক্তি, স্বলোককে—আত্মারূপে অব্যভিচারী পরমাত্মাকে 'অহং ব্রহ্মাস্মি'রূপে না জানিয়া অবিদ্যা ও তন্মূলক কাম ও কর্ম্মপ্রসূত অগ্নিসাধ্য কর্ম্মাধীন বলিয়াই হউক, আর শুদ্ধ ব্রাহ্মণ-জাত্যুচিত কর্ম্মাভিমানমূলক বলিয়াই হউক নিশ্চয়ই আগন্তুক [অতএব] অনাত্মভূত এই সাংসারিক দেহধারণাত্মক লোক হইতে (জন্ম-মরণ-প্রবাহাত্মক সংসার হইতে) প্রয়াণ করে—মৃত হয়, সে ব্যক্তি যদিও বস্তুগত্যা স্ব-লোকই বটে, তথাপি অবিদিত অর্থাৎ অবিদ্যা দ্বারা আবৃত থাকায় দশমত্ব-সংখ্যার অপরিপূরণ ভ্রমে সাধারণ লোকের ন্যায় (১) যেন অ-স্বপ্ন মত হইয়া পড়ে; সুতরাং অবিজ্ঞাত থাকায় এই আত্মাকে ভোগ করে না, অর্থাৎ শোকমোহভয়াদি দোষ অপনীত করিয়া আত্মবোধে সমর্থ হয় না, জগতে অননুক্ত—অনধীত বেদ যেমন বেদোক্ত কর্ম্মাদি বিষয়ে বোধোৎপাদন করত উপকার করে না, অথবা লোকপ্রসিদ্ধ অন্যান্য কৃষ্যাদি-কর্ম্ম যেরূপ নিজে অসম্পাদিত হইলে স্বীয় ফল প্রদান দ্বারা পালন করে না; তদ্রূপ আত্মা প্রকৃতপক্ষে স্বলোক হইলেও, তাহাকে নিত্য আত্মস্বরূপে প্রকটিত করিতে না পারিলে নিশ্চয়ই অবিদ্যাদি দোষাপনয়ন দ্বারা রক্ষা করে না। ৪

এখন জিজ্ঞাসা করি, স্ব-লোকদর্শনে এই পরিপালনের প্রয়োজন কি? কর্ম্ম হইতেই যখন উপযুক্ত ফলপ্রাপ্তি ধ্রুব, এবং অভীষ্টফলসাধন কর্ম্মও যখন প্রভূত পরিমাণে বিদ্যমান আছে, তখন তদনুষ্ঠানের ফলেই আত্মার অক্ষয়ত্ব-পালন সম্ভবপর হইবে? জ্ঞানের আর প্রয়োজন কি? না,—তাহা হইতে পারে না; কারণ, জন্য পদার্থমাত্রেরই ক্ষয় অবশ্যম্ভাবী; এই কথাই বিশেষ করিয়া বলিতেছেন যে, এই সংসারে যদি কোন অদ্ভুতকর্ম্মা পুরুষ 'স্ব'-লোক আত্মাকে না জানিয়া, এবংবিধ-জ্ঞানহীন অবস্থায় শাস্ত্রোক্ত বিধানানুসারে অবিচ্ছেদে ইষ্টফলসাধক বহু অশ্বমেধাদি পুণ্যকর্ম্মের অনুষ্ঠানও করে,—ইহার সাহায্যেই আমার অক্ষয় ফললাভ হইবে—মনে করিয়া নিরন্তর কর্ম্মানুষ্ঠান

---

(১) তাৎপর্য্য—সংখ্যার অপরিপূরণ কথার ভাবার্থ এইরূপ—"দশমঃ ত্বমসি" এইরূপ লৌকিক একটী বাক্য আছে। সেখানে যেমন অজ্ঞানদোষে নিজে দশম হইয়াও সংখ্যার পরিপূরণ না হওয়ায় আপনাকে 'দশম' বলিয়া বুঝিতে পারে নাই, এখানেও তদ্রূপ নিজে সর্ব্বদাই 'স্ব' (আত্মা) হইয়াও অজ্ঞান দোষে তাহা বুঝিতে না পারিয়া আপনাকে 'স্ব' হইতে ভিন্ন (অ-স্ব) বলিয়া মনে করিয়া থাকে।

করে, অবিদ্বানের সেই কর্ম্মগুলি অবিদ্যা-মূলক কামনার বশে অনুষ্ঠিত হওয়ায় ভ্রান্তিময় স্বপ্নদর্শনোত্থিত ঐশ্বর্য্যের ন্যায় ফলোপভোগের অন্তে অর্থাৎ তদুপযুক্ত ফলভোগ শেষ হইয়া গেলে পর, নিশ্চয়ই তাহা ক্ষয়প্রাপ্ত হয়; কারণ, সেই কর্ম্মানুষ্ঠানের মূলীভূত কারণ অবিদ্যা ও কামনা, উভয়ই চঞ্চল অর্থাৎ অচির-স্থায়ী; কাজেই কর্ম্মজনিত ফলের অনিত্যতাসিদ্ধান্তই উপপন্ন হইতেছে; অতএব নিশ্চয়ই পুণ্যকর্ম্মের ফলে অনন্তকাল পরিপালনের আশা কখনও হইতে পারে না (১)। অতএব আত্মাকেরই—স্বলোকেরই উপাসনা করিবে; প্রথমে 'স্ব'-লোকের প্রস্তাব থাকায় এখানে 'স্ব' শব্দ না থাকিলেও 'আত্মানম্' পদেরই স্বলোক অর্থ গ্রহণ করিতে হইবে। ৫

সেই যে লোক আত্মারই উপাসনা করে, তাহার কি ফল হয়, তাহা বলিতে-ছেন—নিশ্চয়ই তাহার কর্ম্ম ক্ষয় প্রাপ্ত হয় না; কারণ, তাহার এমন কোন কর্ম্ম অবশিষ্ট থাকে না, যাহার ক্ষয় হইবে; 'কর্ম্ম ক্ষয় হয় না' কথাটি সিদ্ধ পদার্থেরই অনুবাদ বা পুনরুল্লেখমাত্র। অবিদ্বানের সম্বন্ধে কর্ম্মের ফল ক্ষয়াত্মক সংসার-দুঃখ যেরূপ অবিচ্ছিন্নভাবে থাকে, ইহার (বিদ্বানের) সম্বন্ধে সেরূপ দুঃখ কখনও থাকে না (সম্ভবপরও হয় না); যেমন [জনক বলিয়াছিলেন—] 'মিথিলা দেশ ভস্মীভূত হইলেও আমার কিছু দগ্ধ হয় না', ইহাও তেমনি। ৬

অপর সম্প্রদায় বলিয়া থাকেন যে, স্বাত্ম-লোকোপাসক বিদ্বানের বিদ্যা-প্রভাবে তদনুষ্ঠিত কোন কর্ম্মেরই ক্ষয় হয় না; আর উপাসনার ফলস্বরূপ 'লোক' শব্দেরও তাহারা দুই প্রকার অর্থ কল্পনা করিয়া থাকেন,—একটী অর্থ হইতেছে—কর্ম্মফলের ভোগভূমির অভিব্যক্তাবস্থ (ব্যাকৃতাবস্থ) পূর্ণ হৈরণ্যগর্ভের লোক (হিরণ্যগর্ভের অধিষ্ঠিত স্থান)। যিনি সেই পরিচ্ছিন্ন অনাত্মলোকের উপসনা করেন, কেবল সেই পরিচ্ছিন্নাত্মদর্শীর অনুষ্ঠিত কর্ম্মই ক্ষয় প্রাপ্ত হয়। [অপর অর্থ হইতেছে এই যে] যে ব্যক্তি কর্ম্মফলাত্মক সেই হিরণ্যগর্ভের লোককেই অব্যাকৃতা-

(১) তাৎপর্য্য—বেদান্তশাস্ত্রে এইরূপ একটি নিয়ম আছে যে, 'যৎ কৃতকং, তদনিত্যম্' অর্থাৎ যাহা ক্রিয়াজন্য—কোন প্রকার ক্রিয়া হইতে উৎপন্ন, তাহা যত বড়ই হউক, বা যত দীর্ঘকালস্থায়ীই হউক না কেন, নির্দ্দিষ্ট সময় অতীত হইলে তাহাকে ক্ষয় পাইতেই হইবে। এ নিয়মের কোথাও ব্যতিক্রম নাই। বিশেষতঃ যে যে বস্তু অবিদ্যা দ্বারা সাক্ষাৎ বা পরম্পরা সম্বন্ধেও উৎপাদিত, কস্মিন্‌কালেও তাহার নিত্যতা হইতে পারে না, যেমন স্বপ্নদৃষ্ট বিবিধ পদার্থ। এখানেও পুণ্যফল যখন ক্রিয়াজন্য, বিশেষতঃ মোহময় অবিদ্যা ও অবিদ্যামূলক কামনার ফল, তখন তাহার বিনাশও অবশ্যম্ভাবী।

বস্তু কারণরূপে পরিকল্পিত করিয়া উপাসনা করে; অপরিচ্ছিন্ন কর্ম্মফলে আত্মবুদ্ধি করায় সেই বিদ্বানের অনুষ্ঠিত কর্ম্ম কথনই ক্ষয়প্রাপ্ত হয় না। ৭

হাঁ, এরূপ কল্পনা শুনিতে সুন্দর বটে, কিন্তু শ্রুত্যনুসারিণী হইতেছে না; যেহেতু, এখানে 'স্ব-লোক' শব্দে পরমাত্মাই অভিহিত হইয়াছেন; কারণ, প্রথমে "স্বং লোকম্" এইরূপ প্রস্তাব করিয়া তাহারই প্রতিনির্দ্দেশ স্থলে 'স্ব'শব্দ পরিত্যাগপূর্ব্বক আত্ম-শব্দ যোগ করিয়া 'আত্মানম্ এব লোকম্ উপাসীত' বলা হইয়াছে; সুতরাং এখানে কর্ম্মসম্পর্কিত লোককল্পনার অবসরই নাই। ৮

বিশেষতঃ পরবর্ত্তী শুদ্ধ বিদ্যাবিষয়ক—'আমরা সন্তান দ্বারা কি করিব, যাহা দ্বারা আমাদের এই আত্ম-লোক লাভ হইবে না', এই বাক্যে বিশেষভাবে নির্দ্দেশ করাতেও [ঐরূপ কল্পনা সঙ্গত হইতে পারে না; কারণ,] এখানে "অয়মাত্মা নো লোকঃ" এই বাক্যে পুত্র, কর্ম্ম ও অপরবিদ্যালব্ধ লোক সমূহ হইতে এই আত্ম-লোকের বিশেষত্ব জ্ঞাপন করা হইয়াছে; তাহার পর 'কোন কর্ম্ম দ্বারাই ইহার পরম লোক অর্থাৎ সর্ব্বোৎকৃষ্ট গন্তব্য স্থান'; এখানেও সেইরূপ অর্থেই 'লোক' শব্দের ব্যবহার করা হইয়াছে। অতএব এখানেও 'স্বং লোকম্' এইরূপ বিশেষণ সন্নিবিষ্ট থাকায় পূর্ব্বোক্ত বিশেষণযুক্ত বাক্যগুলির সহিত ইহার একবাক্যতা করাই সমীচীন। ৯

যদি বল, তাহা হইলেও "অস্মাৎ কাময়তে" এইরূপ ফলনির্দ্দেশ করা সঙ্গত হয় না; কারণ, এখানে 'স্ব-লোক' অর্থ পরমাত্মা; তাহার উপাসনায় তৎস্বরূপ-প্রাপ্তি যখন শাস্ত্র-সম্মত সিদ্ধান্ত, তখন 'যাহা যাহা কামনা করেন, তৎসমস্ত এই আত্মা হইতেই সম্পন্ন হয়' এইরূপে সেই উপাসিত আত্মার অতিরিক্ত স্বতন্ত্র ফলের প্রাপ্তি-বর্ণনা কখনও যুক্তিসঙ্গত হয় না। না, এ আপত্তিও সঙ্গত হয় না; যেহেতু, ইহা স্ব-লোকোপাসনার স্তুতিপ্রকাশক মাত্র, (প্রকৃত-ফলপ্রকাশক নহে)। ইহার অর্থ হইতেছে এই যে, তাহার যাহা কিছু অভীষ্ট, তৎসমস্ত স্ব-লোক হইতেই নিষ্পন্ন হইয়া থাকে, এতদতিরিক্ত আর কিছুই তাহার প্রার্থনীয় থাকে না; কারণ, তিনি আপ্তকাম; [সুতরাং অন্যত্র তাঁহার কিছুই প্রার্থনীয় থাকিতে পারে না], কারণ, শ্রুতিতে আছে—'আত্মা হইতে প্রাণ, আত্মা হইতে দিক্‌সমূহ' ইত্যাদি। অথবা পূর্ব্বে যেমন সর্ব্বাত্মভাবজ্ঞাপনের জন্য "তস্মাৎ তৎ সর্ব্বমভবৎ" বলা হইয়াছে, তেমনি এখানেও সর্ব্বাত্মভাবপ্রদর্শনের জন্যই ঐরূপ ফলের উল্লেখ করা হইয়াছে। ১০

প্রকৃত পক্ষে উপাসক যদি পরমাত্মাই হইয়া যান, তাহা হইলে "অস্মাদ্ধি এব"

এই বাক্যে 'প্রস্তাবিত স্বস্বরূপ আত্ম-লোক হইতে' এইরূপ অর্থলাভের জন্য এখানে 'আত্ম'-শব্দের প্রয়োগ করা অবশ্যই যুক্তিসঙ্গত হইতে পারে; নচেৎ পরমাত্ম-লোকের নিষেধার্থ এবং ব্যক্তাবস্থার ব্যাবৃত্তির জন্য, 'অব্যাকৃতাবস্থ—যাহা এখনও অভিব্যক্ত হয় নাই, সেই অব্যক্ত কর্ম্মলোক হইতে' এইরূপেই বিশেষ করিয়া বলা আবশ্যক হইত; কিন্তু তাহা করা হয় নাই; পরন্তু এখানে প্রস্তাবিত বিষয়টাই বিশেষভাবে নির্দ্দেশ করিয়াছেন; সুতরাং উভয়ের মধ্যবর্ত্তী একটা অশ্রুত অবস্থা অবধারণ করা যাইতে পারে না॥ ৫২॥ ১৫।

আভাষ-ভাষ্যম্।—অথো অয়ং বা আত্মা। অত্রাবিদ্বান্ বর্ণাশ্রমাদ্যভিমানী ধর্ম্মেণ নিয়ম্যমানো দেবাদিকর্ম্মকর্ত্তব্যতয়া পশুবৎ পরতন্ত্র ইত্যুক্তম্। কানি পুনস্তানি কর্ম্মাণি?—যৎকর্ত্তব্যতয়া পশুবৎ পরতন্ত্রো ভবতি; কে বা তে দেবাদয়ঃ?—যেষাং কর্ম্মভিঃ পশুবদুপকরোতি—ইতি, তদুভয়ং প্রপঞ্চয়তি—

আভাষ-ভাষ্যানুবাদ।—"অথো অয়ং বা আত্মা" ইত্যাদি। বর্ণাশ্রমাদিকৃত অভিমানসম্পন্ন অবিদ্বান্ পুরুষ ধর্ম্ম দ্বারা নিয়মিত হইয়া দেবতা প্রভৃতির ভোগানুকূল কর্ম্মসম্পাদনে পরাধীন (বাধ্য) থাকেন, এইজন্য পশুর ন্যায় পরতন্ত্র; এ কথা পূর্ব্বে বলা হইয়াছে। সেই সমস্ত কর্ম্ম কি কি, যাহার অনুষ্ঠানের জন্য অবিদ্বান্ পুরুষ পশুবৎ পরাধীন হইয়া থাকেন; আর এই দেবাদিই বা কে কে, অবিদ্বানেরা বিবিধ কর্ম্ম দ্বারা যাহাদের উপকার সাধন করিয়া থাকেন। এখন এই উভয় বিষয় বিস্তৃতভাবে বলিতেছেন—

অথো অয়ং বা আত্মা সর্ব্বেষাং ভূতনাং লোকঃ, স যজ্জুহোতি যদ্যজতে তেন দেবানাং লোকোঽথ যদনুব্রূতে তেন ঋষীণামথ যৎ পিতৃভ্যো নিপৃণাতি যৎ প্রজামিচ্ছতে তেন পিতৃণামথ যন্মনুষ্যান্ বাসয়তে যদেভ্যোঽশনং দদাতি তেন মনুষ্যাণাং অথ যৎ পশুভ্যস্তৃণোদকং বিন্দতি তেন পশূনাং যদস্য গৃহেষু শ্বাপদা বয়াংস্যাপিপীলিকাভ্য উপজীবন্তি তেন তেষাং লোকো যথাহ বৈ স্বায় লোকায়ারিষ্টিমিচ্ছেদেবংহৈবংবিদে সর্ব্বাণি ভূতান্যরিষ্টিমিচ্ছন্তি, তদ্বা এতদ্বিদিতং মীমাংসিতম্॥ ৫৩॥ ১৬॥

সম্বন্ধার্থঃ।—অথো (বাক্যারম্ভে) অয়ং (প্রকৃতঃ) আত্মা (কর্ম্মাধি-

কৃতঃ অবিদ্বান্ পুরুষঃ) সর্ব্বেষাং ভূতানাং দেবাদি-পিপীলিক্যন্তানাং) লোকঃ (লোক্যতে ভুজ্যতে ইতি লোকঃ---ভোগ্যঃ)। সঃ (অবিদ্বান্) যৎ জুহোতি (হোমং করোতি), যৎ যজতে, তেন (হোম-যাগলক্ষণেন-কর্ম্মণা) দেবানাং লোকঃ (ভোগ্যঃ); অথ যৎ অনুব্রূতে (অহরহঃ বেদাদীন্ পঠতি), তেন ঋষীণাং লোকঃ (ভোগ্যঃ); অথ যৎ পিতৃভ্যঃ নিপৃণাতি (পিণ্ডোদকাদি প্রযচ্ছতি), যচ্চ প্রজান্ ইচ্ছতে (অপত্যমুৎপাদয়তি), তেন (কর্ম্মণা) পিতৃণাং [লোকঃ], অথ যৎ মনুষ্যান্ বাসয়তে (স্থানাসনজলাদিদানেন গৃহে স্থাপয়তি), যৎ চ এভ্যঃ (মনুষ্যেভ্যঃ) অশনং (অন্নং) দদাতি, তেন (কর্ম্মণা) মনুষ্যাণাং [লোকঃ]; অথ যৎ পশুভ্যঃ তৃণোদকং বিন্দতি, (পশূন্ তৃণোদকং গ্রাহয়তি), তেন পশূনাং [লোকঃ]; অস্য (অবিদুষঃ) গৃহেষু যৎ আ পিপীলিকাভ্যঃ (পিপীলিকাপর্য্যন্তং) শ্বাপদাঃ (জন্তবঃ) বয়াংসি (পক্ষিণঃ) চ উপজীবন্তি, তেন তেষাং লোকঃ; যথা স্বায় (স্বকীয়ায়) লোকায় (শরীরায়) অরিষ্টিং (অবিনাশং) ইচ্ছেৎ (কাময়েৎ) [জনঃ], এবং (পূর্ব্ববদেব) হ (নিশ্চয়ে) এবংবিদে (যথোক্তজ্ঞান-শালিনে) সর্ব্বাণি ভূতানি অরিষ্টিং (অবিনাশং) ইচ্ছন্তি (কাময়ন্তে); তৎ এতৎ (আত্মতত্ত্বং) বিদিতং (বিশেষেণ জ্ঞাতং সৎ) মীমাংসিতং (কর্ত্তব্যতয়া বিচারিতং) [ভবতীতি শেষঃ]। ৫৩॥ ১৬॥

মূলানুবাদ।—কর্ম্মাধিকারী এই আত্মা (অবিদ্বান্ পুরুষ) সর্ব্বভূতের (দেবাদিপ্রাণীর) লোক অর্থাৎ ভোগ্য; সেই অবিদ্বান্ যে হোম করে, এবং যাগ করে, তাহা দ্বারা সে দেবগণের ভোগ্য হয়, আর সে যে, অহরহঃ অধ্যয়ন করে, তাহা দ্বারা ঋষিগণের, আর সে যে, পিতৃগণের উদ্দেশ্যে জলপিণ্ড প্রদান করে, তাহা দ্বারা পিতৃগণের, এবং সে যে, [অভ্যাগত] মনুষ্যগণকে বাস করায় ও অন্নদান করে, তাহা দ্বারা মনুষ্য-গণের, এবং পশুগণকে যে, তৃণ ও জল প্রদান করে, তাহা দ্বারা পশুগণের, আর গৃহে যে, পিপীলিকা হইতে আরম্ভ করিয়া শ্বাপদ ও পক্ষিগণ জীবিকা লাভ করিয়া থাকে, তাহা দ্বারা তাহাদের লোক (ভোগ্য) হয়। জগতে স্বীয় শরীরের জন্য যেমন অ-রিষ্টি (অনিষ্টাভাব বা অবিনাশ) ইচ্ছা করিয়া থাকে, তেমনি দেবতা প্রভৃতিও, যে লোক আপনাকে দেবাদির ঋণগ্রস্ত বলিয়া মনে করে, তাহারও অরিষ্টি কামনা করিয়া থাকেন; সেই এই বিষয়টী [পঞ্চমহাযজ্ঞপ্রকরণে] বিদিত

(বিহিত) এবং [অবদান প্রকরণে] মীমাংসিতও (বিচারিতও) হইয়াছে ॥ ৫৩ ॥ ১৬ ॥

শাঙ্করভাষ্যম্।—অথো ইত্যয়ং বাক্যোপন্যাসার্থঃ। অয়ং যঃ প্রকৃতো গৃহী কর্ম্মাধিকৃতোঽবিদ্বান্ শরীরেন্দ্রিয়সঙ্ঘাতাদিবিশিষ্টঃ পিণ্ড আত্মেত্যুচ্যতে সর্ব্বেষাং দেবাদীনাং পিপীলিকান্তানাং ভূতানাং লোকো ভোগ্য আত্মেত্যর্থঃ, সর্ব্বেষাং বর্ণাশ্রমাদিবিহিতৈঃ কর্ম্মভিরুপকারিত্বাৎ। কৈঃ পুনঃ কর্ম্মবিশেষৈরুপকুর্ব্বন্ কেষাং ভূতবিশেষাণাং লোকঃ—ইত্যুচ্যতে—স গৃহী যৎ জুহোতি যৎ যজতে,—যাগো দেবতামুদ্দিশ্য স্বত্বপরিত্যাগঃ, স এবাসেচনাবধিকো হোমঃ, তেন হোমযাগলক্ষণেন কর্ম্মণাবশ্যকর্ত্তব্যত্বেন দেবানাং পশুবৎ পরতন্ত্রত্বেন প্রতিবদ্ধ ইতি লোকঃ। অথ যদনুব্রূতে স্বাধ্যায়মধীতে অহরহঃ, তেন ঋষীণাং লোকঃ; অথ যৎ পিতৃভ্যো নিপৃণাতি প্রযচ্ছতি পিণ্ডোদকাদি; যচ্চ প্রজামিচ্ছতে প্রজার্থমুদ্যমং করোতি—ইচ্ছা চোৎপত্ত্যুপলক্ষণার্থা, প্রজাঞ্চোৎপাদয়তীত্যর্থঃ, তেন কর্ম্মণাবশ্যকর্ত্তব্যত্বেন পিতৄণাং লোকঃ পিতৄণাং ভোগ্যত্বেন পরতন্ত্রো লোকঃ; অথ যৎ মনুষ্যান্ বাসয়তে ভূম্যুদকাদিদানেন গৃহে, যচ্চ তেভ্যো বসদ্ভ্যোঽবসদ্ভ্যো বা অর্থিভ্যোঽশনং দদাতি, তেন মনুষ্যাণাম্; অথ যৎ পশুভ্যস্তৃণোদকং বিন্দতি লম্ভয়তি, তেন পশূনাম্; যদস্য গৃহেষু শ্বাপদা বয়াংসি চ পিপীলিকাভিঃ সহ কণবলিভাণ্ডক্ষালনাদি উপজীবন্তি, তেন তেষাং লোকঃ। ১

যস্মাদয়মেতানি কর্ম্মাণি কুর্ব্বন্নুপকরোতি দেবাদিভ্যঃ, তস্মাদ্ যথা হ বৈ লোকে স্বায় লোকায় স্বস্মৈ দেহায় অরিষ্টিমবিনাশং স্বত্বভাবাপ্রচ্যুতিমিচ্ছেৎ—স্বভাবাপ্রচ্যুতিভয়াৎ পোষণরক্ষণাদিভিঃ সর্ব্বতঃ পরিপালয়েৎ; এবং হ এবংবিদে—সর্ব্বভূতভোগ্যোঽহম্, অনেন প্রকারেণ ময়াবশ্যম্ ঋণিবৎ প্রতিকর্ত্তব্যম্—ইত্যেবমাত্মানং পরিকল্পিতবতে, সর্ব্বাণি ভূতানি দেবাদীনি যথোক্তানি, অরিষ্টিমবিনাশমিচ্ছন্তি স্বত্বাপ্রচ্যুত্যৈ সর্ব্বতঃ সংরক্ষন্তি—কুটুম্বিন ইব পশূন্—"তস্মাদেষাং তন্ন প্রিয়ম্" ইত্যুক্তম্। তদ্বৈ এতৎ তদেতদ্ যথোক্তানাং কর্ম্মণামৃণবদবশ্যকর্ত্তব্যত্বং পঞ্চমহাযজ্ঞপ্রকরণে বিদিতং কর্ত্তব্যতয়া মীমাংসিতং বিচারিতঞ্চ অবদানপ্রকরণে ॥ ৫৩ ॥ ১৬ ॥

টীকা। কণ্ডিকান্তরমবতার্য্য বৃত্তমনূদ্যাকাঙ্ক্ষাপূর্ব্বকং তাৎপর্য্যমাহ—অথো ইত্যাদিনা। অত্রেত্যবিদ্যাবস্থা পূর্ব্বগ্রন্থো বা গৃহ্যতে। অপি-পর্য্যায়ত্বাদথো-শব্দস্যাসঙ্গতিমাশঙ্ক্য ব্যাকরোতি—অথো ইতীতি। পদত্রয়ার্থং প্রকৃতাত্মা বিশিনষ্টি—গৃহীতি। গৃহিত্বে হেতুরবিদ্বানিত্যাদি। ইতরপর্য্যুদাসার্থং কর্ম্মাধিকৃত ইত্যুক্তম্। কথমুক্তাত্মনঃ সর্ব্বভোগ্যতেত্যাশঙ্ক্যাহ—সর্ব্বেষামিতি।

তদেব প্রশ্নদ্বারা প্রকটয়তি—কৈঃ পুনরিতি। যজতিজুহোত্যোস্ত্যাগার্থত্বেনাবিশেষাৎ পুনরুক্তিমাশঙ্ক্য যজতি-চোদনা দ্রব্যদেবতাক্রিয়াসমুদায়ে কৃতার্থত্বাদিতি ন্যায়েনাহ—যাগ ইতি। আসেচনং প্রক্ষেপঃ। উক্তঞ্চ জুহোতিরাসেচনাবধিকঃ স্যাদিতি। ১

যথোক্ত হোমাদিভির্দ্দেবাদীন্ প্রত্যুপকুর্ব্বতো গৃহিণো বিদ্যয়া প্রতিবন্ধসত্ত্বাত্তদুপকারিত্ব-ব্যাবৃত্তিরিত্যাশঙ্ক্যাহ—যস্মাদিতি। পূর্ব্বোষামথশব্দানামভিপ্রেতমর্থমনূদ্য সমনন্তরবাক্যমবতার্য্য তদর্থমাহ—তস্মাদিতি। দেবাদীনাং কর্ম্মাধিকারিণি কর্ত্তৃত্বাদিপরিপালনমেব পরিরক্ষণমিতি বিবক্ষিত্বা পূর্ব্বোক্তং স্মারয়তি—তস্মাদিতি। যথোক্তং কর্ম্ম কুর্ব্বন্ যদ্যপি দেবাদীন্ প্রত্যুপ-করোতি, তথাপি ন তৎকর্ত্তৃত্বমাবশ্যকং, মানাভাবাদিত্যাশঙ্ক্যাহ—তদ্বা ইতি। ভূতযজ্ঞো মনুষ্যযজ্ঞঃ পিতৃযজ্ঞো দেবযজ্ঞো ব্রহ্মযজ্ঞশ্চেত্যেবং পঞ্চ মহাযজ্ঞাঃ। ননু শ্রুতমপি বিচারং বিনা নানুষ্ঠেয়ং, ন হি রুদ্ররোদনাদি শ্রুতমিত্যেবানুষ্ঠীয়তে, তত্রাহ—মীমাংসিতমিতি। তদেতদবদয়তে যদ্ যজতে, স যদগ্নৌ জুহোতীত্যাদ্যবদানপ্রকরণম্। ঋণং হ বাব জায়তে জায়মানো যোঽস্তী-ত্যাদিনার্থবাদেনেতি শেষঃ ॥ ৫৩ ॥ ১৬ ॥

ভাষ্যানুবাদ।—'অথো' শব্দ বাক্যারম্ভসূচক। গৃহাশ্রমস্থ কর্ম্মাধিকারী শরীরেন্দ্রিয়াদিসমষ্টিভূত যে অবিদ্যাযুক্ত দেহপিণ্ড 'আত্মা' শব্দে অভিহিত হয়, সেই আত্মাই দেবতা হইতে পিপীলিকা পর্য্যন্ত সর্ব্বভূতের লোক অর্থাৎ ভোগ্য ; কারণ, তাহার বর্ণাশ্রমবিহিত কর্ম্ম দ্বারা সর্ব্বভূতেরই উপকার সাধিত হইয়া থাকে। কি কি বিশেষ কর্ম্ম দ্বারা উপকার সাধন করিয়া কোন কোন ভূতবিশেষের লোক (ভোগ্য) হয়, তাহা বলিতেছেন—সেই গৃহস্থ যে, হোম করিয়া থাকে, এবং যাগ করিয়া থাকে, সেই হোম ও যাগাত্মক কর্ম্ম তাহার অবশ্য-কর্ত্তব্য। গৃহী ঐ কর্ম্ম দ্বারাই দেবগণের নিকট পশুর ন্যায় পরাধীনভাবে আবদ্ধ থাকে ; এই জন্য সে দেবগণের লোক (ভোগ্য) হয়। যাগ অর্থ—দেবতার উদ্দেশ্যে স্বত্বত্যাগ (দেবতাকে উদ্দেশ্য করিয়া স্বীয় স্বত্ব-ত্যাগপূর্ব্বক দ্রব্য ত্যাগ করা)। যখনই সেই কর্ম্মে আসেচনের (জলীয় দ্রব্যভাগের) আধিক্য থাকে, তখন তাহার নাম হয়—হোম। [গৃহস্থ] নিরন্তর যে, পাঠ করে—প্রত্যহ যে, বেদাদি শাস্ত্র অধ্যয়ন করে, তাহা দ্বারা সে ঋষিগণের লোক জয় করে ; আর যে, পিতৃলোকের উদ্দেশ্যে জলপিণ্ডাদি প্রদান করে, এবং সন্তানলাভের ইচ্ছা করে, অর্থাৎ সন্তানলাভের জন্য চেষ্টা করে,—এখানে 'ইচ্ছা' পদে উৎপাদন পর্য্যন্ত বুঝিতে হইবে, [সুতরাং অর্থ হইতেছে—] সন্তান উৎপাদন করে। সন্তানোৎপাদন গৃহীর অবশ্যকর্ত্তব্য ; এইজন্য ইহা দ্বারা পিতৃগণের লোক জয় করে, অর্থাৎ পিতৃগণের ভোগ্যরূপ পরতন্ত্র (পরাধীন) থাকে ; আর যে, মনুষ্যগণকে উপযুক্ত স্থান ও জলাদি প্রদানপূর্ব্বক গৃহে বাস করায়, এবং গৃহে বাস করুক বা না করুক, প্রার্থনাকারী মনুষ্যগণকে যে, অন্ন প্রদান করে,

তাহা দ্বারা মনুষ্যগণের [লোক] হয়; আর যে, পশুগণকে ঘাস জল দিয়া থাকে, তদ্দ্বারা পশুগণের [লোক] হয়; এবং ইহার (গৃহীর) গৃহে শ্বাপদ ও পক্ষিগণ যে, পিপীলিকাপ্রভৃতির সঙ্গে অন্নকণা, বলি (১) ও ভাণ্ডপ্রক্ষালন-জলাদি ভোগ করিয়া থাকে, তাহা দ্বারা তাহাদেরও লোক (ভোগ্য) হয়। ১

যেহেতু, এই অবিদ্বান্ গৃহস্থ কর্ম্মাচরণ দ্বারা দেবতাপ্রভৃতির উপকারসাধন করিয়া থাকে, সেই হেতু জগতে যেমন স্বলোকের জন্য—স্বীয় দেহের অ-রিষ্টি—অবিনাশ অর্থাৎ অস্তিত্বরক্ষার ইচ্ছা করিয়া থাকে, অস্তিত্ব বিলোপের ভয়ে, রক্ষা ও পোষণাদি দ্বারা সর্ব্বতোভাবে দেহের পরিপালন করিয়া থাকে, তেমনি যিনি উক্তপ্রকার জ্ঞানবান্—'আমি সর্ব্বভূতের ভোগ্য, ঋণীর ন্যায় আমাকেও এই সমস্ত কর্ত্তব্য-কর্ম্ম সম্পাদন দ্বারা ঋণপরিশোধ করিতে হইবে', এইরূপে আপনাকে ঋণগ্রস্ত মনে করে; পূর্ব্বকথিত দেবাদি সমস্ত ভূতই তাঁহার অরিষ্টি—অবিনাশ ইচ্ছা করিয়া থাকে, অর্থাৎ গৃহস্থগণ যেরূপ পশুরক্ষা করিয়া থাকে, ঠিক তেমনি দেবগণও তাহার অস্তিত্ববিলোপ-নিবৃত্তির জন্য সর্ব্বতোভাবে রক্ষা করিয়া থাকে; এই জন্যই বলা হইয়াছে যে, সেই হেতু দেবগণের ইহা প্রিয় নয় [যে, মানবগণ মুক্তিলাভ করে]। সেই এই বিষয়টি অর্থাৎ ঋণ-পরিশোধের ন্যায় যথোক্তপ্রকার কর্ম্মসমূহের অবশ্যকর্ত্তব্যতা 'পঞ্চমহাযজ্ঞ'-প্রকরণে বিজ্ঞাত হইয়াছে, এবং অবদানপ্রকরণে মীমাংসিত (২) অর্থাৎ অবশ্যকর্ত্তব্যরূপে বিচারিত বা সিদ্ধান্তিত হইয়াছে ॥ ৫৩ ॥ ১৬ ॥

---

(১) তাৎপর্য্য—এখানে 'বলি' অর্থে—পঞ্চমহাযজ্ঞের অন্তর্গত 'ভূতযজ্ঞ' বুঝিতে হইবে। ইহার বিস্তৃত বিবরণ 'পঞ্চমহাযজ্ঞ' কথার টীপ্পনীতে দেখিতে হইবে।

(২) তাৎপর্য্য—'পঞ্চমহাযজ্ঞ' ও 'অবদানপ্রকরণে'র বিবরণ এইরূপ—"পাঠো হোমশ্চাতিথীনাং সপর্য্যা তর্পণং বলিঃ। এতে পঞ্চ মহাযজ্ঞা ব্রহ্মযজ্ঞাদিনামকাঃ।" "অধ্যয়নং ব্রহ্মযজ্ঞঃ পিতৃযজ্ঞস্তু তর্পণম্। হোমো দৈবো বলির্ভৌতো নৃযজ্ঞোঽতিথিপূজনম্॥ (মনু)।

অর্থাৎ (১) বেদাদি শাস্ত্রপাঠ—ব্রহ্মযজ্ঞ, (২) হোম—দেবতা উদ্দেশ্যে দ্রব্যত্যাগ—দৈবযজ্ঞ, (৩) ভূতবলি—ভূতযজ্ঞ, (৪) পিতৃগণ উদ্দেশ্যে জলপিণ্ডাদিদান—পিতৃযজ্ঞ, আর (৫) অতিথিপূজার নাম—নৃযজ্ঞ। 'পঞ্চমহাযজ্ঞ' নামে প্রসিদ্ধ এই যজ্ঞগুলি গৃহস্থের প্রত্যহ পালনীয়। তন্মধ্যে বিশেষ এই যে, ভূতযজ্ঞকে ভূতবলি ও বৈশ্বদেবযাগও বলা হয়। ইহার লক্ষণ এইরূপ—'আপ্যায়নায় ভূতানাং কুর্য্যাদুৎসর্গমাদরাৎ। শ্বভ্যশ্চ শ্বপচেভ্যশ্চ বয়োভ্যশ্চাবপেদ্ ভুবি॥ বৈশ্বদেবং হি নামৈতৎ সায়ং প্রাতরুদাহৃতম্॥' ইহার মর্ম্মার্থ এই যে, গৃহস্থ মধ্যাহ্নে ও রাত্রিতে আহারের পূর্ব্বে প্রথমে দেবতা উদ্দেশ্যে এবং কুকুর, চণ্ডাল ও পক্ষীপ্রভৃতির উদ্দেশ্যে খাদ্যদ্রব্যের অগ্রভাগ ভূমিতে দান করিয়া অবশেষে আপনি ভোজন করিবে।

আভাসভাষ্যম্।—আত্মৈবেদমগ্র আসীৎ। ব্রহ্ম বিদ্বাংশ্চেৎ তস্মাৎ পশুভাবাৎ কর্ত্তব্যতাবন্ধনরূপাৎ প্রতিমুচ্যতে, কেনায়ং কারিতঃ কর্ম্মবন্ধনাধিকারেঽবশ ইব প্রবর্ত্ততে, ন পুনস্তদ্বিমোক্ষণোপায়ে বিদ্যাধিকার ইতি। নম্বুক্তম্ দেবা রক্ষন্তীতি। বাঢ়ম্; কর্ম্মাধিকার-স্বগোচরারূঢ়ানেব তেঽপি রক্ষন্তি, অন্যথা অকৃতাভ্যাগম-কৃতনাশপ্রসঙ্গাৎ; ন তু সামান্যং পুরুষমাত্রং বিশিষ্টাধিকারানারূঢ়ম্; তস্মাদ্ভবিতব্যং তেন, যেন প্রেরিতোঽবশ এব বহির্ম্মুখো ভবতি স্বস্মাল্লোকাৎ। ২

নন্বু অবিদ্যা সা; অবিদ্যাবান্ হি বহির্মুখীভূতঃ প্রবর্ত্ততে। সাপি নৈব প্রবর্ত্তিকা; বস্তুস্বরূপাবরণাত্মিকা হি সা, প্রবর্ত্তকবীজত্বন্তু প্রতিপদ্যতে অন্ধত্বমিব গর্ত্তাদি-পতনপ্রবৃত্তিহেতুঃ। এবং তর্হি উচ্যতাং—কিং তৎ, যৎ প্রবৃত্তিহেতুরিতি। তদিহাভিধীয়তে—এষণা কামঃ সঃ, "স্বাভাবিক্যামবিদ্যায়াং বর্ত্তমানা বালাঃ পরাচঃ কামানম্বুযন্তি"—ইতি কাঠকশ্রুতৌ, স্মৃতৌ চ—"কাম এষ ক্রোধ এষঃ" ইত্যাদি, মানবে চ—"সর্ব্বা প্রবৃত্তিঃ কামহেতুক্যেব" ইতি; স এবোঽর্থঃ সবিস্তরঃ প্রদর্শ্যত ইহ আ অধ্যায়পরিসমাপ্তেঃ।

টীকা। বাক্যান্তরমাদায় ব্যাখ্যাতুং পাতনিকাং করোতি—আত্মৈবেত্যাদিনা। কর্ম্মৈব বন্ধনং, তত্রাধিকারোঽনুষ্ঠানং, তস্মিন্নিতি যাবৎ। বিদ্যাধিকারস্তদুপায়ে শ্রবণাদৌ প্রবৃত্তিস্তত্রেত্যর্থঃ। যথোক্তাধিকারিণো দেবাদিভী রক্ষণং প্রবৃত্তিমার্গে নিয়মেন প্রবর্ত্তকমিতি শঙ্কতে—নম্বিতি। উক্তমঙ্গীকরোতি—বাঢ়মিতি। তর্হি প্রবর্ত্তকান্তরং ন বক্তব্যং, তত্রাহ—কর্ম্মাধিকারেতি। কর্ম্মস্বধিকারেণ স্বগোচরত্বং প্রাপ্তানেব দেবাদয়োঽপি রক্ষন্তি, ন সর্ব্বাশ্রমসাধারণং ব্রহ্মচারিণম্, অতোঽস্য কর্ম্মমার্গে প্রবৃত্তৌ দেবাদিরক্ষণস্যাহেতুত্বাদ্ ব্রহ্মচারিণো নিবৃত্তিং ত্যক্ত্বা প্রবৃত্তিপক্ষপাতে কারণং বাচ্যমিত্যর্থঃ। মনুষ্যমাত্রং কর্ম্মণ্যেব তে বলাৎ প্রবর্ত্তয়ন্তি, তেষামচিন্ত্যশক্তিত্বাদিত্যাশঙ্ক্যাহ—অন্যথেতি। স্বগোচরারূঢ়ানেবেত্যেবকারস্য ব্যাবর্ত্ত্যং কীর্ত্তয়তি—ন ত্বিতি। বিশিষ্টাধিকারো গৃহস্থানুষ্ঠেয়কর্ম্মসু গৃহস্থত্বেন স্বামিত্বং, তেন দেবগোচরতামপ্রাপ্তমিত্যর্থঃ। দেবাদিরক্ষণস্যাকারণত্বে ফলিতমাহ—তস্মাদিতি।

প্রত্যগবিদ্যা যথোক্তাধিকারিণো নিয়মেন প্রবৃত্ত্যনুরাগে হেতুরিতি শঙ্কতে—নম্বিতি। তদেব স্ফুটয়তি। অবিদ্যাবানিতি। তস্যাঃ স্বরূপেণ প্রবর্ত্তকত্বং দূষয়তি—সাপীতি। অবিদ্যায়াস্তর্হি প্রবৃত্ত্যন্বয়ব্যতিরেকৌ কথমিত্যাশঙ্ক্য কারণকারণত্বেনেত্যাহ—প্রবর্ত্তকেতি। সত্যস্মিন্ কারণেঽকারণমেবাবিদ্যা প্রবৃত্তেরিতি চেত্তত্রাহ—এবং তর্হীতি। উত্তরবাক্যমুত্তরত্বেনাবতার্য্য তস্মিন্বিবক্ষিতং প্রবর্ত্তকং সঙ্ক্ষিপতি—তদিহাভিধীয়ত ইতি। তত্রার্থতঃ শ্রুত্যন্তরং সংবাদয়তি—স্বাভাবিক্যামিতি। তত্রৈব ভগবতঃ সম্মতিমাহ—স্মৃতৌ চেতি। 'অথ কেন প্রযুক্তোঽয়ম্' ইত্যাদিপ্রশ্নস্যোত্তরম্—

"কাম এষ ক্রোধ এষ রজোগুণসমুদ্ভবঃ" ইত্যাদি।

"অকামতঃ ক্রিয়া কাচিদ্ দৃশ্যতে নেহ কস্যচিৎ।
যদ্‌যদ্ধি কুরুতে জন্তুস্তত্তৎ কামস্য চেষ্টিতম্।"

ইতি বাক্যমাশ্রিত্যাহ—মানবে চেতি। দর্শিতমিতি শেষঃ। উক্তেঽর্থে তৃতীয়াধ্যায়শেষমপি প্রমাণয়তি—স এষোঽর্থ ইতি।

আভাস-ভাষ্যানুবাদ।—"আত্মৈবেদম্ অগ্র আসীৎ" ইত্যাদি। ব্রহ্মবিৎ ব্যক্তি যদি কর্ত্তব্যতাবন্ধনস্বরূপ পূর্ব্বোক্ত পশুভাব হইতে বিমুক্ত হইতে পারেন তাহা হইলে, তিনি কেন কাহার প্রেরণায় প্রেরিত হইয়া যেন অবশেরই মত কর্ম্মবন্ধনাধিকারে আবদ্ধ থাকেন? এবং কেনই বা আত্মবিমোক্ষের জন্য তদুপায় বিদ্যাধিকারে প্রবৃত্ত না হন? ভাল, এখন আবার এ আপত্তি কেন? পূর্ব্বেই ত বলা হইয়াছে যে, দেবতারা তাহাদিগকে রক্ষা করেন; হাঁ, এ কথা বলা হইয়াছে সত্য, কিন্তু যাহারা দেবতাদিগের অধিকারভুক্ত কর্ম্মাধিকারে অবস্থিত, দেবতারা কেবল তাহাদিগকেই রক্ষা করিয়া থাকেন, কিন্তু যাহারা কর্ম্মে বিশিষ্টাধিকার লাভ করে নাই, তাদৃশ সাধারণ পুরুষদিগকে ত আর তাঁহারা রক্ষা করেন না; ইহা না বলিলে, কৃতনাশ ও অকৃতাভ্যাগমনামক দুইটি দোষ উপস্থিত হয় (১)। অতএব অবশ্যই সেরূপ কিছু আছে, যাহার প্রেরণায় পুরুষ অবশ হইয়াই যেন স্ব-লোক হইতে (আত্মা হইতে) বহির্মুখ হইয়া থাকে। ১

ভাল, সে পদার্থটা ত অবিদ্যা; কেন না, অবিদ্যাসম্পন্ন পুরুষই বহির্মুখ হইয়া কর্ম্মমার্গে প্রবৃত্ত হইয়া থাকে; প্রকৃতপক্ষে কিন্তু অবিদ্যা ও প্রবৃত্তির মূল কারণ নহে; পরন্তু তাহা কেবল বস্তুর স্বরূপটি মাত্র আবরণ করিয়া রাখে, যেমন অন্ধত্ব-ধর্ম্ম গর্ত্ত-প্রভৃতিতে পতনের কারণ বলিয়া পরিগণিত হয়, ইহাও তেমনি। তাহা হইলে, বল—প্রবৃত্তির মূলকারণভূত সেই বস্তুটি কি? হাঁ, তাহা বলা হইতেছে—সেই বস্তুটি হইতেছে এষণা—কাম। কঠোপনিষদে আছে—'স্বভাবসিদ্ধ অবিদ্যাধিকারে বর্ত্তমান বালকগণ, অর্থাৎ বালকের ন্যায় বিবেকবিহীন পুরুষগণ বাহ্য বিষয়ের অনুসরণ করিয়া থাকে; স্মৃতিতেও (ভগবদ্গীতাতেও) আছে—'ইহা হইতেছে—

(১) তাৎপর্য্য—'কৃতনাশ' ও 'অকৃতাভ্যাগম' দুই প্রকার দোষ। কৃতনাশ অর্থ—যাহা করা হয়, অথচ ফল না দিয়াই নষ্ট হইয়া যায়, অর্থাৎ অনুষ্ঠিত কর্ম্মের ফলভোগ না হওয়া; আর অকৃতাভ্যাগম অর্থ—যাহা করা হয় নাই, তাহার প্রাপ্তি অর্থাৎ কর্ম্মানুষ্ঠান না করিয়াও আকস্মিক ভাবে ফলপ্রাপ্তি। কৃতকর্ম্মের নাশ হইলে লোকের কর্ম্মানুষ্ঠানে উৎসাহ থাকে না; আর অকৃতাভ্যাগম হইলে জগতের বৈচিত্র্য লোপ পায়, এবং কর্ম্মফলের অনিয়ম জন্মিতে পারে।

কাম এবং ইহাই ক্রোধ' (২) ইত্যাদি। মনুসংহিতাতেও আছে—'কামই সর্ব্বপ্রবৃত্তির হেতু বা প্রয়োজক' ইতি। এখানেও অধ্যায়ের শেষ পর্য্যন্ত সেই বিষয়ই বিস্তৃতভাবে প্রদর্শন করা হইতেছে।

আত্মৈবেদমগ্র আসীদেক এব, সোঽকাময়ত—জায়া মে স্যাদথ প্রজায়েয়াথ বিত্তং মে স্যাদথ কর্ম্ম কুর্ব্বীয়েত্যেতাবান্ বৈ কামো নেচ্ছংশ্চনাতো ভূয়ো বিন্দেৎ, তস্মাদপ্যেতর্হ্যেকাকী কাময়তে—জায়া মে স্যাদথ প্রজায়েয়াথ বিত্তং মে স্যাদথ কর্ম্ম কুর্ব্বীয়েতি, স যাবদপ্যেতেষামেকৈকং ন প্রাপ্নোত্যকৃৎস্ন এব তাবন্মন্যতে, তস্যো কৃৎস্নতা—মন এবাস্যাত্মা বাগ্ জায়া প্রাণঃ প্রজা চক্ষুর্ম্মানুষং বিত্তং চক্ষুষা হি তদ্বিদতে শ্রোত্রং দৈবꣳ শ্রোত্রেণ হি তচ্ছৃণোত্যাত্মৈবাস্য কর্ম্মাত্মনা হি কর্ম্ম করোতি, স এষ পাঙ্‌ক্তো যজ্ঞঃ পাঙ্‌ক্তঃ পশুঃ পাঙ্‌ক্তঃ পুরুষঃ পাঙ্‌ক্তমিদꣳ সর্ব্বং যদিদং কিঞ্চ, তদিদꣳ সর্ব্বমাপ্নোতি য এবং বেদ ॥ ৫৪ ॥ ১৭ ॥

ইতি প্রথমাধ্যায়স্য চতুর্থং ব্রাহ্মণম্ ॥ ৪ ॥

সরলার্থঃ।—অগ্রে (পত্নীপরিগ্রহাৎ পূর্ব্বং) ইদং (অয়ং দেহেন্দ্রিয়াদিবিশিষ্টঃ) আত্মা (পুরুষঃ) একঃ (অসহায়ঃ) এব আসীৎ, (নান্যৎ জায়াদিকং কিঞ্চিৎ); সঃ [একাকী সন্] অকাময়ত (কামিতবান্)—মে (মম) জায়া (পত্নী) স্যাৎ, অথ (জায়াসম্বন্ধানন্তরম্) প্রজায়েয় (পৈত্র-ঋণ-শোধনার্থং প্রজারূপেণ উৎপন্নো ভবেয়ম্); অথ (অনন্তরং) বিত্তং (ধনং) মে স্যাৎ, অথ (বিত্তলাভানন্তরং) [দৈব-ঋণশোধনার্থং] কর্ম্ম (ধর্ম্মাদিসাধনং) কুর্ব্বীয় (কুর্য্যাম্) ইতি। এতাবান্

(২) তাৎপর্য্য—অর্জ্জুন জিজ্ঞাসা করিয়াছিলেন—মানুষ কাহার প্রেরণায় পরিচালিত হইয়া অনিচ্ছায়ও পাপাচরণ করে? তদুত্তরে ভগবান্ বলিয়াছিলেন—"কাম এষ ক্রোধ এষ রজোগুণসমুদ্ভবঃ। মহাশনো মহাপাপ্মা বিদ্ধ্যেনমিহ বৈরিণম্।" হে অর্জ্জুন, [তুমি যাহার কথা জিজ্ঞাসা করিয়াছ, ইহা হইতেছে কাম (অভিলাষ), ইহাই ক্রোধ; রজোগুণ ইহার উৎপাদক, ইহার ভোগশক্তি অতি প্রবল, ইহা অতিশয় পাপকর। 'ইহাকে পরম শত্রু বলিয়া জানিবে।' অভিপ্রায় এই যে, কাম ও ক্রোধ একই পদার্থ, কাম যখন অপর কাহারো দ্বারা প্রতিহত হয়, তখনই ক্রোধরূপে আবির্ভূত হয়; সুতরাং উভয়কে এক বলা অসঙ্গত হয় না।

(এতৎপরিমাণঃ—পুত্র-বিত্ত-লোকরূপঃ) এব (অবধারণে নাতো ন্যূনঃ, নাপ্যধিকঃ), কামঃ বৈ (প্রসিদ্ধৌ)। ইচ্ছন্ (অভিলষন্) চন (অপি) [জনঃ] অতঃ (যথোক্তলক্ষণাৎ কামাৎ) ভূয়ঃ (অধিকং) ন বিন্দেৎ (ন লভেত); তস্মাৎ (সৃষ্টিরক্ষায়া এবমেব ব্যবস্থাতঃ হেতোঃ) এতর্হি (ইদানীং) অপি একাকী (অসহায়ঃ জনঃ) কাময়তে—জায়া মে স্যাৎ, অথ প্রজায়েয় ; অথ বিত্তং মে স্যাৎ, অথ কর্ম্ম কুর্ব্বীয় ইতি। সঃ (একাকী পুরুষঃ) যাবৎ এতেষাং (যথোক্তানাং কামানাং) একৈকং (অন্যতমং) অপি ন প্রাপ্নোতি, তাবৎ অকৃৎস্নঃ (অপূর্ণঃ) এব [অহমস্মীতি] মন্যতে ; [অর্থাৎ যথোক্ত-সর্ব্বসম্পত্তৌ তস্য কৃৎস্নতা ভবতীতি মন্তব্যম্]। [যথোক্তকামসম্পত্ত্যা কৃৎস্নতাং সম্পাদয়িতুমক্ষমস্যাপি প্রকারান্তরেণ কার্য্যকরণসংঘাতমেব তথা প্রবিভজ্য কৃৎস্নতাং সম্পাদয়িতুম্ আহ—] তস্য [অকৃৎস্নত্বাভিমানিনঃ) উ (বিতর্কে) কৃৎস্নতা [উচ্যতে—] মনঃ (অন্তঃকরণং) এব অস্য (অকৃৎস্নত্বাভিমানিনঃ) আত্মা (আত্মা ইব), বাক্ (শব্দঃ) জায়া (পত্নী), প্রাণঃ (পঞ্চবৃত্তিঃ) প্রজা (সন্ততিঃ), চক্ষুঃ মানুষং বিত্তং, হি (যস্মাৎ) চক্ষুষা (করণেন) তৎ (বিত্তং) বিন্দতে ; শ্রোত্রং দৈবং (দিব্যং বিত্তং), হি (যস্মাৎ) শ্রোত্রেণ) (শ্রবণেন্দ্রিয়েণ) তৎ (দৈবং বিত্তং) শৃণোতি, আত্মা (স্বশরীরং) এব অস্য কর্ম্ম ; হি (যস্মাৎ) আত্মনা (শরীরেণ) কর্ম্ম করোতি (সম্পাদয়তি)। সঃ এবঃ যজ্ঞঃ পাঙ্‌ক্তঃ (পঞ্চভিঃ নির্বৃত্তঃ) ; পশুঃ (যজ্ঞীয়ঃ বলিরূপঃ) পাঙ্‌ক্তঃ, পুরুষঃ (যজ্ঞকর্ত্তা) পাঙ্‌ক্তঃ, ইদং (দৃশ্যমানং) সর্ব্বং পাঙ্‌ক্তং—যৎ ইদং কিঞ্চ (যৎকিঞ্চিদিদং)। যঃ এবং বেদ (বেত্তি), [সঃ] ইদং সর্ব্বং আপ্নোতি (প্রাপ্নোতি) [বিদ্যাফলমেতদিতি জ্ঞেয়ম্] ॥ ৫৪ ॥ ১৭ ॥

ইতি প্রথমাধ্যায়স্য চতুর্থং ব্রাহ্মণম্ ॥ ৪ ॥

মূলানুবাদ।—অগ্রে (পত্নীগ্রহণের পূর্ব্বে) এই আত্মা (দেহাভিমানী পুরুষ) একই ছিলেন ; তিনি কামনা করিলেন—আমার জায়া (পত্নী) হউক, আমি সন্তানরূপে প্রাদুর্ভূত হইব ; আমার বিত্ত হউক, আমি কর্ম্ম (ধর্ম্মাদিসাধন ক্রিয়া) করিব ইতি। জগতে এতৎপরিমাণ কামই প্রসিদ্ধ, অর্থাৎ এতদতিরিক্ত আর কোনরূপ কাম্য বিষয় নাই ; ইচ্ছা করিলেও কেহ ইহার অধিক কিছু লাভ করিতে পারে না ; সেইহেতু বর্ত্তমান সময়েও একাকী (অসহায়) লোক কামনা করিয়া থাকে—আমার জায়া হউক, আমি সন্তানরূপে জন্মিব ; আমার বিত্ত হউক, আমি

পঞ্চমে ব্যাখ্যাতে প্রশ্নরূপং মন্ত্রপদমাদত্তে—কস্মাদিতি। ননু চত্বার্য্যন্নানি ব্যাখ্যাতানি, ত্রীণি ব্যাচিখ্যাসিতানি, তেষব্যাখ্যাতেষু কস্মাদিত্যাদিপ্রশ্নঃ কস্মাদিত্যাশঙ্ক্য সাধনেষূক্তেষু সাধ্যানামপি তেষামর্থাদুক্তত্বমস্তীত্যভিপ্রেত্য প্রশ্নপ্রবৃত্তিং মন্বানো ব্যাচষ্টে—যদেতি। সর্ব্বদেত্যস্য ব্যাখ্যা নৈরন্তর্য্যেণেতি। অন্নানাং যদা ভোক্তৃভিরদ্যমানত্বে হেতুমাহ—তন্নিমিত্তত্বাদিতি। ভোক্তৄণাং স্থিতেরন্ননিমিত্তত্বাত্তৈঃ সদাদ্যমানানি তানি যবপূর্ণকুসূলবত্তবন্তি ক্ষীণানীত্যর্থঃ। কিঞ্চ জ্ঞানকর্ম্মফলত্বাদন্নানাং যৎ কৃতকং তদনিত্যমিতি ন্যায়েন ক্ষয়ঃ সম্ভবতীত্যাহ—কৃতেতি। অস্তু তর্হি তেষাং ক্ষয়ঃ নেত্যাহ—ন চেতি। ভবতু তর্হি স্বভাবাদেব সপ্তান্নাত্মকস্য জগতোঽক্ষীণত্বং, নেত্যাহ—ভবিতব্যং চেতি। স্বভাববাদস্যাতিপ্রসঙ্গিত্বাদিত্যর্থঃ। প্রশ্নং নিগময়তি—তস্মাদিতি। ১৭

তত্রেদং প্রতিবচনম্—পুরুষো বা অক্ষিতিঃ। যথাসৌ পূর্ব্বমন্নানাং স্রষ্টাসীৎ পিতা মেধয়া জায়াদিসম্বন্ধেন চ পাঙ্ক্তকর্ম্মণা ভোক্তা চ, তথা যেভ্যো দত্তান্যন্নানি, তেঽপি তেষামন্নানাং ভোক্তারোঽপি সন্তঃ পিতর এব—মেধয়া তপসা চ যতো জনয়ন্তি তান্যন্নানি। তদেতদভিধীয়তে—পুরুষো বৈ যোঽন্নানাং ভোক্তা, সঃ অক্ষিতিরক্ষয়হেতুঃ। কথমস্যাক্ষিতিত্বমিত্যুচ্যতে—স হি যস্মাদিদং ভুজ্যমানং সপ্তবিধং কার্য্যকরণলক্ষণং ক্রিয়াফলাত্মকং পুনঃ পুনর্ভূয়োভূয়ো জনয়তে উৎপাদ-

য়তি, ধিয়া ধিয়া তত্তৎকালভাবিন্যা তয়া তয়া প্রজ্ঞয়া, কর্ম্মভিশ্চ বাঙ্মনঃকায়চেষ্টিতৈঃ ; যদ্ যদি হ—যদ্যেতৎ সপ্তবিধমন্নমুক্তং ক্ষণমাত্রমপি ন কুর্য্যাৎ প্রজ্ঞয়া কর্ম্মভিশ্চ, ততো বিচ্ছিদ্যেত ভুজ্যমানত্বাৎ সাতত্যেন ক্ষীয়েত হ। তস্মাদ্যথৈবায়ং পুরুষো ভোক্তা অন্নানাং নৈরন্তর্য্যেণ যথাপ্রজ্ঞং যথাকর্ম্ম চ করোত্যপি ; তস্মাৎ পুরুষোঽক্ষিতিঃ, সাতত্যেন কর্ত্তৃত্বাৎ ; তস্মাদ্ভুজ্যমানান্যপি অন্নানি ন ক্ষীয়ন্তইত্যর্থঃ ॥ ১৮

প্রতিবচনমাদায় ব্যাচষ্টে—তস্যেত্যাদিনা। তেষাং পিতৃত্বে হেতুমাহ—,মেধয়েতি। ভোগকালেঽপি বিহিতপ্রতিষিদ্ধজ্ঞানকর্ম্মসম্ভবাৎ প্রবাহরূপেণান্নাক্ষয়ঃ সম্ভবতীত্যর্থঃ। তত্র প্রতিজ্ঞাভাগমুপাদায়াক্ষরাণি ব্যাচষ্টে—তদেতদিতি। হেতুভাগমুপাদায় বিভজতে—কথমিত্যাদিনা। তস্মাত্তদক্ষয়ঃ সম্ভবতি প্রবাহাত্মনেতি শেষঃ। উক্তহেতুং ব্যতিরেকদ্বারোপপাদয়িতুং যদ্ধৈতদিত্যাদি বাক্যং, তদ্ব্যাচষ্টে—যদিতি। অন্বয়ব্যতিরেকসিদ্ধং হেতুং নিগময়তি—তস্মাদিতি। তথা যথাপ্রজ্ঞমিতি পঠিতব্যম্। সাধ্যং নিগময়তি—তস্মাদিতি। অক্ষয়হেতৌ সিদ্ধে ফলিতমাহ—তস্মাদভুজ্যমানানীতি। ১৮

অতঃ প্রজ্ঞাক্রিয়ালক্ষণপ্রবন্ধারূঢ়ঃ সর্ব্বো লোকঃ সাধ্যসাধনলক্ষণঃ ক্রিয়াফলাত্মকঃ সংহতানেকপ্রাণিকর্ম্মবাসনাসন্তানাবষ্টব্ধত্বাৎ ক্ষণিকোঽশুদ্ধোঽসারো নদীস্রোতঃ-প্রদীপসন্তানকল্পঃ কদলীস্তম্ভবদসারঃ ফেনমায়ামরীচ্যম্ভঃ-স্বপ্নাদিসমঃ তদাত্মগতদৃষ্টীনামবিকীর্য্যমাণোঽনিত্যঃ সারবানিব লক্ষ্যতে ; তদেতদ্বৈরাগ্যার্থমুচ্যতে—ধিয়া ধিয়া জনয়তে কর্ম্মভিঃ, যদ্ হৈতন্ন কুর্য্যাৎ, ক্ষীয়েত হেতি—বিরক্তানাং হি অস্মাদ্ ব্রহ্মবিদ্যা আরব্ধব্যা চতুর্থপ্রমুখেনেতি ॥ ১৯

ধিয়া ধিয়েত্যাদিশ্রুতেঃ স হীদমিত্যত্রোক্তং পরিহারং প্রপঞ্চয়ন্ত্যাঃ সপ্তবিধান্নস্য কার্য্যত্বাৎ প্রতিক্ষণধ্বংসিত্বেঽপি পুনঃ পুনঃ ক্রিয়মাণত্বাৎ প্রবাহাত্মনা তদচলং মন্দাঃ পশ্যন্তীত্যস্মিন্নর্থে তাৎপর্য্যমাহ—অত ইতি। প্রজ্ঞাক্রিয়াভ্যাং হেতুভ্যাং লক্ষ্যতে ব্যাবর্ত্ত্যতে—নিষ্পাদ্যতে যঃ প্রবন্ধঃ সমুদায়স্তদারূঢ়স্তদাত্মকঃ সর্ব্বো লোকশ্চেতনাচেতনাত্মকো দ্বৈতপ্রপঞ্চঃ সাধ্যত্বেন সাধনত্বেন চ বর্ত্তমানো জ্ঞানকর্ম্মফলভূতঃ ক্ষণিকোঽপি নিত্য ইব লক্ষ্যতে। তত্র হেতুঃ—সংহতেতি। সংহতানাং মিথঃ সহায়ত্বেন স্থিতানামনেকেষাং প্রাণিনামনন্তানি কর্ম্মাণি বাসনাশ্চ, তৎসন্তানেনাবষ্টব্ধত্বাদ্দৃঢ়ীকৃতত্বাদিতি যাবৎ। প্রাতীতিকমেব সংসারস্য স্থৈর্য্যং ন তাত্ত্বিকমিতি বক্তুং বিশিনষ্টি—নদীতি। অসারোঽপি সারবত্ত্বাতীত্যত্র দৃষ্টান্তমাহ—কদলীতি। অশুদ্ধোঽপি শুদ্ধবত্তাতীত্যত্রোদাহরণমাহ—মায়েত্যাদিনা। অনেকোদাহরণং সংসারস্যানেকরূপত্বদ্যোতনার্থম্। কেষাং পুনরেষ সংসারোঽন্যথা ভাতীত্যপেক্ষায়াং সংসারায় পরাগ্দৃশামিতি জ্ঞাত্বেনাহ—তদাত্মেতি। কিমিতি প্রতিক্ষণপ্রধ্বংসি জগদিতি শ্রুত্যোচ্যতে, তত্রাহ—তদেতদিতি। বৈরাগ্যমপি কুত্রোপযুজ্যতে, তত্রাহ—বিরক্তানাং হীতি। ইতি বৈরাগ্যমর্থবদিতি শেষঃ। ১৯

যো বৈ তামক্ষিতিং বেদেতি। বক্ষ্যমাণান্যপি ত্রীণ্যন্নান্যস্মিন্নবসরে ব্যাখ্যা-

ত্বান্নেবেতি কৃত্বা তেষাং যাথাত্ম্যবিজ্ঞানফলমুপসংহ্রিয়তে—যো বৈ এতামক্ষিতি-মক্ষয়হেতুং যথোক্তং বেদ—পুরুষো বা অক্ষিতিঃ, স হীদমন্নং ধিয়া ধিয়া জনয়তে কর্ম্মভিঃ, যদ্ধৈতন্ন কুর্য্যাৎ, ক্ষীয়েত হেতি—সোঽন্নমত্তি প্রতীকেনেত্যস্যার্থ উচ্যতে—মুখং মুখ্যত্বং প্রাধান্যমিত্যেতৎ, প্রাধান্যেনৈবান্নানাং পিতুঃ পুরুষস্যা-ক্ষিতিত্বং যো বেদ, সোঽন্নমত্তি, নান্নং প্রতি গুণভূতঃ সন্, যথা অজ্ঞঃ, ন তথা বিদ্বান্, অন্নানামাত্মভূতো ভোক্তৈব ভবতি, ন ভোজ্যতামাপদ্যতে। স দেবান্ অপিগচ্ছতি স ঊর্জ্জমুপজীবতি—দেবানপিগচ্ছতি দেবাত্মভাবং প্রতিপদ্যতে, ঊর্জ্জমমৃতঞ্চোপজীবতীতি যদুক্তং, সা প্রশংসা, নাপূর্ব্বার্থোঽন্যোঽস্তি ॥ ৫৬ ॥ ২ ॥

পুরুষোঽন্নানামক্ষয়হেতুরিত্যুপপাদ্য তজ্জ্ঞানমনূদ্য তৎফলমাহ—যো বৈতামিত্যাদিনা। যথোক্তমনুবদতি—পুরুষ ইতি। ফলবিষয়ং মন্ত্রপদমুপাদায় তদীয়ং ব্রাহ্মণমবতার্য্য ব্যাকরোতি—সোঽন্নমিত্যাদিনা। যথোক্তোপাসনবতো যথোক্তং ফলম্। প্রাধান্যেনৈব সোঽন্নমত্তীতি সম্বন্ধঃ। বিদুষোঽন্নং প্রতি গুণত্বাভাবে হেতুমাহ—অন্নানামিতি। উক্তমর্থং প্রতিগৃহ্ণাতি—ভোক্তৈবেতি। প্রশস্তিসিদ্ধয়ে প্রপঞ্চয়তি—স দেবানিত্যাদিনা ॥ ৫৬ ॥ ২ ॥

ভাষ্যানুবাদ।—'যৎ সপ্ত অন্নানি' ইত্যাদি। 'যৎ'পদটি 'অজনয়ৎ' ক্রিয়ার বিশেষণ; 'মেধা' অর্থ—জ্ঞান, এবং 'তপঃ' অর্থ—কর্ম্ম; এখানে জ্ঞান ও কর্ম্মেরই প্রসঙ্গ চলিতেছে; এইজন্য জ্ঞান ও কর্ম্মই মেধা ও তপঃ শব্দের অর্থ; কিন্তু অন্যপ্রকার মেধা ও তপস্যা অর্থ নহে; কারণ, এখানে তাহাদের কোনই প্রসঙ্গ নাই। জায়াদি-লাভের উপায়স্বরূপ পাঙ্ক্ত কর্ম্ম [পূর্ব্বে বর্ণিত হইয়াছে], এবং পরেও "য এবং বেদ" বলিয়া জ্ঞানের প্রসঙ্গ করা হইয়াছে; অতএব এখানে লোকপ্রসিদ্ধ মেধা ও তপস্যার আশঙ্কা করা উচিত হয় না। অতএব, পিতা জ্ঞান ও কর্ম্ম দ্বারা যে সপ্তপ্রকার অন্ন উৎপাদন করিয়াছেন, 'সে সমুদয় প্রকাশ করিব' এইরূপ বাক্যশেষ পূরণ করিয়া লইতে হইবে।

উক্ত মন্ত্রসমূহের অর্থ প্রচ্ছন্ন থাকায়; সহজে সাধারণের বুদ্ধিগম্য হয় না; এই কারণে ব্রাহ্মণ (উপনিষদ্ভাগ) দয়া করিয়া নিজেই সেই মন্ত্রার্থ-প্রকাশে প্রবৃত্ত হইতেছেন (১)।

(১) বেদ সাধারণতঃ দুই ভাগে বিভক্ত;—(১) মন্ত্র, ও (২) ব্রাহ্মণ। মন্ত্রভাগের অধিকাংশই কর্ম্মবিধায়ক ও কর্ম্মে বিনিযুক্ত; আর ব্রাহ্মণভাগের অধিকাংশই মন্ত্রার্থপ্রকাশনে ও জ্ঞানোপদেশে প্রবৃত্ত। সাধারণতঃ ব্রাহ্মণেরাই মন্ত্রের ব্যাখ্যা করিয়া থাকেন; এইজন্য বেদেরও, যে অংশ মন্ত্রের রহস্য প্রকাশ করিয়াছে, সে অংশকে 'ব্রাহ্মণ' নামে অভিহিত করা হইয়াছে। এখানেও এই দ্বিতীয় শ্রুতিতে প্রথমোক্ত মন্ত্রগুলির ব্যাখ্যা রহিয়াছে; এইজন্য ভাষ্যকার ইহাকে 'ব্রাহ্মণ' শব্দে উল্লিখিত করিয়াছেন।

তন্মধ্যে "যৎ সপ্তান্নানি মেধয়া তপসাঽজনয়ৎ পিতা" এই মন্ত্রের অর্থ কি? বলা হইতেছে—প্রসিদ্ধার্থ-প্রতিপাদক হি-শব্দেই উত্তর-প্রদানের কথা বলিয়া দিতেছে; অভিপ্রায় এই যে, উক্ত মন্ত্র-সমূহের অর্থ ত প্রসিদ্ধই আছে। আর "যৎ অজনয়ৎ" (তিনি যে উৎপাদন করিয়াছিলেন,) এই বাক্যটিও অনুবাদাকারে প্রযুক্ত হইয়াছে; [প্রসিদ্ধের পুনরুল্লেখকে অনুবাদ বলে।] সুতরাং তাহা দ্বারাও ইহার প্রসিদ্ধত্বই প্রকাশ করা হইয়াছে (১); এই কারণে উক্ত ব্রাহ্মণ-শ্রুতি নিঃশঙ্কভাবেই বলিয়াছেন—"মেধয়া হি তপসা অজনয়ৎ পিতা" ইতি। ১

ভাল, জিজ্ঞাসা করি, এ কথাটী প্রসিদ্ধার্থক কিসে? হাঁ, বলা হইতেছে—জায়া হইতে কর্ম্মপর্য্যন্ত যে সমস্ত লোক-ফলের সাধন উক্ত হইয়াছে, পুরুষই সে সমুদায়ের প্রত্যক্ষসিদ্ধ পিতা, "আমার জায়া হউক" ইত্যাদি বাক্যেও সে কথাই অভিহিত হইয়াছে; আর দৈব বিত্ত বিদ্যা, কর্ম্ম ও পুত্র, এই তিনটি যে, ফলস্বরূপ লোকসমূহের সৃষ্টি-সাধন, এ কথাও বলা হইয়াছে; এবং পরেও যাহা বলা হইবে, তাহাও প্রসিদ্ধ আছে; অতএব "মেধয়া" ইত্যাদি কথা অবশ্যই বলা যাইতে পারে। ২

ফলের উদ্দেশ্যেই যে, এষণা বা কামনার প্রবৃত্তি হইয়া থাকে, ইহাও জগতে সুপ্রসিদ্ধ; আর জায়া প্রভৃতি বিষয়ই যে, এষণা বা এষণার বিষয়, এ কথাও "এতাবান্ বৈ কামঃ" এই বাক্যেই অভিহিত হইয়াছে, কেননা, ব্রহ্মবিদ্যালাভে সর্ব্বত্র একত্ব দর্শনলাভ অর্থাৎ একাত্মভাব দর্শন হইয়া থাকে; সুতরাং সেখানে আর কোন প্রকার কামনা হইতে পারে না; ইহা দ্বারা এ কথাও বলা হইল যে, স্বভাবসিদ্ধ আশাস্ত্রীয় জ্ঞান ও কর্ম্ম দ্বারা জগৎসৃষ্টি হইয়া থাকে; কেননা, স্থাবরত্বপ্রাপ্তি পর্য্যন্ত যে সকল অনিষ্ট ফল, কর্ম্ম-বিজ্ঞানই তাহার নিদান। প্রকৃতপক্ষে কিন্তু শাস্ত্রোক্ত সাধ্য-সাধনভাবই অর্থাৎ শাস্ত্রেতে যে যে কর্ম্ম ও বিজ্ঞানকে যে যে ফলের হেতু বলিয়া নির্দ্দেশ করিয়াছে, সেইরূপ কার্য্য-কারণভাবই শ্রুতির অভিপ্রেত, (কিন্তু অশাস্ত্রীয় সাধ্যসাধনভাব নহে); কারণ, ব্রহ্মবিদ্যার বিধান করাই যখন শ্রুতির অভিপ্রেত, তখন অশাস্ত্রীয় বিষয়ে বৈরাগ্য-সমুৎপাদন করাও তাহার অবশ্যই অভিপ্রেত; অতএব বুঝিতে হইবে যে, ব্যক্তাব্যক্তময় এই সমস্ত সংসারই অশুদ্ধ, অনিত্য,

(১) তাৎপর্য্য—প্রসিদ্ধ বিষয়ের প্রকাশক বাক্যকে 'অনুবাদ' বলে। আলোচ্য স্থলে কেবল সপ্তপ্রকার অন্নের উৎপাদন মাত্র উল্লেখ করা হইয়াছে, কিন্তু কি প্রকারে বা কখন হইয়াছে, সে সম্বন্ধে বিশেষ কোন কথাই নাই; কাজেই ইহাকে একপ্রকার সিদ্ধবৎ নির্দ্দেশ বলা যাইতে পারে; এই জন্যই ভাষ্যকার এই কথাটীকে অনুবাদের তুল্য বলিয়াছেন।

সাধ্য-সাধনভাবাপন্ন দুঃখময় এবং অবিদ্যার অধিকারভুক্ত; এইরূপ জ্ঞানবশতঃ যাহার হৃদয়ে বৈরাগ্যের সঞ্চার হইয়াছে, তাহার জন্য ব্রহ্মবিদ্যা নিরূপণ করা আবশ্যক; [কাজেই বলিতে হইবে যে, ব্রহ্মবিদ্যার জন্য বৈরাগ্য সমুৎপাদন করাই শ্রুতির অভিপ্রেত]। ৩

তন্মধ্যে এখন প্রথমতঃ অন্নসমূহের বিভাগক্রমে বিনিয়োগ বলা হইতেছে,—"একমস্য সাধারণম্" এইটুকু হইল মন্ত্র-পদ (মন্ত্রাক্ষর), তাহার ব্যাখ্যা এইরূপ—এই মন্ত্রে 'ইহাই সামান্যতঃ ভোক্তৃগণের সাধারণ অন্ন' এইরূপ অর্থ কথিত হইয়াছে। ভাল, জিজ্ঞাসা করি, সেই অন্নটী কি? [উত্তর—] সমস্ত প্রাণীরা প্রত্যহ এই যাহা ভক্ষণ করে, পিতা অন্ন সৃষ্টির পর ইহাকেই সাধারণ—সর্ব্ব-ভোক্তার ভোজ্যরূপে নিরূপিত করিয়াছিলেন। যে ব্যক্তি, সর্ব্বপ্রাণীর স্থিতির হেতুভূত এই সাধারণ অন্নের উপাসনা করে, অর্থাৎ এই অন্নেই একনিষ্ঠ হয়, এবংভূত সেই লোক পাপ—অধর্ম্ম হইতে ব্যাবৃত্ত হয় না—পাপমুক্ত হয় না। জগতে তৎপরতা বা একনিষ্ঠা অর্থেও 'উপাসনা' শব্দের প্রয়োগ দেখিতে পাওয়া যায়; যেমন—'গুরুর উপাসনা করে' 'রাজার উপাসনা করে' ইত্যাদি। অতএব বুঝিতে হইবে যে, শরীর-পোষণ করাই যাহার অন্নভক্ষণের উদ্দেশ্য, কিন্তু অদৃষ্টজনক (পুণ্যোৎপাদক) কর্ম্মানুষ্ঠানে মনোযোগ নাই, এতাদৃশ লোক পাপ-বিমুক্ত হয় না]। এতদনুরূপ মন্ত্রও আছে—'মোঘ—বিফল অন্ন লাভ করে' ইত্যাদি। স্মৃতি শাস্ত্রেও আছে—'কেবল আপনার জন্য অন্ন পাক করাইবে না', 'যে লোক ইহাদের (দেবগণের) উদ্দেশ্যে দান না করিয়া ভোজন করে, সে ব্যক্তি নিশ্চয়ই চোর'। 'ভ্রূণহা অর্থাৎ শ্রেষ্ঠ ব্রাহ্মণঘাতক (১) ব্যক্তিও তদীয় অন্নভক্ষক লাভ করিয়া পাপ হইতে বিশুদ্ধি লাভ করে' ইত্যাদি। ৪

ভাল, পাপবিমুক্ত হয় না কেন? যেহেতু, ইহা হইতেছে পাপমিশ্রিত; কারণ, প্রাণিগণ যাহা ভোজন করিয়া থাকে, প্রকৃতপক্ষে তাহা সর্ব্বসাধারণের অবিভক্ত সম্পত্তি; সেই কারণেই ইহা মিশ্র বা অবিভক্ত ধন। দেখিতে পাওয়া যায়, যখনই কেহ একটি গ্রাস মুখমধ্যে নিক্ষেপ করে, তখনই তাহা অপরের পীড়াজনক হইয়া থাকে; কারণ, ঐ গ্রাসটি হইতেছে সর্ব্বভোজ্য অর্থাৎ সকলেরই ভোজনের যোগ্য; সেই গ্রাসের উপর সকলেই 'ইহা আমার হউক'

(১) তাৎপর্য্য—এখানে 'ভ্রূণহা' শব্দে শ্রেষ্ঠব্রাহ্মণহত্যাকারী বুঝিতে হইবে; শাস্ত্র বলিতেছেন—"বরিষ্ঠ-ব্রহ্মহা চৈব ভ্রূণহেত্যভিধীয়তে" অর্থাৎ যে ব্যক্তি শ্রেষ্ঠ ব্রাহ্মণকে হত্যা করে, সে 'ভ্রূণহা' বলিয়া আখ্যাত হয়।

এইরূপ আশা করিয়া থাকে; অতএব পরপীড়া সমুৎপাদন না করিয়া একটী গ্রাসও গলাধঃকরণ করা যায় না। স্মৃতিশাস্ত্রেও আছে—'মনুষ্যগণের পাপ [অন্নাশ্রিত]' ইত্যাদি। ৫

কেহ কেহ ব্যাখ্যা করিয়া থাকেন যে, গৃহস্থগণ প্রত্যহ যে, বৈশ্বদেব যাগে অন্ন প্রদান করিয়া থাকে; [ইহা হইতেছে সেই অন্ন]। বস্তুতঃ সে অর্থ ঠিক নহে; কারণ, 'বৈশ্বদেব' যজ্ঞে যে অন্ন প্রদত্ত হইয়া থাকে, সর্ব্বপ্রাণিভোজ্য অন্নের ন্যায় তাহাতেও যে, সমস্ত ভোক্তার সাধারণ স্বত্ব আছে, ইহা ত প্রত্যক্ষতঃ পাওয়া যায় না; তাহার পর "যৎ ইদম্ অদ্যতে" বাক্যটিও ঐরূপ অর্থের পক্ষে অনুকূল হইতেছে না (২)। বিশেষতঃ বৈশ্বদেব-যজ্ঞীয় অন্নও যখন সর্ব্বপ্রাণীর ভুজ্যমান অন্নেরই অন্তর্গত, তখন কুক্কুর ও চাণ্ডালাদির ভক্ষণযোগ্য অন্নেরই গ্রহণ করা উচিত; পক্ষান্তরে, বৈশ্বদেবযজ্ঞাঙ্গ অন্ন ছাড়াও কুক্কুর ও চণ্ডালাদির ভক্ষণীয় অন্নের সদ্ভাব দেখিতে পাওয়া যায়; সুতরাং তদ্বিষয়ে প্রত্যক্ষবোধক 'ইদম্' শব্দের প্রয়োগ যুক্তিযুক্তই হয়। ৬

পক্ষান্তরে, এখানে সাধারণ অন্নবোধক অন্ন-শব্দে যদি সর্বপ্রাণিভোজ্য অন্ন গ্রহণ না করা হয়, তাহা হইলে ইহার অর্থ হয় এই যে, পিতা ইহার সৃষ্টিও করেন নাই, এবং কাহারো জন্য বিনিয়োগও করেন নাই; অথচ অন্নমাত্রই যে, তাহার সৃষ্ট এবং প্রাণিবিশেষের জন্য নির্দ্দিষ্ট, ইহা সকলেরই অনুমোদিত। বিশেষতঃ শাস্ত্রোক্ত বৈশ্বদেবনামক কর্ম্মানুষ্ঠাতার পাপস্পর্শ হওয়াও যুক্তিসঙ্গত হয় না। আর বৈশ্বদেব যাগের যে, কোথাও নিষেধ আছে, তাহাও নহে; এবং মৎস্যহিংসাদি কার্য্যের ন্যায় ইহা যে, স্বভাবতই নিন্দিত, তাহাও নহে; কারণ, শিষ্ট লোকেরা ইহার অনুষ্ঠান করিয়া থাকেন; পক্ষান্তরে, বৈশ্বদেব-যাগের অকরণে প্রত্যবায়েরও উল্লেখ আছে; অথচ অন্নশব্দের সর্ব্বসাধারণ অন্ন অর্থ করিলে 'যে লোক অতিথিগণকে অন্ন না দিয়া নিজে অন্ন ভক্ষণ করে, আমি তাহাকে ভক্ষণ করি' এই মন্ত্রবচনানুসারে অত্রত্য প্রত্যবায়োক্তিও সুসঙ্গত হয়; অতএব অন্ন শব্দের সাধারণ অন্ন অর্থ গ্রহণ করাই সমীচীন। ৭

'দ্বে দেবান্ অভাজয়ৎ' ইতি মন্ত্র,—যে দুইটি অন্ন সৃষ্টি করিয়া দেবগণের

(২) তাৎপর্য্য—'ইদম্' শব্দে সাধারণতঃ প্রত্যক্ষগম্য বিষয় বুঝাইয়া থাকে, কিন্তু বৈশ্বদেব যজ্ঞে যে, সকল প্রাণীই অন্ন ভক্ষণ করে, ইহা ত প্রত্যক্ষ হয় না; কাজেই শ্রুতির "যৎ ইদম্ অদ্যতে" এই 'ইদম্' শব্দের অর্থ সঙ্গত হয় না, এই জন্য ভাষ্যকার বলিলেন যে, এ পক্ষে "যদিদমদ্যতে" বাক্যটিও অনুকূল হইতেছে না।

ভোগে বিনিযুক্ত করিয়াছিলেন, সেই দুইটি অন্ন কি কি, তাহা বলা হইতেছে—তাহা হুত ও প্রহুত ; হুত অর্থ—অগ্নিতে হোম করা, আর প্রহুত অর্থ—হোমানন্তর বলি বা উপহার প্রদান করা। যেহেতু, পিতা এই দুইটি অন্নদান করিয়াছিলেন ; সেই হেতু এখনও গৃহস্থগণ উপযুক্ত সময়ে দেবগণের উদ্দেশ্যে হোম করিয়া থাকে,—'আমরা এই অন্ন দেবগণের উদ্দেশ্যে প্রদান করিতেছি' মনে করিয়া আহুতি দিয়া থাকে, এবং হোমশেষে বলিপ্রদান করিয়া থাকে। অপরে বলেন, পিতা যে, দেবগণের উদ্দেশে দুইটি অন্ন দিয়াছিলেন, তাহা হুত ও প্রহুত নহে, তবে কি ? না, সে দুইটি হইতেছে দর্শ ও পূর্ণমাস নামক দুইটি যাগ। [দ্বে অন্নে এই] দ্বিত্ব-শ্রুতির কিছুমাত্র বিশেষ না থাকায়ও [বুঝিতে হইবে,] হুত ও প্রহুতের উল্লেখ প্রাথমিক অর্থাৎ আপাত উত্তরমাত্র, (কিন্তু উহা প্রকৃত উত্তর নহে)। ৮

যদিও হুত-প্রহুত সম্বন্ধেও দ্বিত্বশ্রুতির উপপত্তি সম্ভবপর হয় সত্য, তথাপি শ্রুতিপ্রসিদ্ধ দর্শ ও পূর্ণমাস যাগেরই দেবান্নত্ব অপেক্ষাকৃত প্রসিদ্ধ ; কারণ, মন্ত্রেই ঐরূপ অর্থ প্রকাশিত আছে। আর মুখ্য ও গৌণ, উভয়ের প্রাপ্তিসম্ভাবনাস্থলে প্রথমেই মুখ্যার্থের প্রতীতি হইয়া থাকে ; এবং হুত ও প্রহুত অপেক্ষা দর্শ ও পূর্ণমাস যাগের প্রাধান্যও আছে ; অতএব "দ্বে দেবান্ অভাজয়ৎ" মন্ত্রে তদুভয়েরই গ্রহণ করা যুক্তিসঙ্গত হয়। যেহেতু, পিতা এই দর্শ-পূর্ণমাসনামক অন্ন দুইটি দেবতাগণের উদ্দেশ্যে নির্দিষ্ট করিয়া দিয়াছেন, সেই হেতু যাহাতে সেই দুইটি অন্নের দেবভোগ্যত্ব ব্যাহত না হয়, তজ্জন্য লোকে ইষ্টিযাজুক অর্থাৎ কাম্যযাগানুষ্ঠানে তৎপর হইবে না।—ইষ্টি শব্দের অর্থ কাম্য (ফলাভিলাষে অনুষ্ঠেয়) যাগ ; শতপথ ব্রাহ্মণে এইরূপই প্রসিদ্ধি আছে। যজ্ ধাতুর উত্তর 'তাচ্ছীল্য' প্রত্যয় ('উকঞ্') থাকায় বুঝিতে হইবে যে, যজ্ঞানুষ্ঠানকে প্রধান কর্ত্তব্য মনে করিবে না। ৯

"পশুভ্য একং প্রাযচ্ছৎ" ইতি।—পিতা পশুগণের উদ্দেশ্যে যে অন্ন প্রদান করিয়াছিলেন, সেই অন্নটি কি ? সেই অন্ন—পয়স্ (দুগ্ধ)। ভাল, পশুগণ যে, এই অন্নের স্বামী বা অধিকারী, ইহা কিসে জানা যায় ? তদুত্তরে বলিতেছেন—যেহেতু, মনুষ্য ও পশুগণ অগ্রে—ভূমিষ্ঠ হইবার পর প্রথমেই দুগ্ধ ভক্ষণ করিয়া থাকে ; এই দুগ্ধরূপ অন্নই তাহাদের অভ্যস্ত বা খাদ্য, নচেৎ প্রথমেই সকলে তাহা উপজীবা (ভক্ষণীয়) করিবে কেন ? । ১০

অগ্রে যে, তাহাই ভক্ষণ করে কেন, তাহা বলা হইতেছে—যেহেতু, পিতা

প্রথমে যেরূপ নির্দ্দিষ্ট করিয়া দিয়াছিলেন, মনুষ্য ও পশুগণ আজও ঠিক সেই রূপেই সেই অন্ন দ্বারাই জীবন ধারণ করিতেছে; সেই হেতু ত্রৈবর্ণিকগণ (ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য) জাতকর্ম্মের সময় (১) নবজাত বালককে সুবর্ণসংযুক্ত ঘৃত লেহন করাইয়া থাকে—ভক্ষণ করাইয়া থাকে; যাহাদের জাতকর্ম্মে অধিকার নাই, তাহারাও যথাসম্ভব ঘৃত-প্রাশনের পরে বা অগ্রে স্তন্যপান করাইয়া থাকে; মনুষ্যেতর প্রাণিগণ অগ্রেই স্তন্যপান করাইয়া থাকে। এই কারণেই নবজাত পশুবৎসকে লক্ষ্য করিয়া—'এই বৎসটির বয়স কত?' জিজ্ঞাসা করিলে, তদুত্তরে জিজ্ঞাসিত ব্যক্তি বলিয়া থাকে যে, এটি 'অতৃণাদ' 'এখনও তৃণ ভক্ষণ করে না, অর্থাৎ অতীব শিশু—কেবল দুগ্ধ দ্বারাই জীবন ধারণ করিতেছে'। ১১

প্রথমে যে, জাতকর্ম্ম-সময়ে ঘৃত ভক্ষণ করে, এবং অপর সকলে যে, দুগ্ধ পান করে, ইহা দ্বারা তাহারা সর্ব্বতোভাবে দুগ্ধসেবনই করিয়া থাকে; কারণ, ঘৃত ত দুগ্ধেরই বিকার বা পরিণতি; সুতরাং উহাও দুগ্ধেরই অন্তর্ভূত। ভাল, পশুর অন্ন হইতেছে সপ্তম, তবে তাহাকে চতুর্থরূপে ব্যাখ্যা করা হইতেছে কেন? [উত্তর—] যেহেতু, ইহা কর্ম্মসাধন অর্থাৎ কর্ম্মনিষ্পত্তির সহায়; অগ্নি-হোত্রাদি কর্ম্মগুলি সাধারণতঃ দুগ্ধরূপ সাধনসাপেক্ষ এবং বিত্তসাধ্য, সেই কর্ম্মই আবার পরবর্ত্তী ত্রিবিধ অন্নের সাধন, অর্থাৎ বিত্ত দ্বারা কর্ম্ম সম্পাদন করিতে হয়, এবং সেই কর্ম্ম দ্বারা আবার বক্ষ্যমাণ তিন প্রকার অন্ন সমুৎপাদন করিতে হয়। পূর্ব্বোক্ত দর্শ-পূর্ণমাস নামক দুইটি অন্ন ইহার উদাহরণ। অতএব কর্ম্মের সহিত সম্বন্ধ থাকায় কর্ম্মের সঙ্গে মিলাইয়া একত্রে উপদেশ করা হইয়াছে; বিশেষতঃ ঘৃত ও দুগ্ধের কর্ম্মসাধনত্ব যখন তুল্য, কিছুমাত্র বিশেষ নাই, অতএব অর্থগত সান্নিধ্য অপেক্ষা পাঠলব্ধ আনন্তর্য্য বা সান্নিধ্য অনুপযোগী অর্থাৎ উপেক্ষণীয়। ব্যাখ্যা-সৌকর্য্যও ঐরূপ ক্রমলঙ্ঘনের অপর কারণ,—যাহার সঙ্গে যাহার পৌর্ব্বাপর্য্য আছে, পৌর্ব্বাপর্য্যক্রমে সে সমুদয়ের ব্যাখ্যা করিতেও সুবিধা হয়, কোন কষ্ট হয় না, এবং ঐরূপে ব্যাখ্যা করিলে বুঝিবার পক্ষেও বিশেষ সাহায্য হয়। ১২

"তস্মিন্ সর্ব্বং প্রতিষ্ঠিতং যচ্চ প্রাণিতি, যচ্চ ন" এই অংশের অর্থ কি, তাহা

(১) তাৎপর্য্য—'জাতকর্ম্ম' দশবিধসংস্কারের অন্যতম সংস্কার। পুত্র-সন্তান হইবামাত্র, পিতাকে এই সংস্কার সম্পাদন করিতে হয়। এই সংস্কারে সদ্যোজাত শিশুকে প্রথমেই স্বর্ণপাত্রস্থ ঘৃত লেহন করাইতে হয়, পরে স্তন্যপান করাইতে হয়, ঘৃত ভোজনের পূর্ব্বে শিশুকে আর কিছুই খাইতে দিবে না।

বলা হইতেছে—যাহা প্রাণধারণ করে অর্থাৎ শ্বাসপ্রশ্বাসাদি প্রাণ-চেষ্টা করে, এবং যাহা প্রাণ ধারণের চেষ্টা করে না—স্থাবরপদার্থ—পর্ব্বতপ্রভৃতি, অধ্যাত্ম, অধিভূত ও অধিদৈবতাত্মক সেই নিখিল জগৎই তাহাতে—দুগ্ধে প্রতিষ্ঠিত বা আশ্রিত। যাহা বলা হইল, তাহা যে লোকপ্রসিদ্ধ, তাহা প্রসিদ্ধিজ্ঞাপক হি-শব্দে সূচিত হইয়াছে। ভাল, পয়ঃ-দ্রব্যটি সর্ব্বজগতের আশ্রয় হয় কিরূপে? হাঁ, যে হেতু উহা কারণ; এখানে কারণ অর্থ অগ্নিহোত্রাদি কর্ম্মনিষ্পাদক; এই নিখিল জগৎই যে, অগ্নিহোত্রাদি কর্ম্মে প্রদত্ত আহুতির পরিণাম বা ফলস্বরূপ, ইহা শত শত শ্রুতি ও স্মৃতিশাস্ত্রের স্থিরতর সিদ্ধান্ত। অতএব হি-শব্দ দ্বারা উক্ত-প্রকার প্রসিদ্ধিখ্যাপন করা যুক্তিসঙ্গতই হইয়াছে। ১৩

অপরাপর ব্রাহ্মণেও এই কথাই বলিয়াছেন—সংবৎসরকাল দুগ্ধ দ্বারা হোম করিলে পুনর্ম্মরণ জয় করে। অভিপ্রায় এই যে, এক বৎসরে অগ্নিহোত্রযাগের আহুতি হয়—তিন শত ষাট্, [আবার সায়ংকালের আহুতি ধরিলে সমষ্টি সংখ্যা হয়—] সাত শত কুড়ি। [যাজুষ্মতী যাগের আহুতিসংখ্যাও এতত্তুল্য; সুতরাং] সংবৎসরের দিন ও রাত্রি মিলিত হইয়া যাজুষ্মতী ইষ্টিস্বরূপ (যাগস্থানীয়) নিষ্পন্ন হয়; তাহারা সংবৎসরাত্মক অগ্নিসংজ্ঞক প্রজাপতিত্ব প্রাপ্ত হয়; এই প্রকার চিন্তাপূর্ব্বক এক বৎসর হোম করিলে পুনর্মৃত্যুকে জয় করে, অর্থাৎ ইহলোক হইতে প্রস্থান করিয়া দেবলোকে জন্ম ধারণ করিয়া—পুনর্ব্বার আর মরে না, বেদের ব্রাহ্মণসমূহ এই প্রকার বলিয়া থাকেন। ১৪

কিন্তু এরূপ বুঝিবে না, অর্থাৎ এরূপ মনে করিবে না যে, যে দিনে হোম করে, ঠিক সেই দিনই পুনর্মরণ জয় করে, আর সংবৎসরব্যাপী হোমের অপেক্ষা করে না। এইরূপ জ্ঞানলাভ করিয়া জ্ঞানবান্ পুরুষ পুনর্মরণ জয় করে। পূর্ব্বে যে বলা হইয়াছে, এই সমস্ত জগৎই আহুতির পরিণামস্বরূপ; সুতরাং সমস্ত জগৎই আহুতি-সাধন পয়োঽবস্থিত (দুগ্ধাশ্রিত); অতএব এক দিনেই অর্থাৎ একদিনমাত্র হোমেই সর্ব্বজগদাত্মভাব লাভ করিয়া থাকে, 'পুনর্মরণ জয় করে' কথায় তাহাই বলা হইতেছে; অর্থাৎ বিদ্বান্ পুরুষ একবার মরিয়া—শরীরবিযুক্ত হইয়া সর্ব্বাত্মভাব প্রাপ্ত হইয়া পুনর্ব্বার মৃত্যু লাভ করিবার জন্য আর পরিচ্ছিন্ন (মনুষ্যাদি শরীর) গ্রহণ করে না। ১৫

সর্ব্বাত্মভাবপ্রাপ্তিতে যে, মৃত্যুকে জয় করা যায়, তাহার হেতু কি? বলিতেছি —যেহেতু, সে লোক সায়ং ও প্রাতঃকালীন আহুতি-সমর্পণ দ্বারা সমস্ত দেবতার উদ্দেশ্যে সমস্ত অন্নাদ্য অর্থাৎ ভক্ষণীয় দ্রব্য প্রদান করে; অতএব ইহা যুক্তিযুক্তই

বটে যে, সমস্ত দেবতার অন্নরূপে আপনাকে আহুতিময় করিয়া—সমস্ত দেবতার সঙ্গে একাত্মভাব বা অভিন্নভাব প্রাপ্ত হইয়া—নিজে সর্ব্বদেবময় হইয়া যান, কাজেই পুনর্ব্বার আর মৃত্যু লাভ করে না। স্বয়ং ব্রাহ্মণও এ কথা বলিয়াছেন—'স্বয়ম্ভু ব্রহ্মা তপস্যা করিয়াছিলেন; তিনি বুঝিতে পারিয়াছিলেন যে, তপস্যাতে অনন্ত ফল লাভ হয় না; আমি ভূতগণের উদ্দেশ্যে আপনাকে এবং ভূতসমূহকেও আমাতে আহুতি প্রদান করিব। এইরূপে আপনাকে সর্ব্বভূতে এবং সর্ব্বভূতকে আপনাতে আহুত করিয়া সর্ব্বভূতের শ্রেষ্ঠত্বরূপ স্বারাজ্য আধিপত্য লাভ করিব' ইত্যাদি। ১৬

'সর্ব্বদা ভক্ষিত হইয়াও সেই অন্নসমূহ ক্ষয় প্রাপ্ত হয় না কেন?' এ কথার অর্থ এইরূপ—পিতা যে সময়ে সপ্তপ্রকার অন্ন সৃষ্টি করিয়া বিভিন্ন প্রাণীর উদ্দেশ্যে ভিন্ন ভিন্ন অন্ন প্রদান করিলেন, সেই সময় হইতেই সেই সমস্ত ভোক্তৃগণ-কর্ত্তৃক অন্নসমূহ নিরন্তর ভক্ষিত হইতেছে; অতএব ক্ষয়ের কারণ বিদ্যমান থাকায় সে সমুদায়ের ক্ষয় হওয়াই উচিত; অথচ সে সমস্ত অন্ন আজও ক্ষয় প্রাপ্ত হইতেছে না; কারণ, আজও অন্ন-জগতের অক্ষুণ্ণরূপে অবস্থিতি দেখা যাইতেছে; অতএব, ইহা ক্ষয় না হইবার নিশ্চয়ই একটা কারণ আছে; এইজন্য জিজ্ঞাসা হইতেছে যে, কি কারণে সে সমুদয় অন্নের ক্ষয় হইতেছে না? ১৭

ইহার প্রত্যুত্তর এই—"পুরুষঃ অক্ষিতিঃ",—এই পিতা প্রথমে যেমন জ্ঞান ও পত্নীসাপেক্ষ পাঙ্‌ক্ত কর্ম্ম দ্বারা উক্ত অন্ন সমূহের সৃষ্টি ও ভোগ করিতে সমর্থ হইয়াছিলেন, তেমনি তিনি যাহাদের উদ্দেশ্যে অন্নপ্রদান করিয়াছিলেন, তাহারাও নিশ্চয়ই সেই সমুদয় অন্নের ভোক্তা ও পিতা (স্রষ্টা) বটে; কারণ, তাহারাও স্বীয় জ্ঞান ও কর্ম্ম দ্বারা সেই সমুদয় অন্ন উৎপাদন করিতেছে। সেই এই কথাই বলা হইতেছে যে, পুরুষ—যিনি অন্ন ভোজন করিয়া থাকেন, সেই ভোক্তাই অক্ষিতি অর্থাৎ অন্নক্ষয় না হইবার কারণ। ভাল কথা, এই পুরুষই অক্ষয়ের হেতু হয় কি প্রকারে? তদুত্তরে বলিতেছেন—যেহেতু, এই পুরুষ (জীবগণ) কর্ম্মের ফলস্বরূপ কার্য্যকরণাত্মক এই দৃশ্যমান সপ্তপ্রকার অন্ন ভোজন করত সেই পুরুষই আবার বিবিধ বুদ্ধি দ্বারা—সময়োচিত বিশেষ বিশেষ জ্ঞান দ্বারা, এবং কর্ম্ম দ্বারা অর্থাৎ বাক্য, মন ও শারীর চেষ্টার সাহায্যে বারংবার উৎপাদন করিয়া থাকে। জ্ঞান ও কর্ম্মের সাহায্যে যদি ক্ষণকালও যথোক্ত এই সপ্তপ্রকার অন্ন সমুৎপাদন না করিত, তাহা হইলে অবশ্যই বিচ্ছিন্ন হইত,

অর্থাৎ নিরন্তর ভক্ষিত হইয়া নিশ্চয়ই ক্ষয় প্রাপ্ত হইত। অতএব বুঝিতে হইবে যে, এই পুরুষ (প্রাণিগণ) যেমন সর্ব্বদা অন্ন ভক্ষণ করে, তেমনি যথাযোগ্য জ্ঞান ও কর্ম্ম দ্বারা ইহার সৃষ্টিও করে; সেই জন্যই পুরুষ 'অক্ষিতি' অর্থাৎ নিরন্তর অন্ন সমুৎপাদন করে, ইহাই অন্নক্ষয় না হইবার কারণ; এই হেতুই সর্ব্বদা ভক্ষিত হইয়াও অন্নসমূহ ক্ষয় প্রাপ্ত হইতেছে না। ১৮

অতএব বুঝিতে হইবে যে, জ্ঞান ও ক্রিয়াপ্রবাহানুগত কার্য্য-কারণাত্মক ও ক্রিয়াফলস্বরূপ এবং সমষ্টিভূত বহুপ্রাণীর কর্ম্মজন্য বাসনা হইতে সমুৎপন্ন বলিয়াই ইহা ক্ষণিক অশুদ্ধ অনিত্য নদী-স্রোতঃ ও জলপ্রবাহের তুল্য, কদলীস্তম্ভের ন্যায় অসার (সত্যতারহিত) জলের ফেনা, মায়াময় মরীচিকা ও স্বপ্নাদির সদৃশ, কিন্তু তথাপি, সংসারাসক্ত ভ্রান্ত লোকদিগের নিকট অবিকৃতভাবে অবস্থিত নিত্য সারবানের ন্যায় প্রতীত হইয়া থাকে; লোকের হৃদয়ে বৈরাগ্যসমুৎপাদনার্থ "ধিয়া ধিয়া জনয়তে" কথায় এই তত্ত্বই জ্ঞাপন করা হইতেছে। এইরূপে বিষয়-বিরক্ত লোকদিগের জন্য চতুর্থ অন্ন হইতেই ব্রহ্মবিদ্যার প্রস্তাবনা আরম্ভ করা সঙ্গত হইয়াছে। ১৯

"যো বা এতামক্ষিতিং বেদ" ইতি। যথোক্ত ব্যাখ্যা দ্বারাই অপর অন্নত্রয়েরও ব্যাখ্যা সিদ্ধ হইয়া গিয়াছে; এইরূপ মনে করিয়া শ্রুতি সেই অন্নত্রয়ের তত্ত্ববিজ্ঞানের কথা না বলিয়া কেবল মাত্র ফলের উপসংহার করিয়া নিবৃত্ত হইয়াছেন,—যে ব্যক্তি এই অক্ষিতি অর্থাৎ অন্নক্ষয় না হইবার যথোক্ত কারণ অবগত হন, পুরুষই এই অন্নসমূহের অক্ষিতি, পুরুষই স্বীয় জ্ঞান ও কর্ম্ম দ্বারা পুনঃ পুনঃ এই অন্নসৃষ্টি করিয়া থাকে; পুরুষ যদি সৃষ্টি না করিত, তাহা হইলে নিশ্চয়ই অন্নের ক্ষয় হইয়া যাইত—এই রহস্য জানেন, তিনি প্রতীক দ্বারা অন্নভক্ষণ করেন। এ কথার অর্থ বলা হইতেছে—মুখ অর্থ—মুখ্য—প্রধান; যে লোক অন্নস্রষ্টা পুরুষকেই অ-ক্ষয়ের প্রধান হেতু বলিয়া জানেন, তিনি অন্ন ভোগ করেন, কথনই অন্নের অধীন হন না, অর্থাৎ যথোক্ত বিদ্যাসম্পন্ন পুরুষ অন্নসমূহের আত্মভূত হইয়া অন্নসমূহের ভোক্তাই হন, কিন্তু কখনও অন্য লোকের ন্যায় ভোজ্যতা প্রাপ্ত হন না। 'তিনি দেবতাগণকে প্রাপ্ত হন এবং উত্তম জীবিকা লাভ করেন', একথায় অর্থ—দেবতাগণকে প্রাপ্ত হন—দেবভাব প্রাপ্ত হন; ঊর্জ্জ—অমৃত ভোগ করেন; ইহা কেবল প্রশংসামাত্র; কারণ, তাহার পক্ষে কিছুই অপূর্ব্ব—অভিনব ভোগ্য বা প্রাপ্য থাকে না। ২৬॥ ২॥

ত্রীণ্যাত্মনেঽকুরুতেতি মনো বাচং প্রাণং তান্যাত্মনেঽকুরুতান্যত্রমনা অভূবং নাদর্শমন্যত্রমনা অভূবং নাশ্রৌষমিতি মনসা হ্যেব পশ্যতি মনসা শৃণোতি।

কামঃ সঙ্কল্পো বিচিকিৎসা শ্রদ্ধাঽশ্রদ্ধা ধৃতিরধৃতির্হ্রীর্ধীর্ভীরিত্যেতৎ সর্ব্বং মন এব, তস্মাদপি পৃষ্ঠত উপস্পৃষ্টো মনসা বিজানাতি, যঃ কশ্চ শব্দো বাগেব সা।

এষা হ্যন্তমায়ত্তৈষা হি ন, প্রাণোঽপানো ব্যান উদানঃ সমানোঽন ইত্যেতৎ সর্ব্বং প্রাণ এবৈতন্ময়ো বা অয়মাত্মা বাঙ্ময়ো মনোময়ঃ প্রাণময়ঃ ॥ ৫৭ ॥ ৩ ॥

সরলার্থঃ।—"ত্রীনি আত্মনে অকুরুত" ইতি, [ইদং প্রতীকমাদায় ব্যাচষ্টে—] মনঃ বাচং প্রাণং—তানি (ত্রীনি অন্নানি) আত্মার্থং (আত্মনঃ ভোগায়) অকুরুত (অজনয়ৎ) [পিতা ইতি শেষঃ]। [মনসোঽস্তিত্বে লিঙ্গমাহ] অন্যত্রমনাঃ (বিষয়ান্তরাসক্তচেতাঃ) অভূবম্, [অতএব] ন অদর্শং (ন দৃষ্টবান্ অস্মি); অন্যত্রমনা অভূবং, ন অশ্রৌষং (ন শ্রুতবান্ অস্মি)। [কুত এতৎ?] হি (যস্মাৎ) মনসা এব পশ্যতি, মনসা এব শৃণোতি। [মনসঃ স্বরূপমাহ] কামঃ (স্ত্রীসম্ভোগাদ্যভিলাষঃ), সংকল্পঃ (নীলপীতাদিভেদবিকল্পনম্), বিচিকিৎসা (সংশয়জ্ঞানং), শ্রদ্ধা (শাস্ত্রোক্তকর্ম্মাদিষু আস্তিক্যবুদ্ধিঃ), অশ্রদ্ধা (তত্রাসত্যতাবুদ্ধিঃ), ধৃতিঃ (দেহাদীনামবসাদে উত্তম্ভনং ধারণমিতি যাবৎ), অধৃতিঃ (তদ্বিপর্য্যয়ঃ), হ্রীঃ (লজ্জা), ধীঃ (জ্ঞানং), ভীঃ (ভয়ং), এতৎ সর্ব্বং মন এব (মনসঃ অন্তঃকরণস্য এতে ধর্ম্মা ইত্যর্থঃ)। তস্মাৎ (মনসঃ সত্ত্বাৎ হেতোঃ) পৃষ্ঠতঃ (চক্ষুরগোচরে) উপস্পৃষ্টঃ (অপি সন্) বিজানাতি (বিশেষেণ অবগচ্ছতি—যস্যায়ং স্পর্শ ইতি)। বাচঃ সদ্ভাবং প্রমাণয়তি—] যঃ কশ্চ (যঃ কশ্চিৎ) শব্দঃ (ধ্বনিঃ), সা (সঃ) বাক্ এব; [অতঃ বাচঃ কার্য্যম্ উচ্যতে—] এষা (বাক্) হি (এব) অন্তং (বাচ্যাভিধাননির্ণয়ং) আয়ত্তা (অনুগতা—বক্তব্যপ্রকাশিকা), হি (যস্মাৎ) এষা (বাক্ পুনঃ) ন [অন্য প্রকাশ্যা]। [অথেদানীং প্রাণসদ্ভাবং সাধয়তি—] প্রাণঃ (মুখনাসিকাদিস্থানবর্ত্তী বায়ুবিশেষঃ) অপানঃ (অধোগামী), ব্যানঃ (সর্ব্বদেহবর্ত্তী), উদানঃ (উৎক্রমণহেতুঃ), সমানঃ (রসরুধিরাদি পরিণামহেতুঃ), অনঃ

(প্রাণানাং চেষ্টাসামান্যং), ইতি এতৎ সর্ব্বং প্রাণ এব, (ন প্রাণাদতিরিচ্যতে ইতি ভাবঃ)। অয়ং (দৃশ্যমানঃ) আত্মা (দেহপিণ্ডঃ) এতন্ময়ঃ (এভিঃ অন্নৈ-রারব্ধঃ)—বাঙ্ময়ঃ, মনোময়ঃ প্রাণময় ইত্যর্থঃ ॥ ৫৭ ॥ ৩ ॥

মূলানুবাদ ।—"ত্রীণি আত্মনে অকুরুত" এই বাক্যের অর্থ বলিতেছেন [আদিকর্ত্তা] মনঃ, বাক্ ও প্রাণ, এই তিনটী অন্ন আত্মার জন্য সৃষ্টি করিয়াছিলেন। [লোকে বলিয়া থাকে—] 'আমার মন অন্য বিষয়ে ছিল, তাই শুনিতে পাই নাই', [ইহা হইতে বুঝা যাইতেছে যে,] মন দ্বারাই দর্শন করে, এবং মন দ্বারাই শ্রবণ করে। তাহার পর, কাম (ভোগাভিলাষ), সঙ্কল্প (ভাল মন্দ চিন্তা) বিচিকিৎসা (সংশয়), শ্রদ্ধা (শাস্ত্রে ও আচার্য্য-বাক্যে দৃঢ় বিশ্বাস), অশ্রদ্ধা (শ্রদ্ধার বিপরীত). ধৃতি (ধৈর্য্য), অধৃতি (ধৈর্য্যের বিপরীত), হ্রী (লজ্জা), ধী (বুদ্ধিবৃত্তি) ও ভী (ভয়), এ সমস্ত মনই (মনেরই ধর্ম্ম) ; সেই কারণেই পশ্চাদ্ভাগে কেহ স্পর্শ করিলেও বুঝিতে পারা যায় যে, [ইহা-অমুকের স্পর্শ]। যে কোনও রকম শব্দ হউক, সে সমস্ত বাক-ই (বাক্যের অতিরিক্ত নহে), এই বাক্ অন্তের অর্থাৎ বক্তব্য বিষয়ের প্রকাশনে পর্য্যাপ্ত, কিন্তু ইহা অপরের প্রকাশ্য নহে। তাহার পর, প্রাণ, অপান, ব্যান, উদান, সমান ও অন—এ সমস্তও প্রাণই ; আত্মাও এতন্ময়, বাঙ্ময়, মনোময় ও প্রাণময় অর্থাৎ বাক্ মন ও প্রাণই তাহার বিশিষ্টতা-সাধন ॥ ৫৭ ॥ ৩ ॥

শাঙ্করভাষ্যম্ ।—পাঙ্ক্তস্য কর্ম্মণঃ ফলভূতানি যানি ত্রীণ্যন্নাম্যুপক্ষিপ্তানি, তানি কার্য্যত্বাৎ বিস্তীর্ণবিষয়ত্বাচ্চ পূর্ব্বেভ্যোঽন্নেভ্যঃ পৃথগুৎকৃষ্টানি ; তেষাং ব্যাখ্যানার্থ উত্তরো গ্রন্থ আ ব্রাহ্মণপরিসমাপ্তেঃ। ত্রীণ্যাত্মনেঽকুরুতেতি। কোঽস্যার্থঃ ? ইত্যুচ্যতে—মনঃ বাক্ প্রাণঃ, এতানি ত্রীণ্যন্নানি ; তানি মনো বাচং প্রাণঞ্চ আত্মনে আত্মার্থমকুরুত কৃতবান্ সৃষ্ট্বা আদৌ পিতা। ১

তেষাং মনসোঽস্তিত্বং স্বরূপঞ্চ প্রতি সংশয় ইত্যত আহ—অস্তি তাবৎ মনঃ শ্রোত্রাদিবাহ্যকরণব্যতিরিক্তম্ ; যত এবং প্রসিদ্ধম্—বাহ্যকরণবিষয়াত্মসম্বন্ধে সত্যপি অভিমুখীভূতং বিষয়ং ন গৃহ্ণাতি, কিং দৃষ্টবানসীদং রূপম্ ? ইত্যুক্তো বদতি—অন্যত্র মে গতং মন আসীৎ, সোঽহমন্যত্রমনা আসং নাদর্শম্, তথেদং শ্রুতবানসি মদীয়ং বচঃ ? ইত্যুক্তঃ অন্যত্রমনা অভূবং নাশ্রৌষং ন শ্রুতবানস্মীতি।

তস্মাদ্ যস্যাসন্নিধৌ রূপাদিগ্রহণসমর্থস্যাপি সতশ্চক্ষুরাদেঃ স্বস্ববিষয়সম্বন্ধে রূপ-শব্দাদিজ্ঞানং ন ভবতি, যস্য চ ভাবে ভবতি, তদন্যদস্তি মনো নামান্তঃকরণং সর্ব্বকরণবিষয়োপযোগীত্যবগম্যতে। তস্মাৎ সর্ব্বো হি লোকো মনসা হ্যেব পশ্যতি মনসা শৃণোতি, তদ্ব্যগ্রত্বে দর্শনাদ্যভাবাৎ। ২

অস্তিত্বে সিদ্ধে মনসঃ স্বরূপার্থমিদমুচ্যতে—কামঃ স্ত্রীব্যতিকরাভিলাষাদিঃ, সঙ্কল্পঃ প্রত্যুপস্থিতবিষয়বিকল্পনং শুক্লনীলাদিভেদেন, বিচিকিৎসা সংশয়জ্ঞানম্, শ্রদ্ধা অদৃষ্টার্থেষু কর্ম্মসু আস্তিক্যবুদ্ধির্দ্দেবতাদিষু চ, অশ্রদ্ধা তদ্বিপরীতা বুদ্ধিঃ, ধৃতিঃ ধারণং—দেহাদ্যবসাদে উত্তম্ভনম্, অধৃতিঃ তদ্বিপর্য্যয়ঃ, হ্রীঃ লজ্জা, ধীঃ প্রজ্ঞা, ভীঃ ভয়ম্, ইত্যেতৎ এবমাদিকং সর্ব্বং মন এব—মনসোঽন্তঃকরণস্য রূপাণ্যেতানি। মনোঽস্তিত্বং প্রত্যন্যচ্চ কারণমুচ্যতে—তস্মান্মনো নামাস্ত্যন্তঃকরণম্, যস্মাৎ চক্ষুষো হ্যগোচরে পৃষ্ঠতোঽপ্যুপস্পৃষ্টঃ কেনচিৎ, হস্তস্যায়ং স্পর্শঃ জানোরয়মিতি বিবেকেন প্রতিপদ্যতে; যদি বিবেককৃন্মনো নাম নাস্তি, তর্হি ত্বঙ্মাত্রেণ কুতো বিবেকপ্রতি-পত্তিঃ স্যাৎ; যত্তদ্বিবেকপ্রতিপত্তিকারণম্, তন্মনঃ। ৩

অস্তি তাবন্মনঃ, স্বরূপঞ্চ তস্যাধিগতম্। ত্রীণ্যন্নানীহ ফলভূতানি কর্ম্মণাং মনোবাক্প্রাণাখ্যানি অধ্যাত্মমধিভূতমধিদৈবঞ্চ ব্যাচিখ্যাসিতানি। তত্রাধ্যাত্মি-কানাং বাঙ্মনঃপ্রাণানাং মনো ব্যাখ্যাতম্। অথেদানীং বাগ্বক্তব্যেত্যারম্ভঃ—যঃ কশ্চিল্লোকে শব্দো ধ্বনিস্তাল্বাদিব্যঙ্গ্যঃ প্রাণিভির্ব্বর্ণাদিলক্ষণঃ, ইতরো বা বাদিত্র-মেঘাদিনিমিত্তঃ, সর্ব্বো ধ্বনির্ব্বাগেব সা। ইদং তাবদ্বাচঃ স্বরূপমুক্তম্। ৪

অথ তস্যাঃ কার্য্যমুচ্যতে—এষা বাক্ হি যস্মাদ্ অন্তমভিধেয়াবসানমভিধেয়-নির্ণয়ম্ আয়ত্তা অনুগতা, এষা পুনঃ স্বয়ন্নাভিধেয়বৎ প্রকাশ্যা অভিধেয়প্রকা-শিকৈব প্রকাশাত্মকত্বাৎ প্রদীপাদিবৎ; ন হি প্রদীপাদিপ্রকাশঃ প্রকাশান্তরেণ প্রকাশ্যতে, তদ্বদ্বাক্ প্রকাশিকৈব স্বয়ং, ন প্রকাশ্যা-ইত্যনবস্থাং শ্রুতিঃ পরিহরতি এষা হি ন প্রকাশ্যা, প্রকাশকত্বমেব বাচঃ কার্য্যমিত্যর্থঃ। ৫

অথ প্রাণ উচ্যতে—প্রাণো মুখনাসিকাসঞ্চার্য্যা হৃদয়বৃত্তিঃ, প্রণয়নাৎ প্রাণঃ; অপনয়নান্মূত্রপুরীষাদেরপানোঽধোবৃত্তিঃ আ নাভিস্থানঃ; ব্যানো ব্যায়মনকর্ম্মা ব্যানঃ—প্রাণাপানয়োঃ সন্ধির্বীর্য্যবৎকর্ম্মহেতুশ্চ; উদানঃ উৎকর্ষোর্দ্ধগমনাদি-হেতুরাপাদতলমস্তকস্থান উর্দ্ধবৃত্তিঃ; সমানঃ সমং নয়নাদ্ভুক্তস্য পীতস্য চ কোষ্ঠস্থা-নোঽন্নপক্তা। অন ইত্যেষাং বৃত্তিবিশেষাণাং সামান্যভূতা সামান্যদেহচেষ্টাসম্বন্ধিনী বৃত্তিঃ, এবং যথোক্তং প্রাণাদিবৃত্তিজাতমেতৎ সর্ব্বং প্রাণ এব। প্রাণ ইতি বৃত্তি-মান্ অধ্যাত্মিকোঽন উক্তঃ; কর্ম্ম চাস্য বৃত্তিভেদপ্রদর্শনেনৈব ব্যাখ্যাতম্। ৬

ব্যাখ্যাতান্যাধ্যাত্মিকানি মনোবাক্প্রাণাখ্যান্যন্নানি ; এতন্ময় এতদ্বিকারঃ প্রাজাপত্যৈরেতৈর্বাঙ্মনঃপ্রাণৈরারব্ধঃ। কোঽসাবয়ং কার্য্যকারণসঙ্ঘাতঃ ? আত্মা পিণ্ড আত্মস্বরূপত্বেনাভিমতোঽবিবেকিভিঃ অবিশেষেণৈতন্ময় ইত্যুক্তস্য বিশেষেণ বাঙ্ময়ো মনোময়ঃ প্রাণময় ইতি স্ফুটীকরণম্ ॥৫৭॥৩॥

টীকা। সাধনাত্মকমন্নচতুষ্টয়মন্নাক্ষয়কারণমক্ষিতিত্বগুণপ্রক্ষেপেণ পুরুষোপাসনস্য ফলঞ্চোক্তমিদানীম্ ব্রাহ্মণসমাপ্তেরুত্তরগ্রন্থস্য তাৎপর্য্যমাহ—পাঙ্ক্তস্যেত্যাদিনা। ব্রাহ্মণশেষস্য তাৎপর্য্যমুক্ত্বা মন্ত্রভেদমনূদ্যাকাঙ্ক্ষাদ্বারা ব্রাহ্মণমুত্থাপ্য ব্যাচষ্টে—ত্রীণীত্যাদিনা। জ্ঞানকর্ম্মভ্যাং সপ্তান্নানি সৃষ্ট্বা চত্বারি ভোক্তৃভ্যো বিভজ্য ত্রীণ্যাত্মার্থং কল্পাদৌ পিতা কল্পিতবানিত্যর্থঃ। ১

অন্যত্রেত্যাদি বাক্যমুপাদত্তে—তেষামিতি। ষষ্ঠী নির্দ্ধারণার্থা। তত্র মনসোঽস্তিত্বমাদৌ সাধয়তি—অস্তি তাবদিতি। আত্মেন্দ্রিয়ার্থসান্নিধ্যে সত্যপি কদাচিদেবার্থধীর্জ্জায়মানা হেত্বন্তরমাক্ষিপতি। ন চাদৃষ্টাদি তদিতি যুক্তং, তস্য দৃষ্টসম্পাদিৎ, তস্মাদর্থাদিসান্নিধ্যে জ্ঞানকাদাচিৎকত্বানুপপত্তির্মনঃসাধিকেত্যর্থঃ। লোকপ্রসিদ্ধিরপি তত্র প্রমাণমিত্যাহ—যত ইতি। অতোঽস্তি বাহ্যকরণাদ্ব্যতিরিক্তং বিষয়গ্রাহি করণমিতি শেষঃ। তামেব প্রসিদ্ধিমুদাহরণনিষ্ঠতয়োদাহরতি—দৃষ্টবানিত্যাদিনা। তত্রৈবান্বয়ব্যতিরেকাবুপন্যস্যতি—তস্মাদিতি। যথোক্তার্থাপত্তিলোকপ্রসিদ্ধিবশাদিতি যাবৎ। বিমতমাত্মাদ্ব্যতিরিক্তাপেক্ষং, তস্মিন্ সত্যপি কাদাচিৎকত্বাদ্ ঘটবদিত্যনুমানং তচ্ছব্দার্থঃ। তস্মাদনুমানাদস্ত্যন্তি মনো নামেতি সম্বন্ধঃ। রূপাদিগ্রহণসমর্থস্যাপি সত ইতি প্রমাতোচ্যতে। অন্তঃকরণস্য চক্ষুরাদিভ্যো বৈলক্ষণ্যমাহ—সর্ব্বেতি। সমনন্তরবাক্যফলিতার্থবিবরত্বেনাদত্তে—তস্মাদিতি। তচ্ছব্দোক্তং হেতুং স্পষ্টয়তি—তদ্ব্যগ্রত্ব ইতি। ২

কামাদিবাক্যানবতার্য্য ব্যাকুর্বন্ মনসঃ স্বরূপং প্রতি সংশয়ং নিরস্যতি—অস্তিত্ব ইতি। অশ্রদ্ধাদিবদকামাদিরপি বিবক্ষিতোঽত্রেতি মত্বা মনোবুদ্ধ্যোরেকত্বমুপেত্যোপসংহরতি—ইত্যেতদিতি। দ্বৈতপ্রবৃত্ত্যাত্মকং মনো ভোক্তৃকর্ম্মবশান্নানার্থাকারেণ বিবর্ত্তত ইত্যভিপ্রেত্যানন্তরবাক্যমবতারয়তি—মনোঽস্তিত্বমিতি। তদেবাস্তিৎকারণং স্ফোরয়তি—যস্মাদিতি। তস্মাদস্তি বিবেককারণমন্তঃকরণমিতি সম্বন্ধঃ। চক্ষুরসম্প্রয়োগাত্ত্বেন স্পর্শবিশেষাদর্শনেঽপি সম্প্রযুক্তয়া ত্বচা বিনাপি মনো বিশেষদর্শনং স্যাদিত্যাশঙ্ক্যাহ—যদীতি। ত্বঙ্মাত্রস্য স্পর্শমাত্রগ্রাহিত্বেন বিবেচকত্বাযোগাদিত্যর্থঃ। বিবেচকে কারণান্তরে সত্যপি কুতো মনঃসিদ্ধিস্তত্রাহ—যত্তদিতি। ৩

বৃত্তং কীর্ত্তয়তি—অস্তি তাবদিতি। উত্তরগ্রন্থমবতারয়িতুং ভূমিকাং করোতি—ত্রীণীতি। এবং ভূমিকামারচয্যাধ্যাত্মিকবাগ্ব্যাখ্যানার্থং যঃ কশ্চেত্যাদি বাক্যমাদায় ব্যাকরোতি—অথেত্যাদিনা। শব্দপর্য্যায়ো ধ্বনির্দ্বিবিধো বর্ণাত্মকোঽবর্ণাত্মকশ্চ। তত্রাদ্যো ব্যবহর্ত্তৃভিস্তাল্বাদিস্থানব্যঙ্গ্যঃ, দ্বিতীয়ো মেঘাদিকৃতঃ। স সর্ব্বোঽপি প্রকৃতা বাগেবেত্যর্থঃ। প্রকাশকমাত্রং বাগিত্যুক্ত্বা তত্র প্রমাণমাহ—ইদং তাবদিতি। তস্মাদভিব্যক্তির্নির্ণায়কত্বাদ্বাগাত্মকত্বমপলাপার্হেতি শেষঃ। ৪

বাচোঽপি প্রকাশ্যত্বাৎ কথং প্রকাশকমাত্রং বাগিত্যুক্তমিত্যাশঙ্ক্যাহ—এষেতি। দৃষ্টান্তং সমর্থয়তে—ন হীতি। প্রকাশান্তরেণ সজাতীয়েনেতি শেষঃ। প্রকাশিকাপি বাক্যপ্রকাশ্যা

চেৎ, তত্রাপি প্রকাশকান্তরমেষ্টব্যমিত্যনবস্থা স্যাৎ, তন্নিরাসার্থমেষা হি নেতি শ্রুতিঃ প্রকাশক-মাত্রং বাগিত্যাহ। স্বপরনির্ব্বাহকস্তুশব্দঃ। তস্মাৎ প্রকাশকত্বং কার্য্যং যত্র দৃশ্যতে, তত্র বাচঃ স্বরূপমনুগতমেবেত্যাহ—তস্মাদিত্যাদিনা। ৫

আধ্যাত্মিকপ্রাণবিষয়ং বাক্যমবতার্য্য ব্যাকরোতি—অপেতি। মুখাদৌ সঞ্চার্য্যা সঞ্চরণার্হা হৃদয়সম্বন্ধিনী যা বায়ুবৃত্তিঃ, তত্র প্রাণশব্দপ্রবৃত্তৌ নিমিত্তমাহ—প্রণয়নাদিতি। পুরতো নিঃসরণা-দিতি যাবৎ। হৃদয়াদধোদেশে বৃত্তিরস্যেত্যধোবৃত্তিরানাভিস্থানো হৃদয়াদারভ্য নাভিপর্য্যন্তং বর্ত্তমান ইতি যাবৎ। ব্যায়মনং প্রাণাপানয়োর্নিয়মনং কর্ম্মাস্যেতি তথোক্তঃ। বীর্য্যবৎ-কর্ম্ম অরণ্যামগ্ন্যুৎপাদনাদি। উৎকর্ষো দেহে পুষ্টিঃ। আদিপদেনোৎক্রান্তিরুক্তা। প্রাণশব্দেনান-শব্দস্য পুনরুক্তিমাশঙ্ক্যাহ—অন ইত্যেমামিতি।

তথাপি তৃতীয়স্য প্রাণশব্দস্য তাভ্যাং পুনরুক্তিরিত্যাশঙ্ক্যাহ—প্রাণ ইতীতি। সাধারণাসাধারণ-বৃত্তিমান্ প্রাণ ইত্যপৌনরুক্ত্যমিত্যর্থঃ। মনসো দর্শনাদিবদ্বাচোঽভিধেয়প্রকাশনবচ্চ প্রাণস্যাপি কার্য্যং বক্তব্যমিত্যাশঙ্ক্যাহ—কর্ম্ম চেতি। ৬

এতন্ময় ইত্যত্র ময়টো বিকারার্থত্বং বৃত্তসঙ্কীর্ত্তনপূর্ব্বকং কথয়তি—বাগাদীনীতি। আধ্যাত্মি-কানাং বাগাদীনামনারম্ভকত্বং বারয়তি—প্রজাপতেরিতি। আরব্ধস্বরূপং প্রশ্নপূর্ব্বকমনন্তর-বাক্যেন নির্দ্ধারয়তি—কোঽসাবিতি। কার্য্যকরণসঙ্ঘাতে কথমাত্মশব্দপ্রবৃত্তিরিত্যাশঙ্ক্যাহ—আত্মস্বরূপত্বেনেতি। বাঙ্ময় ইত্যাদিবাক্যস্য পূর্ব্বেণ পৌনরুক্ত্যমাশঙ্ক্যাহ—অবিশে-ষেণেতি ॥ ৫৭ ॥ ৩ ॥

ভাষ্যানুবাদ।—পূর্ব্বে পাঙ্ক্ত কর্ম্মের ফলস্বরূপ যে তিনটি অন্ন উল্লি-খিত হইয়াছে, সেগুলি নিজে কর্ম্মজন্য এবং তাহাদের বিষয়ও (কার্য্যও) বিস্তীর্ণ (বহু), এইজন্য পূর্ব্ববর্ত্তী অন্নসমূহ অপেক্ষা স্বতন্ত্র ও উৎকৃষ্ট; সেই অন্নত্রয়ের ব্যাখ্যার জন্য পরবর্ত্তী সমগ্র ব্রাহ্মণ আরব্ধ হইতেছে।

"ত্রীণি আত্মনে অকুরুত" এই শ্রুতির অর্থ কি, তাহা বলা হইতেছে—মনঃ, বাক্ ও প্রাণ, এই তিনটি অন্ন; পিতা প্রথমে মনঃ, বাক্ ও প্রাণ এই তিনটি অন্ন সৃষ্টি করিয়া আপনার জন্য নির্দ্দিষ্ট রাখিলেন। ১

তন্মধ্যে মনের অস্তিত্ব ও স্বরূপ বিষয়ে লোকের সংশয় আছে; এইজন্য বলিতেছেন—শ্রোত্রাদি বহিরিন্দ্রিয়ের অতিরিক্ত মন-নামে একটি বস্তু নিশ্চয়ই আছে; যেহেতু, এইরূপ লোকপ্রসিদ্ধি আছে যে, বহিরিন্দ্রিয় ও বাহ্য বিষয়ের সহিত আত্মার সম্বন্ধ সংঘটিত হইলেও ইন্দ্রিয়গণ সে বিষয় গ্রহণ করে না; যেমন—'তুমি কি এই রূপটি দর্শন করিয়াছ?' এই প্রকার জিজ্ঞাসিত হইয়া লোকে বলিয়া থাকে যে, আমার মন অন্য বিষয়ে সন্নিবিষ্ট ছিল, বিষয়ান্তরে নিবিষ্টচিত্ত থাকায় আমি ইহা দেখি নাই; সেইরূপ, 'তুমি কি আমার উচ্চারিত এই শব্দ শুনিয়াছ?'—জিজ্ঞাসা করিলে লোকে বলিয়া থাকে,—'আমার মন

অন্য বিষয়ে ছিল, তাই [তোমার শব্দ] শুনিতে পাই নাই।' অতএব বুঝাইতেছে যে, চক্ষুঃপ্রভৃতি ইন্দ্রিয়নিচয় রূপপ্রভৃতি বাহ্য বিষয়গ্রহণে সমর্থ হইলেও এবং নিজ নিজ বিষয়ের সহিত উপযুক্ত সম্বন্ধ লাভ করিলেও, যাহার অসন্নিধানে রূপ ও শব্দাদি বিষয়ে জ্ঞান হয় না; অথচ যাহার সন্নিধান থাকিলে রূপ ও শব্দাদি বিষয়ে জ্ঞান হয়, চক্ষুঃপ্রভৃতি ইন্দ্রিয়ের অতিরিক্ত এবং সমস্ত ইন্দ্রিয়ের বিষয়গ্রাহিকাশক্তির সহায়ভূত মনঃ নামে একটি স্বতন্ত্র অন্তঃকরণ আছে। অতএব, মনের ব্যগ্রতাবস্থায় যখন দর্শনাদি ব্যাপার নিষ্পন্ন হয় না, তখন মনের সাহায্যেই যে, সকল লোকে দর্শন ও শ্রবণ করিয়া থাকে, ইহা অবশ্যই স্বীকার করিতে হইবে। ২

এইরূপে মনের অস্তিত্ব প্রমাণিত হইল, এখন তাহার স্বরূপবিজ্ঞানার্থ এই কথা বলা হইতেছে—কাম—স্ত্রীসমালিঙ্গনাদির অভিলাষ, সঙ্কল্প—সম্মুখে উপস্থিত বিষয়-বিষয়ে বিকল্পনা অর্থাৎ ইহা শুক্ল বা নীল ইত্যাদি বিতর্ক, বিচিকিৎসা—সংশয়াত্মক জ্ঞান, শ্রদ্ধা—অদৃষ্টার্থ—পুণ্যপাপাত্মক কর্ম্ম এবং দেবতা প্রভৃতি বিষয়ে আস্তিক্যবুদ্ধি (সত্যতাজ্ঞান—বিশ্বাস), অশ্রদ্ধা—শ্রদ্ধার বিপরীত, ধৃতি—ধারণ করা অর্থাৎ দেহাদির অবসন্নতাদশায় উত্তম্ভন—উত্তেজনা করা; অধৃতি—ধৃতির বিপরীত, হ্রী—লজ্জা, ধী—প্রজ্ঞা অর্থাৎ বোধশক্তি, ভী—ভয়, এ সমস্ত মনই, অর্থাৎ এ সমস্তই অন্তঃকরণ মনের স্বরূপ। মনের অস্তিত্ববিষয়ে আরও কারণ বলা হইতেছে—যেহেতু চক্ষুর অগোচরে অর্থাৎ যে স্থান চক্ষু দ্বারা দেখিতে পাওয়া যায় না, সেরূপ স্থানও যদি কেহ স্পর্শ করে, তাহা হইলেও কেবল মনের সাহায্যেই বিস্পষ্ট রূপে বুঝিতে পারা যায় যে, এটি হস্তের স্পর্শ, কিংবা এটি জানুদেশের স্পর্শ। ইহা হইতেও মনোনামক অন্তঃকরণের অস্তিত্ব প্রমাণিত হয়। যদি অনুভবগত পার্থক্য-বোধের উপায়স্বরূপ মন না থাকিত, তাহা হইলে শুধু ত্বগিন্দ্রিয়ের সাহায্যে কখনই ঐরূপ বিবেকবোধ অর্থাৎ স্পর্শগত পার্থক্যজ্ঞান হইত না; অতএব বুঝিতে হইবে যে, যাহা দ্বারা ঐরূপ স্পর্শবিবেক নিষ্পন্ন হইয়া থাকে, তাহাই মন। ৩

এইরূপে মনের অস্তিত্ব সাধিত হইল, এবং তাহার স্বরূপও নিরূপিত হইল; অতঃপর কর্ম্মের ফলস্বরূপ অধ্যাত্ম, অধিভূত ও অধিদৈবাত্মক মনঃ, বাক্ ও প্রাণনামক অন্নত্রয়ের ব্যাখ্যা করিতে হইবে। তন্মধ্যে আধ্যাত্মিক বাক্, মনঃ ও প্রাণনামক অন্নত্রয়ের মধ্যে মনের স্বরূপ ব্যাখ্যাত হইয়াছে, ইহার পর এখন বাক্-নামক অন্নের স্বরূপাদি বলা আবশ্যক; এতদর্থে পরবর্ত্তী বাক্যের অবতারণা করা হইতেছে।—জগতে যে কোন প্রকার শব্দ—প্রাণিগণের কণ্ঠ ও তালুপ্রভৃতি স্থানে

অভিব্যক্ত অকারাদি বর্ণাত্মক ধ্বনি, অথবা বাদ্যযন্ত্র ও মেঘাদি-সমুত্থিত অন্য প্রকার ধ্বনি, (১) সে সমস্ত ধ্বনি বাকই অর্থাৎ বাক্ হইতে পৃথক্ পদার্থ নহে। ৪

অতঃপর তাহার কার্য্য বলা হইতেছে—যেহেতু এই বাক্ অভি ধেয়ার্থ-সমাপ্তির অর্থাৎ বাচ্যার্থ নির্ণয়ের অনুগত;—অভিধেয় বা বাচ্যার্থ যেমন বাক্যের প্রকাশ্য, এই বাক্ কিন্তু সেরূপ কাহারো প্রকাশ্য নহে, পরন্তু বাক্যার্থেরই প্রকাশিকা; কারণ, বাক্ হইতেছে—প্রদীপাদির ন্যায় প্রকাশ-স্বভাব; প্রদীপ প্রভৃতি প্রকাশ বা আলোকপদার্থ যেমন কখনও অপর কোনও প্রকাশ দ্বারা প্রকাশিত হয় না, তেমনি এই বাক্ও অপরের প্রকাশকই হয়, কিন্তু নিজে কাহারও প্রকাশ্য হয় না। এইরূপে শ্রুতি নিজেই আশঙ্কিত 'অনবস্থা' দোষের পরিহার করিয়া বলিতেছেন—নিশ্চয়ই এই বাক প্রকাশ্য নহে; পরকে প্রকাশিত করাই ইহার স্বাভাবিক কার্য্য (২)। ৫

অতঃপর প্রাণের কথা বলা হইতেছে—প্রাণ অর্থ—মুখ ও নাসিকা-প্রদেশ সঞ্চরণশীল হৃদয়স্থ বায়ুবৃত্তি বা বায়ুর ব্যাপারবিশেষ; সম্মুখদিকে নিঃসরণ করে বলিয়া—প্রাণনামে অভিহিত হয়। অপান অর্থ - অধোদেশগামী বায়ুবৃত্তিবিশেষ; মলমূত্রাদি অপনয়ন করে বলিয়া উহা অপান নামে অভিহিত হয়; হৃদয় হইতে

(১) তাৎপর্য্য।- শব্দ সাধারণতঃ দুইপ্রকার, বর্ণ ও ধ্বনি, তন্মধ্যে বর্ণাত্মক শব্দগুলি কণ্ঠ ও তালুপ্রভৃতি স্থানে আভ্যন্তরীণ বায়ুর প্রেরণা দ্বারা অভিব্যক্ত হইয়া থাকে। যে বর্ণ যে স্থানের স্পর্শে প্রকাশ পাইয়া থাকে, তাহাকে সেই নামে অভিহিত করা হয়; যেমন—'অ', কবর্গ, 'হ' ও বিসর্গ, ইহারা কণ্ঠের সাহায্যে অভিব্যক্ত হয় বলিয়া কণ্ঠ্যবর্ণ। বর্ণ উচ্চারণের স্থান আটটি, যথা,—"অষ্টৌ স্থানানি বর্ণানামুর কণ্ঠঃ শিরস্তথা। জিহ্বামূলঞ্চ দন্তাশ্চ নাসিকৌষ্ঠঞ্চ তালুকা।" এতদতিরিক্ত আর একপ্রকার শব্দ আছে, তাহার নাম ধ্বনি। ধ্বনি-শব্দ সাধারণতঃ আঘাতমাত্রের ফল; মৃদঙ্গাদি বাদ্যযন্ত্র ও অন্যান্য বস্তুর পরস্পর আঘাতে এই ধ্বনির সৃষ্টি হইয়া থাকে। তাই বিশ্বনাথ বলিয়াছেন—"শব্দো ধ্বনিশ্চ বর্ণশ্চ, মৃদঙ্গাদিভবো ধ্বনিঃ" ইত্যাদি।

(২) তাৎপর্য্য।—শব্দসম্বন্ধে অনবস্থাদোষের আশঙ্কা এইরূপে হইয়াছিল—শব্দ যদি স্বপ্রকাশ না হইত, তাহা হইলে শব্দ যেরূপ অর্থ প্রকাশ করে, তদ্রূপ শব্দপ্রকাশের জন্যও অপর প্রকাশকের (শব্দের) আবশ্যক হইত; আবার সেই তৃতীয় প্রকাশকের প্রকাশের জন্যও অপর প্রকাশকের আবশ্যক হইত, এইরূপে চিরকাল প্রকাশকের অপেক্ষা থাকিয়া যাইত, ফলে কোন শব্দই অর্থপ্রকাশনে সমর্থ হইত না, এইজন্য শব্দকে স্বপ্রকাশ বলিয়া স্বীকার করা আবশ্যক হইয়াছে। তাই ভাষ্যকার বলিয়া দিলেন যে, "বাক্ প্রকাশিকৈব, স্বয়ং ন প্রকাশ্যা" ইতি।

নাভিদেশ পর্য্যন্ত ইহার প্রচারস্থান। শরীরস্থ যন্ত্রসমূহকে বিশেষরূপে সংযমন করা যাহার কার্য্য, তাহার নাম ব্যান ; ব্যান বায়ু প্রাণ ও অপানের সন্ধি-স্থানীয় এবং বীর্য্যসাধ্য কর্ম্মের নিষ্পাদক। উদান—উত্তমরূপে ঊর্দ্ধগমনাদি কার্য্য নিষ্পাদনের হেতুস্বরূপ—ঊর্দ্ধগামী বায়ু, পাদতল হইতে মস্তক পর্য্যন্ত ইহার অবস্থিতির স্থান। সমান—ভুক্ত ও পীত অন্নরসাদির সমীকরণ করে, ইহা কোষ্ঠে (জঠরে) অবস্থান করে, এবং ভুক্ত বস্তুর পরিপাক সাধন করে। অন অর্থ—বায়ুর বৃত্তিবিশেষ, উক্ত প্রাণ প্রভৃতির যে, সর্ব্বপ্রকার দৈহিক চেষ্টা-সম্পর্কিত সাধারণ ব্যাপার, তাহার নাম অন। এই যে সমস্ত প্রাণাদি বৃত্তির কথা বলা হইল, ফলতঃ এ সমস্ত প্রাণই (প্রাণাত্তিবিক্তনহে)। প্রাণ শব্দে প্রাণনাদি বৃত্তিবিশিষ্ট আধ্যাত্মিক অন অর্থাৎ সাধারণ বায়ুবৃত্তি উক্ত হইল ; এবং প্রাণনাদি বিশেষ বিশেষ বৃত্তিপ্রদর্শনে ইহার কার্য্যও প্রদর্শিত হইল (১)। ৬

এইরূপ মন, বাক ও প্রাণ-নামক অন্নত্রয় বর্ণিত হইল। 'এতন্ময়' অর্থ—প্রজাপতিসম্পর্কিত এই সমস্ত বাক্, মন ও প্রাণ দ্বারা ইহা নির্ম্মিত ; এই দেহে-ন্দ্রিয় সমষ্টিভূত সেই বস্তুটি কি? তাহা আত্মা ; এখানে আত্মা অর্থ দেহপিণ্ড ; অবিবেকী লোকেরা অজ্ঞানবশতঃ এই দেহপিণ্ডকেই আত্মা বলিয়া মনে করে ;

(১) তাৎপর্য্য—প্রাণ পদার্থটি যে কি, এ সম্বন্ধে বিস্তর মতভেদ দৃষ্ট হয়, তন্মধ্যে যে দুইটি প্রধান ও বিচারসহ, তাহারই উল্লেখ করিতেছি—সাংখ্যাচার্য্যগণ বলেন—"সামান্যকরণবৃত্তিঃ প্রাণাদ্যা বায়বঃ পঞ্চ" অর্থাৎ প্রাণ, অপান, ব্যান, সমান ও উদান, এই যে পঞ্চ প্রাণ ইহারা স্বতন্ত্র পদার্থ নহে, পরন্তু মন, বুদ্ধি ও অহঙ্কার প্রভৃতি আভ্যন্তরীণ করণনিচয়ের সাধারণ ব্যাপার মাত্র। অভিপ্রায় এই যে, অন্তঃকরণ প্রত্যেকে প্রতিনিয়তই নিজ নিজ কার্য্য সম্পাদন করিয়া থাকে, তাহাদের সেই বিশেষ বিশেষ কার্য্যের সাধারণ ফল হইতেছে—এই প্রাণ। যেমন একটা খাঁচার মধ্যে কতকগুলি পাখী থাকিলে, সেই পাখীগুলি নিজেদের প্রয়োজনীয় কার্য্য করিতে থাকিলে, স্বতই খাঁচাটি নড়িতে থাকে, কিন্তু কোন পাখীই খাঁচা নাড়িবার জন্য স্বতন্ত্র ভাবে যত্ন করে না, ইহাও তেমনই বটে। বৈদান্তিকগণ এ কথায় সম্মত হন না ; তাঁহারা বলেন—প্রাণ একটি স্বতন্ত্র পদার্থ ; ইহা পঞ্চভূতের সমষ্টিকৃত রজোভাগ হইতে উৎপন্ন। "পঞ্চবৃত্তির্মনোবৎ ব্যপদিশ্যতে" (ব্রহ্মসূত্র ২।৪।১১), অর্থাৎ অন্তঃকরণ যেমন স্বরূপতঃ এক হইলেও বৃত্তি বা ব্যাপারভেদে ত্রিপ্রকার—মন, বুদ্ধি ও অহঙ্কার নামে অভিহিত হইয়া থাকে, তেমনই প্রাণ বস্তুতঃ এক হইলেও কার্য্যভেদে পাঁচপ্রকারে বিভক্ত হয় মাত্র।

ভাষ্যকার এখানে 'ব্যান' বায়ুকে বীর্য্যসাধ্য কার্য্য নিষ্পাদনের সহায় এবং প্রাণ ও অপান-বায়ুর সন্ধিস্বরূপ বলিয়াছেন। এ কথা ছান্দোগ্যোপনিষদে আরও স্পষ্টাকারে কথিত হইয়াছে। যথা—"অথ যঃ প্রাণাপানয়োঃ সন্ধিঃ স ব্যানঃ" ইত্যাদি (ছান্দোগ্য ১।৩।৩—৫) সেখানে দ্রষ্টব্য।

এইজন্য ইহাকে 'আত্মা' বলা হইল। 'এতন্ময়' শব্দে যাহার সামান্যাকারে উল্লেখ করা হইয়াছে, 'বাঙ্ময়', 'মনোময়' ও 'প্রাণময়' শব্দে তাহাকেই বিশেষভাবে নির্দ্দেশ করিয়া পরিস্ফুট করা হইল ॥ ৩৭ ॥ ৩ ॥

আভাসভাষ্যম্।—তেষামেব প্রাজাপত্যানামন্নানামাধিভৌতিকো বিস্তারোঽভিধীয়তে—

আভাসভাষ্যানুবাদ।—অতঃপর উক্ত প্রাজাপত্য অন্নসমূহের আধিভৌতিক বিস্তার বর্ণিত হইতেছে—

ত্রয়ো লোকা এত এব, বাগেবায়ং লোকো মনোঽন্তরিক্ষলোকঃ প্রাণোঽসৌ লোকঃ ॥ ৫৮ ॥ ৪ ॥

সরলার্থঃ।—এতে (বাঙ্‌মনঃ-প্রাণাঃ) এব ত্রয়ঃ লোকাঃ (ভূর্ভুবঃ-স্বর্নামানঃ), নৈতেভ্যো ব্যতিরিক্তাস্তে ইতি ভাবঃ)। [তত্র বিশেষমাহ—] বাক্ এব অয়ং (দৃশ্যমানঃ) লোকঃ (ভূঃ), মনঃ অন্তরিক্ষলোকঃ, তথা প্রাণঃ অসৌ লোকঃ (স্বর্লোকঃ)। [উক্তমন্ত্রত্রয়মেবং চিন্তনীয়ম্ ইতি ভাবঃ] ॥৫৮॥৪॥

মূলানুবাদ।—এই যে, অন্নত্রয় উক্ত হইল, ইহারাই ত্রিলোকস্বরূপ; বাক্‌ই এই ভূলোক, মনই অন্তরিক্ষলোক (ভুবর্লোক), আর প্রাণ হইতেছে—স্বর্লোক, অর্থাৎ এই ত্রিলোকই উক্ত ত্রিবিধ অন্নময় ॥ ৫৮ ॥ ৪ ॥

শাঙ্কর-ভাষ্যম্।—ত্রয়ো লোকাঃ ভূর্ভুবঃস্বরিত্যাখ্যাঃ; এত এব বাঙ্মনঃ-প্রাণাঃ। তত্র বিশেষঃ—বাগেবায়ং লোকঃ, মনঃ—অন্তরিক্ষলোকঃ, প্রাণোঽসৌ লোকঃ ॥ ৫৮ ॥ ৪ ॥

টীকা। বাগাদীনামাধ্যাত্মিকবিভূতিপ্রদর্শনানন্তরমাধিভৌতিকবিভূতিপ্রদর্শনার্থমুত্তরগ্রন্থমবতারয়তি—ত্রয়ো লোকা ইত্যাদিনা। তত্রেত্যুক্তং সামান্যং পরামৃশতি ॥ ৫৮ ॥ ৪ ॥

ভাষ্যানুবাদ।—ভূঃ, ভুবঃ ও স্বঃ, এই লোকত্রয়ও এতৎস্বরূপই—বাক্, মনঃ ও প্রাণস্বরূপই; তন্মধ্যে বিশেষ এই যে, বাক্ হইতেছে—এই পৃথিবীলোক, মন হইতেছে—অন্তরিক্ষলোক, আর প্রাণ হইতেছে—স্বর্লোক ॥ ৫৮ ॥ ৪ ॥

ত্রয়ো বেদা এত এব, বাগেবর্গ্বেদো মনো যজুর্ব্বেদঃ প্রাণঃ সামবেদঃ ॥ ৯ ॥ ৫ ॥

সরলার্থঃ।—এতে (বাঙ্‌মনঃপ্রাণাঃ) এব ত্রয়ঃ বেদাঃ (ঋগ্‌যজুঃ-সামাখ্যাঃ)। [তত্রায়ং বিশেষঃ—] বাক্ এব ঋগ্বেদঃ, মনঃ যজুর্ব্বেদঃ, প্রাণঃ

সামবেদঃ ; [অথর্ব্ববেদস্য বেদত্রয়ান্তর্গতত্বাৎ বেদস্য ত্রিত্বমিতি ভাবঃ] ॥ ৫৯ ॥ ৫ ॥

মূলানুবাদ ।—ইহারাই বেদত্রয়, তন্মধ্যে বিশেষ এই যে, বাক্ই ঋগ্বেদস্বরূপ, মনই যজুর্বেদস্বরূপ, এবং প্রাণই সামবেদ-স্বরূপ ॥ ৫৯ ॥ ৫ ॥

দেবাঃ পিতরো মনুষ্যা এত এব ; বাগেব দেবা মনঃ পিতরঃ প্রাণো মনুষ্যাঃ ॥ ৬০ ॥ ৬

সরলার্থঃ ।—এতে এব দেবাঃ পিতরঃ মনুষ্যাঃ। [তত্র] বাক্ এব দেবাঃ, মনঃ পিতরঃ, প্রাণঃ মনুষ্যা ইতি ॥ ৬০ ॥ ৬ ॥

মূলানুবাদ ।—এই অন্নত্রয়ই দেবগণ, পিতৃগণ ও মনুষ্যগণ, তন্মধ্যে বাক্ দেবগণস্বরূপ, মন পিতৃগণস্বরূপ এবং প্রাণ মনুষ্যগণস্বরূপ ॥ ৬০ ॥ ৬ ॥

শাঙ্কর-ভাষ্যম্ ।— ০ ॥ ৬০ । ৬ ॥

টীকা ॥ ০ ॥ ৬০ ॥ ৬ ॥

ভাষ্যানুবাদ ।— ০ ॥ ৬০ ॥ ৬ ॥

পিতা মাতা প্রজৈত এব, মন এব পিতা বাঙ্ মাতা, প্রাণঃ প্রজা ॥ ৬১ ॥ ৭ ॥

সরলার্থঃ ।—এতে এব পিতা, মাতা, প্রজা (সন্ততিশ্চ)। [তত্র] মনঃ এব পিতা, বাক্ মাতা, প্রাণঃ প্রজা ইতি ॥ ৬১ ॥ ৭ ॥

মূলানুবাদ ।—এই অন্নত্রয়ই পিতা, মাতা ও সন্তানস্বরূপ, তন্মধ্যে মনই পিতা, বাক্ই মাতা, এবং প্রাণই সন্তানস্বরূপ ॥ ৬১ ॥ ৭ ॥

শাঙ্করভাষ্যম্ ।—তথা ত্রয়ো বেদা ইত্যাদীনি বাক্যানি ঋজ্বর্থানি ॥ ৫৯-৬১ ॥ ৫—৭ ॥

টীকা। ত্রিলোকীবাক্যবদুত্তর' বাক্যং বিজ্ঞাতাদিবাক্যাৎ প্রাক্তনং নেতব্যমিত্যাহ—তথেতি ॥ ৫৯—৬১ ॥ ৫—৭ ॥

ভাষ্যানুবাদ ।—বেদত্রয়ও সেইরূপ। এই "ত্রয়ো বেদাঃ" ইত্যাদি তিনটী শ্রুতির অর্থ সরল ; [সুতরাং ব্যাখ্যার প্রয়োজন নাই] ॥ ৫৯-৬১ ॥ ৫-৭ ॥

বিজ্ঞাতং বিজিজ্ঞাস্যমবিজ্ঞাতমেত এব, যৎ কিঞ্চ বিজ্ঞাতং বাচস্তদ্রূপম্, বাগ্ হি বিজ্ঞাতা, বাগেনং তদ্ভূত্বাবতি ॥ ৬২ ॥ ৮ ॥

সরলার্থঃ।—তথা এতে এব বিজ্ঞাতং (বিশেষেণ জ্ঞাতং), বিজিজ্ঞাস্যং, অবিজ্ঞাতং (চ) ; [তত্রায়ং বিশেষঃ—] যৎ কিঞ্চ বিজ্ঞাতং, তৎ বাচঃ (বচনস্য) রূপম্ ; হি (যস্মাৎ) বাক্ বিজ্ঞাতা (প্রকাশকরূপত্বাদিত্যাশয়ঃ) । [বাগ্বিজ্ঞানফলমুচ্যতে] বাক্ তৎ (বিজ্ঞাতং) ভূত্বা এনং (বাগ্বিভূতিবিদং) অবতি (পালয়তি) ॥ ৬২ ॥ ৮ ॥

মূলানুবাদ।—বিজ্ঞাত, বিজিজ্ঞাস্য এবং অবিজ্ঞাতও ইহারাই। যাহা কিছু বিজ্ঞাত, তৎসমস্তই বাক্যের রূপ ; কারণ, বাক্ নিজেই বিজ্ঞাতা : যাহা [যে লোক বাক্যের এইরূপ বিভূতি জানেন,] বাক্ নিজেই সেই বিজ্ঞাতস্বরূপ হইয়া তাহাকে পালন করিয়া থাকে ॥ ৬২ ॥ ৮ ॥

শাঙ্করভাষ্যম্।—বিজ্ঞাতং বিজিজ্ঞাস্যমবিজ্ঞাতমেত এব ; তত্র বিশেষঃ—যৎকিঞ্চ বিজ্ঞাতং বিস্পষ্টং জ্ঞাতং, বাচস্তদ্রূপং ; তত্র স্বয়মেব হেতুমাহ—বাগ্ হি বিজ্ঞাতা, প্রকাশাত্মকত্বাৎ কথমবিজ্ঞাতা ভবেৎ, যা অন্যানপি বিজ্ঞাপয়তি ; বাচৈব সম্রাড়্ বন্ধুঃ প্রজ্ঞায়ত ইতি হি বক্ষ্যতি। বাগ্বিশেষবিদ ইদং ফলমুচ্যতে—বাগেবৈনং যথোক্তবাগ্বিভূতিবিদং তদ্বিজ্ঞাতং ভূত্বা অবতি পালয়তি। বিজ্ঞাতরূপেণৈবাস্যান্নং ভোজ্যতাং প্রতিপদ্যত ইত্যর্থঃ ॥ ৬২ ॥ ৮ ॥

টীকা। বিজ্ঞাতাদিবাক্যমাদায় তদন্তর্গতং বিশেষং দর্শয়তি—বিজ্ঞাতমিতি। বিজ্ঞাতং সর্ব্বং বাচো রূপমিতি প্রতিজ্ঞাতোঽর্থঃ সপ্তম্যর্থঃ। প্রকাশকত্বেঽপি কথং বাচো বিজ্ঞাতত্বমিত্যাশঙ্ক্যাহ—কথমিতি। প্রকাশাত্মকত্বমেব কুতো বাচঃ সিদ্ধমিত্যাশঙ্ক্যাহ—বাচেতি। বাগ্বিশেষবস্তুদ্বিভূতিঃ ॥ ৬২ ॥ ৮ ॥

ভাষ্যানুবাদ।—আর যে, বিজ্ঞাত, বিজিজ্ঞাস্য ও অবিজ্ঞাত, তাহাও এই অন্নত্রয়ই বটে। তাহাতে বিশেষ এই যে, যাহা কিছু বিজ্ঞাত, অর্থাৎ বেশ উত্তমরূপে জ্ঞাত, তাহা সমস্তই বাক্যের রূপ। শ্রুতি নিজেই সে সম্বন্ধে হেতু প্রদর্শন করিতেছেন—যেহেতু বাক্ই বিজ্ঞাতা ; কারণ, বাক্ নিজেই প্রকাশাত্মক ; যাহা অন্য পদার্থ বিজ্ঞাপিত করিয়া দেয়, সে নিজে অবিজ্ঞাত থাকিবে কিরূপে? অভিপ্রায় এই যে, যে বাক্ (শব্দ) নিজে অবিজ্ঞাত থাকে, সে কখনই অপরকে বিজ্ঞাপিত বা প্রকাশিত করিতে পারে না। ইহার পরেও বলিবেন যে, 'হে সম্রাট্, বাক্যেই বন্ধু জানা যায়' ইতি। যথোক্ত প্রকার বাক্যমহিমাভিজ্ঞ ব্যক্তির এইরূপ ফল বলা হইতেছে—বাক্ নিজেই স্বীয় বিভূতিস্বরূপ হইয়া উক্তপ্রকার বাগ্বিভূতিজ্ঞ লোককে রক্ষা করিয়া থাকেন,—অন্ন ইহার পরিজ্ঞাতভাবে ভোজনীয় হইয়া থাকে। অভিপ্রায় এই যে, যে যে অন্ন-ভোজন করিতে হইবে, তাহা তিনি পূর্ব্বেই জানিতে পারেন ॥ ৬২ ॥ ৮ ॥

যৎ কিঞ্চ বিজিজ্ঞাস্যং মনসস্তদ্রূপং, মনো হি বিজিজ্ঞাস্যং, মন এনং তদ্‌ভূত্বাবতি ॥ ৬৩ ॥ ৯ ॥

সরলার্থঃ।—যৎ কিঞ্চ বিজিজ্ঞাস্যং, তৎ মনসঃ রূপম্‌; হি (যস্মাৎ) মনঃ বিজিজ্ঞাস্যং (জিজ্ঞাসা মনোধর্ম্ম ইত্যর্থঃ), ততশ্চ মনঃ তৎ (বিজিজ্ঞাস্যং) ভূত্বা এনং (মনোবিভূতিবিদং) অবতি (রক্ষতি) ॥ ৬৩ ॥ ৯ ॥

মূলানুবাদ।—যাহা কিছু বিশেষরূপে জিজ্ঞাস্য, তাহা মনেরই রূপ; যেহেতু, মনই বিজিজ্ঞাস্য; মনই বিজিজ্ঞাস্যরূপ ধারণ করিয়া ইহাকে (মনের মহিমাভিজ্ঞকে) রক্ষা করেন ॥ ৬৩ ॥ ৯ ॥

শাঙ্কর-ভাষ্যম্‌।—তথা যৎ কিঞ্চ বিজিজ্ঞাস্যং, বিস্পষ্টং জ্ঞাতুমিষ্টং বিজিজ্ঞাস্যম্‌, তৎ সর্ব্বং মনসো রূপম্‌; মনঃ হি যস্মাৎ সন্দিহ্যমানাকারত্বাদ্বিজিজ্ঞাস্যম্‌ পূর্ব্ববন্মনোবিভূতিবিদঃ ফলং—মন এনং তদ্বিজিজ্ঞাস্যং ভূত্বাবতি বিজিজ্ঞাস্য-স্বরূপেণৈবান্নত্বমাপদ্যতে ॥ ৬৩ ॥ ৯ ॥

টীকা। সন্দিহ্যমানাকারত্বাৎ সঙ্কল্পবিকল্পাত্মকত্বাদিতি যাবৎ; তস্মাৎ সর্ব্বং বিজিজ্ঞাস্যং মনোরূপমিতি সম্বন্ধঃ। পূর্ব্ববদ্বাগ্‌বিভূতিবিদো যথা ফলমুক্তং, তদ্বদিতি যাবৎ ॥ ৬৩ ॥ ৯ ॥

ভাষ্যানুবাদ।—সেইরূপ যাহা কিছু বিজিজ্ঞাস্য—বিস্পষ্টরূপে জানিতে অভীষ্ট, সে সমস্তই মনের রূপ; কেননা, সন্দিহ্যমান আকারেই মন প্রকটিত হয়, অর্থাৎ সংশয় করাই মনের স্বাভাবিক ধর্ম্ম; এই জন্য মনই বিজিজ্ঞাস্যরূপে পরিগৃহীত। পূর্ব্বের ন্যায়, মনের বিভূতিজ্ঞ ব্যক্তিরও ফল এই যে, মন নিজেই সেই বিজিজ্ঞাস্য বস্তুস্বরূপ হইয়া ইহাকে (মনের বিভূতিজ্ঞকে) রক্ষা করিয়া থাকে, অর্থাৎ বিজিজ্ঞাস্যরূপেই তাহার অন্নভাব প্রাপ্ত হইয়া থাকে ॥ ৬৩ ॥ ৯ ॥

যৎ কিঞ্চাবিজ্ঞাতং প্রাণস্য তদ্রূপং, প্রাণো হ্যবিজ্ঞাতঃ, প্রাণ এনং তদ্‌ভূত্বাঽবতি ॥ ৬৪ ॥ ১০ ॥

সরলার্থঃ।—যৎ কিঞ্চ অবিজ্ঞাতং (জ্ঞানাবিষয়ীভূতম্‌), তৎ (তৎ সর্ব্বং) প্রাণস্য রূপম্‌; হি (যতঃ) প্রাণঃ অবিজ্ঞাতঃ। প্রাণঃ তৎ (অবিজ্ঞাতং) ভূত্বা এনং (প্রাণবিভূতিবিদং) অবতি (রক্ষতি) ॥ ৬৪ ॥ ১০ ॥

মূলানুবাদ।—যাহা কিছু অবিজ্ঞাত বস্তু, তৎসমস্তই প্রাণের রূপ; যেহেতু, প্রাণই স্বরূপতঃ অবিজ্ঞাত। প্রাণই সেই অবিজ্ঞাত রূপ ধারণ করিয়া প্রাণবিভূতিজ্ঞ লোককে রক্ষা করিয়া থাকে ॥ ৬৪ ॥ ১০ ॥

শাঙ্কর-ভাষ্যম্।—তথা যৎ কিঞ্চ অবিজ্ঞাতং বিজ্ঞানাগোচরং, ন চ সন্দিহ্যমানং, প্রাণস্য তদ্রূপং, প্রাণো হ্যবিজ্ঞাতঃ; অবিজ্ঞাতরূপো হি যস্মাৎ প্রাণোঽনিরুক্তশ্রুতেঃ। বিজ্ঞাত-বিজিজ্ঞাস্যাবিজ্ঞাতভেদেন বাঙ্মনঃপ্রাণবিভাগে স্থিতে ত্রয়ো লোকা ইত্যাদয়ো বাচনিকা এব। সর্ব্বত্র বিজ্ঞাতাদিরূপদর্শনাদ্বচনাদেব তস্য নিয়মঃ স্মর্ত্তব্যঃ। প্রাণ এনং তদ্ভূত্বা অবতি—অবিজ্ঞাতরূপেণৈবাস্য প্রাণোঽন্নং ভবতীত্যর্থঃ। শিষ্যপুত্রাদিভিঃ সন্দিহ্যমানাবিজ্ঞাতোপকারকা আচার্য্যপিত্রাদয়ো দৃশ্যন্তে; তথা মনঃপ্রাণয়োরপি সন্দিহ্যমানাবিজ্ঞাতয়োরন্নত্বোপপত্তিঃ॥ ৬৪॥ ১০॥

টীকা। অনিরুক্তশ্রুতেরবিজ্ঞাতরূপো যস্মাৎ প্রাণস্তস্মাদবিজ্ঞাতং সর্ব্বং প্রাণস্য রূপমিতি যোজনা। বিজ্ঞাতাদিরূপাতিরেকেণ লোকবেদাদ্যভাবাদ্বিজ্ঞাতাদিরূপত্বাভিধানেনৈব বাগাদীনাং লোকাদ্যাত্মত্বে সিদ্ধে কিমর্থং ত্রয়ো লোকা ইত্যাদিবাক্যমিত্যাশঙ্ক্য তথৈব ধ্যানার্থমিত্যাহ—বিজ্ঞাতেতি। ভূরাদিষ্বেকৈকত্র বিজ্ঞাতাদিত্রয়দৃষ্টেৰ্ব্বাগাদেশ্চ ব্যবস্থিতত্বাৎ কুতো বিজ্ঞাতাদের্ব্বাগাদ্যাত্মকত্বং নিয়ন্তুং শক্যমিত্যাশঙ্ক্যাহ—সর্ব্বত্রেতি। প্রাণবিভূতিবিদঃ সম্প্রতি ফলং কথয়তি—প্রাণ ইতি। লোকে বিজ্ঞাতস্যৈব ভোজ্যত্বোপলম্ভাদবিজ্ঞাতাদিরূপেণ প্রাণাদের্ন ভোজ্যত্বোপপত্তিরিত্যাশঙ্ক্যাহ—শিষ্যেতি। শিষ্যৈরবিবেকিভিঃ সন্দিহ্যমানোপকারা অপি গুরবস্তেষাং ভোজ্যতামাপদ্যমানা দৃশ্যন্তে, পুত্রাদিভিশ্চাতিবালৈরবিজ্ঞাতোপকারাঃ পিত্রাদয়স্তেষাং ভোজ্যত্বমাপদ্যন্তে, তথা প্রকৃতেঽপি সম্ভবতীত্যর্থঃ॥ ৬৪॥ ১০॥

ভাষ্যানুবাদ।—সেইপ্রকার, যাহা কিছু অবিজ্ঞাত অর্থাৎ বিজ্ঞানের অগোচর অথচ সন্দেহাস্পদও নহে, তাহাই প্রাণের রূপ; কারণ, শ্রুতিতে প্রাণকে অনিরুক্ত বলায় [বুঝা যাইতেছে যে,] প্রাণ স্বরূপতঃ অবিজ্ঞাতই বটে। বাক্ মন ও প্রাণের যথাক্রমে বিজ্ঞাত, বিজিজ্ঞাস্য ও অবিজ্ঞাতভেদে বিভাগ স্থিরতর থাকিতেও যে, আবার "ত্রয়ো লোকাঃ" ইত্যাদি বিভাগ, তাহা কেবল বাচনিক অর্থাৎ লোকাদিরূপে ধ্যানের প্রয়োজন আছে বলিয়াই স্বয়ং শ্রুতি ঐরূপ উপদেশ করিয়াছেন। পূর্ব্বোক্ত সকল স্থলে বিজ্ঞাতাদিভাব স্বাভাবিক দেখিতে পাওয়া যায়; অতএব এই শ্রুতিবাক্যানুসারেই লোকাদি-দৃষ্টিতেও ধ্যানের অবশ্যকর্ত্তব্যতা বুঝিতে হইবে। 'প্রাণ তাহা হইয়া ইহাকে রক্ষা করে' কথার অর্থ এই—প্রাণ যে, বিদ্বানের অন্নস্বরূপ হইয়া থাকে, তাহা তাহার বিজ্ঞাতরূপ নহে; পরন্তু সম্পূর্ণ অবিজ্ঞাত, অর্থাৎ প্রাণ যে, তাহার পোষণ করিতেছে, ইহা তাহার অবিজ্ঞাত বা জ্ঞানগম্য নহে। অনেক সময় দেখিতে পাওয়া যায় যে, আচার্য্য ও পিতা প্রভৃতি হিতৈষী লোকেরা যে উপকারসাধন করেন, শিষ্য ও পুত্র প্রভৃতি সে উপকার বুঝিতে পারে না, অথবা তদ্বিষয়ে সম্পূর্ণ সন্দিহান থাকে; সেইরূপ মন ও প্রাণ

অবিজ্ঞাত বা সন্দেহাস্পদ থাকিয়াও তাহাদের অন্নভাবপ্রাপ্ত হয়, ইহা বিরুদ্ধ হইতে পারে না ॥ ৬৪ ॥ ১০ ॥

আভাষ-ভাষ্যম্।—ব্যাখ্যাতো বাঙ্মনঃপ্রাণানামাধিভৌতিকো বিস্তারঃ, অথাস্যমাধিদৈবিকার্থ আরম্ভঃ—

আভাষ-ভাষ্যানুবাদ।—বাক্, মন ও প্রাণের আধিভৌতিক বিস্তার বা মহিমা বর্ণিত হইল, অতঃপর আধিদৈবিক বিস্তারপ্রদর্শনার্থ পরবর্ত্তী শ্রুতি আরব্ধ হইতেছে—

তস্যৈ বাচঃ পৃথিবী শরীরং জ্যোতীরূপমযমগ্নিস্তদ্যাবত্যেব বাক্ তাবতী পৃথিবী তাবানয়মগ্নিঃ ॥ ৬৫ ॥ ১১ ॥

সরলার্থঃ।—তস্যৈ (তস্যাঃ প্রজাপতেরন্নভূতায়াঃ) বাচঃ [ইয়ং অপ্রকাশাত্মিকা] পৃথিবী শরীরং (বাহ্যভূতঃ আধারঃ), অয়ম্ অগ্নিঃ জ্যোতীরূপং (প্রকাশাত্মকং করণস্বরূপং চ শরীরং), তৎ (তস্মাৎ হেতোঃ) বাক্ যাবতী (যৎপরিমাণা), পৃথিবী [অপি] তাবতী এব, অয়ং অগ্নিশ্চ তাবান্। [দ্বিরূপা হি প্রজাপতেঃ বাক্—কার্য্যং করণঞ্চ ; তত্র কার্য্যং আধারঃ অপ্রকাশাত্মকঃ, করণঞ্চ আশ্রিতং প্রকাশাত্মকঞ্চেতি ভাবঃ] ॥ ৬৫ ॥ ১১ ॥

মূলানুবাদ।—পূর্ব্বোক্ত বাকের আশ্রয়ভূত শরীর হইতেছে পৃথিবী, আর জ্যোতির্ম্ময় করণস্বরূপ শরীর হইতেছে—এই অগ্নি ; অতএব বাক্ যে পরিমাণ, পৃথিবীও সেই পরিমাণ, এবং অগ্নিও তত্তুল্যপরিমাণ ॥ ৬৫ ॥ ১১ ॥

উত্তরমাগস্য জ্ঞানমার্গাদন্যত্বমাক্ষিপতি—নন্বিতি। শুক্লশব্দস্য অদ্বৈতমার্গবিষয়ত্বং নীলাদি-শব্দসন্নিধানাদ্বিরোধাদিতি পরিহরতি—নেতি। নীলেতি। সৈদ্ধান্তিকমন্ত্রভাগং ব্যাখ্যাতুং পূর্বপক্ষং দূষয়তি—যান্ শুক্লাদীনিতি। ন কেবলং দেহদেশনিঃসরণসম্বন্ধাদেব নাড়ীভেদানাং সংসারবিষয়ত্বং, কিন্তু ব্রহ্মলোকাদিসম্বন্ধাদপীত্যাহ—ব্রহ্মাদীতি। আদিত্যোঽপি দেবযান-মধ্যপাতী ব্রহ্মলোকপ্রাপকঃ সংসারহেতুরেবেতি মত্বানো মোক্ষমার্গমুপসংহরতি—তস্মাদিতি। আপ্তকামতয়া জ্ঞানমার্গ ইতি সম্বন্ধঃ। এবং ভূমিকাং কৃত্বা এষ ইত্যস্যার্থমাহ—সর্বকামেতি। যথা তৈলাদিবিলয়ে প্রদীপস্য জ্বলনানুপপত্তৌ তেজোমাত্রে নির্বাণমিষ্যতে, তথা স্থূলস্য সূক্ষ্মস্য চ সর্বস্যৈব কামস্য জ্ঞানাৎ ক্ষয়ে সতি গত্যনুপপত্তাবত্রৈব প্রত্যগাত্মনি কার্যকরণানামেকী-

ভাবেনাবসানমিত্যয়মেবপন্থা ইত্যর্থঃ। পন্থা ইত্যেতদ্ব্যাচষ্টে—জ্ঞানমার্গ ইতি। ইদংতাবে তৃতীয়ামাশ্রিত্যাহ—পরমাত্মেতি। অনুবেদনকর্তুর্ব্রাহ্মণস্য সন্ন্যাসিত্বং দর্শয়তি—ত্যক্তেতি। বিপ্রতিপত্তিং নিরাকৃত্য মোক্ষমার্গং নির্দ্ধার্য্য যেন ধীরা অপিযন্তীত্যত্রোক্তং নিগময়তি—তেনেতি। অন্যোঽপি মদ্বদ্দশঃ সকাশাদিতি শেষঃ। ইতেতি শ্রীবদবাক্যোক্তিঃ। ২

কীদৃশো ব্রহ্মবিৎ তেন এতীতি উচ্যতে—পূর্ব্বং পুণ্যকৃৎ ভূত্বা, পুনস্ত্যক্ত পুত্রাদ্যেষণঃ পরমাত্মতেজস্যাত্মানং সংযোজ্য তস্মিন্নভিনির্বৃত্তঃ তৈজসশ্চাত্মভূতঃ ইহৈবেত্যর্থঃ। ঈদৃশো ব্রহ্মবিৎ তেন মার্গেণ এতি, ন পুনঃ পুণ্যাদিসমুচ্চয়কারিণো গ্রহণম্, বিরোধাদিত্যবোচাম।

"অপুণ্যপুণ্যোপরমে যং পুনর্ভবনির্ভয়াঃ।
শান্তাঃ সন্ন্যাসিনো যান্তি তস্মৈ মোক্ষাত্মনে নমঃ॥" ইতি স্মৃতেশ্চ।
"ত্যজ ধর্ম্মমধর্ম্মঞ্চ" ইত্যাদি পুণ্যাপুণ্যত্যাগোপদেশাৎ।
"নিরাশিষমনারম্ভং নির্নমস্কারমস্তুতিম্।
অক্ষীণং ক্ষীণকর্ম্মাণং তং দেবা ব্রাহ্মণং বিদুঃ॥"
"নৈতাদৃশং ব্রাহ্মণস্যাস্তি বিত্তং যথৈকতা সমতা সত্যতা চ।
শীলং স্থিতির্দণ্ডনিধানমার্জ্জবং ততস্ততশ্চোপরমঃ ক্রিয়াভ্যঃ॥"

ইত্যাদিস্মৃতিভ্যশ্চ॥ ৩

সমুচ্চয়কারিণোঽত্র ব্রহ্মপ্রাপ্তির্বিবক্ষিতেতি কেচিৎ; তান্ প্রত্যাহ—ন পুনরিতি। বিরোধাৎ জ্ঞানকর্ম্মণোরিতি শেষঃ। কিঞ্চ কমসমুচ্চয়ঃ সমসমুচ্চয়ো বেতি বিকল্পাদ্যমঙ্গীকৃত্য দ্বিতীয়ং দূষয়তি—অপুণ্যেতি। জ্ঞানস্য কর্ম্মানুচ্চয়েঽপি বিবেকজ্ঞানেন সমুচ্চয়োঽস্তীত্যাশঙ্ক্যাহ—ত্যজেতি। ব্রহ্মবিদোঽপি স্তুত্যাদিদৃষ্টেস্তেন সমুচ্চয়ো জ্ঞানস্যেত্যাশঙ্ক্যাহ—নিরাশিষমিতি। কাম্যানুষ্ঠানমনারম্ভঃ। অক্ষীণত্বং নিষিদ্ধানাচরণম্। ক্ষীণকর্ম্মত্বং নিত্যাদিকর্ম্মরাহিত্যম্। অসমুচ্চয়ে বাক্যান্তরমাহ—নৈতাদিনা। একতা নিরপেক্ষতা সর্ব্বোদাসীনতেতি যাবৎ। সমতা মিত্রোদাসীনশত্রুবুদ্ধিব্যতিরেকেণ সর্ব্বত্র স্বাত্মনীব দৃষ্টিঃ। দণ্ডনিধানমহিংসাপরত্বম্।

"অর্থস্য মূলং নিকৃতিঃ ক্ষমা চ কামস্য বিত্তং চ বপুর্ব্বয়শ্চ।
ধর্ম্মস্য যাগাদি দয়া দমশ্চ মোক্ষস্য সর্ব্বোপরমঃ ক্রিয়াভ্যঃ॥"

ইত্যাদি চতুর্বিধে পুরুষার্থে সাধনভেদোপদেশি বাক্যমাদিশব্দার্থঃ। ইত্যাদি স্মৃতিভ্যশ্চ ন পুণ্যাদিসমুচ্চয়কারিণো গ্রহণমিতি সম্বন্ধঃ। ৩

উপপত্তিশ্চাস্তি চ ইহাপি তু, "এষ নিত্যো মহিমা ব্রাহ্মণস্য ন বর্দ্ধতে কর্ম্মণা নো কনীয়ান্" ইতি কর্ম্মপ্রয়োজনাভাবে হেতুমুক্ত্বা, "তস্মাদেবংবিৎ শান্তো দান্তঃ" ইত্যাদিনা সর্ব্বক্রিয়োপরমং দর্শয়তি। তস্মাৎ যথাব্যাখ্যাতমেব পুণ্যকৃত্ত্বম্,

যো ব্রহ্মবিৎ তেনৈতি স পুণ্যকৃৎ তৈজসশ্চেতি ব্রহ্মবিৎ-স্তুতিরেষা। পুণ্যকৃতি তৈজসে চ যোগিনি মহাভাগ্যং প্রসিদ্ধং লোকে, তাভ্যাম্ অতো ব্রহ্মবিৎ স্তূয়তে প্রখ্যাতমহাভাগ্যত্বাল্লোকে ॥ ২৯৯ ॥ ৯ ॥

তথাপি প্রকৃতে মন্ত্রে সমুচ্চয়ো ভাতীত্যাশঙ্ক্যাহ– উপদেক্ষ্যতীতি। বাক্যশেষাদি-পর্যালোচনাসিদ্ধমর্থমুপসংহরতি—তস্মাদিতি। পূর্বঃ পুণ্যকৃদ্ ভূত্বা পুনস্তত্ত্বজ্ঞানেন ব্রহ্ম-বিত্ত্বেনৈতীতি ক্রমো ন যুজ্যতে, অশ্রুতত্বাদিত্যাশঙ্ক্যাহ—অথবেতি। স্তুতিমেবোপপাদয়তি—পুণ্যকৃদিতি। তেজাংসি করণান্যুপসংহৃত্য স্থিতস্তৈজসো দহরাদ্যুপাসীনো যোগী, তস্মিন্ অণিমাদ্যৈশ্বর্যাৎ মহানুভাবত্বপ্রসিদ্ধিঃ। তাভ্যাং পুণ্যকৃৎ-তৈজসাভ্যামিত্যর্থঃ। অতঃ-শব্দ-স্বার্থং স্ফুটয়তি—প্রখ্যাতেতি। পুণ্যকৃত্তৈজসয়োরিতি শেষঃ ॥ ২৯৯ ॥ ৯ ॥

ভাষ্যানুবাদ।—সেই মোক্ষের সাধনপথ সম্বন্ধে মুমুক্ষুগণের বিভিন্ন-প্রকার মতভেদ [দেখিতে পাওয়া যায়]। কি প্রকার? কোন কোন মুমুক্ষু সেই পথে শুক্ল অর্থাৎ বিশুদ্ধ নির্মল রূপ বর্ণনা করিয়া থাকেন; অন্যে নীল বর্ণ বলেন, অপরে পিঙ্গলবর্ণ, কেহ বা হরিত (সবুজ), কেহ বা লোহিতবর্ণ (১), সকলেই নিজ নিজ জ্ঞানানুসারে বর্ণনা করিয়া থাকেন। প্রকৃতপক্ষে কিন্তু এ সমস্তই শ্লেষ্মাদিপূর্ণ সুষুম্নাদি নাড়ীসমূহ; কেননা, এখানে যেমন শুক্ল নীল ও পিঙ্গলাদি বর্ণের উল্লেখ রহিয়াছে; [সুষুম্না প্রভৃতিরও ঐরূপ বর্ণ প্রসিদ্ধ আছে]। কেহ কেহ মনে করেন যে, এই প্রকার বর্ণযুক্ত আদিত্যই মোক্ষমার্গ; কারণ, অন্য শ্রুতিতে আছে—'ইনিই শুক্ল, ইনিই নীল' ইত্যাদি। বিশেষতঃ জ্ঞানরূপ পথে শুক্লাদি বর্ণসম্বন্ধ থাকা একান্তই অসম্ভব। ফল কথা, সকল মতেই শুক্লাদি পথগুলি যে, মোক্ষমার্গ হইতে স্বতন্ত্র, তদ্বিষয়ে কোন সন্দেহ নাই। ১

ভাল, জিজ্ঞাসা করি; অদ্বৈতপথও (মোক্ষমার্গও ত) শুক্লই—শুদ্ধই বটে; [তবে আর অন্য প্রকার অর্থ করিবার প্রয়োজন কি?] না, বর্ণবাচক নীল পীত প্রভৃতি শব্দের সহিত একত্র পঠিত থাকায় সে কথা বলিতে পারা যায় না। যোগি-গণ শুক্লাদি বর্ণবিশিষ্ট যে সমস্ত মোক্ষপথের কথা বলিয়া থাকেন, প্রকৃতপক্ষে সেগুলি যথার্থ মোক্ষপথ নহে; সে সমস্ত পথ সংসারাধিকারেই অবস্থিত; কারণ, 'চক্ষু হইতে, অথবা মস্তক (ব্রহ্মরন্ধ্র) হইতে, কিংবা শরীরের অন্যান্য প্রদেশ হইতে [বহির্গত হয়'], এই শ্রুতিতেও সাংসারিক গতির পক্ষেই শরীরের অংশবিশেষ

(১) তাৎপর্য্য—আনন্দগিরি বলিয়াছেন—পিঙ্গল অর্থ অগ্নিশিখার তুল্য বর্ণ, আর লোহিত অর্থ—জবাফুলের মত বর্ণ। কিন্তু অভিধান অনুসারে বুঝা যায় যে, পিঙ্গল অর্থ নীল ও পীতমিশ্রিত বর্ণ।

হইতে নির্গমনের কথা রহিয়াছে ; সুতরাং এসমস্ত পথ ব্রহ্মলোকাদি প্রাপ্তিরই উপায়, (মোক্ষ প্রাপ্তির নহে)। অতএব ইহাই প্রকৃত মোক্ষপথ, যাহা মুমুক্ষুর আত্মবিষয়ক কামনা দ্বারা আপ্ত-কামত্ব নিবন্ধন কামনা ক্ষয় হইলে পর, প্রদীপ-নির্ব্বাণের ন্যায় চক্ষুঃপ্রভৃতি ইন্দ্রিয়নিচয় এখানেই বিলীন হইয়া যায় ; এই জ্ঞান-মার্গই সেই মোক্ষ পথ ; এই পথটী ব্রহ্মকর্ত্তৃক অর্থাৎ সর্ব্বকামনাবিনির্ম্মুক্ত পরমাত্ম-স্বরূপে অবস্থিত ব্রাহ্মণকর্ত্তৃক অনুবিত্ত—সম্পূর্ণরূপে অনুভূত ; অন্য ব্রহ্মবিদ্ পুরুষও সেই ব্রহ্মবিদ্যা-পথে গমন করিয়া থাকেন। ২

কি প্রকার ব্রহ্মবিৎ পুরুষ সেই পথে গমন করেন, তাহা বলা হইতেছে—যিনি প্রথমে পুণ্যকর্ম্ম করিয়া এবং পুত্রবিত্তাদি বিষয়ে কামনা ত্যাগ করিয়া পরমাত্মতেজে অর্থাৎ স্বপ্রকাশ পরমাত্মাতে আত্মসংযোগ করত সেই পরমাত্ম-তেজঃস্বরূপে পরিনিষ্পন্ন তৈজসত্ব লাভ করিয়াছেন, অর্থাৎ ইহ লোকেই আত্মস্বরূপ হইয়াছেন, এবংবিধ ব্রহ্মজ্ঞ পুরুষ সেই পথে গমন করেন। এখানে 'পুণ্যকৃৎ' শব্দে জ্ঞান ও পুণ্যাদির সমুচ্চয়কারীর গ্রহণ নহে, অর্থাৎ একসঙ্গে জ্ঞান-কর্ম্মের অনুষ্ঠাতা বুঝিতে হইবে না। জ্ঞান ও কর্ম্ম যে, পরস্পর বিরুদ্ধস্বভাব, এ কথা আমরা পূর্ব্বেই বলিয়াছি। বিশেষতঃ স্মৃতিশাস্ত্রে আছে—'পাপ ও পুণ্যের নিবৃত্তি হইলে পর, পুনর্জ্জন্মের ভয় হইতে বিমুক্ত—অতএব শান্ত—নিরুদ্বিগ্নচিত্ত সন্ন্যাসি-গণ যাহাকে লাভ করিয়া থাকেন, সেই স্বভাবমুক্ত আত্মাকে নমস্কার করি'। তাহার পর, 'ধর্ম্ম ও অধর্ম্ম ত্যাগ কর' ইত্যাদি ধর্ম্মাধর্ম্মত্যাগের উপদেশ হেতু, এবং 'যিনি কোন বিষয়ের আকাঙ্ক্ষা করেন না, তন্নিমিত্ত কোন কর্ম্মও করেন না, নমস্কার ও স্তুতিরহিত, নিজে অক্ষীণ (অনিষিদ্ধকর্ম্মা) ও ক্ষীণকর্ম্মা (কর্ম্ম যাহার ক্ষয় পাইয়াছে), দেবতাগণ তাহাকে ব্রাহ্মণ (ব্রহ্মনিষ্ঠ) বলিয়া জানেন'। 'ব্রহ্মনিষ্ঠ ব্যক্তির পক্ষে, একতা (এক্কাত্মৈকত্ব), সমতা, সত্যতা, শীল (স্বাধ্যপক্ষে স্থিতি), দণ্ডগ্রহণ, সরলতা, এবং কর্ম্ম হইতে বিরত থাকা, ইহার তুল্য আর কোন সম্পদ্ নাই।' ইত্যাদি স্মৃতি বচন হইতেও জ্ঞান ও কর্ম্মের সমুচ্চয় সিদ্ধ হইতেছে না। ৩

এখানেও উপদেশ করিবেন 'ব্রহ্মনিষ্ঠ ব্যক্তির ইহা নিত্য মহিমা, কর্ম্ম দ্বারা ইহার কোনও ক্ষতি বৃদ্ধি হয় না' এইরূপে কর্ম্মানুষ্ঠানের অনাবশ্যকতার হেতু জ্ঞাপন করিয়া 'অতএব এবংবিধ জ্ঞানসম্পন্ন (ব্রহ্মজ্ঞ) পুরুষ শান্ত ও দান্ত (ইন্দ্রিয়সংযমী) হইয়া' ইত্যাদি বাক্যে সর্ব্বক্রিয়া হইতে নিবৃত্তির উপদেশ করিবেন। অতএব 'পুণ্যকৃৎ' শব্দের ব্যাখ্যা আমরা যেরূপ করিয়াছি, সেইরূপ

ব্যাখ্যাই সমীচীন। অথবা, ইহা কেবল ব্রহ্মবিৎ পুরুষের স্তুতিমাত্র—যে ব্রহ্মবিৎ সেই পথে গমন করেন, তিনিই পুণ্যকৃৎ এবং তৈজস; কারণ, পুণ্যকর্ম্মা ও তৈজস যোগী পুরুষ যে, মহাসৌভাগ্য-সম্পন্ন, তাহা জগতে সুপ্রসিদ্ধ। যেহেতু ব্রহ্মজ্ঞ ব্যক্তি মহাভাগ্যবান্ বলিয়া জগতে প্রসিদ্ধ, সেই হেতুই ঐ 'পুণ্যকৃৎ' ও 'তৈজস' শব্দে তাহাদের প্রশংসা কীর্ত্তন করা হইতেছে॥২৯৯॥৯॥

অন্ধং তমঃ প্রবিশন্তি যেঽবিদ্যামুপাসতে, ততো ভূয় ইব তে তমো য উ বিদ্যায়াꣳরতাঃ॥ ৩০০ ॥ ১০ ॥

সরলার্থঃ।—যে অবিদ্যাং (বিদ্যাভিন্নাং জ্ঞানরহিতাং ক্রিয়াং (কর্ম্ম) ইত্যর্থঃ) উপাসতে, [তে] অন্ধং তমঃ (সংসারপ্রাপ্তিহেতুং অজ্ঞানং) প্রবিশন্তি; যে (অজ্ঞাঃ) উ (পুনঃ) বিদ্যায়াং (কর্ম্মমাত্রাববোধিকায়াং বেদবিদ্যায়াং) রতাঃ (উপনিষদুক্তাত্ম-তত্ত্ববিমুখাঃ), [তে] ততঃ (তস্মাৎ—অন্ধতমসোঽপি) ভূয়ঃ (অধিকম্) ইব তমঃ (অজ্ঞানং) [প্রবিশন্তি]॥ ৩০০ ॥ ১০ ॥

মূলানুবাদ।—যাহারা অবিদ্যার উপাসনা করে, অর্থাৎ জ্ঞানরহিত কর্ম্মানুষ্ঠান করে, তাহারা অন্ধতমে—সংসারপ্রাপ্তির কারণীভূত অজ্ঞানে প্রবেশ করে; আর যাহারা বিদ্যাতে—কেবল কর্ম্মপ্রতিপাদক বেদবিদ্যায় নিরত থাকে, [উপনিষদুক্ত অর্থ জানে না], তাহারা তদপেক্ষাও অধিকতর অজ্ঞানে প্রবেশ করে॥ ৩০০ ॥ ১০ ॥

শাঙ্করভাষ্যম্।—অন্ধমদর্শনাত্মকং তমঃ সংসারনিয়ামকং প্রবিশন্তি প্রতিপদ্যন্তে; কে? যে অবিদ্যাং বিদ্যাতোঽন্যাং সাধ্যসাধনলক্ষণামুপাসতে—অনুবর্ত্তন্ত ইত্যর্থঃ। ততস্তস্মাদপি ভূয়ইব বহুতরমিব তমঃ প্রবিশন্তি; কে? যে উ বিদ্যায়াম্ অবিদ্যাবস্তুপ্রতিপাদিকায়াং কর্ম্মার্থায়াং ত্রয্যামেব বিদ্যায়াং রতাঃ অভিরতাঃ,—বিধিপ্রতিষেধপর এব বেদঃ, নান্যোঽস্তীত্যুপনিষদর্থানপেক্ষিণ-ইত্যর্থঃ॥ ৩০০ ॥ ১০ ॥

টীকা। প্রকৃতজ্ঞানমার্গস্তুত্যর্থং মার্গান্তরং নিন্দতি—অন্ধমিত্যাদিনা। বিদ্যায়ামিতি প্রত্যাকঙ্খাদার ব্যাকরোতি—অবিদ্যেতি। কথং পুনস্ত্রয্যামভিরতানামধঃপতনমিত্যাশঙ্ক্যাহ—বিধীতি॥ ৩০০ ॥ ১০ ॥

ভাষ্যানুবাদ।—অন্ধ অর্থ—অদর্শন, অর্থাৎ আত্মদর্শনের অভাব, সেই অদর্শনাত্মক তমে—জন্মমরণাত্মক সংসারপ্রাপ্তি যাহার অবশ্যম্ভাবী ফল, সেই অজ্ঞানান্ধকারে প্রবেশ করে অর্থাৎ তাহা প্রাপ্ত হয়। কাহারা [প্রাপ্ত হয়]?

না, যাহারা অবিদ্যার—বিদ্যাভিন্নের—সাধ্য, সাধন ও ফলাত্মক অবিদ্যার উপাসনা করেন, অর্থাৎ কেবলই কর্ম্মের অনুসরণ করেন। তদপেক্ষাও অধিকতর অন্ধতমেই যেন প্রবেশ করেন; কাহারা? যাহারা বিদ্যায়—অবিদ্যাত্মক কাম্যবস্তুপ্রাপক কর্ম্মোপদেশক বেদবিদ্যায়ই কেবল রত—সম্পূর্ণরূপে নিবিষ্ট থাকেন; অর্থাৎ যাহারা মনে করেন—বিধিনিষেধ-প্রতিপাদক বেদই প্রকৃত বেদ, তদতিরিক্ত কোন বেদভাগ নাই, এইরূপ মনে করিয়া উপনিষদের উপদিষ্ট বিষয়ে উপেক্ষা প্রকাশ করেন, (তাহারা) ॥ ৩০০ ॥ ১০ ॥

অনন্দা নাম তে লোকা অন্ধেন তমসাবৃতাঃ, তাংস্তে প্রেত্যাভিগচ্ছন্ত্যবিদ্বাংসোঽবুধো জনাঃ ॥ ৩০১ ॥ ১১ ॥

সরলার্থঃ।—যে জনাঃ (প্রাকৃতাঃ জন্মমরণশীলাঃ) অবিদ্বাংসঃ অবুধঃ (অবোধাঃ আত্মবোধবর্জ্জিতাঃ), তে প্রেত্য (মৃত্বা) অন্ধেন (অদর্শনাত্মকেন) তমসা আবৃতাঃ (ব্যাপ্তাঃ) যে (প্রসিদ্ধাঃ) অনন্দাঃ (নিরানন্দাঃ) নাম লোকাঃ [যে সন্তি], তান্ (লোকান্) অভিগচ্ছন্তি (সম্যক্ প্রাপ্নুবন্তি) ॥৩০১॥১১॥

মূলানুবাদ।—যে সমুদয় লোক অবিদ্বান্ ও আত্মবোধ-বিবর্জ্জিত, তাহারা মৃত্যুর পর—অদর্শনাত্মক অন্ধকারে আবৃত সেই যে, 'অনন্দ' (আনন্দহীন) স্থান, সেই স্থানে গমন করিয়া থাকে ॥ ৩০১ ॥ ১১ ॥

শাঙ্করভাষ্যম্।—যদি তে অদর্শনলক্ষণং তমঃ প্রবিশন্তি, কো দোষঃ, ইত্যুচ্যতে—অনন্দাঃ অনানন্দাঃ অসুখা নাম তে লোকাঃ, তেনান্ধেনাদর্শন-লক্ষণেন তমসা আবৃতাঃ ব্যাপ্তাঃ, তে তস্যাজ্ঞানতমসো গোচরাঃ, তান্ তে প্রেত্য মৃত্বা অভিগচ্ছন্তি অভিযান্তি; কে? যে অবিদ্বাংসঃ। কিং সামান্যেনাবি-দ্বত্তামাত্রেণ? নেত্যুচ্যতে—অবুধঃ, বুধেরবগমনার্থস্য ধাতোঃ কিপ্-প্রত্যয়ান্তস্য রূপম্, আত্মাবগমবর্জ্জিতা ইত্যর্থঃ। জনাঃ প্রাকৃতা এব জননধর্ম্মাণো বা ইত্যেতৎ ॥৩০১॥১১॥

টীকা। মন্ত্রান্তরমাকাঙ্ক্ষাদ্বারোত্থাপ্য ব্যাচষ্টে—যদীত্যাদিনা। অবুধ ইত্যস্য নিষ্পত্তিং সূচয়ন্ বিবক্ষিতমর্থমাহ—বুধেরিতি। ৩০১ ॥ ১১ ॥

ভাষ্যানুবাদ।—ভাল, তাহারা যদি অদর্শনাত্মক তমেই প্রবেশ করে, তাহাতেই বা দোষ কি? তদুত্তরে বলিতেছেন—অনন্দ অর্থাৎ আনন্দরহিত—অসুখাত্মক কতগুলি প্রসিদ্ধ লোক আছে, সেই স্থানগুলি অদর্শনাত্মক অন্ধতমে

আবৃত অর্থাৎ ব্যাপ্ত, সেই স্থানগুলি অজ্ঞানান্ধকারেরই অধিকারভুক্ত; মৃত্যুর পর তাহারা সেই সমস্ত স্থানে গমন করিয়া থাকে। কাহারা? না, যাহারা অবিদ্বান্; সাধারণতঃ অবিদ্বান্ হইলেই কি গমন করে? না—তাহা নহে; এই জন্য বলিলেন—'অবুধঃ'; এইটী—অবগত্যর্থক 'বুধ্' ধাতুর ক্বিপ্ প্রত্যয়ান্ত রূপ; সুতরাং 'অবুধঃ' অর্থ—যাহারা আত্মার তত্ত্ব অবগত নহে। 'জনাঃ' অর্থ—সাধারণ লোকসকল, অথবা কেবল জন্মমরণশীল লোকসকল ॥৩০১॥১১॥

আত্মানং চেদ্বিজানীয়াদয়মস্মীতি পূরুষঃ।

কিমিচ্ছন্ কস্য কামায় শরীরমনু সংজ্বরেৎ ॥ ৩০২ ॥ ১২ ॥

সরলার্থঃ।—পুরুষঃ (সঃ কোঽপি জীবঃ) চেৎ (যদি), আত্মানম্ 'অয়ম্ অস্মি' (নিত্য-শুদ্ধবুদ্ধঃ যঃ পর আত্মা, সঃ অহং ভবামি) ইতি (ইত্থং) বিজানীয়াৎ (বিশেষেণ প্রত্যয়াৎ), (তদা সঃ) কিম্ ইচ্ছন্ (স্বরূপাতিরিক্ত বস্ত্বভাবাৎ কিং কাময়ন্), কস্য (আত্মব্যতিরিক্তস্য বা) কামায় (প্রয়োজনায়) শরীরম্ অনু সংজ্বরেৎ (জ্বরং শরীরং লক্ষীকৃত্য জন্য পীড়াং অনুভবেৎ)? (শরীরে আত্মাধ্যাসো হি দুঃখাদিনিমিত্তম্, স চেৎ আত্মজ্ঞানেন অপনীয়তে, তদা কারণাভাবাৎ শরীরং জ্বরাদিকমপি আত্মনি পুনর্ন অনুভূয়ত ইতি ভাবঃ) ॥৩০২॥১২॥

মূলানুবাদ।—পুরুষ অর্থাৎ জীব যদি বুঝিতে পারে যে,—'আমি এতৎস্বরূপ, অর্থাৎ সর্ব্বসংসারধর্ম্মাতীত পরমাত্মস্বরূপ', তাহা হইলে, সেই পুরুষ কিসের ইচ্ছায় বা কাহার কামনায় (প্রয়োজনে) শরীরের সঙ্গেসঙ্গে জ্বর—দুঃখ অনুভব করিবে? অর্থাৎ জীবের যে, দুঃখ হয়, তাহার কারণ—আপনার স্বরূপ না জানা এবং শরীরে আত্মাভিমান স্থাপন করা, সেই দুইটী কারণেরই অভাব হইলে আত্মার যে, ইচ্ছা, কামনা ও শরীরানুগত দুঃখসম্বন্ধ, এ সমস্তই নিবৃত্ত হইয়া যায় ॥ ৩০২ ॥ ১২ ॥

শাঙ্করভাষ্যম্।—আত্মানং স্বং পরং সর্ব্বপ্রাণিমনোবিতজ্ঞং হৃৎস্থ-মশনায়াদিধর্ম্মাতীতং চেৎ যদি বিজানীয়াৎ—সহস্রেষু কশ্চিৎ চেৎ-ইত্যাত্মবিদ্যায়া দুর্ল্লভত্বং দর্শয়তি। কথম্? অয়ং পর আত্মা সর্ব্বপ্রাণিপ্রত্যয়সাক্ষী, যো নেতি নেত্যাদ্যুক্তঃ, যস্মাৎ নান্যোঽস্তি দ্রষ্টা শ্রোতা মন্তা বিজ্ঞাতা, সমঃ সর্ব্বভূতস্থো নিত্যশুদ্ধ-বুদ্ধ-মুক্তস্বভাবঃ—অস্মি ভবামীতি, পূরুষঃ পুরুষঃ।

সঃ কিমিচ্ছন্ তৎস্বরূপব্যতিরিক্তমন্যদ্বস্তু ফলভূতং কিমিচ্ছন্, কস্য বা অন্যস্য আত্মনো ব্যতিরিক্তস্য কামায় প্রয়োজনায় ; ন হি তস্যাত্মন এষ্টব্যং ফলম্, ন চাপি আত্মনোঽন্যঃ অস্তি, যস্য কামায় ইচ্ছতি, সর্বস্যাত্মভূতত্বাৎ ; অতঃ কিমিচ্ছন্ কস্য বা কামায় শরীরমনু সংজ্বরেৎ ভ্রংশেৎ—শরীরোপাধিকৃতদুঃখম্ অনু দুঃখী স্যাৎ, শরীরতাপম্ অনু তপ্যেত। অনাত্মদর্শিনো হি তদ্ব্যতিরিক্তবস্ত্বন্তরেপ্সোঃ 'মমেদং স্যাৎ, পুত্রস্যেদম্, ভার্যায়া ইদম্' ইত্যেবমীহমানঃ পুনঃ পুনর্জননমরণপ্রবন্ধারূঢ়ঃ শরীররোগমনু রুজ্যতে ; সর্বাত্মদর্শিনস্তু তদসম্ভব ইত্যেতদাহ ॥৩০২॥১২॥

টীকা। উক্তাত্মজ্ঞানস্য তার্থমেব তন্নিষ্ঠস্য কায়ক্লেশরাহিত্যং দর্শয়তি—আত্মানমিত্যাদিনা। বিজ্ঞানাত্মনো বৈলক্ষণ্যার্থং বিশিনষ্টি—সর্বেতি। তটস্থং ব্যাবর্তয়তি—হৃৎস্থমিতি। বুদ্ধিসম্বন্ধপ্রাপ্তং সংসারিত্বং বারয়তি—অশনায়াদীতি। প্রশ্নপূর্বকং জ্ঞানপ্রকারং প্রকটয়তি—কথমিত্যাদিনা। সর্বভূতসম্বন্ধপ্রযুক্তং দোষং বারয়িতুং বিশিনষ্টি—নিত্যেতি। ইতি বিজানীয়াদিতি সম্বন্ধঃ। প্রয়োজনায় শরীরমনুসংজ্বরেদিতি সম্বন্ধঃ। কিমিচ্ছন্নিত্যাক্ষেপং সমর্থয়তে—ন হীতি। কস্য বা কামায়েত্যাক্ষেপমুপপাদয়তি—ন চেতি। আক্ষেপদ্বয়ং নিগময়তি—অত ইতি। তদেব স্পষ্টয়তি—শরীরেতি। বিদুষস্তাপাভাবং ব্যতিরেকমুখেন বিশদয়তি—অনাত্মেতি। বস্ত্বন্তরেপ্সোস্তাপসম্ভব ইতি শেষঃ। স চেত্যধ্যাহৃত্য মমেদমিত্যাদি যোজ্যম্। ইত্যেতদাহ কিমিচ্ছন্নিত্যাদ্যা শ্রুতিরিতি শেষঃ ॥ ৩০২ ॥ ১২ ॥

ভাষ্যানুবাদ।—সর্বপ্রাণীর হৃদয়জ্ঞ ও হৃদয়স্থ এবং ক্ষুধাপিপাসাদি সংসার-ধর্মের অতীত স্বস্বরূপ পরমাত্মাকে যদি সহস্রের মধ্যে একজনও জানিতে পারে ; এখানে 'যদি' (চেৎ) বলার অভিপ্রায় এই যে, আত্মজ্ঞান অতীব দুর্লভ। কি প্রকারে [জানে]? এই যে, সর্বপ্রাণীর অনুভূতির সাক্ষিস্বরূপ পরমাত্মা, যিনি 'নেতি নেতি' বলিয়া উক্ত হইয়াছেন, যাহার অতিরিক্ত আর দ্রষ্টা, শ্রোতা, মননকর্তা বা বিজ্ঞাতা কেহ নাই, এবং যিনি বৈষম্যবর্জিত ও সর্বভূতস্থ নিত্য শুদ্ধ ও মুক্তস্বভাব, আমি হইতেছি তৎস্বরূপ, [-এই প্রকারে জানে]।

সেই পুরুষ কিসের ইচ্ছায়—ইচ্ছার ফলস্বরূপ স্বব্যতিরিক্ত কোন বস্তু ইচ্ছা করিয়া, কাহারই বা কামনায় অর্থাৎ আত্মাতিরিক্ত অন্য কাহারও প্রয়োজনে—? কেননা, তাহার নিজের ত প্রার্থনীয় কোন ফল নাই, অথচ আত্মার অতিরিক্তও অন্য কেহ নাই, যাহার প্রয়োজনে ইচ্ছা করিবে ; সে তখন সকলের আত্মস্বরূপ হইয়াছে ; অতএব কাহার প্রয়োজনে, কিসের ইচ্ছায় শরীরের অনুগত হইয়া সম্যক্ জ্বরভাগী হইবে—স্বরূপভ্রষ্ট হইবে ?—শরীররূপ উপাধিজনিত দুঃখ লক্ষ্য

করিয়া দুঃখিত হইবে, অর্থাৎ শরীরগত সন্তাপের অনুগত হইয়া—সন্তাপ অনুভব করিবে? অনাত্মদর্শী পুরুষই আপনার অতিরিক্ত বস্তু পাইতে অভিলাষী হয়; সুতরাং [তাহারই সন্তাপ সম্ভব হয়]; [এবং সেই পুরুষই] 'আমার ইহা হউক, পুত্রের অমুক হউক, স্ত্রীর অমুক হউক' এইরূপ কামনার বশীভূত হইয়া এবং বারংবার জন্ম-মরণপ্রবাহে পতিত হইয়া, শরীরগত রোগের অনুসরণ করিয়া—তাপ অনুভব করিয়া থাকে; কিন্তু যিনি সর্ব্বত্র আত্মভাব দর্শন করিয়া থাকেন, তাহার পক্ষে ঐরূপ সন্তাপ ভোগ করা কখনই সম্ভবপর হয় না ॥৩০২॥১২॥

যস্যানুবিত্তঃ প্রতিবুদ্ধ আত্মাঽস্মিন্ সন্দেহ্যে গহনে প্রবিষ্টঃ। স বিশ্বকৃৎ স হি সর্ব্বস্য কর্ত্তা, তস্য লোকঃ স উ লোক এব ॥ ৩০৩ ॥ ১৩ ॥

সরলার্থঃ।—গহনে (অনেকানর্থসংকুলে) অস্মিন্ সন্দেহ্যে (সন্দেহাস্পদে শরীরে) প্রবিষ্টঃ (শরীরাধ্যক্ষরূপেণ স্থিতঃ) আত্মা যস্য (যেন ব্রহ্মবিদা) অনুবিত্তঃ (প্রাক্ পরোক্ষতয়া অনুভূতঃ), প্রতিবুদ্ধঃ (অহমস্মি পরং ব্রহ্ম' ইত্যেবং সাক্ষাৎকৃতঃ), সঃ (আত্মজ্ঞঃ) বিশ্বকৃৎ (বিশ্বস্য জগতঃ কর্ত্তা); হি (যতঃ) সঃ (আত্মজ্ঞঃ) সর্ব্বস্য (জগতঃ) কর্ত্তা (উৎপাদকঃ), [ন কেবলং বিশ্বকর্ত্তৃত্বমেব তস্য, অপিতু] লোকঃ (সর্ব্ব আত্মা) তস্য, সঃ উ (অপি) লোক এব (লোকাত্মক এব, ন ততোঽতিরিক্তঃ কশ্চিৎ লোকোঽস্তীতি ভাবঃ) ॥৩০৩॥১৩॥

মূলানুবাদ।—অনেক অনর্থসংকুল এবং বহুবিধ সন্দেহাস্পদ এই দেহমধ্যে প্রবিষ্ট এই আত্মা যাহার পরিজ্ঞাত এবং 'আমিই সেই পরমাত্মা' ইত্যাকারে প্রত্যক্ষীকৃত হয়, তিনি বিশ্বকর্ত্তা; [কারণ?] যেহেতু তিনি সকলেরই কর্ত্তা বা উৎপাদক; [শুধু তাহাই নহে,] সমস্ত লোক অর্থাৎ সমস্ত আত্মাই তাহার, এবং তিনিও সমস্ত লোক বা সর্ব্বাত্মস্বরূপ ॥ ৩০৩ ॥ ১৩ ॥

শাঙ্করভাষ্যম্—কিঞ্চ, যস্য ব্রাহ্মণস্য অনুবিত্তঃ অনুলব্ধঃ, প্রতিবুদ্ধঃ সাক্ষাৎকৃতঃ; কথম্? অহমস্মি পরং ব্রহ্মেত্যেবং প্রত্যগাত্মত্বেনাবগতঃ আত্মা অস্মিন্ সন্দেহ্যে সন্দেহে অনেকানর্থসঙ্কটোপচয়ে, গহনে বিষমে অনেকশতসহস্রবিবেকবিজ্ঞানপ্রতিপক্ষে বিষমে প্রবিষ্টঃ; স যস্য ব্রাহ্মণস্যানুবিত্তঃ প্রতিবোধেনেত্যর্থঃ। স বিশ্বকৃদ্বিশ্বস্য কর্ত্তা; কথং বিশ্বকৃত্ত্বং, তস্য কিং বিশ্বকৃদিতি

নাম ? ইত্যাশঙ্ক্যাহ—স হি যস্মাৎ সর্ব্বস্য কর্ত্তা, ন নামমাত্রম্ ; ন কেবলং বিশ্বকৃৎ পরপ্রযুক্তঃ সন্, কিন্তর্হি ? তস্য লোকঃ সর্ব্বঃ, কিমন্যো লোকোঽন্যোঽসাবিত্যুচ্যতে ;—স উ লোক এব ; লোকশব্দেন আত্মা উচ্যতে ; তস্য সর্ব্ব আত্মা, স চ সর্ব্বস্যাত্মেত্যর্থঃ। য এষ ব্রাহ্মণেন প্রত্যগাত্মা প্রতিবুদ্ধতয়ানুবিত্ত আত্মা অনর্থসঙ্কটে গহনে প্রবিষ্টঃ, স ন সংসারী, কিন্তু পর এব ; যস্মাদ্বিশ্বস্য কর্ত্তা সর্ব্বস্য আত্মা, তস্য চ সর্ব্ব আত্মা। এক এবাদ্বিতীয়ঃ পর এবাস্মীত্যনুসন্ধাতব্য ইতি শ্লোকার্থঃ ॥৩০৩॥১৩॥

টীকা। ন কেবলমাত্মবিজ্ঞানিকস্য কায়ক্লেশরাহিত্যং, কিন্তু কৃতকৃত্যতা চাস্তীত্যাহ—কিঞ্চেতি। সন্দেহে পৃথিব্যাদিভির্ভূতৈরুপচিতে শরীরে। সন্দেহস্য গাধত্বং—অনেকেতি। বিষমত্বং বিশদয়তি—অনেকশতেতি। ন নামমাত্রমিত্যত্র পূর্ব্বস্মাৎ নঞঃ, তস্মাদিতি পঠিতব্যং, যস্মাদিত্যুপক্রমাৎ ; বিশ্বকৃত্বমিতি শেষঃ। পরশব্দো বিজ্ঞাবিষয়ঃ। বিশ্বকৃৎ কৃতকৃত্য ইত্যেতৎ। লোকলোকিবিভাগেন ভেদং শঙ্কিত্বা দূষয়তি—কিমিত্যাদিনা। যস্তেত্যাদিশ্রুতেস্তাৎপর্য্যার্থং সংগৃহ্নাতি—য এষ ইতি। অস্ত্বেবং, কিং তাবতেত্যাশঙ্ক্যাহ—এক এবেতি। যো হি পরঃ সর্ব্বপ্রকারভেদরাহিত্যাৎ পূর্ণতয়া বর্ত্ততে, স এবাস্মীত্যাত্মানুসন্ধাতব্য ইতি যোজনা ॥ ৩০৩ ॥ ১৩॥

ভাষ্যানুবাদ।—[আত্ম-বিজ্ঞানবিৎ পুরুষের যে, কেবল কায়ক্লেশই নিবৃত্ত হয়, তাহা নহে, পরন্তু কৃতার্থতাও হয় ; এই অভিপ্রায়ে বলিতেছেন—] অপিচ, ব্রহ্মনিষ্ঠ পুরুষ গহন—বিষম অর্থাৎ বিবেকজ্ঞানের বহু-শতসহস্র প্রতিকূলভাবাপন্ন এই সন্দেহে—বিবিধ অনর্থরাশিতে পরিপূর্ণ এই দেহে প্রবিষ্ট (শরীরাধিপতিরূপে অবস্থিত) এই আত্মাকে উপলব্ধ করিয়াছেন, এবং প্রতিবোধগোচর অর্থাৎ সাক্ষাৎকার করিয়াছেন ; কি প্রকারে ? না, 'আমিই সেই পর ব্রহ্ম' এইরূপে প্রত্যক্ষ করিয়াছেন ; তিনি বিশ্বকৃৎ—জগতের কর্ত্তা ; কিরূপে তাঁহার বিশ্বকর্তৃত্ব ? তাহার নামই কি 'বিশ্বকৃৎ' ? এই আশঙ্কায় বলিতেছেন—[না—ইহা তাহার নাম নহে ;] যেহেতু তিনি সকলের কর্ত্তা ; তিনি যে, অন্যের আদেশ মতে বিশ্বকৃৎ হন, তাহা নহে ; তবে কি না, সমস্ত লোকই (আত্মাই) তাহার। ভাল, তবে কি তিনি ও অন্য লোক পরস্পর ভিন্ন ? তদুত্তরে বলিতেছেন—তিনিও লোকস্বরূপই বটে। এখানে 'লোক' শব্দে আত্মাকে বুঝাইতেছে ; সকলে তাহার আত্মা, এবং তিনিও সকলের আত্মা।

এই যে আত্মা, ব্রহ্মনিষ্ঠকর্তৃক প্রতিবোধ বা বিবেকজ্ঞানের বিষয়ীভূত হইয়া সাক্ষাৎকৃত এবং বিবিধ অনর্থসঙ্কুল গহন দেহমধ্যে প্রবিষ্ট, সেই আত্মা প্রকৃত পক্ষে সংসারী নহে, পরন্তু পরমাত্মাই ; যেহেতু এই আত্মাই বিশ্বের কর্ত্তা ও সকলের আত্মা, এবং অপর সকলেও তাহার আত্মা। 'আমি হইতেছি এক

অদ্বিতীয় পরমাত্মস্বরূপই' এইরূপে আত্মার অনুসন্ধান করিবে, ইহাই এই শ্লোকের অভিপ্রেত অর্থ ॥৩০॥১৩॥

ইহৈব সন্তোঽথ বিদ্মস্তদ্বয়ং ন চেদবেদির্মহতী বিনষ্টিঃ।
য এতদ্বিদুরমৃতাস্তে ভবন্ত্যথেতরে দুঃখমেবাপিযন্তি ॥৩০৪॥১৪॥

সরলার্থঃ ।—ইহ (অনর্থসঙ্কুলে দেহে) এব সন্তঃ (বর্ত্তমানাঃ অপি) বয়ম্, অথ (কথঞ্চিৎ—অতিকৃচ্ছ্রেণ) তৎ (ব্রহ্ম) বিদ্মঃ (বিজ্ঞাতবন্তঃ) ; চেৎ (যদি) ন [বিদ্মঃ, তর্হি], অবেদিঃ (বেদনরহিতাঃ—ব্রহ্মানভিজ্ঞা ভবেম ইত্যর্থঃ, এক-বচনমত্র অবিবক্ষিতম্।) তৎফলঞ্চ—মহতী বিনষ্টিঃ (বিনাশঃ—জন্ম-মরণলক্ষণঃ অনুচ্ছেদঃ ভবেদিত্যর্থঃ)। যে পুনঃ (অন্যেঽপি বিবেকিনঃ) তৎ (ব্রহ্ম) বিদুঃ (বিদন্তি), তে অমৃতাঃ (বিনাশরহিতাঃ—মুক্তাঃ) ভবন্তি ; অথ (বিপক্ষে) ইতরে (অবিদ্বাংসঃ) দুঃখম্ এব অপিযন্তি (গচ্ছন্তি)। [জ্ঞানাৎ মোক্ষঃ, অজ্ঞানাচ্চ বন্ধঃ দুঃখসম্বন্ধ ইত্যাশয়ঃ] ॥৩০৪॥১৪॥

মূলানুবাদ ।—আমরা এই বিষম সঙ্কটময় দেহে থাকিয়াও কোন প্রকারে সেই ব্রহ্মতত্ত্ব উপলব্ধি করিতে পারিয়াছি ; যদি না পারিতাম, তাহা হইলে অবেদি হইতাম, অর্থাৎ তদ্বিষয়ে অজ্ঞ থাকিতাম। তাহার ফল হইত—অনন্ত কালেও জন্ম-মরণ-প্রবাহের উচ্ছেদ হইত না। আরও যাহারা তাহা (ব্রহ্মতত্ত্ব) জানিতে পারেন, তাহারাও অমরত্ব লাভ করেন ; কিন্তু তদ্ভিন্ন সকলে কেবল দুঃখই পাইয়া থাকে ॥ ৩০৪ ॥ ১৪ ॥

শাঙ্করভাষ্যম্ ।—কিঞ্চ, ইহৈবানেকানর্থসঙ্কুলে সন্তো ভবন্তোঽজ্ঞান-দীর্ঘনিদ্রামোহিতাঃ সন্তঃ কথঞ্চিদিব ব্রহ্মতত্ত্বম্ আত্মত্বেন অথ বিদ্মঃ বিজানীমঃ, তদেতদ্ব্রহ্ম প্রকৃতম্, অহো বয়ং কৃতার্থা ইত্যভিপ্রায়ঃ। যদেতদ্ব্রহ্ম বিজানীমঃ, তন্ন চেদ্বিদিতবন্তো বয়ম্—বেদনং বেদঃ, বেদোঽস্যাস্তীতি বেদী, বেদ্যেব বেদিঃ, ন বেদিঃ অবেদিঃ, ততোঽহমবেদিঃ স্যাম্। যদি অবেদিঃ স্যাম্, কো দোষঃ স্যাৎ ; মহতী অনন্তপরিমাণা জন্মমরণাদিলক্ষণা বিনষ্টির্বিনশনম্। অহো বয়মস্মান্মহতো বিনশনান্নির্ম্মুক্তাঃ, যদদ্বয়ং ব্রহ্ম বিদিতবন্ত ইত্যর্থঃ। যথা চ বয়ং ব্রহ্ম বিদিত্বা অস্মাদ্বিনশনাদ্বিপ্রমুক্তাঃ, এবং যে তদ্বিদুঃ অমৃতাস্তে ভবন্তি ; যে পুনর্নৈবং ব্রহ্ম বিদুঃ, তে ইতরে ব্রহ্মবিদ্ভ্যোঽন্যে অব্রহ্মবিদ ইত্যর্থঃ, দুঃখমেব জন্মমরণাদিলক্ষণমেব অপিযন্তি প্রতিপদ্যন্তে, ন কদাচিদপ্যবিদুষাং ততো বিনি-বৃত্তিরিত্যর্থঃ। দুঃখমেব হি তে আত্মত্বেনোপগচ্ছন্তি ॥৩০৪॥১৪॥

টীকা। ব্রহ্মবিদো বিদ্বৎ কৃতকৃত্যত্বে শ্রুতিসংপ্রতিপত্তিরেব কেবলং ন ভবতি, কিন্তু স্বানুভবসংপ্রতিপত্তিরস্তীত্যাহ—কিঞ্চেতি। অনেকানর্থসঙ্কুলে শরীরে ইতি ব্যাখ্যানম্, তদিত্যস্য ব্রহ্মতত্ত্বমিত্যাত্মার্থং স্ফুটয়তি—তদেতদিতি। ব্রহ্মজ্ঞানে কৃতার্থত্বং প্রত্যক্ষানুভবাত্মমুক্ত্বা তদভাবে দোষমাহ—যদেতদিতি। তর্হি মহতী বিনষ্টিরিতি সম্বন্ধঃ। বহুত্বং ন বিবক্ষিতং, জ্ঞানান্ মোক্ষোঽত্র বিবক্ষিত ইত্যভিপ্রেত্য বেদিরিত্যস্যার্থমাহ—বেদনমিত্যাদিনা। ন চেৎ ব্রহ্ম বিদিতবন্তো বয়ং, ততোঽহমবেদিঃ স্যামিতি যোজনা। বিদ্যাভাবে দোষমুক্ত্বা বিদ্যাফল-সিদ্ধমর্থং নিগময়তি—অহো বয়মিতি। ইতরেত্যাদিনা পূর্বার্দ্ধেনোক্তমেবার্থমুত্তরার্দ্ধেন প্রপঞ্চয়তি—যথা চেত্যাদিনা। দুঃখাদবিদুষাং বিনির্মোক্ষাভাবে হেতুমাহ—দুঃখমে-বেতি॥ ৩০৪॥ ১৪॥

ভাষ্যানুবাদ।—অপিচ, অনেক অনর্থপূর্ণ এই দেহে থাকিয়া অজ্ঞানময় দীর্ঘনিদ্রায় বিমোহিত হইয়াও, আমরা অতিকষ্টে সেই এই ব্রহ্মকে আত্মরূপে উপলব্ধি করিয়াছি; অভিপ্রায় এই যে, বড় আনন্দের বিষয় এই যে, আমরা কৃতার্থ হইয়াছি। আমরা যে ব্রহ্মতত্ত্ব উপলব্ধি করিয়াছি, তাহা যদি উপলব্ধি করিতে না পারিতাম, তাহা হইলে আমরা 'অবেদি' হইতাম। 'বেদ' অর্থ বেদন (জানা), তাহা যাহার আছে, তিনি বেদী, 'বেদী' আর 'বেদি' একই অর্থ; [স্বার্থে তদ্ধিতপ্রত্যয়], যিনি বেদি নহে, তিনি 'অবেদি'; তাহা হইলে আমি অবেদি হইতাম, অর্থাৎ অজ্ঞ থাকিতাম। ভাল, যদি 'অবেদি' হইতাম, তাহাতেই বা কি দোষ হইত? হাঁ, দোষ—মহৎ বিনাশ, অর্থাৎ অনন্ত-কালব্যাপী জন্মমরণাদিরূপ দুঃখধারা লাভ। বড়ই আনন্দের বিষয় যে, আমরা দুর্জ্ঞেয় ব্রহ্মতত্ত্ব অবগত হইয়া সেই মহা বিনাশ হইতে বিমুক্তি লাভ করিয়াছি।

আমরা যেরূপ অদ্বিতীয় ব্রহ্মতত্ত্ব অবগত হইয়া এই বিনাশ বা অনর্থ হইতে নির্মুক্ত হইয়াছি, এইরূপ আরও যাহারা এই ব্রহ্মকে জানিতে পারেন, তাহারাও অমৃতত্ব লাভ করিতে সমর্থ হইয়া থাকেন; কিন্তু যাহারা এই প্রকারে ব্রহ্মকে জানিতে পারে না, সেই জন্য তাহারা সকলে অর্থাৎ ব্রহ্মবিদ্ হইতে ভিন্ন—অব্রহ্মবিদ্ জনগণ জন্মমরণরূপ দুঃখধারাই প্রাপ্ত হইয়া থাকে; অবিদ্বান্ লোকেরা কস্মিন্ কালেও তাহা হইতে বিমুক্তি লাভ করিতে পারে না; তাহারা দুঃখকেই আত্মস্বরূপে প্রাপ্ত হইয়া থাকে॥৩০৪॥১৪॥

যদৈতমনুপশ্যত্যাত্মানং দেবমঞ্জসা।

ঈশানং ভূত-ভব্যস্য ন ততো বিজুগুপ্সতে॥ ৩০৫ ॥ ১৫ ॥

সরলার্থঃ।—যদা এতং দেবম্ (দ্যোতমানম্) ভূতভব্যস্য (অতীতানাগ

ভয়োঃ—সুতরাং বর্ত্তমানস্যাপি) ঈশানং (শাসকম্) আত্মানম্ অঞ্জসা (তত্ত্বতঃ) পশ্যতি (সাক্ষাৎ করোতি) ; ততঃ (তস্মাৎ ঈশানাৎ কৃত-প্রসাদাৎ) ন বিজুগুপ্সতে (বিশেষেণ আত্মানং ন গোপায়িতুম্ ইচ্ছতি, ঈশানাৎ স্বস্ত ভেদাভাবাদিত্যাশয়ঃ), অথবা, ততঃ (তস্মাৎ হেতোঃ) ন বিজুগুপ্সতে (কঞ্চিৎ ন নিন্দতীত্যর্থঃ) ॥৩০৫॥১৫॥

মূলানুবাদ ।—মুমুক্ষু পুরুষ যখন ভূত ভবিষ্যৎ ও বর্ত্তমান কালবর্ত্তী সমস্ত বস্তুর ঈশ্বর বা শাসনকর্ত্তা স্বপ্রকাশ এই আত্মাকে সম্পূর্ণরূপে দর্শন করিতে পারেন, তখন তিনি আর সেই সর্ব্বেশ্বর হইতে আপনাকে গোপন করিতে ইচ্ছা করেন না। অভিপ্রায় এই যে, যতকাল সেই ঈশ্বরকে পৃথক্ রূপে দেখে, ততকালই তাহার সাহায্যে আত্মরক্ষা করিতে ইচ্ছা করে, কিন্তু যে লোক তত্ত্বজ্ঞানবলে সেই ঈশান আত্মার সঙ্গে একত্ব লাভ করে, তখন তাহার পক্ষে ঐরূপে আত্মগোপন করা কখনই সম্ভবপর হয় না ; অথবা, ঐ আত্মদর্শনের ফলে, সে কাহাকেও নিন্দা করে না। নিন্দা ও গোপন উভয়ই 'গুপ্‌ধাতুর অর্থ' ॥৩০৫॥১৫॥

শাঙ্করভাষ্যম্ ।—যদা পুনঃ এতম্ আত্মানং, কথঞ্চিৎ পরমকারুণিকং কঞ্চিদাচার্য্যং প্রাপ্য ততো লব্ধপ্রসাদঃ সন্, অনু পশ্চাৎ পশ্যতি সাক্ষাৎকরোতি, স্বমাত্মানং, দেবং দ্যোতনবন্তং দাতারং বা সর্ব্বপ্রাণিকর্ম্মফলানাম্ যথাকর্ম্মানুরূপম্, অঞ্জসা সাক্ষাৎ, ঈশানং স্বামিনম্, ভূতভব্যস্য কালত্রয়স্যেত্যেতৎ। ন ততস্তস্মাদ্ ঈশানাৎ দেবাদ্ আত্মানং বিশেষেণ জুগুপ্সতে গোপায়িতুমিচ্ছতি। সর্ব্বো হি লোক ঈশ্বরাদ্‌গুপ্তিমিচ্ছতি ভেদদর্শী ; অয়ং তু একত্বদর্শী ন বিভেতি কুতশ্চন ; অতো ন তদা বিজুগুপ্সতে, যদা ঈশানং দেবম্ অঞ্জসা আত্মত্বেন পশ্যতি, ন তদা নিন্দতি বা কঞ্চিৎ, সর্ব্বমাত্মানং হি পশ্যতি, স এবং পশ্যন্ কম্ অসৌ নিন্দ্যাৎ ॥৩০৫॥১৫॥

টীকা। কিঞ্চ বিদুষো বিহিতাকরণাদিপ্রযুক্তং ভয়ং নাস্তীতি বিদ্যাং স্তোতুমেব মন্ত্রান্তরমাদায় ব্যাচষ্টে—যদা পুনরিত্যাদিনা। উক্তমর্থং ব্যতিরেকমুখেন বিশদয়তি—সর্ব্বো হীতি। জুগুপ্সায়া নিন্দাত্মেন প্রসিদ্ধত্বাৎ কথমন্যথার্থমাদায় ব্যাখ্যায়তে? রুচিভেদমপহরতীতি ক্ষাম্যাদিত্যাশঙ্ক্যাহ—যদেতি। তদেবোপপাদয়তি—সর্ব্বমিতি ॥৩০৫॥১৫॥

ভাষ্যানুবাদ ।—[মুমুক্ষু পুরুষ] যখন কোনপ্রকারে পরম কারুণিক কোনও মহাপুরুষের দর্শনলাভ করিয়া, তাঁহার অনুগ্রহভাজন হইয়া, পশ্চাৎ দেব—

স্বয়ংপ্রকাশমান বা কর্ম্মানুসারে প্রাণিগণের কর্ম্মফলদাতা ও ভূতভব্যের অর্থাৎ ত্রিকালের ঈশ্বর পূর্ব্বোক্ত এই স্বস্বরূপ আত্মাকে প্রত্যক্ষ করিতে সমর্থ হয়, তখন সেই ঈশান আত্মা হইতে আপনাকে বিশেষরূপে গোপন করিতে ইচ্ছা করে না।

সাধারণতঃ ভেদদর্শী লোকমাত্রই ভীত হইয়া ঈশ্বরের সাহায্যে আত্মরক্ষা করিতে ইচ্ছা করে; কিন্তু এই একত্বদর্শী কোথা হইতেও ভীত হয় না; এই জন্যই যখন সেই ঈশান দেবকে সম্পূর্ণরূপে আত্মভাবে প্রত্যক্ষ করিতে থাকে, তখন আর সেই ঈশান হইতে আত্মগোপন করিতে ইচ্ছা করে না বা করিতে পারে না; অথবা তখন সে কাহাকেও নিন্দা করে না; কারণ, সে তখন সকলকেই আত্মস্বরূপে দর্শন করিয়া থাকে; সুতরাং সে আর কাহাকে নিন্দা করিবে? ॥ ৩০৫ ॥ ১৫ ॥

যস্মাদর্ব্বাক্ সংবৎসরোঽহোভিঃ পরিবর্ত্ততে।

তদ্দেবা জ্যোতিষাং জ্যোতিরায়ুর্হোপাসতেঽমৃতম্ ॥৩০৬॥১৬॥

সরলার্থঃ।—সংবৎসরঃ (কালবিশেষঃ দ্বাদশ মাসাঃ, ত্রয়োদশ মাসা বা) অহোভিঃ (বৎসরাবয়বৈঃ দিবসৈঃ) যস্মাৎ (ঈশানাৎ দেবাৎ) অর্ব্বাক্ (অধস্তাৎ) পরিবর্ত্ততে (আবর্ত্ততে, যত্র সংবৎসরাদি-কালপরিচ্ছেদো নাস্তীতি ভাবঃ); দেবাঃ (প্রকাশদৃষ্টয়ঃ) জ্যোতিষাং (আদিত্যচন্দ্রাদীনাং) জ্যোতিঃ (উদ্ভাসকং) তং (তম্ ঈশানম্) আয়ুঃ [অতএব] অমৃতম্ ইতি উপাসতে (আয়ুর্গুণবিশিষ্টতয়া তৎ জ্যোতিঃ উপাসতে ইত্যাশয়ঃ) ॥ ৩০৬ ॥ ১৬ ॥

মূলানুবাদ।—সংবৎসরাত্মক কাল নিজ অবয়ব দিবারাত্রিদ্বারা যাঁহার (যে ঈশানের) অধে (নিম্নে) পরিবর্ত্তিত হয় (গমনাগমন করে); দেবগণ, আদিত্যাদি জ্যোতিঃপুঞ্জেরও জ্যোতিঃপ্রদ সেই ঈশানকে অমৃত আয়ু বলিয়া উপাসনা করিয়া থাকেন ॥ ৩০৬ ॥ ১৬ ॥

শাঙ্করভাষ্যম্।—কিঞ্চ, যস্মাৎ ঈশানাৎ অর্ব্বাক্, যস্মাদন্যবিষয় এবে ত্যর্থঃ, সম্বৎসরঃ কালাত্মা সর্ব্বস্য জনিমতঃ পরিচ্ছেত্তা, যম্ অপরিচ্ছিন্দন্ অর্ব্বাগেব বর্ত্ততে, অহোভিঃ স্বাবয়বৈঃ অহোরাত্রৈরিত্যর্থঃ; তজ্জ্যোতিষাং জ্যোতিঃ, আদিত্যাদিজ্যোতিষামপ্যবভাসকত্বাৎ; আয়ুরিত্যুপাসতে দেবাঃ। অমৃতং জ্যোতিঃ, অতোঽন্যৎ ম্রিয়তে, নহি জ্যোতিঃ; সর্ব্বস্য হি এতজ্জ্যোতিঃ আয়ুঃ, আয়ুর্গুণেন যস্মাদ্ দেবাঃ তজ্জ্যোতিরুপাসতে, তস্মাৎ আয়ুষ্মন্তস্তে। তস্মাৎ আয়ুষ্কামেনায়ুর্গুণেনোপাস্যং ব্রহ্মেত্যর্থঃ ॥ ৩০৬ ॥ ১৬ ॥

টীকা। অথেশ্বরস্যাপি কালান্তরে সতি বস্তুত্বাৎ ঘটবৎ কালাবচ্ছিন্নত্বাৎ ন কালত্রয়ঃ প্রতি মুক্তমীশ্বরত্বমত আহ—কিঞ্চেতি। যস্মাদীশানাদর্বাক্ সংবৎসরো বর্ত্ততে, তমুপাসতে দেবা ইতি সম্বন্ধঃ। নন্বু কথং সম্বৎসরোঽর্ব্বাগিত্যুচ্যতে, কালস্য কালান্তরাভাবেন পূর্ব্বকালসম্বন্ধাভাবাৎ, অত আহ—যস্মাদিতি। অন্বয়স্তু পূর্ব্ববৎ। আয়ুর্জ্যোতিষো গুণমায়ুর্লক্ষণঃ প্রত্যগুপাসকস্য ফলমাহ—সর্ব্বস্যেতি। যথোক্তোপাসনে দেবানামেবাধিকারো বিশেষবচনাদিত্যাশঙ্ক্যাহ—তস্মাদিতি ॥ ৩০৬ ॥ ১৬ ॥

ভাষ্যানুবাদ।—আরও এক কথা, যে ঈশানের নিম্নে [সংবৎসর বিচরণ করে], যাহার অন্যত্র সংবৎসর কাল,—কাল উৎপত্তিশীল পদার্থমাত্রেরই সীমা-নির্দ্ধারক, সেই কাল যাহাকে সীমাবদ্ধ না করিয়া তাহার নিম্নস্তরেই স্বীয় অবয়বভূত দিবারাত্ররূপে গমনাগমন করে, দেবগণ জ্যোতিঃসমূহেরও জ্যোতিঃস্বরূপ অর্থাৎ আদিত্যাদি জ্যোতিঃপদার্থেরও প্রকাশক সেই ঈশানকে 'অমৃত আয়ু' বলিয়া উপাসনা করিয়া থাকেন। জ্যোতিঃ অমৃত (মরণরহিত), তদ্ভিন্ন আর সকলেই মৃত্যুমুখে পতিত হয়, কেবল ঐ জ্যোতিই পতিত হয় না; এই জন্য সেই জ্যোতিঃ সকলের আয়ুঃস্বরূপ। যেহেতু দেবগণ সেই জ্যোতিকে আয়ু-গুণ-সম্পন্নরূপে উপাসনা করেন, সেই হেতু তাঁহারা আয়ুষ্মান্ (দীর্ঘায়ুঃ) হইয়াছেন; অতএব যাহার আয়ু লাভের কামনা আছে, তাহার পক্ষে ব্রহ্মকে আয়ুর্গুণসম্পন্নরূপেই উপাসনা করা উচিত ॥ ৩০৬ ॥ ১৬ ॥

যস্মিন্ পঞ্চ পঞ্চজনা আকাশশ্চ প্রতিষ্ঠিতঃ।
তমেব মন্য আত্মানং বিদ্বান্ ব্রহ্মামৃতোঽমৃতম্ ॥৩০৭॥১৭॥

সরলার্থঃ।—যস্মিন্ (আত্মনি) পঞ্চ (পঞ্চসংখ্যাকাঃ) পঞ্চজনাঃ (গন্ধর্ব্বাঃ, পিতরঃ, দেবাঃ, অসুরাঃ, রক্ষাংসি, অথবা নিষাদপঞ্চমা ব্রাহ্মণাদয়শ্চত্বারো বর্ণাঃ) আকাশঃ (অব্যাকৃতাখ্যঃ সূক্ষ্মঃ) চ (অপি) প্রতিষ্ঠিতঃ; অহং তম্ এব আত্মানং অমৃতং বিদ্বান্ (জানন্) অমৃতঃ (অমরণধর্ম্মা [অস্মীতি শেষঃ]) ॥ ৩০৭ ॥ ১৭ ॥

মূলানুবাদ।—যাহাতে (যে ব্রহ্মে) পাঁচ প্রকার—'পঞ্চজন' দেবতা, গন্ধর্ব্ব, পিতৃগণ, অসুর ও রাক্ষস, অথবা ব্রাহ্মণাদি বর্ণচতুষ্টয় ও পঞ্চম নিষাদ, ইহারা এবং আকাশ (সূক্ষ্ম আকাশ) প্রতিষ্ঠিত রহিয়াছে, আমি সেই আত্মাকেই অমৃত ব্রহ্ম বলিয়া মনে করি (উপাসনা করি); এবং তাহাকে জানি বলিয়াই আমি অমৃতস্বরূপ হইয়াছি ॥ ৩০৭ ॥ ১৭ ॥

শাঙ্করভাষ্যম্।—কিঞ্চ, যস্মিন্ যত্র ব্রহ্মণি, পঞ্চ পঞ্চজনাঃ—গন্ধ-

র্ব্বাদয়ঃ পঞ্চৈব সংখ্যাতাঃ—গন্ধর্ব্বাঃ পিতরো দেবা অসুরা রক্ষাংসি—নিষাদপঞ্চমা বা বর্ণাঃ, আকাশশ্চ অব্যাকৃতাখ্যঃ—"যস্মিন্ সূত্রম্ ওতঞ্চ প্রোতঞ্চ'—যস্মিন্ প্রতিষ্ঠিতঃ ; "এতস্মিন্ নু খল্বক্ষরে গার্গ্যাকাশঃ" ইত্যুক্তম্ ; তমেবাত্মানম অমৃতং ব্রহ্ম মন্যে অহম্ ; ন চাহমাত্মানং ততোঽন্যত্বেন জানে ; কিং তর্হি ? অমৃতোঽহং ব্রহ্ম বিদ্বান্ সন্ ; অজ্ঞানমাত্রেণ তু মর্ত্ত্যোঽহমাসম্, তদপগমাদ্ বিদ্বানহম্ অমৃত এব ॥ ৩০৭ ॥ ১৭ ॥

টীকা। জ্যোতিষাং জ্যোতিরমৃতমিত্যুক্তং, তত্রাত্মত্বং সর্ব্বাধিষ্ঠানত্বেন সাধয়তি—কিঞ্চেতি। এবকারার্থমাহ—ন চেতি। যদ্যাত্মানং ব্রহ্ম জানাসি, তর্হি কিং তে তদ্বিদ্যাফলমিতি প্রশ্নপূর্ব্বকমাহ—কিং তর্হীতি। কথং তর্হি তে মর্ত্ত্যত্বপ্রতীতিস্তত্রাহ—অজ্ঞানমাত্রেণেতি ॥ ৩০৭ ॥ ১৭ ॥

ভাষ্যানুবাদ ।—অপিচ, যাহাতে—যে ব্রহ্মে গন্ধর্ব্বাদি পঞ্চসংখ্যক পঞ্চজন—গন্ধর্ব্ব, পিতৃগণ, দেবতা, অসুর ও রাক্ষসগণ, কিংবা ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র ও নিষাদ এই পাঁচ বর্ণ, এবং আকাশ প্রতিষ্ঠিত আছে ; এখানে আকাশ অর্থ—অপঞ্চীকৃত সূক্ষ্ম আকাশ, যাহার মধ্যে এই সমস্ত জগৎ ওতপ্রোত রহিয়াছে ; পূর্ব্বেও কথিত হইয়াছে যে, 'হে গার্গি, এই অক্ষরে আকাশ [ওত প্রোত রহিয়াছে]' ইত্যাদি। আমি সেই আত্মাকে অমৃত বলিয়া মনে করি, অর্থাৎ আমি আত্মাকে সেই অমৃত ব্রহ্ম হইতে পৃথক্ পদার্থ বলিয়া জানি না ; তবে কিনা, বিদ্বান্ আমি স্বরূপতঃ অমৃত ব্রহ্মই, কেবল অজ্ঞানবশতঃ আমি মর্ত্ত্য ছিলাম, অর্থাৎ নিজের অমরত্ব ভুলিয়া গিয়া মরণশীল বলিয়া মনে করিতাম, জ্ঞানোদয়ে সেই ভ্রম অপনীত হওয়ায় আমি অমৃত হইয়াছি ॥ ৩০৭ ॥ ১৭ ॥

প্রাণস্য প্রাণমুত চক্ষুষশ্চক্ষুরুত শ্রোত্রস্য শ্রোত্রং মনসো যে মনো বিদুঃ । তে নিচিক্যুর্ব্রহ্ম পুরাণমগ্র্যম্ ॥৩০৮॥১৮॥

সরলার্থঃ ।—অপিচ, যে (অন্যেঽপি সাধকাঃ) প্রাণস্য (পঞ্চ-বৃত্ত্যাত্মকস্য) প্রাণং (স্থিতিনিদানম্), উত (অপি) চক্ষুষঃ চক্ষুঃ (চক্ষুষঃ প্রকাশকম্), উত (অপি) শ্রোত্রস্য (শ্রবণেন্দ্রিয়স্য) শ্রোত্রং (শ্রোত্রত্ব-সম্পাদকম্), মনসঃ (অন্তঃকরণস্য) মনঃ (শক্ত্যাধায়কম্) [তম্ আত্মানম্] বিদুঃ (জানন্তি), তে (আত্মবিদঃ) পুরাণং (চিরন্তনং নিত্যম্) অগ্র্যং (অগ্রেভবং জগৎকারণম্) ব্রহ্ম নিচিক্যুঃ (নিশ্চয়েন জ্ঞাতবন্ত ইত্যর্থঃ) ॥ ॥ ৩০৮ ॥ ১৮ ॥

মূলানুবাদ ।—যাহারা প্রাণের প্রাণ, চক্ষুর চক্ষু, শ্রোত্রের শ্রোত্র এবং মনেরও মন—অর্থাৎ প্রাণাদি ক্রিয়া ও জ্ঞানশক্তির

নির্ব্বাহক আত্মাকে জানেন, তাহারাই পুরাতন জগৎকারণ ব্রহ্মকে নিশ্চিতরূপে জানিয়াছেন ॥ ৩০৮ ॥ ১৮ ॥

শাঙ্করভাষ্যম্ ।—কিঞ্চ, তেন হি চৈতন্যাত্মজ্যোতিষা অবভাস্যমানঃ প্রাণ আত্মভূতেন প্রাণিতি, তেন প্রাণস্যাপি প্রাণঃ সঃ ; তং প্রাণস্য প্রাণম্, তথা চক্ষুষোঽপি চক্ষুঃ, উত শ্রোত্রস্যাপি শ্রোত্রম্। ব্রহ্মশক্ত্যধিষ্ঠিতানাং হি চক্ষুরাদীনাং দর্শনাদিসামর্থ্যম্ ; স্বতঃ কাষ্ঠলোষ্টসমানি হি তানি চৈতন্যাত্ম-জ্যোতিঃশূন্যানি ; মনসোঽপি মনঃ—ইতি যে বিদুঃ ; চক্ষুরাদিব্যাপারানুমিতাস্তিত্বং প্রত্যগাত্মানম্, ন বিষয়ভূতম্, যে বিদুঃ, তে কিম্? তে নিচিক্যুর্নিশ্চয়েন জ্ঞাতবন্তঃ ব্রহ্ম, পুরাণং চিরন্তনম্, অগ্র্যম্ অগ্রে ভবম্, "তদ্ যদাত্মবিদো বিদুঃ" ইতি হ্যাথর্ব্বণে ॥ ৩০৮ ॥ ১৮ ॥

টীকা। প্রকৃতাঃ পঞ্চজনাঃ পঞ্চ জ্যোতিষা সহ প্রাণাদয়ো বা স্যুরিত্যভিপ্রেত্যাহ—কিঞ্চেতি। কথং চক্ষুরাদিষু চক্ষুরাদিত্বং ব্রহ্মণঃ সিধ্যতি, তত্রাহ—ব্রহ্মশক্তীতি। বিমতানি কেনচিদধিষ্ঠিতানি প্রবর্ত্তন্তে করণত্বাদ্বাস্যাদিবৎ, ইতি চক্ষুরাদিব্যাপারেণানুমিতাস্তিত্বং প্রত্যগাত্মানং যে বিদুরিতি যোজনা। বিদিক্রিয়াবিষয়ত্বং ব্যাবর্ত্তয়তি—নেতি। প্রত্যগাত্মবিদাং কথং ব্রহ্মবিত্ত্বমিত্যাশঙ্ক্যাহ—তদিতি ॥ ৩০৮ ॥ ১৮ ॥

ভাষ্যানুবাদ ।—আরও, প্রাণাপানাদি পঞ্চবৃত্তিবিশিষ্ট প্রাণও সেই চৈতন্যস্বরূপ আত্মজ্যোতিঃ দ্বারা উদ্ভাসিত হইয়া বাঁচিয়া থাকে—কার্য্য করিতে সমর্থ হয় ; সেই হেতু আত্মা প্রাণেরও প্রাণ ; সেই প্রাণের প্রাণকে, চক্ষুর চক্ষুকে, এবং শ্রোত্রেরও শ্রোত্রকে—; চক্ষুঃ প্রভৃতি ইন্দ্রিয়গণ যখন ব্রহ্মশক্তিদ্বারা অধিষ্ঠিত হয়, তখনই তাহাদের দর্শনাদি-সামর্থ্য ঘটে ; পক্ষান্তরে যদি উহারা চৈতন্যাত্মজ্যোতির সম্বন্ধরহিত হয়, তাহা হইলে, কাষ্ঠ-লোষ্টাদির (মৃৎপিণ্ডাদির) তুল্য হইয়া পড়ে ; এইরূপ মনেরও মন বলিয়া যাহারা জানেন, অর্থাৎ চক্ষুরাদি ইন্দ্রিয়ের ব্যাপার দেখিয়া যাহারা ইন্দ্রিয়ের অগোচর প্রত্যক্-আত্মার অস্তিত্ব অনুভব করিয়া থাকেন, তাহারাই পুরাণ—চিরন্তন (নিত্য) অগ্র্য—অগ্রে (সৃষ্টির আদিতে) বিদ্যমান অর্থাৎ জগতের কারণস্বরূপ ব্রহ্মকে নিশ্চিতরূপে জানেন। অথর্ব্ববেদীয় উপনিষদেও এই কথা রহিয়াছে—'যাহারা সেই আত্মাকে জানেন, তাহারাই ঠিক জানেন' ইত্যাদি ॥ ৩০৮ ॥ ১৮ ॥

মনসৈবানুদ্রষ্টব্যং নেহ নানাস্তি কিঞ্চন।
মৃত্যোঃ স মৃত্যুমাপ্নোতি য ইহ নানেব পশ্যতি ॥৩০৯॥১৯॥

সরলার্থঃ ।—(অথ ব্রহ্মদর্শনোপায়মাহ—মনসৈবেত্যাদিনা।) [তৎ ব্রহ্ম]

মনসা (আচার্যোপদেশাদিনা পরিমার্জ্জিতেন প্রশান্তেন মনসা) এব অনুদ্রষ্টব্যম্ ; [তত্র বিশেষমাহ—] ইহ (ব্রহ্মণি) নানা (বিভক্তং) কিঞ্চন (কিঞ্চিদপি) ন অস্তি। [ভেদদর্শনে দোষমাহ—] যঃ (দ্রষ্টা) ইহ নানা ইব (ভেদমিব, অত্র 'ইব'-শব্দপ্রয়োগাৎ তথা দর্শনেঽপি ভেদস্যাবস্তুত্বং সূচিতম্ ইত্যভিপ্রায়ঃ) পশ্যতি, সঃ (ভেদদর্শী) মৃত্যোঃ মৃত্যুং (মরণাৎ মরণম্—পুনঃপুনর্ম্মরণং আপ্নোতি (লভতে), ন মুচ্যতে ইতি ভাবঃ) ॥ ৩০৯॥১৯ ॥

মূলানুবাদ ।—[সেই ব্রহ্মকে কিসের দ্বারা দেখিতে হইবে, তাহা বলিতেছেন]—সেই ব্রহ্মকে আচার্য্যোপদেশাদি দ্বারা পরিশুদ্ধ মনের সাহায্যে দর্শন করিতে হইবে। [যে লোক] এই ব্রহ্মে ভেদের মতই দর্শন করে, সে লোক মৃত্যুর পর মৃত্যু প্রাপ্ত হয়, অর্থাৎ ভেদদর্শী লোক পুনঃ পুনঃ জন্মমরণপ্রবাহ ভোগ করে, কখনও বিমুক্ত হইতে পারে না ॥ ৩০৯ ॥ ১৯ ॥

শাঙ্করভাষ্যম্ ।—তদ্ব্রহ্মদর্শনে সাধনমুচ্যতে—মনসৈব পরমার্থ জ্ঞানসংস্কৃতেন আচার্য্যোপদেশপূর্ব্বকং চানুদ্রষ্টব্যম্। তত্র চ দর্শনবিষয়ে ব্রহ্মণি ন ইহ নানা অস্তি কিঞ্চন ন কিঞ্চিদপি ; অসতি নানাত্বে নানাত্বমধ্যারোপয়ত্য বিদ্যয়া। স মৃত্যোঃ মরণাৎ মৃত্যুং মরণম্ আপ্নোতি, কোঽসৌ? য ইহ নানেব পশ্যতি। অবিদ্যাধ্যারোপণব্যতিরেকেণ নাস্তি পরমার্থতো দ্বিতীয় মিত্যর্থঃ ॥ ৩০৯ ॥ ১৯ ॥

টীকা। মনসো ব্রহ্মদর্শনসাধনত্বে কথং ব্রহ্মণো বাঙ্মনসাতীতত্বশ্রুতিরিত্যাশঙ্ক্যাহ— পরমার্থেতি। কেবলং মনো ব্রহ্মাবিষয়ীকুর্ব্বদপি শ্রবণাদিসংস্কৃতং তদাকারং জায়তে ; তেন দ্রষ্টব্যম্ তদুচ্যতে ; অতএব বৃত্তিব্যাপ্যং ব্রহ্মেত্যুপগচ্ছন্তীতি ভাবঃ। অনুশব্দার্থমাহ— আচার্য্যেতি। দ্রষ্টৃদ্রষ্টব্যাদিভাবেন ভেদমাশঙ্ক্যাহ—তত্র চেতি। এবকারার্থমাহ—নেহেতি। কথমাত্মনি বস্তুতো ভেদরহিতেঽপি ভেদো ভাতীত্যাশঙ্ক্যাহ—অসতীতি। নেহেত্যাদেঃ সংপিণ্ডিতমর্থং কথয়তি—অবিদ্যেতি ॥ ৩০৯ ॥ ১৯ ॥

ভাষ্যানুবাদ ।—[পূর্ব্বোক্ত ব্রহ্মদর্শনের সাধন (উপায়) বলা হইতেছে—আচার্য্যের নিকট উপদেশ-লাভপূর্ব্বক তত্ত্বজ্ঞান-পরিশোধিত মনের দ্বারা [সেই ব্রহ্মকে] দর্শন করিবে। সেই দ্রষ্টব্য ব্রহ্মে নানা (বিভাগ) কিছু নাই। নানাত্ব না থাকিলেও লোকে অবিদ্যা দ্বারা তাহাতে নানাত্ব বা ভেদ আরোপিত করিয়া থাকে। সে লোক মৃত্যুর—মরণের পরও মৃত্যু প্রাপ্ত হয়। সেই লোক কে? না, যে লোক ইহাতে (ব্রহ্মে) নানার মত (ভেদের ন্যায়) দর্শন করে।

অভিপ্রায় এই যে, অবিদ্যাকৃত অধ্যাস ব্যতিরেকে আত্মাতে বাস্তবিক দ্বৈত বা বিভাগ নাই ॥ ৩০৯ ॥ ১৯ ॥

একধৈবানুদ্রষ্টব্যমেতদপ্রময়ং ধ্রুবম্।

বিরজঃ পর আকাশাদজ আত্মা মহান্ ধ্রুবঃ ॥৩১০॥২০॥

সরলার্থঃ।—অপ্রময়ং (অপ্রমেয়ং, প্রমাণান্তরাবিষয়ঃ, স্বসাক্ষিকমিত্যর্থঃ) ধ্রুবং (কূটস্থং) এতৎ (আত্মবস্তু) একধা (একরূপেণ—বিজ্ঞানৈকাকারেণ) অনু দ্রষ্টব্যম্ (স্ববিষয়ীকর্ত্তব্যম্)। [পুনশ্চ তৎস্বরূপমুচ্যতে—] আত্মা বিরজঃ (বিরজাঃ, ধর্মাধর্মাদিরূপ-মালিন্যরহিতঃ), আকাশাৎ (সূক্ষ্মাকাশাদপি) পরঃ (সূক্ষ্মতরঃ), অজঃ (জন্মরহিতঃ), মহান্ (পরিমাণতঃ মহত্তমঃ), ধ্রুবঃ (অবিকারী কূটস্থশ্চ) ॥ ৩১০ ॥ ২০ ॥

মূলানুবাদ।—অপ্রমেয় (অপর সর্বপ্রমাণের অগম্য) ধ্রুব (নিত্য কূটস্থ) এই আত্মাকে একইরূপে—শুদ্ধ জ্ঞানস্বরূপেই দর্শন করিবে। [আত্মার স্বরূপ বলিতেছেন—] এই আত্মা বিরজঃ—পুণ্যপাপাদি-মলরহিত এবং সূক্ষ্ম আকাশ অপেক্ষাও অতি সূক্ষ্ম, পরম মহৎ ও কূটস্থ ॥ ৩১০ ॥ ২০ ॥

শাঙ্করভাষ্যম্।—যস্মাদেবম্, তস্মাদেকধৈব একেনৈব প্রকারেণ বিজ্ঞানঘনৈকরসপ্রকারেণ আকাশবৎ নিরন্তরেণ অনুদ্রষ্টব্যম্। যস্মাদেতদ্ ব্রহ্ম অপ্রময়ম্ অপ্রমেয়ং সর্বৈকত্বাৎ; অন্যেন হি অন্যৎ প্রমীয়তে, ইদং তু একমেব, অতঃ অপ্রমেয়ম্। ধ্রুবং নিত্যং কূটস্থম্ অবিচালীত্যর্থঃ। ১

ননু বিরুদ্ধমিদমুচ্যতে, অপ্রমেয়ং জ্ঞায়ত ইতি চ—'জ্ঞায়তে' ইতি প্রমাণৈর্মীয়ত ইত্যর্থঃ, অপ্রমেয়ম্ ইতি চ তৎপ্রতিষেধঃ। নৈষ দোষঃ, অন্যবস্তুবৎ অনাগম-প্রমাণপ্রমেয়ত্বপ্রতিষেধার্থত্বাৎ; যথা অন্যানি বস্তূনি আগমনিরপেক্ষৈঃ প্রমাণৈর্বিষয়ীক্রিয়ন্তে, ন তথা এতদাত্মতত্ত্বং প্রমাণান্তরেণ বিষয়ীকর্ত্তুং শক্যতে। সর্বস্যাত্মত্বে কেন কং পশ্যেৎ বিজানীয়াৎ—ইতি প্রমাতৃপ্রমাণাদিব্যাপারপ্রতিষেধেনৈব আগমোঽপি বিজ্ঞাপয়তি, ন তু অভিধানাভিধেয়লক্ষণ-বাক্যধর্মাঙ্গীকরণেন; তস্মাৎ ন আগমেনাপি স্বর্গমের্বাদিবৎ তৎ প্রতিপাদ্যতে; প্রতিপাদয়িত্রাত্মভূতং হি তৎ; প্রতিপাদয়িতুঃ প্রতিপাদনস্য প্রতিপাদ্যবিষয়ত্বাৎ; ভেদে হি সতি তদ্ভবতি। ২

জ্ঞানঞ্চ তস্মিন্ পরাত্মভাবনিবৃত্তিরেব, ন তস্মিন্ সাক্ষাদাত্মভাবঃ কর্ত্তব্যঃ,

বিদ্যমানত্বাদাত্মভাবস্য ; নিত্যো হি আত্মভাবঃ সর্ব্বস্য অতদ্বিষয় ইব প্রত্যবভাসতে ; তস্মাৎ অতদ্বিষয়াবভাসনিবৃত্তিব্যতিরেকেণ ন তস্মিন্ আত্মভাবো বিধীয়তে ; অন্যাত্মভাবনিবৃত্তৌ আত্মভাবঃ স্বাত্মনি স্বাভাবিকো যঃ, স কেবলো ভবতীতি আত্মা জ্ঞাতব্য ইত্যুচ্যতে, স্বতশ্চাপ্রমেয়ঃ, প্রমাণান্তরেণ ন বিষয়ীক্রিয়তে, ইত্যুভয়মপি অবিরুদ্ধমেব। বিরজঃ বিগতরজঃ ; রজো নাম ধর্ম্মাধর্ম্মাদিমলম্, তদ্রহিত ইত্যেতৎ। পরঃ—পরো ব্যতিরিক্তঃ সূক্ষ্মো ব্যাপী বা আকাশাদপি অব্যাকৃতাখ্যাৎ, অজঃ ন জায়তে ; জন্মমরণপ্রতিষেধাৎ উত্তরেঽপি ভাববিকারাঃ প্রতিষিদ্ধাঃ, সর্ব্বেষাং জন্মাদিত্বাৎ। আত্মা মহান্ পরিমাণতঃ মহত্তরঃ সর্ব্বস্মাৎ, ধ্রুবঃ অবিনাশী ॥৩১০॥২০॥

টীকা। দ্বৈতাভাবে কথমপ্রমেয়ত্বমিত্যাশঙ্ক্যাহ—যস্মাদিতি। তমেবৈকং প্রকারং প্রকটয়তি—বিজ্ঞানেতি। পরিচ্ছিন্নত্বং ব্যবচ্ছিনত্তি—আকাশবদিতি। একরসত্বং হেতূকৃত্যাপ্রমেয়ত্বং প্রতিজানীতে—যস্মাদিতি। এতদ্ব্রহ্ম যস্মাদেকরসং, তস্মাদপ্রমেয়মিতি যোজনা। হেত্বর্থং স্ফুটয়তি—সর্ব্বৈকত্বাদিতি। তথাপি কথমপ্রমেয়ত্বং, তদাহ—অন্যেনেতি। মিথো বিরোধমাশঙ্কতে—নন্বিতি। বিরোধমেব স্ফোরয়তি—জ্ঞাতব্য ইতীতি। চোদিতং বিরোধং নিরাকরোতি—নৈষ দোষ ইতি। সংগৃহীতং সমাধানং বিশদয়তি—যদেত্যাদিনা। তস্য মানান্তরৈর্বিষয়ীকর্তুমশক্যত্বে হেতুমাহ—সর্ব্বস্যেতি। ইতি সর্ব্বদৈবোপপন্নমিত্যর্থাদিতি শেষঃ। আগমোঽপি তর্হি কথমাত্মানমবেদয়েদিত্যাশঙ্ক্যাহ—প্রমাত্রিতি। আত্মনঃ স্বর্গাদিবদ্বিষয়ত্বেনাগমপ্রতিপাদ্যত্বাভাবে হেতুমাহ—প্রতিপাদয়িত্রিতি। তথাপি কিমিত্যবিষয়ত্বেন প্রতিপাদ্যত্বং, তত্রাহ—প্রতিপাদয়িতুরিতি। তদিতি প্রতিপাদ্যত্বমুক্তম্। ১

কথং তর্হি তস্মিন্নাগমিকং জ্ঞানং, তত্রাহ—জ্ঞানং চেতি। পরস্মিন্ দেহাদাবাত্মভাবস্যারোপিতস্য নিবৃত্তিরেব বাক্যেন ক্রিয়তে। তথা চাত্মনি পরিশিষ্টে স্বাভাবিকমেব স্ফুরণং প্রতিবন্ধবিগমাৎ প্রকটীভবতীতি ভাবঃ। নন্বব্রহ্মণ্যাত্মভাবঃ শ্রুত্যা কর্ত্তব্যো বিবক্ষ্যতে, ন তু দেহাদাবাত্মব্যাবৃত্তিরত আহ—ন তস্মিন্নিতি। ব্রহ্মণশ্চেদাত্মভাবঃ সদা সম্মতে, কথমন্যথা প্রথা, ইত্যাশঙ্ক্যাহ—নিত্যো হীতি। সর্ব্বস্য পূর্ণস্য ব্রহ্মণ ইত্যেতৎ। অতদ্বিষয়ো ব্রহ্মব্যতিরিক্তবিষয় ইত্যর্থঃ। ব্রহ্মণ্যাত্মভাবস্য সদা বিদ্যমানত্বে ফলিতমাহ—তস্মাদিতি। অতদ্বিষয়াবভাসো দেহাদাবাত্মত্বপ্রতিভাসঃ। তস্মিন্ ব্রহ্মণীত্যর্থঃ। অন্যস্মিন্ অনাত্মভাবনিবৃত্তিরেবাগমেন ক্রিয়তে চেৎ, তর্হি কথমাত্মা জ্ঞেয়ত্বেন গম্যত ইত্যুচ্যতে, তত্রাহ—অন্যেতি। যত্নাগমিকবৃত্তিব্যাপ্যত্বাদাত্মনো জ্ঞেয়ত্বমিষ্যতে, কথং তর্হি তস্যাপ্রমেয়ত্ববাচোযুক্তিরিত্যাশঙ্ক্যাহ—স্বতশ্চেতি। বৃত্তিব্যাপ্যত্বেন মেয়ত্বং, স্ফুরণব্যাপ্যত্বেন চামেয়ত্বমিত্যুপসংহরতি—ইত্যুভয়মিতি। বন্ধস্য ধ্রুবত্বং, তদুপস্কারপূর্ব্বকমুপপাদয়তি—বিরজ ইত্যাদিনা। কথং জন্মনিষেধাদিতরে বিকারা নিষিধ্যন্তে, তত্রাহ—সর্ব্বেষামিতি ॥ ৩১০ ॥ ২০ ॥

ভাষ্যানুবাদ।—যেহেতু এইপ্রকার অবস্থা, সেই হেতু [আত্মাকে]

একই প্রকারে—আকাশ যেরূপ নিরন্তর বা অবিচ্ছিন্ন, তদ্রূপ একমাত্র জ্ঞানস্বরূপে নিরত দর্শন করিবে। যেহেতু এই ব্রহ্ম 'অপ্রময়'—অপ্রমেয় অর্থাৎ সর্ব্ববস্তুর সহিত অভিন্ন বলিয়া প্রমাণের অবিষয়; অন্যেই অন্য বস্তু দর্শন করিয়া থাকে, এই ব্রহ্ম ত একই—তাহা হইতে ভিন্ন কিছুই নাই; এইজন্য অপ্রমেয়; ধ্রুব অর্থ—নিত্য অর্থাৎ কূটস্থ—কূটের ন্যায় নির্ব্বিকারে বা একাকারে অবস্থিত (১), অপর কাহারো দ্বারা চালিত হন না।

ভাল, ইহা ত বিরুদ্ধ কথা বলা হইতেছে যে, 'অপ্রমেয়'ও বটে, আবার জ্ঞানের বিষয়ও (প্রমেয়ও) বটে; 'জ্ঞায়তে' (জ্ঞাত হয়) অর্থই প্রমাণের বিষয়ীভূত হয়, অথচ 'অপ্রমেয়' শব্দে তাহারই নিষেধ করা হইতেছে! না, ইহা দোষাবহ হইতেছে না, কারণ, অন্য বস্তু যেরূপ আগমাতিরিক্ত প্রমাণেরও বিষয় হইয়া থাকে, এই আত্মবস্তু সেরূপ হয় না; এই জন্য 'অপ্রমেয়' কথায় সেই প্রমাণান্তরেরই প্রতিষেধ করা হইয়াছে। অভিপ্রায় এই যে, জগতের অন্যান্য বস্তু যেমন শাস্ত্রোপদেশ ব্যতিরেকেও প্রত্যক্ষাদি অন্য প্রমাণের বিষয়ীভূত হইতে পারে, কিন্তু এই আত্মাকে শাস্ত্র ভিন্ন অন্য কোনও প্রমাণ দ্বারা তেমনভাবে গ্রহণ করিতে পারে না। বিশেষতঃ সর্ব্বাত্মভাব পরিনিষ্পন্ন হইলে পর, সমস্ত ভেদ-বুদ্ধি বিলুপ্ত হইয়া যায়; সুতরাং সে সময়ে কে কিসের দ্বারা কাহাকে দর্শন করিবে বা জানিবে? ইত্যাদি আগমবাক্যও কেবল তদ্বিষয়ে প্রমেয়-প্রমাণাদি-ব্যাপারের প্রতিষেধ দ্বারাই তাহার স্বরূপ জ্ঞাপন করে, কিন্তু অভিধান-অভিধেয়-ভাবে অর্থাৎ বাচ্য-বাচকভাবরূপ যে বাক্যধর্ম্ম বা বাক্যের স্বভাব, তাহা দ্বারা পারে না, অর্থাৎ স্বভাবসিদ্ধ বাচ্য-বাচকসম্বন্ধ দ্বারা আত্মবস্তু প্রতিপাদন করিবার ক্ষমতা কোন শব্দেরই নাই। অতএব আগম বা শাস্ত্রও, 'স্বর্গ' ও 'সুমেরু'র স্বরূপ যেরূপ বর্ণনা করিয়া থাকে, সেরূপে কিন্তু আত্মার স্বরূপ নিরূপণ করিতে পারে না; কেন না, এই আত্মতত্ত্ব হইতেছে—প্রতিপাদকেরই আত্ম-স্বরূপ বা অভিন্নরূপ। প্রতিপাদনকর্ত্তা সাধারণতঃ প্রতিপাদ্য বিষয়েরই প্রতি-পাদন করিয়া থাকে; অথচ পরস্পরের ভেদ বা পার্থক্য না থাকিলে, সেই প্রতিপাদন কার্য্য কখনই সম্ভব হয় না। ২

এখানে ব্রহ্মবিষয়ক জ্ঞান অর্থ—অনাত্ম-বস্তুতে যে আত্মবুদ্ধি, তাহার

(১) তাৎপর্য্য—কূট অর্থ—পর্ব্বত শৃঙ্গ, কিংবা কর্ম্মকারের 'নেহাই', তাহার মত নির্ব্বিকারে থাকেন বলিয়া ব্রহ্ম কূটস্থ। "কূটবৎ নির্ব্বিকারেণ স্থিতঃ কূটস্থ উচ্যতে।" পঞ্চদশী।

নিবৃত্তিমাত্র ; কিন্তু সাক্ষাৎসম্বন্ধে তাহাতে আত্মভাব স্থাপন করা নহে ; কারণ, তাহাতে আত্মভাব বিদ্যমানই আছে। সেই ব্রহ্মের সহিত সকলেরই আত্মভাব নিত্যসিদ্ধ রহিয়াছে, কেবল অজ্ঞানবশতঃ তাহার প্রতীতি হয় না মাত্র ; অতএব অব্রহ্মবিষয়ে যে, ভ্রমাত্মক আত্মবুদ্ধি, তাহার নিবৃত্তি ভিন্ন এখানে আর আত্ম-ভাবের বিধান করা হইতেছে না। দেহাদি অন্য পদার্থ হইতে আত্মভাব-ভ্রান্তি নিবৃত্ত হইলে পর, প্রকৃত আত্মাতে যে আত্মভাব, তখন তাহাই কেবল স্ফুরিত হইতে থাকে ; এই জন্য 'আত্মা জ্ঞাত হয়' ('আত্মা জ্ঞায়তে') এই কথা বলা হইয়া থাকে। স্বরূপতঃ আত্মা অপ্রমেয়ই বটে, কোন প্রমাণই তাহাকে বিষয় করিতে পারে না ; অতএব ['দ্রষ্টব্য' ও 'অপ্রমেয়' এই] উভয় কথাই অবিরুদ্ধ ও সুসঙ্গত হইতেছে। ৩

রজঃ অর্থ—চিত্তগত ধর্ম্মাধর্ম্মাদিরূপ মল ; 'বিরজঃ' অর্থ—সেই ধর্ম্মাধর্ম্মাদি মলরহিত। 'পর' অর্থ—অতিরিক্ত (পৃথক্), সূক্ষ্ম কিংবা ব্যাপক আকাশ হইতেও—অপঞ্চীকৃত সূক্ষ্ম আকাশ অপেক্ষাও পর—সূক্ষ্ম। 'অজ' অর্থ—যাহা জন্মে না ; এখানে এক মাত্র জন্মের নিষেধ করাতেই পরবর্ত্তী ভাব-বিকারসমূহও নিষিদ্ধ হইল, বুঝিতে হইবে ; কারণ, জন্মই ঐ সমুদয় বিকারের আদি বা পূর্ব্ববর্ত্তী (১)। এই আত্মা, 'মহান্' পরিমাণে মহান্ অর্থাৎ সর্ব্বাপেক্ষা বৃহৎ (মহৎ-পরিমাণযুক্ত) ; 'ধ্রুব' অর্থ—অবিনাশী (যাহার কখনও বিনাশ হয় না) ॥৩১০॥২০॥

তমেব ধীরো বিজ্ঞায় প্রজ্ঞাং কুর্ব্বীত ব্রাহ্মণঃ।
নানুধ্যায়াদ্বহূঞ্ছব্দান্ বাচো বিগ্লাপনংহি তদিতি ॥৩১১॥২১॥

সরলার্থঃ।—ধীরঃ (জ্ঞানী) ব্রাহ্মণঃ (ব্রহ্মনিষ্ঠঃ) তম্ (উক্তলক্ষণম্ আত্মানম্) এব বিজ্ঞায় (শাস্ত্রাচার্য্যোপদেশতঃ নিঃসংশয়ং জ্ঞাত্বা) প্রজ্ঞাং (জিজ্ঞাসাপরিসমাপ্তিঃ যয়া ভবেৎ, তাদৃশীং বুদ্ধিং) কুর্ব্বীত (অপরোক্ষতয়া

---

(১) তাৎপর্য্য—'নিরুক্ত' গ্রন্থে বলিয়াছেন—অনিত্যভাব-পদার্থমাত্রেরই ছয়প্রকার অবস্থা বা বিকার আছে। যথা—'জায়তে, অস্তি, বর্দ্ধতে, বিপরিণমতে, অপক্ষীয়তে, নশ্যতি' ইতি ; (১) জন্ম, (২) সত্তা বা স্থিতি, (৩) বৃদ্ধি, (৪) বিপরিণাম—বৃদ্ধি ও ক্ষয়ের মধ্যবর্ত্তী অবস্থা, (৫) অপক্ষয় (ক্ষয়), (৬) বিনাশ। যাহার জন্ম আছে, তাহারই পরবর্ত্তী বিকারের সম্ভাবনা আছে, কিন্তু যাহার জন্ম নাই, তাহার পরবর্ত্তী কোন বিকারেরই সম্ভাবনা নাই ; সুতরাং ব্রহ্মের জন্ম প্রতিষেধেই অপরাপর বিকারগুলিও প্রতিসিদ্ধ হইয়াছে।

জানীয়াদিত্যর্থঃ)। বহূন্ শব্দান্ (তর্কোপকরণানি বহূনি বচনানি) ন অনুধ্যায়াৎ (ন অনুচিন্তয়েৎ) ; হি (যতঃ) তৎ (বহুশব্দানুধ্যানম্) বাচঃ (বাগিন্দ্রিয়স্য) বিগ্লাপনম্ (গ্লানিজনকম্) ইতি ॥৩১১॥২১॥

মূলানুবাদ ।—ধীর ব্রাহ্মণ—ব্রহ্মনিষ্ঠ পুরুষ পূর্ব্বোক্তপ্রকার আত্মাকেই শাস্ত্র ও আচার্য্যোপদেশ হইতে উক্তরূপে অবগত হইয়া তদ্বিষয়ে প্রজ্ঞা লাভ করিবে, অর্থাৎ যাহাতে তাহার আর জিজ্ঞাসা করিবার কিছু না থাকে—সমস্ত সংশয় নিবৃত্তি হইয়া যায়, এইরূপ অপরোক্ষ জ্ঞান লাভ করিবে। বহুতর শব্দ চিন্তা করিবে না ; কারণ, তাহাতে কেবল বাগিন্দ্রিয়ের গ্লানি বা অবসাদ জন্মিয়া থাকে মাত্র, (কোন ফল লাভ হয় না) ॥ ৩১১ ॥ ২১ ॥

শাঙ্করভাষ্যম্ ।—তমীদৃশমাত্মানমেব, ধীরো ধীমান্, বিজ্ঞায় উপদেশতঃ শাস্ত্রতশ্চ, প্রজ্ঞাং শাস্ত্রাচার্য্যোপদিষ্টবিষয়াং জিজ্ঞাসাপরিসমাপ্তিকরীং কুর্ব্বীত ব্রাহ্মণঃ—এবং প্রজ্ঞাহেতুসাধনানি সন্ন্যাস-শম-দমোপরমতিতিক্ষাসমাধানানি কুর্য্যাদিত্যর্থঃ। ন অনুধ্যায়াৎ ন অনুচিন্তয়েৎ, বহূন্ প্রভূতান্ শব্দান্ ; তত্র বহুত্বপ্রতিষেধাৎ কেবলাত্মৈকত্বপ্রতিপাদকাঃ স্বল্পাঃ শব্দা অনুজ্ঞায়ন্তে। "ওমিত্যেবং ধ্যায়থ আত্মানম্" "অন্যা বাচো বিমুঞ্চথ" ইতি চাথর্ব্বণে। বাচঃ বিগ্লাপনং বিশেষেণ গ্লানিকরং শ্রমকরম্, হি যস্মাৎ—তদ্বহুশব্দাভিধ্যানমিতি ॥৩১১॥২১॥

টীকা। যথোক্তং বস্তুনিদর্শনং নিগময়তি—তমীদৃশমিতি। নিত্যশুদ্ধত্বাদিলক্ষণমিতি যাবৎ। উক্তরীত্যা প্রজ্ঞাকরণে কানি সাধনানীতি চেৎ, তানি দর্শয়তি—এবমিতি। কাম্যনিষিদ্ধত্যাগঃ সন্ন্যাসঃ, উপরমঃ নিত্যনৈমিত্তিকত্যাগঃ ইতি ভেদঃ। বহূনিতি বিশেষণবশাদাগতমর্থং দর্শয়তি—তত্রেতি। চিন্তনীয়েষু শব্দেষিতি যাবৎ। তত্র শ্রুত্যন্তরং সংবাদয়তি—ওমিত্যেবমিতি। নানুধ্যায়াদিত্যত্র হেতুমাহ—বাচ ইতি। তস্মাদ্বহূন্ শব্দাননুচিন্তয়েদিতি পূর্ব্বেণ সম্বন্ধঃ। ইতি শব্দঃ শ্লোকব্যাখ্যানসমাপ্ত্যর্থঃ। ৩১১। ২১।

ভাষ্যানুবাদ ।—ধীর অর্থাৎ পরিশুদ্ধ-বুদ্ধিসম্পন্ন ব্রাহ্মণ (ব্রহ্মনিষ্ঠ পুরুষ) উক্তপ্রকার আত্মাকে শাস্ত্র ও আচার্য্যোপদেশ হইতে অবগত হইয়া, 'প্রজ্ঞা' করিবে, অর্থাৎ যাহাতে শাস্ত্র ও আচার্য্যোপদেশ হইতে বিজ্ঞাত বিষয়ে আর কোনও জিজ্ঞাসা—জানিবার ইচ্ছা না থাকে, এমনভাবে জ্ঞান লাভ করিবে, এবং জ্ঞানসাধন—সন্ন্যাস, শম, দম, উপরতি (ভোগবিরতি), তিতিক্ষা ও সমাধি প্রভৃতির অনুষ্ঠান করিবে। বহু—অধিকপরিমাণে শব্দের অনুধ্যান বা

চিন্তা করিবে না। এখানে 'বহূন্' শব্দ থাকায় বুঝা যাইতেছে যে, কেবল আত্ম-তত্ত্ব-প্রকাশক অল্পশব্দ অনুধ্যান করিবার অনুমতি প্রদান করা হইতেছে; কেন না, আথর্ব্বণ শ্রুতিতে আছে—'ওঙ্কাররূপে আত্মাকে ধ্যান কর', 'অন্য সমস্ত বাক্য ত্যাগ কর' ইত্যাদি। 'বাচো বিগ্লাপনম্' অর্থ—বাগিন্দ্রিয়ের বিশেষ গ্লানিজনক—শ্রমকর। যেহেতু বহু শব্দাভিধ্যান [বাগিন্দ্রিয়ের গ্লানি-কর], সেই হেতু বহু শব্দ চিন্তা করিবে না] ॥৩১১॥২১॥

স বা এষ মহানজ আত্মা যোঽয়ং বিজ্ঞানময়ঃ প্রাণেষু, য এষোঽন্তর্হৃদয় আকাশস্তস্মিঞ্ছেতে, সর্ব্বস্য বশী সর্ব্বস্যেশানঃ সর্ব্বস্যাধিপতিঃ, স ন সাধুনা কর্ম্মণা ভূয়ান্ নো এবাসাধুনা কনীয়ান্। এষ সর্ব্বেশ্বর এষ ভূতাধিপতিরেষ ভূতপাল এষ সেতুর্ব্বিধরণ এষাং লোকানামসম্ভেদায়। তমেতং বেদানুবচনেন ব্রাহ্মণা বিবিদিষন্তি—যজ্ঞেন দানেন তপসানাশকেনৈতমেব বিদিত্বা মুনির্ভবতি। এতমেব প্রব্রাজিনো লোকমিচ্ছন্তঃ প্রব্রজন্তি। এতদ্ধ স্ম বৈ তৎ পূর্ব্বে বিদ্বাংসঃ প্রজাং ন কাময়ন্তে—কিং প্রজয়া করিষ্যামো যেষাং নোঽয়মাত্মায়ং লোক ইতি। তে হ স্ম পুত্রৈষণায়াশ্চ বিত্তৈষণায়াশ্চ লোকৈষণা-য়াশ্চ ব্যুত্থায়াথ ভিক্ষাচর্য্যং চরন্তি। যা হ্যেব পুত্রৈষণা সা বিত্তৈষণা, যা বিত্তৈষণা সা লোকৈষণোভে হ্যেতে এষণে এব ভবতঃ। স এষ নেতি নেত্যাত্মাগৃহ্যো নহি গৃহ্যতেঽশীর্য্যো নহি শীর্য্যতেঽসঙ্গো নহি সজ্যতেঽসিতো ন ব্যথতে ন রিষ্যতি, এতমু হৈবৈতে ন তরত ইত্যতঃ পাপমকরবমিত্যতঃ কল্যাণমকরবমিতি; উভে উ হৈবৈষ এতে তরতি, নৈনং কৃতাকৃতে তপতঃ ॥৩১২॥২২॥

সরলার্থঃ।—[ইদানীং পূর্ব্বোক্তমেব আত্মতত্ত্বমুপসংহরতি—'স বা এষঃ' ইত্যাদিনা]। সঃ (পূর্ব্বোক্তঃ) বৈ (এব) এষঃ (প্রকৃতঃ) মহান্ অজঃ আত্মা; [কোঽসৌ?] যঃ অয়ং প্রাণেষু (ইন্দ্রিয়াদিষু মধ্যে) বিজ্ঞানময়ঃ (বুদ্ধিবিজ্ঞানপ্রায়ঃ) [উক্তঃ]; সর্ব্বস্য বশী (সর্ব্বং বশীকরোতি), সর্ব্বস্য

(ব্রহ্মাদিস্তম্বপর্য্যন্তস্ত) ঈশানঃ (ঈশ্বরঃ), সর্ব্বস্ত অধিপতিঃ (সাক্ষাৎ পালকঃ), য এষঃ অন্তর্হৃদয়ে (হৃদয়পুণ্ডরীকে) আকাশঃ (বুদ্ধিবিজ্ঞানাশ্রয়ঃ, পরমাত্মা বা), তস্মিন্ শেতে (বর্ত্ততে)। সঃ (আত্মা) সাধুনা (উত্তমেন) কর্ম্মণা ভূয়ান্ (অধিকঃ) ন, অসাধুনা (অধমেন কর্ম্মণা বা) নো (ন) এব কনীয়ান্ (হীনঃ), [ভবতি]; এষঃ (যথোক্তপ্রকারঃ আত্মা) সর্ব্বেশ্বরঃ, এষ ভূতাধিপতিঃ, এষঃ ভূতপালঃ ; এষঃ (আত্মা) এষাং লোকানাম্ (ভূরাদীনাম্) অসম্ভেদায় (অসাঙ্কর্য্যায়, কর্ম্মফল-বস্তুশক্তি-বিপর্য্যয়-বারণায়) বিধারণঃ (বিধারকঃ) সেতুঃ (সেতুবৎ ভেদব্যবস্থাপকঃ)।

ব্রাহ্মণাঃ (ব্রহ্মনিষ্ঠাঃ) তম্ এতম্ (আত্মানম্) বেদানুবচনেন (বেদাধ্যয়নেন, বেদোক্তেন বা) যজ্ঞেন, দানেন, অনাশকেন (ভোগনিবৃত্ত্যাত্মকেন) তপসা বিবিদিষন্তি (বেদিতুমিচ্ছন্তি); এতম্ (আত্মানম্) এব বিদিত্বা (জ্ঞাত্বা) মুনিঃ (মননশীলঃ) ভবতি। প্রব্রাজিনঃ (সন্ন্যাসিনঃ) এতম্ এব লোকম্ (আত্মানম্) ইচ্ছন্তঃ (কাময়মানাঃ সন্তঃ) প্রব্রজন্তি (প্রব্রজ্যাং কুর্ব্বন্তি); [তত্র প্রব্রজ্যাগ্রহণে হেতুমাহ] এতৎ হ স্ম বৈ তদ্ (এতদেব প্রব্রজ্যাগ্রহণে কারণম্ ; যৎ), [স্ম বৈ ইতি ঐতিহ্যার্থম্]; পূর্ব্বে (অতীতাঃ) বিদ্বাংসঃ [বয়ম্] প্রজয়া (সন্তানেন) কিং করিষ্যামঃ, যেষাং (পরমার্থদৃশাং) (নঃ অস্মাকং) অয়ম্ আত্মা [এব] অয়ং লোকঃ (অভিপ্রেতং ফলম্), তে বয়ং প্রজয়া কিং করিষ্যামঃ —[ইতি কৃত্বা] প্রজাং ন কাময়ন্তে (ন ইচ্ছন্তি)।

তে (বিদ্বাংসঃ) পুত্রৈষণায়াঃ (পুত্রকামনায়াঃ) চ বিত্তৈষণায়াঃ চ লোকৈষণায়াঃ চ ব্যুত্থায় (বিশেষেণ বিরজ্য) অথ (অনন্তরং) ভিক্ষাচর্য্যং চরন্তি (সন্ন্যাসম্ অবলম্বন্তে)। যা হি পুত্রৈষণা, সা এব বিত্তৈষণা, যা বিত্তৈষণা, সা [এব] লোকৈষণা, [অতঃ] এতে হি (নিশ্চয়ে) এব উভে এষণে (পুত্র-লোকৈষণে) ভবতঃ, (ন ততোঽধিকা কাচিৎ এষণা আস্তে ইত্যর্থঃ)।

নেতি নেতি (নেতি নেতীতি সর্ব্বনিষেধাবধিভূতঃ) সঃ এষঃ আত্মা অগৃহ্যঃ (গ্রহীতুমশক্যঃ), [অতঃ] নহি (নৈব) গৃহ্যতে ; অশীর্য্যঃ (শীর্ণতায়া অযোগ্যঃ), [অতঃ] নহি শীর্য্যতে ; অসঙ্গঃ, [অতঃ] নহি সজ্যতে [কেনচিৎ সংসারধর্ম্মেণ ন লিপ্যতে] ; অসিতঃ, [অতঃ] ন ব্যথতে, ন রিষ্যতি (স্বরূপাৎ ন প্রচ্যবতে) ; এতে (বক্ষ্যমাণে কৃতাকৃতে) এতম্ (আত্মানম্) এব উ হ ন তরতঃ (ন অভিভবতঃ) ইতি ; এষঃ (আত্মদর্শী) অতঃ (অস্মৈ ফলায়) পাপম্ অকরবম্ ইতি, অতঃ (অস্মৈ ফলায়) কল্যাণম্ (শুভং কর্ম) অকরবম্ ইতি—এতে উভে

এব (পুণ্যাপুণ্যে) তরতি (অতিক্রামতি); কৃতাকৃতে (নিষিদ্ধস্য করণম্, বিহিতস্য চ অকরণম, এতে) এনম্ (আত্মদর্শিনম্) ন তপতঃ (ন পীড়য়তঃ) ॥৩।১৩।২১॥

মূলানুবাদ ।—এই যে, পূর্ব্বোক্ত সেই মহান্ অজ আত্মা, এবং যাহা প্রাণপদবাচ্য ইন্দ্রিয়বর্গের মধ্যে বিজ্ঞানময়—বুদ্ধিবিজ্ঞানের সহিত সম্মিলিত হইয়া প্রকাশমান, যাহা সকলের বশীকর্ত্তা, সকলের অধিপতি ও সকলের ঈশ্বর, এবং যে আত্মা হৃদয়পুণ্ডরীকের মধ্যবর্ত্তী আকাশ-পদবাচ্য পরমাত্মায় অবস্থিত, সেই আত্মা উত্তম কর্ম্ম দ্বারা বৃদ্ধি পায় না, এবং নিকৃষ্ট কর্ম্ম দ্বারাও হীন হয় না। ইনি সকলের ঈশ্বর, ইনি ভূতাধিপতি, ইনি সর্ব্বভূতের পালক এবং ইনিই সমস্ত জগতের সাংকর্য্য-নিবারণের জন্য জগদ্বিধারক সেতুস্বরূপ।

ব্রাহ্মণগণ বেদপাঠ, যজ্ঞ, দান ও বিষয়োপরতিরূপ তপস্যা দ্বারা সেই এই আত্মাকে জানিতে ইচ্ছা করেন ; ইহাকে জানিয়াই মুনি (মননশীল) হন ; সন্ন্যাসিগণ এই আত্ম-লোক লাভের জন্যই প্রব্রজ্যা বা সন্ন্যাস গ্রহণ করেন। [তাহাদের প্রব্রজ্যাগ্রহণের] ইহাই সেই কারণ যে, প্রাচীন বিদ্বান্‌গণ মনে করেন যে, যে আমাদের এই আত্মলাভই হইতেছে—লক্ষ্য একমাত্র ফল, সেই আমরা প্রজা—সন্তান দ্বারা কি করিব ? এই জন্য তাহারা সন্তান কামনা করেন না ; এই কারণেই তাহারা পুত্র-কামনা, বিত্ত-কামনা ও স্বর্গাদিলোক-কামনা হইতে বিরত হইয়া ভিক্ষাচর্য্যা (সন্ন্যাসগ্রহণ) করিয়া থাকেন। প্রকৃতপক্ষে কিন্তু কামনা (এষণা) দুইটীর অধিক হয় না ; কারণ, যাহা পুত্রৈষণা, তাহাই বিত্তৈষণা, এবং যাহা বিত্তৈষণা, তাহাই লোকৈষণা ; সুতরাং সমুদায়ে দুইটীমাত্র এষণা (কামনা) হইতেছে।

'ইহা নহে, ইহা নহে' (নেতি নেতি) বলিয়া সর্ব্বনিষেধের অবধিরূপে অভিহিত সেই এই আত্মা স্বভাবতই গ্রহণের অযোগ্য ; এই জন্য কোন ইন্দ্রিয় দ্বারা গৃহীত হয় না ; শীর্ণ হইবার অযোগ্য, এই জন্য শীর্ণ হয় না ; অসঙ্গ, এইজন্য কিছুতেই আসক্ত হয় না ; ক্ষয় হইবার অযোগ্য, এই জন্য

কোন ব্যথা পায় না, এবং বিকৃতও হয় না। ইহাকেই কেবল—'আমি এই ফলের জন্য পাপ করিয়াছি, এবং অমুক ফলের জন্য পুণ্য করিয়াছি' এই উভয়প্রকার কৃতাকৃতচিন্তায় অভিভূত করিতে পারে না। এইপ্রকার আত্মদর্শী পুরুষ উক্ত উভয়বিধ কৃতাকৃত—পুণ্য ও পাপ অতিক্রম করেন, ঐ কৃতাকৃতচিন্তা তাহাকে সন্তাপ প্রদান করে না॥ ৩১২॥ ২২॥

শাঙ্করভাষ্যম্।—সহেতুকৌ বন্ধমোক্ষাবভিহিতৌ মন্ত্রব্রাহ্মণাভ্যাম্, শ্লোকৈশ্চ পুনর্মোক্ষস্বরূপং বিস্তরেণ প্রতিপাদিতম্। এবম্ এতস্মিন্ আত্মবিষয়ে সর্বো বেদঃ যথোপযুক্তো ভবতি; তৎ তথা বক্তব্যমিতি তদর্থেয়ং কণ্ডিকা আরভ্যতে। তচ্চ যথা অস্মিন্ প্রপাঠকে অভিহিতং সপ্রয়োজনম্, অনূদ্য অত্রৈবোপযোগঃ কৃৎস্নস্য বেদস্য কাম্যরাশিবর্জিতস্য—ইত্যেবমর্থ উক্তার্থানুবাদঃ "স বা এষঃ" ইত্যাদিঃ। স ইতি উক্তপরামর্শার্থঃ; কোঽসাবুক্তঃ পরামৃশ্যতে? তং প্রতিনির্দিশতি—"য এষ বিজ্ঞানময়ঃ" ইতি,—অতীতানন্তরবাক্যোক্তসম্প্রত্যয়ো মা ভূদিতি "স এষঃ"। কতম এষ ইত্যুচ্যতে—বিজ্ঞানময়ঃ প্রাণেষ্বিতি। উক্তবাক্যোল্লিঙ্গনং সংশয়নিবৃত্ত্যর্থম্; উক্তং হি পূর্বং জনকপ্রশ্নারম্ভে "কতম আত্মেতি, যোঽয়ং বিজ্ঞানময়ঃ প্রাণেষু" ইত্যাদি। ১

টীকা। কণ্ডিকান্তরমবতারয়িতুং বৃত্তং কীর্তয়তি—সহেতুকাবিতি। উত্তরকণ্ডিকাতাৎপর্যমাহ—এবমিতি। বিরজঃ পর ইত্যাদিনোক্তরূপেণাবস্থিতে ব্রহ্মণীতি যাবৎ। তদিত্যুপযুক্তোক্তিঃ। তদর্থা ব্রহ্মাত্মনি সর্বস্য বেদস্য বিনিয়োগপ্রদর্শনার্থেতি যাবৎ। নহু বিবিদিষাবাক্যেন ব্রহ্মাত্মনি সর্বস্য বেদস্য বিনিয়োগো বক্ষ্যতে, তথা চ তস্মাৎ প্রাক্তনং বাক্যং কিমর্থমিত্যাশঙ্ক্যাহ—তচ্চেতি। যথাস্মিন্নধ্যায়ে সকলমাত্মজ্ঞানমুক্তং, তথৈব তদনূদ্যেতি যোজনা। কথং যথোক্তে জ্ঞানে সর্বো বেদো বিনিযোক্তুং শক্যতে, স্বর্গকামাদিবাক্যস্য স্বার্থ এব পর্যবসানাদিত্যাশঙ্ক্য সংযোগপৃথক্ত্বন্যায়মনাদৃত্য বিশিনষ্টি—কাম্যরাশীতি। উক্তস্য সকলস্যাত্মজ্ঞানস্যানুবাদ ইতি যাবৎ। উক্তানাং দ্বয়োর্বিশেষং জ্ঞাতুং পৃচ্ছতি—কোঽসাবিতি। বিশেষণানর্থক্যাশঙ্কাং পরিহরতি—অতীতেতি। তং হি বিরজঃ পর ইত্যাদি, তেনোক্তো যো মহত্ত্বাদিবিশেষণঃ পরমাত্মা, তত্র স-শব্দাৎ প্রতীতিঃ স্যাদিতি কৃত্বা তেন জ্যোতিরাত্মানং জীবং পরামৃশ্য তমেব বৈশদ্যেন স্মারয়িতা তস্য সন্নিহিতেন পরোক্ষাত্মনৈকাম্যেষণদেন নির্দিশতীত্যর্থঃ। বিশেষবাক্যদ্বয়মেব-শব্দং প্রশ্নপূর্বকং ব্যাচষ্টে—কতম ইতি। কথং জীবো বিজ্ঞানময়ঃ, কথং বা প্রাণেষ্বিতি সপ্তমী প্রযুজ্যতে, তত্রাহ—উক্তেতি। তদনুবাদস্য সপক্ষার্থ-সন্দেহাপোহং ফলমাহ—সংশয়েতি। উক্তবাক্যোল্লিঙ্গনমিত্যুক্তং বিবৃণোতি—উক্তং হীতি। ১

এতদুক্তং ভবতি—"যোঽয়ং বিজ্ঞানময়ঃ প্রাণেষু" ইত্যাদিনা বাক্যেন প্রতিপাদিতঃ স্বয়ংজ্যোতিরাত্মা, স এষ কামকর্মাবিদ্যানাম্ অনাত্মধর্মত্বপ্রতিপাদন-

ন্যায়েন যোক্ষিতঃ পরমাত্মভাবমাপাদিতঃ—পর এবায়ং নাত্ম ইতি—এব স সাক্ষাৎ মহানজ আত্মেত্যুক্তঃ। যোঽয়ং বিজ্ঞানময়ঃ প্রাণেষ্বিতি যথাব্যাখ্যা-তার্থ এব। য এষঃ অন্তর্হৃদয়ে হৃদয়পুণ্ডরীকমধ্যে য এব আকাশো বুদ্ধিবিজ্ঞান-সংশ্রয়ঃ, তস্মিন্ আকাশে বুদ্ধিবিজ্ঞানসহিতে শেতে তিষ্ঠতি; অথবা সম্প্রসাদ-কালে অন্তর্হৃদয়ে য এষ আকাশঃ পর এব আত্মা নিরুপাধিকো বিজ্ঞানময়স্য স্বস্বভাবঃ, তস্মিন্ স্বভাবে পরমাত্মনি আকাশাখ্যে শেতে। চতুর্থে এতদ্ব্যাখ্যাতম্ "কৈষ তদা অভূৎ" ইত্যস্য প্রতিবচনত্বেন। ২

যোঽয়ং বিজ্ঞানময়ঃ প্রাণেষু প্রাগুক্তঃ, স এব মহানজ আত্মেতি জীবানুবাদেন পরমাত্মভাবো বিহিত ইতি বাক্যার্থমাহ—এতদিতি। পরমাত্মভাবাপাদনপ্রকারমনুবদতি—সাক্ষাদিতি। বিশেষণবাক্যস্য ব্যাখ্যেয়ত্বপ্রাপ্তাবুক্তবাক্যাম্নিহনমিত্যেতাক্তং স্মারয়তি—যোঽয়মিতি। বাক্যান্তরমবতার্য ব্যাচষ্টে—য এষ ইতি। কথং পুনরাকাশশব্দস্য পরমাত্মবিষয়ত্বমুপেত্য দ্বিতীয়ং ব্যাখ্যানং, তস্যার্থান্তরে রূঢ়ত্বাদিত্যাশঙ্ক্যাহ—চতুর্থ ইতি। ২

"স চ সর্বস্য ব্রহ্মেন্দ্রাদেঃ বশী; সর্বো হি অস্য বশে বর্ত্ততে। উক্তঞ্চ,—"এতস্য বা অক্ষরস্য প্রশাসনে" ইতি। ন কেবলং বশী, সর্ব্বস্য ঈশানঃ ঈশিতা চ ব্রহ্মেন্দ্রপ্রভৃতীনাম্। ঈশিতৃত্বং চ কদাচিৎ জাতিকৃতম্, যথা রাজকুমারস্য বলবত্তরানপি ভৃত্যান্ প্রতি, তদ্বৎ মা ভূদিত্যাহ—সর্ব্বস্যাধিপতিঃ অধিষ্ঠায় পাল-য়িতা, স্বতন্ত্র ইত্যর্থঃ; ন রাজপুত্রবৎ অমাত্যাদিভৃত্যতন্ত্রঃ। ত্রয়মপ্যেতৎ বশিত্বাদি হেতুহেতুমদ্রূপম্—যস্মাৎ সর্ব্বস্যাধিপতিঃ, ততোঽসৌ সর্ব্বস্যেশানঃ; যো হি যমধিষ্ঠায় পালয়তি, স তং প্রতীষ্টে এবেতি প্রসিদ্ধম্, যস্মাৎ চ সর্ব্বস্যেশানঃ, তস্মাৎ সর্ব্বস্য বশীতি। ৩

ইত্থমুক্তং জ্ঞানমনূদ্য তৎফলমনুবদতি—স চেত্যাদিনা। কথং পুনর্নিরুপাধিকস্যেশ্বরস্য বশিত্বং, কথং চ তদভাবে তস্যাত্মনো বিভুত্বমুপপদ্যতে, তত্রাহ—উক্তং চেতি। বিশেষণত্রয়স্য হেতুহেতুমদ্রূপত্বমেব বিশদয়তি—যস্মাদিত্যাদিনা। তত্র প্রসিদ্ধিং প্রমাণয়তি—যো হীতি। ৩

কিঞ্চান্যৎ, স এবম্ভূতো হৃদ্যন্তর্জ্যোতিঃপুরুষো বিজ্ঞানময়ঃ ন সাধুনা শাস্ত্র-বিহিতেন কর্ম্মণা ভূয়ান্ ভবতি ন বর্দ্ধতে—পূর্ব্বাবস্থাতঃ কেনচিদ্ধর্ম্মেণ; নো এব শাস্ত্রপ্রতিষিদ্ধেন অসাধুনা কর্ম্মণা কনীয়ান্ অল্পতরো ভবতি—পূর্ব্বাবস্থাতো ন হীয়ত ইত্যর্থঃ। কিঞ্চ, সর্ব্বো হি অধিষ্ঠানপালনাদি কুর্ব্বন্ পরানুগ্রহ-পীড়াকৃতেন ধর্ম্মাধর্ম্মাখ্যেন যুজ্যতে; অস্যৈব তু কথং তদভাব ইত্যুচ্যতে—যস্মাদেষ সর্ব্বেশ্বরঃ সন্ কর্ম্মণোঽপীশিতুং ভবত্যেব শীলমস্য, তস্মাৎ ন কর্ম্মণা সম্বধ্যতে। কিঞ্চ, এষ ভূতাধিপতিঃ ব্রহ্মাদিস্তম্বপর্য্যন্তানাং ভূতানাম্ অধিপতিরিত্যুক্তার্থং পদম্। ৪

ন কেবলমুক্তমেব বিদ্যাফলং, কিংতর্হ্যন্যদপীত্যাহ—কিঞ্চেতি। এবংভূতত্বং জ্ঞাত

পরমাত্মাভিন্নত্বম্। পরিশুদ্ধস্বমর্থমনূবদতি—বশীতি। ব্রহ্মীভূতস্য বিদুষঃ স্বাতন্ত্র্যাদিবদৈশ্বর্য্যা-স্পর্শিত্বমপি ফলমিত্যর্থঃ। অধিষ্ঠানাদিকর্ত্তৃত্বাবিদুষোঽপি লৌকিকবদৈশ্বর্য্যাদিসংবন্ধিত্বং স্যাদিতি শঙ্কতে—সর্ব্বো হীতি। পরতন্ত্রত্বমুপাধিরিতি পরিহরতি—উচ্যত ইতি। সর্ব্বাধিপত্যরাহিত্যং চোপাধিরিত্যাহ—কিংচেতি। ৪

এষ ভূতানাং তেষামেব পালয়িতা রক্ষিতা। এষ সেতুঃ; কিংবিশিষ্ট ইত্যাহ—বিধরণঃ বর্ণাশ্রমাদিব্যবস্থায়া বিধারয়িতা; তদাহ—এষাং ভূরাদীনাং ব্রহ্মলোকান্তানাং লোকানাম্ অসম্ভেদায় অসম্ভিন্নমর্য্যাদায়ৈ; পরমেশ্বরেণ সেতুবদবিধার্য্যমাণা লোকাঃ সম্ভিন্নমর্য্যাদাঃ স্যুঃ; অতো লোকানামসম্ভেদায় সেতুভূতোঽয়ং পরমেশ্বরঃ, যঃ স্বয়ংজ্যোতিরাত্মৈব। এবংবিৎ সর্ব্বস্য বশী ইত্যাদি ব্রহ্মবিদ্যায়াঃ ফলমেতন্নির্দ্দিষ্টম্। ৫

সর্ব্বপালকত্বরাহিত্যং চোপাধিরিত্যাহ—এষ ইতি। সর্ব্বাধারত্বং চোপাধিরিত্যাহ—এষ ইতি। কথং বিধারয়িতৃত্বমিত্যাশঙ্ক্যাহ—তদাহেতি। তদেব সাধয়তি—পরমেশ্বরেণেতি। সর্ব্বস্য বশীত্যাদিনোক্তমুপসংহরতি—এবংবিদিতি। ৫

"কিংজ্যোতিরয়ং পুরুষঃ" ইত্যেবমাদি-ষষ্ঠপ্রপাঠকবিহিতায়ামেতস্যাং ব্রহ্ম-বিদ্যায়াম্ এবংফলায়াং কাম্যৈকদেশবর্জ্জিতং কৃৎস্নং কর্ম্মকাণ্ডং তাদর্থ্যেন বিনি-যুজ্যতে; তৎ কথম্ ইত্যুচ্যতে—তমেতম্ এবম্ভূতমৌপনিষদং পুরুষম্ বেদানুবচনেন মন্ত্রব্রাহ্মণাধ্যয়নেন নিত্যস্বাধ্যায়লক্ষণেন বিবিদিষন্তি বেদিতুমিচ্ছন্তি; কে? ব্রাহ্মণাঃ; ব্রাহ্মণগ্রহণমুপলক্ষণার্থম্, অবিশিষ্টো হি অধিকারস্ত্রয়াণাং বর্ণানাম্; অথবা কর্ম্মকাণ্ডেন মন্ত্র-ব্রাহ্মণেন বেদানুবচনেন বিবিদিষন্তি। কথং বিবিদি-ষন্তীত্যুচ্যতে—যজ্ঞেনেত্যাদি। ৬

সফলং জ্ঞানমনূদ্য বিবিদিষাবাক্যমবতারয়তি—কিংজ্যোতিরিতি। এবংফলায়াং সর্ব্বস্য বশীত্যাদিনোক্তফলোপেতায়ামিতি যাবৎ। তাদর্থ্যেন পরম্পরয়া জ্ঞানোৎপত্তিশেষত্বেনেত্যর্থঃ। বিনিযোজকং বাক্যমাকাঙ্ক্ষাপূর্ব্বকমাদায় ব্যাচষ্টে—তৎ কথমিত্যাদিনা। এবংভূতং শ্লোকোক্ত-বিশেষণমিত্যর্থঃ। ব্রাহ্মণস্য ক্ষত্রিয়াদ্যুপলক্ষণত্বে হেতুমাহ—অবিশিষ্টো হীতি। সম্ভাবিতং পক্ষান্তরমাহ—অথবেতি। তেন বিবিদিষাপ্রকারঃ প্রশ্নপূর্ব্বকং বিবৃণোতি—কথমিত্যাদিনা। ৬

যে পুনর্ম্মন্ত্রব্রাহ্মণলক্ষণেন বেদানুবচনেন প্রকাশ্যমানং বিবিদিষন্তীতি ব্যাচক্ষতে, তেষামারণ্যকমাত্রমেব বেদানুবচনং স্যাৎ; ন হি কর্ম্মকাণ্ডেন পর আত্মা প্রকাশ্যতে, "তন্ত্বৌপনিষদম্" ইতি বিশেষশ্রুতেঃ। বেদানুবচনেনেতি চাবিশেষিতত্বাৎ সমস্তগ্রাহীদং বচনম্; ন চ তদেকদেশোৎসর্গো যুক্তঃ। নন্বৎপক্ষেঽপি উপনিষদ্বর্জ্জমিতি একদেশত্বং স্যাৎ; ন, আত্মব্যাখ্যানেঽবিরোধাৎ অস্মৎপক্ষে নৈষ দোষো ভবতি। যদা বেদানুবচনশব্দেন নিত্যঃ স্বাধ্যায়ো

বিধীয়তে, তদা উপনিষদপি গৃহীতৈবেতি, বেদানুবচনশব্দার্থৈকদেশো ন পরিত্যক্তো ভবতি। ৭

কর্ম্মপ্রপঞ্চপ্রস্থানমুখাপ্য প্রত্যাচষ্টে—যে পুনরিত্যাদিনা। তত্র হেতুমাহ—ন হীতি। ভবতু উপনিষন্মাত্রগ্রহণমিত্যাশঙ্ক্য বেদো বা অনূচ্যতে গুরুচ্চারণানন্তরং পঠ্যত ইতি ব্যুৎপত্তের্বেদানুবচনশব্দেন সমস্তবেদগ্রহে সম্ভবতি তদেকদেশত্যাগো ন যুক্ত ইত্যাহ—বেদেতি। বেদসামান্যশব্দতে—নহীতি। নিষ্কাষ্টেহপ্যুপনিষদং বর্জয়িত্বা বেদানুবচনশব্দেন কর্ম্মকাণ্ড গৃহীতমিতি কৃত্বা তস্য বেদৈকদেশবিষয়ত্বং স্যাৎ, উক্তঞ্চ—

"যত্রোভয়োঃ সমো দোষঃ পরিহারোঽপি বা সমঃ।
নৈকঃ পর্য্যনুযোক্তব্যস্তাদৃগর্থবিচারণে॥"

ইতি স্যাদ্বিরোধ ইত্যর্থঃ। নিত্যস্বাধ্যায়ো বেদানুবচনমিতি পক্ষমাদায় পরিহরতি—নেত্যাদিনা। বেদৈকদেশপরিগ্রহপরিত্যাগাত্মকবিরোধাভাবং সাধয়তি—যদেতি। ৭

যজ্ঞাদিসহপাঠাচ্চ—যজ্ঞাদীনি কর্ম্মাণ্যেব অস্মিন্ক্রমিষ্যন্ বেদানুবচনশব্দ প্রযুক্তে; তস্মাৎ কর্ম্মৈব বেদানুবচনশব্দেনোচ্যত ইতি গম্যতে; কর্ম্ম হি নিত্য স্বাধ্যায়ঃ। কথং পুনর্নিত্যস্বাধ্যায়াদিভিঃ কর্ম্মভিরাত্মানং বিবিদিষন্তি? নৈব হি তান্যাত্মানং প্রকাশয়ন্তি, যথোপনিষদঃ। নৈষ দোষঃ, কর্ম্মণাং বিশুদ্ধিহেতুত্বাৎ; কর্ম্মভিঃ সংস্কৃতা হি বিশুদ্ধাত্মানঃ শক্নুবন্তি আত্মানম্ উপনিষৎপ্রকাশিতম্ অপ্রতিবন্ধেন বেদিতুম্; তথা হ্যাথর্ব্বণে—"বিশুদ্ধসত্ত্বস্ততস্তু তং পশ্যতে নিষ্কলং ধ্যায়মানঃ" ইতি; স্মৃতিশ্চ—"জ্ঞানমুৎপদ্যতে পুংসাং ক্ষয়াৎ পাপস্য কর্ম্মণঃ" ইত্যাদি। ৮

তর্হি ব্যাখ্যানান্তরমুপেক্ষিতমিত্যাশঙ্ক্য তদপি বাক্যশেষবশাদপেক্ষিতমেবেত্যাহ—যজ্ঞাদীতি। সংগ্রহবাক্যং বিবৃণোতি—যজ্ঞাদীনি কর্ম্মাণীতি। তর্হি প্রথমব্যাখ্যানে কথং বাক্যশেষোপপত্তিরিত্যাশঙ্ক্যাহ—কর্ম্ম হীতি। বেদানুবচনাদীনামাত্মবিবিদিষাসাধনত্বমাক্ষিপতি—কথমিতি। উপনিষদ্ভিরেবাত্মা জ্ঞায়তে, তৈরপি জ্ঞায়তামিত্যাশঙ্ক্যাহ—নৈবেতি। কর্ম্মণামপ্রমাণত্বেঽপি পরম্পরয়া জ্ঞানহেতুত্বাৎ বিবিদিষাশ্রুতিরবিরুদ্ধেতি সমাধত্তে—নৈষ দোষ ইতি। তদেব স্ফুটয়তি—কর্ম্মভিরিতি। তত্র শ্রুত্যন্তরং প্রমাণয়তি—তথা হীতি। ততো নিত্যানুষ্ঠানাদ্বিশুদ্ধধীরাত্মানং সদা চিন্তয়ন্নুপনিষদ্ভিস্তং পশ্যতীত্যর্থঃ। আদিশব্দেন কষায়পক্তিরিত্যাদিস্মৃতিসংগ্রহঃ। ৮

কথং পুনর্নিত্যানি কর্ম্মাণি সংস্কারার্থানীত্যবগম্যতে? "স হ বা আত্মযাজী, যো বেদেদং মেঽনেনাঙ্গং সংস্ক্রিয়তে, ইদং মেঽনেনাঙ্গমুপধীয়তে" ইত্যাদিশ্রুতেঃ। সর্ব্বেষু চ স্মৃতিশাস্ত্রেষু কর্ম্মাণি সংস্কারার্থান্যেব আচক্ষতে—"অষ্টাচত্বারিংশৎ সংস্কারাঃ" ইত্যাদিষু। গীতাসু চ—

"যজ্ঞো দানং তপশ্চৈব পাবনানি মনীষিণাম্।"

"সর্ব্বেঽপ্যেতে যজ্ঞবিদো যজ্ঞক্ষপিতকল্মষাঃ॥" ইতি।

যজ্ঞেনেতি—দ্রব্যযজ্ঞা জ্ঞানযজ্ঞাশ্চ সংস্কারার্থাঃ। সংস্কৃতস্ত চ বিশুদ্ধসত্ত্বস্ত জ্ঞানোৎপত্তিরপ্রতিবন্ধেন ভবিষ্যতি, অতো যজ্ঞেন বিবিদিষন্তি। দানেন—দানমপি পাপক্ষয়হেতুত্বাৎ ধর্ম্মবৃদ্ধিহেতুত্বাচ্চ। তপসা—তপ ইত্যবিশেষেণ কৃচ্ছ্র-চান্দ্রায়ণাদিপ্রাপ্তৌ বিশেষণম্—অনাশকেনেতি; কামানশনমনাশকম্, ন তু ভোজননিবৃত্তিঃ; ভোজননিবৃত্তৌ ম্রিয়ত এব, নাত্মবেদনম্। ৯

নিত্যকর্ম্মণাং সংস্কারার্থত্বে প্রমাণং পৃচ্ছতি—কথমিতি। যদ্যপি শ্রুতিস্মৃতিভ্যাং কর্ম্মভিঃ সংস্কৃতস্তোপনিষদ্ভিরাত্মা জ্ঞাতুং শক্যতে, তথাপি তেষাং সংস্কারার্থত্বে কিং প্রমাণমিতি প্রশ্নে স্মৃতিস্মৃতী প্রমাণয়তি—স হ বা ইত্যাদিনা। কিং পুনঃ স্মৃতিশাস্ত্রং, তদাহ—অষ্টাচত্বারিংশ-দিতি। অষ্টাবন্বারম্ভাদয়ো গুণাশ্চত্বারিংশদ্গর্ভাধানাদয়ঃ সংস্কারা ইতি বিভাগঃ। বহু-বচনোপাত্তং স্মৃত্যন্তরমাহ—গীতাসু চেতি। পদান্তরমাদায় ব্যাচষ্টে—যজ্ঞেনেতীতি। তেষাং সংস্কারার্থত্বেঽপি কথং জ্ঞানসাধনত্বমিত্যাশঙ্ক্যাহ—সংস্কৃতস্তেতি। দানেন বিবিদিষন্তীতি পূর্ব্বেণ সম্বন্ধঃ। কথং পুনঃ স্বতন্ত্রং দানং বিবিদিষাকারণমত আহ—দানমপীতি। বিবিদিষা-হেতুরিতি শেষঃ। তপসেত্যত্রাপি পূর্ব্ববদন্বয়ঃ। কামানশনং রাগদ্বেষরহিতৈরিন্দ্রিয়ৈর্বিষয়-সেবনং যদৃচ্ছালাভসন্তুষ্টত্বমিতি যাবৎ। যথাশ্রুতার্থত্বে কা হানিরিত্যাশঙ্ক্যাহ—ন ত্বিতি। ৯

বেদানুবচন-যজ্ঞ-দান-তপঃশব্দেন সর্ব্বমেব নিত্যং কর্ম্ম উপলক্ষ্যতে; এবং কাম্যবর্জ্জিতং নিত্যং কর্ম্মজাতং সর্ব্বম্ আত্মজ্ঞানোৎপত্তিদ্বারেণ মোক্ষসাধনত্বং প্রতিপদ্যতে; এবং কর্ম্মকাণ্ডেন অস্যৈকবাক্যতাবগতিঃ। এবং যথোক্তেন ন্যায়েনৈতমেব আত্মানং বিদিত্বা যথাপ্রকাশিতম্, মুনির্ভবতি—মননাৎ মুনির্যোগী ভবতীত্যর্থঃ। এতমেব বিদিত্বা মুনির্ভবতি নান্যম্। ১০

ভবতু উপাত্তানাং বেদানুবচনাদীনামিষ্যমাণে জ্ঞানে বিনিয়োগস্তথাপি কথং সর্ব্বং নিত্যং কর্ম্ম তত্র বিনিযুক্তমিত্যাশঙ্ক্যাহ—বেদানুবচনেতি। উপলক্ষণফলমাহ—এবমিতি। প্রধানস্য কর্ম্মণো মুক্তিহেতুত্বে কাণ্ডদ্বয়স্যৈকবাক্যত্বমপি সিধ্যতীত্যাহ—এবং কর্ম্মেতি। বাক্যান্তরমবতার্য্য ব্যাকরোতি—এবমিতি। তস্যৈবার্থমাহ—যথোক্তেনেতি। যজ্ঞাদ্যনুষ্ঠানাদ্বিশুদ্ধিদ্বারা বিবি-দিষোৎপত্তৌ গুরুপাদোপসর্পণং শ্রবণাদি চেত্যনেন ক্রমেণেত্যর্থঃ। যথাপ্রকাশিতং মোক্ষ-প্রকরণে মধুব্রাহ্মণাত্তাদনুক্রান্তলক্ষণমিত্যর্থঃ। যোগিশব্দো জীবন্মুক্তবিষয়ঃ। এবকারং ব্যাকরোতি—এতমেবেতি। ১০

নন্বন্যবেদনেঽপি মুনিত্বং স্যাৎ; কথমবধার্য্যতে—এতমেবেতি। বাঢ়ম্, অন্য-বেদনেঽপি মুনির্ভবেৎ, কিন্তু অন্যবেদনে ন মুনিরেব স্যাৎ, কিং তর্হি? কর্ম্ম্যপি ভবেৎ সঃ। এতং তু ঔপনিষদং পুরুষং বিদিত্বা মুনিরেব স্যাৎ, ন তু কর্ম্মী, অতোঽসাধারণং মুনিত্বং বিবক্ষিতমস্যেতি অবধারয়তি—এতমেবেতি। এতস্মিন্ হি বিদিতে, কেন কং পশ্যেদিত্যেবং ক্রিয়াঽসম্ভবাৎ মননমেব স্যাৎ। কিঞ্চ,

এতমেব আত্মানং স্বং লোকমিচ্ছন্তঃ প্রার্থয়ন্তঃ প্রব্রাজিনঃ প্রব্রজনশীলাঃ প্রব্রজন্তি প্রকর্ষেণ ব্রজন্তি—সর্ব্বাণি কর্ম্মাণি সন্ন্যস্যন্তীত্যর্থঃ। ১১

অবধারণমাক্ষিপ্য সমাধত্তে—নহীত্যাদিনা। এবকারস্তর্হি ত্যজ্যতামিত্যাশঙ্ক্যাহ—কিঞ্চেতি। আত্মবেদনেঽপি কশ্চিৎ স্যাদিতি চেত্তত্রাহ—এতং হীতি। কথমাত্মবিদোঽপি মুনিত্বমসাধারণং, তদাহ—এতস্মিন্নিতি। ইতশ্চাত্মবিদো ন কশ্চিদন্যদিত্যাহ—কিঞ্চেতি। আত্মলোকমিচ্ছতাং মুমুক্ষূণামপি কশ্চিৎ সাধনবশাদাত্মবিদাং ন কশ্চিদিতি কিং বক্তব্যমিত্যর্থঃ। তাদ্বীন বৈরাগ্যাতিশয়শালিত্বম্। ১১

“এতমেব লোকমিচ্ছন্তঃ” ইত্যবধারণাৎ ন বাহ্যলোকত্রয়েপ্সূনাং পারিব্রাজ্যেঽধিকার ইতি গম্যতে। ন হি গঙ্গাদ্বারং প্রতিপিৎসুঃ কাশীদেশনিবাসী পূর্ব্বাভিমুখঃ প্রৈতি; তস্মাদ্বাহ্যলোকত্রয়প্রাপ্তিনাং পুত্রকর্ম্মাপরব্রহ্মবিদ্যাঃ সাধনম্, “পুত্রেণায়ং লোকো জয্যো নান্যেন কর্ম্মণা” ইত্যাদিশ্রুতেঃ। অতস্তদর্থিভিঃ পুত্রাদি সাধনং প্রত্যাখ্যায় ন পারিব্রাজ্যং প্রতিপত্তুং যুক্তম্, অতৎসাধনত্বাৎ পারিব্রাজ্যস্য। তস্মাৎ “এতমেব লোকমিচ্ছন্তঃ প্রব্রজন্তি” ইতি যুক্তমবধারণম্। আত্মলোকপ্রাপ্তির্হি অবিদ্যানিবৃত্তৌ স্বাত্মন্যবস্থানমেব; তস্মাদাত্মানং চেৎ লোকমিচ্ছতি যঃ, তস্য সর্ব্বক্রিয়োপরম এবাত্মলোকসাধনং মুখ্যমন্তরঙ্গম্, যথা পুত্রাদিরেব বাহ্যলোকত্রয়স্য, পুত্রাদিকর্ম্মণ আত্মলোকং প্রত্যসাধনত্বাৎ; অসম্ভবেন চ বিরুদ্ধত্বমবোচাম। ১২

অবধারণসামর্থ্যসিদ্ধমর্থমাহ—এতমেবেতি। পারিব্রাজ্যে লোকত্রয়ার্থিনামনধিকারে দৃষ্টান্তমাহ—ন হীতি। লোকত্রয়ার্থিনশ্চেৎ পারিব্রাজ্যে নাধিক্রিয়ন্তে, কুত্র তর্হি তেষামধিকারস্তত্রাহ—তস্মাদিতি। স্বর্গকামস্য স্বর্গসাধনে যাগেঽধিকারবল্লোকত্রয়ার্থিনামপি তৎসাধনে পুত্রাদাবধিকার ইত্যর্থঃ। পুত্রাদীনাং বাহ্যলোকসাধনত্বে প্রমাণমাহ—পুত্রেণেতি। পুত্রাদীনাং লোকত্রয়সাধনত্বে সিদ্ধে ফলিতমাহ—অত ইতি। অতৎসাধনত্বং লোকত্রয়ং প্রত্যনুপায়ত্বম্। অবধারণার্থমুপসংহরতি—তস্মাদিতি। লোকত্রয়ার্থিনাং পরিব্রাজ্যেঽনধিকারাদিতি যাবৎ। আত্মলোকস্য স্বরূপত্বেন সদাপ্তত্বাৎ কথং তত্রেচ্ছেত্যাশঙ্ক্যাহ—আত্মেতি। তস্যাত্মত্বেন নিত্যপ্রাপ্তত্বেঽপ্যবিদ্যয়া ব্যবহিতত্বাৎ প্রেপ্সা সম্ভবতীতি ভাবঃ।

ভবত্বাত্মলোকপ্রেপ্সা, তথাপি কিং তৎপ্রাপ্তিসাধনং, তদাহ—তস্মাদিতি। অবিদ্যাবশাৎ তদীপ্সাসম্ভবাদিত্যর্থঃ। তদিচ্ছায়া দৌর্লভ্যং দ্যোতয়িতুং চেচ্ছব্দঃ। মুখ্যং ক্রত্বাক্ষরপ্রতিপন্নম্। প্রণাড়িকাসাধনেভ্যো বেদানুবচনাদিভ্যো বিশেষমাহ—অন্তরঙ্গমিতি। পারিব্রাজ্যমেবাত্মলোকস্যান্তরঙ্গসাধনমিতি দৃষ্টান্তমাহ—যথেতি। তথা পারিব্রাজ্যমেবাত্মলোকস্য সাধনমিতি শেষঃ। পারিব্রাজ্যমেবেতি নিয়মে হেতুমাহ—পুত্রাদীতি। তস্যাত্র বিনিযুক্তত্বাদিতি শেষঃ। যদ্যপি কেবলং পুত্রাদিকং নাত্মলোকপ্রাপকং, তথাপি পারিব্রাজ্যসমুচ্চিতং তথা স্যাদিত্যাশঙ্ক্যাহ—অসম্ভবেনেতি। ন হি পরিব্রাজকস্য পুত্রাদি, তদ্বতো বা পারিব্রাজ্যং

সংভবতি। উক্তং চ সমুচ্চয়ঃ নিরাকুর্ব্বদ্ভিঃ সপরিকরস্য জ্ঞানস্য কর্ম্মাদিনা বিরুদ্ধত্বং, তেন কুতঃ সমুচ্চিতং পুত্রাদ্যাত্মলোকপ্রাপকমিত্যর্থঃ। ১২

তস্মাদাত্মানং লোকমিচ্ছন্তঃ প্রব্রজন্ত্যেব সর্ব্বক্রিয়াভ্যো নিবর্ত্তেরন্নেবেত্যর্থঃ। যথা চ বাহ্যলোকত্রয়ার্থিনঃ প্রতিনিয়তানি পুত্রাদীনি সাধনানি বিহিতানি, এবমাত্মলোকার্থিনঃ সর্ব্বৈষণানিবৃত্তিং পারিব্রাজ্যং ব্রহ্মবিদো বিধীয়ত এব। ১৩

সাধনান্তরাসংভবে ফলিতমুপসংহরতি—তস্মাদাত্মানমিতি। প্রব্রজন্তীতি বর্ত্তমানাপদেশাত্র বিধিরস্তীত্যাশঙ্ক্যাধিকারাৎ স্তুহোতীতিবদ্বিধিমাশ্রিত্যাহ—যথা চেতি। ১৩

কুতঃ পুনস্তে আত্মলোকার্থিনঃ প্রব্রজন্ত্যেবেত্যুচ্যতে; তত্রার্থবাদবাক্যরূপেণ হেতুং দর্শয়তি—এতৎ হ স্ম বৈ তৎ। তদেতৎ পারিব্রাজ্যে কারণমুচ্যতে—হ স্ম বৈ কিল, পূর্ব্বে অতিক্রান্তকালীনা বিদ্বাংসঃ আত্মজ্ঞাঃ প্রজাং কর্ম্ম অপরব্রহ্মবিদ্যাঞ্চ; প্রজোপলক্ষিতং হি ত্রয়মেতৎ বাহ্যলোকত্রয়সাধনং নির্দ্দিশ্যতে—প্রজামিতি। প্রজাং কিম্? ন কাময়ন্তে, পুত্রাদিলোকত্রয়সাধনং নানুতিষ্ঠন্তীত্যর্থঃ। ১৪

পারিব্রাজ্যবিধিমুক্ত্বা তদপেক্ষিতমর্থবাদমাকাঙ্ক্ষাপূর্ব্বকমুত্থাপয়তি—কুতঃ পুনরিতি। উত্থাপিতস্যার্থবাদস্য তাৎপর্য্যমাহ—তত্রেতি। আত্মলোকার্থিনাং পারিব্রাজ্যনিয়মঃ সপ্তম্যর্থঃ। অর্থবাদস্থাক্ষরাণি ব্যাচষ্টে—তদেতদিতি। ক্রিয়াপদেন স্মেতি সংবধ্যতে। নিপাতসমুদায়ার্থমাহ—কিলেতি। প্রজাং ন কাময়ন্ত ইত্যুত্তরত্র সংবন্ধঃ। প্রজামাত্রে শ্রুতে কথং কর্ম্মাদি গৃহ্যতে, তত্রাহ—প্রজেতি। আকাঙ্ক্ষাপূর্ব্বকমনন্তরবাক্যমাচষ্টে—প্রজাং কিমিতি। অকাময়মানত্বস্য পর্য্যবসানং দর্শয়তি—পুত্রাদীতি। ১৪

নন্বপরব্রহ্মদর্শনমনুতিষ্ঠন্ত্যেব; তদ্বলাদ্ধি ব্যুত্থানম্; ন, অপবাদাৎ; "ব্রহ্ম তং পরাদাদ্যোঽন্যত্রাত্মনো ব্রহ্ম বেদ", 'সর্ব্বং তং পরাদাৎ' ইত্যপরব্রহ্মদর্শনমপাপবদন্ত্যেব, অপরব্রহ্মণোঽপি সর্ব্বমধ্যান্তর্ভাবাৎ; "যত্র নান্যৎ পশ্যতি" ইতি চ পূর্ব্বাপরবাহ্যান্তরদর্শনপ্রতিষেধাচ্চ—"অপূর্ব্বমনপরমনন্তরমবাহ্যম্" ইতি, "তৎ কেন কং পশ্যেদ্বিজানীয়াৎ" ইতি চ। তস্মাৎ ন আত্মদর্শনব্যতিরেকেণ অন্যদ্ব্যুত্থানকারণমপেক্ষতে। ১৫

পূর্ব্বে বিদ্বাংসঃ সাধনত্রয়ং নানুতিষ্ঠন্তীত্যুক্তমাক্ষিপতি—নন্বিতি। এবমপ্যন্যো ব্যুত্তিষ্ঠতাং কিং তদনুষ্ঠানেনেত্যাশঙ্ক্যাহ—তদ্বলাদ্ধীতি। আত্মবিদামপরবিদ্যানুষ্ঠানং দূষয়তি—নাপবাদাদিতি। অথাত্র সর্ব্বস্যানাত্মনো দর্শনমেবাপোদ্যতে, ন ত্বপরস্য ব্রহ্মণো দর্শনমত আহ—অপরব্রহ্মণোঽপীতি। তদপবাদে শ্রুত্যন্তরমাহ—যত্রেতি। যস্মিন্ ভূম্নি স্থিতশ্চক্ষুরাদিভিরন্যৎ ন পশ্যতি ন শৃণোতীত্যাদিনা চ দর্শনাদিব্যবহারস্য বারিতত্বাদাত্মবিদো ন যুক্তমপরব্রহ্মদর্শনমিত্যর্থঃ। তত্রৈব হেত্বন্তরমাহ—পূর্ব্বেতি। প্রতিষেধপ্রকারমভিনয়তি—অপূর্ব্বমিতি। ইতশ্চাত্মবিদাং নাপরব্রহ্মদর্শনমিত্যাহ—তৎ কেনেতি। অপরব্রহ্মদর্শনাসংভবে কিং তেষামেষণাভ্যো ব্যুত্থানে কারণমিত্যাশঙ্ক্যাহ—তস্মাদিতি। ১৫

কঃ পুনস্তেষামভিপ্রায় ইত্যুচ্যতে—কিং প্রয়োজনং ফলং সাধ্যং করিষ্যামঃ প্রজয়া সাধনেন ; প্রজা হি বাহ্যলোকত্রয়সাধনং নির্জ্ঞাতা ; স চ বাহ্যো লোকো নাস্তি অস্মাকমাত্মব্যতিরিক্তঃ ; সর্ব্বং হি অস্মাকমাত্মভূতমেব, সর্ব্বস্য চ বয়মাত্মভূতাঃ। আত্মা চ আত্মত্বাদেব ন কেনচিৎ সাধনেন উৎপাদ্য আপ্যো বিকার্য্যঃ সংস্কার্য্যো বা। ১৬

সাধনত্রয়সন্ন্যাসযুক্তিং তামভিপ্রায়ং প্রশ্নপূর্ব্বকমাহ—কঃ পুনরিত্যাদিনা। কৈবল্যমেব তৎসাধ্যং ফলমিত্যাশঙ্ক্যাহ—প্রজা হীতি। নির্জ্ঞাতা লোকোঽয়মিত্যাদিশ্রুতাবিতি শেষঃ। স এব তর্হি প্রজয়া সাধ্যতামিতি চেন্নেত্যাহ—স চেতি। আত্মব্যতিরিক্তো নাস্তীত্যুক্তমুপপাদয়তি—সর্ব্বমিতি। আত্মব্যতিরিক্তস্যৈব লোকস্য প্রজাদিসাধ্যত্বমিষ্যতামিতি চেন্নেত্যাহ—আত্মা চেতি। ১৬

যদপি আত্মযাজিনঃ সংস্কারার্থং কর্ম্মেতি, তদপি কার্য্যকরণাত্মদর্শনবিষয়মেব, "ইদং মে অনেনাঙ্গং সংস্ক্রিয়তে"—ইত্যঙ্গাঙ্গিত্বাদিশ্রবণাৎ ; ন হি বিজ্ঞানঘনৈকরসনৈরন্তর্য্যদর্শিনঃ অঙ্গাঙ্গিসংস্কারোপপাদনদর্শনং সম্ভবতি ; তস্মান্ন কিঞ্চিৎ প্রজাদিসাধনৈঃ করিষ্যামঃ ; অবিদুষাং হি তৎ প্রজাদিসাধনৈঃ কর্ত্তব্যং ফলম্ ; ন হি মৃগতৃষ্ণিকায়ামুদকপানায় তদুদকদর্শী প্রবৃত্তঃ—ইতি তত্রোষরমাত্রমুদকাভাবং পশ্যতোঽপি প্রবৃত্তির্যুক্তা। এবমস্মাকমপি পরমার্থাত্মলোকদর্শিনাং প্রজাদিসাধনসাধ্যে মৃগতৃষ্ণিকাদিসমে অবিদ্বদ্দর্শনবিষয়ে ন প্রবৃত্তির্যুক্তেত্যভিপ্রায়ঃ। ১৭

আত্মযাজিনঃ সংস্কারার্থং কর্ম্মেত্যঙ্গীকারাদাত্মনোঽস্তি সংস্কার্য্যত্বমিত্যাশঙ্ক্যাহ—যদপীতি। অঙ্গাঙ্গিত্বং সংস্কার্য্যত্বং চ পুত্রাত্মদর্শনবিষয়মেব কিং নেষ্যতে, তত্রাহ—ন হীতি। আত্মবিদা প্রজাদিসাধ্যাভাবমুপসংহরতি—তস্মান্নেতি। কেষাং তর্হি প্রজাদিভিঃ সাধ্যং ফলং, তত্রাহ—অবিদুষাং হীতি। কেষাঞ্চিৎ পুত্রাদিষু প্রবৃত্তিশ্চেত্তেনৈব ন্যায়েন বিদুষামপি তেষু প্রবৃত্তিঃ স্যাদিত্যাশঙ্ক্যাহ—ন হীতি। তত্র প্রবৃত্তিরিতি সংবন্ধঃ। অবিদ্বদ্দর্শনবিষয় ইতি চ্ছেদঃ। ১৭

তদেতদুচ্যতে—যেষামস্মাকং পরমার্থদর্শিনাং নঃ," অয়মাত্মা অশনায়াদিবিনির্মুক্তঃ সাধ্বসাধুভ্যামবিকার্য্যঃ অয়ং লোকঃ ফলমভিপ্রেতম্। ন চাস্যাত্মনঃ সাধ্যসাধনাদি-সর্ব্বসংসারধর্ম্মবিনির্মুক্তস্য সাধনং কিঞ্চিদেষিতব্যম্ ; সাধ্যস্য হি সাধনান্বেষণা ক্রিয়তে, অসাধ্যস্য সাধনান্বেষণায়াম্ জলবুদ্ধ্যা স্থল ইব তরণং কৃতং স্যাৎ, খে বা শাকুনপদান্বেষণম্। ১৮

উক্তেঽর্থে বাক্যমবতার্য্য ব্যাচষ্টে—তদেতদিতি। আত্মা চেত্তদভিপ্রেতং ফলং, তর্হি তত্র সাধনেন ভবিতব্যমিত্যাশঙ্ক্যাহ—ন চেতি। ক তর্হি সাধনমেষ্টব্যমিত্যাশঙ্ক্যাহ—সাধ্যস্যেতি। বিপক্ষে দোষমাহ—অসাধ্যস্যেতি। ১৮

তস্মাৎ এতমাত্মানং বিদিত্বা প্রব্রজেয়ুরেব ব্রাহ্মণাঃ, ন কর্ম্মারভেরন্নিত্যর্থঃ। যস্মাৎ পূর্ব্বে এব ব্রাহ্মণা এবং বিদ্বাংসঃ প্রজাদিকাময়মানাঃ, তে এবং সাধ্যসাধন-

স ব্যবহারং নিবন্ধস্তঃ অবিদ্বদ্বিষয়োঽয়মিতি কৃত্বা, কিং কৃতবন্ত ইত্যুচ্যতে—তে হ স্ম কিল পুত্রৈষণায়াশ্চ বিত্তৈষণায়াশ্চ লোকৈষণায়াশ্চ ব্যুত্থায় অথ ভিক্ষাচর্য্যং চরন্তীত্যাদি ব্যাখ্যাতম্। তস্মাদাত্মানং লোকমিচ্ছন্তঃ প্রব্রজন্তি—প্রব্রজেযুরিত্যেষ নিধিরর্থবাদেন সম্বধ্যতে; ন হি সার্থবাদস্যাস্য লোকস্তুত্যাভিমুখ্যমুপপদ্যতে; প্রব্রজন্তীত্যস্যার্থবাদরূপো হি এতদ্ধ স্ম ইত্যাদিরুত্তরো গ্রন্থঃ। অর্থবাদশ্চেৎ, ন অর্থবাদান্তরমপেক্ষেত; অপেক্ষতে তু 'এতদ্ধ স্ম' ইত্যাদ্যর্থবাদং 'প্রব্রজন্তি' ইত্যেতৎ। ১৯

সেযমিত্যাদিবাক্যার্থমুপসংহরতি—তস্মাদিতি। ব্রাহ্মণানাং ব্রহ্মবিদাং প্রজ্ঞাদিভিঃ সাধ্যাভাবাদিতি যাবৎ। বাক্যান্তরং প্রশ্নদ্বারেণাবতার্য্য পাক্ষিকং ব্যাখ্যানং তস্য স্মারয়তি—ত এবমিত্যাদিনা। যদর্থোঽয়মর্থবাদস্তং বিধিং নিগময়তি—তস্মাদিতি। মহানুভাবোঽয়মাত্মলোকো যস্তদর্থিনো দুষ্করমপি পারিব্রাজ্যং কুর্ব্বন্তীতি স্তুতিরত্র বিবক্ষিতা, ন বিধিরিত্যাশঙ্ক্যাহ—ন হীতি। তদেব প্রপঞ্চয়তি—প্রব্রজন্তীত্যস্যেতি। তথাপি প্রব্রজন্তীতিবাক্যস্যার্থবাদত্বং কিং ন স্যাদিত্যাশঙ্ক্যাহ—অর্থবাদশ্চেদিতি। ১৯

যস্মাৎ পূর্ব্বে বিদ্বাংসঃ প্রজাদিকর্ম্মভ্যো নিবৃত্তাঃ প্রব্রজিতবন্ত এব, তস্মাদধুনাতনা অপি প্রব্রজন্তি প্রব্রজেয়ুঃ—ইত্যেবং সম্বধ্যমানং ন লোকস্তুত্যভিমুখং ভবিতুমর্হতি; বিজ্ঞানসমানকর্তৃকত্বোপদেশাদিত্যাদিনা অবোচাম। বেদানুবচনাদিসহপাঠাচ্চ; যথা আত্মবেদনসাধনত্বেন বিহিতানাং বেদানুবচনাদীনাং যথার্থত্বমেব, নার্থবাদত্বম্, তথা তৈরেব সহ পঠিতস্য পারিব্রাজ্যস্যাত্মলোকপ্রাপ্তিসাধনত্বেন অর্থবাদত্বমযুক্তম্। ফলবিভাগোপদেশাচ্চ; "এতমেবাত্মানং লোকং বিদিত্বা" ইতি অন্যস্মাদাত্মনঃ লোকাদাত্মানং ফলান্তরত্বেন প্রবিভজতি, যথা—পুত্রেণৈবায়ং লোকো জয্যঃ, নান্যেন কর্ম্মণা, কর্ম্মণা পিতৃলোক ইতি। ন চ প্রব্রজন্তীত্যেতৎ প্রাপ্তবৎ লোকস্তুতিপরম্, প্রধানবচ্চার্থবাদাপেক্ষম্, সকৃৎশ্রুতং স্যাৎ। তস্মাদ্ ভ্রান্তিরেবৈষা—লোকস্তুতিপরমিতি। ২০

অপেক্ষাপ্রকারমেব প্রকটয়ংস্তস্য স্তুত্যভিমুখত্বাভাবাদ্বিধিত্বমেবেত্যাহ—যস্মাদিতি। কিঞ্চ বিদিত্বা ব্যুত্থায় ভিক্ষাচর্য্যং চরন্তীত্যত্র বিজ্ঞানেন সমানকর্তৃকত্বং ব্যুত্থানাদেরুপদিশ্যতে, বিজ্ঞানং চ সর্ব্বোপনিষৎসু বিধীয়তেঽতো ব্যুত্থানমপি বিধিমর্হতীত্যুক্তং, তথা চাত্রাপি ব্যুত্থানাপরপর্য্যায়ং পারিব্রাজ্যং বিধেয়মিত্যাহ—বিজ্ঞানেতি। ইতশ্চ পারিব্রাজ্যবাক্যমর্থবাদো ন ভবতীত্যাহ—বেদেতি। তদেব সাধয়তি—যথেত্যাদিনা। পারিব্রাজ্যস্য বিধেয়ত্বে হেত্বন্তরমাহ—ফলেতি। পুত্রাদিফলাপেক্ষয়া পারিব্রাজ্যফলং বিভাগেনোপদিশ্যতে, তথা চ ফলবত্ত্বাৎ পারিব্রাজ্যস্য বিধেয়ত্বসিদ্ধিরিত্যর্থঃ। তদেব বিবৃণোতি—এতমেবেতি। প্রকৃতমাত্মানং স্বং লোকমাপাততো বিদিত্বা তমেব সাক্ষাৎকর্তুমিচ্ছন্তঃ প্রব্রজন্তীতি বচনাৎ পুত্রাদিসাধ্যাদ্মনুষ্যাদিলোকাদাত্মলোক-

লোকং পারিব্রাজ্যস্য ফলাশ্রয়ত্বেন যতঃ শ্রুতির্বিকল্পাভিদধাতি, অতস্তস্য বিধেয়ত্বমপ্রত্যূহমিত্যর্থঃ। ফলবিভাগোপদেশে দৃষ্টান্তমাহ—যথেতি। তথা পারিব্রাজ্যেঽপি ফলবিভাগোক্তেঃ বিধেয়ত্বেতি দার্ষ্টান্তিকমিতি শেষার্থঃ। পারিব্রাজ্যস্য স্তুতিপরত্বাভাবে হেত্বন্তরমাহ—ন চেতি। যথা বায়ুর্বৈ ক্ষেপিষ্ঠেত্যাদিরর্থবাদঃ প্রাপ্তার্থঃ দেবতাদিস্তুত্যর্থঃ স্থিতো ন তথেদং স্তুতিপরং, তদবস্থোক্তিশব্দাভাবাদিত্যর্থঃ। কিঞ্চ প্রধানস্য দর্শপূর্ণমাসাদেরর্থবাদাপেক্ষাবৎ পারিব্রাজ্যমপি তদপেক্ষমুপলভ্যতে, তেন তস্য দর্শাদিবচ্ছেষত্বং দুর্বারমিত্যাহ—প্রধানবচ্চেতি। কিঞ্চ পারিব্রাজ্যং সকৃদেব শ্রুতং চেদবিবক্ষিতত্বাৎ স্তুতিপরং স্যান্ন চেদং সকৃদেব শ্রূয়তে, প্রব্রজন্তীত্যুপক্রম্য প্রজাং ন কাময়ন্তে পুত্রৈষণায়াশ্চ ভিক্ষাচর্যং চরন্তীত্যভ্যাসাদতোঽপি ন স্তুতিমাত্রমেতদিত্যাহ—সকৃদিতি। ন চেত্থাপি সংবদতে, কথং তর্হি পারিব্রাজ্যস্য স্তুতিপরত্বপ্রতীতিস্তত্রাহ—তস্মাদিতি। ২০

ন চাননুষ্ঠেয়েন পারিব্রাজ্যেন স্তুতিরুপপদ্যতে; যদি পারিব্রাজ্যমননুষ্ঠেয়মপি সদ্ অন্যস্তুত্যর্থং স্যাৎ, দর্শপূর্ণমাসাদীনামপ্যননুষ্ঠেয়ানাং স্তুত্যর্থতা স্যাৎ, ন চান্যত্র কর্তব্যতা এতস্মাদ্বিষয়ান্নির্জ্ঞাতা, যত ইহ স্তুত্যর্থো ভবেৎ। যদি পুনঃ কশ্চিৎ বিধিঃ পরিকল্প্যেত পারিব্রাজ্যস্য, স ইহৈব যুক্তঃ, নান্যত্র সম্ভবতি। যদপি অনধিকৃতবিষয়ে পারিব্রাজ্যং পরিকল্প্যতে, তত্র বৃক্ষাগ্রারোহণাদ্যপি পারিব্রাজ্যবৎ কল্প্যেত, কর্তব্যত্বেন অনির্জ্ঞাতত্বাবিশেষাৎ। তস্মাৎ স্তুতিত্বগন্ধোঽপ্যত্র ন শক্যঃ কল্পয়িতুম্। ২১

অস্তু তর্হি বিধেয়মপি পারিব্রাজ্যং স্তাবকমপীতি চেত্তত্রাহ—ন চেতি। বিপক্ষে দোষমাহ—যদীতি। অথ পারিব্রাজ্যং যজ্ঞাদিবদন্যত্র বিধীয়তামিহ তু স্তুতিরেবেত্যাশঙ্ক্যাহ—ন চান্যত্রেতি। আত্মজ্ঞানাধিকারাদন্যত্র পারিব্রাজ্যবিধ্যনুপলম্ভাদিত্যর্থঃ। অন্যত্র বিধ্যনুপলম্ভং সমর্থয়তে—যদীত্যাদিনা। অন্যত্র প্রক্রিয়ায়ামিতি যাবৎ। কর্মাধিকারে তত্ত্যাগবিধের্বিরুদ্ধত্বাদিতি ভাবঃ। তর্হীহ পারিব্রাজ্যে বিধিস্তথাপি সর্বকর্মানধিকৃতবিষয়ঃ স্যাদিত্যাশঙ্ক্যাহ—যদপীতি। তত্র কর্মানধিকৃতে পুংসীত্যেতৎ। তত্র হেতুমাহ—কর্তব্যত্বেনেতি। কর্মানধিকৃতেন কর্তব্যতয়া জ্ঞাতত্বং বৃক্ষারোহণাদাবিব পারিব্রাজ্যেঽপি নাস্তি, তথা চানধিকৃতবিষয়ে পারিব্রাজ্যং কল্প্যতে চেত্তস্মিন্ বিষয়ে বৃক্ষারোহণাদ্যপি কল্প্যেতাবিশেষাদিত্যর্থঃ। পারিব্রাজ্যস্যাধিকৃতবিষয়ত্বে বিধেয়ত্বে চ সিদ্ধে ফলিতমাহ—তস্মাদিতি। ২১

যদি অয়মাত্মা লোক ইষ্যতে, কিমর্থং তৎপ্রাপ্তিসাধনত্বেন কর্মাণ্যেব ন আরভেরন্, কিং পারিব্রাজ্যেন ইতি; অত্রোচ্যতে—অস্য আত্মলোকস্য কর্মভিরসম্বন্ধাৎ; যমাত্মানমিচ্ছন্তঃ প্রব্রজেয়ুঃ, স আত্মা সাধনত্বেন ফলত্বেন চ উৎপাদ্যত্বাদিপ্রকারাণামন্যতমত্বেনাপি কর্মভির্ন সম্বধ্যতে; তস্মাৎ 'স এষ নেতি নেত্যাত্মাঽগৃহ্যো ন হি গৃহ্যতে' ইত্যাদিলক্ষণঃ, যস্মাৎ এবংলক্ষণ আত্মা কর্মফলসাধনাসম্বন্ধী সর্বসংসারধর্মবিলক্ষণঃ অশনায়াদ্যতীতঃ অস্থূলাদিধর্মবান্ অজো-

ঽজরোঽমরোঽমৃতোঽভয়ঃ সৈন্ধবঘনবৎ বিজ্ঞানৈকরসস্বভাবঃ স্বয়ংজ্যোতিরেক এবাদ্বয়োঽপূর্ব্বোঽনপরোঽনন্তরোঽবাহ্যঃ—ইত্যেতদ্ আগমতস্তর্কতশ্চ স্থাপিতম্, বিশেষতশ্চেহ জনকযাজ্ঞবল্ক্য-সংবাদেঽস্মিন্; তস্মাদেবংলক্ষণে আত্মনি বিহিতে আত্মত্বেন, নৈব কর্ম্মারম্ভ উপপদ্যতে। তস্মাদাত্মা নির্ব্বিশেষঃ। ২২

সার্থবাদং পারিব্রাজ্যং ব্যাখ্যায় স এষ ইত্যাদি বাক্যস্য শঙ্কয়তি—যদীতি। পরিহরতি—অত্রেতি। তদর্থিনো ব্যবহর্ত্তুং কর্ম্মাণীতি শেষঃ। কর্ম্মভিরসংবদ্ধমাত্মানোঽস্য সাধয়তি—যথাত্মানমিতি। কর্ম্মাসংবদ্ধে নিষ্প্রপঞ্চং ফলতীত্যাহ—তস্মাদিতি। ২২

ন হি চক্ষুষ্মান্ পথি প্রবৃত্তঃ অহনি কূপে কণ্টকে বা পততি; কৃৎস্নস্য চ কর্ম্মফলস্য বিদ্যাফলে অন্তর্ভাবাৎ। ন চাযত্নপ্রাপ্যে বস্তুনি বিদ্বান্ যত্ন-মাতিষ্ঠতি।

"অক্কে চেন্মধু বিন্দেত কিমর্থং পর্ব্বতং ব্রজেৎ।
ইষ্টস্যার্থস্য সম্প্রাপ্তৌ কো বিদ্বান্ যত্নমাচরেৎ॥"
"সর্ব্বং কর্ম্মাখিলং পার্থ জ্ঞানে পরিসমাপ্যতে॥" ইতি গীতাসু।

ইহাপি চ এতস্যৈব পরমানন্দস্য ব্রহ্মবিৎ-প্রাপ্যস্য অন্যানি ভূতানি মাত্রামুপ-জীবন্তীত্যুক্তম্। অতো ব্রহ্মবিদাং ন কর্ম্মারম্ভঃ। ২৩

আত্মনো নিষ্প্রপঞ্চত্বেঽপি কথং তদর্থিনাং পারিব্রাজ্যনিশ্চিতিরিত্যাশঙ্ক্যাহ—যস্মাদিতি। নির্ব্বিশেষস্তত্র তত্র বাক্যে দর্শিতস্বরূপোঽয়মাত্মেত্যেতদাশেষোপপত্তিভ্যাং যথা পূর্ব্বত্র স্থাপিতং, তথৈবাত্রাপি ব্রাহ্মণদ্বয়ে বিশেষতো যস্মান্নির্দ্ধারিতং, তস্মাদস্মিন্নাত্মন্যাপাততো জ্ঞাতে কর্ম্মানুষ্ঠাননিমিত্তাভ্রং দৃষ্টান্তমাহ—ন হীতি। ব্রহ্মজ্ঞানফলে সমস্তকর্ম্মফলান্তর্ভাবাচ্চ তদর্থিনো মুমুক্ষোর্ন কর্ত্তব্যং কর্ম্মেত্যাহ—কৃৎস্নস্যেতি। তথাপি বিচিত্রফলানি কর্ম্মাণীতি বিবেকী কুতূহলবশাদনুষ্ঠাস্যতীত্যাশঙ্ক্যাহ—ন চেতি। তত্র লৌকিকং ন্যায়ং দর্শয়তি—অক্কে চেদিতি। পুরোদেশে মধু লভেত চেদিতি যাবৎ। জ্ঞানফলে কর্ম্মফলান্তর্ভাবে মানমাহ—সর্ব্বমিতি। অখিলং সমগ্রাঙ্গোপেতমিত্যর্থঃ। তত্রৈব শ্রুতিং সংবাদয়তি—ইহাপীতি। নিষেধবাক্য-তাৎপর্য্যমুপসংহরতি—অত ইতি। ২৩

যস্মাৎ সর্ব্বৈষণাবিনির্ম্মুক্তঃ স এষ নেতি নেত্যাত্মানম্ আত্মত্বেনোপগম্য তদ্রূপেণৈব বর্ত্ততে, তস্মাৎ এতমেবংবিদং নেতি নেত্যাত্মভূতম্, উ হ এব এতে বক্ষ্যমাণে ন তরতঃ ন প্রাপ্নুতঃ—ইতি যুক্তমেবেতি বাক্যশেষঃ। কে তে, ইত্যুচ্যতে—অতঃ অস্মান্নিমিত্তাৎ শরীরধারণাদিহেতোঃ, পাপম্ অপুণ্যং কর্ম্ম অকরবং কৃতবানস্মি—কষ্টং খলু মম বৃত্তম্, অনেন পাপেন কর্ম্মণা অহং নরকং প্রতিপৎস্যে—ইতি যোঽয়ং পশ্চাৎ পাপং কর্ম্ম কৃতবতঃ পরিতাপঃ, স এনং—নেতি নেত্যাত্মভূতং ন তরতি; তথা অতঃ কল্যাণং ফলবিষয়কামান্নিমিত্তাদ্

যজ্ঞদানাদিলক্ষণং পুণ্যং শোভনং কর্ম্ম কৃতবানস্মি, অতোঽহমস্য ফলং সুখমুপ-ভোক্ষ্যে দেহান্তরে—ইত্যেষোঽপি হর্ষঃ তং ন তরতি। উভে উ হ এব এষ ব্রহ্মবিৎ এতে কর্ম্মণী তরতি পুণ্যপাপলক্ষণে। ২৪

এতমিত্যাদি বাক্যং যোজয়তি—ধর্ম্মাদিতি। ত হেতি নিপাতাভ্যাং সূচিতোঽর্থো ধর্ম্মাদিত্যাদ্যুক্তাবিতঃ। ইতিশব্দস্যাপেক্ষিতং পূরয়তি—মুক্তমিতি। আকাঙ্ক্ষাপূর্ব্বকমুত্তর-বাক্যমবতার্য্য ব্যাকরোতি—কে তে ইত্যাদিনা। যথোক্তাত্মবিদস্তাপহর্ষাসংস্পর্শে—হেতুমাহ—উভে ইতি। ২৪

এবং ব্রহ্মবিদঃ সন্ন্যাসিন উভে অপি কর্ম্মণী ক্ষীয়েতে—পূর্ব্বজন্মনি কৃতে যে, তে, ইহ জন্মনি কৃতে যে, তে চ অপূর্ব্বে চ নারভ্যেতে। কিঞ্চ, নৈনং কৃতা-কৃতে—কৃতং নিত্যানুষ্ঠানম্, অকৃতং তস্যৈবাক্রিয়া, তে অপি কৃতাকৃতে এনং ন তপতঃ; অনাত্মজ্ঞং হি কৃতং ফলদানেন, অকৃতং প্রত্যবায়োৎপাদনেন তপতঃ; অয়ন্তু ব্রহ্মবিৎ আত্মবিদ্যাগ্নিনা সর্ব্বাণি কর্ম্মাণি ভস্মীকরোতি,

"যথৈধাংসি সমিদ্ধোঽগ্নির্ভস্মসাৎ কুরুতেঽর্জ্জুন।
জ্ঞানাগ্নিঃ সর্ব্বকর্ম্মাণি ভস্মসাৎ কুরুতে তথা॥" ইত্যাদিস্মৃতেঃ।

শরীরারম্ভকয়োস্তু উপভোগেনৈব ক্ষয়ঃ; অতো ব্রহ্মবিদ্ অকর্ম্ম-সম্বন্ধী ॥৩।১২॥২২॥

পুণ্যপাপে তরতীত্যুক্তে পৃথগবস্থানং তয়োঃ শঙ্ক্যতে, তন্নিরস্যতি—এবমিতি। নিষেধ-বাক্যোক্তক্রমেণেতি যাবৎ। ইতশ্চাত্মবিদো ধর্ম্মাদিসংবন্ধো নাস্তীত্যাহ—কিঞ্চেতি। তদেবানন্তরবাক্যব্যাখ্যানেন স্ফোরয়তি—নৈনমিতি। তয়োস্তর্হি কুত্র তাপকত্বং, তদাহ—অনাত্মজ্ঞং হীতি। পুরুষত্বাদ্ ব্রহ্মবিদ্যুষ্যপি কৃতাকৃতয়োস্তাপকত্বং স্যাদিত্যাশঙ্ক্যাহ—অয়ং ত্বিতি। অত্র ভগবদ্বাক্যং প্রমাণয়তি—যথেতি। যদ্যপি পূর্ব্বোত্তরয়োর্ধর্ম্ময়োরনারব্ধয়োরাত্মবিদ্যাবশা-দ্বিনাশাশ্লেষৌ, তথাপি প্রারব্ধয়োরস্তি তয়োস্তাপকত্বমিত্যাশঙ্ক্যাহ—শরীরেতি। প্রকৃতং বিদ্যাফলমুপসংহরতি—অত ইতি। কর্ম্মকার্য্যাসংবন্ধাদিতি যাবৎ। ৩।১২। ২২।

ভাষ্যানুবাদ।—ইতঃ পূর্ব্বে মন্ত্র ও ব্রাহ্মণবাক্যে বন্ধ, মোক্ষ ও তদুভয়ের হেতু কথিত হইয়াছে; তাহার পর শ্লোকাকার বাক্যেও মোক্ষের স্বরূপ বিস্তৃত-ভাবে বর্ণিত হইয়াছে। অতঃপর, সমস্ত বেদশাস্ত্রই এই আত্মবিষয়ে যেরূপে উপযুক্ত বা অনুকূল হইতে পারে, এখন সেইরূপেই তাহা বলা আবশ্যক; এই উদ্দেশ্যে পরবর্ত্তী কণ্ডিকা (শ্রুতি) আরব্ধ হইতেছে। এই প্রপাঠকে (অধ্যায়ে) উক্ত আত্মজ্ঞান ও তাহার ফল যে প্রকার অভিহিত হইয়াছে, ঠিক তাহারই তদনুরূপ অনুবাদ বা পুনরুল্লেখ করা হইতেছে মাত্র। কাম্য কর্ম্ম-প্রতিপাদক বেদরাশি ভিন্ন সমস্ত বেদেরই যে, এই আত্মবিষয়ে উপযোগিতা বা

তাৎপর্য্য, তাহা বুঝাইবার নিমিত্ত পূর্ব্বোক্ত 'স বা এষঃ' ইত্যাদি বাক্যের এখানে অনুবাদ করা হইতেছে। 'সঃ' শব্দটী পূর্ব্বকথিত বিষয়ের পরামর্শদ্যোতক; 'সঃ' শব্দে পূর্ব্বোক্ত কোন বিষয়ের পরামর্শ করা হইতেছে? তাহা বুঝাইবার জন্য 'য এষ বিজ্ঞানময়ঃ' বলিয়া সেই পূর্ব্বোক্ত আত্মারই পুনরুল্লেখ করা হইতেছে। পাছে অব্যবহিত পূর্ব্ববর্ত্তী 'য এষ বিরজঃ' ইত্যাদি বাক্যোক্ত বিষয়ের সহিত সম্বন্ধ-শঙ্কা হয়, তন্নিরাকরণার্থ বলিলেন—'য এষঃ'। 'এষঃ' পদের অর্থ—কি, তাহা বুঝাইবার জন্য বলিতেছেন—'বিজ্ঞানময়ঃ প্রাণেষু' (প্রাণের মধ্যে যিনি বিজ্ঞানময়)। এখানকার 'য এষঃ' কথায় পূর্ব্বোক্ত আত্মার গ্রহণ, কিংবা অপর কোনও আত্মার গ্রহণ, সেই আশঙ্কা অপনয়নের নিমিত্ত এখানে কথিতের পুনরুল্লেখ করা ('বিজ্ঞানময়ঃ' বলা) আবশ্যক হইয়াছে। জনক মহারাজ যাজ্ঞবল্ক্যের নিকট যখন প্রশ্ন করেন, তখন প্রথমেই উক্ত হইয়াছে যে, আত্মা কোনটী? না, প্রাণের (ইন্দ্রিয়বর্গের) মধ্যে এই যাহা বিজ্ঞানময় ইত্যাদি। ১

অভিপ্রায় এই যে, 'বিজ্ঞানময়ঃ প্রাণেষু' ইত্যাদি বাক্যে স্বয়ংজ্যোতিস্বরূপ যে আত্মা প্রতিপাদিত হইয়াছে, এখানে কাম, কর্ম্ম ও অবিদ্যার অনাত্মধর্ম্মত্ব প্রতিপাদন দ্বারা, তাহাকেই মোক্ষপদে উন্নীত—পরমাত্মস্বভাবসম্পন্ন করান হইয়াছে; সুতরাং এই আত্মা বস্তুতঃ পরমাত্মাই বটে, তাহা হইতে ভিন্ন অন্য কিছু নহে। 'এষ সঃ' কথায় সেই মহান্ অজ আত্মারই নির্দ্দেশ করা হইয়াছে। এখানকার 'যোঽয়ং বিজ্ঞানময়ঃ প্রাণেষু' কথার ব্যাখ্যা [পূর্ব্বে জনকের প্রশ্নাবসরে] যেরূপ করা হইয়াছে, এখানেও ঠিক সেইরূপ ব্যাখ্যাই বুঝিতে হইবে। এই যে, অন্তঃকরণে—হৃৎপদ্মের মধ্যে বিদ্যমান আকাশ—যাহাকে আশ্রয় করিয়া বুদ্ধিবিজ্ঞান বা বুদ্ধিবৃত্তি প্রকাশ পাইয়া থাকে, এবং যাহা বুদ্ধিবৃত্তি সংহারে সেই আকাশে অবস্থান করে; অথবা সুষুপ্তিসময়ে হৃদয়াভ্যন্তরস্থ এই যে আকাশ—বিজ্ঞানময় আত্মার (জীবের প্রকৃতস্বরূপ) পরমাত্মা, যাহা জীবের স্বাভাবিক রূপ, সেই আকাশনামক পরমাত্মাতে শয়ন করে (অবস্থান করে)। অতীত চতুর্থ শ্রুতিতে "ক এষ তদাভূৎ" (এই বিজ্ঞানময় আত্মা তখন কোথায় ছিল?) এই প্রশ্নের উত্তর স্থলে এই বিষয় ব্যাখ্যাত হইয়াছে। ২

সেই পূর্ব্বকথিত আত্মাই ব্রহ্মা ও ইন্দ্র প্রভৃতি সকলের বশী, অর্থাৎ তাহারা সকলে ইহার বশে থাকে। পূর্ব্বে 'এই অক্ষর ব্রহ্মের শাসনে [সূর্য্য ও চন্দ্র প্রভৃতি নিয়মিত আছে], ইত্যাদি স্থলে এ কথা উক্ত হইয়াছে। তিনি কেবল

যে বশী, তাহা নহে, পরন্তু সকলের—ব্রহ্মা ও ইন্দ্র প্রভৃতিরও ঈশান—শাসনকর্ত্তা বা ঈশ্বর। শাসনক্ষমতা কখন কখন জন্মগতও হইয়া থাকে, যেমন বলশালী ভৃত্যবর্গের উপরেও শিশু রাজকুমারের প্রভুত্ব, সেরূপ মনে না হউক, এইজন্ত বলিতেছেন, তিনি সকলের অধিপতি—অধিষ্ঠানপূর্ব্বক শাসনকর্ত্তা অর্থাৎ স্বতন্ত্র বা স্বাধীন, কিন্তু রাজকুমারের ন্যায় মন্ত্রিপ্রভৃতি ভৃত্যবর্গের সাহায্য গ্রহণ করেন না। উক্ত তিনটী ধর্ম্মই পরস্পর হেতু-হেতুমদ্‌ভাবাপন্ন—যেহেতু তিনি সকলের অধিপতি, সেই হেতু তিনি সকলের ঈশান (শাসনকর্ত্তা), যিনি সাক্ষাৎ-সম্বন্ধে যাহাকে পালন করেন, তিনি যে, তাহার প্রভু বা ঈশ্বর, ইহা লোক-প্রসিদ্ধও বটে; এইরূপ যেহেতু তিনি সকলের ঈশান, সেই হেতুই তিনি সকলকে বশীভূত রাখেন। ৩

আরও এক কথা, হৃদয়-মধ্যবর্ত্তী এবংবিধ গুণসম্পন্ন সেই স্বস্বরূপ বিজ্ঞানময় পুরুষ শাস্ত্রবিহিত উত্তম কর্ম্ম দ্বারা বড় হন না—পূর্ব্বাবস্থা অপেক্ষা কোন গুণে বৃদ্ধি পান না, এবং শাস্ত্রনিষিদ্ধ কোন অপকর্ম্ম দ্বারাও অধিক ছোট হন না—নিজের পূর্ব্বাবস্থা অপেক্ষা কিছুমাত্র হীন হন না। অপিচ, [শঙ্কা হইতে পারে যে,] অধিষ্ঠান বা পরিচালনা ও পালনাদি কর্ম্ম করিতে যাইয়া সকল লোকই পরের প্রতি অনুগ্রহ বা নিগ্রহ (পীড়ন) করিয়া থাকে, এবং তাহার দরুণ ধর্ম্ম ও অধর্ম্ম দ্বারা সংস্পৃষ্ট হইয়া থাকে, কিন্তু এই পরমাত্মার তাহা হয় না; হয় না কেন? তদুত্তরে বলা হইতেছে—যেহেতু এই পরমেশ্বর সকলেরই ঈশ্বর; সর্ব্বেশ্বর বলিয়া কর্ম্মকেও শাসনে রাখিতে সমর্থ হন,—এবং যেহেতু ইহাই তাহার স্বভাব, সেই হেতু কর্ম্ম দ্বারাও সম্বদ্ধ হন না। বিশেষতঃ তিনি ভূতাধিপতি অর্থাৎ ব্রহ্মা হইতে আরম্ভ করিয়া তৃণগুচ্ছ পর্য্যন্ত বস্তুমাত্রেরই অধিপতি; এ কথার ব্যাখ্যা পূর্ব্বেই উক্ত হইয়াছে। ৪

তিনি যাহাদের অধিপতি, তিনি সেই সমস্ত ভূতবর্গেরই পালক—রক্ষক। ইনিই সেতু (বাঁধ), কিরূপ সেতু, তাহা বলিতেছেন—'বিধরণ' অর্থাৎ বর্ণাশ্রমাদি-ব্যবস্থার বিশেষরূপে ধারণকর্ত্তা—রক্ষাকর্ত্তা। এই কথারই অর্থ বিশেষ করিয়া বলিতেছেন—এই যে, পৃথিবী হইতে আরম্ভ করিয়া ব্রহ্মলোক পর্য্যন্ত লোকসমূহ, সে সমস্ত লোকের অসম্ভেদের জন্ত—সনাতন নিয়মপদ্ধতি যাহাতে বিনষ্ট না হয়, তাহার জন্ত [তিনি সেতুরূপে রহিয়াছেন]; পরমেশ্বর যদি সেতুর ন্যায় মধ্যবর্ত্তী থাকিয়া ধারণ না করিতেন, তাহা হইলে জগতের সমস্ত নিয়ম বা স্বাভাবিক ধর্ম্মগুলি ভাঙ্গিয়া যাইত; [যাহাতে তাহা না হইতে পারে,] সেই

জন্য এই পরমেশ্বরই সেতুরূপে অবস্থান করিতেছেন। এই যে, সেতুভূত পরমেশ্বর ইনিই সেই স্বয়ংজ্যোতিঃ আত্মা। এতদ্বিষয়ে জ্ঞানসম্পন্ন আত্মার বশিত্বাদি যে সমুদয় ধর্ম্ম নির্দ্দিষ্ট হইল, তাহাই এই ব্রহ্মবিদ্যার ফল। ৫

এই গ্রন্থের ষষ্ঠ প্রপাঠকে (ষষ্ঠ অধ্যায়ে) "কিংজ্যোতিরয়ং পুরুষঃ" ইত্যাদি বাক্যে এই ব্রহ্মবিদ্যাই কথিত হইয়াছে। ইহারও যেরূপ ফল, তাহারও ঠিক সেইরূপই ফল অভিহিত হইয়াছে। এখানে কেবল সেই ব্রহ্মবিদ্যাতেই যে, সমস্ত কর্ম্মকাণ্ডের বিনিয়োগ বা উপযোগিতা, তাহা প্রদর্শিত হইতেছে, কেবল কাম্যকর্ম্মের অংশমাত্র বাদ পড়িতেছে। অভিপ্রায় এই যে, কাম্য কর্ম্ম ভিন্ন যত রকমের কর্ম্ম আছে, সে সমস্ত কর্ম্মই সাক্ষাৎ বা পরম্পরা সম্বন্ধে এই ব্রহ্ম-বিদ্যার উপকার সাধন করিয়া থাকে। কিরূপে যে, সেই উপকার সাধন করে, এখানে তাহা প্রদর্শিত হইতেছে—এবম্বিধ গুণসম্পন্ন সেই এই ঔপনিষদ—উপনিষদ্‌বেদ্য পুরুষকে, বেদাধ্যয়নবিষয়ক নিত্য বিধি হইতে প্রাপ্ত অর্থাৎ বিজ্ঞাত মন্ত্র ও ব্রাহ্মণাত্মক বেদের অধ্যয়নরূপ বেদানুবচন দ্বারা জানিতে ইচ্ছা করেন (১)। কাহারা? ব্রাহ্মণেরা; এখানে ব্রাহ্মণ-শব্দটী ক্ষত্রিয় ও বৈশ্যজাতিরও উপলক্ষণ (বোধক); কেন না, বেদাধ্যয়নে ব্রাহ্মণাদি বর্ণত্রয়েরই অধিকার তুল্য; অথবা বেদানুবচন অর্থ কর্ম্ম-প্রতিপাদক মন্ত্র ও ব্রাহ্মণ; তাহা দ্বারা অর্থাৎ বেদোক্ত কর্ম্ম দ্বারা জানিতে ইচ্ছা করেন। কিরূপে যে, জানিতে ইচ্ছা করেন, তাহা—'যজ্ঞেন' (যজ্ঞ দ্বারা) ইত্যাদি কথায় প্রকাশ করিতেছেন। ৬

কিন্তু এখানে যাহারা, মন্ত্র ও ব্রাহ্মণরূপ বেদানুবচন দ্বারা প্রকাশিত [ব্রহ্মকে] জানিতে ইচ্ছা করেন, তাঁহারা এইরূপ ব্যাখ্যা করেন; ফলতঃ তাহাদের মতে বেদের আরণ্যক অংশ মাত্র 'বেদানুবচন' শব্দে পরিগৃহীত হইতে পারে; কেন না, বেদের কর্ম্মকাণ্ড দ্বারা ত আত্মার স্বরূপ প্রকাশিত হয় না; কেন না, 'সেই ঔপনিষদ পুরুষকে' ইত্যাদি শ্রুতি বিশেষ করিয়া [আত্মার উপনিষৎ-প্রকাশ্যতাই প্রতিপাদন করিতেছেন]; অথচ এখানে সামান্যাকারে নির্দ্দেশ থাকায় 'বেদানুবচনেন' কথায় যখন সমস্ত বেদভাগই বুঝাইতেছে; তখন তাহার একাংশ পরিত্যাগ করা যুক্তিযুক্ত হয় না। ভাল, তোমার (ভাষ্য-কারের) মতেও উক্ত

(১) তাৎপর্য্য—বেদের সাধারণতঃ দুইটী ভাগ—(১) মন্ত্রভাগ ও (২) ব্রাহ্মণভাগ, এই উভয় ভাগ লইয়া বেদ পূর্ণ হইয়াছে। আপস্তম্ব বলিয়াছেন—"মন্ত্র-ব্রাহ্মণয়োর্বেদনামধেয়ম্" অর্থাৎ মন্ত্র ও ব্রাহ্মণ এতদুভয়ের নাম বেদ। মন্ত্রভাগ কর্ম্মকাণ্ড ও সংহিতা নামে, আর ব্রাহ্মণভাগ উপনিষদ্ ও আরণ্যক প্রভৃতি নামে এবং স্বনামেও পরিচিত।

বেদানুবচন শব্দে উপনিষদ্ অংশ পরিত্যাগ করায় একদেশমাত্র প্রতিপাদন করা সমানই রহিল? না, সে কথা বলিতে পার না ; কারণ, আমরা 'বেদানুবচন' শব্দের প্রথমে যে ব্যাখ্যা করিয়াছি, তাহাতে ত কোন বিরোধই নাই ; [কারণ, সেখানে 'বেদানুবচন' শব্দে মন্ত্র ও ব্রাহ্মণ উভয় অংশই গ্রহণ করা হইয়াছে]; সুতরাং উপনিষদ্ও তাহার মধ্যে পড়িয়া গিয়াছে। যজ্ঞাদির সহিত একত্র পঠিত হওয়াতেও ['বেদানুবচন' শব্দের] অন্য কোন প্রকার বিশেষার্থ করা যায় না ; কারণ, যজ্ঞাদির কথা বলিবার জন্যই এখানে 'বেদানুবচন' শব্দের প্রয়োগ করা হইয়াছে। ইহা হইতে বুঝা যাইতেছে যে, 'বেদানুবচন' শব্দে কেবল যজ্ঞাদি কর্ম্মই প্রতিপাদন করিতেছে ; কেন না, কর্ম্মই লোকের নিত্য স্বাধ্যায় বা অবশ্য পঠনীয়। [অতএব 'নিত্য স্বাধ্যায়' অর্থ করাতেই বেদানুবচন কথায় সমস্ত বেদাংশই পাওয়া যাইতেছে]। ৭

ভাল, নিত্য স্বাধ্যায়াত্মক কর্ম্মসমূহ দ্বারা অর্থাৎ অবশ্যপঠনীয় কর্ম্মকাণ্ড দ্বারা আত্মাকে জানিতে ইচ্ছা করে কিরূপে? কেন না, উপনিষদের ন্যায় কর্ম্মবিধায়ক ঐ সমস্ত অংশ ত আর আত্মতত্ত্ব প্রকাশ করে না? না—এ দোষ হয় না ; কারণ, কর্ম্মসমূহ চিত্তশুদ্ধির হেতু। অভিপ্রায় এই যে, কর্ম্মানুষ্ঠান দ্বারা যাহাদের চিত্ত উত্তমরূপে সংস্কৃত ও বিশুদ্ধতা লাভ করিয়াছে, সেই সমুদয় শুদ্ধচিত্ত লোকই বিনা বাধায় উপনিষৎ-প্রকাশিত আত্মাকে জানিতে সমর্থ হয়। আথর্ব্বণ শ্রুতিও সেই কথাই বলিতেছেন,—'অগ্রে বিশুদ্ধ-চিত্ত হইয়া, পশ্চাৎ ধ্যানযোগে সেই নিষ্কল আত্মাকে দর্শন করিয়া থাকেন। স্মৃতিশাস্ত্রও বলিতেছে—'কর্ম্ম দ্বারা পাপ ক্ষয় হইলে পর, লোকদিগের জ্ঞান উৎপন্ন হয়' ইত্যাদি। ৮

ভাল, জিজ্ঞাসা করি, নিত্য কর্ম্মসমূহের ফল যে, সংস্কার বা চিত্তশুদ্ধি, ইহা বুঝা যাইতেছে কিসে? হাঁ, 'সেই ব্যক্তিই আত্মযাজী, যে ব্যক্তি জানে যে, এই কর্ম্ম দ্বারা আমার এই অঙ্গ সংস্কৃত (শোধিত) হইতেছে ; এই কর্ম্ম দ্বারা আমার এই অঙ্গ উপযুক্ততা লাভ করিতেছে' ইত্যাদি শ্রুতি হইতে [জানিতে পারা যায়]। বিশেষতঃ সমস্ত স্মৃতিশাস্ত্রও 'অষ্টাচত্বারিংশৎ সংস্কার' (আটচল্লিশ প্রকার সংস্কার) ইত্যাদি স্থলে কর্ম্মসমূহকে চিত্তশুদ্ধির উপায় বলিয়া নির্দ্দেশ করিতেছে (১)। ভগবদ্গীতাতেও আছে—'যজ্ঞ, দান ও তপস্যা, এ সমস্তই

---

(১) তাৎপর্য্য—মনু বলিয়াছেন—"নিষেকাদি-শ্মশানান্তো মন্ত্রৈর্যস্যোদিতো বিধিঃ। তস্য শাস্ত্রেঽধিকারঃ স্যাৎ নান্যস্যাস্য কদাচন।" ইতি।

মনীষিগণের (ধ্যাননিষ্ঠদিগের) শুদ্ধিকারণ—যজ্ঞানুষ্ঠান দ্বারা যাহাদের হৃদয়গত সমস্ত পাপ ক্ষয় হইয়াছে, তাহারা সকলেই যজ্ঞবিদ্ অর্থাৎ যজ্ঞরহস্ত অবগত আছেন' ইতি। [এখন শ্রুতির 'যজ্ঞেন' কথার অর্থ বলিতেছেন—] দ্রব্যযজ্ঞ [দ্রব্য-সাধ্য যজ্ঞসমূহ] এবং জ্ঞানযজ্ঞসমূহ (যে সমুদয় যজ্ঞ দ্রব্যনিরপেক্ষ, কেবলই জ্ঞানাত্মক, সেই সমুদয় যজ্ঞ), এই উভয়েরই উদ্দেশ্য চিত্তশুদ্ধি সম্পাদন করা। কর্ম্ম দ্বারা সংস্কার সাধিত হইলে পর, বিশুদ্ধচিত্তে বিনা বাধায় জ্ঞানোৎপত্তি হইতে পারে; এই কারণেই জ্ঞানিগণ যজ্ঞ দ্বারা [আত্মাকে] জানিতে ইচ্ছা করিয়া থাকেন। দান দ্বারাও [জানিতে ইচ্ছা করেন]; দানও পাপক্ষয় ও ধর্ম্মবৃদ্ধির উপায়; এই জন্য [তাহা দ্বারাও আত্মবেদন সম্ভব হয়]। তপস্যা দ্বারা—'তপঃ' শব্দে সাধারণতঃ কৃচ্ছ্র চান্দ্রায়ণাদি সমস্ত ব্রতই ধরা যাইতে পারে; এই জন্য 'অনাশকেন' বিশেষণ প্রদত্ত হইয়াছে—'অনাশক' অর্থ—কামনাপূর্ব্বক ভোগ না করা, কিন্তু ভোজন-নিবৃত্তি অর্থ নহে; কারণ, ভোজন নিবৃত্তি হইলে সাধকের মৃত্যুরই সম্ভাবনা হয়, আত্মবেদনের আর সম্ভাবনা থাকে না; [অতএব ঐরূপ অর্থ হইতে পারে না]। ৯

এখানে 'যজ্ঞ, দান, তপঃ ও বেদানুবচন' শব্দে সমস্ত নিত্য কর্ম্ম বুঝাইতেছে। কাম্য কর্ম্মভিন্ন যত কিছু নিত্য কর্ম্ম আছে, তৎসমস্তই আত্মজ্ঞান সমুৎপাদন করিয়া থাকে; সেই আত্মজ্ঞান দ্বারা উহা মোক্ষলাভেরও কারণ হইয়া থাকে। এইরূপে কর্ম্মকাণ্ডের সহিত আত্মবিদ্যার একবাক্যতা বা একার্থপরতাও সিদ্ধ হইতেছে। এখানে যে সমস্ত উপায় উপদিষ্ট হইল, যে সমস্তের সাহায্যে যথা-বর্ণিত এই আত্মাকে অবগত হইয়া মুনি হয়—আত্মবিষয়ে মনন করে বলিয়া মুনি—যোগী হয়। বুঝিতে হইবে, যথোক্তপ্রকার এই আত্মাকে জানিয়াই মুনি হয়, অন্য তত্ত্ব জানিয়া নহে। ১০

ভাল, অন্যবিষয়ক জ্ঞানেও ত মুনি হইতে পারা যায়; তবে কিরূপে অবধারণ করা হইতেছে যে, 'ইহাকে জানিয়াই' [মুনি হয়]? হাঁ, অন্যবিষয়ক জ্ঞানেও মুনি হইতে পারে সত্য, কিন্তু অন্যবিষয়ক জ্ঞানে যে, কেবল মুনিই হইবে, তাহার নিশ্চয়তা নাই; সে লোক কর্ম্মীও হইতে পারে, কিন্তু এই ঔপনিষদ পুরুষকে (আত্মাকে) জানিলে সে কেবল মুনিই হয়, কখনও কর্ম্মী হয় না। অতএব মুনিত্ব লাভের অসাধারণ বা অব্যভিচারী কারণ নির্দ্দেশের অভিপ্রায়েই এখানে

অর্থাৎ গর্ভাধান হইতে আরম্ভ করিয়া অন্ত্যেষ্টিক্রিয়া পর্য্যন্ত সমস্ত বৈধ কর্ম্ম যাহার যথপূর্ব্বক অনুষ্ঠিত হয়, তাহারই এই শাস্ত্রোক্ত জ্ঞানলাভে অধিকার, অন্যের নহে ইত্যাদি।

'এতম্ এব' বলিয়া অবধারণ করা হইতেছে। এই আত্মাকে সম্যক্ অবগত হইলে কিসের দ্বারা কাহাকে দর্শন করিবে? অর্থাৎ তখন আত্মজ্ঞানের প্রভাবে ভেদবুদ্ধি বিলুপ্ত হইয়া যায়; সুতরাং তখন আর ভেদবুদ্ধি-সাপেক্ষ কর্ম্মাধিকার থাকে না; কাজেই তখন কেবল একমাত্র মননই হইয়া থাকে। অপিচ, এই আত্মস্বরূপ স্ব-লোক পাইবার প্রত্যাশায় প্রব্রাজিগণ—প্রব্রজনশীল সন্ন্যাসিগণ প্রব্রজ্যা করিয়া থাকেন, অর্থাৎ সমস্ত কর্ম্ম পরিত্যাগ করিয়া সন্ন্যাস গ্রহণ করিয়া থাকেন।

এখানে 'এতম্ এব লোকম্ ইচ্ছন্তঃ' এইরূপ অবধারণ থাকায় বুঝা যাইতেছে যে, যাহারা বাহ্যলোকপ্রার্থী অর্থাৎ পুত্র, বিত্ত ও স্বর্গাদি লোক লাভের অভিলাষী, তাহাদের পারিব্রাজ্যে বা সন্ন্যাস গ্রহণে অধিকার নাই। কেন না, কাশীপ্রদেশ-বাসী কোন লোক যদি হরিদ্বারে যাইতে ইচ্ছুক হয়, সে কখনই পূর্ব্বাভিমুখে গমন করে না; অতএব যাহারা পুত্রাদি বাহ্য-লোকপ্রার্থী হয়, পুত্র, কর্ম্ম ও অপর এক বিদ্যাই তাহাদের সাধন অর্থাৎ অভীষ্টলাভের উপায় হয়। শ্রুতি বলিতেছেন - 'পুত্র দ্বারাই এই লোক জয় করিতে হয় (আয়ত্ত করিতে হয়), কিন্তু অন্য কর্ম্ম দ্বারা নহে' ইত্যাদি। অতএব বাহ্য লোকপ্রার্থিগণের পক্ষে পুত্রাদি সাধনসমূহ ত্যাগ করিয়া পারিব্রাজ্য স্বীকার করা কখনই যুক্তিযুক্ত হয় না; কেন না, তাহারা যাহা চাহে, পারিব্রাজ্য তাহার সাধন (প্রাপ্তির উপায়) নহে। অতএব 'এতম্ এব লোকম্ ইচ্ছন্তঃ প্রব্রজন্তি' এইরূপ অবধারণ করা যুক্তিযুক্তই হইয়াছে। আত্ম-লোকপ্রাপ্তি অর্থ—অবিদ্যানিবৃত্তির পর স্বস্বরূপে অবস্থান ভিন্ন আর কিছুই নহে। অতএব যদি কেহ আত্মলোক পাইতে ইচ্ছুক হয়, তবে তাহার পক্ষে সমস্ত ক্রিয়া হইতে বিরত থাকাই আত্মলোক-লাভের প্রধান—অন্তরঙ্গ সাধন; যেমন পুত্রাদি সাধনসমূহ আত্মপ্রাপ্তির অসাধনত্ব নিবন্ধন উহারা কেবল ত্রিবিধ অনাত্মলোক প্রাপ্তিরই সাধন হয়, ইহাও তদ্রূপ (১)। পুত্রাদি কর্ম্ম দ্বারা যে, আত্মলোক লাভের সম্ভাবনাই নাই; সম্ভাবনা নাই বলিয়াই উহারা আত্ম-লোকের বিরোধী, একথা আমরা অগ্রেই বলিয়াছি। ১২

(১) তাৎপর্য্য—সাধন দুই প্রকার—অন্তরঙ্গ ও বহিরঙ্গ। যাহা সাক্ষাৎসম্বন্ধে ফল-নিষ্পত্তির উপায়, তাহা অন্তরঙ্গ, আর যাহা পরোক্ষভাবে—পরম্পরাসম্বন্ধে ফল-সিদ্ধির সহায়, তাহা বহিরঙ্গ। কর্ম্মমাত্রই বহিরঙ্গ; কারণ, উহারা কেবল জ্ঞান লাভের উপযোগী চিত্ত-শুদ্ধিমাত্র জন্মায়; আর সন্ন্যাস হইতেছে অন্তরঙ্গ সাধন; কারণ, সন্ন্যাসের পরেই আত্মপ্রাপ্তি সংঘটিত হয়।

অতএব, যাহারা আত্মলোক পাইতে ইচ্ছা করেন, তাহারা প্রব্রজ্যাই গ্রহণ করিয়া থাকেন, অর্থাৎ অবশ্যই সমস্ত ক্রিয়া হইতে নিবৃত্ত হন। ত্রিবিধ অনাত্ম-লোকপ্রার্থীদিগের জন্য যেমন অবশ্য-কর্ত্তব্যরূপে পুত্রাদি সাধনসমূহ বিহিত হইয়াছে, তেমনই আত্মলোকপ্রার্থী ব্রহ্মবিদের সম্বন্ধেও সর্ব্বক্রিয়া-নিবৃত্তিরূপ পারিব্রাজ্য বা সন্ন্যাসই বিহিত হইতেছে। ১৩

ভাল, আত্মলোকপ্রার্থী লোকেরা যে, কেবল প্রব্রজ্যাই করিয়া থাকে, বলা হইতেছে, তাহার কারণ কি? এই প্রশ্নের উত্তরে শ্রুতি নিজেই অর্থবাদরূপে কারণ প্রদর্শন করিতেছেন—শ্রুতির 'হ, স্ম, বৈ' শব্দে পুরাবৃত্ত বা প্রাচীন পদ্ধতি সূচিত হইতেছে। পূর্ব্ব অর্থাৎ অতীতকালীন বিদ্বান্ আত্মজ্ঞ লোকেরা প্রজা—সন্তান কামনা করেন নাই, অর্থাৎ লোকত্রয়-সাধন—ত্রিবিধ লোকপ্রাপ্তির উপায়-ভূত পুত্রাদি ও অপর বিদ্যার অনুষ্ঠান করেন নাই। এখানে 'প্রজা' কথাটী কর্ম্ম ও অপর ব্রহ্মবিদ্যারও দ্যোতক; ঐ একই শব্দে বাহ্যলোকত্রয়ের উপায়ভূত ঐ ত্রিবিধ সাধনই বুঝাইতেছে। ১৪

ভাল, জিজ্ঞাসা করি, আত্মজ্ঞেরাও ত নিশ্চয়ই অপর-ব্রহ্মবিদ্যার অনুশীলন করিয়া থাকেন; তাহার দরুণই তাহাদের ব্যুত্থান (সমস্ত এষণার পরিত্যাগ) হইয়া থাকে; [নচেৎ ব্যুত্থান হওয়াই অসম্ভব হয়]। না—এ আপত্তি হইতে পারে না; কারণ, ব্রহ্মবিদের সম্বন্ধে অপবাদ বা নিন্দাবাদ রহিয়াছে;—'ব্রহ্ম তাহাকে বঞ্চিত করেন, অর্থাৎ তাহার পক্ষে ব্রহ্মদর্শন সম্ভব হয় না, যে লোক আত্মার অন্যত্র ব্রহ্ম দর্শন করে, অর্থাৎ ব্রহ্ম ও আত্মার ভেদ দর্শন করে', 'সকলে তাহাকে প্রতারিত করে, [যে লোক আত্মার অন্যত্র ব্রহ্মকে জানে]', এই শ্রুতি অ-পরব্রহ্ম দর্শনেরও নিন্দা করিতেছে। কেন না, শ্রুতিতে 'সর্ব্ব' শব্দ থাকায়, অ-পরব্রহ্মও তাহার অন্তর্ভূত হইয়া পড়িয়াছে। [অন্য শ্রুতি বলিতেছেন—'যাহাতে অন্য কিছু দর্শন করে না' ইতি। বিশেষতঃ '[ব্রহ্মের] পূর্ব্ব বা আদি নাই, অন্ত নাই, অন্তর (মধ্য) ও বাহ্য (বাহির) নাই', এই শ্রুতিতে ব্রহ্মেতে পূর্ব্ব পশ্চাৎ বাহ্য ও আন্তর দর্শনও নিষিদ্ধ হইয়াছে। আরও আছে—'সে সময় কে কিসের দ্বারা কাহাকে দর্শন করিবে, কাহাকেই বা জানিবে'? অতএব ব্যুত্থানে একমাত্র আত্মদর্শন ভিন্ন অন্য কোনও কারণের অপেক্ষা করে না। ১৫

[যাহারা প্রজা কামনা করে না,] তাহাদের অভিপ্রায় কি? তাহা কথিত হইতেছে—প্রজারূপ সাধন দ্বারা আমরা কোন প্রয়োজন (ফল) সাধন করিব? কেন না, প্রজা যে, বাহ্যলোক-সিদ্ধির উপায়, ইহা নিশ্চিতরূপে পরিজ্ঞাতই

আছে ; আমাদের ত আত্মাতিরিক্ত সেই বাহ্যলোক বলিয়া কিছু নাই ; সমস্তই আমাদের আত্মস্বরূপ, এবং আমরাও সকলের আত্মস্বরূপ ; আমাদের আত্মা ত আত্মা বলিয়াই (স্বস্বরূপ বলিয়াই) অপর কোনও সাধনের সাহায্যে উৎপাদ্য (যাহার উৎপাদন করা হয়, এমন), বিকার্য্য, প্রাপ্য বা সংস্কার্য্য নহে ; (১) [সুতরাং তাহার জন্য কোন সাধনেরই আবশ্যক হয় না] । ১৬

তবে যে, আত্মযাজীর আত্মস-স্কারার্থ কর্ম্মের অপেক্ষা হইয়া থাকে, বুঝিতে হইবে, দেহেন্দ্রিয়াদিতে আত্মদর্শনই তাহার কারণ ; কেন না, 'ইদং মে অনেন অঙ্গং সংস্ক্রিয়তে' (এই কর্ম্ম দ্বারা আমার এই অঙ্গ সংস্কৃত বা শুদ্ধ করা হইতেছে), এইরূপে অঙ্গাঙ্গিভাবের অর্থাৎ আমি অঙ্গী, আমার অঙ্গ, এইরূপে দেহ ও আত্মার অঙ্গাঙ্গিভাব সম্বন্ধের উল্লেখ রহিয়াছে। যে লোক নিরন্তর আত্মার একমাত্র বিজ্ঞানঘন স্বভাব দর্শন করে, তাহার পক্ষে ভেদদর্শনমূলক অঙ্গাঙ্গিভাব-সংস্কার কখনই সম্ভব হয় না ; এই জন্যই [তাহারা মনে করেন যে,] পুত্র প্রভৃতি সাধন দ্বারা আমরা কি করিব ? পুত্রাদি সাধন-সাধ্য যে ফল, তাহা অজ্ঞলোক-দিগের জন্যই বিহিত ; কেন না, মৃগতৃষ্ণিকাতে জলভ্রান্তিযুক্ত পুরুষই সেই জল-পানে প্রবৃত্ত হয়, কিন্তু তা' বলিয়া কি, যে লোক জলশূন্য ঊষর ভূমি মাত্র দর্শন করে, তাহারও সেখানে জলপানে প্রবৃত্তি হওয়া যুক্তিসঙ্গত হয় ? এইরূপ [তাহারাও মনে করেন যে,] পরমার্থ সত্য আত্মলোকদর্শী আমাদেরও মৃগ-তৃষ্ণিকাতুল্য অজ্ঞজন-দৃষ্ট অসত্য বিষয়ে প্রবৃত্তি হওয়া যুক্তিসঙ্গত নহে ; ইহাই এ কথার অভিপ্রায়। ১৭

এই অভিপ্রায়েই বলা হইতেছে যে, পরমার্থদর্শী আমাদের অশনায়াদি সংসারধর্ম্মবর্জ্জিত ও ভাল-মন্দ কার্য্য দ্বারা বিকারশূন্য আত্মাই একমাত্র লোক—অভিপ্রেত ফল ; অথচ সাংসারিক সাধ্য-সাধনাদি সর্ব্বধর্ম্মবিনির্ম্মুক্ত আত্মার সম্বন্ধে অন্য কোন সাধনও প্রার্থনীয় হইতে পারে না। যাহা সাধ্য, তাহারই সাধনের অন্বেষণ আবশ্যক হয়, অসাধ্য (নিত্য) বিষয়ে যে সাধনের অনুসরণ

---

(১) তাৎপর্য্য—ক্রিয়ামাত্রেরই একটা কর্ম্ম থাকে,—সেই কর্ম্ম কোথাও উৎপাদ্য হয়, যেমন কুম্ভকারের ক্রিয়া দ্বারা উৎপন্ন ঘট শরা প্রভৃতি, কোথাও বিকার্য্য হয়, যেমন—কাষ্ঠকে ভস্ম করা হয়, এখানে ভস্ম বিকার্য্য কর্ম্ম, কোথাও সেই কর্ম্মটী সংস্কার্য্য হয়, যেমন ঘর্ষণ দ্বারা দর্পণের ময়লা অপনয়ন করা হয়, এই জন্য দর্পণ সংস্কার্য্য ; কোথাও বা কর্ম্মটা প্রাপ্য হয়, যেমন—গমন দ্বারা প্রাপ্য গ্রামাদি। আত্মা কিন্তু উৎপাদ্য, বিকার্য্য, সংস্কার্য্য বা প্রাপ্য কোন কর্ম্মই হইতে পারে না।

করা হয়, তাহা বস্তুতঃ জলভ্রমে শুষ্ক ভূমিতে সন্তরণের তুল্য, অথবা আকাশে পাখীর পদচিহ্ন অন্বেষণের অনুরূপ। ১৮

অতএব ব্রাহ্মণগণ এই আত্মাকে উক্তরূপে জানিয়া অবশ্যই প্রব্রজ্যা করিবে, কিন্তু কর্মারম্ভ করিবে না। যেহেতু প্রাচীনগণ এইরূপে আত্মতত্ত্ব অবগত হইয়া সন্তান-কামনায় পরাঙ্মুখ হইয়া, এবং এইরূপ সাধ্য-সাধন ব্যবহারকে—ইহা অজ্ঞজন-সেবা বলিয়া নিন্দা করত [তাহারা] কি করিতেন, তাহা বলা হইতেছে—তাহারা পুত্র কামনা হইতে, বিত্ত কামনা হইতে, এবং স্বর্গাদি লোককামনা হইতেও ব্যুত্থান করিয়া অর্থাৎ ঐ সমস্ত বিষয়ে কামনা পরিত্যাগ করিয়া ভিক্ষাচর্য্যা করিতেন, ইত্যাদি অংশ পূর্ব্বে ব্যাখ্যাত হইয়াছে। অতএব, 'আত্মলোক পাইতে ইচ্ছুক হইয়া প্রব্রজ্যা করিয়া থাকেন ('প্রব্রজন্তি'), এই 'অর্থবাদ' বাক্য হইতেই 'প্রব্রজেয়ুঃ' (প্রব্রজ্যা করিবে) এইরূপ বিধিকল্পনাও সুসঙ্গত হয়। এই বাক্যটী যখন অর্থবাদযুক্ত, তখন আত্মার প্রশংসাখ্যাপন দ্বারা যে, এ বিষয়ে সাধারণ লোকের আভিমুখ্য (ঔৎসুক্য) কল্পনা করা, তাহা কখনই উপপন্ন হয় না; কেন না, 'প্রব্রজন্তি' বাক্যের অর্থবাদ বা প্রশংসাসূচক বাক্য হইতেছে পরবর্ত্তী—'এতং হ স্ম' ইত্যাদি বাক্য; সুতরাং 'প্রব্রজন্তি' বাক্যটী অর্থবাদস্বরূপ হইলে, সে কখনই অপর অর্থবাদের আকাঙ্ক্ষা করিত না; অথচ 'প্রব্রজন্তি' বাক্যটী কিন্তু 'এতং হ স্ম' ইত্যাদি অর্থবাদের নিশ্চয়ই অপেক্ষা করিতেছে (১)। ১৯

যেহেতু পূর্ব্বতন বিদ্বান্‌সমূহ প্রজাদি কর্ম হইতে নিবৃত্ত হইয়া, কেবল প্রব্রজ্যাই করিতেন, সেই হেতু ইদানীন্তন লোকেরাও অবশ্যই প্রব্রজ্যা করিবে; এইরূপ বাক্যসম্বন্ধ যোজনা করিলে, উক্ত বাক্যটী আর প্রাপ্য লোকের স্তুতি প্রকাশন দ্বারা সাধারণ লোকদিগের আভিমুখ্যপর বা প্রবৃত্তিজনক বলিয়া পরিকল্পিত হইতে পারে না। পূর্ব্বেও 'বিজ্ঞান ও প্রব্রজ্যার একই কর্ত্তা উপদিষ্ট

---

(১) তাৎপর্য্য—বিধিবিহিত কার্য্যে লোকের প্রবৃত্তি জন্মাইবার নিমিত্ত বিধের বিষয়ের প্রশংসা করা আবশ্যক হয়; সেই প্রশংসাবোধক বাক্যকে 'অর্থবাদ' বলে। আবার নিষিদ্ধ কার্য্য হইতেও লোকদিগকে ফিরাইবার জন্য নিষিদ্ধ কর্ম্মের নিন্দা করা আবশ্যক হয়; সেই নিন্দাপর বাক্যকেও 'অর্থবাদ' বলে। বিধি ও নিষেধ উভয়েই অর্থবাদের অপেক্ষা করে, কিন্তু 'অর্থবাদ' কখনই অপর অর্থবাদের অপেক্ষা করে না। অথচ এখানে 'প্রব্রজন্তি' বাক্যটী 'এতং হ স্ম' ইত্যাদি অর্থবাদের অপেক্ষা করিতেছে; কাজেই বলিতে হইবে যে, 'প্রব্রজন্তি' বাক্যটী কখনই 'অর্থবাদ' নহে, উহা বিধিবাক্য।

হওয়ায়' ইত্যাদি বাক্যে এ কথা আমরা বুঝাইয়া দিয়াছি। উক্ত বাক্যের অর্থবাদত্বের বিপক্ষে বেদানুবচনের সঙ্গে একত্র পাঠও অপর কারণ; অভিপ্রায় এই যে, আত্মজ্ঞানের সাধনরূপে বিহিত 'বেদানুবচন' প্রভৃতি যেরূপ 'অর্থবাদ' নহে, পরন্তু সত্যার্থ-জ্ঞাপকমাত্র, সেইরূপ বেদানুবচন প্রভৃতির সহিত একত্র পঠিত 'পারিব্রাজ্য'ও যখন আত্মলোক প্রাপ্তির উপায়, তখন উহারও অর্থবাদত্ব কল্পনা করা সঙ্গত হয় না। বিভিন্ন ফলোপদেশও ইহার অপর হেতু, যেমন 'পুত্র দ্বারাই ইহলোক জয় করিতে হয়, অন্য কর্ম্ম দ্বারা নহে, এবং কর্ম্ম দ্বারা পিতৃলোক জয় করিতে হয়, (অন্য দ্বারা নহে)' এই স্থলে পুত্র ও কর্ম্ম দ্বারা লভ্য বিভিন্ন ফলের উল্লেখ আছে, ঠিক তেমন 'এই আত্মস্বরূপ লোক বিশেষভাবে অবগত হইয়া' এইস্থলেও বাক্য অপরাপর সমস্ত লোক হইতে স্বতন্ত্র ফলরূপে আত্মার নির্দ্দেশ করিতেছেন। আর ইহাও বলা যায় না যে, 'প্রব্রজন্তি' এই কথাটী প্রসিদ্ধের ন্যায় কেবল আত্মলোকেরই প্রশংসাবোধক মাত্র এবং প্রধান বা বিধেয় বিষয় যেরূপ অর্থবাদের অপেক্ষা করে, ইহাকে সেরূপও বলিতে পারা যায়; কারণ, তাহা হইলে একবার মাত্র উহার উল্লেখ থাকিত; [এখানে কিন্তু 'প্রব্রজন্তি' ও 'ব্যুত্থায় অথ ভিক্ষাচর্য্যং চরন্তি' এইরূপে দুইবার উল্লেখ রহিয়াছে, ইহা অর্থবাদের পক্ষে সঙ্গত হয় না।] (২)। ২০

একথাও বলিতে পারা যায় না যে, পারিব্রাজ্য যখন অনুষ্ঠেয়—অনুষ্ঠান সাপেক্ষ, তখন বৈধ কর্ম্মের ন্যায় উহা দ্বারাও বিধির স্তুতি উপপন্ন হইতে পারে, কারণ, পারিব্রাজ্য নিজে অনুষ্ঠেয় হইয়াও যদি অপরের স্তাবক হয়, তাহা হইলে অনুষ্ঠেয় 'দর্শপূর্ণমাস' প্রভৃতি যাগও অন্যের স্তুতিরূপে কল্পিত হইতে পারে। আর এতদতিরিক্ত স্থানে পারিব্রাজ্যের কর্ত্তব্যতা-বিধায়ক এমন কোন বাক্যও দেখা যায় না, যাহার জন্য এখানে উহা স্তুতিবোধক হইবে। পক্ষান্তরে অন্য কোন স্থানে যদি পারিব্রাজ্যের বিধান কল্পনাই করা হয়, তাহা হইলেও এখানেই পারিব্রাজ্যের সেই বিধি প্রধানভাবে কল্পনা করা উচিত। আর যদি অনধিকৃত

(২) তাৎপর্য্য—যাহার যাহা স্বভাবসিদ্ধ, কখন কখন অর্থবাদ বাক্যে তাহাও বর্ণিত হয়, যেমন, 'বায়ুর্বৈ ক্ষেপিষ্ঠা দেবতা', এই স্থলে বায়ুর স্বভাবসিদ্ধ শীঘ্রগামিতার অনুবাদ করা হইয়াছে। অথবা কোথাও প্রধান প্রতিপাদ্য বিষয়েরই স্তুতি করা আবশ্যক হয়, যেমন 'দর্শপূর্ণমাস' নামক যাগে অর্থবাদ রহিয়াছে। এখানে 'প্রব্রজন্তি'কে অর্থবাদ বলিলে, হয় তাহার বিধেয়ত্ব রক্ষা করিতে হয়, না হয় 'ব্যুত্থায়' ইত্যাদি বাক্যাংশ ত্যাগ করিতে হয়, কারণ, অর্থবাদের পুনরুক্তি হইতে পারে।

(অপ্রাসঙ্গিক) বিষয়ে পারিব্রাজ্যের বিধি কল্পনা করা হয়, তাহা হইলে ত পারিব্রাজ্যের ন্যায় বৃক্ষারোহণাদি যাদৃচ্ছিক কার্য্যেরও বিধি কল্পনা করা যাইতে পারে; কারণ, অবশ্যকর্ত্তব্যরূপে উভয়ই অবিজ্ঞাত; উভয়ের মধ্যে অজ্ঞাতত্ব অংশে কিছুমাত্র বিশেষ নাই; অতএব এখানে স্তুতিবাদের নামগন্ধও কল্পনা করিতে দেখা যায় না। ২১

ভাল, সেই ব্রাহ্মণগণ যদি এই আত্মাকেই একমাত্র প্রাপ্য বলিয়া মনে করেন, তাহা হইলেও, তৎপ্রাপ্তির উপায়রূপে কর্ম্মেরই বা অনুষ্ঠান করেন না কেন? পারিব্রাজ্য অবলম্বনের প্রয়োজন কি? তদুত্তরে বলিতেছেন—কর্ম্মের সহিত এই আত্মার সম্বন্ধ নাই; নাই বলিয়াই [তাহারা কর্ম্ম করেন না]। তাঁহারা, যে আত্মাকে পাইবার ইচ্ছায় প্রব্রজ্যা অবলম্বন করিয়া থাকেন, সেই আত্মা সাধনরূপে কিংবা ফলরূপে, অধিক কি, উৎপাদ্যাদি চতুর্ব্বিধ কর্ম্মের কোন এক প্রকারেও ক্রিয়ার সহিত সম্বন্ধ নহে; এই কারণেই শ্রুতিতে আত্মার 'স এষ নেতি নেতি আত্মা, অগৃহ্যঃ নহি গৃহ্যতে' ইত্যাদি লক্ষণ অভিহিত হইয়াছে। যেহেতু যথোক্ত লক্ষণসম্পন্ন আত্মা কর্ম্ম, ফল ও সাধনের সহিত অসম্বদ্ধ, সংসার গোচর যে কোনরূপ ধর্ম্ম বা গুণ আছে, তদ্বিলক্ষণ, ক্ষুধা পিপাসাদির অতীত ও স্থূলত্বাদি ধর্ম্মশূন্য এবং জন্ম, জরা, মরণ ও ভয় বিবর্জ্জিত অমৃতস্বরূপ, সৈন্ধবখণ্ডের ন্যায় একমাত্র বিজ্ঞানস্বভাব স্বয়ংজ্যোতিঃ (স্বপ্রকাশ), এক অদ্বিতীয়, পূর্ব্ব ও পর (কার্য্য ও কারণ) এবং আন্তর ও বাহ্য-বর্জ্জিত, এরূপ লক্ষণই শাস্ত্র ও যুক্তির সাহায্যে অবধারিত হইয়াছে; এবং এখানেও জনক-যাজ্ঞবল্ক্যসংবাদে বিশেষভাবে সমর্থিত হইয়াছে; অতএব যথোক্তলক্ষণ সম্পন্ন আত্মাকে আত্মরূপে বিশেষভাবে অবগত হইলে, তাহার পক্ষে আর কর্ম্মানুষ্ঠান সম্ভবপর হয় না। এই জন্যই আত্মাকে নির্ব্বিশেষ—সর্ব্বপ্রকার বিশেষ ধর্ম্মশূন্য বলিয়া স্বীকার করিতে হয়। ২২

কেন না, যে লোক চক্ষুষ্মান্, সেই লোক দিবাভাগে পথ চলিতে যাইয়া কখনই কূপে বা কণ্টকে পতিত হয় না। বিশেষতঃ সমস্ত কর্ম্মফলই যখন ব্রহ্মবিদ্যাফলের অন্তর্ভূত, তখন কর্ম্মসাধ্য সমস্ত ফলই তাহার অযত্নলভ্য; কোন বুদ্ধিমান্ লোকই অযত্নলভ্য ফলের জন্য যত্ন করে না। [এবিষয়ে একটী লৌকিক গাথা আছে যে,] 'নিকটে বা গৃহকোণে যদি মধু পাওয়া যায়, তাহা হইলে, কিসের জন্য পর্ব্বতে যাইবে? অভিলষিত বিষয়ের সিদ্ধি বা প্রাপ্তিসত্ত্বে কোন বুদ্ধিমান্ লোক তাহার জন্য আবার যত্ন করে?' ভগবদ্গীতাতেও আছে—

'হে পার্থ, সমস্ত কর্ম্মই নিঃশেষভাবে জ্ঞানে পরিসমাপ্ত হয়, অর্থাৎ সমস্ত কর্ম্মফল জ্ঞানফলের অন্তর্ভূত হয়।' আর এখানেও বলা হইয়াছে—'ব্রহ্মবিদ্ পুরুষ, যে পরমানন্দ লাভ করেন, অন্যান্য প্রাণিগণ তাহারই অংশমাত্র ভোগ করিয়া থাকে'; অতএব ব্রহ্মবিদের পক্ষে কর্ম্মারম্ভ নিতান্তই অসম্ভব ও অনুপযোগী। ২৩

যেহেতু সর্ব্বাভিলাষবিবর্জ্জিত সেই পুরুষ 'নেতি নেতি'রূপে সর্ব্বনিষেধের অবধিরূপে অবস্থিত আত্মার স্বরূপ অবগত হইয়া, নিজেও তৎস্বরূপেই অবস্থান করেন, সেই হেতুই যথোক্ত আত্মস্বরূপে বর্ত্তমান সেই আত্মজ্ঞ পুরুষকে এই বক্ষ্যমাণ দুইটী বিষয় প্রাপ্ত হয় না। সেই দুইটী বিষয় কি কি, তাহা বলা হইতেছে,—এই নিমিত্ত অর্থাৎ শরীর ধারণাদি প্রয়োজনে [আমি] পাপ—অপুণ্য কর্ম্ম করিয়াছি, আমি দুষ্কর্ম্ম করিয়াছি; এই দুষ্কর্ম্মের দরুণ আমি নরকে গমন করিব—এইরূপে যে পাপকর্ম্মকারীর পশ্চাৎতাপ বা অনুশোচনা, সেই পশ্চাৎতাপে ইহাকে—নেতি নেতি—সর্ব্বসংসারধর্ম্মশূন্য আত্মাকে আক্রমণ করে না; সেইরূপ এই কারণে—অমুক ফলের অভিলাষে আমি কল্যাণ করিয়াছি, অর্থাৎ যজ্ঞ-দানাদি পুণ্য কর্ম্ম করিয়াছি, অতএব আমি দেহান্তরে সেই শুভ কর্ম্মের ফলস্বরূপ সুখরাশি সম্ভোগ করিব', ইত্যাকার হর্ষও তাহাকে অভিভূত করে না; এই ব্রহ্মজ্ঞ পুরুষ পুণ্য ও পাপাত্মক উভয়প্রকার কর্ম্মই অতিক্রম করিয়া থাকেন। ২৪

এই প্রকার ব্রহ্মজ্ঞ সন্ন্যাসীর উভয়প্রকার কর্ম্মই ক্ষয় প্রাপ্ত হয়—পূর্ব্ব জন্মে যে সমস্ত পুণ্য পাপ করিয়াছিলেন, সে সমস্ত, এবং ইহ জন্মেও যে সমস্ত পুণ্য ও পাপকর্ম্ম করিয়াছিলেন, সে সমস্তও ক্ষয়প্রাপ্ত হয়, এবং তাহার কৃত কোন কর্ম্মই আর পুণ্য পাপরূপ অদৃষ্ট সমুৎপাদনে সমর্থ হয় না। আরও এক কথা, কৃত ও অকৃত—কৃত অর্থ—অবশ্যানুষ্ঠেয় যে কর্ম্ম করা হইয়াছে, আর অকৃত অর্থ—সেই অবশ্যানুষ্ঠেয় যে কর্ম্ম করা হয় নাই, সেই কৃতাকৃতও ইঁহাকে তাপ দেয় না; কেন না, যে লোক অনাত্মজ্ঞ, তাহাকেই কৃত কর্ম্ম ফলদান দ্বারা, আর অকৃত কর্ম্ম প্রত্যবায় সমুৎপাদন দ্বারা সন্তাপ প্রদান করিয়া থাকে; কিন্তু এই আত্মজ্ঞ পুরুষ আত্মজ্ঞানরূপ অগ্নিদ্বারা সমস্ত কর্ম্মরাশিকে ভস্মীভূত করিয়া ফেলেন। গীতাস্মৃতিতেও আছে—'সমিদ্ধ অর্থাৎ প্রদীপ্ত অগ্নি যেরূপ কাষ্ঠরাশিকে [ভস্মসাৎ করে, তদ্রূপ জ্ঞানাগ্নিও সমস্ত কর্ম্মকে ভস্মীভূত করিয়া ফেলে]' ইত্যাদি। যে সমস্ত পুণ্য ও পাপের ফলে এই বর্ত্তমান দেহ আরব্ধ হইয়াছে, কেবল সেই সমুদয় পুণ্য ও পাপই ফলোপভোগ দ্বারা ক্ষয়

করিতে হয়। অতএব বুঝিতে হইবে, ব্রহ্মবিদের সহিত কর্ম্মের কোনও সম্বন্ধ নাই (১)॥ ৩১২ ॥ ২২ ॥

তদেতদৃচাভ্যুক্তম্—এষ নিত্যো মহিমা ব্রাহ্মণস্য ন বর্দ্ধতে কর্ম্মণা নো কনীয়ান্। তস্যৈব স্যাৎ পদবিৎ, তং বিদিত্বা ন লিপ্যতে কর্ম্মণা পাপকেনেতি, তস্মাদেবংবিচ্ছান্তো দান্ত উপরতস্তিতিক্ষুঃ সমাহিতো ভূত্বাত্মন্যেবাত্মানং পশ্যতি সর্ব্বমাত্মানং পশ্যতি; নৈনং পাপ্মা তরতি, সর্ব্বং পাপ্মানং তরতি, নৈনং পাপ্মা তপতি, সর্ব্বং পাপ্মানং তপতি, বিপাপো বিরজোঽবিচিকিৎসো ব্রাহ্মণো ভবতি, এষ ব্রহ্মলোকঃ সম্রাড়েনং প্রাপিতোঽসীতি হোবাচ যাজ্ঞবল্ক্যঃ। সোঽহং ভগবতে বিদেহান্ দদামি মাঞ্চাপি সহ দাস্যায়েতি ॥ ৩১৩ ॥ ২৩ ॥

সরলার্থঃ।—তৎ এতৎ (তত্ত্বং) ঋচা (মন্ত্রেণ, ন কেবলং ব্রাহ্মণেন মন্ত্রেণাপি) অভ্যুক্তম্ (প্রকাশিতম্। মন্ত্রেণ ব্রাহ্মণার্থো দৃঢ়ীক্রিয়তে, মন্ত্রব্রাহ্মণয়োরেকার্থপরত্বাদিতি ভাবঃ),—ব্রাহ্মণস্য (ব্রহ্মবিদঃ) এষঃ (সর্ব্বসংসারধর্ম্মবৈলক্ষণ্যরূপঃ) মহিমা (স্বভাবঃ) নিত্যঃ (উৎপত্তি-বিনাশবর্জ্জিতঃ); [অতএব] কর্ম্মণা ন বর্দ্ধতে (বৃদ্ধিং ন প্রাপ্নোতি), নো (ন) কনীয়ান্ (অল্পতরঃ বা) [ভবতি]। [অতএব] তস্য (মহিম্নঃ) এব পদবিৎ (পদ্যতে গম্যতে ইতি পদম্—মহিম্নঃ স্বরূপম্, তৎ বেত্তীতি পদবিৎ) স্যাৎ (ভবেৎ); [স চ] তং (মহিমানম্) বিদিত্বা (সম্যক্ জ্ঞাত্বা) পাপকেন (পুণ্য-পাপরূপেণ) কর্ম্মণা ন লিপ্যতে (ন সম্বধ্যতে) ইতি। তস্মাৎ (আত্মমহিম্নঃ কর্ম্মসম্বন্ধাতীতত্বাৎ)

---

(১) তাৎপর্য্য—কর্ম্ম তিন প্রকার, সঞ্চিত, প্রারব্ধ ও আগামী বা ক্রিয়মাণ। যাহা পূর্ব্ব পূর্ব্ব জন্মে অনুষ্ঠিত হইয়া ফল প্রদানের জন্য উপযুক্ত অবসর প্রতীক্ষা করিতেছে, তাহা সঞ্চিত কর্ম্ম। যে কর্ম্মের ফলভোগের জন্য বর্ত্তমান দেহ উৎপন্ন হইয়াছে, তাহা প্রারব্ধ; আর বর্ত্তমান দেহে যে সমস্ত কর্ম্ম করা হইতেছে ও হইবে, সে সমস্ত কর্ম্ম আগামী ও ক্রিয়মাণ। তন্মধ্যে আত্মজ্ঞানোদয়ে সঞ্চিত কর্ম্ম নিষ্ফল বা দগ্ধ হয়; আগামী ও ক্রিয়মাণ কর্ম্ম জ্ঞানীকে স্পর্শ করিতে পারে না; কেবল প্রারব্ধ কর্ম্মই তখন বিদ্যমান থাকিয়া উপযুক্ত ফল প্রদান করিতে থাকে। ভোগ ব্যতীত প্রারব্ধ কর্ম্মের ক্ষয় হয় না, যথা—"না ভুক্তং ক্ষীয়তে কর্ম্ম কল্পকোটিশতৈরপি। অবশ্যমেব ভোক্তব্যং কৃতং কর্ম্ম শুভাশুভম্।" ইত্যাদি।

এবংবিৎ [আত্মনত্বিয়ঃ যথোক্তস্বরূপজ্ঞঃ) শান্তঃ (বহিরিন্দ্রিয়-ব্যাপারাৎ নিবৃত্তঃ), দান্তঃ (অন্তঃকরণগত-বাসনাভ্যো বিরতঃ), [কেচিত্তু শান্তঃ—নিগৃহীতান্তঃকরণঃ, দান্তঃ—বহিরিন্দ্রিয়বিজয়ী ইতি ব্যাচক্ষতে], উপরতঃ (সর্ব্ববাসনানিবৃত্তঃ), তিতিক্ষুঃ (শীতোষ্ণাদিদ্বন্দ্বসহিষ্ণুঃ), সমাহিতঃ (একাগ্রচিত্তঃ) ভূত্বা আত্মনি (স্বস্মিন্) আত্মানং (সচ্চিদানন্দঘনং) পশ্যতি ; সর্ব্বং (সমস্তং বস্তু) আত্মানং (আত্মনোঽব্যতিরিক্তং) পশ্যতি (আত্মব্যতিরেকেণ ন কিঞ্চিৎ পশ্যতীত্যর্থঃ)। পাপ্মা (পাপং) এনং (আত্মজ্ঞং) ন তরতি (প্রাপ্নোতি), [এষঃ] সর্ব্বং পাপ্মানং তরতি (অতিক্রামতি) ; পাপ্মা এনং ন তপতি, [এষঃ] সর্ব্বং পাপ্মানং তপতি (পীড়য়তি) ; [এষঃ] বিপাপঃ (বিগতপাপপুণ্যঃ), বিরজঃ (বিগত-কামঃ), অবিচিকিৎসঃ (সর্ব্বত্র নিঃসংশয়ঃ) ব্রাহ্মণঃ (ব্রহ্মনিষ্ঠঃ) ভবতি। এষঃ (যথোক্তলক্ষণঃ আত্মা) ব্রহ্মলোকঃ (ব্রহ্মৈব লোকঃ প্রাপ্যঃ)। হে সম্রাট্, [ত্বম্] এনং (ব্রহ্মলোকং) প্রাপিতঃ (ময়া গমিতঃ) অসি ইতি হ (ঐতিহ্যে) যাজ্ঞবল্ক্যঃ উবাচ (উক্তবান্)। [অনন্তরং জনক উবাচ—] সঃ (ভবতা এনং ব্রহ্ম প্রাপিতঃ) অহং ভগবতে (পূজনীয়ায় তুভ্যং) বিদেহান্ (বিদেহনামকং জনপদং) দদামি, মাং চ (মাম্ অপি) দাস্যায় (দাসকর্ম্মকরণায়) সহ (বিদেহৈঃ সার্দ্ধম্) [দদামি ইতি শেষঃ] ॥৩১৩॥২৩॥

মূলানুবাদ ।—এখানে যাহা বলা হইল, মন্ত্রেও ঠিক তাহাই উক্ত হইয়াছে,—ব্রাহ্মণের (ব্রহ্মবিদ্ পুরুষের) উক্তপ্রকার মহিমা বা সম্পদ্ নিত্য—উদয়াস্তবর্জ্জিত ; এই মহিমা কর্ম্মানুষ্ঠান দ্বারা বৃদ্ধি পায় না, কোন কর্ম্ম দ্বারা হ্রাসও হয় না ; [অতএব] এই মহিমারই স্বরূপ অবগত হইবে। এই মহিমার তত্ত্ববিদ্ পুরুষ এই মহিমা উত্তমরূপে অবগত হইলে পর, সে কোনও পাপ পুণ্য কর্ম্ম দ্বারা লিপ্ত (সংস্পৃষ্ট) হয় না ; অতএব, এবম্বিধ মহিমজ্ঞ পুরুষ শান্ত (হস্তপদাদি ইন্দ্রিয়-সংযমী) দান্ত (অন্তঃকরণজয়ী) উপরত (বিষয়াভিলাষ হইতে নিবৃত্ত) তিতিক্ষু (শীতোষ্ণাদি দ্বন্দ্বসহিষ্ণু) এবং সমাহিত (একাগ্রচিত্ত) হইয়া এই শরীরেই আত্মদর্শন করেন ; কারণ, তিনি সমস্তই আত্মস্বরূপে দর্শন করেন ; পাপ বা পুণ্য তাঁহাকে প্রাপ্ত হয় না, পরন্তু তিনি সমস্ত পাপ অতিক্রম করেন ; কোন পাপকর্ম্ম তাঁহাকে তাপ দেয় না, পরন্তু তিনিই পাপকে তাপ দিয়া থাকেন। ব্রাহ্মণ (ব্রহ্মবিদ্ পুরুষ) পাপপুণ্য-

শূন্য, এবং রজোগুণের ফল যে কামনা, তদ্বর্জ্জিত হন। ইহাই ব্রহ্মলোক (যাহা ব্রহ্ম, তাহাই লোক)। যাজ্ঞবল্ক্য বলিলেন, হে সম্রাট্, আমার সাহায্যে তুমি এই ব্রহ্মলোক লাভ করিয়াছ। [জনক একথা শুনিয়া বলিলেন—] আপনার নিকট লব্ধবিদ্য আমি পূজনীয় আপনাকে সমস্ত বিদেহ দেশ দান করিতেছি, এবং দাসকর্ম্ম করিবার নিমিত্ত আমাকেও ইহার সহিত প্রদান করিতেছি ॥ ৩১৩ ॥ ২৩ ॥

শাঙ্করভাষ্যম্।—তদেতদ্বস্তু ব্রাহ্মণেনোক্তম্, ঋচা মন্ত্রেণ অভ্যুক্তং প্রকাশিতম্। এষঃ নেতিনেত্যাদিলক্ষণঃ নিত্যো মহিমা; অন্তে তু মহিমানঃ কর্ম্মকৃতা ইত্যনিত্যাঃ; অয়ন্তু তদ্বিলক্ষণো মহিমা স্বাভাবিকত্বান্নিত্যঃ ব্রহ্মবিদো ব্রাহ্মণস্য ত্যক্তসর্ব্বৈষণস্য। কুতোঽস্য নিত্যত্বমিতি হেতুমাহ—কর্ম্মণা ন বর্দ্ধতে—শুভলক্ষণেন কৃতেন বৃদ্ধিলক্ষণাং বিক্রিয়াং ন প্রাপ্নোতি; অশুভেন কর্ম্মণা নো কনীয়ান্ নাপি অপক্ষয়লক্ষণাং বিক্রিয়াং প্রাপ্নোতি। উপচয়াপচয়হেতুভূতা এব হি সর্ব্বা বিক্রিয়া ইত্যেতাভ্যাং প্রতিষিধ্যন্তে; অতোঽবিক্রিয়ত্বাৎ নিত্য এষ মহিমা। ১

টীকা। উক্তে বিদ্যাফলে মন্ত্রং সংবাদয়তি—তদেতদিতি। এষ নিত্যো মহিমেত্যত্র নিত্যত্বমুপপাদয়তি—অন্যে ত্বিতি। তদ্বিলক্ষণত্বমকর্ম্মকৃতত্বম্। অকর্ম্মকৃতো মহিমা স্বাভাবিকত্বান্নিত্য ইত্যত্রাকর্ম্মকৃতত্বেন স্বাভাবিকত্বমসিদ্ধমিত্যাশঙ্ক্যাহ—কুতোঽস্যেতি। বৃদ্ধিরপক্ষয়শ্চেতি বিক্রিয়াদ্বয়াভাবেঽপি বিক্রিয়ান্তরাণি ভবিষ্যন্তীত্যাশঙ্ক্যাহ—উপচয়েতি। এতাভ্যাং নিষেধাভ্যামিতি যাবৎ। আত্মনঃ সর্ব্ববিক্রিয়ারাহিত্যে ফলিতমাহ—অত ইতি। ১

তস্মাৎ তস্যৈব মহিম্নঃ, স্যাৎ ভবেৎ পদবিৎ—পদস্য বেত্তা, পদ্যতে গম্যতে জ্ঞায়ত ইতি মহিম্নঃ স্বরূপমেব পদম্, তস্য পদস্য বেদিতা। কিং তৎপদবেদনেন স্যাদিত্যুচ্যতে—তং বিদিত্বা মহিমানম্, ন লিপ্যতে ন সম্বধ্যতে কর্ম্মণা পাপকেন ধর্ম্মাধর্ম্মলক্ষণেন; উভয়মপি পাপকমেব বিদুষঃ। ২

তস্য নিত্যত্বেঽপি কিং, তদাহ—তস্মাদিতি। অধর্ম্মলক্ষণেনেতি বক্তব্যে কিমিদং ধর্ম্মাধর্ম্মলক্ষণেনেত্যুক্তমত আহ—উভয়মপীতি। সংসারহেতুত্বাবিশেষাদিত্যর্থঃ। ২

যস্মাদেবমকর্ম্মসম্বন্ধ্যেষ ব্রাহ্মণস্য মহিমা নেতি-নেত্যাদিলক্ষণঃ, তস্মাদেবংবিৎ শান্তঃ বাহ্যেন্দ্রিয়ব্যাপারত উপশান্তঃ, তথা দান্তঃ অন্তঃকরণতৃষ্ণাতো নিবৃত্তঃ, উপরতঃ সর্ব্বৈষণাবিনির্ম্মুক্তঃ সন্ন্যাসী, তিতিক্ষুঃ দ্বন্দ্বসহিষ্ণুঃ, সমাহিতঃ ইন্দ্রিয়ান্তঃকরণচলনরূপাদ্ব্যাবৃত্ত্যা ঐকাগ্র্যরূপেণ সমাহিতো ভূত্বা; তদেতদুক্তং পুরস্তাৎ "বাল্যঞ্চ পাণ্ডিত্যঞ্চ নির্বিদ্য" ইতি; আত্মন্যেব স্বে কার্য্যকরণসঙ্ঘাতে আত্মানং

প্রত্যক্‌চেতয়িতারং পশ্যতি। তত্র কিং তাবন্মাত্রপরিচ্ছিন্নম্? নেত্যুচ্যতে—সর্ব্বং সমস্তম্ আত্মানমেব পশ্যতি, নান্যদাত্মব্যতিরিক্তং বালাগ্রমাত্রমপ্যস্তীত্যেবং পশ্যতি। মননাম্মুনির্ভবতি জাগ্রৎস্বপ্নসুষুপ্তাখ্যং স্থানত্রয়ং হিত্বা। ৩

তস্মাদিত্যাদি বাক্যং ব্যাচষ্টে—যস্মাদিতি। এবংবিদাত্মা কর্ম্মতৎফলসংবন্ধশূন্য ইত্যাপাতো জ্ঞানমিত্যর্থঃ। বিশেষণান্তরমুৎসর্গতো বিহিতকর্ম্মোভয়বিষয়ৈষণাব্যাপারোপরমস্য যাবজ্জীবাদি-শ্রুতিবিহিতং কর্ম্মাপবাদরূপমাধিরক্তস্যাপি ন নিত্যাদিত্যাশঙ্ক্য। "উৎসর্গস্যাপবাদেন বাধঃ কস্য ন সংমতঃ" ইত্যাদিন্যায়াদিত্যাশঙ্ক্যাহ—উপরত ইতি। জীবনবিচ্ছেদব্যতিরিক্ত-শীতাদিসহিষ্ণুঃ তিতিক্ষুঃ। যত্র কর্ত্তুঃ স্বাতন্ত্র্যং, তেষাং কর্ম্মণাং নিবৃত্তিঃ শমাদিপদৈরুক্তা, যত্র তু সমাধ্যা-বিরোধিনি নিদ্রালস্যাদৌ পুংসো ন স্বাতন্ত্র্যং, তন্নিবৃত্তিঃ সমাধানম্। সমাহিতো ভূত্বা পশ্যতীতি সংবন্ধঃ। পশ্যতীতি বর্ত্তমানাপদেশাৎ কথং বিশেষণেষু সংক্রামিতো বিধিরিত্যাশঙ্ক্যাহ—তদেতদিতি। ৩

এবং পশ্যন্তং ব্রাহ্মণং নৈনং পাপ্মা পুণ্যপাপলক্ষণস্তরতি ন প্রাপ্নোতি; অয়ন্তু ব্রহ্মবিৎ সর্ব্বং পাপ্মানং তরতি আত্মভাবেনৈব ব্যাপ্নোতি অতিক্রামতি; নৈনং পাপ্মা কৃতাকৃতলক্ষণস্তপতি ইষ্টফল-প্রত্যবায়োৎপাদনাভ্যাম্; সর্ব্বং পাপ্মানময়ং তপতি, ব্রহ্মবিৎ সর্ব্বাত্মদর্শনবহ্নিনা ভস্মীকরোতি। স এষ এবংবিৎ বিপাপো বিগতধর্ম্মাধর্ম্মঃ, বিরজঃ বিগতরজঃ—রজঃ কামঃ বিগতকামঃ। অবিচিকিৎসঃ ছিন্নসংশয়ঃ, অহমস্মি সর্ব্বাত্মা পরং ব্রহ্মেতি নিশ্চিতমতিঃ ব্রাহ্মণো ভবতি। ৪

যথোক্তৈঃ সাধনৈরুদিতায়াং বিদ্যায়াং কিং স্যাদিত্যাশঙ্ক্যাহ—এবমিতি। তস্য পুণ্যপাপা-সংস্পর্শে হেতুমাহ—অয়ং ত্বিতি। ইতশ্চ বিদুষো ন কর্ম্মসংবন্ধোঽস্তীত্যাহ—নৈনমিতি। কিমিতি পাপ্মা ব্রহ্মবিদং ন তপতীত্যাশঙ্ক্যাহ—সর্ব্বমিতি। ৪

অয়ন্তু এবম্ভূতঃ এতস্যামবস্থায়াং মুখ্যো ব্রাহ্মণঃ, প্রাগেতস্মাদ্‌ব্রহ্মস্বরূপাবস্থানাদ্ গৌণমস্য ব্রাহ্মণ্যম্। এষ ব্রহ্মলোকঃ—ব্রহ্মৈব লোকঃ ব্রহ্মলোকঃ মুখ্যো নিরুপ-চরিতঃ সর্ব্বাত্মভাবলক্ষণঃ। হে সম্রাট্, এনং ব্রহ্মলোকং প্রাপিতোঽসি—অভয়ং নেতি নেত্যাদিলক্ষণম্ ইতি হোবাচ যাজ্ঞবল্ক্যঃ।

এবং ব্রহ্মভূতো জনকঃ যাজ্ঞবল্ক্যেন ব্রহ্মভাবমাপাদিতঃ প্রত্যাহ—সোঽহং ত্বয়া ব্রহ্মভাবমাপাদিতঃ সন্, ভগবতে তুভ্যং বিদেহান্ দেশান্ মম রাজ্যং সমস্তং দদামি, মাং চ সহ বিদেহৈর্দাস্যায় দাসকর্ম্মণে দদামীতি চশব্দাৎ সম্বধ্যতে। ৫

কথং ব্রাহ্মণো ভবতীত্যপূর্ব্ববদুচ্যতে, প্রাগপি ব্রাহ্মণস্য সত্ত্বাদিত্যাশঙ্ক্যাহ—অয়ং ত্বিতি। তুশব্দমবধারিতবান্। সকলাং বিদ্যাং সপ্তব্রাহ্মণাভ্যামুপদিষ্টোপসংহরতি—এষ ইতি। তত্র কর্ম্মধারয়সমাসং সূচয়তি—ব্রহ্মৈবেতি। তথাবিধসমাসপরিগ্রহে প্রকরণমনুগ্রাহকমভিপ্রেত্যাহ—মুখ্য ইতি। তথাপি কিং মম সিদ্ধমিতি, তদাহ—এনমিতি। ৫

পরিসমাপিতা ব্রহ্মবিদ্যা সহ সন্ন্যাসেন সাঙ্গা সেতিকর্ত্তব্যতাকা। পরিসমাপ্তঃ পরমপুরুষার্থঃ। এতাবৎ পুরুষেণ কর্ত্তব্যম্, এষা নিষ্ঠা, এষা পরা গতিঃ, এতন্নিঃশ্রেয়সম্, এতৎ প্রাপ্য কৃতকৃত্যো ব্রাহ্মণো ভবতি, এতৎ সর্ব্ববেদানুশাসনমিতি ॥৩১৩॥২৩॥

সাক্ষীরঃ বিদ্যালাভং স্তোতরিতুং মান্ত্রো বচনমিত্যাহ—এবমিতি। সতি বক্তব্যশেষে কথমিদং মান্ত্রো বচনমিত্যাশঙ্ক্যাহ—পরিসমাপিতেতি। তথাপি পরমপুরুষার্থস্য বক্তব্যত্বমিত্যাশঙ্ক্যাহ—পরিসমাপ্ত ইতি। কর্ত্তব্যশেষং বক্তব্যমস্তীত্যাশঙ্ক্যাহ—এতাবদিতি। তথাপি যত্র নিষ্ঠা কর্ত্তব্যা, তদ্বাচ্যমিত্যাশঙ্ক্যাহ—এষেতি। তথাপি পরমা নিষ্ঠাঽস্যাঽস্তীতি চেন্নেত্যাহ—এষেতি। নিশ্চিতং শ্রেয়োঽন্যদস্তীত্যাশঙ্ক্যাহ—এতদিতি। তথাপি কৃতকৃত্যতয়া মুখ্যব্রাহ্মণ্যসিদ্ধ্যর্থং বক্তব্যান্তরমস্তীত্যাশঙ্ক্যাহ—এতৎ প্রাপ্যেতি। কিমস্যাং প্রতিজ্ঞাপরম্পরায়াং নিয়ামকমিত্যাশঙ্ক্যাহ—এতদিতি। নিরুপাধিকব্রহ্মজ্ঞানাৎ কৈবল্যমিতি পর্য্যবিতুমিতিশব্দঃ ॥ ৩১৩ ॥ ২৩ ॥

ভাষ্যানুবাদ।—ব্রাহ্মণভাগোক্ত এই বিষয়টী ঋক্ মন্ত্রেও উক্ত হইয়াছে। এই যে "নেতিনেতি" ইত্যাদি রূপে উক্ত মহিমা, ইহা নিত্য; অন্য যে সমস্ত মহিমা, সে সমস্তই কর্ম্মকৃত (ক্রিয়ানিষ্পন্ন), এই জন্য অনিত্য; কিন্তু ব্রহ্মবিদের—সমস্ত বাসনা-বিনির্ম্মুক্ত ব্রাহ্মণের এই মহিমা তাহা হইতে সম্পূর্ণ অন্যরূপ; ইহা আত্মার স্বভাবসিদ্ধ, এই জন্য নিত্য। কি কারণে যে ইহার নিত্যতা, তাহা নির্দ্দেশ করিতেছেন—ইহা কর্ম্ম দ্বারা বৃদ্ধি পায় না, অর্থাৎ অনুষ্ঠিত শুভকর্ম্ম দ্বারা বৃদ্ধিরূপ বিকার লাভ করে না, এবং অশুভ কর্ম্ম দ্বারাও ক্ষীণ হয় না, অর্থাৎ অপক্ষয়রূপ বিকার প্রাপ্ত হয় না। এখানে বৃদ্ধি ও ক্ষয়ের নিষেধেই উপচয় ও অপচয়ের হেতুভূত অন্য সমস্ত বিকারও নিষিদ্ধ হইতেছে; অতএব অবিক্রিয়ত্ব নিবন্ধনই এই মহিমা নিত্য। ১

অতএব সেই মহিমারই পদবিৎ (স্বরূপাভিজ্ঞ) হইবে। পদবিদ্ অর্থ—পদজ্ঞাতা; যাহা লাভ করা যায় অর্থাৎ জ্ঞানের বিষয়ীভূত করা হয়, তাহা পদ—মহিমার যথার্থ স্বরূপ; সেই পদবিজ্ঞাতা পুরুষই পদবিদ্। সেই পদজ্ঞানে কি ফল হয়, তাহা বলা হইতেছে—সেই মহিমা অবগত হইলে পাপকর্ম্ম দ্বারা—ধর্ম্মাধর্ম্ম দ্বারা লিপ্ত—সম্বন্ধ হয় না। এখানে 'পাপ' শব্দে ধর্ম্মাধর্ম্ম দুইই বুঝিতে হইবে; কারণ, জ্ঞানীর পক্ষে উভয়ই তুল্য। ২

যে হেতু ব্রাহ্মণের 'নেতি নেতি' ইত্যাদি রূপ মহিমা কোন কর্ম্ম দ্বারাই সম্বদ্ধ নহে, সেই হেতু যথোক্তপ্রকার মহিমাভিজ্ঞ পুরুষ শান্ত—বহিরিন্দ্রিয়ের ব্যাপার হইতে বিরত, এবং দান্ত—অন্তঃকরণগত তৃষ্ণা বা ভোগাভিলাষ হইতে

নিবৃত্ত, উপরত—সর্ব্ব কামনা হইতে বিরত—সন্ন্যাসী, তিতিক্ষু—শীতোষ্ণাদি দ্বন্দসহিষ্ণু, এবং সমাহিত অর্থাৎ ইন্দ্রিয় ও অন্তঃকরণের চাঞ্চল্য-নিবৃত্তিরূপ একাগ্রতা দ্বারা সমাধিসম্পন্ন হইয়া,—পূর্ব্বেও উক্ত হইয়াছে যে 'বাল্য ও পাণ্ডিত্য পরিসমাপ্ত করিয়া, অথবা তাহা হইতে বিরক্ত হইয়া' ইত্যাদি ; আত্মাতেই—স্বীয় দেহেন্দ্রিয়-সঙ্ঘাতের মধ্যেই আত্মাকে—প্রত্যক্ চেতনকে দর্শন করিয়া থাকেন। তবে কি কেবল দেহ-পরিচ্ছিন্নরূপেই দর্শন করেন? না—সমস্তই আত্মস্বরূপে দর্শন করেন; অর্থাৎ আত্মাতিরিক্ত কেশাগ্রভাগটুকুও নাই—এইরূপে দর্শন করেন। ঐরূপ মনন বা চিন্তার ফলে জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্তি এই তিন অবস্থা অতিক্রম করিয়া তখন মুনি হয়। ৩

এইরূপ দর্শনশীল ব্রাহ্মণকে কোন পাপ—ধর্ম্ম ও অধর্ম্ম স্পর্শ করে না ; এই ব্রহ্মবিদ্ পুরুষ সমস্ত পাপ উত্তীর্ণ হন, অর্থাৎ আত্মভাবে অবস্থিতির ফলেই সমস্ত পাপ অতিক্রম করেন। বিহিত কর্ম্মের অনুষ্ঠান ও অননুষ্ঠানরূপ পুণ্য-পাপও ইহাকে ইষ্ট ফল প্রদান ও প্রত্যবায় উৎপাদন দ্বারা সন্তাপ দেয় না ; পরন্তু এই ব্রহ্মবিদ্ই সমস্ত পাপকে তাপ দেন, অর্থাৎ সর্ব্বত্র আত্মভাব দর্শনরূপ বহ্নি দ্বারা সমস্ত পাপ ভস্মীভূত করিয়া ফেলেন। এবম্বিধ জ্ঞানসম্পন্ন পুরুষ বিপাপ ধর্ম্মা-ধর্ম্মরহিত, বিরজ—'রজ' অর্থ কাম, তদ্রহিত অর্থাৎ নিষ্কাম, অবিচিকিৎস—ছিন্নসংশয় (কোন বিষয়ে তাহার সংশয় থাকে না), অর্থাৎ তখন আমি হইতেছি সর্ব্বাত্মা পরব্রহ্মস্বরূপ, এইপ্রকার নিশ্চিতমতি যথার্থ ব্রাহ্মণ হন—এবম্ভূত এই ব্রাহ্মণই এই অবস্থায় যথার্থ ব্রাহ্মণ-পদবাচ্য হন। এইপ্রকার ব্রহ্মাত্মভাবে অবস্থিতির পূর্ব্বে যে, ইহার ব্রাহ্মণত্ব, তাহা মুখ্য নহে—গৌণ। ৪

ইহাই ব্রহ্মলোক ; এখানে ব্রহ্ম ও লোক পৃথক্ পদার্থ নহে, ব্রহ্মই প্রাপ্য বলিয়া 'লোক'-শব্দবাচ্য ; গৌণার্থসম্বন্ধশূন্য এই ভাবই যথার্থ ব্রহ্মলোক ; [অন্য অর্থে 'ব্রহ্মলোক' শব্দ গৌণ]। যাজ্ঞবল্ক্য বলিলেন—হে সম্রাট্ (জনক), [তুমি] সর্ব্বনিষেধের শেষ ভূমি এই অভয় ব্রহ্মলোক প্রাপিত হইয়াছ। জনক এই প্রকারে ব্রহ্মভাবাপন্ন হইয়া—যাজ্ঞবল্ক্যকর্ত্তৃক ব্রহ্মভাব প্রাপিত হইয়া বলিলেন—[ভগবন্,] পূজনীয় আপনাকে এই বিদেহ দেশ অর্থাৎ আমার সমস্ত রাজ্য দান করিতেছি, এবং দাস্য কর্ম্ম করিবার জন্য রাজ্যের সহিত আমাকেও দান করিতেছি। ৫

সন্ন্যাসের সহিত সম্পূর্ণ ব্রহ্মবিদ্যা এবং তাহার অঙ্গ ও ইতিকর্ত্তব্যতার (ব্রহ্ম লাভের জন্য পূর্ব্বাপর কর্ত্তব্য প্রণালীর) কথা এখানে সমাপ্ত করা হইল ; এবং

পরম পুরুষার্থের কথাও এই বলিয়া সমাপ্ত করা হইল যে, পুরুষের এই পর্য্যন্তই কর্ত্তব্য, ইহাই নিষ্ঠা (চরম অবস্থা), ইহাই জীবের পরমা গতি, এবং ইহাই পরম মঙ্গল ; এই নিঃশ্রেয়স লাভ করিয়াই কৃতকৃত্য হয়, ইহাই সমস্ত বেদের চরম উপদেশ ॥ ৩১৩ ॥ ২৩ ॥

স বা এষ মহানজ আত্মান্নাদো বসুদানো বিন্দতে বসু য এবং বেদ ॥ ৩১৪ ॥ ২৪ ॥

সরলার্থঃ ।—উক্তমেবার্থং পুনঃ সংক্ষেপেণাহ—'স বৈ' ইত্যাদিনা । সঃ (জনক-যাজ্ঞবল্ক্যাখ্যায়িকায়াং বর্ণিতঃ) এষঃ (প্রকৃতঃ) আত্মা মহান্ অজঃ (জন্মরহিতঃ) অন্নাদঃ (সর্ব্বেষাং ভূতানাম্ অন্তঃস্থঃ সন্ অন্নাংশভোক্তা), বসুদানঃ প্রাণিনাং কর্ম্মফলরূপ-ধনদাতা) ; যঃ (উপাসকঃ) এবং (যথোক্ত-গুণযুক্ততয়া আত্মানং) বেদ (জানাতি), [সঃ] বসু (স্বকর্ম্মফলং) [সর্ব্বমন্নং চ] বিন্দতে (লভতে) ॥ ৩১৪ ॥ ২৪ ॥

মূলানুবাদ ।—[জনক-যাজ্ঞবল্ক্যসংবাদে, যে আত্মার কথা বলা হইয়াছে,] সেই এই আত্মা মহান্ (সর্ব্বব্যাপী), অজ (জন্মরহিত), সর্ব্বভূতে অবস্থান করিয়া অন্ন ভোগ করেন, এবং প্রাণিগণের কর্ম্মফলরূপ ধন প্রদান করিয়া থাকেন। যে লোক এই সমস্ত গুণযুক্ত আত্মার উপাসনা করে, সে লোকও অন্নভোক্তা হয়, এবং বসুদ অর্থাৎ ধনদাতা হয় ॥ ৩১৪ ॥ ২৪ ॥

শাঙ্করভাষ্যম্ ।—যোঽয়ং জনক-যাজ্ঞবল্ক্যাখ্যায়িকায়াং ব্যাখ্যাত আত্মা, স বৈ এষঃ মহান্ অজঃ আত্মা অন্নাদঃ—সর্ব্বভূতস্থঃ সর্ব্বান্নানামত্তা, বসুদানঃ বসু ধনং সর্ব্বপ্রাণিকর্ম্মফলম্, তস্য দাতা, প্রাণিনাং যথাকর্ম্ম ফলেন যোজয়িতেত্যর্থঃ । তমেতম্ অজমন্নাদং বসুদানমাত্মানম্ অন্নাদ-বসুদান-গুণাভ্যাং যুক্তং যো বেদ, সঃ সর্ব্বভূতেষ্বাত্মভূতঃ অন্নমত্তি বিন্দতে চ বসু—সর্ব্বং কর্ম্মফলজাতং লভতে সর্ব্বাত্মত্বাদেব, য এবং যথোক্তং বেদ । অথবা দৃষ্টফলার্থিভিরপি এবংগুণ উপাস্যঃ ; তেন অন্নাদো বসোশ্চ লব্ধা, দৃষ্টেনৈব ফলেন অন্নাত্তৃত্বেন গো-শ্বাদিনা চাস্য যোগো ভবতীত্যর্থঃ ॥ ৩১৪ ॥ ২৪ ॥

টীকা । সংপ্রতি সোপাধিকব্রহ্মধ্যানাদভ্যুদয়ং দর্শয়তি—সোঽয়মিত্যাদিনা । ঈশ্বরশ্চেৎ প্রাণিভ্যঃ কর্ম্মফলং দদাতি, তর্হি তস্য বৈষম্যনৈর্ঘৃণ্যে স্যাতামিত্যাশঙ্ক্যাহ—প্রাণিনামিতি । উপাস্যস্বরূপং দর্শয়িত্বা তদুপাসনং সফলং দর্শয়তি—তমেতমিতি । সর্ব্বাত্মকফলমুপাসনমুক্ত্বা

পক্ষাশ্রয়মাহ—অথবেতি। দৃষ্টং ফলমন্নাত্তৃত্বং ধনলাভশ্চ। উক্তগুণকমীশ্বরং ধ্যায়তঃ ফলমাহ—তেনেতি। তদেব ফলং স্পষ্টয়তি—দৃষ্টেনেতি। অন্নাত্তৃত্বং দীপ্তাগ্নিত্বম্। ৩১৪। ২৪।

ভাষ্যানুবাদ।—জনক-যাজ্ঞবল্ক্য-সংবাদে, যে আত্মার স্বরূপ বর্ণিত হইয়াছে, সেই এই আত্মা মহান্ অজ, অন্নাদ অর্থাৎ সর্ব্বপ্রাণিতে অবস্থানপূর্ব্বক সর্ব্বান্নভোক্তা, এবং বসুদান—প্রাণিগণের কর্ম্মফলরূপ যে ধন, তাহার প্রদাতা, অর্থাৎ প্রাণিগণকে নিজনিজ কর্ম্মানুসারে ফলভাগী করেন। যে ব্যক্তি সেই এই অজ, অন্নাদ ও বসুদাতা আত্মাকে অন্নাদ ও বসুদাতৃত্বগুণযুক্তরূপে অবগত হয়, সে ব্যক্তি সর্ব্বভূতের আত্মস্বরূপ হইয়া অন্নভোগ করে, এবং সর্ব্বাত্মভাবাপন্ন বলিয়া সমস্ত কর্ম্মের ফলরাশি লাভ করে; অথবা যাহারা দৃষ্ট-ফলার্থী—ইহ লোকেই ফল পাইতে ইচ্ছা করিয়া থাকে, তাহাদের পক্ষেও 'কথিত-গুণসম্পন্ন আত্মার উপাসনা করা আবশ্যক, এবং সেইরূপ উপাসনার ফলে ইহলোকেই অন্নাদ (দীপ্তাগ্নি) ও বসুদ হয়, অর্থাৎ ঐহিক অন্নভোগ ও গো অশ্বাদি পশু ইহার আয়ত্ত হইয়া থাকে॥ ৩১৪॥ ২৪॥

স বা এষ মহানজ আত্মাজরোঽমরোঽমৃতোঽভয়ো ব্রহ্মাভয়ং বৈ ব্রহ্মাভয়ংহি বৈ ব্রহ্ম ভবতি, য এবং বেদ॥ ৩১৫॥ ২৫॥

ইতি চতুর্থাধ্যায়ে চতুর্থং ব্রাহ্মণম্॥ ৪॥ ৪॥

সরলার্থঃ।—অপিচ, স বৈ এষঃ মহান্ অজঃ আত্মা অজরঃ (জরা-রহিতঃ), অমরঃ (মরণবর্জ্জিতঃ) [অতএব] অমৃতঃ (নিত্যঃ), অভয়ঃ (দ্বৈতজ্ঞানাধীন-ভয়রহিতঃ), ব্রহ্ম (পরমং মহৎ); বৈ (প্রসিদ্ধৌ), ব্রহ্ম অভয়ম্ (ইতি প্রসিদ্ধম্,)। যঃ (এবং যথোক্তগুণযোগেন) বেদ (আত্মান্ জানাতি), [সঃ] অভয়ং ব্রহ্ম বৈ (এব) ভবতি॥ ৩১৫॥ ২৫॥

ইতি চতুর্থাধ্যায়ে চতুর্থ-ব্রাহ্মণব্যাখ্যা সমাপ্তা॥ ৪॥ ৪॥

মূলানুবাদ।—অপিচ, সেই এই মহান্ অজ আত্মা জরারহিত, মরণবর্জ্জিত, অতএব অমৃত (অবিনাশী নিত্য), এবং অভয় (দ্বৈতভয়-শূন্য) ব্রহ্ম; ব্রহ্ম যে অভয়, ইহা প্রসিদ্ধ কথা। যে ব্যক্তি এইরূপ গুণযুক্ত আত্মাকে জানে, সে নিজেও অভয় ব্রহ্ম হয়॥ ৩১৫॥ ২৫॥

ইতি চতুর্থাধ্যায়ে চতুর্থ ব্রাহ্মণের অনুবাদ॥ ৪॥ ৪॥

শাঙ্করভাষ্যম্।—ইদানীং সমস্তস্যৈবারণ্যকস্য যোঽর্থ উক্তঃ, স সমুচ্চিত্যাস্যাং কণ্ডিকায়াং নির্দ্দিশ্যতে, এতাবান্ সমস্তারণ্যকার্থ ইতি। স বা এষ

উক্তবিশেষণ আত্মা অজরঃ ন জীর্য্যত ইতি, ন বিপরিণমত ইত্যর্থঃ; অমরঃ—যস্মাচ্চ অজরঃ, তস্মাদমরঃ, ন ম্রিয়ত ইত্যমরঃ; যো হি জায়তে জীর্য্যতে চ, স বিনশ্যতি ম্রিয়তে বা; অয়ং তু অজত্বাদজরত্বাৎ চ অবিনাশী যতঃ, অত এব অমৃতঃ। যস্মাৎ জনিমৃতিপ্রভৃতিভিস্ত্রিভির্ভাববিকারৈর্বর্জ্জিতঃ, তস্মাদিতরৈরপি ভাববিকারৈস্ত্রিভিঃ তৎকৃতৈশ্চ কাম-কর্ম-মোহাদিভির্মৃত্যুরূপৈঃ বর্জ্জিত ইত্যেতৎ; অভয়ঃ অত এব; যস্মাৎ চৈবং পূর্ব্বোক্ত-বিশেষণঃ, তস্মাদ্ভয়বর্জ্জিতঃ; ভয়ং চ হি নাম অবিদ্যাকার্য্যম্, তৎকার্য্যপ্রতিষেধেন ভাববিকারপ্রতিষেধেন চাবিদ্যায়াঃ প্রতিষেধঃ সিদ্ধো বেদিতব্যঃ। অভয় আত্মা, এবংগুণবিশিষ্টঃ কিমসৌ? ব্রহ্ম পরিবৃঢ়ং নিরতিশয়ং মহদিত্যর্থঃ। অভয়ং বৈ ব্রহ্ম; প্রসিদ্ধমেতল্লোকে অভয়ং ব্রহ্মেতি; তস্মাদ্ যুক্তমেব গুণবিশিষ্ট আত্মা ব্রহ্মেতি। য এবং যথোক্তমাত্মানম্ অভয়ং ব্রহ্ম বেদ, সঃ অভয়ং হি বৈ ব্রহ্ম ভবতি। ১

টীকা। নিরুপাধিকব্রহ্মজ্ঞানান্মুক্তিরুক্তা, সোপাধিকব্রহ্মজ্ঞানাৎ চাভ্যুদয় উক্তঃ, তথা চ কিমুত্তরকণ্ডিকয়েত্যাশঙ্ক্যাহ—ইদানীমিতি। অজত্বাচ্চাবিনাশীতি বক্তুং চশব্দঃ। কথং জন্মাভাবো জরামরণয়োরভাবাবিনাশিত্বসাধকঃ, তদাহ—যো হীতি। অয়ং তু অজত্বাদবিনাশী, অজরত্বাৎ চৈব, অমরত্বাৎ চাবিনাশীতি যোজনা। মরণযোগাদমৃতত্বপ্রতীতিঃ মরণকার্য্যাভাবং দর্শয়তি—অত এবেতি। জন্মাপক্ষয়বিনাশানেব ভাববিকারানাহ—মুখতো নিষেধাদিতরাণ্যপি বিকারান্তরাণি নিষিদ্ধানি ভবিষ্যন্তীতি বিশেষণবিশেষস্য শেষাত্মত্বাপত্তেরিত্যাশঙ্ক্যাহ—যস্মাদিতি। ইতরে বৃদ্ধিবিপরিণামাঃ। অত এবাভয় ইত্যুক্তং বিবৃণোতি—যস্মাচ্চেতি। কিং তদ্ভয়ং, তদাহ—ভয়ং চেতি। অবিদ্যানিষেধবিশেষণাভাবাদাত্মানং মা ভয়া স্পৃশতীত্যাশঙ্ক্যাহ—তৎকার্য্যেতি। বিশেষণান্তরং প্রশ্নপূর্ব্বকমুত্থাপ্য ব্যাকরোতি—অভয়মিতি। কথং পুনরভয়গুণবিশিষ্টস্যাত্মনো ব্রহ্মত্বম্, তত্রাহ—অভয়মিতি। বৈশব্দার্থমাহ—প্রসিদ্ধমিতি। লোকশব্দঃ শাস্ত্রোপলক্ষণম্। ১

এষ সর্ব্বস্যা উপনিষদঃ সংক্ষিপ্তোঽর্থ উক্তঃ। এতস্যৈবার্থস্য সম্যক্ প্রবোধায় উৎপত্তি-স্থিতি-প্রলয়াদিকল্পনা ক্রিয়া-কারক-ফলাধ্যারোপণং চাত্মনি কৃতা; তদপোহেন চ নেতিনেতীত্যধ্যারোপিতবিশেষাপনয়নদ্বারেণ পুনস্তত্ত্বমাবেদিতম্। যথা একপ্রভৃত্যাপরার্দ্ধসংখ্যাস্বরূপপরিজ্ঞানায় রেখাধ্যারোপণং কৃত্বা—একেয়ং রেখা, দশেয়ম্, শতেয়ম্, সহস্রেয়ম্ ইতি গ্রাহয়তি—অবগময়তি সংখ্যাস্বরূপং কেবলম্,—ন তু সংখ্যায়া রেখাত্মত্বমেব; যথা চ অকারাদীন্যক্ষরাণি বিজিগ্রাহয়িষুঃ পত্র-মসী-রেখাদিসংযোগোপায়মাস্থায় বর্ণানাং সতত্ত্বমাবেদয়তি, ন পত্রমস্যাদ্যাত্মতামক্ষরাণাং গ্রাহয়তি; তথা চেহ উৎপত্ত্যাদ্যনেকোপায়মাস্থায় একং ব্রহ্মতত্ত্বমাবেদিতম্, পুনস্তৎকল্পিতোপায়জনিত-বিশেষ-পরিশোধনার্থং নেতি-

নেতীতি তত্ত্বোপসংহারঃ কৃতঃ। তদুপসংহৃতং পুনঃ পরিশুদ্ধং কেবলমেব সদ্ব্রহ্ম জ্ঞানমস্তেঽস্যাং কণ্ডিকায়ামিতি ॥ ৩১৫ ॥ ২৫ ॥

ইতি বৃহদারণ্যকোপনিষদ্ভাষ্যে চতুর্থাধ্যায়স্য চতুর্থং ব্রাহ্মণম্ ॥ ৪ ॥ ৪ ॥

বেদানুবচনাদিনা বিদ্যাফলং কথয়তি—স এবমিতি। কণ্ডিকার্থমুপসংহরতি—এষ ইতি। সৃষ্ট্যাদেরপি তদর্থত্বাৎ কিমিত্যসাবিহ নোপসংহ্রিয়তে, তত্রাহ—এতদেবেতি। সৃষ্ট্যাদেরারোপিতত্বে গমকমাহ—তদপোহেনেতি। তদ্দ্বয়ং সৃষ্ট্যাদিপ্রপঞ্চবিষয়ঃ। তদপোহেনো[illegible] যদুক্তং, তদেব স্ফুটয়তি—নেতীতি। অধ্যারোপাপবাদপ্রকারেণ তত্ত্ববোধিতত্বাদারোপি[illegible] কল্পিতমেব সৃষ্ট্যাদিদ্বৈতমিত্যর্থঃ। অধ্যারোপাপবাদন্যায়স্য পঙ্কপ্রক্ষালনন্যায়বিরুদ্ধত্বাৎ [illegible] বিবক্ষিতং চেৎ, তদেবোচ্যতাং, কৃতং সৃষ্ট্যাদিদ্বৈতারোপেণেত্যাশঙ্ক্যাহ—যথেতি। উপাকরণা[illegible]মাহ—যথা চেতি। দৃষ্টান্তদ্বয়মনূদ্য দার্ষ্টান্তিকমাচষ্টে—তথা চেতি। ইহেতি মোক্ষশাস্ত্রো[illegible] তথাপি কল্পিতপ্রপঞ্চসম্বন্ধপ্রযুক্তং সবিশেষত্বং ব্রহ্মণঃ স্যাদিত্যাশঙ্ক্যাহ—পুনরিতি। [illegible] কল্পিতঃ সৃষ্ট্যাদিরূপ্যত্বেন [illegible] বিশেষশূন্যেন কারণত্বাদিত্যস্য নিরাসার্থ[illegible] [illegible]। ইতি দ্বৈতভাববিশিষ্টং [illegible] চেন্নেত্যাহ—তদুপসংহৃতমিতি। পরিশুদ্ধং [illegible] শব্দভেদেনাপি ন সংস্পৃষ্টমিত্যর্থঃ। কেবলমিত্যদ্বিতীয়োক্তিঃ। সৃষ্ট্যাদিবচনস্য [illegible] শক্ত্যুপসংহরতি—সদ্ব্রহ্মেতি। ইতিশব্দঃ সংগ্রহসমাপ্ত্যর্থো ব্রাহ্মণসমাপ্ত্যর্থো বা ॥ ২৫ ॥

ইতি বৃহদারণ্যকোপনিষদ্ভাষ্যটীকায়াং চতুর্থাধ্যায়স্য চতুর্থং শারীরকব্রাহ্মণম্ ॥ ৪ ॥ ৪ ॥

ভাষ্যানুবাদ।—অতঃপর, সমস্ত বৃহদারণ্যকে যে তত্ত্ব প্রতিপাদিত হইয়াছে, তাহা একত্রিত করিয়া সংক্ষেপে এই কাণ্ডমধ্যে নির্দ্দেশ করা হইতেছে। উদ্দেশ্য—সমস্ত বৃহদারণ্যকের অর্থ বা প্রতিপাদ্য বিষয় যে, এই পর্য্যন্তই, ইহা জ্ঞাপন করা।

সেই এই মহান্ অজ আত্মা হইতেছে অজর—কখনও জরাগ্রস্ত অর্থাৎ বিপরিণত বা ক্ষয়োন্মুখ হয় না; অমর—যেহেতু জরাবর্জ্জিত, সেই হেতুই অমর—কখনও মরে না। কেন না, যাহা জন্মে ও জীর্ণ হয়, তাহাই বিনষ্ট হয় বা মরে; যেহেতু এই আত্মা অজ ও অজর বলিয়া অবিনাশী, সেই হেতুই অমৃত। যেহেতু জন্ম, জরা ও মরণ, এই ত্রিবিধ ভাব-বিকার (বস্তুধর্ম্ম) ইহার নাই, সেই হেতুই অপর যে তিনপ্রকার ভাববিকার (সত্তা, বৃদ্ধি ও বিপরিণাম), সে সমুদয় এবং তৎসংকৃত মৃত্যুরূপী কাম, কর্ম্ম ও মোহাদিও তাহার নাই, বুঝিতে হইবে। কোন বিকারের সম্ভাবনা নাই বলিয়াই অভয় (সর্ব্বপ্রকার ভয়বর্জ্জিত); কেন না, ভয় সাধারণতঃ অবিদ্যার ফল; সুতরাং অবিদ্যা-কার্য্যের নিষেধে এবং সর্ব্বপ্রকার ভাব-বিকারের প্রতিষেধেই ফলতঃ অবিদ্যারও প্রতিষেধ সিদ্ধ হইয়াছে বুঝিতে হইবে। উক্ত আত্মা কি কেবল এই সমস্ত গুণবিশিষ্টই? না, [এই আত্মা] ব্রহ্ম—

পরিবৃঢ়, অর্থাৎ সর্ব্বাপেক্ষা অধিক মহান্। ব্রহ্মই অভয়; ব্রহ্ম যে, অভয়, ইহা জগতেও প্রসিদ্ধ। অতএব আত্মা যে, এবংবিধ গুণবিশিষ্ট, ইহা যুক্তিসঙ্গতও বটে। ১

ইহাই সমস্ত উপনিষদের সারভূত অর্থ সংক্ষেপে উক্ত হইল। এই তত্ত্বটী উত্তমরূপে বুঝাইবার নিমিত্তই আত্মাতে সৃষ্টি, স্থিতি ও প্রলয়প্রভৃতি কার্য্যের কল্পনা, এবং ক্রিয়া কারক ও ফলের অধ্যারোপ করা হইয়াছে। পুনর্ব্বার 'নেতি নেতি' করিয়া, সেই আরোপিত বিশেষ বিশেষ ভাবগুলির অপনয়ন দ্বারা প্রকৃত তত্ত্ব বিজ্ঞাপিত হইয়াছে। যেমন এক হইতে পরার্দ্ধপর্য্যন্ত সংখ্যার স্বরূপ জ্ঞাপনের জন্য, রেখাতে একত্বাদি সংখ্যার আরোপ করিয়া বুঝান হয় যে, এই রেখাটী এক, এইটী শত, এইটী সহস্র ইত্যাদি। [প্রকৃতপক্ষে কিন্তু রেখাই সংখ্যা নহে; সেখানে কেবল সংখ্যাই বুঝান হয়, কিন্তু একত্বাদি সংখ্যাকে কখনই রেখা বলিয়া উপদেশ করা হয় না;] অথবা অকারাদি অক্ষর শিক্ষা দিবার ইচ্ছায় যেমন রেখা অঙ্কনের উপকরণ কালি কলম ও পত্রাদির সাহায্য লইয়া প্রকৃত বর্ণেরই [অক্ষরেরই] তত্ত্ব শিক্ষা দেওয়া হয়, কিন্তু কালি ও পত্র প্রভৃতিকেই অক্ষর বলিয়া কেহ কখনও উপদেশ দেয় না; [উপনিষদের সৃষ্টিচিন্তা প্রভৃতিও ঠিক সেইরূপ]। প্রথমতঃ উৎপত্তি প্রভৃতি বহু উপায় অবলম্বন করিয়া একই ব্রহ্মতত্ত্ব উপদিষ্ট হইয়াছে; আবার সেই সমুদয় কল্পিত উপায় আশ্রয় করাতে যে, ব্রহ্মেতে ভেদবুদ্ধি উপস্থিত হইয়াছিল, তন্নিরাকরণার্থ আবার 'নেতি নেতি' বলিয়া ভেদ-প্রত্যাখ্যান দ্বারা পরমার্থ তত্ত্বের উপসংহার করা হইয়াছে; সেই জন্য এই ব্রাহ্মণের এই কণ্ডিকায় কেবল বিশুদ্ধ জ্ঞানের উপসংহার করা হইল ॥৩১৫॥২৫॥

ইতি বৃহদারণ্যকোপনিষদে চতুর্থাধ্যায়ে চতুর্থ ব্রাহ্মণের ভাষ্যানুবাদ ॥৪॥৪॥

পঞ্চমং ব্রাহ্মণম্ ।

আভাসভাষ্যম্ ।—আগমপ্রধানেন মধুকাণ্ডেন ব্রহ্মতত্ত্বং নির্দ্ধারিতম্। পুনস্তস্যৈব উপপত্তিপ্রধানেন যাজ্ঞবল্কীয়েন কাণ্ডেন পক্ষপ্রতিপক্ষপরিগ্রহং কৃত্বা বিগৃহ্য-বাদেন বিচারিতম্। শিষ্যাচার্য্যসম্বন্ধেন চ ষষ্ঠে প্রশ্ন-প্রতিবচনন্যায়েন সবিস্তরং বিচার্য্যোপসংহৃতম্। অথেদানীং নিগমনস্থানীয়ং মৈত্রেয়ীব্রাহ্মণমারভ্যতে।—অয়ঞ্চ ন্যায়ো বাক্য-কোবিদৈঃ পরিগৃহীতঃ—"হেত্বপদেশাৎ প্রতিজ্ঞায়াঃ পুনর্ব্বচনং নিগমনম্" ইতি।

অথবা আগমপ্রধানেন মধুকাণ্ডেন যদমৃতত্বসাধনং সসন্ন্যাসমাত্মজ্ঞানমভিহিতম্, তদেব তর্কেণাপ্যমৃতত্বসাধনং সসন্ন্যাসমাত্মজ্ঞানমধিগম্যতে ; তর্কপ্রধানং হি যাজ্ঞবল্কীয়ং কাণ্ডম্ ; তস্মাচ্ছাস্ত্রতর্কাভ্যাং নিশ্চিতমেতৎ যদেতদাত্মজ্ঞানং সসন্ন্যাসমমৃতত্বসাধনমিতি। তস্মাচ্ছাস্ত্রশ্রদ্ধাবদ্ভিরমৃতত্বপ্রতিপিৎসুভিরেতৎ প্রতিপত্তব্যমিতি। আগমোপপত্তিভ্যাং হি নিশ্চিতোঽর্থঃ শ্রদ্ধেয়ো ভবতি, অব্যভিচারাদিতি। বাক্যাক্ষরাণান্তু চতুর্থে যথা ব্যাখ্যাতোঽর্থঃ, তথা প্রতিপত্তব্যোঽত্রাপি ; যান্যক্ষরাণি অব্যাখ্যাতানি, তানি ব্যাখ্যাস্যামঃ।

আভাসভাষ্য-টীকা। সমাপ্তং শারীরক-ব্রাহ্মণম্, বংশব্রাহ্মণং বা পাঠ্যতাম্, কৃতং গতার্থেন মৈত্রেয়ী-ব্রাহ্মণেন, ইত্যাশঙ্ক্য মধুকাণ্ডার্থমনুবদতে আগমেতি। পাক্ষিকমর্থমনুভাষতে পুনরিতি। তস্যৈব ব্রহ্মতত্ত্বস্যেতি শেষঃ। বিগৃহ্যবাদঃ জয়পরাজয়প্রধানঃ জল্পপ্রায়ঃ। ষষ্ঠে প্রতিভাষিতং অনুবদতি—শিষ্যেতি। প্রশ্নপ্রতিবচনন্যায়স্তত্ত্বনির্ণয়প্রধানো বাদঃ। উপসংহৃতং তদেব তত্ত্বমিতি শেষঃ। সংপ্রত্যুত্তরব্রাহ্মণস্যাগতার্থত্বমাহ—অথেতি। আগমোপপত্তিভ্যাং নিশ্চিতে ঽর্থে নিগমনমকিঞ্চিৎকরমিত্যাশঙ্ক্যাহ—অয়ং চেতি। প্রকারান্তরেণ সঙ্গতিমাহ—অথবেতি। কথমিহ তর্কেণাধিগতিস্তত্রাহ—তর্কেতি। মুনিকাণ্ডস্য তর্কপ্রধানত্বে কিং স্যাৎ, তদাহ—তস্মাদিতি। ইতি ফলতীতি শেষঃ। শাস্ত্রাদিনা যথোক্তস্য জ্ঞানস্য নিশ্চিতত্বেঽপি কিং সিদ্ধ্যতি, তদাহ—তস্মাচ্ছাস্ত্রশ্রদ্ধাবদ্ভিরিতি। এতচ্ছব্দো যথোক্তজ্ঞানপরামর্শার্থঃ। ইতি নিশ্চিতমিতি শেষঃ। তত্র হেতুমাহ—আগমেতি। অব্যভিচারান্ মানযুক্তিসমস্তার্থস্য তথৈব সম্ভাবিতত্বাৎ। ইতিশব্দো ব্রাহ্মণসঙ্গতিসমাপ্ত্যর্থঃ। তাৎপর্য্যার্থে ব্যাখ্যাতে সত্যক্ষরব্যাখ্যানং প্রসক্তমাহ—অক্ষরাণাং ত্বিতি। নহি ব্রাহ্মণেঽস্মিন্ বক্তব্যাভাবাৎ পরিসমাপ্তিরেবেত্যাশঙ্ক্যাহ—যানীতি।

আভাসভাষ্যানুবাদ ।—ইতঃপূর্ব্বে আগমপ্রধান (তর্করহিত বাক্য প্রধান) মধুকাণ্ডে (মধুব্রাহ্মণে) ব্রহ্মতত্ত্ব নির্দ্ধারিত হইয়াছে। পুনর্ব্বার সেই

বিষয়েরই সমর্থনের জন্য তর্কপ্রধান যাজ্ঞবল্কীয় কাণ্ডে পক্ষ-প্রতিপক্ষ পরিগ্রহপূর্ব্বক 'বিগ্রহবাদে' (যেরূপ কথায় কেবল বাদী ও প্রতিবাদীর জিগীষামূলক তর্ক মাত্র থাকে, সেই প্রণালীতে) ব্রহ্মতত্ত্ব বিচারিত হইয়াছে। তাহার পর ষষ্ঠ অধ্যায়েও (উপনিষদের চতুর্থ অধ্যায়েও) শিষ্যাচার্য্য-সংবাদের নিয়মে প্রশ্ন ও প্রতিবচনের ছলে বিস্তৃতভাবে বিচারপূর্ব্বক তাহার উপসংহার করা হইয়াছে। অতঃপর এখন 'মৈত্রেয়ীব্রাহ্মণ' আরব্ধ হইতেছে। ইহা পূর্ব্বকথারই নিগমনস্থানীয়, ('নিগমন' অর্থ—কথিত বিষয়ের যুক্তিসহকারে উপসংহার বা পুনরুল্লেখ।) বাক্যবিৎ প্রাচীন পণ্ডিতগণও এইরূপ উপদেশপ্রণালীর অঙ্গীকার বা অনুমোদন করিয়াছেন; [গৌতম ঋষি ন্যায়দর্শনে বলিয়াছেন—] 'হেতুপ্রদর্শনের ছলে যে, প্রতিজ্ঞাত বিষয়ের পুনর্ব্বার কথন, তাহার নাম 'নিগমন'। (১)

অথবা (এরূপও বলা যাইতে পারে যে,) আগমপ্রধান—তর্কনিরপেক্ষ শব্দমাত্রপ্রধান পূর্ব্বোক্ত 'মধুকাণ্ডে' সন্ন্যাস-সহকৃত যে আত্মজ্ঞান মুক্তিলাভের উপায় বলিয়া অভিহিত হইয়াছে, তর্ক দ্বারাও ঐ সসন্ন্যাস আত্মজ্ঞানেরই মুক্তিসাধনত্ব প্রতীত বা প্রমাণিত হইতে পারে, [এই জন্য এখানে তাহার পুনরুল্লেখ করা হইল।] কেন না, এই যে, যাজ্ঞবল্কীয় প্রকরণ, ইহা তর্কপ্রধান; সুতরাং শাস্ত্র ও তর্কের সাহায্যে ইহাই নিশ্চিত হইল যে, সন্ন্যাসসহকৃত এই আত্মজ্ঞানই মুক্তির প্রকৃত সাধন বা উপায়। অতএব শাস্ত্রবাক্যে যাহাদের শ্রদ্ধা আছে, সেই সমুদয় মুমুক্ষুর পক্ষে ইহা অবশ্য অবলম্বনীয়; কারণ, শাস্ত্র ও তর্ক-দ্বারা যাহা নিশ্চিত হয়, তাহার কখনও ব্যতিক্রম ঘটে না; সুতরাং তদ্বিষয়ে সহজেই শ্রদ্ধা হওয়া উচিত। চতুর্থ প্রকরণে যেরূপ ব্যাখ্যা করা হইয়াছে,

(১) তাৎপর্য্য—বাদী ও প্রতিবাদী উভয়ের মধ্যে কোন বিষয়ে সংশয় উপস্থিত হইলে, তাহার তত্ত্ব নির্দ্ধারণের জন্য যে, সাধ্য বা পক্ষ নির্দ্দেশ, তাহার নাম প্রতিজ্ঞা। পরে উপযুক্ত হেতু দ্বারা সেই প্রতিজ্ঞাত বিষয়ের সমর্থন করা আবশ্যক হয়; তাহার পর হেতুর সহিত যে, প্রতিজ্ঞাত বিষয়ের পুনর্ব্বার উল্লেখ করা, তাহার নাম 'নিগমন'।

যেমন পর্ব্বতে অগ্নি আছে কি না, এই বিষয় লইয়া দুই জনের মধ্যে বিবাদ উপস্থিত হইলে পর, একজন বলিল—'হাঁ, পর্ব্বতে অগ্নি আছে'; ইহাই হইল তাহার প্রতিজ্ঞা বা সাধ্যনির্দ্দেশ। পরে দ্বিতীয় ব্যক্তি জিজ্ঞাসা করিল, পর্ব্বতে যে, অগ্নি আছে, তাহার হেতু বা যুক্তি কি? উত্তর হইল—'যেহেতু পর্ব্বতে ধূম দেখা যাইতেছে'; ইহাকে বলে হেতুনির্দ্দেশ। শেষে 'অতএব পর্ব্বতে নিশ্চয়ই অগ্নি আছে' এইরূপে যে, হেতুর সঙ্গে প্রতিজ্ঞাত বিষয়ের নির্দ্দেশ, তাহার নাম—'নিগমন'।

এখানেও ঠিক তদনুরূপই শব্দার্থ বুঝিতে হইবে ; আর যে সমস্ত কথার অর্থ সেখানে ব্যাখ্যাত হয় নাই, আমরা এখানে কেবল সেই সমুদয় কথারই ব্যাখ্যা করিব।

অথ হ যাজ্ঞবল্ক্যস্য দ্বে ভার্য্যে বভূবতুর্মৈত্রেয়ী চ কাত্যায়নী চ। তয়োর্হ মৈত্রেয়ী ব্রহ্মবাদিনী বভূব, স্ত্রীপ্রজ্ঞৈব তর্হি কাত্যায়নী, অথ হ যাজ্ঞবল্ক্যোহন্যদ্ বৃত্তমুপাকরিষ্যন্— ॥ ৩১৬ ॥ ১ ॥

সরলার্থঃ।—অথ (আখ্যায়িকারম্ভে) হ (ঐতিহ্যে) যাজ্ঞবল্ক্যস্য (তদাখ্যস্য ঋষেঃ) মৈত্রেয়ী চ কাত্যায়নী চ দ্বে ভার্য্যে (পত্নৌ) বভূবতুঃ। তয়োঃ (পত্ন্যোঃ মধ্যে) মৈত্রেয়ী (তদাখ্যা পত্নী) ব্রহ্মবাদিনী (ব্রহ্মকথনশীলা) বভূব, তর্হি (তস্মিন্ কালে) কাত্যায়নী (তদাখ্যা পত্নী তু) স্ত্রীপ্রজ্ঞা (স্ত্রীজনোচিতবুদ্ধিবিজ্ঞানসম্পন্না সরলা) এব (আসীৎ)। অথ (এবং সতি) যাজ্ঞবল্ক্যঃ অন্যৎ বৃত্তম্ (পূর্ব্বস্মাৎ গার্হস্থ্যলক্ষণাৎ ধর্ম্মাৎ সন্ন্যাসলক্ষণং ধর্ম্মান্তরম্) উপাকরিষ্যন্ (গ্রহীষ্যন্ সন্)—॥৩১৬॥১॥

মূলানুবাদ।—অতঃপর যাজ্ঞবল্কীয় কাণ্ডে মৈত্রেয়ীব্রাহ্মণ আরব্ধ হইতেছে—যাজ্ঞবল্ক্য ঋষির মৈত্রেয়ী ও কাত্যায়নী নামে প্রসিদ্ধা দুই পত্নী ছিলেন ; তন্মধ্যে মৈত্রেয়ী ব্রহ্মবাদিনী ছিলেন, আর কাত্যায়নী তখনও সাধারণ স্ত্রীজনোচিত বুদ্ধিসম্পন্না ছিলেন। যাজ্ঞবল্ক্য ঋষি অন্য বৃত্ত অর্থাৎ গার্হস্থ্য হইতে পৃথক্ ধর্ম্ম—সন্ন্যাসাশ্রম অবলম্বন করিবেন মনে করিয়া— ॥ ৩১৬ ॥ ১ ॥

শাঙ্করভাষ্যম্।—অথেতি হেতূপদেশেনৈব ব্রহ্মপ্রদর্শনার্থম্। হেতুপ্রধানানি হি বাক্যান্যতীতানি, ইদানীমাগমপ্রধানেন প্রতিজ্ঞাতোঽর্থো নিগম্যতে মৈত্রেয়ীব্রাহ্মণেন। হ-শব্দো বৃত্তাবদ্যোতকঃ। যাজ্ঞবল্ক্যস্য ঋষেঃ কিল দ্বে ভার্য্যে পত্নৌ বভূবতুরাস্তাম্—মৈত্রেয়ী চ নামত একা, অপরা কাত্যায়নী নামতঃ। তয়োর্ভার্য্যয়োঃ মৈত্রেয়ী হ কিল ব্রহ্মবাদিনী ব্রহ্ম-বদনশীলা বভূব আসীৎ। স্ত্রীপ্রজ্ঞা—স্ত্রিয়াং যা উচিতা, সা স্ত্রীপ্রজ্ঞৈব তর্হি তস্মিন্ কালে আসীৎ কাত্যায়নী। অথ এবং সতি হ কিল যাজ্ঞবল্ক্যঃ পূর্ব্বস্মাৎ গার্হস্থ্যলক্ষণাৎ বৃত্তাৎ পারিব্রাজ্যলক্ষণং বৃত্তম্ উপাকরিষ্যন্ উপাচিকীর্ষুঃ সন্—॥৩১৬॥১॥

টীকা। ননু বাক্যানি, পূর্ব্বত্র ব্যাখ্যাতানি ন হেতুরূপাণীত্যত আহ—হেতুপ্রধানানীতি। ইদানীং তদুপদেশানন্তরং কথং সমাপ্তামাসমস্ত্যেতস্মাদ্ব্রহ্মবিজ্ঞানস্যোপদেশেন গম্যতে, তত্রাহ—হেতুপ্রধানানীতি। তদেব

বৃত্তং বার্ত্তিকে—যাজ্ঞবল্ক্যস্যেতি। অথেতাস্যার্থমাহ—এবং সতীতি। ভাষ্যান্তরে দর্শিতত্বাৎ দিতে, অত্র চ বৈরাগ্যাতিরেকে সতীতি যাবৎ। ৩১৬। ১।

ভাষ্যানুবাদ।—অথ শব্দের অর্থ—হেতুপ্রদর্শনের আনন্তর্য্য; কারণ, ইতঃপূর্ব্বে কারণপ্রদর্শক বাক্যসমূহ প্রদর্শিত হইয়াছে; তাহার পর এখন আগম প্রধান। যুক্তিরহিত কেবল শব্দমাত্র-প্রধান। মৈত্রেয়ীব্রাহ্মণে পূর্ব্বপ্রতিজ্ঞাত বিষয় সমস্ত উপপাদিত হইতেছে। [শ্রুতির : 'হ' শব্দটী অতীত বৃত্তান্ত দ্যোতক।

যাজ্ঞবল্ক্যনামক ঋষির দুইটী ভার্য্যা- পত্নী ছিলেন; এক জনের নাম মৈত্রেয়ী, অপরের নাম কাত্যায়নী। সেই উভয় ভার্য্যার মধ্যে মৈত্রেয়ী ব্রহ্মবাদিনী- ব্রহ্মবিষয়ক আলোচনায় তৎপরা ছিলেন, আর কাত্যায়নী তখনও স্ত্রীপ্রজ্ঞাই ছিলেন; স্ত্রীপ্রজ্ঞা অর্থ—স্ত্রীলোকের যেরূপ প্রজ্ঞা (জ্ঞান) থাকা আবশ্যক, সেইরূপ প্রজ্ঞা- গৃহকর্ম্মোপযোগী প্রয়োজন-নির্ব্বাহক্ষম বুদ্ধি তাহার ছিল। এরূপ অবস্থায় যাজ্ঞবল্ক্য ঋষি অন্য বৃত্ত অর্থাৎ পূর্ব্বতন গার্হস্থ্য আশ্রম হইতে পৃথক্ সন্ন্যাসাশ্রম গ্রহণেচ্ছু হইয়া—। ৩১৬।১।

মৈত্রেয়ীতি হোবাচ যাজ্ঞবল্ক্যঃ— প্রব্রজিষ্যন্ বা অরেঽহমস্মাৎ স্থানাদস্মি, হন্ত তেঽনয়া কাত্যায়ন্যান্তং করবাণীতি ॥ ৩১৭ ॥ ২ ॥

সরলার্থঃ।—যাজ্ঞবল্ক্যঃ হে মৈত্রেয়ি, ইতি (সম্বোধ্য) উবাচ হ—অরে (অয়ি মৈত্রেয়ি,) অহং অস্মাৎ স্থানাৎ (গার্হস্থ্যাৎ) প্রব্রজিষ্যন্ (প্রব্রজ্যাং করিষ্যন্) বৈ অস্মি (ভবামি)। হন্ত (প্রার্থনায়াম্); অনয়া কাত্যায়ন্যা (ভবদীয়য়া সপত্ন্যা সহ) তে (তব) অন্তং (বিচ্ছেদং) করবাণি (প্রার্থনায়াং লোট্), ইতি ॥৩১৭॥২॥

মূলানুবাদ।—যাজ্ঞবল্ক্য মৈত্রেয়ীকে সম্বোধনপূর্ব্বক বলিলেন—অরে মৈত্রেয়ি, আমি এই গার্হস্থ্য আশ্রম হইতে চলিয়া যাইতে অর্থাৎ সন্ন্যাস গ্রহণ করিতে ইচ্ছুক হইয়াছি। যদি ইচ্ছা কর, তবে আমি এই কাত্যায়নীর সহিত তোমার বিচ্ছেদ (বিভাগ) করিয়া দিতে ইচ্ছা করি ॥ ৩১৭ ॥ ২ ॥

শাঙ্করভাষ্যম্।—হে মৈত্রেয়ীতি হোবাচ ভার্য্যামামন্ত্রয়ামাস। আমন্ত্র্য চোবাচ হ—প্রব্রজিষ্যন্ পারিব্রাজ্যং করিষ্যন্ বা অরে মৈত্রেয়ি, অস্মাৎ স্থানাৎ গার্হস্থ্যাদহমস্মি ভবামি। মৈত্রেয়ি, অনুজানীহি মাম্; হন্ত ইচ্ছসি যদি, তে অনয়া কাত্যায়ন্যা অন্তং করবাণি—ইত্যাদি ব্যাখ্যাতম্ ॥৩১৭॥২॥

টীকা। তস্মা ব্রহ্মবাদিন্য তদানন্তপ্রকারেণ তাং প্রত্যেব সম্বাদে হেতুকর্তৃতাম। তস্য ব্রহ্মবাদিন্য জ্ঞাতৃমিচ্ছসি যদীত্যুক্তম্। ৩১৭ ॥ ২ ॥

ভাষ্যানুবাদ।—[যাজ্ঞবল্ক্য] হে মৈত্রেয়ি, বলিয়া জ্যেষ্ঠা ভার্য্যাকে আহ্বান করিলেন, এবং আহ্বান করিয়া বলিলেন—অরে মৈত্রেয়ি, আমি এই স্থান হইতে অর্থাৎ গার্হস্থ্যাশ্রম হইতে প্রব্রজ্যা করিতে ইচ্ছুক হইয়াছি। তুমি যদি ইচ্ছা কর, তবে আমাকে অনুমতি প্রদান কর। তোমাকে এই কাত্যায়নীর সহিত বিচ্ছিন্ন করিয়া দিই অর্থাৎ তোমাদের ধনসম্পদ বিভাগ করিয়া দিতে ইচ্ছা করি (১)॥৩১৭॥২॥

সা হোবাচ মৈত্রেয়ী যন্নু ম ইয়ং ভগোঃ সর্ব্বা পৃথিবী বিত্তেন পূর্ণা স্যাৎ, স্যাং ন্বহং তেনামৃতাহো৩ নেতি; নেতি হোবাচ যাজ্ঞবল্ক্যঃ, যথৈবোপকরণবতাং জীবিতম্, তথৈব তে জীবিতংস্যাদমৃতত্বস্য তু নাশাস্তি বিত্তেনেতি ॥ ৩১৮ ॥ ৩ ॥

সরলার্থঃ।—সা (এবং পৃষ্টা) মৈত্রেয়ী উবাচ (যাজ্ঞবল্ক্যম্ উক্তবতী) হ—ভগোঃ (ভগবন্), নু (বিতর্কে) যৎ (যদি) বিত্তেন (ধনেন) পূর্ণা ইয়ং সর্ব্বা পৃথিবী মে (মম) স্যাৎ (ভবেৎ), অহং তেন (বিত্তপূর্ণপৃথিবীলাভেন) (অমৃতা) অমরণশীলা—বিমুক্তা স্যাম্ (ভবেয়ম্)? আহো (অথবা) ন, ইতি। যাজ্ঞবল্ক্যঃ উবাচ হ—ন ইতি (অমৃতা ন ভবেঃ ইতি); [পরন্তু] উপকরণবতাং (ভোগসাধন সম্পন্নানাং) জীবিতং (জীবনং) যথা (যদ্বৎ সুখময়ং) ভবেৎ, (তথা) তদ্বৎ (এব নিশ্চয়ে), তে (তব) জীবিতং স্যাৎ; বিত্তেন (ধনেন) তু (পুনঃ) অমৃতত্বস্য (মুক্তেঃ) আশা (সম্ভাবনাপি) ন অস্তি; [কা কথা তৎ প্রাপ্তেঃ] ইতি ॥৩১৮॥৩॥

মূলানুবাদ।—সেই মৈত্রেয়ী বলিলেন—ভগবন্, যদি ধন-পূর্ণা এই সম্পূর্ণ পৃথিবী আমার আয়ত্ত হয়, তাহা হইলে তদ্দ্বারা আমি অমৃতা মরণরহিতা—বিমুক্তা হইতে পারিব কি না? যাজ্ঞবল্ক্য বলিলেন, না—অমৃতা হইতে পারিবে না, কিন্তু বিবিধ ভোগসাধনসম্পন্ন লোকদিগের

---

(১) তাৎপর্য্য—এই শ্রুতি হইতে পঞ্চম ব্রাহ্মণের সমস্ত শ্রুতিই ইহার দ্বিতীয় অধ্যায়ের চতুর্থ ব্রাহ্মণে উক্ত হইয়াছে, কোন কোন স্থলে সামান্যমাত্র প্রভেদ আছে। এই কারণে ভাষ্যকার এখানে সমস্ত শ্রুতির ব্যাখ্যা করেন নাই। যাহার আবশ্যক হয়, তিনি দ্বিতীয় অধ্যায়ের চতুর্থ ব্রাহ্মণে সম্পূর্ণ ব্যাখ্যা দেখিতে পাইবেন।

জীবন যেরূপ (সুখবহুল) হয়, তোমারও ঠিক সেইরূপই হইবে, কিন্তু বিত্ত দ্বারা অমৃতত্ব লাভের আশাও নাই ॥ ৩১৮ ॥ ৩ ॥

শাঙ্করভাষ্যম্ ।—॥৩॥৩১৮॥৩॥

টীকা ॥ ০ ॥ ৩১৮ ॥ ৩ ॥

স হোবাচ মৈত্রেয়ী যেনাহং নামৃতা স্যাম্, কিমহং তেন কুর্য্যাম্, যদেব ভগবান্ বেদ, তদেব মে ব্রূহীতি ॥ ৩১৯ ॥ ৪ ॥

সরলার্থঃ ।—সা (এবমুক্তা) মৈত্রেয়ী উবাচ হ—অহং যেন (বিত্তেন) অমৃতা ন স্যাম (ন ভবেয়ম্), অহং তেন (বিত্তেন) কিং কুর্য্যাম্ (ন কিমপীতি ভাবঃ)। ভগবান্ (পূজনীয়ঃ ভবান্) যৎ এব বেদ (অমৃতত্বসাধনং জানাসি) তৎ এব মে (মহ্যং) ব্রূহি (কথয়) ইতি ॥৩১৯॥৪॥

মূলানুবাদ ।—এই কথার পর মৈত্রেয়ী বলিলেন, যাহা দ্বারা আমি অমৃতা হইব না, সেই বিত্ত দ্বারা আমি কি করিব? পূজনীয় আপনি যাহা (অমৃতত্ব লাভের নিশ্চিত সাধন) অবগত আছেন, তাহাই আমাকে বলুন ॥ ৩১৯ ॥ ৪ ॥

শাঙ্করভাষ্যম্ ।—সৈবমুক্তোবাচ মৈত্রেয়ী। সর্ব্বেয়ং পৃথিবী বিত্তেন পূর্ণা স্যাৎ, নু কিং স্যাম্? কিমহং বিত্তসাধ্যেন কর্ম্মণা অমৃতা, আহো ন স্যামিতি। ইতি হোবাচ যাজ্ঞবল্ক্য ইত্যাদি সমানমন্যৎ ॥৩১৯॥৪॥

টীকা । [illegible] —বৈনমিতি । ৩১৯ ॥ ৪ ॥

ভাষ্যানুবাদ ।—সেই মৈত্রেয়ী এই কথা শ্রবণ করিয়া বলিলেন—যদি ধনপূর্ণা এই সমস্ত পৃথিবী আমার হয়, [তাহা হইলে] আমি কি হইব? অর্থাৎ বিত্তসাধ্য কর্ম্ম দ্বারা আমি কি অমৃতা হইতে পারিব, অথবা পারিব না? যাজ্ঞবল্ক্য বলিলেন—না পারিবে না। অন্য অংশের ব্যাখ্যা পূর্ব্বের মত ॥৩১৯॥৪॥

স হোবাচ যাজ্ঞবল্ক্যঃ—প্রিয়া বৈ খলু নো ভবতী সতী প্রিয়মবৃধৎ, হন্ত তর্হি ভবত্যেতদ্ব্যাখ্যাস্যামি তে, ব্যাচক্ষাণস্য তু মে নিদিধ্যাসস্বেতি ॥ ৩২০ ॥ ৫ ॥

সরলার্থঃ ।—সঃ (এবমুক্তঃ) যাজ্ঞবল্ক্যঃ উবাচ হ—[হে মৈত্রেয়ি,] ভবতী নঃ (অস্মাকং) প্রিয়া (প্রীতিভাজনং) বৈ খলু (নিশ্চয়ে) সতী, প্রিয়ম্ (আনন্দম্) অবৃধৎ (বর্দ্ধিতবতী)। হন্ত (প্রার্থনায়াম্, আহ্লাদে বা), তর্হি

হে ভবতি, তে (তুভ্যম্) এতৎ (অমৃতত্বসাধনম্) ব্যাখ্যাস্যামি (কথয়িষ্যামি); ব্যাচক্ষাণস্য (ব্যাখ্যাং কুর্ব্বতঃ) তু মে (মম) [কথায়াম্] নিদিধ্যাসস্ব (একাগ্রচিত্তা ভব) ইতি ॥ ৩২০ ॥ ৫ ॥

মূলানুবাদ।—মৈত্রেয়ী এই কথা বলিলে পর, যাজ্ঞবল্ক্য বলিলেন—তুমি আমার যেমন প্রিয়া, তেমনই প্রীতি বর্দ্ধনই করিয়াছ। ভাল, তুমি যদি ইচ্ছা কর, তাহা হইলে ইহা (অমৃতত্বসাধন) তোমার নিকট ব্যাখ্যা করিতেছি; তুমি আমার ব্যাখ্যায় মনো-যোগিনী হও ॥ ৩২০ ॥ ৫ ॥

শাঙ্করভাষ্যম্।—স হোবাচ প্রিয়ৈব পূর্ব্বং সতী, নঃ অস্মভ্যং ভবতী ভবন্তী সতী প্রিয়মেব অনুগং বৰ্দ্ধিতবতী নির্দ্ধারিতবত্যসি ; অতস্তুষ্টোঽহম্। হন্ত ইচ্ছসি চেৎ অমৃতত্বসাধনং জ্ঞাতুম্, হে ভবতি, তে তুভ্যং তদমৃতত্বসাধনং ব্যাখ্যাস্যামি ॥ ৩২০ ॥ ৫ ॥

টীকা। গুরুপ্রসাদাধীনা বিদ্যাবাপ্তিরিতি দ্যোতনার্থমাহ—স হোবাচেতি। জ্ঞানস্য দুর্লভত্বদ্যোতনায় চেদিত্যুক্তম্ ॥ ৩২০ ॥ ৫ ॥

ভাষ্যানুবাদ।—সেই যাজ্ঞবল্ক্য বলিলেন—তুমি পূর্ব্বেই আমার প্রীতি-ভাজন ছিলে, এখনও তুমি প্রিয় বিষয়ই অবধারণ করিয়াছ ; অতএব আমি সন্তুষ্ট হইয়াছি। তুমি যদি অমৃতত্বলাভের উপায় জানিতে ইচ্ছা কর, তাহা হইলে, হে ভবতি, তোমার নিকট সেই অমৃতত্ব-সাধন ব্যাখ্যা করিব ॥ ৩২০ ॥ ৫ ॥

স হোবাচ—ন বা অরে পত্যুঃ কামায় পতিঃ প্রিয়ো ভবত্যাত্মনস্তু কামায় পতিঃ প্রিয়ো ভবতি। ন বা অরে জায়ায়ৈ কামায় জায়া প্রিয়া ভবত্যাত্মনস্তু কামায় জায়া প্রিয়া ভবতি। ন বা অরে পুত্রাণাং কামায় পুত্রাঃ প্রিয়া ভবন্ত্যাত্মনস্তু কামায় পুত্রাঃ প্রিয়া ভবন্তি। ন বা অরে বিত্তস্য কামায় বিত্তং প্রিয়ং ভবত্যাত্মনস্তু কামায় বিত্তং প্রিয়ং ভবতি। ন বা অরে পশূনাং কামায় পশবঃ প্রিয়া ভবন্ত্যাত্মনস্তু কামায় পশবঃ প্রিয়া ভবন্তি। ন বা অরে ব্রহ্মণঃ কামায় ব্রহ্ম প্রিয়ং ভবত্যাত্মনস্তু কামায় ব্রহ্ম প্রিয়ং ভবতি। ন বা অরে ক্ষত্রস্য কামায় ক্ষত্রং

প্রিয়ং ভবত্যাত্মনস্তু কামায় ক্ষত্রং প্রিয়ং ভবতি। ন বা অরে লোকানাং কামায় লোকাঃ প্রিয়া ভবন্ত্যাত্মনস্তু কামায় লোকাঃ প্রিয়া ভবন্তি। ন বা অরে দেবানাং কামায় দেবাঃ প্রিয়া ভবন্ত্যাত্মনস্তু কামায় দেবাঃ প্রিয়া ভবন্তি।

ন বা অরে বেদানাং কামায় বেদাঃ প্রিয়া ভবন্ত্যাত্মনস্তু কামায় বেদাঃ প্রিয়া ভবন্তি। ন বা অরে ভূতানাং কামায় ভূতানি প্রিয়াণি ভবন্ত্যাত্মনস্তু কামায় ভূতানি প্রিয়াণি ভবন্তি। ন বা অরে সর্ব্বস্য কামায় সর্ব্বং প্রিয়ং ভবত্যাত্মনস্তু কামায় সর্ব্বং প্রিয়ং ভবতি। আত্মা বা অরে দ্রষ্টব্যঃ শ্রোতব্যো মন্তব্যো নিদিধ্যাসিতব্যো মৈত্রেয়ি, আত্মনি খল্বরে দৃষ্টে শ্রুতে মতে বিজ্ঞাত ইদংসর্ব্বং বিদিতম্ ॥৩২১॥৬॥

সরলার্থঃ।—সঃ (এবং পৃষ্টঃ) যাজ্ঞবল্ক্যঃ উবাচ হ—অরে (হে মৈত্রেয়ি,) পত্যুঃ (স্বামিনঃ) কামায় (প্রীতয়ে) পতিঃ ন বৈ (নৈব) প্রিয়ঃ ভবতি, [পত্ন্যা ইতি শেষঃ]; তু (পুনঃ) আত্মনঃ (স্বস্যাঃ) কামায় পতিঃ (পত্ন্যাঃ) প্রিয়ঃ ভবতি। তথা অরে জায়ায়ৈ (জায়ায়াঃ) কামায় জায়া ন বৈ প্রিয়া ভবতি [পত্যুরিতি শেষঃ], তু (পুনঃ) আত্মনঃ (স্বস্য) কামায় জায়া পত্যুঃ [প্রিয়া ভবতি। অরে পুত্রাণাং কামায় পুত্রাঃ ন বৈ প্রিয়াঃ ভবন্তি [পিতুঃ], তু (পুনঃ) আত্মনঃ কামায় পুত্রাঃ প্রিয়াঃ ভবন্তি [পিতুরিতি শেষঃ]। অরে, বিত্তস্য (ধনস্য) কামায় বিত্তং ন বৈ প্রিয়ং ভবতি [ধনার্থিন ইতি শেষঃ], আত্মনঃ তু কামায় বিত্তং প্রিয়ং ভবতি। অরে, পশূনাং কামায় পশবঃ ন বৈ প্রিয়াঃ ভবন্তি, [গৃহস্থানামিতি শেষঃ], আত্মনঃ তু কামায় পশবঃ প্রিয়াঃ ভবন্তি। অরে, ব্রহ্মণঃ (ব্রাহ্মণস্য) কামায় ব্রহ্ম (ব্রাহ্মণঃ) ন বৈ প্রিয়ং ভবতি, আত্মনঃ তু কামায় ব্রহ্ম প্রিয়ং ভবতি। অরে, ক্ষত্রস্য কামায় ক্ষত্রং ন বৈ প্রিয়ং ভবতি, আত্মনঃ তু কামায় ক্ষত্রং প্রিয়ং ভবতি। অরে, লোকানাং (স্বর্গাদীনাং) কামায় লোকাঃ ন বৈ প্রিয়াঃ ভবন্তি, আত্মনঃ তু কামায় লোকাঃ প্রিয়াঃ ভবন্তি। অরে, দেবানাং (ইন্দ্রাদীনাং) কামায় দেবাঃ ন বৈ প্রিয়াঃ ভবন্তি, আত্মনঃ তু কামায় দেবাঃ প্রিয়াঃ ভবন্তি। অরে, বেদানাং (ঋগাদীনাং) কামায় বেদাঃ ন বৈ প্রিয়াঃ ভবন্তি, আত্মনঃ তু কামায় বেদাঃ প্রিয়াঃ ভবন্তি। অরে,

ভূতানাং (ক্ষিত্যাদীনাং, প্রাণিনাং বা) কামায় ভূতানি ন বৈ প্রিয়াণি ভবন্তি, আত্মনঃ তু কামায় ভূতানি প্রিয়াণি ভবন্তি। অরে, [কিং বহুনা,] সর্বস্য (বস্তুমাত্রস্য) কামায় সর্বং ন বৈ প্রিয়ং ভবতি, আত্মনঃ তু কামায় সর্বং প্রিয়ং ভবতি। অরে, আত্মা বৈ (এব) দ্রষ্টব্যঃ (সাক্ষাৎ কর্তব্যঃ), [তদুপায়ত্বেন] শ্রোতব্যঃ (শাস্ত্রাচার্য্যোপদেশাভ্যাম্ শ্রুতিবিষয়ঃ কর্তব্যঃ), [পশ্চাৎ সংশয়নিরাসার্থম্] মন্তব্যঃ (অনুকূলতর্কেণ প্রতিকূলতর্কখণ্ডনপূর্বকং শ্রুতার্থে দৃঢ়ঃ প্রত্যয়ঃ কর্তব্যঃ), নিদিধ্যাসিতব্যঃ (শ্রুতার্থে চিত্তৈকতানতা কর্তব্যা)। অরে মৈত্রেয়ি, খলু (এতস্মিন্) আত্মনি দৃষ্টে শ্রুতে মতে বিজ্ঞাতে (সাক্ষাদনুভূতে সতি) ইদং সর্বং (জগৎ) বিদিতং (বিজ্ঞাতং ভবতি, আত্মনঃ সর্বাত্মকত্বাদিতি ভাবঃ) ॥ ১১৬ ॥ ৬ ॥

মূলানুবাদ ।—মৈত্রেয়ীর কথা শুনিয়া যাজ্ঞবল্ক্য বলিলেন—অরে মৈত্রেয়ি, পতির কামের (প্রীতির) জন্য পতি কখনই পত্নীর প্রিয় হয় না ; পরন্তু আত্ম-প্রীতির জন্যই পতি প্রিয় হইয়া থাকে। অরে মৈত্রেয়ি, পত্নীর প্রীতির জন্য পত্নী কখনই পতির প্রিয়া হয় না ; পরন্তু আত্ম প্রীতির জন্যই পত্নী পতির প্রিয়া হইয়া থাকে। অরে মৈত্রেয়ি, পুত্রগণের প্রীতির জন্য পুত্রগণ কখনই পিতার প্রিয় হয় না, পরন্তু আত্মার প্রীতির জন্যই পুত্রগণ প্রিয় হইয়া থাকে। অরে মৈত্রেয়ি, বিত্তের প্রীতির জন্য বিত্ত কখনই প্রিয় হয় না ; পরন্তু আত্ম-প্রীতির জন্যই বিত্ত সকলের প্রিয় হইয়া থাকে। অরে মৈত্রেয়ি, পশুগণের প্রীতির জন্য কখনই পশুগণ প্রিয় হয় না ; কিন্তু আত্মার প্রীতির জন্যই পশুগণ সকলের প্রিয় হইয়া থাকে। অরে মৈত্রেয়ি, ব্রাহ্মণের প্রীতির জন্য কখনই ব্রাহ্মণ কাহারো প্রিয় হয় না ; পরন্তু আত্মার প্রীতির জন্যই ব্রাহ্মণ প্রিয় হইয়া থাকেন। অরে মৈত্রেয়ি, ক্ষত্রিয়ের প্রীতির জন্য ক্ষত্রিয় কখনই প্রিয় হয় না, পরন্তু আত্মার প্রীতির জন্যই ক্ষত্রিয়গণ সকলের প্রিয় হইয়া থাকে। অরে মৈত্রেয়ি, স্বর্গাদি লোকের প্রীতির জন্য স্বর্গাদি লোকসমূহ কখনই সকলের প্রিয় হয় না, পরন্তু আত্মপ্রীতির জন্যই স্বর্গাদি লোকসমূহ সকলের প্রিয় হইয়া থাকে। অরে মৈত্রেয়ি, দেবগণের প্রীতির জন্য কখনই দেবগণ প্রিয় হন না ; পরন্তু আত্মার প্রীতির জন্যই দেবগণ সকলের প্রিয় হইয়া থাকেন। অরে মৈত্রেয়ি, ঋক্‌প্রভৃতি বেদসমূহের

প্রীতির জন্য বেদসমূহ কখনই লোকের প্রিয় হয় না; পরন্তু আত্মার প্রীতির জন্যই বেদসমূহ সকলের প্রিয় হইয়া থাকে। অরে মৈত্রেয়ি, ভূতগণের প্রীতির জন্য ভূতগণ কখনই লোকের প্রিয় হয় না; পরন্তু আত্মার প্রীতির জন্যই ভূতগণ সকলের প্রিয় হইয়া থাকে। অরে মৈত্রেয়ি, [অধিক কি,] সকলের প্রীতির জন্যই সকলে অর্থাৎ কাহারো প্রীতির জন্যই কেহ কাহারও প্রিয় হয় না; পরন্তু আত্ম-প্রীতির জন্যই সকলে সকলের প্রিয় হইয়া থাকে। অরে মৈত্রেয়ি, অতএব আত্মাকেই দর্শন করিবে (সাক্ষাৎ করিবে), [শাস্ত্র ও আচার্য্যের নিকট হইতে] শ্রবণ করিবে, মনন করিবে, এবং নিদিধ্যাসন করিবে। অরে মৈত্রেয়ি, আত্মাকে দর্শন করিলে, শ্রবণ করিলে, মনন করিলে ও নিদিধ্যাসন করিলে এবং বিশেষ ভাবে অবগত হইলে, এই সমস্ত জগৎই বিজ্ঞাত হয়; [কারণ, আত্মার অতিরিক্ত কোন বস্তু জগতে নাই]॥ ৩২১॥ ৬॥

শাঙ্করভাষ্যম্।—আত্মনি খল্বরে মৈত্রেয়ি দৃষ্টে,—কথং দৃষ্ট আত্মনীতি? উচ্যতে—পূর্বমাচার্য্যাগমাভ্যাং শ্রুতে, পুনস্তর্কেণোপপত্ত্যা মতে বিচারিতে। শ্রবণন্ত্বাগমমাত্রেণ; মতমুপপত্ত্যা পশ্চাদ্বিজ্ঞাতে এবমেতন্নান্যথেতি নির্দ্ধারিতে; কিং ভবতীত্যুচ্যতে—ইদং বিদিতং ভবতি; ইদং সর্বমিতি যদাত্মনোঽন্যৎ, আত্মব্যতিরেকেণাভাবাৎ॥ ৩২১॥ ৬॥

টীকা। বাক্যান্তরপ্রকাশমেবাহ—আত্মনীতি। দৃষ্টে সত্যস্মিন্ বিদিতং [illegible] ১২৬। [illegible] দৃষ্টে সত্য দৃষ্টঃ [illegible] পৃচ্ছতি—কথমিতি। আত্ম-[illegible] শ্রবণাদিকং দর্শনমুত্তরমাহ—উচ্যত ইতি। [illegible] প্রশ্নপূর্বকমাহ— কিমিত্যাদিনা। ইদং সর্বমিত্যস্য তাৎপর্য্যমাহ—[illegible]। [illegible] দৃষ্টে দৃষ্টঃ [illegible]। কথমস্মিন্ দৃষ্টে সর্বমিদং দৃষ্টং ভবতি, তত্রাহ—আত্মব্যতিরেকেণেতি॥ ৩২১॥ ৬॥

ভাষ্যানুবাদ।—অরে মৈত্রেয়ি, আত্মাকে দর্শন করিলে—; কিরূপে দর্শন করিলে? তদুত্তরে বলিতেছেন—প্রথমে আচার্য্য ও শাস্ত্রবাক্য হইতে শ্রবণ করিয়া, পরে তর্ক ও যুক্তি দ্বারা বিচার করিয়া, কেবল শাস্ত্রবাক্য হইতে শ্রবণ করিতে হয়, পরে যুক্তি দ্বারা তাহার মনন করিতে হয়, অনন্তর বিজ্ঞান—ইহা এই প্রকারই সত্য, অন্য প্রকার নহে, এইরূপে নির্দ্ধারণ করিতে হয়। তাহার ফল কি হয়? বলিতেছেন—এই সমস্তই বিদিত হয়, অর্থাৎ প্রকৃত-

পক্ষে আত্মাতিরিক্ত কিছু না থাকায়, যাহা কিছু আত্মাতিরিক্ত বলিয়া মনে হয়, সে সমুদয়ই বিজ্ঞাত হয়, [কিছুই অবিজ্ঞাত থাকে না] ॥ ৩২১ ॥ ৬ ॥

ব্রহ্ম তং পরাদাদ্‌যোঽন্যত্রাত্মনঃ ব্রহ্ম বেদ, ক্ষত্রং তং পরাদাদ্‌যোঽন্যত্রাত্মনঃ ক্ষত্রং বেদ, লোকাস্তং পরাদুর্য্যোঽন্যত্রাত্মনো লোকান্ বেদ, দেবাস্তং পরাদুর্য্যোঽন্যত্রাত্মনো দেবান্ বেদ, বেদাস্তং পরাদুর্য্যোঽন্যত্রাত্মনো বেদান্ বেদ, ভূতানি তং পরাদুর্য্যোঽন্যত্রাত্মনো ভূতানি বেদ, সর্ব্বং তং পরাদাদ্‌যোঽন্যত্রাত্মনঃ সর্ব্বং বেদ, ইদং ব্রহ্মেদং ক্ষত্রমিমে লোকা ইমে দেবা ইমে বেদা ইমানি ভূতানীদংসর্ব্বং যদয়মাত্মা ॥৩২২॥৭॥

সরলার্থঃ—ব্রহ্ম (ব্রাহ্মণজাতিঃ) তং (জনং) পরাদাৎ (পরাকুর্য্যাৎ ব্রহ্মলাভাৎ বঞ্চয়তি) ; [কম্ ?] যঃ আত্মনঃ অন্যত্র (আত্মব্যতিরেকেণ) ব্রহ্ম বেদ (জানাতি) ; ক্ষত্র (ক্ষত্র) তং (জনং) পরাদাৎ, যঃ আত্মনঃ অন্যত্র ক্ষত্র (ক্ষত্রিয়জাতিং) বেদ ; লোকাঃ (স্বর্গাদয়ঃ) তং (জনং) পরাদুঃ (বঞ্চয়ন্তি), যঃ আত্মনঃ অন্যত্র লোকান্ বেদ ; তথা দেবাঃ তং পরাদুঃ, যঃ আত্মনঃ অন্যত্র দেবান্ বেদ ; বেদাঃ তং পরাদুঃ, যঃ আত্মনঃ অন্যত্র বেদান্ বেদ। ভূতানি তং পরাদুঃ, যঃ আত্মনঃ অন্যত্র ভূতানি বেদ। [কিং বহুনা,] সর্ব্বং তং পরাদাৎ, যঃ আত্মনঃ অন্যত্র সর্ব্বং বেদ। ইদং ব্রহ্ম (ব্রাহ্মণজাতিঃ), ইদং ক্ষত্রং, ইমে লোকাঃ, ইমে দেবাঃ, ইমে বেদাঃ, ইমানি ভূতানি, ইদং সর্ব্বম্ [এব], [কিম্ ?] যৎ (যঃ) অয়ং (প্রকৃতঃ) আত্মা [এতৎ সর্ব্বম্ এতদাত্মস্বরূপমেবেতি ভাবঃ।] ॥ ৩২২ ॥ ৭ ॥

মূলানুবাদ—ব্রহ্ম অর্থাৎ ব্রাহ্মণজাতি তাহাকে পরাস্ত—বঞ্চিত করে, যে লোক ব্রাহ্মণজাতিকে আত্মভিন্ন বলিয়া জানে। ক্ষত্রিয় জাতি তাহাকে বঞ্চিত করে, যে লোক ক্ষত্রিয় জাতিকে আত্মা হইতে ভিন্ন বলিয়া জানে। স্বর্গাদি লোকসমূহও তাহাকে বঞ্চিত করে, যে ব্যক্তি স্বর্গাদি লোকসমূহকে আত্মা হইতে অতিরিক্ত বলিয়া জানে। দেবতাগণ তাহাকে বঞ্চিত করে, যে লোক দেবতাগণকে আত্মা হইতে অতিরিক্ত বলিয়া জানে। বেদসমূহ তাহাকে বঞ্চিত করে, যে লোক বেদসমূহকে আত্ম-ব্যতিরিক্ত বলিয়া জানে। ভূতগণ তাহাকে বঞ্চিত

করে, যে লোক ভূতসমূহকে আত্মা হইতে অতিরিক্ত বলিয়া জানে। অধিক কি, সমস্তই তাহাকে বঞ্চিত করে, যে লোক সমস্তকে আত্মা হইতে অতিরিক্ত বলিয়া জানে। এই ব্রাহ্মণ, এই ক্ষত্রিয়, এই সমস্ত দেবতা, এই সমস্ত বেদ, এই সমস্ত ভূত, অধিক কি, এই সমস্তই এই আত্মার স্বরূপ ॥ ৩২২ ॥ ৭ ॥

শাঙ্করভাষ্যম্ ।—তং অযথার্থদর্শিনং পরাদাৎ পরাকুর্য্যাৎ—কৈবল্য-দর্শনং কুর্য্যাৎ—অয়ম্ অনাত্মস্বরূপেণ মাং পশ্যতীত্যপরাধাদিতি ভাবঃ ॥৩২২॥৭॥

ভাষ্যানুবাদ ।—সেই অযথার্থদর্শীকে (মিথ্যাদৃষ্টিসম্পন্ন পুরুষকে) পরাকৃত করিবে, অর্থাৎ তাহাকে কৈবল্যসম্বন্ধরহিত করিবে, এই ব্যক্তি আমাকে অনাত্মরূপে দর্শন করিতেছে; সুতরাং অপরাধ করিতেছে; এই অপরাধ বশতঃ [তাহাকে সকলেই বঞ্চিত করে] ॥ ৩২২ ॥ ৭ ॥

স যথা দুন্দুভের্হন্যমানস্য ন বাহ্যাঞ্ছব্দাঞ্ছক্নুয়াদ্গ্রহণায়, দুন্দুভেস্তু গ্রহণেন দুন্দুভ্যাঘাতস্য বা শব্দো গৃহীতঃ ॥৩২৩॥৮॥

সরলার্থঃ ।—আত্মবিজ্ঞানে সর্ব্ববিজ্ঞাননিষ্পত্তৌ দৃষ্টান্তমাহ—"স যথা" ইত্যাদি। [অস্মিন্ বিষয়ে] সঃ (প্রসিদ্ধঃ দৃষ্টান্তঃ অস্তি); যথা দুন্দুভেঃ (বাদ্য-বিশেষস্য) হন্যমানস্য (তাড্যমানস্য সতঃ) বাহ্যান্ (ইতরান্) শব্দান্ (ধ্বনীন্) গ্রহণায় (গ্রহীতুং) ন শক্নুয়াৎ (সমর্থঃ ন ভবেৎ) [কশ্চিৎ]; তু (পুনঃ) দুন্দুভেঃ (দুন্দুভিধ্বনেঃ) দুন্দুভ্যাঘাতস্য বা গ্রহণেন শব্দঃ (বাহ্যো ধ্বনিঃ) গৃহীতঃ ভবতি ইতি শেষঃ]। (পূর্ব্বমপি ব্যাখ্যাতেয়ং শ্রুতিঃ) ॥ ৩২৩ ॥ ৮ ॥

মূলানুবাদ ।—এ বিষয়ে প্রসিদ্ধ দৃষ্টান্ত এই—যেমন দুন্দুভি বাদ্য আহত (বাদিত) হইলে পর, বাহিরের অপর কোন শব্দই কেহ পৃথক্ করিয়া গ্রহণ করিতে সমর্থ হয় না; পরন্তু দুন্দুভির কিংবা দুন্দুভিধ্বনির গ্রহণের সঙ্গে সঙ্গে অন্য শব্দও গৃহীত হয়, [তেমনি আত্মবিজ্ঞানেই অপর সমস্ত বিজ্ঞাত হয়] ॥ ৩২৩ ॥ ৮ ॥

শাঙ্করভাষ্যম্ ।— ॥ ০ ॥ ৩২৩ ॥ ৮ ॥ (১)

টীকা ॥ ০ ॥ ৩২৩ ॥ ৮ ॥

---

(১) তাৎপর্য্য—এখানকার ৮, ৯, ১০ ও ১১ সংখ্যক শ্রুতি ইতঃপূর্ব্বে—২য় অধ্যায়ে ৪র্থ ব্রাহ্মণে ৭, ৮, ৯ ও ১০ম শ্রুতিরূপে উক্ত হইয়াছে।

স যথা শঙ্খস্য ধ্মায়মানস্য ন বাহ্যাঞ্ছব্দাঞ্ছক্নুয়াদ্‌গ্রহণায়, শঙ্খস্য তু গ্রহণেন শঙ্খধ্মস্য বা শব্দো গৃহীতঃ ॥৩২৪॥৯॥

সরলার্থঃ।—কিঞ্চ, অত্র সঃ (প্রসিদ্ধঃ দৃষ্টান্তঃ) যথা শঙ্খস্য ধ্মায়মানস্য (শব্দায়মানস্য সতঃ) বাহ্যান্ (ইতরান্) শব্দান্ গ্রহণায় ন শক্নুয়াৎ [কশ্চিৎ পুরুষঃ]; তু (পুনঃ) শঙ্খস্য শঙ্খধ্মস্য (শঙ্খধ্বনেঃ) বা গ্রহণেন শব্দঃ (ইতর ধ্বনিঃ) গৃহীতঃ (ভবতি), (তদ্বৎ আত্মগ্রহণেনৈব অন্যৎ সর্ব্বং গৃহীতং ভবতীতি ভাবঃ) ॥ ৩২৪ ॥ ৯ ॥

মূলানুবাদ।—এ বিষয়ে আরও দৃষ্টান্ত এই—যেমন শঙ্খ বায়ুপূরিত হইলে, কেহই বাহিরের অন্য কোন শব্দ গ্রহণ করিতে সমর্থ হয় না; পরন্তু শঙ্খ বা শঙ্খধ্বনির গ্রহণে অন্য শব্দও গৃহীত হয়; তেমনি আত্মগ্রহণে অপর সমস্তও গৃহীত হইয়া যায় ॥ ৩২৪ ॥ ৯ ॥

শাঙ্করভাষ্যম্।—॥ ০ ॥ ৩২৪ ॥ ৯ ॥

টীকা ॥ ০ ॥ ৩২৫ ॥ ৯ ॥

স যথা বীণায়ৈ বাদ্যমানায়ৈ ন বাহ্যাঞ্ছব্দাঞ্ছক্নুয়াদ্‌গ্রহণায়, বীণায়ৈ তু গ্রহণেন বীণাবাদস্য বা শব্দো গৃহীতঃ ॥৩২৫॥১০॥

সরলার্থঃ।—সঃ (দৃষ্টান্তঃ) যথা বীণায়ৈ বাদ্যমানায়ৈ (বীণায়াঃ বাদ্যমানায়াঃ সত্যাঃ) বাহ্যান্ শব্দান্ গ্রহণায় (গৃহীতুং) ন শক্নুয়াৎ; তু (পুনঃ) বীণায়ৈ (বীণায়াঃ) বীণাবাদস্য বা গ্রহণেন শব্দঃ (বাহ্যঃ শব্দঃ) গৃহীতঃ ভবতি, [এবম্] ॥ ৩২৫ ॥ ১০ ॥

মূলানুবাদ।—[এ বিষয়ে] দৃষ্টান্ত এই—যেমন বীণাযন্ত্র বাদিত হইতে থাকিলে বাহিরের অপর শব্দ পৃথক্ করিয়া গ্রহণ করা যায় না; পরন্তু বীণার বা বীণাধ্বনির গ্রহণের সঙ্গে অপর শব্দও গৃহীত হয়, [এইরূপ] ॥ ৩২৫ ॥ ১০ ॥

শাঙ্করভাষ্যম্।—॥ ৩২৫ ॥ ১০ ॥

টীকা ॥ ০ ॥ ৩২৫ ॥ ১০ ॥

স যথার্দ্রৈধাগ্নেরভ্যাহিতস্য পৃথগ্‌ধূমা বিনিশ্চরন্ত্যেবং বা অরেঽস্য মহতো ভূতস্য নিশ্বসিতমেতদ্ যদৃগ্বেদো যজুর্ব্বেদঃ সামবেদোঽথর্ব্বাঙ্গিরস ইতিহাসঃ পুরাণং বিদ্যা উপনিষদঃ

শ্লোকাঃ সূত্রাণ্যনুব্যাখ্যানানি ব্যাখ্যানানীষ্টং হুতমাশিতং পায়িতময়ঞ্চ লোকঃ পরশ্চ লোকঃ সর্ব্বাণি চ ভূতান্যস্যৈবৈতানি সর্ব্বাণি নিশ্বসিতানি ॥৩২৬॥১১॥

সরলার্থঃ।—সঃ (দৃষ্টান্তঃ) যথা, আর্দ্রৈধাগ্নেঃ (সজলকাষ্ঠগতস্য অগ্নেঃ) অভ্যাহিতস্য (প্রজ্বলিতস্য সতঃ) পৃথক্ (বিবিধাঃ) ধূমাঃ বিনিশ্চরন্তি (বিনির্গচ্ছন্তি), অরে (হে মৈত্রেয়ি,) এবং (উক্তদৃষ্টান্তবৎ) অস্য (প্রকৃতস্য) মহতঃ ভূতস্য [স্বতঃসিদ্ধস্য নিত্যস্য ব্রহ্মণঃ] নিশ্বসিতং (নিশ্বাসবৎ অযত্নপ্রসূতম্) এতৎ। [এতৎ কিম্?] যৎ ঋগ্বেদঃ, যজুর্ব্বেদঃ, সামবেদঃ, অথর্ব্বাঙ্গিরসঃ, ইতিহাসঃ, পুরাণং, বিদ্যাঃ, উপনিষদঃ, শ্লোকাঃ, সূত্রাণি, ব্যাখ্যানানি, অনুব্যাখ্যানানি, ইষ্টং, হুতং, আশিতম্ (অন্নং), পায়িতং (পেয়ং), অয়ং চ লোকঃ, পরশ্চ লোকঃ (স্বর্গাদিঃ), সর্ব্বাণি চ ভূতানি, এতানি সর্ব্বাণি অস্য (ব্রহ্মণঃ) এব নিশ্বসিতানি (নিশ্বাসবদযত্নপ্রসূতানি) ॥ ৩২৬ ॥ ১১ ॥

মূলানুবাদ।—এ বিষয়ে দৃষ্টান্ত এই—যেমন আর্দ্রকাষ্ঠসংযুক্ত অগ্নি হইতে নানাপ্রকার ধূমসমূহ নির্গত হয়, তেমনি এই নিত্যসিদ্ধ ব্রহ্ম হইতেও নিশ্বাসবৎ অযত্নে এই সমস্ত নির্গত হইয়াছে—ঋগ্‌বেদ, যজুর্ব্বেদ, সামবেদ, অথর্ব্ববেদ, ইতিহাস, পুরাণ, বিদ্যা, উপনিষদ্, শ্লোকসমূহ, সূত্রসমূহ, অনুব্যাখ্যান, ব্যাখ্যান, ইষ্ট (যাগ), হুত (হোম), অন্ন, পান, এবং বর্ত্তমান লোক, পর লোক ও সমস্ত ভূত, এ সমস্ত ইঁহারই নিশ্বাস অর্থাৎ নিশ্বাসের ন্যায় অযত্নপ্রসূত ॥ ৩২৬ ॥ ১১ ॥

শাঙ্করভাষ্যম্।—চতুর্থে শব্দনিশ্বাসেনৈব লোকাদ্যর্থনিশ্বাসঃ সামর্থ্যাদুক্তো ভবতীতি পৃথঙ্নোক্তঃ; ইহ তু সর্ব্বশাস্ত্রার্থোপসংহার ইতি কৃত্বা অর্থপ্রাপ্তোঽপ্যর্থঃ স্পষ্টীকর্ত্তব্য ইতি পৃথগুচ্যতে ॥ ৩২৬ ॥ ১১ ॥

টীকা। যথার্দ্রৈধাগ্নেরিত্যাদাবিষ্টং হুতমিত্যাদ্যধিকং দৃষ্টং, তস্যার্থমাহ—চতুর্থ ইতি। সামর্থ্যাদর্থপ্রকৃতস্য শব্দস্যানুপপত্তেরিত্যর্থঃ। নন্বত্রাপি সামর্থ্যাবিশেষাৎ পৃথগুক্তিরযুক্তেত্যাশঙ্ক্যাহ—ইহ ত্বিতি। ৩২৬। ১১।

ভাষ্যানুবাদ।—[দ্বিতীয় অধ্যায়ের] চতুর্থ ব্রাহ্মণে শব্দকে নিশ্বাসবৎ অযত্নপ্রসূত বলাতেই ফলে ফলে লোকাদি বিষয়গুলিরও নিশ্বাসবৎ আবির্ভাব বলাই হইয়াছে; এই কারণে সেখানে আর লোকাদির আবির্ভাবের কথা পৃথক্ করিয়া বলা হয় নাই; কিন্তু এখানে যখন সমস্ত শাস্ত্রের প্রতিপাদ্য সমস্ত বিষয়ের

উপসংহার করা হইতেছে, তখন এখানে প্রকারান্তর-লভ্য বিষয়ও স্পষ্ট করিয়া নির্দ্দেশ করা উচিত; এই কারণে এখানে লোকাদির কথাও পৃথক্‌ভাবে উল্লেখ করা হইল ॥ ৩২৬ ॥ ১১ ॥

স যথা সর্ব্বাসামপাং সমুদ্র একায়নমেবং সর্ব্বেষাং স্পর্শানাং ত্বগেকায়নমেবং সর্ব্বেষাং গন্ধানাং নাসিকে একায়নমেবং সর্ব্বেষাংরসানাং জিহ্বৈকায়নমেবং সর্ব্বেষাং রূপাণাং চক্ষুরেকায়নমেবং সর্ব্বেষাং শব্দানাং শ্রোত্রমেকায়নমেবং সর্ব্বেষাং সঙ্কল্পানাং মন একায়নমেবং সর্ব্বাসাং বিদ্যানাং হৃদয়মেকায়নমেবং সর্ব্বেষাং কর্ম্মণাং হস্তাবেকায়নমেবং সর্ব্বেষামানন্দানামুপস্থ একায়নমেবং সর্ব্বেষাং বিসর্গাণাং পায়ুরেকায়নমেবং সর্ব্বেষামধ্বনাং পাদাবেকায়নমেবং সর্ব্বেষাং বেদানাং বাগেকায়নম্ ॥৩২৭॥১২॥

সরলার্থঃ।—সঃ (দৃষ্টান্তঃ) যথা সমুদ্রঃ সর্ব্বাসাম্ অপাং (জলানাং) একায়নং (এক আশ্রয়ঃ), এবং (যথা) সর্ব্বেষাং স্পর্শানাং ত্বক্ (ত্বগিন্দ্রিয়ং) একায়নং, এবং সর্ব্বেষাং গন্ধানাং নাসিকে (নাসারন্ধ্রদ্বয়ং) একায়নং; এবং (যথা) সর্ব্বেষাং রসানাং জিহ্বা একায়নম্; এবং সর্ব্বেষাং রূপাণাং চক্ষুঃ একায়নম্; এবং (যথা) সর্ব্বেষাং শব্দানাং শ্রোত্রম্ একায়নম্; এবং (যথা) সর্ব্বেষাং সংকল্পানাং মনঃ একায়নম্; এবং সর্ব্বাসাং বিদ্যানাং হৃদয়ম্ একায়নম্; এবং সর্ব্বেষাং কর্ম্মণাং (ক্রিয়াণাং) হস্তৌ একায়নম্; এবং সর্ব্বেষাং আনন্দানাং উপস্থঃ একায়নম্, এবং সর্ব্বেষাং বিসর্গাণাং পায়ুঃ একায়নম্, এবং সর্ব্বেষাং অধ্বনাং পাদৌ একায়নম্; এবং সর্ব্বেষাং বেদানাং বাক্ একায়নম্; [তথা ব্রহ্মাপীতি শেষঃ] ॥ ৩২৭ ॥ ১২ ॥

মূলানুবাদ।—এ বিষয়ে দৃষ্টান্ত এই যে,—সমুদ্র যেরূপ সমস্ত জলের একমাত্র আশ্রয়, ত্বগিন্দ্রিয় যেরূপ সমস্ত স্পর্শের একমাত্র আশ্রয়, নাসিকা যেরূপ সমস্ত গন্ধের একমাত্র আশ্রয়, জিহ্বা যেরূপ সমস্ত রসের একমাত্র আশ্রয়, চক্ষু যেরূপ সমস্ত রূপের একমাত্র আশ্রয়, শ্রবণেন্দ্রিয় যেরূপ সমস্ত শব্দের একমাত্র আশ্রয়, মন যেরূপ সমস্ত

সংকল্পের একমাত্র আশ্রয়, হৃদয় যেরূপ সমস্ত বিদ্যার একমাত্র বিলয়, হস্তদ্বয় যেরূপ সমস্ত কর্ম্মের একমাত্র আশ্রয়, উপস্থ (গুপ্তেন্দ্রিয়) যেরূপ সমস্ত আনন্দের একমাত্র আলয়, পায়ু (মলদ্বার) যেরূপ সমস্ত ত্যাগের একমাত্র আশ্রয়, পাদদ্বয় যেরূপ সমস্ত পথের প্রধান আয়তন এবং বাগিন্দ্রিয় যেরূপ সমস্ত বেদের একমাত্র আয়তন, (ব্রহ্মও সেইরূপ সমস্ত জগতের একমাত্র আশ্রয়) ॥৩২৭॥১২॥

শাঙ্করভাষ্যম্ ।—॥ ০ ॥ ৩২৭ ॥ ১২ ॥

টীকা ॥ ০ ॥ ৩২৭ ॥ ১২ ॥

ভাষ্যানুবাদ ।—॥০ ॥ ৩২৭॥ ১২ ॥

স যথা সৈন্ধবঘনোঽনন্তরোঽবাহ্যঃ কৃৎস্নো রসঘন এবৈবং বা অরেঽয়মাত্মানন্তরোঽবাহ্যঃ কৃৎস্নঃ প্রজ্ঞানঘন এবৈতেভ্যো ভূতেভ্যঃ সমুত্থায় তান্যেবানুবিনশ্যতি, ন প্রেত্য সংজ্ঞাস্তীত্যরে ব্রবীমীতি হোবাচ যাজ্ঞবল্ক্যঃ ॥৩২৮॥১৩॥

সরলার্থঃ ।—সঃ (দৃষ্টান্তঃ) যথা, সৈন্ধবঘনঃ (সৈন্ধবপিণ্ডঃ) অনন্তরঃ অবাহ্যঃ (বাহ্যান্তররহিতঃ) কৃৎস্নঃ (সকলঃ) রসঘনঃ (লবণরসাত্মকঃ) এব, অরে মৈত্রেয়ি, এবং বৈ (এবম্ এব) অয়ং (প্রকৃতঃ) আত্মা অনন্তরঃ, অবাহ্যঃ কৃৎস্নঃ প্রজ্ঞানঘনঃ (জ্ঞানৈকমূর্ত্তিঃ) এব, এতেভ্যঃ ভূতেভ্যঃ (ভূতানি আশ্রিত্য) সমুত্থায় তানি (ভূতানি) এব অনুবিনশ্যতি (বিনশ্যন্তি ভূতানি অনুসৃত্য নশ্যতি), প্রেত্য (মৃত্বা—মৃত্যোঃ অনন্তরং) সংজ্ঞা (সম্যক্ জ্ঞানং—পরিচয়ঃ) ন অস্তি, ইতি অরে মৈত্রেয়ি, ব্রবীমি—ইতি যাজ্ঞবল্ক্যঃ উবাচ (মৈত্রেয়ীম্ উক্তবান্) ॥ ৩২৮ ॥ ১৩ ॥

মূলানুবাদ ।—এ বিষয়ে দৃষ্টান্ত এই—সৈন্ধব লবণের খণ্ড যেরূপ সমস্তই লবণরসময়, তাহার আর ভিতরে বাহিরে প্রভেদ নাই; অরে মৈত্রেয়ি, এই আত্মাও ঠিক তদ্রূপ প্রজ্ঞানঘনই (জ্ঞানমূর্ত্তিই), তাহার অন্তরে ও বাহিরে কোন প্রভেদ নাই। এই প্রজ্ঞানঘন আত্মা কথিত ভূতবর্গকে অবলম্বন করিয়া উত্থিত হয়—জীবভাবে আবির্ভূত হয়, আবার সেই ভূতবর্গের নাশের সঙ্গে সঙ্গেই বিলীন হয়; মৃত্যুর পর আর তাহার কোন সংজ্ঞা বা বিশেষ বোধ থাকে না; হে মৈত্রেয়ি,

আমি তোমাকে এই প্রকারই উপদেশ দিতেছি; যাজ্ঞবল্ক্য এইরূপ বলিয়াছিলেন ॥ ৩২৮ ॥ ১৩ ॥

শাঙ্করভাষ্যম্।—সর্ব্বকার্য্যপ্রলয়ে বিদ্যানিমিত্তে সৈন্ধবঘনবদনন্তরোঽবাহ্যঃ কৃৎস্নঃ প্রজ্ঞানঘন এক আত্মা অবতিষ্ঠতে পূর্ব্বং তু—ভূতমাত্রাসংসর্গবিশেষাৎ লব্ধবিশেষবিজ্ঞানঃ সন্, তস্মিন্ প্রবিলাপিতে বিদ্যয়া বিশেষবিজ্ঞানে, তন্নিমিত্তে চ ভূতসংসর্গে, ন প্রেত্য সংজ্ঞাঽস্তীত্যেবং যাজ্ঞবল্ক্যেনোক্তা ॥ ৩২৮ ॥ ১৩ ॥

টীকা। স যথা সৈন্ধবঘন ইত্যাদিবাক্যতাৎপর্য্যমাহ—সর্ব্বকার্য্যেতি। এতেভ্যো ভূতেভ্য ইত্যাদেরর্থমাহ—পূর্ব্বং স্থিতি। জ্ঞানোদয়াৎ প্রাগবস্থায়ামিত্যর্থঃ। লব্ধবিশেষবিজ্ঞানঃ সন ব্যবহরতীতি শেষঃ। প্রবিলাপিতে তস্মিন্নত্যধ্যাহারঃ। ৩২৮ । ১৩ ।

ভাষ্যানুবাদ।—ব্রহ্মবিদ্যাপ্রভাবে সমস্ত অবিদ্যা ও তৎকার্য্য বিলীন হইলে পর, আত্মা তখন বাহ্যাভ্যন্তরবর্জ্জিত পূর্ণ একমাত্র প্রজ্ঞানঘনরূপেই অবস্থান করে, কিন্তু তৎপূর্ব্বে সূক্ষ্মভূতাত্মক বস্তুর সহিত সম্বন্ধনিবন্ধন বিশেষ জ্ঞান থাকে; ব্রহ্মবিদ্যার উদয়ে সেই সূক্ষ্ম ভূতের সংসর্গ এবং তৎকৃত বিশেষ জ্ঞানও বিলীন হইয়া যায়; তাহার পরে প্রেত্যভাব হয়; প্রেত্যভাবের পর আর কোন সংজ্ঞা অর্থাৎ 'আমি অমুক' ইত্যাদি জ্ঞান থাকে না। যাজ্ঞবল্ক্য মৈত্রেয়ীকে এই কথা বলিলে পর—॥ ৩২৮ ॥ ১৩ ॥

সা হোবাচ মৈত্রেয্যত্রৈব মা ভগবান্মোহান্তমাপীপিপদ্ ন বা অহমিমং বিজানামীতি। স হোবাচ ন বা অরেঽহং মোহং ব্রবীম্যবিনাশী বা অরেঽয়মাত্মানুচ্ছিত্তিধর্ম্মা ॥৩২৯॥১৪॥

সরলার্থঃ।—সা মৈত্রেয়ী উবাচ হ—ভগবান্ (পূজনীয়ঃ ভবান্) অত্র (ন প্রেত্য সংজ্ঞাস্তীত্যত্র বিষয়ে) এব মা (মাম্) মোহান্তং (মোহ-মধ্যম্) আপীপিপৎ (আপীপদৎ—আপাদিতবান্); [যতঃ] অহং ইমং (বিষয়ং) ন বিজানামি (বিশেষেণ অবগচ্ছামি) ইতি।

সঃ (এবমুক্তঃ যাজ্ঞবল্ক্যঃ) উবাচ হ—অরে মৈত্রেয়ি, অহং ন বৈ (নৈব) মোহং ব্রবীমি; অরে, অবিনাশী বৈ অয়ম্ আত্মা অনুচ্ছিত্তিধর্ম্মা (অবিনাশস্বভাবঃ) ॥ ৩২৯ ॥ ১৪ ॥

মূলানুবাদ।—মৈত্রেয়ী বলিলেন—পূজনীয় আপনি আমাকে এখানেই অর্থাৎ আত্মা বিজ্ঞানঘন, অথচ মৃত্যুর পর তাহার কোন জ্ঞান থাকে না, এই কথায়ই বিষম ভ্রমে ফেলিয়াছেন; আমি

ইহা বুঝিতে পারিতেছি না। যাজ্ঞবল্ক্য বলিলেন—অরে মৈত্রেয়ি, আমি তোমাকে মোহজনক কথা বলিতেছি না; আত্মা স্বভাবতই অনুচ্ছিত্তিধর্ম্মক; সুতরাং অবিনাশী; আত্মার বিনাশ কখনও সম্ভব হয় না ॥৩২৯॥১৪॥

শাঙ্করভাষ্যম্।—সা হোবাচ—অত্রৈব মা ভগবান্ এতস্মিন্নেব বস্তুনি প্রজ্ঞানঘন এব ন প্রেত্য সংজ্ঞাঽস্তীতি, মোহান্তং মোহমধ্যং আপীপিপৎ আপী-পদং অবগমিতবানসি—সম্মোহিতবানসীত্যর্থঃ; অতো ন বৈ অহমিমমাত্মানমুক্ত-লক্ষণং বিজ্ঞানামি বিবেকত ইতি। স হোবাচ—নাহং মোহং ব্রবীমি, অবিনাশী বা অরে অয়মাত্মা—যতো বিনষ্টুং শীলমস্যেতি বিনাশী, ন বিনাশী অবিনাশী; বিনাশশব্দেন বিক্রিয়া, অবিনাশীত্যবিক্রিয় আত্মেত্যর্থঃ। অরে মৈত্রেয়ি, অয়মাত্মা প্রকৃতঃ অনুচ্ছিত্তিধর্ম্মা, উচ্ছিত্তিরুচ্ছেদঃ, উচ্ছেদঃ অন্তো বিনাশঃ, উচ্ছিত্তিঃ ধর্ম্মোঽস্যেত্যুচ্ছিত্তিধর্ম্মা, ন উচ্ছিত্তিধর্ম্মা অনুচ্ছিত্তিধর্ম্মা, নাপি বিক্রিয়ালক্ষণো নাপ্যুচ্ছেদলক্ষণো বিনাশোঽস্য বিদ্যত ইত্যর্থঃ ॥ ৩২৯ ॥ ১৪ ॥

টীকা।—পূর্ব্বোত্তরবিরোধং শঙ্কিত্বা পরিহরতি—সা হোবাচেত্যাদিনা। অবিনাশিত্বে হেতুমিত্যাহ—যত ইতি ॥ ৩২৯ ॥ ১৪ ॥

ভাষ্যানুবাদ।—মৈত্রেয়ী বলিলেন—পূজনীয় আপনি আমাকে এই বিষয়েই অর্থাৎ আত্মা কেবলই প্রজ্ঞানঘন, অথচ মৃত্যুর পর তাহার কোন বিশেষ বিজ্ঞান থাকে না, এই বিষয়েই মোহান্ত—মোহমধ্য অর্থাৎ গভীর ভ্রম বুঝাইয়াছেন —সম্যক্রূপে বিমোহিত করিয়াছেন; অতএব আমি উক্তপ্রকার আত্মতত্ত্ব সম্পূর্ণরূপে উপলব্ধি করিতে পারিতেছি না।

যাজ্ঞবল্ক্য বলিলেন—অরে মৈত্রেয়ি, আমি মোহ-প্রাপ্তিজনক কথা বলিতেছি না; যেহেতু এই আত্মা হইতেছে অবিনাশী—বিনাশ পাওয়া যাহার স্বভাব, সে হয় বিনাশী; বিনাশ না থাকায় আত্মা অবিনাশী; বিনাশ শব্দের অর্থ—বিকার —স্বরূপের অন্যথাভাব; তাহা না থাকায় আত্মা অবিনাশী অর্থাৎ অবিকারী। অরে মৈত্রেয়ি, যে আত্মার বিষয় বর্ণিত হইতেছে, সেই আত্মা হইতেছে অনুচ্ছিত্তি-ধর্ম্মা; উচ্ছিত্তি অর্থ—উচ্ছেদ অর্থাৎ বিনাশ; সেই উচ্ছিত্তি যাহার ধর্ম্ম বা স্বভাব, সে হয় উচ্ছিত্তিধর্ম্মা; সেরূপ নয় বলিয়াই আত্মা অনুচ্ছিত্তিধর্ম্মা। অভিপ্রায় এই যে, বিকার কিংবা উচ্ছেদাত্মক বিনাশ ইহার নাই ॥৩২৯॥১৪॥

যত্র হি দ্বৈতমিব ভবতি তদিতর ইতরং পশ্যতি, তদিতর

ইতরং জিঘ্রতি, তদিতর ইতরꣳ রসয়তে, তদিতর ইতরমভিবদতি, তদিতর ইতরꣳ শৃণোতি, তদিতর ইতরং মনুতে, তদিতর ইতরꣳ স্পৃশতি, তদিতর ইতরং বিজানাতি। যত্র ত্বস্য সর্ব্বমাত্মৈবাভূৎ, তৎ কেন কং পশ্যেৎ, তৎ কেন কং জিঘ্রেৎ, তৎ কেন কꣳ রসয়েৎ, তৎ কেন কমভিবদেৎ, তৎ কেন কꣳ শৃণুয়াৎ, তৎ কেন কং মন্বীত, তৎ কেন কꣳ স্পৃশেৎ, তৎ কেন কং বিজানীয়াদ্, যেনেদꣳ সর্ব্বং বিজানাতি তং কেন বিজানীয়াৎ। স এষ নেতি নেত্যাত্মাগৃহ্যো ন হি গৃহ্যতেঽশীর্য্যো ন হি শীর্য্যতেঽসঙ্গো ন হি সজ্যতেঽসিতো ন ব্যথতে ন রিষ্যতি, বিজ্ঞাতারমরে কেন বিজানীয়াদিত্যুক্তানুশাসনাসি মৈত্রেয্যেতাবদরে খল্বমৃতত্বমিতি হোক্ত্বা যাজ্ঞবল্ক্যো বিজহার ॥৩৩০॥১৫॥

ইতি বৃহদারণ্যকোপনিষদি চতুর্থাধ্যায়স্য পঞ্চমং ব্রাহ্মণম্ ॥৪॥৫॥

সরলার্থঃ।—যত্র হি দ্বৈতম্ ইব (ইবশব্দাৎ দ্বৈতস্যাসত্যম্) ভবতি, তৎ (তদা) ইতরঃ (কর্ত্তা) ইতরং (বিষয়ং) পশ্যতি; তৎ ইতরঃ ইতরং জিঘ্রতি, তৎ ইতরঃ ইতরং রসয়তে; তৎ ইতরঃ ইতরং অভিবদতি (স্তৌতি); তৎ ইতরঃ ইতরং শৃণোতি; তৎ ইতরঃ ইতরং মনুতে; তৎ ইতরঃ ইতরং শৃণোতি; তৎ ইতরঃ ইতরং বিজানাতি।

তু (পুনঃ) যত্র (অবস্থায়াং) অস্য (পুরুষস্য) সর্ব্বং (জগৎ) আত্মা এব ভবতি, তৎ (তদা) কেন (করণেন) কং পশ্যেৎ, তৎ কেন কং জিঘ্রেৎ, তৎ কেন কং রসয়েৎ; তৎ কেন কং অভিবদেৎ, তৎ কেন কং শৃণুয়াৎ; তৎ কেন কং মন্বীত; তৎ কেন কং স্পৃশেৎ; তৎ কেন কং বিজানীয়াৎ; যেন ইদং সর্ব্বং বিজানাতি, তং (বিজ্ঞানাত্মানম্) কেন বিজানীয়াৎ? স এষ আত্মা—ইতি ন ইতি ন, অগৃহ্যঃ (গ্রহণাযোগ্যঃ) [অতঃ] ন গৃহ্যতে; অশীর্য্যঃ (শীর্ণতা-প্রাপ্ত্যনর্হঃ), [অতঃ] নহি শীর্য্যতে (শীর্ণো ভবতি); অসঙ্গঃ, [অতঃ] ন হি সজ্যতে (আসক্তঃ ভবতি); অসিতঃ, [অতঃ] ন ব্যথতে; ন রিষ্যতি; অরে মৈত্রেয়ি, বিজ্ঞাতারং কেন বিজানীয়াৎ? ইতি (ইত্থং) উক্তানু-শাসনা অসি; অরে মৈত্রেয়ি, এতাবৎ (এতৎপর্য্যন্তমেব) খলু (নিশ্চয়ে)।

অমৃতত্বম্ (অমৃতত্বসাধনম্) ইতি উক্ত্বা যাজ্ঞবল্ক্যঃ বিজহার (প্রব্রজ্যাং কৃতবান্)॥ ৩৩০॥ ১৫॥

মূলানুবাদ ঃ—অরে মৈত্রেয়ি, যে অবস্থায় আত্মা দ্বৈতের মত হয়, সেই অবস্থায়ই অপরে অপরকে দর্শন করে, তখনই অপরে অপর বিষয় আঘ্রাণ করে, অপরে অপরকে আস্বাদন করে, অপরে অপরকে অভিবাদন করে; অপরে অপরকে শ্রবণ করে, অপরে অপরকে মনন করে, অপরে অপরকে স্পর্শ করে; অপরে অপরকে বিশেষভাবে জানে; কিন্তু যখন সমস্তই ইহার আত্মস্বরূপ হইয়া যায়, তখন [কে] কিসের দ্বারা কাহাকে আঘ্রাণ করিবে? কাহার দ্বারা কাহাকে আস্বাদন করিবে? কাহার দ্বারা কাহাকে অভিবাদন করিবে? কাহার দ্বারা কাহাকে শ্রবণ করিবে? কাহার দ্বারা কাহাকে মনন (চিন্তা) করিবে? কিসের দ্বারা কাহাকে স্পর্শ করিবে? কিসের দ্বারা কাহাকে বিশেষভাবে জানিবে? সকলে যাহার দ্বারা এই সমস্ত বিষয় জানিতেছে, তাহাকে অপর কিসের দ্বারা জানিবে?

সেই এই আত্মা 'নেতি নেতি' প্রতীতিগম্য; কোন ইন্দ্রিয়ের গ্রাহ্য নহে; এই জন্য ইন্দ্রিয় দ্বারা গৃহীত হয় না; শীর্ণ হইবার অযোগ্য; এই জন্য শীর্ণ হয় না; অসঙ্গ, এই জন্য কোথাও আসক্ত হয় না; অক্ষীণ, এই কারণে ব্যথিত হয় না, কিংবা বিকৃত হয় না; অরে মৈত্রেয়ি, বিজ্ঞাতাকে—সর্ববিজ্ঞানের কর্তাকে আবার কিসের দ্বারা জানিবে? তুমি এইরূপই উপদেশ প্রাপ্ত হইলে। অরে মৈত্রেয়ি, এই পর্য্যন্তই অমৃতত্ব বা মুক্তির সাধন। যাজ্ঞবল্ক্য এই কথা বলিয়া বাহির হইলেন—প্রব্রজ্যাগ্রহণ করিলেন ॥৩৩০॥১৫॥

ইতি চতুর্থাধ্যায়ে পঞ্চম ব্রাহ্মণের ব্যাখ্যা ॥৪॥৫॥

শাঙ্করভাষ্যম্।—চতুর্ষপি প্রপাঠকেষু এক আত্মা তুল্যো নির্দ্ধারিতঃ পরং ব্রহ্ম। উপায়বিশেষস্তু তত্ত্বাধিগমে অন্বয়শ্চান্যশ্চ, উপেয়স্তু স এব আত্মা, যশ্চতুর্থে অথাত আদেশো নেতীতি নির্দ্দিষ্টঃ। স এব পঞ্চমে প্রাণপণোপন্যাসেন শাকল্য-যাজ্ঞবল্ক্যসংবাদে নির্দ্ধারিতঃ; পুনঃ পঞ্চমসমাপ্তৌ, পুনর্জনকযাজ্ঞবল্ক্য-সংবাদে, পুনরিহ উপনিষৎসমাপ্তৌ, চতুর্ণামপি প্রপাঠকানামেতদাত্মনিষ্ঠতা,

নান্তোঽন্তরালে কশ্চিদপি বিবক্ষিতোঽর্থ ইত্যেতৎপ্রদর্শনায় অন্ত উপসংহারঃ—স এষ নেতি নেতীত্যাদিঃ । ১

টীকা ।—প্রত্যধ্যায়মখণ্ডাত্মপ্রতিপাদনাদাত্মনঃ সবিশেষত্বমাশঙ্ক্য স এষ ইত্যাদেস্তাৎপর্য্যমাহ—চতুর্থ ইতি । কেন প্রকারেণ তস্য তুল্যত্বমিত্যাশঙ্ক্যাহ—পরং ব্রহ্মেতি । অধ্যায়ভেদস্তর্হি কথমিত্যাশঙ্ক্যাহ—উপায়েতি । উপায়ভেদবদুপেয়ভেদোঽপি স্যাদিত্যাশঙ্ক্যাহ—উপেয়স্ত্বিতি । চাতুর্থিকাদর্থাৎ পাঞ্চমিকস্যার্থস্য ভেদং ব্যাবর্ত্তয়তি—স এবেতি । প্রাণপণেস্থানেন মূর্দ্ধা তে বিপতিষ্যতীতি মূর্দ্ধপাতোপন্যাসাৎ প্রাণাঃ পণত্বেন গৃহীতা ইতি গম্যতে ; তেন শাকল্যব্রাহ্মণেন নির্ব্বিশেষঃ প্রত্যগাত্মা নির্দ্ধারিত ইত্যর্থঃ । বিজ্ঞানমানন্দং ব্রহ্মেত্যাদিবুক্তং স্মারয়তি—পুনরিতি । পঞ্চমসমাপ্তৌ পুনর্বিজ্ঞানমিত্যাদিনা স এব নির্দ্ধারিত ইতি যোজনা । কূর্চ্চব্রাহ্মণাদাবপি স এবোক্ত ইত্যাহ—পুনরিহেতি । কিমিতি পূর্ব্বত্র তত্র তত্রোক্তস্য নির্ব্বিশেষস্যাত্মনোঽবসানে বচনমিত্যাশঙ্ক্যাহ—চতুর্থামপীতি । ১

যস্মাৎ প্রকারশতেনাপি নিরূপ্যমাণে তত্ত্বে নেতিনেত্যাত্মৈব নিষ্ঠা, নান্যা উপলভ্যতে—তর্কেণ বা, আগমেন বা, তস্মাদেতদেবামৃতত্বসাধনং যদেতন্নেতি নেত্যাত্মপরিজ্ঞানং সর্ব্বসন্ন্যাসশ্চেত্যেতমর্থমুপসঞ্জিহীর্ষন্নাহ—এতাবৎ এতাবন্মাত্রম্, যদেতন্নেতি নেত্যদ্বৈতাভয়াত্মদর্শনম্ । ইদঞ্চ অন্যসহকারিকারণনিরপেক্ষমেব, অরে মৈত্রেয়ি, অমৃতত্বসাধনম্ ; যৎ পৃষ্টবত্যসি—যদেব ভগবান্ বেদ, তদেব মে ব্রূহি অমৃতত্বসাধনমিতি ; তদেতাবদেবেতি বিজ্ঞেয়ং ত্বয়া ; ইতি হ এবং কিল অমৃতত্বসাধনম্ আত্মজ্ঞানং প্রিয়ায়ৈ ভার্য্যায়ৈ উক্ত্বা যাজ্ঞবল্ক্যঃ কিং কৃতবান্ ? যৎ পূর্ব্বং প্রতিজ্ঞাতং প্রব্রজিষ্যন্নস্মীতি, তচ্চকার—বিজহার প্রব্রজিতবানিত্যর্থঃ । পরিসমাপ্তা ব্রহ্মবিদ্যা সন্ন্যাসপর্য্যবসানা, এতাবাননুপদেশঃ, এতদেবানুশাসনম্, এষা পরমা নিষ্ঠা, এষ পুরুষার্থকর্ত্তব্যতান্ত ইতি । ২

পৌর্ব্বাপর্য্যালোচনায়ামুপনিষদর্থো নির্ব্বিশেষমাত্মতত্ত্বমিত্যুপপাদ্য বাক্যান্তরমবতার্য্য ব্যাকরোতি—যস্মাদিত্যাদিনা । ইতি হোক্ত্বেত্যাদিবাক্যমাকাঙ্ক্ষাপূর্ব্বকমাদায় ব্যাচষ্টে—যৎ পৃষ্টবত্যসীত্যাদিনা । ব্রাহ্মণার্থমুপসংহরতি—পরিসমাপ্তেতি । তথাপ্যুপদেশান্তরং কর্ত্তব্যমস্তীত্যাশঙ্ক্যাহ—এতাবানিতি । কিমত্র প্রমাণমিতি, তদাহ—এতদিতি । তথাপি পরমা নিষ্ঠা সন্ন্যাসিনো বক্তব্যেতি চেত্তত্রাহ—এষেতি । আত্মজ্ঞানে সসন্ন্যাসে সত্যপি পুরুষার্থান্তরং কর্ত্তব্যমস্তীত্যাশঙ্ক্যাহ—এষ ইতি । ইতিশব্দো ব্রাহ্মণসমাপ্ত্যর্থঃ । ২

ইদানীং বিচার্য্যতে শাস্ত্রার্থবিবেকপ্রতিপত্তয়ে ; যত আকুলানি হি বাক্যানি দৃশ্যন্তে—"যাবজ্জীবমগ্নিহোত্রং জুহুয়াৎ", "যাবজ্জীবং দর্শপূর্ণমাসাভ্যাং যজেত", "কুর্ব্বন্নেবেহ কর্ম্মাণি জিজীবিষেচ্ছতং সমাঃ" "এতদ্বৈ জরামর্য্যং সত্রম্, যদগ্নিহোত্রম্" ইত্যাদীন্যৈকাশ্রম্যপ্রতিষ্ঠাপকানি ; অন্যানি চ আশ্রমান্তরপ্রতিপাদকানি—

বাক্যানি,—"বিদিত্বা ব্যুত্থায় প্রব্রজন্তি", "আত্মানমেব লোকমিচ্ছন্তঃ প্রব্রজন্তি", "ব্রহ্মচর্য্যং সমাপ্য গৃহী ভবেৎ, গৃহাদ্বনী ভূত্বা প্রব্রজেৎ, যদি বেতরথা ব্রহ্মচর্য্যাদেব প্রব্রজেৎ গৃহাদ্বা বনাদ্বা" ইতি, "দ্বাবেব পন্থানাবনুনিক্রান্ততরৌ ভবতঃ, ক্রিয়াপথশ্চৈব পুরস্তাৎ সন্ন্যাসশ্চ, তয়োঃ সন্ন্যাস এবাতিরেচয়তি" ইতি, "ন কর্ম্মণা ন প্রজয়া ধনেন ত্যাগেনৈকেঽমৃতত্বমানশুঃ" ইত্যাদীনি। তথা স্মৃতয়শ্চ,—ব্রহ্মচর্য্যবান্ প্রব্রজতি।" তথা—"অবিশীর্ণব্রহ্মচর্য্যো যমিচ্ছেত্তমাবসেৎ" "তস্যাশ্রমবিকল্পমেকে ব্রুবতে"। তথা—

"বেদানধীত্য ব্রহ্মচর্য্যেণ পুত্রপৌত্রানিচ্ছেৎ পাবনার্থং পিতৄণাম্।
অগ্নীনাধায় বিধিবচ্চেষ্টযজ্ঞো বনং প্রবিশ্যাথ মুনির্বুভূষেৎ।"
"প্রাজাপত্যাং নিরূপ্যেষ্টিং সর্ব্ববেদস-দক্ষিণাম্।
আত্মন্যগ্নীন্ সমারোপ্য ব্রাহ্মণঃ প্রব্রজেদ্ গৃহাৎ।" ইত্যাদ্যাঃ। ৩

সসন্ন্যাসমাত্মজ্ঞানমমৃতত্বসাধনমিত্যুপপাদ্য সন্ন্যাসমধিকৃত্য বিচারমবতারয়তি—ইদানীমিতি। তত্র তত্র প্রাগেব বিচারিতত্বাৎ কিং পুনর্বিচারেণেত্যাশঙ্ক্যাহ—শাস্ত্রার্থেতি। বিরক্তস্য সন্ন্যাসো জ্ঞানস্যান্তরঙ্গসাধনং, জ্ঞানং তু কেবলমমৃতত্বস্যেতি শাস্ত্রার্থে বিবেকরূপা প্রতিপত্তিরপি প্রাগেব সিদ্ধেতি কিং তদর্থেন বিচারারম্ভেণেত্যাশঙ্ক্যাহ—যত ইতি। অতো বিচারঃ কর্ত্তব্যো নান্যথা, শাস্ত্রার্থবিবেকঃ স্যাদিত্যুপসংহারার্থো হি-শব্দঃ। বাক্যানামাকুলত্বমেব দর্শয়তি—যাবদিতি। যদগ্নিহোত্রমিত্যাদীনীত্যাদিশব্দাদেকাশ্রম্যং ত্বাচার্য্যাঃ প্রত্যক্ষবিধানাৎ গার্হস্থ্যস্যেত্যাদি স্মৃতিবাক্যং গৃহ্যতে। কথমেতাবতা বাক্যানি ব্যাকুলানীত্যাশঙ্ক্যাহ—অন্যানি চেতি। বিদিত্বা ব্যুত্থায় ভিক্ষাচর্য্যং চরন্তীতি বাক্যং পাঠক্রমেণ বিদ্বৎসন্ন্যাসপরম্, অর্থক্রমেণ তু বিবিদিষা-সন্ন্যাসপরম্, আত্মানমেব লোকমিচ্ছন্তঃ প্রব্রজন্তীতি তু বিবিদিষা-সন্ন্যাসপরমেবেতি বিভাগঃ। ক্রমসন্ন্যাসপরাং শ্রুতিমুদাহরতি—ব্রহ্মচর্য্যমিতি। অক্রমসন্ন্যাসবিষয়ং বাক্যং পঠতি—যদি বেতি। কর্ম্মসন্ন্যাসয়োঃ সন্ন্যাসস্যাধিক্যপ্রদর্শনপরাং শ্রুতিং দর্শয়তি—দ্বাবেবেতি। অনুনিষ্ক্রান্ততরৌ শাস্ত্রে ক্রমেণাভ্যুদয়নিঃশ্রেয়সোপায়ত্বেন পুনঃ পুনরুক্তাবিত্যর্থঃ। জ্ঞানদ্বারা সন্ন্যাসস্য মোক্ষোপায়ত্বে শ্রুত্যন্তরমাহ—ন কর্ম্মণেতি। 'তানি বা এতান্যবরাণি তপাংসি, ন্যাস এবাত্যরেচয়ৎ' ইত্যাদি বাক্যমাদিশব্দার্থঃ। যথা শ্রুতয়স্তথা স্মৃতয়োঽপ্যাকুলা দৃশ্যন্ত ইত্যাহ—তথেতি। তত্র ক্রমসন্ন্যাসে স্মৃতিবাদমুদাহরতি—ব্রহ্মচর্য্যবানিতি। যথেষ্টাশ্রমপ্রতিপত্তৌ প্রমাণভূতাং স্মৃতিং দর্শয়তি—অবিশীর্ণেতি। আশ্রমবিকল্পবিষয়াং স্মৃতিং পঠতি—তস্যেতি। ব্রহ্মচারী যস্যার্থঃ। ক্রমসন্ন্যাসে প্রমাণমাহ—তথেতি। তত্রৈব বাক্যান্তরং পঠতি—প্রাজাপত্যামিতি। সর্ব্ববেদসং সর্ব্বস্বং দক্ষিণা যস্যাং তাং নির্ব্বর্ত্যেত্যর্থঃ। আদিপদেন মুক্তা নিবৃত্তবন্ধেত্যাদিবাক্যং গৃহ্যতে। ইত্যাদ্যাঃ স্মৃতয়শ্চেতি পূর্ব্বেণ সম্বন্ধঃ। ৩

এবং ব্যুত্থানবিকল্প-ক্রম-যথেষ্টাশ্রমপ্রতিপত্তি-প্রতিপাদকানি হি শ্রুতিস্মৃতি-

বাক্যানি শতশ উপলভ্যন্তে ইতরেতরবিরুদ্ধানি ; আচারশ্চ তদ্বিদাম্ ; বিপ্রতিপত্তিশ্চ শাস্ত্রার্থপ্রতিপত্তৄণাং বহুবিদামপি ; অতো ন শক্যতে শাস্ত্রার্থো মন্দবুদ্ধিভির্বিবেকেন প্রতিপত্তুম্। পরিনিষ্ঠিতশাস্ত্রন্যায়বুদ্ধিভিরেব হ্যেষাং বাক্যানাং বিষয়বিভাগঃ শক্যতেঽবধারয়িতুম্। তস্মাদেষাং বিষয়বিভাগজ্ঞাপনায় যথাবুদ্ধিসামর্থ্যং বিচারয়িষ্যামঃ। ৪

ব্যাকুলানি বাক্যানি দর্শিতান্যুপসংহরতি—এবমিতি। ইতশ্চ কর্তব্যো বিচার ইত্যাহ—আচারশ্চেতি। শ্রুতিস্মৃতিবিদামাচারঃ স বিরুদ্ধো লক্ষ্যতে। কেচিদ্ ব্রহ্মচর্যাদেব প্রব্রজন্তি। অপরে তু তৎ পরিসমাপ্য গার্হস্থ্যমেবাচরন্তি। অন্যে তু চতুরোঽপ্যাশ্রমান্ ক্রমেণাশ্রয়ন্তে, তথা চ বিনা বিচারং নির্ণয়াসিদ্ধিরিত্যর্থঃ। ইতশ্চাস্তি বিচারস্য কার্যতেত্যাহ—বিপ্রতিপত্তিশ্চেতি। যদ্যপি বহুবিদঃ শাস্ত্রার্থপ্রতিপত্তারো জৈমিনিপ্রভৃতয়স্তথাপি তেষাং বিপ্রতিপত্তিরুপলভ্যতে, কেচিদূর্দ্ধরেতস আশ্রমাঃ সন্তীত্যাহুঃ, ন সন্তীত্যপরে, তৎ কুতো বিচারাদৃতে নিশ্চয়সিদ্ধিরিত্যর্থঃ। অথ কেষাঞ্চিদন্তরেণাপি বিচারং শাস্ত্রার্থো বিবেকেন প্রতিভাস্যতি, তত্রাহ—অত ইতি। শ্রুতিস্মৃত্যাচারবিপ্রতিপত্তেরিতি যাবৎ। কৈস্তর্হি শাস্ত্রার্থো বিবেকেন জ্ঞাতুং শক্যতে, তত্রাহ—পরিনিষ্ঠিতেতি। নানাশ্রুতিদর্শনাদিবশাদুপপাদিতং বিচারাবশ্যকত্বমুপসংহরতি—তস্মাদিতি। ৪

যাবজ্জীবশ্রুত্যাদিবাক্যানামন্যার্থাসম্ভবাৎ ক্রিয়াবসান এব বেদার্থঃ, "জরামর্যং বা এতৎ সত্রং যদগ্নিহোত্রং দর্শপূর্ণমাসৌ চ জরয়া হ বা এষ তস্মাৎ সত্রান্মুচ্যতে মৃত্যুনা বা"। যজ্ঞপাত্রৈর্দহন্তি" ইত্যন্ত্য-কর্মশ্রবণাজ্জরামর্যশ্রবণাচ্চ ; লিঙ্গাচ্চ 'ভস্মান্তং শরীরম্' ইতি। ন হি পারিব্রাজ্যপক্ষে ভস্মান্ততা শরীরস্য স্যাৎ। স্মৃতিশ্চ,—

"নিষেকাদিশ্মশানান্তো মন্ত্রৈর্যস্যোদিতো বিধিঃ।

তস্য শাস্ত্রেঽধিকারোঽস্মিন্ জ্ঞেয়ো নান্যস্য কস্যচিৎ॥" ইতি।

সমন্ত্রকং হি যৎ কর্ম বেদেনেহ বিধীয়তে, তস্য শ্মশানান্ততাং দর্শয়তি। স্মৃত্যধিকারাভাবপ্রদর্শনাচ্চান্যস্যমেব শ্রুত্যধিকারাভাবোঽকর্মিণো গম্যতে। অগ্ন্যুদ্বাসনাপবাদাচ্চ, "বীরহা বা এষ দেবানাম্, যোঽগ্নিমুদ্বাসয়তে" ইতি। ৫

বিচারকর্তব্যতামুক্ত্বা পূর্বপক্ষং গৃহ্ণাতি—যাবদিত্যাদিনা। শ্রুত্যাদীত্যাদিশব্দেন কুর্বন্নেবেহ কর্মাণীত্যাদিমন্ত্রবাদো গৃহ্যতে। ঐকাশ্রম্যে হেত্বন্তরমাহ—তমিতি। এতৎ বৈ জরামর্যং সত্রং যদগ্নিহোত্রমিতি শ্রুতেশ্চ পারিব্রাজ্যাসিদ্ধিরিত্যাহ—জরেতি। তত্রৈব হেত্বন্তরমাহ—লিঙ্গাচ্চেতি। পারিব্রাজ্যপক্ষেঽপি তদুপপত্তিমাশঙ্ক্যাহ—ন হীতি। ইতশ্চ নাস্তি পারিব্রাজ্যমিত্যাহ—স্মৃতিশ্চেতি। তস্যাস্তাৎপর্যমাহ—সমন্ত্রকং হীতি। নান্যস্য কস্যচিদিত্যত্র সূচিতমর্থং কথয়তি—অধিকারেতি। গৃহস্থস্য পরিব্রাজ্যাভাবে হেত্বন্তরমাহ—অগ্নীতি। ৫

ননু ব্যুত্থানাদিবিধানাদৈকল্পিকং ক্রিয়াবসানত্বং বেদার্থস্য ? ন, অন্যার্থত্বাদ্ব্যুত্থানাদিশ্রুতীনাম্। "যাবজ্জীবমগ্নিহোত্রং জুহোতি", "যাবজ্জীবং দর্শপূর্ণ-

মাসাভ্যাং যজেত" ইত্যেবমাদীনাং শ্রুতীনাং জীবনমাত্রনিমিত্তত্বাদ্ যদা ন শক্যতেঽন্যার্থতা কল্পয়িতুম্, তদা ব্যুত্থানাদিবাক্যানাঞ্চ কর্ম্মানধিকৃতবিষয়ত্ব-সম্ভবাৎ, "কুর্ব্বন্নেবেহ কর্ম্মাণি জিজীবিষেচ্ছতং সমাঃ" ইতি চ মন্ত্রবর্ণাৎ, "জরয়া বা হ্যেবাস্মান্মুচ্যতে মৃত্যুনা বা" ইতি চ, জরামৃত্যুভ্যামন্যত্র কর্ম্মবিয়োগচ্ছিদ্রা-সম্ভবাৎ কর্ম্মিণাং শ্মশানান্তত্বং ন বৈকল্পিকম্। কাণকুণ্ঠাদয়োঽপি কর্ম্মণ্যনধি-কৃতা অনুগ্রাহ্যা এব শ্রুত্যেতি ব্যুত্থানাশ্রমান্তরবিধানং নানুপপন্নম্। ৬

পূর্ব্বপক্ষমাক্ষিপতি—নহীতি। উভয়বিধিদর্শনে ষোড়শীগ্রহণাগ্রহণবদধিকারিভেদেন বিকল্পো যুক্তঃ, ন তু ক্রিয়াবসান এব বেদার্থ ইতি পক্ষপাতে নিবন্ধনমস্তীত্যর্থঃ। তুল্যবিধি-ত্বাদপনে হি বিকল্পো ভবতি, অত্র তু সাবকাশানবকাশত্বেনাতুল্যত্বাৎ নৈবমিত্যাহ—নান্যার্থতে-তি। তদেব স্ফুটয়তি—যাবজ্জীবমিত্যাদিনা। কর্ম্মানধিকৃতবিষয়ত্বাৎ ন বৈকল্পিকমিতি সম্বন্ধঃ। ক্রিয়াবসানত্বং বেদার্থস্যেতি শেষঃ। তত্রৈব হেত্বন্তরমাহ—কুর্ব্বন্নিত্যাদিনা। ন বৈকল্পিকমিত্যত্র পূর্ব্ববদন্বয়ঃ। ব্যুত্থানাদিবাক্যানাং কথমনধিকৃতবিষয়ত্বমিত্যাশঙ্ক্যাহ—কাণেতি। ৬

পারিব্রাজ্যক্রমবিধানস্যানবকাশত্বমিতি চেৎ; ন, বিশ্বজিৎ-সর্ব্বমেধয়োর্যাব-জ্জীবনবিধ্যপবাদত্বাৎ; যাবজ্জীবাগ্নিহোত্রাদিবিধের্বিশ্বজিৎ-সর্ব্বমেধয়োরেবাপবাদঃ, তত্র চ ক্রমপ্রতিপত্তিসম্ভবঃ—ব্রহ্মচর্য্যং সমাপ্য গৃহী ভবেদ্, গৃহাদ্বনী ভূত্বা প্রব্রজেদিতি। বিরোধানুপপত্তেঃ, ন হ্যেবংবিষয়ত্বে পারিব্রাজ্যক্রমবিধানবাক্যস্য কশ্চিদ্বিরোধঃ। ক্রমপ্রতিপত্তেরন্যবিষয়পরিকল্পনায়ান্তু যাবজ্জীববিধান-শ্রুতিঃ স্ববিষয়াৎ সঙ্কোচিতা স্যাৎ; ক্রমপ্রতিপত্তেস্তু বিশ্বজিৎসর্ব্বমেধবিষয়ত্বান্ন কশ্চিদ্বাধঃ। ন, আত্মজ্ঞানস্যামৃতত্বহেতুত্বাভ্যুপগমাৎ। ৭

অনধিকৃতবিষয়ত্বং তেষামশক্যং বক্তুং, ব্রহ্মচর্য্যং সমাপ্যেত্যাদাবধিকৃতবিষয়ে ক্রমদর্শনাদিতি শঙ্কতে—পারিব্রাজ্যেতি। প্রত্যস্তরং দর্শয়ন্নুত্তরমাহ—ন বিশ্বজিদিতি। যাবজ্জীবমগ্নিহোত্রং জুহুয়াদিত্যুৎসর্গস্যাপবাদৌ বিশ্বজিৎ সর্ব্বমেধৌ, তদনুষ্ঠানে সর্ব্বস্বদানাদেব সাধনসম্পত্তিবিরহাৎ পারিব্রাজ্যস্যাবশ্যম্ভাবিত্বাদেতদ্বিষয়ং ক্রমবিধানমিত্যর্থঃ। তদেব স্ফুটয়তি—যাবজ্জীবেতি। কথং ক্রমবিধেরেব বিষয়ঃ কল্পকাভাবাদিত্যাশঙ্ক্যাহ—বিরোধানুপপত্তেরিতি। গৃহস্থস্যাপি বিরক্তস্য পারিব্রাজ্যমিতি কিমিতি ক্রমবিধো নেষ্যতে, তত্রাহ—অন্যবিষয়েতি। ক্রমবিধেরপি তৎপক্ষে সঙ্কোচঃ স্যাদিত্যাশঙ্ক্যাহ—ক্রমপ্রতিপত্তেস্ত্বিতি। যদি জ্ঞানে কর্ম্মত্যাগো নিষিধ্যতে, সত্যাং বা জিজ্ঞাসায়ামিতি বিকল্পান্তং দূষয়তি সিদ্ধান্তী—নাত্মজ্ঞানস্যেতি। ৭

যত্তাবৎ "আত্মেত্যেবোপাসীত" ইত্যারভ্য "স এব নেতিনেতি" ইত্যেতদন্তেন গ্রন্থেন যদুপসংহৃতমাত্মজ্ঞানম্, তদমৃতত্বসাধনমিত্যভ্যুপগতং ভবতা; তত্র এতাব-দেবামৃতত্বসাধনম্ অন্য-নিরপেক্ষমিত্যেতৎ ন মৃষ্যতে। তত্র ভবন্তং পৃচ্ছামি—কিমর্থমাত্মজ্ঞানং মর্ষয়তি ভবানিতি। শৃণু তত্র কারণম্, যথা স্বর্গকামস্য স্বর্গ-

প্রাপ্ত্যুপায়মজানতঃ অগ্নিহোত্রাদি স্বর্গপ্রাপ্তিসাধনং জ্ঞাপয়তি, তথা ইহাপ্যমৃতত্ব-প্রতিপিৎসোঃ অমৃতত্বপ্রাপ্ত্যুপায়মজানতঃ "যদেব ভগবান্ বেদ, তদেব মে ব্রূহি" ইত্যেবমাকাঙ্ক্ষিতমমৃতত্বসাধনম্ "এতাবদরে" ইত্যেবমাদৌ বেদেন জ্ঞাপ্যত ইতি। এবং তর্হি যথা জ্ঞাপিতমগ্নিহোত্রাদি স্বর্গসাধনমভ্যুপগম্যতে, তথা ইহাপি আত্ম-জ্ঞানং যথা জ্ঞাপ্যতে, তথাভূতমেব অমৃতত্বসাধনমাত্মজ্ঞানমভ্যুপগন্তুং যুক্তম্, তুল্য-প্রামাণ্যাদুভয়ত্র। ৮

বিদ্বৎসংন্যাসস্যাবশ্যম্ভাবিত্বাৎ ন কর্মাবসান এব বেদার্থ ইতি সংগৃহীতং বস্তু বিবৃণোতি—যৎ তাবদিতি। বিদ্যাহত্রাধিকারস্য নিষেধবাক্যান্তেন গ্রন্থেন যদাত্মজ্ঞানমুপসংহৃতং, তত্তাবন্মুক্তি-সাধনমিতি ভবতাপি যস্মাদভ্যুপগতং, পরাক্ চাত্মবিজ্ঞানমত্যন্তাবধারণাদিতি শ্রায়াৎ; তস্মাৎ জ্ঞানে সতি কর্মানুষ্ঠানং নিরবকাশমিত্যর্থঃ। অথাত্মজ্ঞানং কর্মসহিতমমৃতত্বসাধন-মিষ্যতে, ন কেবলং; তথা চ জ্ঞানোত্তরকালমপি ন কর্মত্যাগসিদ্ধিরিতি শঙ্কতে—তত্রেতি। আত্মজ্ঞানস্যামৃতত্বসাধনত্বে সত্যাপীতি যাবৎ। কর্মনিরপেক্ষং চেদাত্মজ্ঞানস্য ভবান্ ন সহতে, কিমিতি তর্হি জ্ঞানমেবোপগতমিতি সিদ্ধান্তী পৃচ্ছতি—তত্রেতি। তস্য কর্মানপেক্ষস্যানঙ্গী-কারে সতীত্যর্থঃ। তত্র পূর্ববাদী শাস্ত্রীয়ত্বাদাত্মজ্ঞানমমৃতত্বসাধনমভ্যুপগতমিতি শঙ্কতে—শৃণ্বিতি। জ্ঞাপয়তি বেদ ইতি শেষঃ। শাস্ত্রানুসারেণাত্মজ্ঞানাঙ্গীকারে কর্মনিরপেক্ষমেবাত্ম-জ্ঞানং মোক্ষসাধনং সেৎস্যতীতি পরিহরতি—এবং তর্হীতি। উভয়ত্র জ্ঞানে কর্মণি চেত্যর্থঃ। যথা জ্ঞানস্যামৃতত্বসাধনত্বে তস্য কর্মনিরপেক্ষত্বে চেত্যর্থঃ। তুল্যপ্রামাণ্যাৎ প্রামাণস্য তুল্যত্বাৎ বেদস্যেতি শেষঃ। ৮

যদ্যেবম্, কিং স্যাৎ? সর্বকর্মহেতূপমর্দকত্বাদাত্মজ্ঞানস্য, বিদ্যোদয়ে কর্ম নিবৃত্তিঃ স্যাৎ, দারাগ্নিসম্বন্ধানাং তাবদগ্নিহোত্রাদিকর্মণাং ভেদবুদ্ধিবিষয়-সম্প্রদান-কারকসাধ্যত্বম্; অন্যবুদ্ধিপরিচ্ছেদ্যাং হি অগ্ন্যাদিদেবতাং সম্প্রদান-কারক-কর্মসাধনত্বেনোপদিশ্যতে; স ইহ বিদ্যয়া নিবর্ত্ত্যতে—"অন্যোঽসাবন্যোঽহ-মস্মীতি, ন স বেদ।" "দেবাস্তং পরাদুর্যোঽন্যত্রাত্মনো দেবান্ বেদ।" "মৃত্যোঃ স মৃত্যুমাপ্নোতি, য ইহ নানেব পশ্যতি।" "একধৈবানুদ্রষ্টব্যম্" "সর্বমাত্মানং পশ্যতি" ইত্যাদিশ্রুতিভ্যঃ। ন চ দেশকালনিমিত্তাদ্যপেক্ষত্বম্, ব্যবস্থিতাত্মবস্তু বিষয়ত্বাদাত্মজ্ঞানস্য; ক্রিয়ায়াস্তু পুরুষতন্ত্রত্বাৎ স্যাৎ দেশকাল-নিমিত্তাপেক্ষত্বম্; জ্ঞানন্তু বস্তুতন্ত্রত্বাৎ ন দেশকালনিমিত্তাদি অপেক্ষতে; যথা অগ্নিরুষ্ণঃ, আকাশো হ্যমূর্ত্ত ইতি—তথা আত্মবিজ্ঞানমপি। ৯

যদ্যপাত্মজ্ঞানাভ্যুপগমেঽপি কথং তৎ কেবলং কৈবল্যকারণমিতি পৃচ্ছতি—যদ্যেবমিতি। শাস্ত্রানুসারেণ জ্ঞানমভ্যুপগন্তব্যং প্রত্যাহ—সর্বকর্মেতি। আত্মজ্ঞানস্য তদুপমর্দকত্বং দর্শয়িতুং কর্মহেতুং তাবদ্দর্শয়তি—দারাগ্নীতি। অগ্নিহোত্রাদীনাং সম্প্রদানকারকসাধ্যত্বং ব্যতিরেকদ্বারা সাধয়তি—অন্যেতি। তথাপি কথমাত্মজ্ঞানস্য কর্মহেতূপমর্দকত্বমিত্যাশঙ্ক্যাহ—

যথাহেতি। ইহেতি বিদ্যাদশোক্তিঃ। বিদ্যায়াঃ প্রতিবন্ধকত্বেন বলবত্ত্বং দর্শয়তি—অন্তো-ঽপ্যবিত্যাদিনা। নহু শুচৌ দেশে দিবসাদৌ কালে শাস্ত্রাচার্যাদিবশাদুৎপন্নং জ্ঞানং পুরুষ-সাধনম্ 'শুচৌ দেশে প্রতিষ্ঠাপ্য' ইত্যাদিশ্রুতেস্তথা চ কথং তস্য ভেদবুদ্ধ্যপমর্দকত্বম্, অত আহ—ন চেতি। সত্রৈকাগ্রতা তত্রাবিশেষাদিতি স্থায়াৎ জ্ঞানসাধনস্য সন্ধ্যাদেরপি ন দেশাদ্যপেক্ষা, দূরতস্ত কূটস্থস্তত্ত্বস্য জ্ঞানস্যেতি ভাবঃ। বিমতং দেশাদ্যপেক্ষং শাস্ত্রার্থত্বাৎ সন্ধ্যাদিবদিত্যাশঙ্ক্য পুরুষতন্ত্রমুপাধিরিত্যাহ—ক্রিয়ার্থাস্থিতি। সাধনবৈশিষ্ট্যং দ্যোতয়তি—জ্ঞানং ত্বিতি। বিমতং ন দেশাদ্যপেক্ষং প্রমাণত্বাৎ উক্তাগ্নিজ্ঞানবদিতি প্রত্যনুমানমাহ—যথেতি। ৯

নন্বেবং সতি প্রমাণভূতস্য কর্মবিধের্নিরোধঃ স্যাৎ; ন চ তুল্যপ্রমাণয়োরিত-রেতরনিরোধো যুক্তঃ। ন, স্বাভাবিকভেদবুদ্ধিমাত্রনিরোধকত্বাৎ; নহি বিধ্যন্তর-নিরোধকমাত্মজ্ঞানম্, স্বাভাবিকভেদবুদ্ধিমাত্রং নিরুণদ্ধি। তথাপি হেত্বপহারাৎ কর্মানুপপত্তেবিধিনিরোধ এব স্যাদিতি চেৎ; ন, কামপ্রতিষেধাৎ কাম্যপ্রবৃত্তি-নিরোধবদদোষাৎ, যথা "স্বর্গকামো যজেত" ইতি স্বর্গসাধনে যাগে প্রবৃত্তস্য কাম-প্রতিষেধবিধেঃ, কামে বিহতে কাম্য-যাগানুষ্ঠানপ্রবৃত্তির্নিরুধ্যতে, ন চৈতাবতা কাম্যবিধিনিরুদ্ধো ভবতি। ১০

আত্মজ্ঞানস্য সকলকর্মহেতুপমর্দকত্বে দোষমাশঙ্কতে—নন্বিতি। ইষ্টাপত্তিমাশঙ্ক্যাহ—ন চেতি। কর্মকাণ্ডেন জ্ঞানকাণ্ডস্যাপি নিরোধসম্ভবাদিত্যর্থঃ। নাত্মজ্ঞানং কর্ম-বিধিনিরোধার্থমেতি বিকল্পাঙ্গং দূষয়তি—নেত্যাদিনা। তদেব স্ফুটয়তি—ন হি বিধ্যন্তরেতি। দ্বিতীয়ং শঙ্কতে—তথাপীতি। যথা ন কামী স্যাদিতি নিষেধাৎ কস্যচিৎ কামপ্রবৃত্তির্ন ভবত্যেতাবতা ন সর্বান্ প্রতি কাম্যবিধির্নিরুধ্যতে, তথা কস্যচিদাত্মজ্ঞানাৎ কর্মবিধি-নিরোধেঽপি ন সর্বান্ প্রত্যসৌ নিরুদ্ধো ভবিষ্যতীতি পরিহরতি ন কামেতি। দৃষ্টান্তমেব স্পষ্টয়তি—যথেত্যাদিনা। প্রতিষেধশাস্ত্রার্থানভিজ্ঞং প্রতি তদুপপত্তেরিতি ভাবঃ। ১০

কামপ্রতিষেধবিধিনা কাম্যবিধেরনর্থকত্বজ্ঞাপনাৎ প্রবৃত্ত্যনুপপত্তের্নিরুদ্ধ এব স্যাদিতি চেৎ? ভবতু এব এবং কর্মবিধিনিরোধোঽপি, যথা কাম-প্রতিষেধে কাম্যবিধেঃ। এবং প্রামাণ্যানুপপত্তিরিতি চেৎ, অনহুষ্ঠেয়ত্বে অনুষ্ঠাতুরভাবাৎ অনুষ্ঠানবিধ্যানর্থক্যাদপ্রামাণ্যমেব কর্মবিধীনামিতি চেৎ; ন, প্রাগাত্মজ্ঞানাৎ প্রবৃত্ত্যুপপত্তেঃ। স্বাভাবিকস্য ক্রিয়া-কারক-ফলভেদ-বিজ্ঞানস্য প্রাগাত্মজ্ঞানাৎ কর্মহেতুত্বমুপপন্নত এব; যথা কামবিষয়ে দোষবিজ্ঞানোৎপত্তেঃ প্রাক্ কাম্যকর্ম-প্রবৃত্তিহেতুত্বং স্যাদেব স্বর্গাদীচ্ছায়াঃ স্বাভাবিক্যাঃ, তদ্বৎ। ১১

অভিপ্রায়মবিজানানঃ শঙ্কতে—কামপ্রতিষেধবিধিনেতি। অনর্থকত্বজ্ঞানাৎ কাম্যস্যেতি শেষঃ। প্রবৃত্ত্যনুপপত্তেঃ কাম্যেষু কর্মস্বিতি দ্রষ্টব্যম্। নিরুদ্ধঃ স্যাৎ কাম্যবিধিরিত্যধ্যাহর্তব্যম্। দৃষ্টান্তসিদ্ধিঃ সিদ্ধান্তী ক্রতে—ভবত্বিতি। পুনরভিপ্রায়মপ্রতিপদ্যমানশ্চোদয়তি—যথেতি। এবমিতি জ্ঞানেন কর্মবিধিনিরোধে সতীতি যাবৎ। তৎপ্রামাণ্যানুপপত্তিরিতি শেষঃ। তদেব

চোদ্যং বিশদয়তি—অনন্মুষ্ঠেয়ত্ব ইতি। তেষামনুষ্ঠেয়ানামগ্নিহোত্রাদীনাং কর্ম্মণাং যে বিষয়াঃ শ্রেয়ানিতি যাবৎ। সিদ্ধান্তী ব্যক্তিসন্ধিমুদ্ঘাটয়ন্নুত্তরমাহ—নেত্যাদিনা। উপপত্তিমেবোপদর্শয়তি—স্বাভাবিকত্বেতি। তদেব দৃষ্টান্তেন স্পষ্টয়তি—যথেতি। ১১

তথা সতি অনর্থার্থো বেদ ইতি চেৎ; ন, অর্থানর্থয়োরভিপ্রায়তন্ত্রত্বাৎ; মোক্ষমেকং বর্জ্জয়িত্বা অন্তস্থাবিদ্যাবিষয়ত্বাৎ। পুরুষাভিপ্রায়তন্ত্রৌ হি অর্থানর্থৌ, মরণাদিকাম্যেষ্টিদর্শনাৎ। তস্মাদ্ যাবদাত্মজ্ঞানবিশেষাভিমুখ্যম্, তাবদেব কর্ম্মবিষয়ঃ, তস্মান্নাত্মজ্ঞানসহভাবিত্বং কর্ম্মনাম্,—ইত্যতঃ সিদ্ধম্ আত্মজ্ঞানমাত্রমেবামৃতত্বসাধনম্ "এতাবদরে খল্বমৃতত্বম্" ইতি, কর্ম্মনিরপেক্ষত্বাৎ জ্ঞানস্য। অতো বিদুষস্তাবৎ পারিব্রাজ্যং সিদ্ধম্, সম্প্রদানাদি-কর্ম্মকারক-জাত্যাদিশূন্যাক্রিয়ব্রহ্মাত্ম-দৃঢ়প্রতিপত্তিমাত্রেণ বচনমন্তরেণাপ্যাকৃত্যারতঃ। ১২

অজ্ঞানাবস্থায়ামেব কর্ম্মবিধিপ্রবৃত্তিরিত্যত্রানিষ্টমাশঙ্কতে—তথা সতীতি। কর্ম্মবিধেরপি পুরুষাভিপ্রায়বশাৎ পুরুষার্থোপযোগিত্বসিদ্ধের্নানিষ্টাপত্তিরিত্যুত্তরমাহ—নার্থেতি। অর্থস্য পুরুষাভিপ্রায়তন্ত্রত্বে মোক্ষস্যাপি বাস্তবং পুরুষার্থত্বং ন স্যাদিত্যাশঙ্ক্যাহ—মোক্ষমিতি। অর্থানর্থয়োরভিপ্রায়তন্ত্রত্বং সাধয়তি—পুরুষেতি। মরণং মত্যগ্রহানমিত্যাদি কামাঃ ... জীবদবস্থায়ামেব মহাভারতাদাবিষ্টিবিধানাৎ দৃষ্টমতোঽর্থানর্থাবভিপ্রায়তন্ত্রকাবেবেত্যর্থঃ। কর্ম্মবিধীনামাত্মজ্ঞানাৎ প্রাচীনত্বং প্রতিপাদিতমুপসংহরতি—তস্মাদিতি। তথাপি প্রকৃতে কিমায়াতং, তদাহ—তস্মাদেতি। তত্র প্রমাণমাহ ইত্যত ইতি। অতঃশব্দার্থং স্ফুটয়তি—কর্ম্মেতি। জ্ঞানস্য কর্ম্মবিরোধিত্বে তন্নিরপেক্ষত্বে চ সিদ্ধে ফলিতমাহ—অত ইতি। আত্মজ্ঞানস্যামৃতত্বহেতুত্বাদুপসম্পাদিত্যাদেরশ্রুত্যাদাত্মসাক্ষাৎকারস্য কেবলস্য কৈবল্যকারণত্ব-সিদ্ধেঃ, সতি তস্মিন্ জীবন্মুক্তস্য কর্ম্মানুষ্ঠানানবকাশাৎ তদুপদেশেন প্রবৃত্ত্যভাবাচ্চ পরোক্ষজ্ঞানবতস্তন্মাত্রেণ প্রমাণাপেক্ষামন্তরেণ সিদ্ধং সর্ব্বকর্ম্মত্যাগলক্ষণং পারিব্রাজ্যমেব বিদ্বৎসন্ন্যাসো ন হ্যপরোক্ষজ্ঞানবতঃ প্রারব্ধফলপ্রাপ্তিমন্তরেণানুষ্ঠেয়ং কিঞ্চিদস্তীতি ভাবঃ। বিদ্যাবিষয়ত্বাৎ তৎসাক্ষাৎকারস্য কথং পারিব্রাজ্যং, তত্রাহ—বচনমিতি। উক্তস্যাপি শাস্ত্রাদিবাক্যস্যার্থতঃ। বিধিং বিনাপি ফলভূতং পারিব্রাজ্যমিত্যর্থঃ। ১২

তথা চ ব্যাখ্যাতমেতৎ—"যেষাং নোঽয়মাত্মাঽয়ং লোকঃ" ইতি হেতু-বচনেন, "পূর্ব্বে বিদ্বাংসঃ প্রজামকামরমানা ব্যুত্তিষ্ঠন্তি" ইতি—পারিব্রাজ্যম্ বিদুষামাত্ম-লোকাববোধাদেব, তথা বিবিদিষোরপি সিদ্ধং পারিব্রাজ্যম্, "এতমেবাত্মানং লোকমিচ্ছন্তঃ প্রব্রজন্তি" ইতি বচনাৎ। কর্ম্মণাঞ্চ অবিদ্বদ্বিষয়ত্বমবোচাম। অবিদ্যাবিষয়ে চোৎপত্ত্যাপ্তি-বিকার-সংস্কারার্থানি কর্ম্মাণীত্যত আত্ম-সংস্কারদ্বারেণাত্মজ্ঞানসাধনত্বমপি কর্ম্মণামবোচাম,—"যজ্ঞাদিভির্ব্বিবিদিষন্তি" ইতি। ১৩

সত্যাং জিজ্ঞাসায়াং কর্ম্মত্যাগো ন শক্যতে নিষেদ্ধুমিতি বদন্ বিবিদিষাসংন্যাসং সাধয়তি—তথা চেত্যাদিনা। এতৎ পারিব্রাজ্যমিতি সম্বন্ধঃ। বিদুষামাত্মসাক্ষাৎকারাদিতি

তৎ পরোক্ষনিশ্চয়বত্তামিতি যাবৎ। আত্মলোকস্তাববোধোঽপি ব্যুত্থানহেতুঃ পরোক্ষনিশ্চয় এব। সতীতরস্মিন্ ফলবস্তুত্থ ব্যুত্থানানুষ্ঠানাযোগাৎ তদন্বয়েন তৎপ্রাপ্ত্যভাবাচ্চ। উক্তং হি শমাদিবস্তুপরত্বেঽপি তত্ত্বসাক্ষাৎকারে নিয়তং সাধনত্বং, তদাহ—তথা চেতি। বিবিদিষু-নাম্নো ভবেৎ। বিচারপ্রযোজকাপাতিকজ্ঞানবান্ মুমুক্ষুর্মোক্ষসাধনং তত্ত্বসাক্ষাৎকারমপেক্ষমাণস্তস্মিন্ পরোক্ষনিশ্চয়েনাপি শূন্যো বিবক্ষিতঃ, তস্য কথং পারিব্রাজ্যমত আহ—এত-মেবাত্মানমিতি। ইতশ্চ বিবিদিষাসংন্যাসোঽস্তীত্যাহ—কর্ম্মণাং চেতি। তথা চাবিদ্যাবিরুদ্ধাং নিত্যানিত্যস্বরূপাণি কর্ম্মাণি শরীরধারণমাত্রকারণেভ্যোঽপি ত্যজেদিতি শেষঃ। বিবিদিষা-সংন্যাসে হেত্বন্তরমাহ—অবিদ্যাবিষয়ে চেতি। চতুর্বিধফলানি কর্ম্মাণ্যবিদ্যাবিষয়পরাণি সন্তু বা, ন কসাধ্যো ব্রহ্মণীত্যতো বস্তুজিজ্ঞাসয়োঃ তানীত্যর্থঃ। কথং তর্হি কর্ম্মণামুক্ত-ফলত্বমত আহ—আত্মেতি। বুদ্ধিশুদ্ধিদ্বারা জ্ঞানহেতুত্বাৎ কর্ম্মণামস্তি প্রণাড্যা পরমপুরুষার্থত্বম্ ইত্যর্থঃ। ১৩

অপি চ, সত্যবিপর্য্যয়ধর্ম্মাণামাশ্রমকর্ম্মণাং বলাবলবিচারণায়াম্ আত্মজ্ঞানোৎপাদনং প্রতি যম-প্রধানানাম্ অমানিত্বাদীনাং, মানসানাঞ্চ ধ্যান-জ্ঞান-বৈরাগ্যাদীনাং সন্নিপত্যোপকারকত্বম্; হিংসারাগদ্বেষাদিবাহুল্যাৎ বহুক্লিষ্ট-কর্ম্মবিমিশ্রিতা ইতরে, ইত্যতঃ পারিব্রাজ্যং মুমুক্ষূণাং প্রশংসন্তি—

"ত্যাগ এব হি সর্ব্বেষামুক্তানামপি কর্ম্মণাম্।

বৈরাগ্যং পুনরেতস্য মোক্ষস্য পরমো বিধিঃ॥"

"কিন্তে ধনেন কিমু বন্ধুভিস্তে, কিং তে দারৈর্ব্রাহ্মণ যো মরিষ্যসি।

আত্মানমন্বিচ্ছ গুহাং প্রবিষ্টম্, পিতামহাস্তে ক্ব গতাঃ পিতা চ॥"

এবং সাংখ্য-যোগশাস্ত্রেষু চ সন্ন্যাসঃ জ্ঞানং প্রতি প্রত্যাসন্ন উচ্যতে। কাম-প্রবৃত্ত্যভাবাচ্চ; কামপ্রবৃত্তের্হি জ্ঞানপ্রতিকূলতা সর্ব্বশাস্ত্রেষু প্রসিদ্ধা; তস্মা-দিহলোকস্যাপি মুমুক্ষোঃ বিনাপি জ্ঞানেন "ব্রহ্মচর্য্যাদেব প্রব্রজেৎ" ইত্যাদ্যুপ-পন্নম্। ১৪

'সংন্যাসঃ কর্ম্মযোগশ্চ নিঃশ্রেয়সকরাবুভৌ' ইতি স্মৃতের্বিবিদিষূণাং মুমুক্ষূণাং কথং পারিব্রাজ্য-মেব কর্ত্তব্যত্বমিত্যাশঙ্ক্যাহ—অপি চেতি। যথা বিদ্বৎসংন্যাসস্তথা বিবিদিষাসংন্যাসেঽপি যথোক্ত-নীত্যা সম্ভাবিতে সতীতি যাবৎ। আত্মজ্ঞানোৎপাদনং প্রত্যাশ্রমধর্ম্মাণাং বলাবলবিচারণা নামান্তরঙ্গবহিরঙ্গত্বচিন্তা, তস্যাং সত্যামিত্যর্থঃ। অহিংসাস্তেয়ব্রহ্মচর্য্যাদয়ো যমাঃ। বৈরা-গ্যাদীনামিত্যাদিশব্দেন শমাদয়ো গৃহ্যন্তে। ইতরে নিয়মপ্রধানা আশ্রমধর্ম্মা বহুনা ক্লিষ্টেন পাপেন কর্ম্মণা সঙ্কীর্ণাঃ হিংসাদিপ্রাচুর্য্যাৎ।

'যমান্ পততাকুর্ব্বাণো নিয়মান্ কেবলং ভজন্'

ইতি স্মৃতেঃ, তস্মাৎ পূর্ব্বোক্তানামন্তরঙ্গত্বমুত্তরেষাং বহিরঙ্গত্বমিত্যাশয়েনাহ—হিংসেতি। কর্ম্ম-যোগাপেক্ষয়া তৎত্যাগস্যাধিকারিবিশেষং প্রতি প্রশস্তত্বমুপসংহরতি—ইত্যত ইতি। তৎ-

প্রশংসাপ্রকারমেবাভিনয়তি—ত্যাগ এবেতি। উক্তানামাত্রৈষণানুষেষণেনেতি শেষঃ। তৎ-ত্যাগে হেতুমাহ—বৈরাগ্যমিতি। মোক্ষস্ত কর্ম্মপরিত্যাগস্তেত্যর্থঃ। উক্তমপূর্ব্বাদিনঃ সংন্যাসদ্বারা শ্রবণাদি কর্ত্তব্যমিত্যত্র বাক্যান্তরমুদাহরতি—কিং তে ধনেনেতি। অথ পিত্রাদিভিগতং পন্থানমন্বেষয়ামি নাস্মানমিত্যাশঙ্ক্যাহ—পিতামহা ইতি। বিবিদিষাসংন্যাসে সাংখ্যাদিসম্মতিমাহ—এবমিতি। যথাহুঃ সাংখ্যাঃ—

"জ্ঞানেন চাপবর্গো বিপর্য্যয়াদিষ্যতে বন্ধঃ" ইতি।

"বিবেকখ্যাতিপর্য্যন্তমজ্ঞানাচ্চিত্তচেষ্টিতম্" ইতি চ।

"অবিপর্য্যয়াদ্বিশুদ্ধং কেবলমুৎপদ্যতে জ্ঞানম্" ইতি চ।

যোগশাস্ত্রবিদশ্চাহুঃ "অভ্যাসবৈরাগ্যাভ্যাং তন্নিরোধঃ" ইতি। তত্র বৈরাগ্যেণ বিষয়স্রোতঃ পরিখিলীক্রিয়তে। বিবেকদর্শনাভ্যাসেন কল্যাণস্রোত উৎপাদ্যত ইতি চ। "দৃষ্টানুশ্রবিক-বিষয়বিতৃষ্ণস্য বশীকারসংজ্ঞা বৈরাগ্যম্" ইতি চ। ইতশ্চ সংন্যাসো জ্ঞানং প্রতি প্রত্যাসন্ন, ইত্যাহ—কামেতি। সংন্যাসিনঃ কামপ্রবৃত্ত্যভাবেঽপি কথং সংন্যাসস্য জ্ঞানং প্রতি প্রত্যাসন্নত্ব-মিত্যাশঙ্ক্যাহ—কামপ্রবৃত্তেরিতি। "ইতি নু কাময়মানঃ"।

"কাম এষ ক্রোধ এষ রজোগুণসমুদ্ভবঃ।

মহাশনো মহাপাপ্মা বিদ্ধ্যেনমিহ বৈরিণম্॥"

ইত্যাদীনি শাস্ত্রাণি। বিবিদিষাসংন্যাসমুপসংহরতি—তস্মাদিতি। যথোক্তস্যাধিকারিণো দর্শিতয়া দিশা জ্ঞানেন বিনাপি সংন্যাসস্য প্রাপ্তত্বাৎ ব্রহ্মচর্য্যাদেবেত্যাদি বিধিবাক্যমুপপন্নমিতি যোজনা। ১৮

নমু সাবকাশত্বাৎ অনধিকৃতবিষয়মেতদিত্যুক্তম্, যাবজ্জীবশ্রুত্যুপরোধাৎ; নৈষ দোষঃ, নিতরাং সাবকাশত্বাদ্ যাবজ্জীবশ্রুতীনাম্; অবিদ্বৎকামিকর্ত্তব্যতা হি অবোচাম সর্ব্বকর্ম্মণাম্; ন তু নিরপেক্ষমেব—জীবননিমিত্তমেব কর্ত্তব্যং কর্ম্ম প্রায়েণ হি পুরুষাঃ কামবহুলাঃ, কামশ্চানেকবিষয়ঃ অনেককর্ম্মসাধন-সাধ্যশ্চ; অনেকফলসাধনানি চ বৈদিকানি কর্ম্মাণি দারাগ্নিসম্বন্ধপুরুষকর্ত্তব্যানি, পুনঃ পুনশ্চানুষ্ঠীয়মানানি বহুফলানি কৃষ্যাদিবৎ বর্ষশতসমাপ্তীনি চ গার্হস্থ্যে বা অরণ্যে বা, অতস্তদপেক্ষয়া যাবজ্জীবশ্রুতয়ঃ, "কুর্ব্বন্নেবেহ কর্ম্মাণি" ইতি চ মন্ত্রবর্ণঃ। ১৫

অথ পারিব্রাজ্যবিধানমনধিকৃতবিষয়মুচিতং, তথা সতি সাবকাশত্বাৎ ন ত্বধিকৃতবিষয়ং, যাবজ্জীবশ্রুতিবিরোধাৎ, তস্যা নিরবকাশত্বাৎ; সাবকাশনিরবকাশয়োশ্চ নিরবকাশস্যৈব বল-বত্ত্বাদিত্যুক্তং শঙ্কতে—নন্বিতি। যাবজ্জীবশ্রুতেঃ নিরবকাশত্বং দূষয়তি—নৈষ দোষ ইতি। কথমতিশয়েন সাবকাশত্বং, তত্রাহ—অবিদ্বদিতি। জীবনমাত্রং নিমিত্তীকৃত্য চোদিতং কর্ম্ম কথং কামিনা কর্ত্তব্যং, তত্রাহ—ন ত্বিতি। প্রত্যবায়পরিহারার্থেষ্টত্বাদিত্যর্থঃ। অনুষ্ঠাতৃ-স্বরূপনিরূপণায়ামপি ন জীবনমাত্রং নিমিত্তীকৃত্য কর্ম্ম কর্ত্তব্যমিত্যাহ—প্রায়েণেতি। তথাপি নিত্যেষু কর্ম্মসু ন কামনিমিত্তা প্রবৃত্তিস্তত্র কাম্যানামফলাভাবাদিত্যাশঙ্ক্যাহ—কামশ্চেতি।

ভাষ্যানুবাদ।—প্রথম হইতে চতুর্থ অধ্যায় পর্য্যন্ত সমস্ত অধ্যায়েই বৈষম্যবিবর্জ্জিত একই আত্মা পরব্রহ্মরূপে নির্দ্ধারিত হইয়াছে; সেই পরব্রহ্ম-স্বরূপ আত্মাকে উপলব্ধি করিবার উপায়গুলি অবশ্যই বিভিন্নপ্রকার, কিন্তু উপেয় বা উপায়লভ্য সেই আত্মা কিন্তু একই—চতুর্থ অধ্যায়ে অর্থাৎ এই উপনিষদের দ্বিতীয় অধ্যায়ে তৃতীয় ব্রাহ্মণের ষষ্ঠ শ্রুতিতে 'অথাত আদেশঃ—নেতি নেতি' ইত্যাদি বাক্যে যাহার স্বরূপ নির্দ্দেশ করা হইয়াছে, এবং পঞ্চম অধ্যায়ে অর্থাৎ এই উপনিষদের তৃতীয় অধ্যায়ে শাকল্যের প্রাণপণ (শিরঃপাত) উল্লেখপূর্ব্বক যে শাকল্য-যাজ্ঞবল্ক্যসংবাদ উক্ত হইয়াছে, সেখানেও সেই আত্মাই অবধারিত হইয়াছে; পঞ্চম (তৃতীয়) অধ্যায়ের শেষেও আবার সেই তত্ত্বই বর্ণিত হইয়াছে। তাহার পর এই ষষ্ঠ (উপনিষদের চতুর্থ) অধ্যায়েও প্রথমতঃ জনক-যাজ্ঞবল্ক্য সংবাদে এবং পঞ্চম ব্রাহ্মণেরও শেষভাগে সেই একই আত্মতত্ত্ব নিরূপিত হইয়াছে। (১)

অতএব গত চারি প্রপাঠকেরই (অধ্যায়েরই) যে, একই আত্মতত্ত্বনির্দ্ধারণে তাৎপর্য্য, তদ্ভিন্ন অন্য কোন অর্থই শ্রুতির অভিপ্রেত নহে, ইহা প্রদর্শন করিবার জন্য এই অধ্যায়ের শেষভাগে সেই তত্ত্বের উপসংহার করা হইতেছে—'স এষ নেতি নেতি' ইত্যাদি। ১

যেহেতু তত্ত্বনিরূপণার্থ শত শত প্রকারে বিচার করিলেও, 'নেতি নেতি'রূপেই শাস্ত্রের তাৎপর্য্য পর্য্যবসিত হয়, তর্ক বা শাস্ত্র হইতে অন্য কোন প্রকার তত্ত্বই উপলব্ধিগোচর করা যায় না; সেইহেতু ইহাই একমাত্র প্রকৃত অমৃতত্ত্ব-সাধন যে, 'নেতি নেতি' রূপে আত্মাকে অনুভব করা। এই বিষয়েরই উপসংহার করিবার অভিপ্রায়ে বলিতেছেন—এই যে, 'নেতি নেতি'রূপে অদ্বৈত আত্মতত্ত্বজ্ঞান, ইহাই [অমৃতত্ত্বলাভের] একমাত্র উপায়। অরে মৈত্রেয়ি, অমৃতত্ত্ব সাধন করিতে ইহা অপর কোন সহকারী কারণের অপেক্ষা করে না, নিরপেক্ষভাবেই সাধন করে। তু. যাহাকে জিজ্ঞাসা করিয়াছিলে 'আপনি যাহা অমৃতত্ত্ব-

(১) তাৎপর্য্য—এই বৃহদারণ্যক উপনিষদটী বৃহদারণ্যক ব্রাহ্মণের তৃতীয় অধ্যায় হইতে আরব্ধ হইয়াছে; সুতরাং ব্রাহ্মণের তৃতীয় অধ্যায় বলিলেই উপনিষদের প্রথম অধ্যায় বুঝিতে হইবে। অন্যান্য অধ্যায়ের সংখ্যাও এইরূপ। ভাষ্যকার এখানে উপনিষদের অধ্যায়-সংখ্যা না ধরিয়া সাক্ষাৎ ব্রাহ্মণের অধ্যায়সংখ্যাই গ্রহণ করিয়াছেন; সুতরাং ভাষ্যলিখিত—'চতুর্থ অধ্যায়' শব্দে উপনিষদের দ্বিতীয় অধ্যায়, আর ভাষ্যোক্ত পঞ্চম অধ্যায় কথায় উপনিষদের তৃতীয় অধ্যায় বুঝিতে হইবে। অধ্যায়ের অপর নাম—'প্রপাঠক'।

সিদ্ধির নিশ্চিত উপায় অবগত আছেন, তাহাই বলুন'; জানিবে, তাহা এই পর্য্যন্তই। যাজ্ঞবল্ক্য নিজের প্রিয়া ভার্য্যা মৈত্রেয়ীকে এই প্রকার অমৃতত্ব-সাধন বলিয়া পরে কি করিয়াছিলেন? না, তিনি পূর্ব্বে যে, প্রব্রজ্যা-গ্রহণের অঙ্গীকার জ্ঞাপন করিয়াছিলেন, তাহাই করিয়াছিলেন, অর্থাৎ প্রব্রজ্যা (সন্ন্যাসগ্রহণ) করিয়াছিলেন। সন্ন্যাসে যাহার পূর্ণতা বা পর্য্যবসান, সেই ব্রহ্মবিদ্যার কথা এখানে সমাপ্ত হইল। এই পর্য্যন্তই উপদেশ, ইহাই বেদের শেষ আদেশ, ইহাই সর্বোত্তম নিষ্ঠা—জ্ঞানের পরাকাষ্ঠা; পুরুষের যত রকম কর্ত্তব্য আছে, ইহাতেই সেই কর্ত্তব্যতার পরিসমাপ্তি হয়, ইহার উপরে পুরুষের আর কিছু কর্ত্তব্য নাই। ২

এখন শাস্ত্রের প্রকৃতার্থ নির্ণয়ের নিমিত্ত আলোচনা আরম্ভ করা হইতেছে; কেননা, 'যাবজ্জীবন অগ্নিহোত্র হোম করিবে', 'যাবজ্জীবন দর্শপূর্ণমাস যাগ করিবে' 'কর্ম্মানুষ্ঠানসহকারেই ইহলোকে শতবর্ষ জীবিত থাকিতে ইচ্ছা করিবে', 'এই যে, অগ্নিহোত্র যাগ, ইহা জরামরণধার্য্য', এই সমস্ত বাক্যই হইতেছে একমাত্র গার্হস্থ্য আশ্রমের বিধায়ক; আবার আশ্রমান্তরবিধায়কও অপর কতকগুলি বাক্য আছে— 'তাহাকে বিদিত হইয়া' এবং 'এষণাত্রয় হইতে ব্যুত্থিত হইয়া প্রব্রজ্যা করিবে', 'ব্রহ্মচর্য্য সমাপন করিয়া গৃহী হইবে, তাহার পর, বানপ্রস্থ সমাপন করিয়া প্রব্রজ্যা করিবে, অথবা সম্ভব হইলে ব্রহ্মচর্য্য হইতেই কিংবা গৃহস্থাশ্রম হইতে অথবা বানপ্রস্থ হইতেই প্রব্রজ্যা করিবে', 'দুইটীমাত্র পথ বা সাধনমার্গই সম্পূর্ণ পৃথক্‌ভাবে নির্গত হইয়াছে,—প্রথমটী ক্রিয়াপথ, দ্বিতীয়টী জ্ঞানপথ, তন্মধ্যে সন্ন্যাসই উভয়ের মধ্যে শ্রেষ্ঠ', 'প্রাচীন কোন কোন ঋষি কর্ম্ম, সন্তান ও ধন দ্বারা অমৃতত্ব (মোক্ষ) লাভ করিতে সমর্থ না হইয়া কেবল ত্যাগ অর্থাৎ সন্ন্যাস দ্বারাই অমৃতত্ব ভোগ করিয়াছিলেন' ইত্যাদি।

এইরূপ স্মৃতিশাস্ত্রও [পরস্পর বিপরীতার্থ-প্রকাশক দৃষ্ট হয়—] 'যথাবিধি ব্রহ্মচর্য্যসম্পন্ন লোকই প্রব্রজ্যা করিবে', 'যাহার ব্রহ্মচর্য্য ব্রত কোনরূপে বিশীর্ণ বা ব্যাহত হয় নাই, তিনি ইচ্ছানুসারে যে কোন আশ্রমে বাস করিবেন', 'কেহ কেহ তাহার সম্বন্ধে আশ্রমের বিকল্প অর্থাৎ ইচ্ছামত অন্যতম আশ্রম গ্রহণের কথা বলিয়া থাকেন,' 'ব্রহ্মচর্য্য অবলম্বনপূর্ব্বক বেদাধ্যয়ন শেষ করিয়া পিতৃ-ঋণ-বিশোধনার্থ পুত্রপৌত্র ইচ্ছা করিবে, অর্থাৎ গার্হস্থ্যাশ্রম গ্রহণ করিবে', 'অগ্নি আধানপূর্ব্বক যথাবিধি যজ্ঞানুষ্ঠান করিয়া শেষে বনে প্রবেশ করত মুনি হইবে', 'ব্রাহ্মণ সর্ব্বস্বদক্ষিণাযুক্ত প্রাজাপত্য যজ্ঞ সমাপণ করিয়া যজ্ঞাগ্নি আত্মাতে আধানপূর্ব্বক গৃহস্থাশ্রম হইতে প্রব্রজ্যা করিবেন', ইত্যাদি। ৩

আশ্রমের বিকল্প, ক্রম ও যথেষ্ট গ্রহণ-প্রতিপাদক এমন শত শত বাক্য দেখিতে পাওয়া যায়, যে সমস্ত বাক্য পরস্পর বিরুদ্ধার্থ বোধক, এবং ঐ সমস্ত শাস্ত্রবিদ্ পণ্ডিতগণের আচারও সেইরূপ পরস্পর বিরোধী দেখা যায়। আবার যাহারা শাস্ত্রার্থ ব্যাখ্যাতা বহুজ্ঞ পণ্ডিত, তাহাদের মধ্যেও শাস্ত্রার্থ লইয়া বিষম বিরোধ দেখিতে পাওয়া যায়; কাজেই যাহারা অল্পমতি লোক, তাহারা কখনই বিরোধ পরিহারপূর্ব্বক শাস্ত্রার্থ নির্ণয় করিতে সমর্থ হয় না; পরন্তু যাহাদের বুদ্ধি শাস্ত্রার্থ-নিরূপণের উপক্রম ও নিয়মানুশীলনে পরিপক্কতা লাভ করিয়াছে, কেবল তাহারাই বিষয়বিভাগপূর্ব্বক অবিরোধে শাস্ত্রার্থ অবধারণ করিতে সমর্থ হন। এই কারণে উক্ত বিরুদ্ধার্থপ্রতিপাদক বাক্যসমূহের বিষয়বিভাগ প্রদর্শনের জন্য এখানে স্বীয় বুদ্ধিসামর্থ্য অনুসারে বিচার করিব। ৪

[পূর্ব্বপক্ষ—] যাবজ্জীবন অগ্নিহোত্রাদিবিধায়ক বাক্যসমূহের যখন অন্যরূপ অর্থ করা সম্ভবপর হয় না, তখন [বুঝিতে হইবে যে,] ক্রিয়াপ্রতিপাদনই বেদের যথার্থ অর্থ; কেন না, মন্ত্রে আছে—'তাহাকে [অগ্নিহোত্রীকে] যজ্ঞপাত্র দ্বারা দাহ করিবে'; এখানে অগ্নিহোত্রীর অন্ত্যেষ্টিক্রিয়ায় যজ্ঞপাত্রের আবশ্যকতা শ্রুত হইতেছে। তাহার পর, অগ্নিহোত্রবিধায়ক প্রকরণে জরামরণাতিক্রম ফলশ্রুতিও রহিয়াছে; এবং 'শরীরকে ভস্মাবশেষ করিবে' এইরূপ সমর্থক বাক্যও রহিয়াছে। পারিব্রাজ্য-গ্রহণপক্ষেত শরীরের ভস্মীকরণ সম্ভবপর হয় না; [কারণ, সন্ন্যাসীর শরীর ভূগর্ভে সমাহিত করিতে হয়, ভস্ম করিতে হয় না।] বিশেষতঃ স্মৃতিশাস্ত্রও বলিতেছেন,—যাহার গর্ভাধান হইতে শ্মশানপর্য্যন্ত (দাহপর্য্যন্ত) ক্রিয়াসমূহ মন্ত্রপূর্ব্বক সম্পাদিত হয়, জানিবে, তাহারই এই অধ্যাত্মশাস্ত্রে অধিকার, অন্যের নহে।' বেদে যে সমুদয় কর্ম্ম মন্ত্রোচ্চারণপূর্ব্বক সম্পাদনীয় বলিয়া বিহিত হইয়াছে, এখানে স্মৃতিশাস্ত্র আবার শ্মশানকে সেই সমুদয় কার্য্যের শেষ সীমারূপে নির্দ্দেশ করিতেছে; অর্থাৎ গর্ভাধান হইতে শ্মশানপর্য্যন্ত সেই সমুদয় ক্রিয়ার মন্ত্রপূর্ব্বক অনুষ্ঠান করিতে বলিতেছে। কর্ম্মত্যাগীর অধিকারাভাবও অন্য কারণ; কেন না, শ্রুতি আলোচনা করিলে বুঝিতে পারা যায় যে, অকর্ম্মীর (যে লোক বিহিত কর্ম্ম না করে,) তাহার বেদে অধিকার নাই। তাহার পর, অগ্নি পরিত্যাগের নিন্দাও আছে—'যে লোক অগ্নি ত্যাগ করে, সে লোক দেবগণের বীর্য্যহানি করে' ইত্যাদি। ৫।

[আশঙ্কা—] ভাল, বেদেই যখন ব্যুত্থানপ্রভৃতিরও (সন্ন্যাস প্রভৃতিরও) বিধান রহিয়াছে, তখন বুঝিতে হইবে যে, বেদে যে, অগ্নিহোত্রাদি ক্রিয়ার বিধান

তাহা বৈকল্পিক, অর্থাৎ ব্যুত্থান কিংবা কর্ম্ম ইহাদের অন্যতর পক্ষ গ্রহণ করিবে, এইরূপ অর্থেই উহার তাৎপর্য্য। না, যেহেতু ব্যুত্থানাদিবোধক শ্রুতিসমূহের তাৎপর্য্য অন্যরূপ অর্থে, (কর্ম্ম ত্যাগে নহে); কেন না, 'যাবজ্জীবন অগ্নিহোত্র হোম করিবে', 'যাবজ্জীবন দর্শপূর্ণমাস যাগ করিবে', ইত্যাদি শ্রুতিসমূহে কেবল জীবনধারণকেই অগ্নিহোত্রাদি অনুষ্ঠানের নিমিত্তরূপে নির্দ্দেশ করায়, যখন এই সমুদয় শ্রুতির অন্যপ্রকার অর্থ করা যাইতে পারে না, তখন ব্যুত্থানাদিবোধক শ্রুতিসমূহের কর্ম্মানধিকৃত বিষয়ে অর্থাৎ কর্ম্মানুষ্ঠানে যাহাদের অধিকার নাই, তাহাদের সম্বন্ধেই সার্থকতা সম্ভব হয়; যেহেতু মন্ত্রে আছে—'কর্ম্মানুষ্ঠান সহকারেই শত বর্ষ জীবিত থাকিবে'; এবং 'একমাত্র জরা বা মৃত্যু দ্বারাই এই কর্ম্মপাশ হইতে মুক্ত হইতে পারে'। এখানে কেবল জরা ও মরণকেই কর্ম্মানুষ্ঠানের প্রতিবন্ধক বলা হইয়াছে; সুতরাং জরা বা মরণ ব্যতিরেকে কোন সময়েই কর্ম্মানুষ্ঠানের বাধা হইতে পারে না; অতএব কর্ম্মীদিগের যে শ্মশানান্ত কর্ম্মানুষ্ঠান, তাহা বৈকল্পিক অর্থাৎ ইচ্ছাতুবারী বলিতে পারা যায় না। যাহারা কাণ-কুব্জাদি ভাবাপন্ন বিধায় কর্ম্মেতে অনধিকারী, তাহাদের প্রতি শ্রুতির অনুগ্রহ প্রকাশ করা আবশ্যক; সুতরাং তাহাদের জন্য শ্রুতিতে ব্যুত্থানাদির বিধান থাকাও অনুপপন্ন বা অসঙ্গত হইতেছে না। ৬

যদি বল, তাহা হইলে পারিব্রাজ্যবিধায়ক শাস্ত্রের কোনও সার্থকতা থাকে না; না—তাহাও বলিতে পার না; কারণ, 'বিশ্বজিৎ' ও 'সর্ব্বমেধস' নামক যাগদ্বয়ই 'যাবজ্জীব' শ্রুতির অপবাদক; অর্থাৎ যাবজ্জীবন যে, অগ্নিহোত্রাদির বিধি রহিয়াছে, 'বিশ্বজিৎ' ও 'সর্ব্বমেধস' নামক যাগের স্থলেই তাহার বাধা হইতেছে; সুতরাং সে স্থানেই ক্রম-সন্ন্যাস বিধিরও সার্থকতা আছে। যেমন—'ব্রহ্মচর্য্য সমাপন করিয়া গৃহী হইবে, গৃহ হইতে বনী হইবে, তাহার পর প্রব্রজ্যা গ্রহণ করিবে (১)। বিশেষতঃ এরূপ কল্পনায় কোন প্রকার

(১) তাৎপর্য্য—শঙ্কা হইয়াছিল যে, অগ্নিহোত্রাদি নিত্যকর্ম্মগুলি যদি সারা জীবনই করিতে হয়, তাহা হইলে ব্রহ্মচারী হইয়া গৃহস্থ হইবে, গৃহ হইতে বানপ্রস্থ অবলম্বন করিবে, অনন্তর 'প্রব্রজন করিবে' ইত্যাদি শ্রুতিতে যে, গৃহস্থের পক্ষেও ক্রমে সন্ন্যাসগ্রহণের বিধি আছে, তদনুসারে কার্য্য করিবার আর অবসর থাকে না। তদুত্তরে বলিতেছেন—না, প্রব্রজ্যার বিধান নিরর্থক হয় না, 'বিশ্বজিৎ' ও 'সর্ব্বমেধস' নামক দুইটী যজ্ঞই ইহার সার্থকতা সম্পাদন করিতেছে। বিশ্বজিৎ ও সর্ব্বমেধস যাগে কর্ত্তার সর্ব্বস্ব দান করিতে হয়; সুতরাং নিতান্ত নিঃস্ব অবস্থায় অর্থসাপেক্ষ অগ্নিহোত্রাদির অনুষ্ঠান অসম্ভব হইয়া পড়ে; কাজেই

বিরোধ ঘটে না ; কেন না, এইরূপ পারিব্রাজ্য-বিধায়ক বাক্যের ক্রম নিষ্পত্তিতে কোন বিরোধও দৃষ্ট হয় না। পক্ষান্তরে, অন্যপ্রকার কল্পনা করিলে অর্থাৎ পারিব্রাজ্যের বিকল্প স্বীকার করিলে, যাবজ্জীবন অগ্নিহোত্র যাগ-বিধায়ক শাস্ত্রের অধিকার-সংকোচ করা হয় ; কিন্তু 'বিশ্বজিৎ' ও 'সর্ব্বমেধস' স্থলে ক্রমবিধির বিষয় কল্পনা করিলে, যাবজ্জীবাদিশ্রুতিরও অধিকার কিছুমাত্র বাধিত হয় না। ৭

[এখন সিদ্ধান্তবাদী উত্তরে বলিতেছেন—] না,—এইরূপ কল্পনা হইতে পারে না। যেহেতু আত্মজ্ঞানকে মোক্ষহেতু বলিয়া স্বীকার করা হইয়াছে ; "আত্মেত্যেবোপাসীত।" এই হইতে "স এব নেতিনেতি" এই পর্য্যন্ত গ্রন্থ দ্বারা যে আত্ম-জ্ঞানের উপসংহার করা হইয়াছে, তুমিও তাহার মোক্ষ-সাধন বলিয়া স্বীকার করিতেছ ; অথচ এখন "এতাবদেবামৃতত্ব-সাধনম্ অন্যনিরপেক্ষম্", অর্থাৎ ইহাই (আত্ম-জ্ঞানই) অন্যের সাহায্য-নিরপেক্ষ হইয়া মোক্ষসাধন হয়, কেবল এই কথাটী মাত্র সহ্য করিতেছ না ; অতএব তোমাকে জিজ্ঞাসা করি—তবে তুমি আত্মজ্ঞানকেই বা [মোক্ষসাধন বলিয়া] স্বীকার করিতেছ কেন? হাঁ, তাহার কারণ শ্রবণ কর,—বেদ যেমন স্বর্গ-প্রাপ্তির উপায় নির্দ্দেশ করে—জ্ঞানরহিত স্বর্গকামী পুরুষের নিমিত্ত যেমন অগ্নিহোত্রাদি কর্ম্ম সকল স্বর্গ-লাভের উপায় বলিয়া জ্ঞাপন করেন, তেমনি এখানেও মোক্ষের উপায়ানভিজ্ঞ অথচ মোক্ষেচ্ছু লোকের নিমিত্ত 'যাহা মহাশয় জানেন, তাহাই আমায় বলুন' এই প্রকারে আকাঙ্ক্ষিত মোক্ষোপায় "এতাবদেব" (এই পর্য্যন্তই) বলিয়া বেদই তাহা বিজ্ঞাপিত করিতেছে ; [ইহাই আত্ম জ্ঞানের উপায়ত্ব সঙ্গনের কারণ]। [তাৎপর্য্য এই যে,—বেদ-বিহিত বিধায় অগ্নিহোত্রাদি কর্ম্ম সকল যখন স্বর্গসাধন বলিয়া স্বীকৃত হইয়া থাকে, তখন ঠিক্ সেই ভাবেই বেদ-বিহিত আত্মজ্ঞানকেই বা মোক্ষসাধন বলিয়া অস্বীকার করা যায় কিরূপে? তা'বলিয়া কর্ম্ম-নিরপেক্ষ আত্মজ্ঞানকেও মোক্ষের হেতু বলিয়া স্বীকার করিতে পারা যায় না।] ভাল, তাহা হইলে, বেদ-জ্ঞাপিত বলিয়া অগ্নিহোত্রাদি কর্ম্ম যেরূপ স্বর্গসাধনরূপে স্বীকৃত হইয়া থাকে, তেমনই এখানেও, আত্ম-জ্ঞান যে ভাবে শাস্ত্রে উপদিষ্ট হইয়াছে, ঠিক্ সেই ভাবেই

তাহারা অগ্নিহোত্রাদি কর্ম্ম সমাপন করিয়া প্রব্রজ্যা গ্রহণ করিতে পারে ; তাহাতে কোন প্রত্যবায়ের সম্ভাবনা নাই। অতএব প্রব্রজ্যার বিধি অনুপপন্ন হয় বলিয়া আশঙ্কা করিতে পারা যায় না।

মোক্ষ-সাধনরূপেই) আত্ম-জ্ঞানকে স্বীকার করা উচিত ; কেননা, উভয় স্থলেই প্রমাণ (বেদ) তুল্য। ৮

যদি এইরূপই হয়, তবে কি হইবে? হাঁ, বলিতেছি,—যেহেতু আত্ম-জ্ঞান সমস্ত কর্ম্মের হেতুভূত অবিদ্যার নিবর্ত্তক, সেই হেতুই আত্ম-বিদ্যার আবির্ভাবেই সমস্ত কর্ম্মের নিবৃত্তি হইবে। কেন না, অগ্নি ও ভার্য্যা প্রভৃতির সহিত নিয়তসম্বন্ধ অগ্নিহোত্রাদি কর্ম্মসকল ভেদ-বুদ্ধির বিষয়ীভূত সম্প্রদানাদি কারকের সাহায্যসাপেক্ষ ও ভেদবুদ্ধিবিশিষ্ট অগ্নিপ্রভৃতি দেবতাই হবোর আহুতি প্রভৃতির সম্প্রদান কারক; সেই অগ্নিপ্রভৃতি দেবতা ব্যতীত কখনই যজ্ঞাদি কার্য্য সম্পন্ন হইতে পারে না। সম্প্রদান কারকাদি বিষয়ক যে বুদ্ধি দ্বারা সম্প্রদানাদি কারকসমূহ কর্ম্মের উদ্দেশ্যরূপে উপদিষ্ট হইয়া থাকে, বিদ্যা দ্বারা সেই বুদ্ধিই নিবর্ত্তিত হইয়া যায়। নিরূপিত শ্রুতিসমূহও এ বিষয়ে প্রমাণ—'যে লোক জানে যে, আমি অন্য, এবং আমার উপাস্য অন্য, সে কিছুই জানে না।' 'যে ব্যক্তি দেবতা-গণকে আত্মা হইতে পৃথক্‌রূপে দেখে, দেবতারা তাহাকে পরাভূত করেন।' 'যে লোক এইরূপে ব্রহ্মে নানাভাবের ন্যায় দর্শন করে, সে মৃত্যুর পর মৃত্যু প্রাপ্ত হয়।' 'ব্রহ্মকে একপ্রকারেই দেখিবে।' 'জ্ঞানী সমস্তই আত্মা বলিয়া দেখে' ইত্যাদি। [এখানে আপাততঃ এরূপ আশঙ্কা হইতে পারে যে,] যখন, পবিত্র স্থানে ও শুভকালে শাস্ত্রাচার্য্যের উপদেশ-লব্ধ জ্ঞানই পরম পুরুষার্থের (মোক্ষের) সাধক, তখন ভেদবুদ্ধির বিষয়ীভূত দেশাদির অপেক্ষা থাকায় আত্ম-জ্ঞান ভেদবুদ্ধির উপমর্দ্দক বা নিবর্ত্তক হয় কিরূপে? [ইহার উত্তর—] আত্ম-জ্ঞান কখনও দেশ কাল বা নিমিত্তাদির অপেক্ষা করে না; কেন না, আত্ম-জ্ঞান যথার্থ-বস্তুবিষয়ক ; সুতরাং তথায় আর পুরুষের স্বাতন্ত্র্য থাকে না,—কেবল বস্তুরই প্রাধান্য থাকে ; যে বস্তু যেরূপ হইবে, তাহার জ্ঞানও ঠিক্ সেইরূপই হইতে হইবে ; কিন্তু ক্রিয়াতে তাহার বৈলক্ষণ্য আছে,—কেন না, ক্রিয়া পুরুষ-তন্ত্র ; সুতরাং সেখানে দেশ, কাল ও নিমিত্তাদিরও অপেক্ষা থাকা আবশ্যক হয়, কিন্তু বস্তু-তত্ত্ব জ্ঞান কখনই দেশ, কালও নিমিত্তের অপেক্ষা করে না; স্বভাবতঃ উষ্ণ অগ্নি এবং স্বভাবতঃ মূর্ত্তি-হীন আকাশ যেরূপ কোনও দেশকালাদির অপেক্ষা করে না, আত্মজ্ঞানও ঠিক্ সেই প্রকার। ৯

ভাল কথা, যদি সর্ব্বকর্ম্ম পরিত্যাগপূর্ব্বক সন্ন্যাসগ্রহণই কর্ত্তব্য হয়, তাহা হইলে কর্ম্ম-বিধিসকল একেবারে নিরর্থক হইয়া পড়ে ; অথচ তুল্যবল প্রমাণে

প্রতিপাদিত বিধি-দ্বয়ের মধ্যে কেবল একটীকে বাধিত বা নিরর্থক করা কখনই উচিত হয় না। হাঁ, এখানে সে দোষও হয় না; কারণ, উহা কেবল ভেদবুদ্ধি-মাত্রের বিরোধক, অর্থাৎ আত্মজ্ঞান কখনও অন্যান্য কর্ম্মবিধির নিরোধ বা অধিকারসংকোচ করে না; পরন্তু জীবের যে, স্বতঃসিদ্ধ ভেদবুদ্ধি, কেবল তাহারই নিবৃত্তিসাধন করে মাত্র। ভাল, কর্ম্মপ্রবৃত্তির নিদানভূত ভেদবুদ্ধি নিবৃত্তি করায়, ফলতঃ বৈদিক কর্ম্ম-বিধিরই ত নিরোধ করা হইয়া পড়ে? না,—কাম্য-প্রবৃত্তি-নিরোধের ন্যায় ইহাও দোষাবহ হয় না; যেমন স্বর্গ লাভের ইচ্ছায় অশ্বমেধ যাগে প্রবৃত্ত ব্যক্তির কামনা নিষেধক শাস্ত্রদ্বারা কামনা বাধিত হইলে সঙ্গে সঙ্গে সেই কাম্য যাগানুষ্ঠানের প্রবৃত্তিও নিরুদ্ধ হইয়া যায়, অথচ তাহাদ্বারা সেই সকল কাম্য বিধি নিষিদ্ধ হয় না, ইহাও সেইরূপ। ১০

আর যদি বল, কাম-প্রতিষেধ বশতঃ কাম্য-বিধিরও নিষেধ হয়? তবে, বলিব, হয় হউক, ক্ষতি নাই। যদি বল যে, কাম্যবিধির অনুচ্ছেদ্য পক্ষে, অনুষ্ঠাতার অভাবনিবন্ধন অনুষ্ঠান-বিধিরও আনর্থক্য ঘটে; কাজেই সেই সকল কর্ম্ম-বোধক বিধির প্রামাণ্যও নষ্ট হইয়া যায়। না, সে দোষও হইতে পারে না; কারণ, আত্মজ্ঞান উৎপন্ন হইবার পূর্ব্বপর্য্যন্তও তাহাতে প্রবৃত্তি হইতে পারে; যেমন কাম্য বিষয়ে দোষ-জ্ঞান না হওয়া পর্য্যন্ত স্বভাবতই স্বর্গাদি ফলের বলবত্তা নিবন্ধন লোকের কাম্য কর্ম্মে প্রবৃত্তি হয়, পশ্চাৎ দোষ-জ্ঞান উৎপন্ন হইলে, আর তদ্বিষয়ে প্রবৃত্তি থাকে না, ইহাও ঠিক্ তেমনই। ১১

কর্ম্মের কুফল দর্শন করিয়া যদি বল যে, এরূপ হইলে সর্ব্বজ্ঞানাকর বেদশাস্ত্রও জীবের অনর্থেরই কারণ হয়? না, তাহাও হয় না; কেন না, অর্থ আর অনর্থ উভয়ই ইচ্ছানুবর্ত্তী বা মনঃকল্পিত ভিন্ন আর কিছুই নহে; কারণ, [বিচার করিয়া দেখিলে বুঝিতে পারা যায় যে,] একমাত্র মোক্ষ ভিন্ন অন্য সমস্তই অবিদ্যা-কল্পিত; [সুতরাং] অনর্থমধ্যে পরিগণিত। [মহাভারত প্রভৃতি গ্রন্থে] দেখিতে পাওয়া যায় যে, মরণস্থানীয় মহা-প্রস্থানাদি কামনায়ও অন্তিম যজ্ঞানুষ্ঠানের ব্যবহার রহিয়াছে; কাজেই বলিতে হয়—অর্থ ও অনর্থব্যবস্থা কেবল পুরুষের ইচ্ছার উপর নির্ভর করে, উহা স্বতঃসিদ্ধ নহে। অতএব যে পর্য্যন্ত আত্মজ্ঞানাভিমুখে অগ্রসর হইতে হয়, তাবৎই কর্ম্মবিধির প্রয়োজন, পরে নহে; এই কারণেই "এতাবদরে খল্বমৃতত্ব" অর্থাৎ কর্ম্মনিরপেক্ষ কেবল এই আত্মজ্ঞানই যে, অমৃতত্বের (মোক্ষের)

ঃথন, এই সিদ্ধান্তই সুস্থির হইল; কারণ, আত্মজ্ঞান কর্ম্মসাপেক্ষ নহে। অতএব জ্ঞানীর ক্রিয়াকারকাদি ভেদবুদ্ধি না থাকায় এবং আত্ম-পরমাত্মা সম্বন্ধে দৃঢ় প্রত্যয় হওয়ায়, তাহার পারিব্রাজ্যও বিধিসিদ্ধ হইল। পূর্ব্বোক্ত "যেষাং নোঽয়ম্" ইত্যাদি বাক্যেও হেতু-প্রদর্শন দ্বারা ইহাই ব্যাখ্যাত হইয়াছে। ১২

"পূর্ব্বতন জ্ঞানিগণ আত্মদর্শন বশতঃ প্রজাকামনা না করিয়া ব্যুত্থিত হইতেন", এই বাক্যদ্বারা যেরূপ বিদ্বানের সম্বন্ধে সন্ন্যাস বিহিত হইয়াছে, তেমনই "এই লোককে (আত্মাকে) ইচ্ছা করত" ইত্যাদি বচনবলে বিবিদিষুর (জানিতে ইচ্ছুকের) সম্বন্ধেও প্রব্রজ্যাবিধি বিহিত হইতেছে। কর্ম্মমাত্রই যে অনাত্মজ্ঞবিষয়ক, একথা আমরা পূর্ব্বেই বলিয়াছি। অতএব অবিদ্যার সম্বন্ধ থাকায় কর্ম্মমাত্রই উৎপত্তি, আপ্তি, বিকার ও সংস্কারার্থক; এই হেতুই কর্ম্মসমূহও চিত্ত-শোধন দ্বারা আত্মজ্ঞানের সাধন হয়, এ কথাও তোমায় বলিয়াছি। ১৩

এইরূপ হইলে অজ্ঞ-বিষয়ক আশ্রমোক্ত কর্ম্মসমূহেরও বলাবল পর্য্যালোচনা করিলে, আত্মজ্ঞানোৎপাদন বিষয়ে অহিংসাদিরূপ যম-প্রধান অমানিত্ব প্রভৃতি এবং মানস ধ্যান ও বৈরাগ্যাদিও সাক্ষাৎসম্বন্ধে আত্মজ্ঞানেরই সাধন করে; এতদ্ভিন্ন নিয়ম-প্রধান আশ্রমধর্ম্মসকল হিংসা ও রাগ-দ্বেষাদির প্রাচুর্য্যনিবন্ধন ক্লিষ্ট কর্ম্মমধ্যে পরিগণিত হয়; এই কারণে ঋষিগণ মুমুক্ষুর পক্ষে নির্দ্দোষ পারিব্রাজ্যেরই প্রশংসা করিয়া থাকেন। পনশ্চ দেখ, 'উক্ত কর্ম্মসকলের মধ্যে ত্যাগই (সন্ন্যাসই) মোক্ষের পরমোৎকৃষ্ট সাধন', এবং 'বৈরাগ্যই এই ত্যাগের চরম সীমা', 'হে ব্রাহ্মণ, ধন দ্বারা তোমার কি হইবে? বন্ধুগণ দ্বারাই বা তোমার কি হইবে? এবং স্ত্রীদ্বারাই বা তোমার প্রয়োজন কি? যে তুমি মরিয়া যাইবে; অতএব গুহা-প্রবিষ্ট অর্থাৎ অতি দুর্জ্ঞেয় আত্মার অন্বেষণ কর। দেখ, তোমার পিতামহগণ ও পিতা কোথায় গিয়াছেন?' এই প্রকার সাংখ্য ও যোগশাস্ত্রাদিতেও সন্ন্যাসই আত্মজ্ঞানোদয়ের সন্নিহিত কারণ বলিয়া অভিহিত হইয়াছে। কামনা বা ভোগপ্রবৃত্তির অভাবও এ বিষয়ে অপর হেতু, অর্থাৎ সমস্ত শাস্ত্রেই কামপ্রবৃত্তিকে জ্ঞানের প্রতিকূল বলিয়া নির্দ্দেশ করিয়াছে; সেই কারণেই কামনা হইতে বিরত—বৈরাগ্যযুক্ত মুমুক্ষুর যে, জ্ঞানলাভের পূর্ব্বেও কেবল ব্রহ্মচর্য্য হইতেই প্রব্রজ্যা বা সন্ন্যাস গ্রহণের উপদেশ 'যদহরেব বিরজেৎ' ইত্যাদি শ্রুতিতে উক্ত হইয়াছে, তাহাও সঙ্গত হইতেছে। ১৪

ভাল, সন্ন্যাসপ্রতিপাদিকা শ্রুতিসমূহের সাবকাশত্ব বিধায়, যাহারা কর্ম্মে অনধিকারী অন্ধপঙ্গু প্রভৃতি, তাহাদের জন্যই ঐ সকল শ্রুতি বিহিত, এ কথা ইতঃপূর্ব্বেই বলা হইয়াছে ; নচেৎ 'যাবজ্জীবন অগ্নিহোত্র করিবে' এই শ্রুতির বাধা হইয়া পড়ে ? না—এ দোষ হয় না ; কারণ, যাবজ্জীবাদি শ্রুতিও সম্পূর্ণ সাবকাশ। যাবজ্জীবাদি শ্রুতির যে, কামনাবান্ অবিদ্বান্ লোকের সম্বন্ধেই স্বচ্ছন্দ অবকাশ (সার্থকতা) রহিয়াছে, তাহাও পূর্ব্বেই নির্দ্দেশ করিয়াছি। আর অগ্নিহোত্রাদি কর্ম্মসমূহও কেবল জীবনসত্তামাত্র নিমিত্তের অপেক্ষা করে, অপর কাহারও অপেক্ষা করে না ; যেহেতু জীবগণ প্রায়ই বহুতর কামনায় পরিপূর্ণ, কামনাও আবার অনেকানেক বিষয়ভেদে বহুপ্রকার এবং বহুবিধ সাধন-সাধ্য তাহার পর, গার্হস্থ্যে বা আরণ্যাশ্রমে অনুষ্ঠেয় বেদবিহিত কর্ম্মসকলও, স্ত্রী-অগ্নিসম্বন্ধবিশিষ্ট পুরুষেরই কর্ত্তব্য এবং কৃষ্যাদি কর্ম্মের ন্যায় বহুবর্ষ-সমাপ্য ; অধিকন্তু পুনঃ পুনঃ অনুষ্ঠিত হইলেই বহুবিধ ফল উৎপাদন করিয়া থাকে ; সুতরাং ঐ সকল স্থলেই যাবজ্জীবন শ্রুতি এবং "কুর্ব্বন্নেবেহ কর্ম্মাণি" ইত্যাদি মন্ত্রবাক্য সার্থক হইতে পারে। ১৫

আর সেই পক্ষেই 'বিশ্বজিৎ ও সর্ব্বমেধ' যাগে কর্ম্মপরিত্যাগ করা আবশ্যক হয়, যে পক্ষে যাবজ্জীবন কর্ম্মানুষ্ঠান এবং শরীরের শ্মশানান্তর বা ভস্মান্তের বিধায়ক শ্রুতি রহিয়াছে। অথবা, ব্রাহ্মণভিন্ন বর্ণকে অপেক্ষা করিয়াই যাবজ্জীবন শ্রুতিসঙ্গত হইতে পারে ; যেহেতু ক্ষত্রিয় ও বৈশ্যের পারিব্রাজ্যে (সন্ন্যাসে) অধিকার নাই। "ময়ৈর্ম্মস্ত্যোদিতো বিধিঃ" এই স্মৃতিও ক্ষত্রিয় ও বৈশ্যের পক্ষেই প্রযোজ্য। "ঐকাশ্রমাম্যাচার্য্যাঃ" অর্থাৎ আচার্য্য বলেন যে, উহাদের একটীমাত্র আশ্রম, ইত্যাদি স্মৃতিশাস্ত্রও ক্ষত্রিয় ও বৈশ্যের পক্ষেই সঙ্গত করিতে হইবে। অতএব সামর্থ্য, জ্ঞান ও বৈরাগ্যাদি অনুসারেই ব্যুত্থানের বিকল্প, ক্রম ও পারিব্রাজ্যাদি বিধি অবিরুদ্ধ হয়, অধিকন্তু কর্ম্মে অনধিকৃতগণের সম্বন্ধে যখন 'স্নাতক হউক, বা অস্নাতক হউক, উৎসন্নাগ্নি (অগ্নিত্যাগী) হউক বা নিরগ্নি হউক' ইত্যাদি বাক্যদ্বারা পৃথক্‌ভাবে পারিব্রাজ্যের বিধান করা হইয়াছে, তখন এই সন্ন্যাসবিধি যে, কেবল তাঁহাদিগের নিমিত্তই হইয়াছে, এ কথা ত হইতেই পারে না ; অতএব কর্ম্মে অধিকারিগণের পক্ষেও আশ্রমান্তর বিধি—সন্ন্যাসবিধি সিদ্ধ হইল ॥ ৩৩০ ॥ ১৫ ॥

ইতি বৃহদারণ্যকোপনিষদে চতুর্থাধ্যায়ে পঞ্চম ব্রাহ্মণের

ভাষ্যানুবাদ ॥ ৪ ॥ ৫ ॥

অথ বংশঃ—পৌতিমাষ্যো গৌপবনাদ্গৌপবনঃ পৌতিমাষ্যাৎ পৌতিমাষ্যো গৌপবনাদ্গৌপবনঃ কৌশিকাৎ কৌশিকঃ কৌণ্ডিন্যাৎ কৌণ্ডিন্যঃ শাণ্ডিল্যাচ্ছাণ্ডিল্যঃ কৌশিকাচ্চ গৌতমাচ্চ, গৌতমঃ— ॥ ৩৩১ ॥ ১ ॥ *

মূলানুবাদ ঃ—অনন্তর যাজ্ঞবল্কীয়কাণ্ডের বংশবর্ণন আরম্ভ হইতেছে। পৌতিমাষ্য বংশ গোপবন হইতে, গৌপবন পুনশ্চ পৌতিমাষ্য হইতে, পৌতিমাষ্য পুনশ্চ গোপবন হইতে, গৌপবন কৌশিক হইতে, কৌশিক কৌণ্ডিন্য হইতে, কৌণ্ডিন্য শাণ্ডিল্য হইতে, শাণ্ডিল্য আবার কৌশিক ও গৌতম হইতে [প্রকাশিত হইয়াছেন।] গৌতম—॥৩৩১॥১॥

আগ্নিবেশ্যাদাগ্নিবেশ্যো গার্গ্যাদ্গার্গ্যো গার্গ্যাদ্গার্গ্যো গৌতমাদ্গৌতমঃ সৈতবাৎ সৈতবঃ পারাশর্য্যায়ণাৎ পারাশর্য্যায়ণো গার্গ্যায়ণাদ্গার্গ্যায়ণ উদ্দালকায়নাদুদ্দালকায়নো জাবালায়নাজ্জাবালায়নো মাধ্যন্দিনায়নান্মাধ্যন্দিনায়নঃ সৌকরায়ণাৎ সৌকরায়ণঃ কাষায়ণাৎ কাষায়ণঃ সায়কায়নাৎ সায়কায়নঃ কৌশিকায়নেঃ, কৌশিকায়নিঃ—॥ ৩৩২ ॥ ২ ॥

মূলানুবাদ ঃ—আগ্নিবেশ্য হইতে, আগ্নিবেশ্য গার্গ্য হইতে, গার্গ্য পুনশ্চ গার্গ্য হইতে, গার্গ্য আবার গৌতম হইতে, গৌতম সৈতব হইতে, সৈতব পারাশর্য্যায়ণ হইতে, পারাশর্য্যায়ণ গার্গ্যায়ণ হইতে, গার্গ্যায়ণ উদ্দালকায়ন হইতে, উদ্দালকায়ন জাবালায়ন হইতে, জাবালায়ন মাধ্যন্দিনায়ন হইতে, মাধ্যন্দিনায়ন সৌকরায়ণ হইতে, সৌকরায়ণ কাষায়ণ হইতে, কাষায়ণ সায়কায়ন হইতে, সায়কায়ন কৌশিকায়নি হইতে [প্রাদুর্ভূত হইয়াছিল] কৌশিকায়নি আবার ॥ ৩৩২ ॥ ২ ॥

ঘৃতকৌশিকাদ্ঘৃতকৌশিকঃ পারাশর্য্যায়ণাৎপারাশর্য্যায়ণঃ পারাশর্য্যাৎপারাশর্য্যো জাতূকর্ণ্যাজ্জাতূকর্ণ্য আসুরায়ণাচ্চ যাস্কাচ্চাসুরায়ণস্ত্রৈবণেস্ত্রৈবণিরৌপজন্ধনেরৌপজন্ধনিরাসুরেরাসুরির্ভার-

* অনাবশ্যক বোধে এই তিনটী শ্রুতির সরলার্থ প্রদত্ত হইল না।

দ্বাজাদ্ভারদ্বাজ আত্রেয়াদাত্রেয়ো মাণ্টের্মাণ্টির্গৌতমাদ্গৌতমো গৌতমাদ্গৌতমো বাৎস্যাদ্বাৎস্যঃ শাণ্ডিল্যাচ্ছাণ্ডিল্যঃ কৈশোর্য্যাৎ কাপ্যাৎ কৈশোর্য্যঃ কাপ্যঃ কুমারহারিতাৎ কুমারহারিতো গালবাদ্গালবো, বিদর্ভীকৌণ্ডিন্যাদ্বিদর্ভীকৌণ্ডিন্যো বৎসনপাতো বাভ্রবাদ্বৎসনপাদ্বাভ্রবঃ পথঃ সৌভরাৎপন্থাঃ সৌভরোঽয়াস্যা-দাঙ্গিরসাদয়াস্য আঙ্গিরস আভূতেস্ত্বাষ্ট্রাদাভূতিস্ত্বাষ্ট্রো বিশ্বরূপাৎ ত্বাষ্ট্রাদ্বিশ্বরূপস্ত্বাষ্ট্রোঽশ্বিভ্যামশ্বিনৌ দধীচ আথর্ব্বণাদ্দধ্যঙ্ঙা-থর্ব্বণোঽথর্ব্বণো দৈবাদথর্ব্বা দৈবো মৃত্যোঃ প্রাধ্বংসনান্মৃত্যুঃ প্রাধ্বংসনঃ প্রধ্বংসনাৎ প্রাধ্বংসন একর্ষেরেকর্ষিবিপ্রচিত্তেবি-প্রচিত্তির্ব্যষ্টের্ব্যষ্টিঃ সনারোঃ সনারুঃ সনাতনাৎ সনাতনঃ সনগাৎ সনগঃ পরমেষ্ঠিনঃ পরমেষ্ঠী ব্রহ্মণো ব্রহ্ম স্বয়ম্ভু, ব্রহ্মণে নমঃ ॥ ৩৩৩ ॥ ৩ ॥

ইতি চতুর্থাধ্যায়স্য ষষ্ঠম্ ব্রাহ্মণম্ ॥ ৪ ॥ ৬ ॥

ইতি শ্রীবৃহদারণ্যকোপনিষৎসু চতুর্থোঽধ্যায়ঃ

(ব্রাহ্মণানুক্রমেণ তু ষষ্ঠোঽধ্যায়ঃ) ॥ ৪ ॥

মূলানুবাদ :—ঘৃতকৌশিক হইতে, ঘৃতকৌশিক পারাশর্য্যায়ণ হইতে, পারাশর্য্যায়ণ পারাশর্য্য হইতে, পারাশর্য্য জাতূকর্ণ হইতে, জাতূকর্ণ আসুরায়ণ ও যাস্ক হইতে, আসুরায়ণ ত্রৈবণি হইতে, ত্রৈবণি ঔপজন্ধনি হইতে, ঔপজন্ধনি আসুরি হইতে, আসুরি ভারদ্বাজ হইতে, ভারদ্বাজ আত্রেয় হইতে, আত্রেয় মাণ্টি হইতে, মাণ্টি গৌতম হইতে, গৌতম পুনশ্চ গৌতম হইতে, গৌতম বাৎস্য হইতে, বাৎস্য শাণ্ডিল্য হইতে, শাণ্ডিল্য কৈশোর্য্য কাপ্য হইতে, কৈশোর্য্যকাপ্য কুমারহারিত হইতে, কুমারহারিত গালব হইতে, গালব বিদর্ভী কৌণ্ডিন্য হইতে, বিদর্ভী কৌণ্ডিন্য বৎসনপাৎ বাভ্রব হইতে, বৎসনপাৎ বাভ্রব পন্থা সৌভর হইতে, পন্থা সৌভর অয়াস্য আঙ্গিরস হইতে, অয়াস্য আঙ্গিরস আভূতি ত্বাষ্ট্র হইতে, আভূতি ত্বাষ্ট্র বিশ্বরূপ ত্বাষ্ট্র হইতে, বিশ্বরূপ ত্বাষ্ট্র অশ্বিনদ্বয়,

হইতে, অশ্বিনদ্বয় দধ্যঙ্ আথর্ব্বণ হইতে, দধ্যঙ্ আথর্ব্বণ আথর্ব্বণ দৈব হইতে, আথর্ব্বণ দৈব মৃত্যু প্রাধ্বংসন হইতে, মৃত্যু প্রাধ্বংসন একর্ষি হইতে, একর্ষি বিপ্রচিত্তি হইতে, বিপ্রচিত্তি ব্যষ্টি হইতে, ব্যষ্টি সনারু হইতে, সনারু সনাতন হইতে, সনাতন সনগ হইতে, সনগ পরমেষ্ঠী হইতে, পরমেষ্ঠী ব্রহ্মা হইতে [প্রাদুর্ভূত হইয়াছেন।] ব্রহ্মা স্বয়ম্ভূ—ব্রহ্মার উদ্দেশ্যে নমস্কার করি ॥ ৩৩৩ ॥ ৩ ॥

ইতি বৃহদারণ্যকোপনিষদের চতুর্থ অধ্যায়ে ষষ্ঠ ব্রাহ্মণব্যাখ্যা ॥ ৪ ॥ ৬ ॥

ইতি বৃহদারণ্যকোপনিষদে চতুর্থ অধ্যায় সমাপ্ত ॥ ৪ ॥

শাঙ্করভাষ্যম্।—অথানন্তরং যাজ্ঞবল্কীয়স্য কাণ্ডস্য বংশ আরভ্যতে, যথা মধুকাণ্ডস্য বংশঃ। ব্যাখ্যানন্তু পূর্ব্ববৎ। ব্রহ্ম স্বয়ম্ভু; ব্রহ্মণে নম ওঁম্ ইতি ॥ ৩৩১—৩॥

ইতি শ্রীবৃহদারণ্যকোপনিষদি চতুর্থাধ্যায়স্য ষষ্ঠম্ বংশব্রাহ্মণভাষ্যম্ ॥ ৪ ॥ ৬ ॥

ইতি শ্রীমদ্ গোবিন্দভগবৎ পূজ্যপাদশিষ্যস্য পরমহংস-পরিব্রাজকাচার্য্যস্য শ্রীশঙ্করভগবতঃ কৃতৌ বৃহদারণ্যকোপনিষদ্ভাষ্যে চতুর্থোঽধ্যায়ঃ ॥ ৪ ॥

টীকা।—তদেবং বিচারদ্বারা সর্বশ্রুতীনামাপাততো বিরুদ্ধানামবিরোধং প্রতিপাদ্যাথ বংশং তত্তাৎপর্য্যার্থমাহ—অথেতি। সাঙ্গোপাঙ্গস্য সকলস্যাস্য বিজ্ঞানস্য প্রবচনানুক্রমপ্রদর্শনার্থমাহ—অনন্তরমিতি। যথা প্রথমান্তঃ শিষ্যো গুরুস্তু পঞ্চম্যন্ত ইতি চতুর্থান্তে ব্যাখ্যাতং, তথাত্রাপীত্যাহ—ব্যাখ্যানং ত্বিতি। উক্তাগমোপপত্তিভ্যাং সসংন্যাসং সেতিকর্ত্তব্যতাকমাত্মজ্ঞানমমৃতত্বসাধনং সিদ্ধমিত্যুপসংহর্তুমিতি-শব্দঃ। পরিসমাপ্তৌ মঙ্গলমাচরতি—ব্রহ্মেতি ॥৩৩১।৩৩২।৩৩৩।১।২।৩॥

ইতি বৃহদারণ্যকোপনিষদ্ভাষ্যটীকায়াং চতুর্থাধ্যায়স্য ষষ্ঠং বংশব্রাহ্মণম্ ॥ ৪ ॥ ৬ ॥

ইতি শ্রীমৎপরমহংসপরিব্রাজকাচার্য্য শ্রীমচ্ছুদ্ধানন্দভগবৎপূজ্যপাদশিষ্য-শ্রীমদ্ভগবদানন্দজ্ঞান-বিরচিতায়াং শ্রীমদ্বৃহদারণ্যকোপনিষদ্ভাষ্যটীকায়াং চতুর্থোঽধ্যায়ঃ ॥ ৪ ॥

চতুর্থোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ ৪ ॥

পঞ্চমোঽধ্যায়ঃ।

প্রথমং ব্রাহ্মণম্।

ওঁম্ পূর্ণমদঃ পূর্ণমিদং পূর্ণাৎ পূর্ণমুদচ্যতে।
পূর্ণস্য পূর্ণমাদায় পূর্ণমেবাবশিষ্যতে ॥ ৩৩৪ ॥ ১ ॥

সরলার্থঃ।—[কার্য্যাত্মনঃ কারণাত্মনশ্চ ব্রহ্মণঃ অখণ্ডপূর্ণত্বমাবেদয়িতু-মাহ—'পূর্ণমদঃ ইত্যাদি।] অদঃ (পরোক্ষং কারণাত্মকং ব্রহ্ম) পূর্ণম্ (অখণ্ডম্), তথা ইদং (কার্য্যাত্মকং জগদ্রূপং ব্রহ্ম) পূর্ণম্। পূর্ণাৎ (কারণাৎ) পূর্ণং (কার্য্যং ব্রহ্ম) উদচ্যতে (উদ্গচ্ছতি)। [প্রলয়াদৌ চ,] পূর্ণস্য (পূর্ণতয়া অবস্থিতস্য কার্য্যাত্মনঃ) পূর্ণং (পূর্ণত্বম্) আদায় (গৃহীত্বা) [কারণং ব্রহ্ম] পূর্ণম্ এব অবশিষ্যতে (ন কথঞ্চিৎ বিক্রিয়তে ইত্যাশয়ঃ) ॥ ৩৩৪ ॥ ১ ॥

মূলানুবাদ।—'অদঃ'—ইন্দ্রিয়ের অগোচর কারণস্বরূপ ব্রহ্ম, তিনি পূর্ণ; এবং 'ইদং'—কার্য্যাত্মক ব্রহ্ম, তিনিও পূর্ণ; পূর্ণ জগৎ-কার্য্য পূর্ণ কারণ হইতে অভিব্যক্ত হয়। অবশেষে এই পূর্ণের পূর্ণত্ব লইয়া—অর্থাৎ পরিপূর্ণস্বরূপ এই কার্য্য জগৎ তাহাতে বিলীন হইলে পর, সেই পূর্ণই অবশিষ্ট থাকেন; অর্থাৎ তাহার কোন প্রকার বিকৃতি ঘটে না ॥৩৩৪॥১॥

শাঙ্করভাষ্যম্।—'পূর্ণমদঃ' ইত্যাদি খিলকাণ্ডমারভ্যতে। অধ্যায়-চতুষ্টয়েন যদেব সাক্ষাদপরোক্ষাদ্ ব্রহ্ম, য আত্মা সর্ব্বান্তরঃ নিরুপাধিকঃ অশ-নায়াদ্যতীতঃ নেতিনেতীতি-ব্যপদেশ্যো নির্দ্ধারিতঃ, যদ্বিজ্ঞানং কেবলমমৃতত্ব-সাধনম্, অধুনা তস্যৈবাত্মনঃ সোপাধিকস্য শব্দার্থাদিব্যবহারবিষয়াপন্নস্য পুরস্তা-দনুক্তানি উপাসনানি কর্ম্মভিরবিরুদ্ধানি প্রকৃষ্টাভ্যুদয়সাধনানি ক্রমমুক্তিভাঞ্জি চ, তানি বক্তব্যানীতি পরঃ সন্দর্ভঃ। সর্ব্বোপাসনশেষত্বেন ওঁকারঃ দমং দানং দয়াম্-ইত্যেতানি চ বিধিৎসিতানি। ১

টীকা। পূর্ব্বস্মিন্ অধ্যায়ে ব্রহ্মাত্মজ্ঞানং সকলং সাঙ্গোপাঙ্গং বাদশুদ্ধ্যেনোক্তম্, ইদানীং কাণ্ডান্তরমবতারয়তি—পূর্ণমিতি। পূর্ব্বাধ্যায়েষ্বেব সর্ব্বস্য বক্তব্যস্য সমাপ্তত্বাদনং খিল-কাণ্ডারম্ভোঽনর্থক ইত্যাশঙ্ক্য পূর্ব্বত্রানুক্তং পরিশিষ্টং বস্তু খিলশব্দবাচ্যমস্তীত্যাহ—অধ্যায়-চতুষ্টয়েনেতি।

সর্ব্বাণ্যুক্তানীত্যুক্ত ইতি শেষঃ। অমৃতত্বসাধনং নির্দ্ধারিতমিতি পূর্ব্বেণ সম্বন্ধঃ। শব্দার্থাধীতাদি-লক্ষণেন মানমেয়াদিগ্রহঃ। ধ্রুবং শিক্ষেদিত্যুক্তানীতি শেষঃ। ১

পূর্ণমদঃ—পূর্ণং ন কুতশ্চিদ্ব্যাবৃত্তং ব্যাপীত্যেতৎ; নিষ্ঠা চ কর্ত্তরি দ্রষ্টব্যা। অদ ইতি পরোক্ষাভিধায়ি সর্ব্বনাম, তৎ পরং ব্রহ্মেত্যর্থঃ। তৎ সম্পূর্ণম্ আকাশবৎ ব্যাপি নিরন্তরং নিরুপাধিকং চ; তদেব ইদং সোপাধিকং নামরূপস্থং ব্যবহারাপন্নং পূর্ণং স্বেন রূপেণ পরমাত্মনা ব্যাপ্যেব, ন উপাধিপরিচ্ছিন্নেন বিশেষাত্মনা। তদিদং বিশেষাপন্নং কার্য্যাত্মকং ব্রহ্ম পূর্ণাৎ কারণাত্মনঃ উদচ্যতে উদ্রিচ্যতে উদ্গচ্ছতীত্যেতৎ। যদ্যপি কার্য্যাত্মনা উদ্রিচ্যতে, তথাপি যৎ স্বরূপং পূর্ণত্বং পরমাত্মভাবং, তন্ন জহাতি, পূর্ণমেব উদ্রিচ্যতে। পূর্ণস্য কার্য্যাত্মনো ব্রহ্মণঃ, পূর্ণং পূর্ণত্বম্, আদায় গৃহীত্বা আত্মস্বরূপৈকরসত্বম্ আপাদ্য বিদ্যয়া, অবিদ্যাকৃতং ভূতমাত্রোপাধিসংসর্গজমন্যত্বাবভাসং তিরস্কৃত্য, পূর্ণমেব অনন্তরমবাহ্যং প্রজ্ঞানঘনৈকরসস্বভাবং কেবলং ব্রহ্ম অবশিষ্যতে। ২

ওঁকারাদি যত্র সাধনত্বেন বিধিৎসিতং, তৎ প্রকৃতাত্মৈক্যজ্ঞানমনুবদতি—পূর্ণমিতি। অবয়বার্থমুক্ত্বা সমুদায়ার্থমাহ—তৎ সম্পূর্ণমিতি। অদঃ পূর্ণমিত্যনেন লক্ষ্যং তৎপদার্থং দর্শয়িত্বা ত্বংপদার্থং দর্শয়তি—তদেবেতি। কথং সোপাধিকস্য পূর্ণত্বমিত্যাশঙ্ক্যাহ—স্বেনেতি। ব্যাপ্যেবেত্যস্যার্থমাহ—নোপাধীতি। ন ব্যবচ্ছিন্নেন বিশিষ্টেন রূপেণ পূর্ণতাং বর্ণয়ামঃ, কিন্তু কেবলেন স্বরূপেণেত্যর্থঃ। লক্ষ্যৌ তত্ত্বংপদার্থাবুক্ত্বা তয়োরেব বাক্যার্থং কথয়তি—তদিদমিতি। কথং কার্য্যাত্মনোদ্রিচ্যমানস্য পূর্ণত্বমিত্যাশঙ্ক্যাহ—যদ্যপীতি। লক্ষ্যপদার্থৈক্যজ্ঞানফলমুপক্ষিপতি—পূর্ণস্যেতি। ২

যদুক্তং "ব্রহ্ম বা ইদমগ্র আসীৎ, তদাত্মানমেবাবেৎ, তস্মাত্তৎ সর্ব্বমভবৎ" ইতি—এষঃ অস্য মন্ত্রস্যার্থঃ। তত্র ব্রহ্মেত্যস্যার্থঃ 'পূর্ণমদঃ' ইতি। ইদং পূর্ণমিতি "ব্রহ্ম বা ইদমগ্র আসীৎ" ইত্যস্যার্থঃ; তথা চ শ্রুত্যন্তরম্, "যদেবেহ তদমুত্র যদমুত্র তদন্বিহ" ইতি। অতঃ অদঃশব্দবাচ্যং পূর্ণং ব্রহ্ম, তদেবেদং পূর্ণং কার্য্যস্থং নামরূপোপাধিসংযুক্তমবিদ্যয়া উদ্রিক্তম্, তস্মাদেব পরমার্থস্বরূপাদন্যদিব প্রত্যবভাসমানম্—তৎ আত্মানমেব পরং পূর্ণং ব্রহ্ম বিদিত্বা—অহম্ অদঃ পূর্ণং ব্রহ্মাস্মীত্যেবম্, পূর্ণমাদায়—তিরস্কৃত্য অপূর্ণস্বরূপতামবিদ্যাকৃতাং নামরূপোপাধিসম্পর্কজাম্ এতয়া ব্রহ্মবিদ্যয়া, পূর্ণমেব কেবলমবশিষ্যতে। তথা চোক্তম্, "তস্মাৎ তৎ সর্ব্বমভবৎ" ইতি। যঃ সর্ব্বোপনিষদর্থো ব্রহ্ম, স এষঃ অনেন মন্ত্রেণানূদ্যতে—উত্তরসম্বন্ধার্থম্। ব্রহ্মবিদ্যাসাধনত্বেন হি বক্ষ্যমাণানি সাধনানি ওঁকার-দম-দান-দয়াখ্যানি বিধিৎসিতানি, খিলপ্রকরণসম্বন্ধাৎ সর্ব্বোপাসনাঙ্গভূতানি চ। ৩

উপক্রমোপসংহারয়োরেকরূপামেকো শ্রুতিতাৎপর্য্যলিঙ্গং দর্শয়তে—যদুক্তমিতি। কথং

পূর্ব্বকণ্ডিকয়া সহৈকার্থত্বেনৈকবাক্যত্বমিত্যাশঙ্ক্য তদনুৎপাদয়তি—তত্রেত্যাদিনা। উপক্রমোপসংহারসিদ্ধে ব্রহ্মাত্মৈক্যে কণ্ঠশ্রুতিং সংবাদয়তি—তথা চেতি। ব্রহ্মাত্মনোরৈক্যমুক্তমুপক্রমবাক্যার্থমাহ—অত ইতি। পূর্ণং তদ্ব্রহ্মেতি তচ্ছব্দো দ্রষ্টব্যঃ। উক্তমেব ব্যনক্তি—তস্মাদেবেতি। সংসারাবস্থাং দর্শয়িত্বা মোক্ষাবস্থাং দর্শয়তি—তদ্যদাত্মানমিতি। উক্তে বিদ্যাফলে বাক্যোপক্রমমনুকূলয়তি—তথা চোক্তমিতি।

ন কেবলং ব্রহ্মকণ্ডিকয়ৈবাস্য মন্ত্রস্যৈকবাক্যত্বং, কিন্তু সর্ব্বাভিরুপনিষদ্ভিরিত্যাহ—সর্ব্বোপনিষদর্থ ইতি। অনুবাদফলমাহ—উত্তরেতি। তদেব স্ফুটয়তি—ব্রহ্মবিদ্যেতি। তস্মাদনুক্তো ব্রহ্মণোঽনুবাদ ইতি শেষঃ। কথং তর্হি সর্ব্বোপাসনশেষত্বেন বিধিৎসিতস্য ওঁকারাদীনামুক্তমত আহ—খিলেতি। ৩

অত্রৈকে বর্ণয়ন্তি,—পূর্ণাৎ কারণাৎ পূর্ণং কার্য্যমুদ্রিচ্যতে। উদ্রিক্তং কার্য্যং বর্ত্তমানকালেঽপি পূর্ণমেব পরমার্থবস্তুভূতং দ্বৈতরূপেণ; পুনঃ প্রলয়কালে পূর্ণস্য কার্য্যস্য পূর্ণতামাদায় আত্মনি ধিত্বা পূর্ণমেব অবশিষ্যতে কারণরূপম্; এবমুৎপত্তিস্থিতিপ্রলয়েষু ত্রিষ্বপি কালেষু কার্য্যকারণয়োঃ পূর্ণতৈব; সা চ একৈব পূর্ণতা কার্য্যকারণয়োর্ভেদেন ব্যপদিশ্যতে; এবঞ্চ দ্বৈতাদ্বৈতাত্মকমেকং ব্রহ্ম। যথা কিল সমুদ্রো জলতরঙ্গফেনবুদ্বুদাদ্যাত্মক এব; যথা চ জলং সত্যম্, তদুদ্ভবাশ্চ তরঙ্গফেনবুদ্বুদাদয়ঃ সমুদ্রাত্মভূতা এবাবির্ভাবতিরোভাবধর্ম্মাণঃ পরমার্থসত্যা এব, এবং সর্ব্বমিদং দ্বৈতং পরমার্থসত্যমেব জলতরঙ্গাদিস্থানীয়ম্, সমুদ্রজলস্থানীয়ং তু পরং ব্রহ্ম। ৪

অদ্বিতীয়ং ব্রহ্মেত্যুৎসর্গপ্রবৃত্তং শাস্ত্রং প্রলয়াবস্থব্রহ্মবিষয়ং, সৃষ্টিশাস্ত্রং তু বিশেষশাস্ত্রং তস্যাপবাদস্তস্মাদ্ দ্বৈতাদ্বৈতরূপং ব্রহ্ম সর্ব্বোপনিষদর্থস্তদেব ব্রহ্মানেন মন্ত্রেণ সংক্ষিপ্যত ইতি ভর্তৃপ্রপঞ্চপক্ষমুত্থাপয়তি—অত্রেত্যাদিনা। কার্য্যকারণয়োরুৎপত্তিকালে পূর্ণত্বমুক্ত্বা স্থিতিকালেঽপি তদাহ—উদ্রিক্তমিতি। প্রলয়কালেঽপি তয়োঃ পূর্ণত্বং দর্শয়তি—পুনরিতি। কালভেদেন কার্য্যকারণয়োরুক্তাং পূর্ণতাং নিগময়তি—এবমিতি। কার্য্যকারণে দ্বে পূর্ণে চেৎ, তর্হি কথমদ্বৈতসিদ্ধিরিত্যাশঙ্ক্যাহ—সা চেতি। কথং তর্হি দ্বয়োরুক্তং পূর্ণত্বং, তদাহ—কার্য্যকারণয়োরিতি। একা পূর্ণতা, ব্যপদিশ্যতে চ দ্বয়োরিতি স্থিতে লব্ধমর্থমাহ—এবঞ্চেতি; একঞ্চানেকাত্মকমিতি শেষঃ। ব্রহ্মণো দ্বৈতাত্মকত্বেঽপি সত্যমদ্বৈতমসত্যমিতরদিত্যাশঙ্ক্যাহ—যথা চেত্যাদিনা। ৪

এবঞ্চ কিল দ্বৈতস্য সত্যত্বে কর্ম্মকাণ্ডস্য প্রামাণ্যম্; যদা পুনর্দ্বৈতং দ্বৈতমিদমবিদ্যাকৃতং মৃগতৃষ্ণিকাবদনৃতম্, অদ্বৈতমেব পরমার্থতঃ, তদা কিল কর্ম্মকাণ্ডং বিষয়াভাবাদপ্রমাণং ভবতি; তথা চ বিরোধ এব স্যাৎ,—বেদৈকদেশভূতা উপনিষৎ প্রমাণম্, পরমার্থতোঽদ্বৈতবস্তুপ্রতিপাদকত্বাৎ; অপ্রমাণং কর্ম্মকাণ্ডম্, অসদ্দ্বৈতবিষয়ত্বাৎ। তদ্বিরোধপরিজিহীর্ষয়া শ্রুত্যৈতদুক্তম্—কার্য্যকারণয়োঃ সত্যত্বং সমুদ্রবৎ 'পূর্ণমদঃ' ইত্যাদিনেতি। ৫

যেতস্য পরমার্থসত্যত্বে কর্ম্মকাণ্ডশ্রুতিরনুকূলয়তি—এবং চেতি। বিপক্ষে দোষমাহ—যদা পুনরিতি। অস্য কর্ম্মকাণ্ডাপ্রামাণ্যং নেত্যাহ—তথা চেতি। বিরোধোঽত্রানভিধেরি ৫ সদা। তদেব বিরোধং সাধয়তি—নেদেতি। কথং তর্হি বিরোধসমাধিঃ স্যাত্তত্রাহ—অবিরোধেতি। ৫

তদসৎ, বিশিষ্টবিষয়াপবাদবিকল্পয়োরসম্ভবাৎ। ন হীয়ং সুনিরূপিতা কল্পনা; কস্মাৎ? যথা ক্রিয়াবিষয়ে উৎসর্গপ্রাপ্তস্যৈকদেশেঽপবাদঃ ক্রিয়তে, যথা "অহিংসন্ সর্ব্বভূতান্যন্যত্র তীর্থেভ্যঃ" ইতি হিংসা সর্ব্বভূতবিষয়া উৎসর্গেণ নিবারিতা তীর্থে বিশিষ্টবিষয়ে জ্যোতিষ্টোমাদাবনুজ্ঞায়তে, ন চ তথা বস্তুবিষয়ে ইহ অদ্বৈতং ব্রহ্ম উৎসর্গেণ প্রতিপাদ্য পুনস্তদেকদেশেঽপবদিতুং শক্যতে; ব্রহ্মণোঽদ্বৈতত্বাদেব একদেশত্বানুপপত্তেঃ। তথা বিকল্পানুপপত্তেশ্চ, যথা "অতিরাত্রে ষোড়শিনং গৃহ্ণাতি, নাতিরাত্রে ষোড়শিনং গৃহ্ণাতি" ইতি গ্রহণাগ্রহণয়োঃ পুরুষাধীনত্বাদ্বিকল্পো ভবতি, ন ত্বিহ তথা বস্তুবিষয়ে দ্বৈতং বা স্যাৎ, অদ্বৈতং বেতি বিকল্পঃ সম্ভবতি, অপুরুষতন্ত্রত্বাদাত্মবস্তুনঃ, বিরোধাচ্চ দ্বৈতাদ্বৈতত্বয়োরেকস্য। তস্মান্ন সুনিরূপিতেয়ং কল্পনা। ৬।

প্রাপ্তং ভেদপক্ষপ্রস্থানং প্রত্যাচষ্টে—তদসদিতি। বিশিষ্টমদ্বিতীয়ং ব্রহ্ম তদ্বিষয়োৎসর্গাপবাদয়োর্বিকল্পসমুচ্চয়য়োশ্চাসম্ভবং বক্তুং প্রতিজ্ঞাভাগং বিভজতে—ন হীতি। তত্র প্রশ্নপূর্ব্বকং হেতুং বিবৃণোতি—কস্মাদিত্যাদিনা। যথেত্যাদিগ্রন্থস্য ন চ তথেত্যাদিনা সম্বন্ধঃ। ক্রিয়ায়ামুৎসর্গাপবাদসম্ভাবনামুদাহরতি—যথেত্যাদিনা। তথা অত্রাপি ক্রিয়ায়ামুৎসর্গাপবাদৌ দৃষ্টৌ, ন তাবদদ্বিতীয়ে ব্রহ্মণি সম্ভবতঃ। ন হি ব্রহ্মাবয়মেব জায়তে ক্রিয়তে চেতি সম্ভাবনাস্পদমিতি ভাবঃ। উৎসর্গাপবাদানুপপত্তিবদ্ ব্রহ্মণি বিকল্পানুপপত্তেশ্চ তদেকরসমেবিতব্যমিত্যাহ—তথেতি। বিকল্পানুপপত্তিমুপপাদয়তি—যথেত্যাদিনা। সম্প্রতি সমুচ্চয়াসম্ভবমভিদধাতি—বিরোধাচ্চেতি। উৎসর্গাপবাদবিকল্পসমুচ্চয়ানামসম্ভবাৎ ন যুক্তা ব্রহ্মণো নানারসবৎকল্পনেতি ফলিতমাহ—তস্মাদিতি। ৬

শ্রুতিন্যায়বিরোধাচ্চ—সৈন্ধবঘনবৎ প্রজ্ঞানৈকরসঘনং নিরন্তরং পূর্ব্বাপরবাহ্যাভ্যন্তরভেদবিবর্জ্জিতং সবাহ্যাভ্যন্তরমজং নেতি-নেত্যস্থূলমনণ্বহ্রস্বমজরমভয়মমৃতম্—ইত্যেবমাদ্যাঃ শ্রুতয়ো নিশ্চিতার্থাঃ সংশয়বিপর্য্যাসাশঙ্কারহিতাঃ সর্ব্বাঃ সমুদ্রে প্রক্ষিপ্তাঃ স্যুঃ, অকিঞ্চিৎকরত্বাৎ। তথা ন্যায়বিরোধোঽপি—সাবয়বস্যানেকাত্মকস্য ক্রিয়াবতো নিত্যত্বানুপপত্তেঃ; নিত্যত্বঞ্চ আত্মনঃ স্মৃত্যাদিদর্শনাদনুমীয়তে; তদ্বিরোধশ্চ প্রাপ্নোতি অনিত্যত্বে; তদ্বৎকল্পনানর্থক্যঞ্চ; স্ফুটমেব চ অস্মিন্ পক্ষে কর্ম্মকাণ্ডানর্থক্যম্; অকৃতাভ্যাগমকৃতবিপ্রণাশপ্রসঙ্গাৎ। ৭।

পরকীয়কল্পনানুপপত্তৌ হেত্বন্তরং প্রতিজ্ঞায় শ্রুতিবিরোধং প্রকটীকৃত্য ন্যায়বিরোধং প্রকটয়তি—তথেতি। ব্রহ্মণোঽনেকরসত্বে স্যাদিতি শেষঃ। নিত্যত্বানুপপত্তেরাত্মনো নিত্যত্বাঙ্গীকারবিরোধঃ স্যাদিত্যধ্যাহারঃ। নন্বস্তু নিত্যত্বং নাঙ্গীক্রিয়তে নানাত্বাবাদিভিরিতি প্রাসঙ্গিকীমাশঙ্কাং প্রত্যাহ—নিত্যঞ্চেতি। কৃতাবিপ্রণাশাদিত্যাদিশব্দেন "স এব তু কর্ম্মানুস্মৃতিশব্দবিধিভ্যঃ" ইত্যধিকরণোক্তা হেতবো গৃহ্যন্তে। অঙ্গীক্রিয়তে কল্প্যতে স্বীক্রিয়ত ইতি যাবৎ। তদ্বিরোধশ্চ কৃতাদিপ্রণাশকৃতাত্মনিত্যত্বানুমানবিরোধশ্চেত্যর্থঃ। আত্মনো অনিত্যত্বে দোষান্তরমাহ—তথেতি। কর্ম্মকাণ্ডস্য সপ্তার্থকঃ পরেণ কল্প্যতে, তদানর্থক্যমাত্মানিত্যত্বে প্রাপ্তমাপতেদিত্যাক্ষেপেণ স্ফুটয়তি—স্ফুটমেবেতি। ৭

নম্ব ব্রহ্মণো দ্বৈতাদ্বৈতাত্মকত্বে, সমুদ্রাদিদৃষ্টান্তা বিদ্যন্তে; কথমুচ্যতে ভবতা একস্য দ্বৈতাদ্বৈতত্বং বিরুদ্ধমিতি? ন, অন্যবিষয়ত্বাৎ; নিত্যনিরবয়ববস্তুবিষয়ং হি বিরুদ্ধত্বম্ অবোচাম দ্বৈতাদ্বৈতত্বস্য, ন কার্য্যবিষয়ে সাবয়বে। তস্মাৎ শ্রুতিস্মৃতিন্যায়বিরোধাৎ অনুপপন্নৈব কল্পনা। অন্যাঃ কল্পনায়া বরমুপনিষৎপরিত্যাগ এব। ৮

ব্রহ্মণো নানারসত্বে বিরোধমুক্তমসহমানঃ চোদ্যং স্মারয়তি—নন্বিতি। সমুদ্রাদীনাং কার্য্যত্বসাবয়বত্বাভ্যামনেকাত্মকত্বমবিরুদ্ধং, ব্রহ্মণস্তু নিত্যত্বাৎ নিরবয়বত্বাৎ চ নানেকাত্মকত্বং যুক্তমিতি বৈষম্যমাদর্শয়ন্ উত্তরমাহ—নেত্যাদিনা। ব্রহ্মণো নানারসত্বকল্পনানুপপত্তিমুপসংহরতি—তস্মাদিতি। 'অজো নিত্যঃ শাশ্বতোঽয়ং পুরাণঃ।' ইত্যাদ্যাঃ স্মৃতয়ঃ। নন্ প্রত্যক্ষাদ্যবিরোধেনোপনিষদাং বিষয়সিদ্ধার্থমেবা কল্পনা ক্রিয়তে, তথা চ কথং সা অনুপপন্নেত্যাশঙ্ক্যাহ—অন্যা ইতি। বিরুদ্ধার্থত্বে কল্পিতেঽপি তৎ প্রামাণ্যানুপপত্তেরবিশেষাদিতি ভাবঃ।

কিং চ, ব্রহ্মণো নানারসত্বং লৌকিকং বৈদিকং বা। ন আদ্যঃ, তস্যালৌকিকত্বাৎ, নানারসত্বে লোকস্য তটস্থত্বাৎ। ন দ্বিতীয়ঃ, তস্য নানারসত্বস্য ধ্যেয়ত্বেন জ্ঞেয়ত্বেন বা শাস্ত্রেণানুপদেশাদিত্যাহ—অধ্যেয়ত্বাৎ চেতি। তদেব স্ফুটয়তি—ন হীতি। ইতশ্চ নানারসং ব্রহ্ম ন যথাশাস্ত্রমপ্রকাশমিত্যাহ—প্রজ্ঞানেতি। চকারাদুপদিশ্যত ইত্যাকৃষ্যতে। অনেকধাদর্শনাপবাদাচ্চ, নানারসং ব্রহ্ম শাস্ত্রার্থো ন ভবতীতি শেষঃ। ভেদদর্শনস্য নিন্দিতত্বে ফলমর্থমাহ—যৎ চেতি। অকর্ত্তব্যত্বে প্রাপ্তমর্থং কথয়তি—যৎ চেতি। সামান্যন্যায়ং প্রকৃতে যোজয়তি—ব্রহ্মণ ইতি। কস্তর্হি—শাস্ত্রার্থস্তত্রাহ—যত্বিতি। ৮

অধ্যেয়ত্বাচ্চ ন শাস্ত্রার্থৈবং কল্পনা; ন হি জননমরণাদ্যনর্থশতসঙ্কুলভেদসমাকুলং সমুদ্রবনাদিবৎ সাবয়বমনেকরসং ব্রহ্ম ধ্যেয়ত্বেন বিজ্ঞেয়ত্বেন বা শ্রুত্যা উপদিশ্যতে; প্রজ্ঞানঘনতা চ উপদিশ্যতে, "একধৈবানুদ্রষ্টব্যম্" ইতি চ; অনেকধাদর্শনাপবাদাচ্চ "মৃত্যোঃ স মৃত্যুমাপ্নোতি য ইহ নানেব পশ্যতি" ইতি। যচ্চ শ্রুত্যা নিন্দিতম্, তন্ন কর্ত্তব্যম্; যচ্চ ন ক্রিয়তে, ন স শাস্ত্রার্থঃ। ব্রহ্মণোঽনেকরসত্বমনেকধাত্বঞ্চ দ্বৈতরূপং নিন্দিতত্বান্ন দ্রষ্টব্যম্; অতো ন

শাস্ত্রার্থঃ। যত্তু একরসত্বং ব্রহ্মণঃ, তৎ দ্রষ্টব্যত্বাৎ প্রশস্তম; প্রশস্তত্বাচ্চ শাস্ত্রার্থো ভবিতুমর্হতি। ৯

ব্রহ্মৈকরস্যে প্রাগুক্তং দোষমনূভাষতে—যত্ত্বিতি। কর্মকাণ্ডস্য কর্মবিষয়ে ন প্রামাণ্যম্, অসদ্দ্বৈতবিষয়ত্বাৎ, ব্রহ্মকাণ্ডস্য ত্বদ্বৈতে প্রামাণ্যং পরমার্থাদ্বৈতবস্তুপ্রতিপাদকত্বাৎ, তথা চ বিরোধোঽধ্যয়নবিধেরিত্যনুবাদার্থঃ। কর্মকাণ্ডাপ্রামাণ্যং প্রত্যাচষ্টে—তন্নেতি। প্রসিদ্ধং ভেদমাদায় তত্রৈব বিধিনিষেধোপদেশস্য প্রবৃত্তিনিবৃত্তিদ্বারার্থবত্ত্বান্ন কর্মকাণ্ডানর্থক্যমিত্যর্থঃ। ননু শাস্ত্রমেবাদৌ ভেদং বোধয়িত্বা পশ্চাদভ্যুদয়সাধনং কর্মোপদিশতি, তথা চ নাস্তি ভেদপ্রাপ্তিতঃ প্রাপ্তিরত আহ—ন হীতি। তথা হি শাস্ত্রং জাতমাত্রং পুরুষং প্রত্যদ্বৈতং বস্তু জ্ঞাপয়িত্বা পশ্চাদ্ব্রহ্মবিদ্যামুপদিশতীতি নেষ্যতে, তথা প্রথমমেব পুরুষং প্রতি দ্বৈতং বোধয়িত্বা কর্ম পুনর্বোধয়তীত্যপি নাভ্যুপেয়ং, প্রথমতো ভেদবেদনাবস্থায়ামস্য শাস্ত্রানধিকারিত্বাদিত্যর্থঃ। দ্বৈতস্যোপদেশার্হত্বমঙ্গীকৃত্যোক্তং, তদেব নাস্তীত্যাহ—ন চেতি। ৯

যদুক্তম্—বেদৈকদেশস্যাপ্রামাণ্যম্ কর্মবিষয়ে, দ্বৈতাভাবাৎ; অদ্বৈতে চ প্রামাণ্যমিতি; তন্ন, যথাপ্রাপ্তোপদেশার্থত্বাৎ। ন হি দ্বৈতমদ্বৈতং বা বস্তু জাতমাত্রমেব পুরুষং জ্ঞাপয়িত্বা, পশ্চাৎ কর্ম বা ব্রহ্মবিদ্যাং বা উপদিশতি শাস্ত্রম্; ন চোপদেশার্হং দ্বৈতম্, জাতমাত্র-প্রাণিবুদ্ধিগম্যত্বাৎ। ন চ দ্বৈতস্যানৃতত্ববুদ্ধিঃ প্রথমমেব কস্যচিৎ স্যাৎ, যেন দ্বৈতস্য সত্যত্বমুপদিশ্য পশ্চাদাত্মনঃ প্রামাণ্যং প্রতিপাদয়েৎ শাস্ত্রম্। নাপি পাষণ্ডিভিরপি প্রস্থাপিতাঃ শাস্ত্রস্য প্রামাণ্যং ন গৃহ্ণীয়ুঃ।

তস্মাদ্ যথাপ্রাপ্তমেব দ্বৈতমবিদ্যাকৃতং স্বাভাবিকমুপাদায় স্বাভাবিক্যৈবা-বিদ্যয়া যুক্তায় রাগদ্বেষাদিদোষবতে যথাভিমত-পুরুষার্থসাধনং কর্ম উপদিশত্যগ্রে; পশ্চাৎ প্রসিদ্ধক্রিয়াকারকফলস্বরূপদোষদর্শনবতে তদ্বিপরীতৌদাসীন্য-স্বরূপাবস্থানার্থিনে তদুপায়ভূতামাত্মৈকত্বদর্শনাত্মিকাং ব্রহ্মবিদ্যামুপদিশতি। ১০

ননু দ্বৈতস্য সত্যত্বাভাবে ক্রত্বনুষ্ঠানায় পুংসাং প্রবৃত্ত্যনুপপত্তেঃ স্বপ্রামাণ্যসিদ্ধ্যর্থমেব দ্বৈতসত্যত্বং শ্রুতির্বোধয়িষ্যতি, নেত্যাহ—ন চ দ্বৈতস্যেতি। দ্বৈতানৃতত্ববাদিষু কর্মজড়ানাং অদ্বৈতপ্রতীতের্ন প্রথমতো দ্বৈতানৃতত্ববুদ্ধিঃ, ন চ দ্বৈতসত্যত্বং ক্রত্বর্থত্বপরিচয়হীনানামপি দ্বৈত-সত্যত্বাভিনিবেশাদিত্যর্থঃ। কিঞ্চ ন দ্বৈতবৈতথ্যং শাস্ত্রপ্রামাণ্যবিঘাতকং, যতো বৌদ্ধাদিভিঃ প্রয়াসে প্রস্থাপিতাঃ ক্ষণিকা দ্বৈতমিথ্যাত্বাবগমেঽপি "স্বর্গকামশ্চৈত্যং বন্দেত" ইত্যাদিশাস্ত্রস্য প্রামাণ্যং গৃহ্ণন্তি। তথাগ্নিহোত্রাদিশাস্ত্রস্যাপি প্রামাণ্যং ভবিষ্যতি সাধনবশঙ্কানপহারাদিত্যাহ—নাপীতি।

কাণ্ডদ্বয়স্য প্রামাণ্যোপপত্তিমুপসংহরতি—তস্মাদিত্যাদিনা। প্রসিদ্ধো যোঽয়ং ক্রিয়াকারকফলে ভেদে দোষঃ সাতিশয়ত্বাদিস্তদ্দর্শনং বিবেকস্তদ্বতে, তস্মাদ্দ্বৈতাদ্বিপরীতমৌদাসীন্যোপলক্ষিতং রূপং, তস্মিন্নবস্থানং কৈবল্যং, তদর্থিনে মুমুক্ষবে সাধনচতুষ্টয়সম্পন্নায়েত্যর্থঃ। ১০

ত্বাৎ, তস্য চ নিত্যমুক্তত্বাদুপদেশঃ সম্ভবতীত্যাহ—এক ইতি। তদুপদেশাভাবে হেত্বন্তরমাহ—ন চেতি। উপদেষ্টা হি ব্রহ্মণোঽন্যোঽনন্যো বা। নান্যোঽভ্যুপগমবিরোধাৎ। ন দ্বিতীয়ো ভেদমন্তরেণোপদেশকত্বাসম্ভবাদিতি ভাবঃ। ১২

অথ দ্বৈতবিষয়স্যানেকত্বাৎ অন্যোন্যোপদেশঃ, ন এক্ষবিষয় উপদেশঃ ইতি চেৎ? তদা দ্বৈতাদ্বৈতাত্মকমেব ব্রহ্ম নাস্যদস্তীতি বিরুধ্যতে। যস্মিন্ দ্বৈতবিষয়ে অন্যোন্যোপদেশঃ, স অন্যঃ, দ্বৈতঞ্চ অন্যদেব, ইতি সমুদ্রদৃষ্টান্তো বিরুদ্ধঃ। ন চ সমুদ্রোদকৈকত্ববৎ বিজ্ঞানৈকত্বে ব্রহ্মণঃ, অন্যত্রোপদেশগ্রহণাদিকল্পনা সম্ভবতি; ন হি হস্তাদিদ্বৈতাদ্বৈতাত্মকে দেবদত্তে বাক্-কর্ণয়োর্দেবদত্তৈকদেশভূতয়োঃ বাগুপদেষ্ট্রী, কর্ণঃ কেবল উপদেশস্য গ্রহীতা, দেবদত্তস্তু নোপদেষ্টা নাপ্যুপদেশস্য গ্রহীতেতি কল্পয়িতুং শক্যতে, সমুদ্রৈকোদকাত্মত্ববৎ একবিজ্ঞানবত্ত্বাৎ দেবদত্তস্য। তস্মাৎ শ্রুতিন্যায়বিরোধশ্চ অভিপ্রেতার্থাসিদ্ধিশ্চৈবং কল্পনায়াং স্যাৎ। তস্মাদ্ যথাব্যাখ্যাত এবাস্মাভিঃ 'পূর্ণমদঃ' ইত্যস্য মন্ত্রস্যার্থঃ ॥৩৩৪॥১॥

কল্পান্তরমুত্থাপয়তি—অথেতি। প্রতিজ্ঞাবিরোধেন নিরাকরোতি—তদেতি। কিঞ্চ, সমস্তং ব্রহ্মরূপত্বে যঃ সমুদ্রদৃষ্টান্তঃ, স ন স্যাৎ, পরস্পরোপদেশস্যাব্রহ্মবিষয়ত্বাদিত্যাহ—যস্মিন্নিতি। অথ যথা ফেনাদিবিকারাণাং ভিন্নত্বেঽপি সমুদ্রোদকাত্মত্বং, তথা জীবাদীনাং ভিন্নত্বেঽপি ব্রহ্মস্বভাববিজ্ঞানৈক্যাদ্ ব্রহ্ম সর্বমিতি ন বিরুধ্যতে, তত্রাহ—ন চেতি। সর্বস্য ব্রহ্মত্বমঙ্গীকৃতং চেদ্, ব্রহ্মবিষয় এবোপদেশঃ স্যাদ্ভেদস্যাবিচারিতরমণীয়ত্বাদিত্যর্থঃ। নমু নানারূপবস্তুসমুদায়ো ব্রহ্ম, তত্র প্রদেশভেদাদুপদেশোপদেশকভাবঃ, ব্রহ্ম তু নোপদেশ্যমুপদেশকং চেতি, তত্রাহ—ন হীতি। তত্র হেতুমাহ—সমুদ্রেতি। যথা সমুদ্রস্যোদকাত্মনা ফেনাদিভেদকত্বং, তথা দেবদত্তস্যেন্দ্রিয়স্য বাগাদ্যবয়বভেদেঽপ্যেকত্বেন বিজ্ঞানবত্ত্বান্ন ব্যবস্থাসংভবস্তথা ব্রহ্মণোঽপি দ্রষ্টব্যমিত্যর্থঃ। মতান্তরনিরাকরণমুপসংহরতি—তস্মাদিতি। আত্মৈকত্বপ্রতিপাদিকা শ্রুতির্ন্যায়শ্চ সাবয়বস্যানেকাত্মকস্যেত্যাদ্যনুক্তঃ। অভিপ্রেতার্থাসিদ্ধিরেবংকল্পনানর্থকং চেত্যাদিনা দর্শিতা। এবংকল্পনায়ামেকানেকাত্মকং ব্রহ্মেত্যভ্যুপগতাবিত্যর্থঃ। পরকীয়ব্যাখ্যানাসম্ভবে ফলিতমাহ—তস্মাদিতি ॥৩৩৪॥১॥

ভাষ্যানুবাদ।—এখন 'পূর্ণমদঃ' ইত্যাদি খিলকাণ্ড (খিলনামক প্রকরণ) আরব্ধ হইতেছে। (১) পূর্বোক্ত চারি অধ্যায়মধ্যে, সাক্ষাৎপ্রত্যক্ষরূপী যে ব্রহ্ম উক্ত হইয়াছেন, 'নেতি নেতি' শ্রুতিতে অশনায়াদিধর্মের অতীত, সর্বোপাধি

---

(১) তাৎপর্য্য—'খিল' অর্থ অবশিষ্ট—যাহা না বলিলে কথা অসম্পূর্ণ থাকে; অথচ যথাস্থানে তাহা বলা হয় নাই, সেরূপ গ্রন্থ বা বাক্যকে 'খিল' বলা হয়। যেমন মহাভারতের 'খিল কাণ্ড' হইতেছে—'হরিবংশ'। এই 'খিল' শব্দ হইতেই 'অখিল' শব্দের উৎপত্তি হইয়াছে। অখিল অর্থ—যাহা পূর্ণ—কোন অংশে ন্যূন নহে।

বিবর্জ্জিত সর্ব্বান্তর্যামী যে আত্মা অবধারিত হইয়াছে, এবং যাহার যাথার্থ্যোপলব্ধিই একমাত্র মুক্তিলাভের উপায় বলিয়া নির্দ্ধারিত হইয়াছে, এখন সেই সোপাধিক (দেহেন্দ্রিয়াদি উপাধিযুক্ত, সুতরাং) শব্দার্থাদি-ব্যবহারের অর্থাৎ বাচ্য-বাচকভাবরূপ সম্বন্ধের বিষয়ীভূত আত্মার সম্বন্ধেই—কর্ম্মাবিরোধী (কর্ম্মের সহিত বিরুদ্ধ নয়), অথচ উত্তম অভ্যুদয়-সিদ্ধির উপায় ও ক্রমমুক্তির (১) সহায়ভূত যে সমুদয় উপাসনা পূর্ব্বে উক্ত হয় নাই, সেই সমুদয় উপাসনার কথা বলিতে হইবে; এই জন্য পরবর্ত্তী গ্রন্থ আরব্ধ হইতেছে। এখানে সমস্ত উপাসনার অঙ্গস্বরূপ প্রণব, দম, দান ও দয়া, এ সমুদয় বিষয়ের উপদেশ-দান করাও শ্রুতির অভিপ্রেত। ১

'পূর্ণম্ অদঃ'—পূর্ণ অর্থ—সর্ব্বব্যাপী—যাহা কোন পদার্থ হইতেই ব্যাবৃত্ত বা পৃথগ্‌ভূত নহে। এখানে ('পূর্ণ' পদে) যে, নিষ্ঠা প্রত্যয় ('ক্ত' প্রত্যয়) আছে, তাহা কর্ত্তৃবাচ্যে হইয়াছে বুঝিতে হইবে; [সুতরাং 'পূর্ণ' শব্দের ব্যাপকতা অর্থ গ্রহণ করা যাইতে পারে]। 'অদঃ' শব্দটী সর্ব্বনাম শব্দ; উহা পরোক্ষ—ইন্দ্রিয়ের অগোচর বস্তুর বোধক; উহার অর্থ—সেই, অর্থাৎ বাক্য ও মনের অগোচর পরব্রহ্ম। সেই ব্রহ্ম সম্পূর্ণ অর্থাৎ আকাশের ন্যায় ব্যাপক, নিরন্তর (ব্যবধান রহিত) ও উপাধিবর্জ্জিত। সেই পরোক্ষ ব্রহ্মই আবার 'ইদং' পদবাচ্য—সোপাধিক—নামরূপাবস্থাপন্ন; [সুতরাং] লোকব্যবহারের বিষয়ীভূত; তথাপি উহা পূর্ণ ই—নিজের প্রকৃত রূপ পরমাত্মভাবে ব্যাপকই বটে; কিন্তু উপাধি-পরিচ্ছিন্ন কার্য্যাকারে [ব্যাপক] নহে। সেই যে, এই বিশেষাবস্থাপ্রাপ্ত (জগদাকারে প্রকটিত) কার্য্যাত্মক ব্রহ্ম, ইহা সেই পূর্ণ—কারণরূপী পরমাত্মা হইতেই উৎপন্ন হয়। অভিপ্রায় এই যে, ইহা যদিও কার্য্যাকারে উদ্ভূত হউক, তথাপি নিজের প্রকৃত স্বরূপ যে পূর্ণত্ব—পরমাত্মভাব, তাহা পরিত্যাগ করে নাই।

পুনশ্চ, কার্য্যাবস্থায়ও স্বরূপতঃ পূর্ণ যে, কার্য্য-ব্রহ্ম (সোপাধিক আত্মা), বিদ্যা বা তত্ত্বজ্ঞান প্রভাবে তাহার পূর্ণত্ব গ্রহণ করিয়া—আত্মার শুদ্ধ স্বরূপমাত্র অধিগত হইয়া অর্থাৎ পূর্ব্বে যে, ভৌতিক দেহেন্দ্রিয়াদি উপাধির সহিত সম্বন্ধ-

---

(১) তাৎপর্য্য—যাঁহারা সগুণ ব্রহ্মের উপাসনা করেন, তাঁহারা মৃত্যুর পর সেই উপাসনা বলে, ব্রহ্ম লোকে গমন করেন; সেখানে যাইয়া পুনশ্চ জ্ঞানানুশীলন করিতে থাকেন; পরে আত্মজ্ঞানের উদয় হয়; সেই আত্মজ্ঞানের ফলে বিদেহ মুক্তি প্রাপ্ত হন। এই প্রকার মুক্তিকে 'ক্রমমুক্তি' বলা হইয়া থাকে।

নিবন্ধন [ব্রহ্ম ও আত্মার মধ্যে] ভেদ প্রতীতি ছিল, তাহা অপনীত করিয়া, ঔপাধিক অসত্য ভেদবুদ্ধি দূরীকৃত হইলে পর, কেবলই পূর্ণ অন্তর-বাহির শূন্য, একমাত্র প্রজ্ঞানঘন স্বভাবশুদ্ধ ব্রহ্মমাত্র অবশিষ্ট থাকে। ২

পূর্ব্বে যে, "ব্রহ্ম বা ইদম্ অগ্রে আসীৎ; তৎ আত্মানমেব অবেৎ; তস্মাৎ তৎ সর্ব্বমভবৎ" এই শ্রুতিবাক্য উক্ত হইয়াছে, এই 'পূর্ণম্ অদঃ' ইত্যাদি মন্ত্রটী তাহারই অর্থপ্রকাশক মাত্র। তন্মধ্যে 'পূর্ণম্ অদঃ' কথাটী পূর্ব্বোক্ত 'ব্রহ্ম' পদের অর্থ; 'পূর্ণম্ ইদম্' কথাটী পূর্ব্বোক্ত 'ব্রহ্ম বা ইদম্ অগ্রে আসীৎ' এই বাক্য-সমষ্টির অর্থপ্রকাশক। অন্য শ্রুতিও এইরূপ অর্থই প্রকাশ করিতেছে—'যাহা এখানে, তাহাই পরলোকে; আবার যাহা পরলোকে, তাহাই এখানে অর্থাৎ প্রত্যক্ষগ্রাহ্য' ইতি। অতএব বুঝিতে হইবে, 'অদঃ' শব্দের মুখ্য অর্থ যে (পরোক্ষ) পূর্ণ ব্রহ্ম, তাহাই আবার 'ইদং-পদার্থ (অপরোক্ষ—জগতের অন্তর্গতরূপে) পরি-পূর্ণ, কেবল অবিদ্যা বশতঃ নাম-রূপ-উপাধিসংযোগে কার্য্যাবস্থায় (ত্বং-পদার্থ-রূপে) অভিব্যক্ত হইয়া—সেই যে পরমার্থসত্য স্বরূপ, তাহা হইতে ভিন্নবৎ প্রতীয়মান হইয়া থাকে। আত্মাতেই পূর্ণ ব্রহ্মরূপ অবগত হইয়া—'আমিই সেই পূর্ণ ব্রহ্মস্বরূপ' এই প্রকারে আত্মার পূর্ণভাব গ্রহণ করিয়া, এই যথোক্ত ব্রহ্মবিদ্যা প্রভাবে—অবিদ্যাকৃত নাম-রূপাত্মক উপাধিসম্পর্কজনিত অপূর্ণভাব অপনীত হইলে, তখন কেবল পূর্ণস্বরূপই অবশিষ্ট থাকে; এই অভিপ্রায়ই "তস্মাৎ তৎ সর্ব্বমভবৎ" বাক্যে কথিত হইয়াছে।

সমস্ত উপনিষৎ-শাস্ত্রের প্রতিপাদ্য যে ব্রহ্ম-পদার্থ, পরবর্ত্তী বাক্যের সহিত সম্বন্ধ সংরক্ষণের জন্য এই মন্ত্রে তাহারই পুনরুল্লেখ করা হইতেছে; কারণ, বক্ষ্যমাণ প্রণব, দম, দান ও দয়ানামক সাধনসমূহ ব্রহ্মবিদ্যার উপায়রূপে এখানে বিধিৎসিত (যাহার বিধান করা অভিপ্রেত), এবং উক্ত সাধন সমূহ 'খিল' প্রকরণে সন্নিবিষ্ট হওয়ায় বুঝিতে হইবে যে, উহারা সমস্ত উপা-সনারই অঙ্গভূতও বটে। ৩

এস্থলে কেহ কেহ বর্ণনা করিয়া থাকেন—পূর্ণ কারণ হইতে পূর্ণ কার্য্য উৎপন্ন হয়; সেই উৎপন্ন কার্য্য বর্ত্তমান সময়েও পূর্ণই, এবং দ্বৈত ভাবে পর-মার্থ সত্যও বটে। প্রলয়সময়ে আবার সেই পূর্ণ কার্য্যের পূর্ণভাব গ্রহণ করিয়া অর্থাৎ আপনাতে সেই পূর্ণতা সমাধান করিয়া একমাত্র কারণরূপী পূর্ণরূপই অবশিষ্ট থাকে। এইরূপে দেখা যায় যে, উৎপত্তি, স্থিতি ও প্রলয়, এই কাল-ত্রয়েই কার্য্য ও কারণের পূর্ণতা অক্ষুণ্ণ থাকে। প্রকৃত পক্ষে সেই পূর্ণতা একই

বটে, কেবল কার্য্য ও কারণের প্রভেদ অনুসারে ভিন্নবৎ ব্যবহৃত হইয়া থাকে মাত্র। এই প্রকারে প্রতীত হয় যে, একই ব্রহ্ম দ্বৈত ও অদ্বৈত উভয়ভাবে অবস্থিত আছেন। দৃষ্টান্ত এই যে, জল, তরঙ্গ, ফেন ও বুদ্বুদ্ প্রভৃতি লইয়াই সমুদ্রের সমুদ্রত্ব; তন্মধ্যে জল যেমন সত্য, তেমনই জলবিকার ফেন, তরঙ্গ বুদ্বুদ্ প্রভৃতিও সত্য—প্রকৃতপক্ষে সমুদ্রেরই আত্মস্বরূপ, এবং আবির্ভাব-তিরোভাবশীল হইলেও, সে সমুদয় বিকার পরমার্থ সত্যই বটে; এই প্রকার জলের তরঙ্গাদি-স্থানীয় বর্ত্তমান সমস্ত দ্বৈত জগৎ নিশ্চয়ই পরমার্থ সত্য; এ পক্ষে পরব্রহ্ম হইতেছেন—সমুদ্রের জলস্থানীয়। ৪

এই ভাবে দ্বৈতের সত্যতা রক্ষা হইলেই, বৈদিক কর্ম্মকাণ্ডেরও প্রামাণ্য রক্ষা পাইতে পারে। পক্ষান্তরে, দ্বৈতপ্রপঞ্চ যদি অবিদ্যাকৃত, [সুতরাং] মৃগ-তৃষ্ণার (মরীচীকার) ন্যায় অসত্য—আভাসমাত্র হয়; তাহা হইলে, বিষয় বা কর্ম্মক্ষেত্র না থাকায় কর্ম্মবিধায়ক বেদভাগের অপ্রামাণ্য হইয়া পড়ে; তাহার ফলে [কর্ম্ম-কাণ্ডের সহিত জ্ঞানকাণ্ডের] বিরোধই উপস্থিত হয়। কেননা, যে বেদের একদেশ উপনিষৎভাগ হইতেছে প্রমাণ, কারণ, উহা পরমার্থ সত্য অদ্বৈত-তত্ত্বের প্রতিপাদক; আর সেই বেদেরই অপর অংশ কর্ম্মকাণ্ড হইতেছে অপ্রমাণ, কারণ, ইহা অসত্য দ্বৈতবিষয়ের প্রতিপাদক; [ইহা নিশ্চয়ই বিরুদ্ধ।] সেই বিরোধ-ভঞ্জনার্থ—শ্রুতি নিজেই 'পূর্ণমদঃ' ইত্যাদি বাক্য দ্বারা সমুদ্রের দৃষ্টান্ত অনুসারে কার্য্য ও কারণ উভয়েরই সত্যতা প্রতিপাদন করিয়াছেন। ৫

না—ইহা উত্তম কথা নহে। কারণ, এ বিষয়ে অপবাদ (বিশেষ বিধি) ও বিকল্প কল্পনা, উভয়ই অসম্ভব। বিশেষতঃ এরূপ কল্পনা যে, শ্রুতির সম্পূর্ণ অনুমোদিত, তাহাও বলিতে পারা যায় না। কারণ? [উত্তর—] যেমন পুরুষ-নিষ্পাদ্য ক্রিয়াসম্বন্ধে সাধারণ বিধি দ্বারা প্রাপ্ত কার্য্যের একাংশে অপবাদ (বাধা বা সংকোচ) করা হইয়া থাকে; যেমন হিংসামাত্রই শাস্ত্রে সাধারণভাবে নিষিদ্ধ হইয়াছে; কিন্তু 'তীর্থ ভিন্ন স্থলে হিংসা করিবে না' এই বাক্যে আবার *সেই শাস্ত্রনিষিদ্ধ হিংসারই তীর্থে—জ্যোতিষ্টোমাদি* যাগরূপ বিশিষ্ট কার্য্যে অপবাদ বা অনুমোদন করা হইয়াছে। (১) এখানে ব্রহ্মবস্তু বিষয়ে কিন্তু সেরূপ

---

(১) তাৎপর্য্য—শাস্ত্রে সামান্য বিধিকে বলে 'উৎসর্গ,' আর বিশেষ বিধিকে বলে 'অপবাদ'। অপবাদ বিধির অধিকার মধ্যে উৎসর্গ বিধির কার্য্য হয় না, অপবাদের বিষয়ে

হইতে পারে না; অর্থাৎ সাধারণভাবে ব্রহ্মের অদ্বৈতভাব প্রতিপাদন করিয়া পুনর্ব্বার তাহারই একদেশে যে, সেই অদ্বৈতভাবের অপবাদ বা প্রতিষেধ করিতে পারা যায়, তাহা নহে: কেন না, ব্রহ্ম স্বরূপতঃ অদ্বিতীয় বলিয়াই তাহার এক-দেশ কল্পনা উপপন্ন হইতে পারে না।

ব্রহ্মবিষয়ে বিকল্প কল্পনার অসঙ্গতিও [ঐরূপ ব্যাখ্যা পরিত্যাগের] অপর কারণ। যেমন 'অতিরাত্র যজ্ঞে ষোড়শিন (পাত্রবিশেষ) গ্রহণ করিবে, আবার অতিরাত্র যজ্ঞে ষোড়শিন গ্রহণ করিবে না', এইরূপে একই যজ্ঞে ষোড়শিনের গ্রহণ ও অগ্রহণের বিকল্প বিধান হইয়া থাকে। সেখানে 'ষোড়শিন'-গ্রহণ কর্ত্তার ইচ্ছাধীন; সুতরাং কর্ত্তার ইচ্ছা হইলে গ্রহণ করিতে পারে, ইচ্ছা না হইলে গ্রহণ না করিতেও পারে; এখানে কিন্তু সেরূপ হইতে পারে না; কারণ, ব্রহ্ম একবার দ্বৈতও হইবে, আবার অদ্বৈতও হইবে, এরূপ বিকল্পের সম্ভব হয় না; যেহেতু ব্রহ্ম স্বতঃসিদ্ধ বস্তু, কোন পুরুষের ব্যাপারাধীন বা পুরুষপ্রযত্ননিষ্পাদ্য নহে; বিশেষতঃ বিরুদ্ধ বলিয়াও এক বস্তুতে দ্বৈতাদ্বৈতভাব থাকিতে পারে না। অতএব ঐরূপ দ্বৈতাদ্বৈত কল্পনা কখনই শ্রুতির অভিমত হইতে পারে না। ৬

শ্রুতিবিরোধ এবং যুক্তিবিরোধও ইহার অপর কারণ; [কেন না, এই পক্ষে,] আত্মার স্বরূপপ্রদর্শক—'আত্মা সৈন্ধবখণ্ডের ন্যায় একমাত্র প্রজ্ঞানস্বরূপ, বাহ্যাভ্যন্তর না পূর্ব্বাপর ভেদবর্জ্জিত, অথচ বাহ্য ও অভ্যন্তর সর্ব্বত্র সমভাবে বিদ্য-মান ও জন্মরহিত', 'নেতি নেতি'—স্থূল নহে, সূক্ষ্ম নহে, হ্রস্ব নহে, এবং জরা মরণভয়বর্জ্জিত', ইত্যাদি যে সমুদয় শ্রুতির অর্থ সুনিশ্চিত, এবং যে সম্বন্ধে কোন প্রকার সংশয় বা বিপর্য্যয়েরও সম্ভাবনা নাই, সেই সমুদয় শ্রুতি একেবারে

উৎসর্গের অধিকার নাই। একটী উদাহরণ এই—'মা হিংস্যাৎ সর্ব্বা ভূতানি' অর্থাৎ কোন প্রাণীরই হিংসা করিবে না। এখানে সাধারণতঃ হিংসামাত্রই নিষিদ্ধ হইয়াছে; এইটী উৎসর্গবিধি; ইহার অপবাদবিধি হইতেছে "অগ্নিষোমীয়ং পশুমালভেত" অর্থাৎ অগ্নিষোমীয় পশু বধ করিবে, ইত্যাদি। ইহাদ্বারা পূর্ব্বোক্ত হিংসানিষেধক বাক্যের অধিকার সংকোচিত করা হইল। বুঝিতে হইবে যে, বিশেষ বিশেষ শাস্ত্রে যে সমুদয় স্থলে হিংসার বিধান আছে, তদতিরিক্ত স্থলেই ঐ সামান্য হিংসা-নিষেধক শাস্ত্রের বিষয়; সুতরাং বৈধ হিংসা নিষিদ্ধ নহে। পূর্ব্বপক্ষাবলম্বী ব্রহ্মসম্বন্ধেও উৎসর্গ ও অপবাদ কল্পনা করিয়া অংশভেদে দ্বৈত ও অদ্বৈতভাব সংস্থাপনের প্রয়াস পাইয়াছিলেন; ভাষ্যকার তদুত্তরে বলিলেন যে, ব্রহ্ম যখন নিরবয়ব, তখন তাহার একদেশে দ্বৈত, অন্যদেশে অদ্বৈত কল্পনা কখনই সম্ভব হয় না।

সমুদ্রজলে বিসর্জ্জন করিতে হয় ; কারণ, উহাদের কিছুমাত্র সার্থকতা থাকে না। এপক্ষে যুক্তিবিরোধও ঘটে ; কারণ সাবয়ব ও ক্রিয়াবিশিষ্ট অনেকাত্মক পদার্থ কখনও নিত্য হইতে পারে না ; আত্মা অনিত্য হইলে ঐ সমুদয় শাস্ত্রও যুক্তি-বিরুদ্ধ হইয়া পড়ে ; সুতরাং তোমার তথাবিধ কল্পনারও সার্থকতা থাকে না ; আর আত্মার অনিত্যত্ব পক্ষে যে, কৃতনাশ ও অকৃতাভ্যাগম দোষের সম্ভাবনা নিবন্ধন কর্ম্মকাণ্ডেরও আনর্থক্য ঘটে, তাহা ত স্পষ্টই দেখা যাইতেছে (১)। ৭

ভাল, ব্রহ্মের দ্বৈতাদ্বৈতভাবপক্ষে ত সমুদ্রপ্রভৃতিই দৃষ্টান্ত রহিয়াছে, তবে তুমি একই বস্তুর দ্বৈতাদ্বৈতভাবকে যুক্তিবিরুদ্ধ বলিতেছ কিরূপে? না,— এ কথা বলিতে পার না ; কারণ, বিরোধের কারণ অন্যপ্রকার, অর্থাৎ একই বস্তুর দ্বৈতাদ্বৈতভাব সম্বন্ধে বিরোধ বলা হয় নাই ; পরন্তু নিত্য নিরবয়ব বস্তুবিষয়ে দ্বৈতাদ্বৈতভাবের বিরুদ্ধতা মাত্র আমরা বলিয়াছি, অর্থাৎ নিত্য ও নিরবয়ব বস্তু যে, কখনই দ্বৈতাদ্বৈতভাববিশিষ্ট হইতে পারে না,—এই কথাই আমরা বলিয়াছি, কিন্তু অন্য সাবয়ব বস্তুর সম্বন্ধে দ্বৈতাদ্বৈতভাবকে বিরুদ্ধ বলি নাই। অতএব শ্রুতি, স্মৃতি ও যুক্তিবিরুদ্ধ বলিয়া এইরূপ কল্পনা কখনই উপপন্ন হইতে পারে না ; এরূপ অসৎ কল্পনা অপেক্ষা বরং উপনিষৎশাস্ত্র পরিত্যাগ করাই শ্রেয়ঃ। ৮

তাহার পর, ধ্যানের অযোগ্য বা অনুপযোগী বলিয়াও এরূপ কল্পনা শাস্ত্রসম্মত হইতে পারে না। কেন না, দৃষ্টান্তরূপে প্রদর্শিত সমুদ্র ও বন প্রভৃতি পদার্থসমূহ স্বভাবতই জন্ম-মরণ-প্রভৃতি শতসহস্র অনর্থরাশিতে পরিপূর্ণ ; উহাদের ন্যায় সাবয়ব ও অনেকাত্মক ব্রহ্মকে শ্রুতি কোথাও ধ্যেয় বা জ্ঞেয়রূপে উপদেশ করেন নাই ; শ্রুতি কেবল ব্রহ্মের প্রজ্ঞান-ঘনভাবেরই সর্ব্বত্র উপদেশ করিয়াছেন ; এবং 'এক প্রকারেই তাহাকে দর্শন করিবে'

---

(১) তাৎপর্য্য—কৃতনাশ ও অকৃতাভ্যাগম দোষ এইপ্রকার—যে কর্ম্ম করা হইল, সেই কর্ম্মের ফলভোগ হইল না ; অথচ যাহা ভোগ করা হইতেছে, তাহা অকৃত কোন কর্ম্মের ফল নহে,—উহা আগন্তুক। আত্মা যদি সাবয়ব ও ক্রিয়াবান্ হয়, তাহা হইলে নিশ্চয়ই তাহাকে অনিত্য বলিতে হইবে, কারণ, সাবয়ব ও ক্রিয়াবিশিষ্ট বস্তু কোথাও 'নিত্য' দেখা যায় না। আত্মা অনিত্য হইলে, ইহজন্মে যত কর্ম্ম করা হয়, তাহার ফলভোগ শেষ হইবার পূর্ব্বেই দেহত্যাগ করায় 'কৃতনাশ'—অকৃত কর্ম্ম বিফল হইল ; আর বর্ত্তমান জন্মে যাহা ভোগ করিতে হয়, তাহাও অকৃত কোন কর্ম্মের ফল নহে ; আকস্মিকভাবে ভোগ করিতে হয় মাত্র ; সুতরাং 'অকৃতাভ্যাগম' হইল।

এইরূপই উপদেশ করিয়াছেন; পক্ষান্তরে ভেদদৃষ্টির নিন্দাও করিয়াছেন—'সে লোক মৃত্যুর পর মৃত্যু প্রাপ্ত হয়, যে লোক ব্রহ্মেতে ভেদ দর্শন করে'। শ্রুতি যাহার নিন্দা করিয়াছেন, তাহা কখনই করা উচিত হয় না; যাহা কর্ত্তব্যই নয়, তাহা শাস্ত্রার্থও নহে; অতএব শ্রুতি-নিন্দিত বলিয়াই ব্রহ্মের নানাত্ব বা অনেকরসত্বরূপ ভেদবুদ্ধি কখনই হইতে পারে না; সুতরাং উহা শাস্ত্রার্থরূপেও পরিগণিত হইতে পারে না; পক্ষান্তরে, ব্রহ্মে যে, একরসত্ব বা অখণ্ড অদ্বৈতভাব, তাহাই দ্রষ্টব্য (ধ্যেয় বা জ্ঞেয়); সুতরাং তাহাই প্রশস্ত বা উত্তম; প্রশস্তত্বনিবন্ধন তাহাই শাস্ত্রের অভিপ্রেত অর্থরূপে পরিগণিত হওয়া উচিত। ৯

আরও যে, আপত্তি করা হইয়াছে—দ্বৈতাভাব পক্ষে বেদৈকদেশ কর্ম্মকাণ্ডের অপ্রামাণ্য, আর কেবল উপনিষদ্ভাগের প্রামাণ্য হইতে পারে; সে আপত্তিও সঙ্গত হয় না; যেহেতু যথাপ্রাপ্ত (লোকসিদ্ধ) বস্তুবিষয়ক উপদেশ প্রদান করাই ঐ শাস্ত্রের অভিপ্রেত অর্থ; [বস্তু-তত্ত্ব প্রতিপাদন করা উহার অর্থ নহে]; কেন না, শাস্ত্র যে, জন্মমাত্রেই পুরুষকে প্রথমতঃ বস্তুর দ্বৈত বা অদ্বৈতভাব জ্ঞাপন করিয়া, পশ্চাৎ কর্ম্ম বা ব্রহ্মবিদ্যার উপদেশ করিয়া থাকেন, তাহা নহে; বিশেষতঃ দ্বৈতবিষয়ে উপদেশ করাও আবশ্যক হইতে পারে না; কারণ, উহা জাতমাত্র সকল প্রাণীরই বুদ্ধির বিষয়ীভূত হইয়া থাকে। তাহার পর, দ্বৈত যে, অসত্য—মিথ্যা, এরূপ বুদ্ধিও প্রথমেই কাহারো হয় না, যে, শাস্ত্র প্রথমে দ্বৈতপ্রপঞ্চের সত্যতা উপদেশ করিয়া, পশ্চাৎ উহার অসত্যতা প্রতিপাদন করিবে। [দ্বৈতমিথ্যাত্বও শাস্ত্রের প্রামাণ্য-ব্যাঘাতক হয় না; কেন না,] [জগৎ-মিথ্যাত্ববাদী] পাষণ্ডী বৌদ্ধসম্প্রদায়ের শিষ্যগণও যে, শাস্ত্রের প্রামাণ্য গ্রহণ করে না, তাহা নহে; [কারণ, তাহারাও জগৎকে মিথ্যা বলে, অথচ 'স্বর্গকামঃ চৈত্যং বন্দেত' অর্থাৎ স্বর্গাভিলাষী পুরুষ 'বিহারস্থান' বন্দনা করিবে', ইত্যাদি বাক্যের প্রামাণ্য স্বীকার করিয়া থাকে।]

অতএব বুঝিতে হইবে যে, শাস্ত্র প্রথমতঃ অবিদ্যাজনিত লোকপ্রসিদ্ধ উপস্থিত দ্বৈতভাব স্বীকার করিয়া লইয়াই, স্বভাবসিদ্ধ অবিদ্যাযুক্ত ও রাগ-দ্বেষাদি-দোষসম্পন্ন পুরুষকে তাহার অভিলষিত বিষয় লাভের উপায়ভূত কর্ম্মানুষ্ঠানের উপদেশ করিয়া থাকে; তাহার পর, লোকপ্রসিদ্ধ ক্রিয়া কারক

ও ফলভেদ বিষয়ে যাহার দোষ দর্শন হইয়াছে, এবং কর্ম্মানুষ্ঠানে ঔদাসীন্য মাত্র ফল লাভ হইয়াছে, তাহাকে তাহার উদ্দেশ্য-সিদ্ধির উপায়ভূত আত্মৈকত্বদর্শনাত্মক ব্রহ্মবিদ্যার উপদেশ করিয়া থাকেন। ১০

এইরূপ উপদেশের ফলে, অধিকারী পুরুষ যে সময় উদাসীনভাবে অবস্থিতিরূপ ফল লাভ করেন, সে সময়ে শাস্ত্রের প্রামাণ্য-চিন্তার প্রয়োজনও নিবৃত্ত হইয়া যায়; সুতরাং প্রয়োজনের অভাবে সে ব্যক্তির পক্ষে শাস্ত্রের শাস্ত্রত্বও (শাসনকর্তৃত্বও) থামিয়া যায়। বিশেষতঃ শাস্ত্র-প্রামাণ্য যখন প্রত্যেক পুরুষে পরিসমাপ্ত, তখন এ পক্ষে বিরোধের কোন সম্ভাবনাই নাই; কেন না, লোক-প্রসিদ্ধ যে, শাস্ত্র, শিষ্য ও শাসনাদি দ্বৈতভেদ, অদ্বৈতজ্ঞানেই তাহার পরিসমাপ্তি বা অবসান হইয়া যায়। উক্ত দ্বৈতভেদের একটি থাকিলেও অপরটার সঙ্গে বিরোধের সম্ভাবনা থাকিত, কিন্তু শাস্ত্র, শিষ্য ও শাসন এ সমুদয় যখন পরস্পর সাপেক্ষ, তখন উহাদের একটাও সে সময়ে থাকে না বলিতে হইবে। অতএব সর্ব্বপ্রকার ভেদানিবৃত্তির পর, একমাত্র কল্যাণময় অদ্বৈতভাব সিদ্ধ হওয়ায় কোনপ্রকার বিরোধেরই আশঙ্কা নাই; এইজন্য অবিরোধ বলিয়াও কিছু নাই, অর্থাৎ অদ্বৈতভাব নিষ্পন্ন হইবার পর, ভেদসাপেক্ষ বিরোধ ও অবিরোধ উভয়ই বিলুপ্ত হইয়া যায়। ১১

আর যদি তোমাদের সিদ্ধান্ত স্বীকারও করিয়া লই, তাহা হইলেও বলি—দ্বৈতাদ্বৈতপক্ষেও শাস্ত্র-বিরোধের কিছুমাত্র পার্থক্য নাই। সে পক্ষে সমুদ্রাদির দৃষ্টান্তানুসারে একই ব্রহ্ম দ্বৈতাদ্বৈতভাবাপন্ন বলিয়া স্বীকার করিয়া লই, সে পক্ষেও তোমার কথিত শাস্ত্রবিরোধ হইতে কোনপ্রকারেই মুক্তিলাভ করিতে পারি না; কেন? যেহেতু, একই পরব্রহ্ম যখন দ্বৈতাদ্বৈত উভয়াত্মক; তখন সে ত সর্ব্বদাই শোকমোহে অভিভূত; সুতরাং তাহার আর উপদেশ গ্রহণে আকাঙ্ক্ষাই হইতে পারে না; আর ব্রহ্মাতিরিক্ত অপর কেহ উপদেষ্টাও নাই; কারণ, দ্বৈতাদ্বৈতভাবসম্পন্ন ব্রহ্মকে এক বলিয়াই স্বীকার করা হইয়া থাকে। ১২

আর যদি বল, একত্বনিবন্ধন ব্রহ্মবিষয়ে উপদেশ সম্ভব না হয়, না হউক, দ্বৈত বিষয়সমূহ যখন অনেক, তখন তদ্বিষয়েত পরস্পর উপদেশদান সম্ভবপরই হয়। না, তাহা হইলে, দ্বৈতাদ্বৈত ব্রহ্ম একই, তদতিরিক্ত অন্য কিছু নাই, তোমার একথা বিরুদ্ধ হয়। তাহার পর পূর্ব্বোক্ত সমুদ্র দৃষ্টান্তও সঙ্গত হয় না; কারণ,

যে দ্বৈতবিষয়ে পরস্পর উপদেশ প্রদত্ত হয়, সেই দ্বৈতবস্তু ও উপদেশের বিষয় যখন এক নহে—সম্পূর্ণ পৃথক্, তখন আর এ বিষয়ে সমুদ্র দৃষ্টান্ত উপপন্ন হইতে পারে না।

সমুদ্র যেমন জলাত্মক এক বস্তু, তেমনি ব্রহ্মকে একমাত্র বিজ্ঞানস্বরূপ স্বীকার করিলে, ব্রহ্মের অন্যত্র ত আর উপদেশপ্রদান বা উপদেশ গ্রহণ—কিছুই সম্ভব হয় না। কেননা, একই দেবদত্ত যদি হস্তপদাদি দ্বারা দ্বৈতভাবাপন্ন হয়, অর্থাৎ দেবদত্ত স্বরূপতঃ অদ্বৈতই বটে, কিন্তু হস্তপদাদি দ্বারা দ্বৈতভাবাপন্ন—দ্বৈতাদ্বৈতাত্মক হয়, তাহা হইলে যেমন দেবদত্তের একদেশ বাগিন্দ্রিয় ও শ্রবণেন্দ্রিয়ের মধ্যে বাগিন্দ্রিয় কেবল উপদেশকর্ত্তা, আর শ্রবণেন্দ্রিয় কেবল সেই উপদেশের গ্রহীতা বা শ্রোতা, অথচ দেবদত্ত উপদেশের কর্ত্তা বা গ্রহীতা কেহই নহে—এইরূপ কল্পনা করিতে পারা যায় না; কেননা, সমুদ্র যেমন কেবলই জলাত্মক, তেমনি দেবদত্তও ত কেবলই বিজ্ঞানাত্মক, (চক্ষু ও শ্রবণেন্দ্রিয় ত আর বিজ্ঞানাত্মক নহে, উহারা অবিজ্ঞান জড় পদার্থ); অতএব উক্ত প্রকার কল্পনা করিলে, শ্রুতিবিরোধ, যুক্তিবিরোধ এবং অভিপ্রেতার্থের ও অসিদ্ধি সংঘটিত হয়। অতএব 'পূর্ণমদঃ' ইত্যাদি মন্ত্রের আমরা যেরূপ ব্যাখ্যা করিয়াছি, তাহাই প্রকৃত অর্থ॥৩৩৪॥১

ওঁম্ খং ব্রহ্ম। খং পুরাণম্, বায়ুরং খমিতি হ স্মাহ কৌরব্যায়ণীপুত্রঃ, বেদোঽয়ং ব্রাহ্মণা বিদুর্বেদৈনেন যদ্বেদিতব্যম্॥ ৩৩৫ ॥ ২ ॥

ইতি প্রথমং ব্রাহ্মণম্॥ ৫ ॥ ১ ॥

সরলার্থঃ।—['ওঁম্ খং ব্রহ্ম' ইতি মন্ত্রঃ, তস্যায়মর্থঃ—] খং (আকাশাখ্যং) ব্রহ্ম, ওঁম্ (ওঁকারবাচ্যার্থ ইত্যর্থঃ)। [তচ্চ] খং পুরাণং (চিরন্তনং নিত্যং, নতু ভূতাকাশমিত্যাশয়ঃ); কৌরব্যায়ণীপুত্রঃ [পুনঃ] বায়ুরং (বায়োরধিষ্ঠানং ভূতাকাশমেব) খম্ ইতি আহ স্ম। অয়ং (প্রণবঃ) বেদঃ (সর্ব্ববেদাত্মকঃ); ব্রাহ্মণাঃ যৎ বেদিতব্যং, [তৎ] এনেন (ওঁকারেণ) বিদুঃ (জানন্তি); (ইত্যেনা স্তুতিরোঙ্কারস্য)॥৩৩৫॥২॥

মূলানুবাদ।—আকাশাত্মক ব্রহ্ম ওঁকার-শব্দের প্রতিপাদ্য। উক্ত 'খ' বস্তুটী পুরাণ—নিত্য অর্থাৎ ভূতাকাশ নহে; কিন্তু কৌর-

ব্যায়নীপুত্র বলেন যে, ইহা বায়ুর আশ্রয় ভূতাকাশই বটে। এই ওঁকারই সমস্ত বেদস্বরূপ; ব্রাহ্মণগণ ইহা দ্বারাই সমস্ত জ্ঞাতব্য বিষয় অবগত হন ॥ ৩৩৫ ॥ ২ ॥

শাঙ্করভাষ্যম্।—ওঁম্ খং ব্রহ্মেতি মন্ত্রঃ; অয়ঞ্চ অন্যত্রাবিনিয়ুক্ত ইহ ব্রাহ্মণেন ধ্যানকর্ম্মণি বিনিযুজ্যতে। অত্র চ ব্রহ্মেতি বিশেষ্যাভিধানম্, খমিতি বিশেষণম্। বিশেষণ বিশেষ্যয়োশ্চ সামানাধিকরণ্যেন নির্দ্দেশঃ নীলোৎপলবৎ—খং ব্রহ্মেতি। ব্রহ্মশব্দঃ বৃহদ্বস্তুমাত্রাস্পদোঽবিশেষিতঃ, অতো বিশেষ্যতে—খং ব্রহ্মেতি। যত্তৎ খং ব্রহ্ম, তৎ ওঁম্শব্দবাচ্যম্ ওঁম্শব্দস্বরূপমেব বা, উভয়থাপি সামানাধিকরণ্যমবিরুদ্ধম্॥ ১

টীকা। ধ্যানশেষত্বেনোপনিষদর্থং ব্রহ্মানূদ্য তদ্বিধানার্থং তস্মিন্বিনিযুক্তং মন্ত্রমুপাদত্তে—ওঁম্ খমিতি। ইমং বেদাদিবদস্য কর্ম্মান্তরে বিনিযুক্তত্বমাশঙ্ক্যাহ—অয়ং চেতি। বিনিয়োজকাভাবাদিতি ভাবঃ। তর্হি ধ্যানেঽপি নায়ং বিনিযুক্তো বিনিয়োজকাভাবাবিশেষাদিত্যাশঙ্ক্যাহ—ইহেতি। খং পুরাণমিত্যাদি ব্রাহ্মণং, তস্য চ বিনিয়োজকত্বং ধ্যানসমবেতার্থপ্রকাশনসামর্থ্যাৎ। যদ্যপি মন্ত্রনিষ্ঠং সামর্থ্যং বিনিযোজকং, তথাপি মন্ত্রব্রাহ্মণয়োরেকার্থত্বাদ্ ব্রাহ্মণস্য সামর্থ্যদ্বারা বিনিয়োজকত্বমবিরুদ্ধমিতি ভাবঃ। অত্রেতি মন্ত্রোক্তিঃ। বিশেষণবিশেষ্যত্বে যথোক্তসামানাধিকরণ্যং হেতুকরোতি—বিশেষণেতি। ব্রহ্মেত্যুক্তে সত্যাকাঙ্ক্ষাভাবাৎ কিং বিশেষণেনেত্যাশঙ্ক্যাহ—ব্রহ্মশব্দ ইতি। নিরুপাধিকস্য সোপাধিকস্য বা ব্রহ্মণো বিশেষণত্বেঽপি কথং তস্মিন্নোম্শব্দপ্রবৃত্তিরিত্যাশঙ্ক্যাহ—যত্তদিতি। ১

ইহ চ ব্রহ্মোপাসনসাধনত্বার্থম্ ওঁম্শব্দঃ প্রযুক্তঃ। তথাচ শ্রুত্যন্তরাৎ "এতদালম্বনং শ্রেষ্ঠমেতদালম্বনং পরম্।" "ওঁমিত্যাত্মানং যুঞ্জীত"। "ওঁমিত্যেতেনৈবাক্ষরেণ পরং পুরুষমভিধ্যায়ীত।" "ওঁমিত্যেবং ধ্যায়থ আত্মানম্" ইত্যাদেঃ। অন্যার্থাসম্ভবাচ্চোপদেশস্য। যথা অন্যত্র "ওঁমিতি শংসতি" "ওমিত্যুদগায়তি" ইত্যেবমাদৌ স্বাধ্যায়ারম্ভাপবর্গয়োশ্চ ওঙ্কারপ্রয়োগো বিনিয়োগাদবগম্যতে, ন চ তথার্থান্তরমিহ অবগম্যতে। তস্মাৎ ধ্যানসাধনত্বেনৈব ইহোঙ্কারশব্দস্যোপদেশঃ॥ ২

কিমিতি যথোক্তে ব্রহ্মণ্যোম্শব্দো মন্ত্রে প্রযুজ্যতে, তত্রাহ—ইহ চেতি। ওঁম্শব্দো ব্রহ্মোপাসনে সাধনমিত্যত্র মানমাহ—তথা চেতি। সাপেক্ষং শ্রৈষ্ঠ্যং বারয়তি—পরমিতি। আদিশব্দেন প্রণবো ধনুরিত্যাদি গৃহ্যতে। ওঁ ব্রহ্মেতি সামানাধিকরণ্যোপদেশস্য ব্রহ্মোপাসনে সাধনত্বমোংকারব্রহ্মেত্যাদর্থান্তরাসংভবাচ্চ তস্য তৎসাধনত্বমেষ্টব্যমিত্যাহ—অন্যার্থেতি। এতদেব প্রপঞ্চয়তি—যথেত্যাদিনা। অন্যত্রেতি তৈত্তিরীয়শ্রুতিগ্রহণম্। অপবর্গঃ স্বাধ্যায়সমাপনম্। অর্থান্তরাপত্তেরভাবে ফলিতমাহ—তস্মাদিতি। ২

যদ্যপি ব্রহ্মাত্মাদিশব্দা ব্রহ্মণো বাচকাঃ, তথাপি শ্রুতিপ্রামাণ্যাদ্ ব্রহ্মণো নেদিষ্ঠমভিধানম্ ওঁকারঃ; অতএব ব্রহ্মপ্রতিপত্তৌ ইদং পরং সাধনম্; তচ্চ দ্বিপ্রকারেণ—প্রতীকত্বেন অভিধানত্বেন চ। প্রতীকত্বেন—যথা বিষ্ণ্বাদি-প্রতিমাঽভেদেন, এবম্ ওঁকারো ব্রহ্মেতি প্রতিপত্তব্যঃ। তথা হি ওঁকারালম্বনস্য ব্রহ্ম প্রসীদতি,

"এতদালম্বনং শ্রেষ্ঠমেতদালম্বনং পরম্।
এতদালম্বনং জ্ঞাত্বা ব্রহ্মলোকে মহীয়তে॥" ইতি শ্রুতেঃ॥ ৩

নমু শব্দান্তরেষ্বপি ব্রহ্মবাচকেষু সৎসু কিমিত্যোংশব্দ এব ধ্যানসাধনত্বেনোপদিশ্যতে, তত্রাহ—যদ্যপীতি। নেদিষ্ঠং নিকটতমং সংপ্রিয়তমমিত্যর্থঃ। প্রিয়তমত্বপ্রযুক্তং ফলমাহ—অত এবেতি। সাধনত্বেঽবান্তরবিশেষং দর্শয়তি—তচ্চেতি। প্রতীকত্বেন কথং সাধনত্বমিতি পৃচ্ছতি—প্রতীকত্বেনেতি। কথমিত্যধ্যাহারঃ। পরিহরতি—যথেতি। ওঁকারো ব্রহ্মেতি প্রতিপত্তৌ কিং স্যাত্তদাহ—তথা হীতি। ৩

তত্র খমিতি ভৌতিকে প্রতীতির্মা ভূদিত্যাহ,—খং পুরাণম্—চিরন্তনং খং পরমাত্মাকাশমিত্যর্থঃ। যত্তৎ পরমাত্মাকাশং পুরাণং খম্, তৎ চক্ষুরাদ্যবিষয়-ত্বাৎ নিরালম্বনমশক্যং গ্রহীতুমিতি শ্রদ্ধাভক্তিভ্যাং ভাববিশেষেণ চ ওঁকারে আবেশয়তি—যথা বিষ্ণ্বঙ্কিতায়াং শৈলাদিপ্রতিমায়াং বিষ্ণুং লোকঃ, এবম্। বায়ুরং খম্—বায়ুরস্মিন্ বিদ্যত ইতি বায়ুরং খং, খমাত্রং খমিত্যুচ্যতে, ন পুরাণং খম্ ইত্যেবমাহ স্ম। কোঽসৌ? কৌরব্যায়ণীপুত্রঃ; বায়ুরে তি খে মুখ্যঃ খ-শব্দব্যবহারঃ, তস্মাৎ মুখ্যো সম্প্রত্যয়ো যুক্ত ইতি মন্যতে। তত্র যদি পুরাণং ব্রহ্ম নিরুপাধিস্বরূপম্, যদি বা বায়ুরং খং সোপাধিকং ব্রহ্ম, সর্বথাপি ওঁকারঃ প্রতীকত্বেনৈব প্রতিমানং সাধনত্বং প্রতিপদ্যতে "এতদ্বৈ সত্যকাম, পরঞ্চাপরঞ্চ ব্রহ্ম, যদোঙ্কারঃ" ইতিশ্রুত্যন্তরাৎ; কেবলং খশব্দার্থে বিপ্রতিপত্তিঃ॥ ৪

মন্ত্রমেবং ব্যাখ্যায় ব্রাহ্মণমবতার্য ব্যাচষ্টে—তত্রেত্যাদিনা। মন্ত্রঃ সপ্তম্যর্থঃ। নমু যথোক্তং তত্ত্বং যেনৈব রূপেণ প্রতিপত্তুং শক্যতে, কিং প্রতীকোপদেশেনেত্যাশঙ্ক্যাহ—যত্তদিতি। ভাববিশেষো বুদ্ধের্বিষয়পারবশ্যং পরিহৃত্য প্রত্যগ্ব্রহ্মজ্ঞানাভিমুখ্যম্। ওঁকারে ব্রহ্মাবেশনমুদা-হরণেন স্ফুটয়তি—যথেতি। কল্পান্তরমাহ—বায়ুরমিত্যাদিনা। কিমিতি সূত্রাধিকরণ-মব্যাকৃতমাকাশমত্র গৃহ্যতে, তত্রাহ—বায়ুরে হীতি। তদেব ভূতাকাশাত্মনা বিপরিণতমিতি ভাবঃ। তর্হি পক্ষদ্বয়ে সম্ভবমানে কঃ সিদ্ধান্তঃ স্যাদিত্যাশঙ্ক্যাধিকারিভেদমাশ্রিত্যাহ—তত্রেতি। শ্রুত্যন্তরস্যাস্মিন্নাসিদ্ধিসংভবাদোংকারস্য প্রতীকত্বেঽপি বিপ্রতিপত্তিমাশঙ্ক্যাহ—কেবলমিতি। *ইতরত্র বিপ্রতিপত্তিহেতোরভাবাদিতি ভাবঃ।* ৪

বেদোঽয়মোঙ্কারঃ, বেদ বিজানাতি অনেন যদ্বেদিতব্যম্; তস্মাদ্বেদ ওঁকারো

বাচকঃ অভিধানম্। তেনাভিধানেন যদ্বেদিতব্যং ব্রহ্ম প্রকাশ্যমানম্ অভিধীয়মানং বেদ সাধকো বিজানাতি উপলভতে, তস্মাদ্বেদোঽয়মিতি ব্রাহ্মণা বিদুঃ। তস্মাদ্ ব্রাহ্মণানামভিধানত্বেন সাধনত্বমভিপ্রেতম্ ওঁকারস্য॥ ৫

প্রতীকপক্ষমুপপাদ্যাভিধানপক্ষমুপপাদয়তি—বেদোঽয়মিতি। তদেব প্রপঞ্চয়তি—তেনেতি। বেদেত্যত্রাদৌ তচ্ছব্দো দ্রষ্টব্যঃ। ব্রাহ্মণা বিদুরিতি বিশেষনির্দেশস্য তাৎপর্য্যমাহ—তস্মাদিতি। ৫

অথবা বেদোঽয়মিত্যাদি অর্থবাদঃ। কথম্? ওঁকারো ব্রহ্মণঃ প্রতীকত্বেন বিহিতঃ, ওঁম্ খং ব্রহ্মেতি সামানাধিকরণ্যাৎ, তস্য স্তুতিরিদানীং বেদত্বেন—সর্ব্বো হি অয়ং বেদঃ ওঙ্কার এব; এতৎপ্রভব এতদাত্মকঃ সর্ব্বঃ ঋগ্‌যজুঃসামাদিভেদভিন্ন এষঃ ওঙ্কারঃ, "তদ্যথা শঙ্কুনা সর্ব্বাণি পর্ণানি" ইত্যাদিশ্রুত্যন্তরাৎ। ইতশ্চায়ং বেদ ওঁকারঃ, যদ্বেদিতব্যম্, তৎ সর্ব্বং বেদিতব্যমোঙ্কারেণৈব বেদ এনেন, অতোঽয়মোঙ্কারো বেদঃ। ইতরস্যাপি বেদস্য বেদত্বম্ অত এব; তস্মাদ্বিশিষ্টোঽয়ম্ ওঁকারঃ সাধনত্বেন প্রতিপত্তব্য ইতি। অথবা বেদঃ সঃ; কোঽসৌ? যং ব্রাহ্মণা বিদুরোঙ্কারম্। ব্রাহ্মণানাং হি অসৌ প্রণবোদ্গীথাদিবিকল্পৈর্বিজ্ঞেয়ঃ; তস্মিন্ প্রযুজ্যমানে সাধনত্বেন সর্ব্বো বেদঃ প্রযুক্তো ভবতীতি॥ ৩৩১॥ ২॥

পঞ্চমাধ্যায়স্য প্রথমব্রাহ্মণভাষ্যম্॥ ৫॥ ১॥

প্রতীকপক্ষেঽপি বেদোঽয়মিত্যাদিগ্রন্থো নির্ব্বহতীত্যাহ—অথবেতি। বিধ্যভাবে কথমর্থবাদঃ সম্ভবতীত্যাশঙ্ক্য পরিহরতি—কথমিত্যাদিনা। বেদত্বেন স্তুতিমোঙ্কারস্য সংক্ষেপবিবরণাভ্যাং দর্শয়তি—সর্ব্বো হীতি। ওঁকারে সকলস্য নামজাতস্যান্তর্ভাবে প্রমাণমাহ—তদ্যথেতি। তত্রৈব হেত্বন্তরমবতার্য্য ব্যাকরোতি—ইতশ্চেতি। বেদিতব্যং পরমপরং বা ব্রহ্ম। 'দ্বে ব্রহ্মণী বেদিতব্যে' ইতি শ্রুত্যন্তরাৎ। তদ্বেদনসাধনত্বেঽপি কথমোংকারস্য বেদত্বমিত্যাশঙ্ক্যাহ—ইতরস্যাপীতি। অতএব বেদিতব্যবেদনহেতুত্বাদেবেত্যর্থঃ। প্রতীকপক্ষে বাক্যযোজনাং নিগময়তি—তস্মাদিতি। অভিধানপক্ষে প্রতীকপক্ষে চৈকং বাক্যমেকৈকত্র যোজয়িত্বা পক্ষদ্বয়েঽপি সাধারণ্যেন যোজয়তি—অথবেতি। তস্য পূর্ব্বোক্তনীত্যা বেদত্বে লাভং দর্শয়তি—তস্মিন্নিতি। ওঙ্কারস্য ব্রহ্মোপাস্তিসাধনত্বমিত্থং সিদ্ধমিত্যুপসংহর্ত্তুমিতিশব্দঃ। ৩৩১। ২।

ইতি বৃহদারণ্যকোপনিষদ্ভাষ্যটীকায়াং পঞ্চমাধ্যায়স্য প্রথমং ব্রাহ্মণম্। ৫। ১।

ভাষ্যানুবাদ।—'ওঁম্ খং ব্রহ্ম' এই বাক্যটী একটী মন্ত্র; এই মন্ত্রটী অন্য কোথাও বিনিযুক্ত বা ব্যবহৃত হয় নাই; কেবল এখানেই ধ্যানকার্য্যে বিনিযুক্ত হইতেছে। এখানে 'ব্রহ্ম' শব্দটী বিশেষ্য, 'খ' শব্দটী তাহার বিশেষণরূপে

ব্যবহৃত হইয়াছে। 'নীলোৎপল' পদের 'নীল' ও 'উৎপল' শব্দের ন্যায় এখানেও বিশেষণ 'খং' শব্দের ও বিশেষ্য 'ব্রহ্ম' শব্দের সামানাধিকরণ্য অর্থাৎ অভেদ বিশেষণ-বিশেষ্যভাব নির্দ্দেশ করা হইয়াছে। বিশেষণশূন্য 'ব্রহ্ম' শব্দটী সাধারণতঃ বৃহৎ বস্তুমাত্র বুঝাইয়া থাকে; এই জন্য বিশেষ করিয়া বলা হইল যে, 'খং ব্রহ্ম' ইতি। [ইহার অর্থ এই যে,] সেই যে, খ ব্রহ্ম, তাহা ওঙ্কার স্বরূপই; উভয় পক্ষেই ঐরূপ অভেদ নির্দ্দেশ বিরুদ্ধ হয় না। ১

ওঁম্‌শব্দটী যে, উপাসনার সাধন, ইহা জ্ঞাপনের নিমিত্ত এখানে ওঁম্ শব্দ প্রযুক্ত হইয়াছে। এ বিষয়ে অন্য শ্রুতিও আছে—'এই ওঁম্‌কারই শ্রেষ্ঠ আলম্বন, ইহাই উত্তম অবলম্বন বা ধ্যানের বিষয়', 'ওঁম্-ইত্যাকারে আত্মাতে সমাহিত হইবে', 'ওঁম্' এই অক্ষরস্বরূপেই পরম পুরুষকে ধ্যান করিবে', 'তোমরা ওঁম্-ইত্যাকারেই ধ্যান করিবে' ইত্যাদি। বিশেষতঃ এই উপদেশের অন্যপ্রকার অর্থ সম্ভবপরও হয় না; অন্যত্র 'ওঁম্-ইত্যাকারে স্তুতিগান করে', 'ওঁম্-ইত্যাকারে উদ্গীথ গান করে' ইত্যাদি স্থলে যেরূপ বেদগ্রহণের আদিতে ও অন্তে ওঁঙ্কারের প্রয়োগ বা ব্যবহার বিনিয়োগবাক্য হইতে জানিতে পারা যায়, এখানে কিন্তু ওঁঙ্কারের সেরূপ অন্য কোনপ্রকার অর্থ বুঝা যায় না। অতএব বুঝিতে হইবে যে, কেবল ধ্যান-সাধন বা ধ্যানের আলম্বনরূপেই এখানে ওঁঙ্কারের উপদেশ, অন্য উদ্দেশ্যে নহে। ২

যদিও ব্রহ্ম, আত্মা প্রভৃতি শব্দগুলিও ব্রহ্মের বাচক বটে, তথাপি শ্রুতি-প্রমাণ হইতে জানিতে পারা যায় যে, 'ওঁঙ্কারই তাঁহার খুব ঘনিষ্ঠ বা প্রিয় নাম; এই কারণেই ইহা ব্রহ্মোপাসনার একটী অতি উৎকৃষ্ট সাধন বা উপায়। এই ওঁঙ্কার শব্দটী প্রতীকরূপে ও অভিধানরূপেও ধ্যানসাধন হয়। প্রতীকরূপে যথা—বিষ্ণুপ্রভৃতি প্রতিমা যেরূপ বিষ্ণুপ্রভৃতির সহিত অভিন্নভাবে উপাসিত হয়, এই ওঁঙ্কারকেও তদ্রূপ ব্রহ্মস্বরূপেই উপাসনা করিতে হয়। এইরূপে যে লোক ওঁঙ্কারকে আলম্বন করিয়া উপাসনা করে, ব্রহ্ম তাহার প্রতি প্রসন্ন হইয়া থাকেন; কারণ, অন্যশ্রুতিতে আছে 'ইহাই ধ্যানের শ্রেষ্ঠ অবলম্বন, ইহাই ধ্যানের উত্তম আলম্বন, এই আলম্বন অবগত হইয়া ব্রহ্মলোকে বিরাজ করেন' ইতি। ৩

শুধু 'খ' বিশেষণ থাকিলে পঞ্চভূতের অন্তর্গত আকাশেরও প্রতীতি হইতে পারে, তন্নিবারণার্থ বলিতেছেন—এই 'খ' পদার্থটী পুরাণ—চিরন্তন

(নিত্য) অর্থাৎ 'খ' অর্থ পরমাত্মাকাশ। 'পুরাণ খ' যে পরমাত্মাকাশ, তাহা চক্ষুরাদি ইন্দ্রিয়ের অবিষয়; কোন একটী অবলম্বনের সাহায্য ব্যতীত তাহাকে গ্রহণ করিতে পারা যায় না; এই জন্ম শ্রদ্ধা ও ভক্তি সহকারে এবং আবেগপূর্ণ হৃদয়ে ওঁকারে মনোনিবেশ করিতে হয়; সাধক লোক যেমন বিষ্ণুর অঙ্গচিহ্নিত প্রতিমায় বিষ্ণুকে অবলম্বন করিয়া মনোনিবেশ করিয়া থাকে, ইহাও তেমনই। 'বায়ুরং খম্'—বায়ু যাহাতে আছে, তাহা 'বায়ুরম্'; 'খম্' অর্থ—আকাশমাত্র, কিন্তু 'পুরাণ খ'—পরমাত্মাকাশ নহে, এই প্রকার বলিয়াছেন। কে বলিয়াছেন? না, কৌরব্যায়ণীর পুত্র। তিনি মনে করেন—বায়ুর আশ্রয়ভূত আকাশেই সাধারণতঃ 'খ' শব্দের মুখ্য ব্যবহার হইয়া থাকে; অতএব মুখ্য অর্থের প্রতীতি হওয়াই যুক্তিযুক্ত। ৪

তন্মধ্যে, পুরাণ খ যদি নিরুপাধিক ব্রহ্ম হন, আর যদি বা 'বায়ুর' খ—সোপাধিক ব্রহ্ম হন, উভয় অর্থেই ওঙ্কার শব্দটী প্রতিমার ন্যায় উপাসনার সাধন বা আলম্বনভাব প্রাপ্ত হয়; কারণ, অন্য শ্রুতিতে আছে 'হে সত্যকাম, ইহাই পর ও অপর ব্রহ্ম—যাহা 'ওঁকার'। এখানে কেবল 'খ' শব্দের অর্থ লইয়াই বিরোধ; [কিন্তু উহার সাধনত্ব অংশে কাহারো আপত্তি নাই] ৫

'বেদোঽয়ম্ ওঙ্কারঃ'—যেহেতু লোকে এই ওঁকার দ্বারাই বেদিতব্য (জ্ঞাতব্য) বিষয় বিশেষভাবে অবগত হইয়া থাকে, সেই হেতু ব্রহ্মবাচক ওঁকার শব্দটা 'বেদ' অর্থাৎ ব্রহ্মের নাম; যেহেতু সাধক ব্যক্তি বেদিতব্য অর্থাৎ অবশ্য-জ্ঞাতব্য ব্রহ্মকে এই ওঁকাররূপ অভিধান বা নাম দ্বারা বিশেষভাবে জানিয়া থাকেন—উপলব্ধি করিয়া থাকেন, সেই হেতু ব্রাহ্মণগণ ইহাকে 'বেদ' বলিয়া জানেন। অতএব বুঝিতে হইবে যে, ওঁকার যে, ব্রহ্মবাচকরূপে উপাসনার একটী বিশেষ সাধন, তাহা জ্ঞাপন করাই ব্রাহ্মণগণের ঐরূপ অর্থপ্রতীতির তাৎপর্য্য। ৬

অথবা 'বেদোঽয়ম্' ইত্যাদি বাক্য কেবল অর্থবাদ মাত্র, অর্থাৎ ওঙ্কারের স্তুতি-প্রকাশক মাত্র। কি প্রকার? না, ওঁকার এখানে ব্রহ্মের প্রতীকরূপে বিহিত হইয়াছে। এখানে 'ওম্ খং ব্রহ্ম' এইরূপ অভেদ বিশেষণ-বিশেষ্যভাবে নির্দ্দেশদ্বারা তাহার স্তুতি করিতেছেন যে, সমস্ত বেদ এই ওঁকারেরই স্বরূপ। ঋক্, যজুঃ, সাম ও অথর্ব্বাদি নামে বিভিন্ন সমস্ত বেদ এই ওঁকার হইতেই উদ্ভূত, এবং এই ওঙ্কারস্বরূপ—এই ওঁকারই। যেহেতু অন্য শ্রুতিতে আছে 'যেমন শঙ্কুদ্বারা সমস্ত পত্র বিদ্ধ' হয় ইত্যাদি। এই কারণেও এই ওঁকার বেদস্বরূপ; যেহেতু

যাহা কিছু বেদিতব্য, সেই সমস্ত বেদিতব্য বিষয় এই ওঁকার দ্বারাই সাধক ব্যক্তি জানিয়া থাকেন; এই কারণেই ওঁকার 'বেদ'। প্রসিদ্ধ অপর বেদের যে বেদত্ব, তাহাও এই কারণেই; অতএব ঈদৃশ বিশেষ গুণযুক্ত ওঁকারকে সাধনরূপে অবলম্বন করিবে। অথবা, তাহাই বেদ; তাহা কি? না, ব্রাহ্মণগণ যাহাকে ওঁকার বলিয়া জানেন; কারণ, প্রণব ও উদ্গীথ প্রভৃতি শব্দে এই ওঁকারই ব্রাহ্মণগণের বিজ্ঞেয়; যেহেতু সেই প্রণবকে যদি সাধনরূপে প্রয়োগ করা যায়, তাহা হইলে সমস্ত বেদই প্রযুক্ত বা ব্যবহৃত হইয়া থাকে; [সুতরাং এখানে ঐ বাক্যটী অর্থবাদস্বরূপেই গ্রহণীয়] ॥ ৩৩৪-৫ ॥ ১-২ ॥

ইতি পঞ্চমাধ্যায়ে প্রথম ব্রাহ্মণের ভাষ্যানুবাদ ॥ ৫ ॥ ১ ॥

ত্রয়াঃ প্রাজাপত্যাঃ প্রজাপতৌ পিতরি ব্রহ্মচর্য্যমূষুর্দেবা মনুষ্যা অসুরাঃ। উষিত্বা ব্রহ্মচর্য্যং দেবা ঊচুর্ব্রবীতু নো-ভবানিতি, তেভ্যো হৈতদক্ষরমুবাচ—দ-ইতি। ব্যজ্ঞাসিষ্টাত ইতি? ব্যজ্ঞাসিষ্মেতি হোচুর্দাম্যতেতি ন আত্থেতি, ওমিতি হোবাচ ব্যজ্ঞাসিষ্টেতি ॥ ৩৩৬ ॥ ১ ॥

সরলার্থঃ।—ত্রয়াঃ (ত্রয়ঃ) প্রাজাপত্যাঃ (প্রজাপতেঃ অপত্যানি)—দেবাঃ মনুষ্যাঃ অসুরাশ্চ পিতরি প্রজাপতৌ ব্রহ্মচর্য্যম্ ঊষুঃ (ব্রহ্মচারি-রূপেণ প্রজাপতিসমীপে বাসং চক্রুঃ)। [তত্র] দেবাঃ ব্রহ্মচর্য্যম্ উষিত্বা ঊচুঃ (প্রজাপতিম্ উক্তবন্তঃ),—ভবান্ নঃ (অস্মান্) ব্রবীতু (তত্ত্বম্ উপদিশতু) ইতি; তেভ্যঃ (দেবেভ্যঃ) এতৎ অক্ষরং (বর্ণং) উবাচ (উক্তবান্) [প্রজাপতিঃ]। [কিং তৎ অক্ষরম্? ইত্যাহ—] 'দ' ইতি ('দ' ইত্যক্ষরমুক্তবান্ প্রজাপতিরিত্যর্থঃ)। [প্রজাপতিঃ এবমুক্ত্বা পপ্রচ্ছ—] ব্যজ্ঞাসিষ্টা (ব্যজ্ঞাসিষ্ট—বিজ্ঞাতবন্তঃ) ? [যূয়ম্ ইতি শেষঃ]। [দেবা ঊচুঃ—] ব্যজ্ঞাসিষ্ম (বিশেষেণ জ্ঞাতবন্তঃ) [বয়ম্ ইতি শেষঃ] ইতি। [কিম্?] [যূয়ং] দাম্যত (স্বভাবতঃ অদান্তা যূয়ং দান্তাঃ—দমগুণা-ন্বিতাঃ—শান্তাঃ ভবত) ইতি নঃ (অস্মান্) আত্থ (উক্তবান্) [ত্বম্ ইতি শেষঃ]। [ততঃ] ওম্ ইতি (অঙ্গীকারে) ব্যজ্ঞাসিষ্ট ইতি হ উবাচ [প্রজাপতিঃ] ॥ ৩৩৬ ॥ ১ ॥

মূলানুবাদ।—প্রজাপতির তিনশ্রেণীর পুত্র—দেবতা মনুষ্য

ও অসুরগণ পিতা প্রজাপতির নিকট ব্রহ্মচর্য্য বাস করিয়াছিলেন। তন্মধ্যে দেবতাগণ ব্রহ্মচর্য্য পরিসমাপ্ত করিয়া [প্রজাপতিকে] বলিলেন,—আপনি আমাদিগকে উপদেশ প্রদান করুন। প্রজাপতি তাহাদিগকে 'দ' এই একটীমাত্র অক্ষর উপদেশ করিলেন, এবং জিজ্ঞাসা করিলেন—তোমরা ইহার অর্থ উত্তমরূপে বুঝিয়াছ কি? দেবগণ বলিলেন—হাঁ, বুঝিয়াছি; আপনি আমাদিগকে 'দান্ত' অর্থাৎ দমগুণান্বিত—সংযতেন্দ্রিয় হইবার নিমিত্ত আদেশ করিতেছেন। প্রজাপতি বলিলেন—হাঁ, তোমরা ঠিক বুঝিয়াছ ॥ ৩৩৬ ॥ ১ ॥

শাঙ্করভাষ্যম্।—অধুনা দমাদিসাধনত্রয়বিধানার্থোঽয়মারম্ভঃ। ত্রয়াঃ—ত্রিসংখ্যাকাঃ প্রাজাপত্যাঃ প্রজাপতেরপত্যানি প্রাজাপত্যাঃ; তে কিম্? প্রজাপতৌ পিতরি, ব্রহ্মচর্য্যং—শিষ্যবৃত্তের্ব্রহ্মচর্য্যস্য প্রাধান্যাৎ শিষ্যাঃ সন্তঃ ব্রহ্মচর্য্যম্ উষুঃ উষিতবন্ত ইত্যর্থঃ। কে তে? বিশেষতঃ দেবা মনুষ্যা অসুরাশ্চ। তে চ উষিত্বা ব্রহ্মচর্য্যং কিমকুর্ব্বন্নিত্যুচ্যতে,—তেষাং দেবা ঊচুঃ পিতরং প্রজাপতিং প্রতি। কিমিতি? ব্রবীতু কথয়তু, নঃ অস্মভ্যং যদনুশাসনং ভবানিতি। তেভ্য এবমর্থিভ্যো হ এতদক্ষরং বর্ণমাত্রমুবাচ—দ-ইতি।

উক্ত্বা চ তান্ পপ্রচ্ছ পিতা—কিং ব্যজ্ঞাসিষ্টা ইতি, ময়া উপদেশার্থমভিহিতস্যাক্ষরস্যার্থং বিজ্ঞাতবন্তঃ আহোস্বিন্নেতি। দেবা ঊচুঃ—ব্যজ্ঞাসিষ্মেতি বিজ্ঞাতবন্তো বয়ম্। যদ্যেবম্, উচ্যতাং কিং ময়োক্তমিতি? দেবা ঊচুঃ—দাম্যত—অদান্তা যূয়ং স্বভাবতঃ, অতো দান্তা ভবতেতি নঃ অস্মান্ আত্থ কথয়সি। ইতর আহ—ওমিতি সম্যক্ ব্যজ্ঞাসিষ্টেতি ॥ ৩৩৬॥১ ॥

টীকা। ব্রাহ্মণান্তরস্য তাৎপর্য্যমাহ—অধুনেতি। তদ্বিধানং সর্ব্বোপাস্তিশেষত্বেনেতি দ্রষ্টব্যম্। আখ্যায়িকাপ্রবৃত্তিরারভ্যঃ। পিতরি ব্রহ্মচর্য্যমূষুরিতি সংবন্ধঃ। প্রজাপতিসমীপে ব্রহ্মচর্য্যবাসমাত্রেণ কিমিত্যসৌ দেবাদিভ্যো হিতং ক্রয়াদিত্যাশঙ্ক্যাহ—শিষ্যত্বেতি। শিষ্যভাবেন বৃত্তেঃ সংবন্ধিনো যে ধর্ম্মাস্তেষাং মধ্যে ব্রহ্মচর্য্যস্যেত্যাদি যোজ্যম্। তেষামিতি নির্দ্ধারণে ষষ্ঠী। উহাপোহশক্তানামেব শিষ্যত্বমিতি দ্যোতনার্থো হশব্দঃ। বিচারার্থা স্মৃতিরিত্যঙ্গীকৃত্য প্রশ্নমেব ব্যাচষ্টে—ময়েতি। ওমিত্যনুজ্ঞামেব বিভজতে—সম্যগিতি ॥ ৩৩৬ ॥ ১ ॥

ভাষ্যানুবাদ।—অতঃপর 'দম' প্রভৃতি তিনপ্রকার সাধন বিধানের নিমিত্ত এই প্রকরণ আরব্ধ হইতেছে। 'ত্রয়াঃ' অর্থ—ত্রিসংখ্যক (তিন-

প্রকার); 'প্রাজাপত্য' অর্থ—প্রজাপতির সন্তান। তাহারা কি [করিয়াছিল?] না, পিতা প্রজাপতির নিকট—ব্রহ্মচর্য্য বাস করিয়াছিল। ব্রহ্মচর্য্যই শিষ্যত্ব ব্যবহারের প্রধান অঙ্গ; সুতরাং বুঝিতে হইবে যে, তাহারা যোগ্য শিষ্যভাবে বাস করিয়াছিল। তাহারা কাহারা? বিশেষতঃ দেবতা, মনুষ্য ও অসুরগণ। তাহারা ব্রহ্মচর্য্য বাস করিয়া যে কি করিয়াছিল, তাহা বলা হইতেছে—তাহাদের মধ্যে প্রথমতঃ দেবগণ পিতা প্রজাপতিকে বলিলেন। কি বলিলেন? আমাদের সম্বন্ধে যাহা সঙ্গত অনুশাসন, তাহা আপনি বলুন। এইরূপে উপদেশপ্রার্থী তাহাদিগকে প্রজাপতি এই অক্ষরটী—'দ' এই একটীমাত্র বর্ণ বলিয়াছিলেন—

পিতা প্রজাপতি ঐ অক্ষর উপদেশ করিয়া তাহাদিগকে জিজ্ঞাসা করিয়াছিলেন—তোমরা বুঝিয়াছ কি? অর্থাৎ আমি উপদেশচ্ছলে যে অক্ষরটী বলিলাম, তাহার অর্থ কি বিশেষভাবে হৃদয়ঙ্গম করিয়াছ? অথবা কর নাই? দেবগণ বলিলেন—আমরা উত্তমরূপে বুঝিয়াছি। ভাল, যদি বুঝিয়া থাক, তবে বল দেখি, আমি তোমাদিগকে কি বলিয়াছি? দেবগণ বলিলেন—আপনি বলিয়াছেন—'দাম্যত', অর্থাৎ তোমরা স্বভাবতই অদান্ত—অসংযত, অতএব তোমরা সংযমশীল হও; এই কথা আপনি আমাদিগকে বলিয়াছেন। প্রজাপতি বলিলেন হাঁ, তোমরা যথার্থই বুঝিয়াছ ॥ ৩৩৬ ॥ ১ ॥

অথ হৈনং মনুষ্যা ঊচুর্ব্রবীতু নো ভবানিতি, তেভ্যো-হৈতদেবাক্ষরমুবাচ দ-ইতি, ব্যজ্ঞাসিষ্টা৩ ইতি, ব্যজ্ঞাসিষ্মেতি হোচুর্দত্তেতি ন আত্থেতি, ওমিতি হোবাচ ব্যজ্ঞাসিষ্টেতি ॥ ৩৩৭ ॥ ২ ॥

সরলার্থঃ।—অথ (অনন্তরম্) মনুষ্যাঃ এনং (প্রজাপতিং) ঊচুঃ হ (উক্তবন্তঃ কিল)—ভবান্ নঃ (অস্মান্) ব্রবীতু ইতি। এবমুক্তঃ [প্রজাপতিঃ] তেভ্যঃ (মনুষ্যেভ্যঃ) হ এতৎ এব অক্ষরং—'দ' ইতি উবাচ। [ততঃ পপ্রচ্ছ] ব্যজ্ঞাসিষ্টা (ব্যজ্ঞাসিষ্ট—বিশেষেণ জ্ঞাতবন্তঃ যূয়ম্)? ইতি; [মনুষ্যাঃ] হ ঊচুঃ—ব্যজ্ঞাসিষ্ম (বিশেষেণ জ্ঞাতবন্তঃ বয়ম্) ইতি—'দত্ত' (দানং কুরুত) ইতি নঃ (অস্মান্) আত্থ (উক্তবান্ ত্বম্) ইতি। [এতৎ শ্রুত্বা প্রজাপতিঃ] উবাচ হ—ওম্ ইতি (অঙ্গীকারে) ব্যজ্ঞাসিষ্ট ইতি ॥ ৩৩৭ ॥ ২ ॥

মূলানুবাদ।—অতঃপর মনুষ্যগণ প্রজাপতিকে বলিল—

আপনি আমাদিগকে উপদেশ প্রদান করুন। প্রজাপতি তাহাদিগকেও 'দ' এই একটী মাত্র অক্ষরই উপদেশ করিলেন, [এবং উপদেশের পর জিজ্ঞাসা করিলেন—] উত্তমরূপে বুঝিয়াছ কি? [মনুষ্যগণ] বলিল—হাঁ, উত্তমরূপেই বুঝিয়াছি—আপনি আমাদিগকে দান করিতে উপদেশ দিতেছেন। [প্রজাপতি] বলিলেন—হাঁ, তোমরা যথার্থই বুঝিয়াছ ॥ ৩৩৭ ॥ ২ ॥

শাঙ্করভাষ্যম্।—সমানমন্যৎ। স্বভাবতো লুব্ধা যূয়ম্, অতো যথাশক্তি সংবিভজত—দত্তেতি নঃ অস্মান্ আত্থ, কিমন্যদ্ ব্রূয়াৎ নো হিতার্থী মনুষ্যাঃ ॥ ৩৩৭ ॥ ২ ॥

টীকা। সমানমন্যেনোক্তস্য সমন্বৈবার্থবিবক্ষাবাপেত্যয়ে প্রাপ্তে দত্তেত্যত্র তাৎপর্য্যমাহ—স্বভাবত ইতি। দানমেব লোভতাৎপর্য্যপদিষ্টমিতি কুতো নির্দ্দিষ্টং, কিমন্যদেব কিং কিঞ্চিদাদিষ্টং কিং ন স্যাদিত্যাশঙ্ক্যাহ—কিমন্যদিতি ॥ ৩৩৭ ॥ ২ ॥

ভাষ্যানুবাদ।—শ্রুতির অন্যাংশের ব্যাখ্যা পূর্ব্বানুরূপ; বিশেষ এই যে, মনুষ্যগণ বলিল—আপনি আমাদিগকে এই উপদেশ দিয়াছেন যে, তোমরা স্বভাবতই লোভপরতন্ত্র; অতএব শক্তি অনুসারে তোমরা দান কর—স্বীয় ধন বিভাগ করিয়া দাও। আপনি আমাদিগকে এই উপদেশই দিয়াছেন; ইহা ভিন্ন আমাদিগকে আর কি উপদেশ দিবেন? ॥ ৩৩৭ ॥ ২ ॥

অথ হৈনমসুরা উচুর্ব্রবীতু নো ভবানিতি, তেভ্যো হৈতদেবাক্ষরমুবাচ দ-ইতি, ব্যজ্ঞাসিষ্টাও ইতি, ব্যজ্ঞাসিষ্মেতি হোচুর্দ্দয়ধ্বমিতি ন আত্থেতি, ওমিতি হোবাচ ব্যজ্ঞাসিষ্টেতি, তদেতদেবৈষা দৈবী বাগনুবদতি স্তনয়িত্নুর্দ-দ-দ-ইতি—দাম্যত দত্ত দয়ধ্বমিতি। তদেতত্ত্রয়ম্ শিক্ষেদ্দমং দানং দয়ামিতি ॥৩৩৮॥৩॥

ইতি দ্বিতীয়ং ব্রাহ্মণম্ ॥৫॥২।

সরলার্থঃ।—অথ (অতঃপরম্) অসুরাঃ হ এনং (প্রজাপতিং) উচুঃ—ভবান্ নঃ (অস্মান্) ব্রবীতু ইতি। [এবমুক্তঃ প্রজাপতিঃ] তেভ্যঃ (অসুরেভ্যঃ) এতৎ এব 'দ' ইত্যক্ষরম্ উবাচ। [উক্ত্বা চ পৃষ্টবান্—] ব্যজ্ঞাসিষ্টা ইতি? [অসুরাঃ উচুঃ] ব্যজ্ঞাসিষ্ম ইতি—দয়ধ্বম্ (দয়াং কুরুত) ইতি নঃ (অস্মান্) আত্থ ইতি। [এতৎ শ্রুত্বা প্রজাপতিঃ] উবাচ হ—ওম্-ইতি—ব্যজ্ঞাসিষ্ট ইতি।

এষা (লোকপ্রসিদ্ধা) দৈবী (দেবতাসম্বন্ধিনী) বাক্—স্তনয়িত্নুঃ (মেঘধ্বনিঃ) 'দ—দ—দ' ইতি [কৃত্বা] দাম্যত, দত্ত, দয়ধ্বম্ ইতি এতৎ (প্রজাপতিবচনম্) এব অনুবদতি (উক্তস্য অনুকথনম্ অনুবাদঃ, তং করোতীবেত্যর্থঃ)। তৎ এতৎ ত্রয়ম্—দমং দানং দয়াম্ শিক্ষেৎ (অভ্যসেৎ) ইতি [শ্রুতেরুপদেশঃ] ॥ ৩৩৮॥৩॥

মূলানুবাদ ঃ—ইহার পর অসুরগণ প্রজাপতিকে বলিল—আপনি আমাদিগকে উপদেশ প্রদান করুন। প্রজাপতি তাহাদিগকে সেই 'দ' অক্ষরটীই উপদেশ করিলেন; এবং জিজ্ঞাসা করিলেন, তোমরা বেশ বুঝিয়াছ কি? [অসুরগণ বলিল—] হাঁ বেশ বুঝিয়াছি—আপনি আমাদিগকে দয়াশীল হইবার নিমিত্ত উপদেশ করিতেছেন। প্রজাপতি বলিলেন—হাঁ, তোমরা ঠিক বুঝিয়াছ। এখনও এই দৈববাণী স্তনয়িত্নু অর্থাৎ মেঘধ্বনি 'দ—দ—দ' বলিয়া—প্রজাপতির দাম্যত (দান্ত হও), দত্ত (দানশীল হও) ও দয়ধ্বং (দয়াপর হও) এই কথাত্রয়েরই অনুবাদ করিতেছে। উদ্দেশ্য—ইহা হইতে লোকে দম, দান ও দয়া শিক্ষা করিবে ॥ ৩৩৮ ॥ ৩ ॥

ইতি দ্বিতীয় ব্রাহ্মণব্যাখ্যা ॥ ৫ ॥ ২ ॥

শাঙ্করভাষ্যম্ ঃ—তথা অসুরাঃ, দয়ধ্বমিতি; ক্রূরা যূয়ং হিংসাপরাঃ, অতো দয়ধ্বং প্রাণিষু দয়াং কুরুতেতি। তদেতৎ প্রজাপতেরনুশাসনম্ অদ্যাপ্যনুবর্ত্তত এব। যঃ পূর্ব্বং প্রজাপতির্দ্দেবাদীন্ অনুশশাস, সঃ অদ্যাপি অনুশাস্ত্যেব দৈব্যা স্তনয়িত্নুলক্ষণয়া বাচা। ১

টীকা। যথা দেবা মনুষ্যাশ্চ স্বাভিপ্রায়ানুসারেণ দকারশ্রবণে সত্যর্থং জগৃহুস্তথেতি যাবৎ। দয়ধ্বমিত্যত্র তাৎপর্য্যমাহ্রয়তি—ক্রূরা ইতি। হিংসাদাতাদিশব্দেন পরস্বাপহারাদি গৃহ্যতে। প্রজাপতেরনুশাসনং প্রাগাসীদিত্যত্র লিঙ্গমাহ—তদেতদিতি। অনুশাসনস্যানুবৃত্তিমেব ব্যাকরোতি—যঃ পূর্ব্বমিতি। দ-ইতি বিসন্ধিকরণং সর্ব্বত্র বর্ণান্তরভ্রমাপোহার্থম্। ১

কথম্? এষা শ্রূয়তে দৈবী বাক্? কাসৌ? স্তনয়িত্নুঃ—দ-দ-দ ইতি—দাম্যত, দত্ত, দয়ধ্বমিতি। এষাং বাক্যানামুপলক্ষণায় ত্রিদকার উচ্চার্য্যতে অনুকৃতিঃ, নতু স্তনয়িত্নু-শব্দঃ ত্রিরেব, সংখ্যানিয়মস্ত লোকে অপ্রসিদ্ধত্বাৎ। যস্মাদদ্যাপি প্রজাপতির্দ্দাম্যত দত্ত দয়ধ্বমিত্যনুশাস্ত্যেব, তস্মাৎ কারণাদেতত্ত্রয়ম্; কিং তত্ত্রয়মিত্যুচ্যতে—দমং দানং দয়ামিতি শিক্ষেদুপাদদ্যাৎ প্রজাপতেরনুশাসনমস্মাভিঃ কর্ত্তব্যমিত্যেবং মতিং কুর্য্যাৎ। তথা চ স্মৃতিঃ—

"ত্রিবিধং নরকস্যেদং দ্বারং নাশনমাত্মনঃ।

কামঃক্রোধস্তথা লোভস্তস্মাদেতত্ত্রয়ং ত্যজেৎ॥" ইতি। ২

যথা দকারত্রয়মত্র বিবক্ষিতং, তথা স্তনয়িত্নুশব্দেঽপি ত্রিত্বং বিবক্ষিতং চেৎ, প্রসিদ্ধিবিরোধঃ স্যাদিত্যাশঙ্ক্যাহ—অনুকৃতিরিতি। দশব্দানুকারমাত্রমত্র বিবক্ষিতং, ন তু স্তনয়িত্নুশব্দে ত্রিত্বং, প্রমাণাভাবাদিত্যর্থঃ। প্রকৃতস্যার্থবাদস্য বিধিপর্য্যবসায়িত্বং ফলিতমাহ—যস্মাদিতি। উপাদান-প্রকারমেবাভিনয়তি—প্রত্যাদত্তেরিতি। শ্রুতিসিদ্ধবিধ্যনুসারেণ ভগবদ্বাক্যপ্রবৃত্তিং দর্শয়তি—তথা চেতি। ২

অত্র হি বিধেঃ শেষঃ পূর্ব্বঃ। তত্রাপি দেবাদীনুদ্দিশ্য কিমর্থং দকারত্রয়মুচ্চারিতবান্ প্রজাপতিঃ পৃথগনুশাসনার্থিভ্যঃ; তে বা কথং বিবেকেন প্রতিপন্নাঃ প্রজাপতের্মনোগতং—সমানেনৈব দকারবর্ণমাত্রেণেতি পরাভিপ্রায়জ্ঞা বিকল্পয়ন্তি। ৩

তদেতৎ ত্রয়ং শিক্ষেদিত্যেষ বিধিশ্চেৎ, কুতঃ ত্রয়াঃ প্রাজাপত্যা ইত্যাদিনা গ্রন্থেনেত্যাশঙ্ক্য যস্মাদিত্যাদিনা সূচিতমাহ—অত্রেতি। সর্ব্বৈরেব ত্রয়মনুষ্ঠেয়ং চেৎ, তর্হি দেবাদীনুদ্দিশ্য দকারত্রয়োচ্চারণমনুপপন্নমিতি শঙ্কতে—তত্রেতি। দমাদিত্রয়স্য সর্ব্বৈরনুষ্ঠেয়ত্বে সতীতি যাবৎ। কিঞ্চ, পৃথক্‌পৃথগনুশাসনার্থিনো দেবাদয়স্তেভ্যো দকারমাত্রোচ্চারণেনাপেক্ষিতমনুশাসনং ন সিধ্যতীত্যাহ—পৃথগিতি। কিমর্থমিত্যাদিনা পূর্ব্বেণ সংবন্ধঃ। দকারমাত্রমুচ্চারয়তোঽপি প্রজাপতেরভিপ্রায়েণানুশাসনমভিসংহিতমিত্যাশঙ্ক্যাহ—তে বেতি। ত্রয়ং সর্ব্বৈরনুষ্ঠেয়মিতি পরস্য সিদ্ধান্তিনোঽভিপ্রায়মন্বিচ্ছন্তঃ সন্তো সংপ্রতিপত্ত্যা বিকল্পয়ন্তীতি যোজনা। পরাভি-প্রায়জ্ঞা ইত্যুপহাসো বা, পরস্য প্রজাপতেরনুশাসনং চাভিপ্রায়জ্ঞা ইতি। ৩

অত্রৈক আহুঃ—অদান্তত্বাদাতৃত্বাদয়ালুত্বৈঃ অপরাধিত্বম্ আত্মনো মন্যমানাঃ শঙ্কিতা এব প্রজাপতৌ ঊষুঃ—কিং নো বক্ষ্যতীতি; তেষাঞ্চ দকারশ্রবণমাত্রাদেব আত্মাশঙ্কাবশেন তদর্থপ্রতিপত্তিরভূৎ; লোকেঽপি হি প্রসিদ্ধম্—পুত্রাঃ শিষ্যাশ্চানুশাস্যাঃ সন্তঃ দোষান্নিবর্ত্তয়িতব্যা ইতি; অতো যুক্তং প্রজাপতের্দ্দকারমাত্রোচ্চারণম্; দমাদিত্রয়ে চ দকারান্বয়াৎ, আত্মনো দোষানুরূপ্যেণ দেবাদীনাং বিবেকেন প্রতিপত্তুঞ্চেতি। ফলং তু এতৎ—আত্মদোষজ্ঞানে সতি দোষাৎ নিবর্ত্তয়িতুং শক্যতে অল্পেনাপ্যুপদেশেন; যথা দেবাদয়ো দকারমাত্রেণেতি। ৪

একীয়ং পরিহারমুত্থাপয়তি—অত্রেতি। অস্তু তেষামেষা শঙ্কা, তথাপি দকারমাত্রাৎ কীদৃশী প্রতিপত্তিরিত্যাশঙ্ক্যাহ—তেষাং চেতি। তদর্থো দকারার্থো দমাদিস্তস্য প্রতিপত্তিস্তদ্দ্বারেণা-দান্তত্বাদিনিবৃত্তিরাসীদিত্যর্থঃ। কিমিতি প্রজাপতির্দোষজ্ঞাপনদ্বারেণ ততো দেবাদীনশাস্তান্ দোষান্নিবর্ত্তয়িষ্যতি, তত্রাহ—লোকেঽপীতি। দকারোচ্চারণস্য প্রয়োজনে সিদ্ধে ফলিতমাহ—অত ইতি। যত্তুক্তং তে বা কথমিত্যাদি, তত্রাহ—দমাদীতি। প্রতিপত্তুঞ্চ যুক্তং দমাদীতি শেষঃ। ইতিশব্দঃ যথাশ্রুত-সমাপ্ত্যর্থঃ। পরোক্তং পরিহারমঙ্গীকৃত্যাধ্যাত্মিক-

তাৎপর্য্যং সিদ্ধান্তী ব্রূতে—কথং ত্রিতি। নির্জ্জিতদোষা দেবাদয়ঃ তথা দকারমাত্রেণ ততো নিবর্ত্তন্ত ইতি শেষঃ। ইতিশব্দো বাক্যত্রিকপ্রদর্শনার্থঃ। ৪

নন্বেতৎ ত্রয়াণাং দেবাদীনামনুশাসনং দেবাদিভিরপি একৈকমেবোপাদেয়ম্ অন্যত্বেঽপি, ন তু ত্রয়ং মনুষ্যৈঃ শিক্ষিতব্যম্ ইতি? অত্রোচ্যতে,—পূর্ব্বৈর্দ্দেবাদিভির্ব্বিশিষ্টৈরনুষ্ঠিতমেতত্রয়ম্; তস্মাৎ মনুষ্যৈরেব শিক্ষিতব্যমিতি। তত্র দয়ালুত্বস্যানমুষ্ঠেয়ত্বং স্যাৎ; কথম্? অসুরৈরপ্রশস্তৈরনুষ্ঠিতত্বাদিতি চেৎ; ন; তুল্যত্বাৎ ত্রয়াণাম্; অতোঽন্যোঽত্রাভিপ্রায়ঃ—প্রজাপতেঃ পুত্রা দেবাদয়স্ত্রয়ঃ; পুত্রেভ্যশ্চ হিতমেব পিত্রোপদেষ্টব্যম্; প্রজাপতিশ্চ হিতজ্ঞো নান্যথোপদিশতি; তস্মাৎ পুত্রানুশাসনং প্রজাপতেঃ পরমমেতৎ হিতম্; অতো মনুষ্যৈরেব এতত্রয়ং শিক্ষিতব্যমিতি। ৫

বিশিষ্টান্ প্রত্যনুশাসনস্য প্রবৃত্তত্বাদস্মাকং তদভাবাদনুপাদেয়ং দমাদীতি শঙ্কতে—নন্বিতি। কিঞ্চ, দেবাদিভিরপি প্রাতিস্বিকানুশাসনবশাদেকৈকমেব দমাদ্যনুষ্ঠেয়ং, ন ত্রয়মিত্যাহ—দেবাদিভিরিতি। যথা পূর্ব্বস্মিন্ কালে দেবাদিভিরেকৈকমেবোপাদেয়মিত্যুক্তং, তথা বর্ত্তমানেঽপি কালে মনুষ্যৈরেকৈকমেব কর্ত্তব্যং পূর্ব্বাচারানুসারায় তু ত্রয়ং শিক্ষিতব্যং, তথা চ কস্তারঃ বিধিরিত্যাহ—অন্যত্বেঽপীতি। আচারপ্রামাণ্যমাশ্রিত্য—পরিহরতি অত্রেতি। ইতঃ ত্রৈকৈকমেব নোপাদেয়মিতি শেষঃ। দয়ালুত্বস্যানুষ্ঠেয়ত্বমাক্ষিপতি—তত্রেতি। মধ্যে দমাদীনামিতি যাবৎ। অসুরৈরনুষ্ঠিতত্বেঽপি দয়ালুত্বমনুষ্ঠেয়ং হিতসাধনত্বাদ্দমাদিবদিতি পরিহরতি—নেত্যাদিনা। দেবাদিষু প্রজাপতেরবিশেষাত্তেভ্যস্ত্রয়মুপদিষ্টমন্যত্বেঽপি সর্ব্বমনুষ্ঠেয়মিত্যর্থঃ। হিতস্যৈবোপদেষ্টব্যত্বেঽপি তদজ্ঞানাৎ প্রজাপতিরন্যথোপদিশতীত্যাশঙ্ক্যাহ—প্রজাপতিশ্চেতি। হিতজ্ঞস্য পিতুরহিতোপদেশিত্বাভাবস্যাদিত্যুক্তম্। বিশিষ্টৈরনুষ্ঠিতত্বাদ্দমাদিভিরনুষ্ঠেয়ত্বে ফলিতমাহ—অত ইতি। প্রাজাপত্যা দেবাদয়ো বিগ্রহবন্তঃ সন্তীত্যর্থবাদস্য যথাশ্রুতেঽর্থে প্রামাণ্যমভ্যুপগম্য দকারত্রয়স্য তাৎপর্য্যং সিদ্ধমিতি বক্তুমিতি-শব্দঃ। ৫

অথবা ন দেবা অসুরা বা অন্যে কেচন বিদ্যন্তে মনুষ্যেভ্যঃ; মনুষ্যাণামেব অদান্তা যে অন্যৈরুত্তমৈর্গুণৈঃ সম্পন্নাঃ, তে দেবাঃ, লোভপ্রধানা মনুষ্যাঃ, তথা হিংসাপরাঃ ক্রূরা অসুরাঃ। তে এব মনুষ্যা অদান্তত্বাদিদোষত্রয়মপেক্ষ্য দেবাদিশব্দভাজো ভবন্তি—ইতরাংশ্চ গুণান্ সত্ত্বরজস্তমাংসি অপেক্ষ্য। অতো মনুষ্যৈরেব শিক্ষিতব্যমেতৎ ত্রয়মিতি, তদপেক্ষত্বৈব প্রজাপতিনোপদিষ্টত্বাৎ। তথা হি মনুষ্যা অদান্তা লুব্ধাঃ ক্রূরাশ্চ দৃশ্যন্তে। তথা চ স্মৃতিঃ,—"কামঃ ক্রোধস্তথা লোভস্তস্মাদেতত্রয়ং ত্যজেৎ।" ইতি ॥ ৩৮ ॥ ৩ ॥

ইতি পঞ্চমাধ্যায়স্য দ্বিতীয়ং ব্রাহ্মণম্ ॥ ৫ ॥ ২ ॥

সংপ্রতিকর্ম্মমীমাংসকমতমনুস্মৃত্যাহ—অথবেতি। কথং মনুষ্যেষ্বেব দেবাসুরত্বং, তত্রাহ—মনুষ্যাণামিতি। অন্যে গুণা জ্ঞানাদয়ঃ। কিং পুনর্ম্মনুষ্যেষু দেবাদিশব্দপ্রবৃত্তৌ নিমিত্তং, তত্রাহ—অদান্তত্বাদীতি। দেবাদিশব্দপ্রবৃত্তৌ নিমিত্তান্তরমাহ—উত্তমাংশ্চেতি। মনুষ্যেষ্বেব দেবাদিশব্দপ্রবৃত্তৌ ফলিতমাহ—অত ইতি। হিশব্দো বিধ্যুপপত্তিপ্রদর্শনার্থঃ। মনুষ্যৈরেব ত্রয়ং শিক্ষিতব্যমিত্যত্র হেতুমাহ—তদপেক্ষয়েতি। মনুষ্যাণামেব দেবাদিভাবে প্রমাণমাহ—তথা হীতি। ত্রয়ং শিক্ষিতব্যমিত্যত্র স্মৃতিমুদাহরতি—তথা চেতি। ইতিশব্দো ব্রাহ্মণসমাপ্ত্যর্থঃ ॥ ৩১৮ ॥ ৩ ॥

ইতি বৃহদারণ্যকোপনিষদ্ভাষ্যটীকায়াং পঞ্চমাধ্যায়স্য দ্বিতীয়ং ব্রাহ্মণম্ ॥ ৫ ॥ ২ ॥

ভাষ্যানুবাদ।—সেইরূপ [প্রজাপতির জিজ্ঞাসান্তে] অসুরগণ বলিল—[আপনি আমাদিগকে উপদেশ করিয়াছেন যে,] তোমরা ক্রূরস্বভাব—হিংসা-পরায়ণ ; অতএব দয়ালু হও, প্রাণিগণের প্রতি দয়া কর। প্রজাপতির এই উপদেশ এখন পর্য্যন্তও নিশ্চয়ই অনুসৃত হইতেছে। প্রজাপতি পুরাকালে দেবতা-প্রভৃতির প্রতি যে উপদেশ করিয়াছিলেন, আজও স্তনয়িত্নু বা মেঘধ্বনিরূপ দৈবী বাণী সেই উপদেশেরই অনুবাদ করিতেছে। ১

এই দৈববাণী কি প্রকার শ্রুত হইয়া থাকে? এবং এই স্তনয়িত্নুই বা কি? [তদুত্তরে বলা হইতেছে যে,] দ—দ—দ ইতি, [ইহার অর্থ—] দান্ত হও, দানশীল হও, এবং দয়ালু হও। এই তিনটী বাক্যের (দাম্যত, দত্ত ও দয়ধ্বম্' এই তিনটী কথার) প্রতীতি জন্মাইবার নিমিত্ত অনুকরণরূপে তিন বাক্যেই 'দ'কারের উচ্চারণ করা হইয়াছে, কিন্তু স্তনয়িত্নু ধ্বনি যে, মাত্র তিনবারই হইয়া থাকে, তাহা নহে ; কারণ, জগতে স্তনয়িত্নুধ্বনিতে ত্রিত্বসংখ্যার কোনও নিয়ম দেখা যায় না। যেহেতু প্রজাপতি আজ পর্য্যন্তও 'দাম্যত, দত্ত ও দয়ধ্বম্' এইরূপ উপদেশ করিতেছেন, সেই হেতু এই তিনটী,—এই তিনটী যে কি, তাহা কথিত হইতেছে—দম, দান ও দয়া এই তিনটী বিষয় শিক্ষা করিবে অর্থাৎ গ্রহণ করিবে, প্রজাপতির অনুশাসন আমাদের প্রতিপালন করা আবশ্যক, এই প্রকার বুদ্ধি স্থির করিবে। এই প্রকার স্মৃতিবাক্যও আছে—'আত্মনাশের প্রধান উপায় কাম, ক্রোধ ও লোভ এই তিনটীই নরকের দ্বার ; অতএব এই তিনটী সর্ব্বথা পরিত্যাগ করিবে'। (১)। ২

---

(১) তাৎপর্য্য—সাধারণতঃ স্মৃতি অপেক্ষা শ্রুতির প্রামাণ্য অধিক ; সুতরাং শ্রুতি কখনই স্মৃতির অপেক্ষা করে না, কিন্তু যেখানে শ্রুতির যথার্থ অর্থ নির্ণয়ে বাধা ঘটে—সংশয় উপস্থিত হয়, কেবল সেইখানেই সংশয় নিবারণার্থ স্মৃতির সাহায্য লইতে হয়। মহাভারতে আছে "ইতিহাসপুরাণাভ্যাং বেদার্থমুপবৃংহয়েৎ" অর্থাৎ ইতিহাস ও পুরাণের সাহায্যে বেদার্থ"

প্রথমোক্ত 'ত্রয়া হ প্রাজাপত্যাঃ' ইত্যাদি বাক্য এই শিক্ষাবিধিরই অঙ্গ, অর্থাৎ এই প্রকার শিক্ষালাভের উপযুক্ত পাত্ররূপেই প্রথমে দেবতাপ্রভৃতির উল্লেখ করা হইয়াছে; কিন্তু এইরূপে নিযোজ্য-নির্দ্দেশ সত্ত্বেও পরাভিপ্রায়-বিচারে পটু পণ্ডিতগণ নানাবিধ বিকল্প বা বিতর্ক উত্থাপন করিয়া বলেন যে, দেবতাপ্রভৃতি শিষ্যগণ যখন বিভিন্নপ্রকার উপদেশের প্রার্থী, তখন প্রজাপতি তাহাদের উদ্দেশ্যে তিনবার একই দকার মাত্র উচ্চারণ করিলেন কেন? এবং প্রজাপতির একই দকার অক্ষরের উচ্চারণমাত্রে উহারাইবা পৃথক্ পৃথক্ ভাবে প্রজাপতির মনোগত ভাব অবগত হইল কি প্রকারে? ইত্যাদি বিষয় লইয়া পরচিত্তাভিজ্ঞ পণ্ডিতগণ নানাপ্রকার কল্পনা করিয়া থাকেন। ৩

এস্থলে কেহ কেহ বলেন, দেবতাপ্রভৃতিরা যে সময় প্রজাপতির নিকট ব্রহ্মচারীরূপে বাস করিতেছিলেন, তখনই তাহারা নিজেদের অদান্তত্ব, অদাতৃত্ব ও অদয়ালুত্ব দোষগুলির প্রতি লক্ষ্য রাখিয়া শঙ্কা করিতেছিলেন যে, প্রজাপতি আমাদিগকে কি জানি বলিবেন। অনন্তর প্রজাপতির উপদেশে দকার মাত্র শ্রবণ করিয়া আপনাদের শঙ্কা অনুসারেই তাহার অর্থ প্রতীতি করিয়াছিলেন মাত্র। জগতেও ইহা প্রসিদ্ধ যে, পুত্র ও শিষ্যপ্রভৃতি যাহারা শাসনযোগ্য, তাহাদিগকে নিজ নিজ দোষ হইতে নিবৃত্ত করানই উচিত; এই কারণে প্রজাপতির এই প্রকার শুধু দকার মাত্রের উচ্চারণ করা সঙ্গতই হইয়াছে; এবং দম, দান ও দয়া, এই তিনেতেই দকারের সম্বন্ধ থাকায় নিজেদের দোষানুসারে দেবতাপ্রভৃতিরও বিভিন্নপ্রকার অর্থ প্রতীতি করা সঙ্গতই হইয়াছে। ইহার উদ্দেশ্য এই যে, আপনার দোষগুলি একবার জ্ঞানগোচর হইলে, অতি অল্প উপদেশেও সেই সমুদয় দোষ হইতে তাহাদিগকে নিবৃত্ত করা যাইতে পারে; যেমন একমাত্র 'দ'কার শ্রবণেই দেবতা প্রভৃতিরা দোষ হইতে নিবৃত্ত হইয়াছিলেন।

ভাল কথা, দেবতাপ্রভৃতি তিনশ্রেণীর লোকের জন্য যদি এই তিনটী উপদেশ প্রদত্ত হইয়া থাকে, তাহা হইলে দেবতা প্রভৃতির পক্ষে ইহার এক একটী মাত্র উপদেশ গ্রহণ করাই উচিত; সুতরাং এখনও মনুষ্যগণের তিনটী উপদেশই প্রতিপালনীয় হইতে পারে না। বিশেষতঃ দয়ালুত্ব কখনই শিক্ষণীয় হইতে পারে না; যে হেতু, উহা অপ্রশস্ত বা হীনপ্রকৃতি অসুরের দ্বারা অনুষ্ঠিত। না, এরূপ আপত্তি সঙ্গত হয় না; কারণ? যেহেতু প্রজাপতির

অবধারণ ও সমর্থন করিবে। এখানেও শ্রুতির অভিপ্রায় নির্ণয়ে সংশয় উপস্থিত হইয়াছিল; সেই জন্য ভাষ্যকার স্মৃতিবাক্য উদ্ধৃত করিয়া সেই সংশয় নিরসন করিলেন।

নিকট তিনই তুল্য ; অতএব বুঝিতে হইবে যে, এখানে প্রজাপতির অভি-প্রায় অন্যপ্রকার—দেবতা, মনুষ্য ও অসুর, এই তিনই প্রজাপতির পুত্র ; পুত্র-গণের উদ্দেশ্যে হিতোপদেশ প্রদানই পিতার কর্ত্তব্য ; প্রজাপতিও হিতজ্ঞ ; তিনি কখনই অহিতের উপদেশ করিতে পারেন না ; অতএব বুঝিতে হইবে যে, পুত্র-গণের প্রতি যে, প্রজাপতির এইরূপ উপদেশ, তাহা নিশ্চয়ই পরম হিতকর ; অতএব মনুষ্যগণের পক্ষেও এই তিনটী অবশ্যই শিক্ষণীয়। ৫

অথবা, মনুষ্যের অতিরিক্ত দেবতা বা অসুর বলিয়া কেহ নাই ; পরন্তু মনুষ্যের মধ্যেই যাহারা মনুষ্যোচিত অন্যান্য উৎকৃষ্ট গুণসম্পন্ন হইয়াও অদান্তস্বভাব, তাহারা দেবতা, যাহারা লোভপ্রধান, তাহারা মনুষ্য, আর যাহারা হিংসাপরায়ণ ক্রূরপ্রকৃতি, তাহারা অসুর শব্দে অভিহিত হইয়া থাকে ; সত্ত্ব রজঃ ও তমঃ, এই গুণত্রয় অনুসারেই এইপ্রকার বিভাগ করা হইয়া থাকে। অতএব কেবল মনুষ্য-গণকেই এই তিনটী বিষয় শিক্ষা করিতে হইবে ; কারণ, তদুদ্দেশ্যেই প্রজাপতি উপদেশ করিয়াছেন। দেখ, মনুষ্যগণের মধ্যেই অদান্ত, লুব্ধ ও ক্রূরস্বভাব লোক দৃষ্ট হইয়া থাকে। স্মৃতিশাস্ত্রও সেইরূপ বলিতেছেন—'অতএব কাম, ক্রোধ লোভ এই তিনটী দোষ ত্যাগ করিবে' ইতি ॥ ৩৩৮ ॥৩ ॥

ইতি পঞ্চম অধ্যায়ে দ্বিতীয় ব্রাহ্মণের ভাষ্যানুবাদ ॥ ৫॥২॥

আত্মাবভাষ্যম্ ।—দমাদিসাধনত্রয়ং সর্ব্বোপাসনাশেষং বিহিতম্। দান্তোঽলুব্ধো দয়ালুঃ সন্ সর্ব্বোপাসনেষধিক্রিয়তে। তত্র নিরুপাধিকস্য ব্রহ্মণো দর্শনমতিক্রান্তম্, অধুনা সোপাধিকস্য তস্যৈবাভ্যুদয়ফলানি বক্তব্যানীত্যেব-মর্থোঽয়মারম্ভঃ—

আত্মাবভাষ্যানুবাদ ।—সমস্ত উপাসনার অঙ্গরূপে দমাদিসাধনত্রয় বিহিত হইয়াছে ; [অতএব বুঝিতে হইবে যে] লোক দান্ত, নির্লোভ ও দয়াসম্পন্ন হইলে পর, সমস্ত উপাসনার অধিকারী হইয়া থাকে। তন্মধ্যে নিরুপাধিক ব্রহ্মোপাসনার কথা পূর্ব্বে কথিত হইয়াছে ; অতঃপর অভ্যুদয়-ফলসাধক সোপাধিক ব্রহ্মেরই উপাসনাসমূহ বলিতে হইবে ; এই উদ্দেশ্যে পরবর্ত্তী গ্রন্থের আরম্ভ হইতেছে—

এষ প্রজাপতির্যদ্ হৃদয়মেতদ্ব্রহ্মৈতৎ সর্ব্বম্, তদেতৎ ত্র্যক্ষরং হৃদয়মিতি, হৃ-ইত্যেকমক্ষরম্, অভিহরন্ত্যস্মৈ স্বাশ্চান্যে।

চ, য এবং বেদ । দ-ইত্যেকমক্ষরম্, দদত্যস্মৈ স্বাশ্চান্যে চ, য এবং বেদ । যমিত্যেকমক্ষরমেতি স্বর্গং লোকং, য এবং বেদ ॥৩৩৯॥১॥

ইতি তৃতীয়ং ব্রাহ্মণম্ ॥ ৫ ॥ ৩ ॥

সরলার্থঃ ।—এষঃ প্রজাপতিঃ (প্রজানাং স্রষ্টা) ; [কোঽসৌ ?] যৎ হৃদয়ম্ (হৃদয়স্থা বুদ্ধিঃ) ; এতৎ ব্রহ্ম (বৃহৎ), এতৎ সর্ব্বম্ । তদেতৎ হৃদয়ম্ ইতি (হৃদয়পদম্) ত্র্যক্ষরম্ (অক্ষরত্রয়াত্মকম্) । [তত্র] 'হৃ' ইতি একম্ অক্ষরম্ ; যঃ এবং বেদ, অস্মৈ (বিদুষে) (স্বকীয়াঃ জ্ঞাতয়ঃ) অন্যে চ (জ্ঞাতিভিন্নাঃ) অভিহরন্তি (স্বং স্বং উপঢৌকয়ন্তি) ; 'দ' ইতি একম্ অক্ষরম্, যঃ এবং বেদ, অস্মৈ (বিদুষে) স্বাঃ চ অন্যে চ [স্বং স্বং কার্য্যজাতম্] দদতি (প্রযচ্ছন্তি) ; তথা 'যম্' ইতি একম্ অক্ষরম্, যঃ এবং বেদ, [সঃ বিদ্বান্] স্বর্গং লোকম্ এতি (প্রাপ্নোতি) ॥ ৩৩৯ ॥ ১ ॥

মূলানুবাদ ।—পূর্ব্বে যে প্রজাপতির কথা বলা হইয়াছে, এই হৃদয়ই অর্থাৎ হৃদয়স্থ বুদ্ধিই সেই প্রজাপতি ; এই হৃদয়ই ব্রহ্ম (বৃহৎ) এবং এই হৃদয়ই সর্ব্বাত্মক । এই 'হৃদয়' নামটী ত্র্যক্ষর (তিনটী অক্ষরযুক্ত) ; তন্মধ্যে একটী অক্ষর 'হৃ' ; যে লোক এই প্রকার হৃদয়তত্ত্ব জানেন, স্বীয় জ্ঞাতিগণ এবং অপর সকলেও তাহার উদ্দেশ্যে স্ব স্ব বিষয় আহরণ করে অর্থাৎ তাহার ভোগার্থ উপস্থিত করে । হৃদয়ের আর একটী অক্ষর 'দ' ; যে লোক ইহা যথোক্ত প্রকারে জানে, স্বীয় জ্ঞাতিবর্গ ও অপর সকলে তাহার জন্য ভোগ্য বস্তু উপহার প্রদান করে ; হৃদয়ের অপর একটী অক্ষর 'যম্' ; যিনি এইরূপে ইহা অবগত হন, তিনি স্বর্গ লোক লাভ করেন ॥ ৩৩৯ ॥ ১ ॥

ইতি তৃতীয় ব্রাহ্মণ ব্যাখ্যা ॥ ৫ ॥ ৩ ॥

শাঙ্করভাষ্যম্ ।—এষ প্রজাতিঃ, যৎ হৃদয়ম্ ; প্রজাপতিরনুশাস্তীত্যনন্তরমেবাভিহিতম্ । কঃ পুনরসাবনুশাস্তা প্রজাপতিরিত্যুচ্যতে—এষ প্রজাপতিঃ ; কোঽসৌ ? যৎ হৃদয়ম্ ; হৃদয়মিতি হৃদয়স্থা বুদ্ধিরুচ্যতে ; যস্মিন্ শাকল্যব্রাহ্মণান্তে নামরূপকর্ম্মণামুপসংহার উক্তো দিগ্বিভাগদ্বারেণ ; তদেতৎ সর্ব্বভূতপ্রতিষ্ঠং সর্ব্বভূতাত্মভূতং হৃদয়ং প্রজাপতিঃ প্রজানাং স্রষ্টা । এতদ্ ব্রহ্ম, বৃহত্ত্বাৎ সর্ব্বাত্মত্বাচ্চ ব্রহ্ম ; এতৎ সর্ব্বম্ ; উক্তং পঞ্চমাধ্যায়ে হৃদয়স্য সর্ব্বাত্মত্বম্ ; তৎ সর্ব্বং যস্মাৎ, তস্মাদুপাস্যং হৃদয়ং ব্রহ্ম । ১

তত্র হৃদয়নামাক্ষরবিষয়মেব তাবদুপাসনমুচ্যতে। তদেতদ্ হৃদয়মিতি নাম ত্র্যক্ষরম্ ত্রীণ্যক্ষরাণ্যস্যেতি ত্র্যক্ষরম্। কানি পুনস্তানি ত্রীণ্যক্ষরাণি? উচ্যন্তে—হৃ-ইত্যেকমক্ষরম্। অভিহরন্তি, হৃতেরাহৃতিকর্ম্মণো হৃ-ইত্যেতদ্ রূপম্-ইতি বো বেদ, যস্মাদ্ হৃদয়ায় ব্রহ্মণে স্বাশ্চ ইন্দ্রিয়াণি, অন্যে চ বিষয়াঃ শব্দাদয়ঃ স্বং স্বং কার্য্যমভিহরন্তি; হৃদয়ং চ ভোক্ত্র্থমভিহরতি; অতো হৃদয়নাম্নো হৃ-ইত্যেতদক্ষরমিতি যো বেদ, অস্মৈ বিদুষে অভিহরন্তি স্বাশ্চ জ্ঞাতয়ঃ, অন্যে চাসম্বন্ধাঃ; বলিমিতি বাক্যশেষঃ। বিজ্ঞানানুরূপোহ্যৈতৎ ফলম্। ২

তথা দ ইত্যেতদপি একমক্ষরম্; এতদপি দানার্থস্য দদাতেঃ দ-ইত্যেতদ্ রূপং হৃদয়নামাক্ষরত্বেন নিবদ্ধম্। অত্রাপি হৃদয়ায় ব্রহ্মণে স্বাশ্চ করণানি অন্যে চ বিষয়াঃ স্বং স্বং কার্য্যং দদতি, হৃদয়ঞ্চ ভোক্ত্রে দদাতি স্বং বীর্য্যম্; অতো দকার ইত্যেবং যো বেদ, অস্মৈ দদতি স্বাশ্চান্যে চ। তথা যম্-ইত্যেতদপ্যেকমক্ষরম্; ইণো গত্যর্থস্য যমিত্যেতদ্রূপমস্মিন্ নাম্নি নিবদ্ধমিতি যো বেদ, স স্বর্গং লোকমেতি। এবং নামাক্ষরাদপীদৃশং বিশিষ্টং ফলং প্রাপ্নোতি, কিমু বক্তব্যং হৃদয়স্বরূপোপাসনাৎ, ইতি হৃদয়স্তুতয়ে নামাক্ষরোপন্যাসঃ॥ ৩৩৯॥ ১॥

ইতি পঞ্চমস্য তৃতীয়ং ব্রাহ্মণম্॥ ৫॥ ৩॥

টীকা। সার্থবাদেন বিধিনা সিদ্ধমর্থমনুবদতি—দমাদীতি। কথং তস্য সর্ব্বোপাসনশেষত্বং, তদাহ—দাম ইতি। অনুক্ত ইতি চ্ছেদঃ। সংপ্রত্যুত্তরসন্দর্ভস্য তাৎপর্য্যং বক্তুং ভূমিকাং করোতি—উক্তেতি। কাণ্ডদ্বয়ং সপ্তম্যর্থঃ। অনন্তরসন্দর্ভস্য তাৎপর্য্যমাহ—অথেতি। পাপক্ষয়াদিরভ্যুদয়স্তৎফলাহ্যুপাসনানীতি শেষঃ। অনন্তরব্রাহ্মণমাদায় তস্য সঙ্গতিমাহ—এব ইত্যাদিনা। উক্তস্য হৃদয়শব্দার্থস্য প্রাকৃমিকত্বং দর্শয়ন্ প্রজাপতিত্বং সাধয়তি—যস্মিন্নিতি। কথং হৃদয়স্য সর্ব্বত্বং, তদাহ—উক্তমিতি। সর্ব্বত্বসংকীর্ত্তনফলমাহ—তৎ সর্ব্বমিতি। তত্র হৃদয়স্যোপাস্যত্বে সিদ্ধে সতীত্যেতৎ। ফলোক্তিমুখাপ্য ব্যাকরোতি—অভিহরন্তীতি। যো বেদাস্মৈ বিদুষেঽভিহরন্তীতি সংবন্ধঃ। বেদনমেব বিশদয়তি—যস্মাদিত্যাদিনা। স্বং কার্য্যং রূপদর্শনাদি। হৃদয়স্য তু কার্য্যং সুখাদি। অসংবদ্ধা জ্ঞাতিব্যতিরিক্তাঃ। ঔচিত্যমুক্তে ফলে কথয়তি—বিজ্ঞানেতি।

অত্রাপীতি দকারাক্ষরোপাসনেঽপি ফলমুচ্যত ইতি শেষঃ। তামেব ফলোক্তিং ব্যনক্তি—হৃদয়ায়েতি। অস্মৈ বিদুষে স্বাশ্চান্যে চ দদতি, বলিমিতি শেষঃ। নামাক্ষরোপাসনানি ত্রীণি হৃদয়স্বরূপোপাসনমেকমিতি চত্বার্য্যুপাসনান্যত্র বিবক্ষিতানীত্যাশঙ্ক্যাহ—এবমিতি। ৩৩৯। ১।

ইতি বৃহদারণ্যকোপনিষদ্ভাষ্যটীকায়াং পঞ্চমাধ্যায়স্য তৃতীয়ং ব্রাহ্মণম্। ৫। ৩।

ভাষ্যানুবাদ।—'এষ প্রজাপতিঃ যদ্ হৃদয়ম্' ইত্যাদি। অব্যবহিত পূর্ব্বেই বলা হইয়াছে যে, প্রজাপতি অনুশাসন করিলেন; সেই শাসনকর্ত্তা প্রজা-

পতি যে, কে, এখন তাহা বলা হইতেছে—ইনিই সেই প্রজাপতি। ইনি কে? না, যাহা হৃদয়। এখানে হৃদয়-শব্দে হৃদয়স্থ বুদ্ধি অভিহিত হইতেছে; যাহার সম্বন্ধে অতীত শাকল্যব্রাহ্মণের শেষে দিগ্‌বিভাগক্রমে নাম; রূপ ও কর্ম্মের উপসংহার বা সন্নিবেশ কথিত হইয়াছে। সর্ব্বভূতের আশ্রয় ও সর্ব্বভূতাত্মক সেই এই হৃদয়ই প্রজাপতি—প্রজাবর্গের সৃষ্টিকর্ত্তা; ইহাই ব্রহ্ম, যেহেতু সর্ব্বাপেক্ষা বৃহৎ ও সর্ব্বাত্মক, সেই হেতু ব্রহ্ম-পদবাচ্য। সেই এই হৃদয়ই আবার সর্ব্বাত্মক; হৃদয় যে, সর্ব্বাত্মক কি প্রকারে, তাহা পঞ্চমাধ্যায়ে কথিত হইয়াছে। যেহেতু হৃদয় সর্ব্বাত্মক, সেই হেতু হৃদয়-ব্রহ্মের উপাসনা করিবে। ১

এখন হৃদয়ের নামাক্ষর-বিষয়ক উপাসনার কথাই প্রথমে বলা হইতেছে—সেই এই 'হৃদয়' নামটী ত্র্যক্ষর অর্থাৎ তিনটী অক্ষরবিশিষ্ট। সেই তিনটী অক্ষর কি কি? তাহা বলা হইতেছে—'হৃ' একটী অক্ষর। 'অভিহরন্তি' অর্থ আহরণ করে; 'হৃ' অক্ষরটী আহরণার্থক 'হৃ' ধাতু হইতে নিষ্পন্ন; উহার অর্থ—আহরণ করা; ইহা যিনি জানেন,—যেহেতু ইন্দ্রিয়গণ ও শব্দাদি বিষয়সমূহ হৃদয়াখ্য ব্রহ্মের উদ্দেশ্যে নিজ নিজ কার্য্য উপহার প্রদান করিয়া থাকে, এবং স্বয়ং হৃদয়ও ভোক্তা—আত্মার উদ্দেশ্যে বিষয় আহরণ করিয়া থাকে, সেইহেতু 'হৃদয়' নামের 'হৃ' অক্ষরটীকে যিনি এইরূপে জানেন, সেই বিদ্বানের উদ্দেশ্যে স্ব—জ্ঞাতিগণ এবং সম্বন্ধবিহীন অপর লোকেও বলি বা উপহার আহরণ করিয়া থাকে। ইহা উপাসনারই অনুরূপ ফল, অর্থাৎ যাহাকে যেরূপে উপাসনা করা যায়, তাহা হইতে সেই প্রকার ফলই লাভ করা যায়। ২

এইরূপ আর একটী অক্ষর হইতেছে 'দ'। এই 'দ' অক্ষরটীও দানার্থক দা-ধাতু হইতে নিষ্পন্ন হইয়া 'হৃদয়' নামের অক্ষররূপে সন্নিবিষ্ট হইয়াছে। এখানে বুঝিতে হইবে যে, ইন্দ্রিয়গণ হৃদয়াখ্য ব্রহ্মের উদ্দেশ্যে নিজ নিজ বীর্য্য বা শক্তি অর্পণ করিয়া থাকে; হৃদয় আবার আপনার শক্তিকে ভোক্তা—জীবের উদ্দেশ্যে সমর্পণ করে। অতএব এ প্রকারে 'দ'কারকে যিনি জানেন, নিজের জ্ঞাতিগণ এবং অপর সকলে তাহার উদ্দেশ্যে স্বীয় শক্তি প্রদান করিয়া থাকে। এইরূপ 'হৃদয়' নামের আর একটী অক্ষর 'য'; গমনার্থক 'ইন্'ধাতু হইতে নিষ্পন্ন 'য' অক্ষরটী ঐ নামের সহিত সংযোজিত হইয়াছে; যিনি এই তত্ত্ব জানেন, তিনি স্বর্গলোক লাভ করেন। ইহার তাৎপর্য্য এই যে, যাহার নামের এক একটী অক্ষর হইতেও এইরূপ বিশিষ্ট ফল লাভ করা যায়, সাক্ষাৎ সেই হৃদয়ের উপাসনায় যে, কত ফল হয়, তাহা আর কি বলিব?

এইরূপে হৃদয়ের প্রশংসনার্থ এখানে হৃদয় নামের অক্ষরত্রয়ের উল্লেখ করা হইয়াছে॥ ৩৩৯ ॥ ১ ॥

ইতি পঞ্চমাধ্যায়ে তৃতীয় ব্রাহ্মণের ভাষ্যানুবাদ ॥ ৫ ॥ ৩ ॥

তদ্বৈ তদেতদেব তদাস, সত্যমেব সঃ, যো হৈতং মহদ্যক্ষং প্রথমজং বেদ সত্যং ব্রহ্মেতি, জয়তীমাল্লোঁকান্ জিত ইন্ন্বসাবসদ্ য এবমেতন্মহদ্যক্ষং প্রথমজং বেদ সত্যং ব্রহ্মেতি, সত্যং হ্যেব ব্রহ্ম ॥ ৩৪০ ॥ ১ ॥

ইতি পঞ্চমে চতুর্থং ব্রাহ্মণম্ ॥ ৫ ॥ ৪ ॥

সরলার্থঃ।—ইদানীং প্রকারান্তরেণ হৃদয়াখ্যস্য ব্রহ্মণ উপাসনং বিধিৎসন্ আহ—'তদ্বৈ' ইত্যাদি। ['বৈ' ইতি স্মরণে]; তৎ (পূর্ব্বোক্তং স্মর্য্যমাণং সং হৃদয়ং ব্রহ্ম), তৎ (প্রকারান্তরেণ) এতৎ (বক্ষ্যমাণং) সত্যং (সৎ চ, ত্যৎ চ—মূর্ত্তামূর্ত্তস্বরূপম্) [এব] তৎ (ব্রহ্ম) আস (আসীৎ)। সঃ যঃ (যঃ কশ্চিৎ) হ (অবধারণে) এতং (এতৎ) মহৎ যক্ষং (রমণীয়ং পূজ্যং বা) প্রথমজং (সর্ব্বেভ্যঃ জীবেভ্যঃ প্রথমোৎপন্নং) সত্যং ব্রহ্ম ইতি বেদ (জানাতি উপাস্তে), [সঃ উপাসকঃ] ইমান্ লোকান্ জয়তি (বশীকরোতি)। ইন্নু (ইত্থংপ্রকারেণ) জিতঃ (বশীকৃতঃ) অসৌ (শত্রুঃ) অসৎ (অসন্ এব) [ভবেৎ]। [উক্তমেবার্থং বোধসৌকর্য্যার্থং পুনরাহ—] 'য এবমেতৎ' ইত্যাদিনা॥ ৩৪০ ॥ ১ ॥

মূলানুবাদ।—[এখন প্রকারান্তরে আবার সেই হৃদয়-ব্রহ্মেরই অন্যরূপ উপাসনা উপদিষ্ট হইতেছে]। প্রথম 'তৎ' শব্দটা দ্বারা পূর্ব্বোক্ত হৃদয়-ব্রহ্মের কথা স্মরণ করিয়া দেওয়া হইতেছে। সেই যে, এই হৃদয়-ব্রহ্ম, ইহা সত্য—সৎ ও ত্যৎস্বরূপে অর্থাৎ সৎ মূর্ত্ত—যাহার আকৃতি আছে—পরিচ্ছিন্ন, আর ত্যৎঅমূর্ত্ত—যাহার আকৃতি নাই, এই উভয় রূপেই ছিলেন। যে কেহ সেই এই মহৎ রমণীয় ও সর্ব্বাপেক্ষা প্রথমোৎপন্ন এই মূর্ত্তামূর্ত্ত ব্রহ্মকে জানে, সেই ব্যক্তি এই সমস্ত জগৎ জয় করে (বশীভূত করে) এবং তাহার বিজিত শত্রুর অভাব ঘটে। সত্যই ব্রহ্ম; মহৎ যক্ষ ও প্রথমজ এই সত্য ব্রহ্মকে জানে; ইহা পূর্ব্ব কথারই পুনরুল্লেখমাত্র॥ ৩৪০ ॥ ১ ॥

ইতি পঞ্চমাধ্যায়ে চতুর্থ ব্রাহ্মণব্যাখ্যা ॥ ৫ ॥ ৪ ॥

শাঙ্করভাষ্যম্।—তস্যৈব হৃদয়াখ্যস্য ব্রহ্মণঃ সত্যমিত্যুপাসনং বিধিৎসন্নাহ,—'তদ্বৈ' ইতি। তদিতি হৃদয়ব্রহ্ম পরামৃষ্টম্; বৈ ইতি স্মরণার্থম্। তদ্ হৃদয়ং ব্রহ্ম স্মর্য্যতে ইত্যেকস্তচ্ছব্দঃ; তদেতদুচ্যতে প্রকারান্তরেণেতি দ্বিতীয়স্তচ্ছব্দঃ। কিং পুনস্তৎ প্রকারান্তরম্? এতদেব তদিতি এতচ্ছব্দেন সংবধ্যতে তৃতীয়স্তচ্ছব্দঃ; এতদিতি বক্ষ্যমাণং বুদ্ধৌ সন্নিধীকৃত্য আহ—আস বভূব। কিং পুনরেতদেব আস? যদুক্তং হৃদয়ং ব্রহ্মেতি, তৎ-ইতি তৃতীয়স্তচ্ছব্দো বিনিযুক্তঃ। কিং তদিতি বিশেষতো নির্দ্দিশতি;—সত্যমেব, সচ্চ ত্যচ্চ মূর্ত্তঞ্চামূর্ত্তঞ্চ সত্যং ব্রহ্ম, পঞ্চভূতাত্মকমিত্যেতৎ।

স যঃ কশ্চিৎ সত্যাত্মানমেতং মহৎ মহত্বাৎ, যক্ষং পূজ্যম্, প্রথমজং প্রথমজাতম্, সর্ব্বস্মাৎ সংসারিণঃ এতদেবাগ্রে জাতং ব্রহ্ম, অতঃ প্রথমজম্; বেদ বিজানাতি সত্যং ব্রহ্মেতি; তস্যেদং ফলমুচ্যতে—যথা সত্যেন ব্রহ্মণা ইমে লোকা আত্মসাৎকৃতাঃ জিতাঃ, এবং সত্যাত্মানং ব্রহ্ম মহদ্‌যক্ষং প্রথমজং বেদ, স জয়তীমান্ লোকান্। কিঞ্চ, জিতো বশীকৃতঃ, ইন্নু ইথং—যথা ব্রহ্মণা অসৌ শত্রুরিতি বাক্যশেষঃ। অসচ্চ অসন্তবেৎ—অসৌ শত্রুঃ জিতো ভবেদিত্যর্থঃ। কস্যৈতৎ ফলমিতি পুনর্নিগময়তি—য এবমেতন্মহদ্‌যক্ষং প্রথমজং বেদ সত্যং ব্রহ্মেতি। অতো বিদ্যানুরূপং ফলং যুক্তম্; সত্যং হ্যেব যস্মাদ্ ব্রহ্ম ॥ ৩৪০ ॥ ১ ॥

পঞ্চমাধ্যায়স্য চতুর্থং ব্রাহ্মণম্ ॥ ৫ ॥ ৪ ॥

টীকা। ব্রাহ্মণান্তরমুখাপ্যাক্ষরাণি ব্যাচষ্টে—তস্যেত্যাদিনা। সত্যশব্দার্থং সত্যজ্ঞানাদিবাক্যোপাত্তং ব্যাবর্ত্তয়তি—সচ্চেতি। সর্ব্বাত্মত্বস্য চতুর্থে প্রস্তুতত্বং সূচয়তি—মূর্ত্তং চেতি। বেদনমনূদ্য ফলোক্তিমবতারয়তি—স য ইতি। প্রথমজত্বং প্রকটয়তি—সর্ব্বস্মাদিতি। স যঃ কশ্চিদ্বেদেতি সংবন্ধঃ। কৈমুতিকসিদ্ধং ফলান্তরমাহ—কিঞ্চেতি। বশীকৃতস্য শত্রোঃ স্বরূপেণ সত্ত্বং বারয়তি—অসচ্চেতি। স যো হৈতমিত্যাদিনা য এবমেতদিত্যাদেরেকার্থত্বাৎ পুনরুক্তিরিত্যাশঙ্ক্যাহ—কস্যৈতদিতি। কথমস্য বিজ্ঞানস্যেদং ফলমিত্যাশঙ্ক্যাহ—অত ইতি। পঞ্চমীপরামৃষ্টং স্পষ্টয়তি—সত্যং হীতি ॥ ৩৪০ ॥ ১ ॥

ইতি বৃহদারণ্যকোপনিষদ্ভাষ্যটীকায়াং পঞ্চমাধ্যায়স্য চতুর্থং ব্রাহ্মণম্ ॥ ৫ ॥ ৪ ॥

ভাষ্যানুবাদ।—সেই হৃদয়াখ্য ব্রহ্মেরই সত্যরূপে উপাসনা বিধানার্থ বলিতেছেন—'তদ্বৈ' ইত্যাদি। 'তৎ' শব্দে পূর্ব্বোক্ত হৃদয়-ব্রহ্মের উল্লেখ করা হইয়াছে। 'বৈ' কথাটী স্মরণার্থক। একটী 'তৎপদের অর্থ—সেই যে হৃদয়াখ্য ব্রহ্ম স্মৃতিগোচর হইতেছেন; দ্বিতীয় 'তৎ'পদে তাহারই যে, প্রকারান্তরে উপাসনা, তাহা প্রকাশ করা হইতেছে। উপাসনার সেই প্রকারান্তরটা কি? [বলা

হইতেছে—] ইহাই সেই ব্রহ্ম ; এই 'এতৎ' শব্দের সহিত তৃতীয় 'তৎ' পদের সম্বন্ধ হইয়াছে ; এখানে, পরে যাহা বলা হইবে, বুদ্ধিস্থ তাহাই এতৎপদের অর্থ। প্রথমে তাহাই ছিল। তাহাই কি? না, যাহা 'হৃদয়-ব্রহ্ম' বলিয়া উক্ত হইয়াছে ; তাহার সহিত এইরূপে তৃতীয় 'তৎ'পদের সম্বন্ধ করিতে হইবে। সেই তৎপদার্থটী বিশেষভাবে নির্দ্দেশ করিয়া বলিতেছেন ; উহা 'সত্যই'—'সৎ' ও 'ত্যং' [সৎ+ত্যং=সত্যম্] অর্থাৎ সত্য ব্রহ্ম মূর্ত্ত ও অমূর্ত্তাত্মক—মূর্ত্তামূর্ত্ত পঞ্চভূতাত্মক।

মহত্ত্বের হেতু বলিয়া মহৎ, যক্ষ—পূজনীয় ও প্রথমজ—যেহেতু সমস্ত সংসারী জীবের জন্মের অগ্রে এই ব্রহ্মের প্রাদুর্ভাব, সেই হেতু ইনি প্রথমজ। যে কেহ এই সত্যরূপী প্রথমজকে জানে—সত্য ব্রহ্মরূপে অবগত হয়, তাহার সম্বন্ধে এইরূপ ফল কথিত হইতেছে—সত্যব্রহ্মকর্তৃক যেরূপ এই সমস্ত লোক (জগৎ) জিত—নিজের অধীনকৃত রহিয়াছে, সেইরূপ, যে ব্যক্তি এই সত্যাত্মক মহৎ যক্ষ প্রথমজাত ব্রহ্মকে জানে, সে ব্যক্তিও এই সমুদয় লোককে জয় করে। আরও এক কথা, বশীকৃত উহা অসৎ হইয়া যায়, অর্থাৎ সমস্ত শত্রু বিজিত হয়। এই ফল কাহার হয়? এই আকাঙ্ক্ষা নিবৃত্তির জন্য উক্ত কথারই পুনর্ব্বার হেতুসহকারে নির্দ্দেশ করিয়া বলিতেছেন—যে ব্যক্তি এই প্রথমজ মহৎ যক্ষ সত্য ব্রহ্মকে জানে, [তাহার এইরূপ ফল হয়]। যেহেতু ব্রহ্ম সত্যস্বরূপ, সেইহেতু তদ্বিষয়ক জ্ঞানের অনুরূপ ফল হওয়াই যুক্তিযুক্ত ॥৩৪০॥১॥

পঞ্চমাধ্যায়ে চতুর্থ ব্রাহ্মণের ভাষ্যানুবাদ ॥ ৫।৪॥

আপ এবেদমগ্র আসুস্তা আপঃ সত্যমসৃজন্ত, সত্যং ব্রহ্ম ; ব্রহ্ম প্রজাপতিম্, প্রজাপতির্দ্দেবাꣳস্তে দেবাঃ সত্যমেবোপাসতে। তদেতৎ ত্র্যক্ষরꣳ সত্যমিতি ; স ইত্যেকমক্ষরম্, তীত্যেকমক্ষরম্, যমিত্যেকমক্ষরম্। প্রথমোত্তমে অক্ষরে সত্যম্, মধ্যতোঽনৃতম্, তদেতদনৃতমুভয়তঃ সত্যেন পরিগৃহীতꣳ সত্যভূয়মেব ভবতি, নৈনং বিদ্বাꣳসমনৃতꣳ হিনস্তি ॥ ৩৪১ ॥ ১ ॥

সরলার্থঃ।—[ইদানীং সত্যস্য ব্রহ্মণঃ স্তুতার্থমিদমভিধীয়তে—'আপঃ' ইত্যাদি।] অগ্রে (সৃষ্টেঃ প্রাক্) ইদং (জগৎ) আপঃ (জলানি—কর্ম্মসমবেত আহুতয়ঃ) এব আসুঃ (উৎপত্তেঃ পূর্ব্বং জগদিদম্ আহুতিবাষ্পরূপেণ আসীদ্ ইতি ভাবঃ)। তাঃ (আহুতিরূপা আপঃ) সত্যং (হিরণ্যগর্ভং) অসৃজন্ত (সৃষ্টবত্যঃ)।

তৎ সত্যং (হিরণ্যগর্ভঃ) ব্রহ্ম (বৃহত্ত্বাৎ ব্রহ্মপদবাচ্যম্) ; তথা ব্রহ্ম প্রজাপতিম্ (বিরাজং) [অসৃজত] ; প্রজাপতিঃ দেবান্ [অসৃজত]। তে দেবাঃ সত্যম্ এব (কারণভূতং হিরণ্যগর্ভম্ এব) উপাসতে। তৎ এতৎ ('সত্য' পদং) ত্র্যক্ষরং— সত্যম্—ইতি। স-ইতি একম্ অক্ষরম্, 'তি' ইতি একম্ অক্ষরম্, 'যম্' ইতি একমক্ষরম্। [তত্র] প্রথমোত্তমে (প্রথম-তৃতীয়ে সকার-যকাররূপে) অক্ষরে সত্যম্ (বিকারাত্মক-মৃত্যোরভাবাৎ সত্যরূপে), মধ্যতঃ (মধ্যস্থিতং 'তি' অক্ষরং) অনৃতং (অসত্যং—বিকারাত্মক-মৃত্যুগ্রস্তত্বাৎ)। তৎ এতৎ অনৃতং (মধ্যমম্ অক্ষরং) উভয়তঃ (অগ্রে পশ্চাৎ চ) সত্যেন ('স'কার-'য'কাররূপেণ) পরিগৃহীতং (বেষ্টিতম্)। [এবং বিদ্বান্] সত্যভূয়ঃ (সত্যবহুলঃ) এব ভবতি ; এবং বিদ্বাংসং (ঈদৃশজ্ঞানসম্পন্নং জনম্) অনৃতং (অসত্যং) নৈব হিনস্তি (পাপিষ্ঠং করোতি ইত্যর্থঃ) ॥ ৩৪১ ॥ ১ ॥

মূলানুবাদ ঃ—উৎপত্তির পূর্ব্বে এই জগৎ জলরূপে অর্থাৎ বাষ্পাকারে পরিণত যজ্ঞাহুতিরূপে বিদ্যমান ছিল। সেইজল হিরণ্যগর্ভনামক সত্যের সৃষ্টি করিল ; সেই সত্যই মহত্ত্বনিবন্ধন ব্রহ্ম ; সেই ব্রহ্ম আবার প্রজাপতি বিরাট্পুরুষকে সৃষ্টি করিলেন ; সেই প্রজাপতি আবার দেবতাগণকে সৃষ্টি করিলেন। সেই দেবতাগণ সত্যেরই (হিরণ্যগর্ভেরই) উপাসনা করিয়া থাকেন। সেই এই 'সত্য' শব্দটী ত্র্যক্ষর (তিনটী অক্ষরযুক্ত), তন্মধ্যে 'স' একটী অক্ষর, 'তি' একটী অক্ষর এবং 'য' একটী অক্ষর। ইহাদের মধ্যে প্রথম ও শেষ অক্ষর দুইটী সত্য ; [কারণ, উহাদের কোনপ্রকার বিকার ঘটে না] ; আর মধ্যের 'তি' অক্ষরটী অনৃত (অসত্য) ; সেই এই অসত্য 'তি' অক্ষরটী উভয় পার্শ্বে সত্যস্বরূপ 'স' ও 'য' অক্ষরে পরিবেষ্টিত হইয়া আছে। এইরূপ নাম-রহস্যজ্ঞ ব্যক্তি সত্যবহুল হন, কদাপি মিথ্যা দ্বারা অভিভূত হন না ॥ ৩৪১ ॥ ১ ॥

শাঙ্করভাষ্যম্ ঃ—সত্যস্য ব্রহ্মণঃ স্তুত্যর্থমিদমাহ। মহদ্যক্ষং প্রথমজমিত্যুক্তম্ ; তৎ কথং প্রথমজত্বমিত্যুচ্যতে—আপ এবেদমগ্র আসুঃ। আপ ইতি কর্ম্মসমবায়িন্যোঽগ্নিহোত্রাদ্যাহুতয়ঃ। অগ্নিহোত্রাদ্যাহুতের্দ্রবাত্মকত্বাৎ অপ্ত্বম্। তাশ্চাপঃ অগ্নিহোত্রাদিকর্ম্মাপবর্গোত্তরকালং কেনচিদদৃষ্টেন সূক্ষ্মেণাত্মনা কর্ম্মসমবায়িত্বমপরিত্যজন্ত্য ইতরভূতসহিতা এব, ন কেবলাঃ, কর্ম্মসমবায়িত্বাত্তু প্রাধান্য-

মপাম্—ইতি সর্ব্বাণ্যেব ভূতানি প্রাগুৎপত্তেরব্যাকৃতাবস্থানি কর্ত্তৃসহিতানি নির্দ্দিশ্যন্তে আপ ইতি। তা আপো বীজভূতা জগতোঽব্যাকৃতাত্মনাবস্থিতাঃ; তা এবেদং সর্ব্বং নামরূপবিকৃতং জগদ্ অগ্রে আসুঃ, নান্যৎ কিঞ্চিদ্বিকারজাতমাসীৎ। ১

টীকা। ইদমা ব্রাহ্মণং গৃহ্যতে। তস্যাবান্তরসংগতিমাহ—মহদিতি। আহুতীনামেব কর্ম্মসমবায়িত্বং, ন ত্বপামিত্যাশঙ্ক্যাহ—অগ্নিহোত্রাদীতি। যদ্যপ্যাপঃ সোমাদ্যা হূয়মানাঃ কর্ম্মসমবায়িন্যস্তথাপ্যুত্তরকালে কথং তাসাং তথাত্বং—কর্ম্মণোঽস্থায়িত্বাদিত্যাশঙ্ক্যাহ—তাশ্চেতি। কর্ম্মসমবায়িত্বমপরিত্যজন্ত্যস্তৎসংবন্ধিত্বেনাপঃ প্রথমং প্রবৃত্তাঃ তস্মাদেবোত্তরকালে সূক্ষ্মেণাকৃষ্টেনাত্মনা অবতিষ্ঠন্তে ইতি যোজনা। আপ ইতি বিশেষণং ভূতান্তরব্যাসেধার্থমিতি মতিং বারয়তি—ইতরেতি। কথং তর্হি তাসামেব শ্রুতাবুপাদানং, তদাহ—কর্ম্মেতি। ইতি তাসামেবাত্র গ্রহণমিতি শেষঃ। বিবক্ষিতপদার্থং নিগময়তি—সর্ব্বাণ্যেবেতি। ১

তাঃ পুনরাপঃ সত্যমসৃজন্ত; তস্মাৎ সত্যং ব্রহ্ম প্রথমজম্। তদেতদ্ হিরণ্যগর্ভস্য সূত্রাত্মনো জন্ম, যদব্যাকৃতস্য জগতো ব্যাকরণম্, তৎ সত্যং ব্রহ্ম; কুতঃ? মহত্ত্বাৎ; কথং মহত্ত্বম্? ইত্যাহ—যস্মাৎ সর্ব্বস্য স্রষ্টৃ। কথম্? যৎ সত্যং ব্রহ্ম, তৎ প্রজাপতিং প্রজানাং পতিং বিরাজং সূর্য্যাদিকরণম্ অসৃজতেত্যনুষঙ্গঃ। প্রজাপতিঃ দেবান্, স বিরাট্ প্রজাপতিঃ দেবান্ অসৃজত। যস্মাৎ সর্ব্বমেবংক্রমেণ সত্যাদ্ ব্রহ্মণো জাতম্, তস্মান্মহৎ সত্যং ব্রহ্ম। কথং পুনর্যক্ষমিতি? উচ্যতে—তে এবং সৃষ্টা দেবাঃ পিতরমপি বিরাজমতীত্য তদেব সত্যং ব্রহ্ম উপাসতে; অত এতৎ প্রথমজং মহদ্যক্ষম্; তস্মাৎ সর্ব্বাত্মনোপাস্যং তৎ। ২

পদার্থমুক্তমনূদ্য বাক্যার্থমাহ—তা ইতি। যাস্তা যথোক্তা আপস্তা এবেতি যচ্ছব্দানুবন্ধেন যোজনা। সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্মেতি শ্রুতং সত্যং কথং ভূতান্তরসহিতাভ্যোঽদ্ভ্যো জায়তে? তত্রাহ—তদেতদিতি। তস্য ব্রহ্মত্বং প্রশ্নপূর্ব্বকং বিশদয়তি—তৎ সত্যমিতি। সত্যস্য ব্রহ্মণো মহত্ত্বং প্রশ্নদ্বারা সাধয়তি—কথমিত্যাদিনা। তস্য সর্ব্বস্রষ্টৃত্বং প্রশ্নদ্বারেণ স্পষ্টয়তি—কথমিতি। মহত্ত্বমুপসংহরতি—যস্মাদিতি। বিশেষণত্রয়ে সিদ্ধে ফলিতমাহ—তস্মাদিতি। ২

তস্যাপি সত্যস্য ব্রহ্মণো নাম—সত্যমিতি; তদেতৎ ত্র্যক্ষরম্। কানি তান্যক্ষরাণি? ইত্যাহ—স ইত্যেকমক্ষরম্, তীত্যেকমক্ষরম্, তীতি ইকারানুবন্ধো নির্দ্দেশার্থঃ, যমিত্যেকমক্ষরম্। তত্র তেষাং প্রথমোত্তমে অক্ষরে সকারযকারৌ সত্যম্, মৃত্যুরূপাভাবাৎ। মধ্যতঃ মধ্যে অনৃতম্, অনৃতং হি মৃত্যুঃ; মৃত্যুনৃতয়োস্তকারসামান্যাৎ। তদেতদনৃতং মৃত্যুরূপমুভয়তঃ সত্যেন সকার-যকারলক্ষণেন পরিগৃহীতং ব্যাপ্তমন্তর্ভাবিতং সত্যরূপাভ্যাম্; অতোঽকিঞ্চিৎকরম্ তৎ; সত্যভূয়মেব সত্যবাহুল্যমেব ভবতি। এবং সত্যবাহুল্যং সর্ব্বস্য মৃত্যোরনৃতস্যাকিঞ্চিৎ-

করন্তং চ যো বিদ্বান্, তমেবং বিদ্বাংসম্ অনৃতং কদাচিৎ প্রমাদোত্থং ন হিনস্তি॥ ৩৪১ ॥ ১ ॥

তস্যাপীত্যপিশব্দো হৃদয়ব্রহ্মদৃষ্টান্তার্থঃ। বুদ্ধিপূর্বকমনৃতং বিদুষোঽপি বাধকমিত্যভিপ্রেত্য বিশিনষ্টি—প্রমাদোত্থমিতি। ৩৪১ ॥ ১ ॥

ভাষ্যানুবাদ।—পূর্ব্বোক্ত সত্যব্রহ্মের স্তুতির জন্য এই বাক্য কথিত হইতেছে। পূর্ব্বে সত্য ব্রহ্মকে মহৎ যক্ষ ও প্রথমজ বলা হইয়াছে; তাহার প্রথমজত্ব হয় কিরূপে, এখন তাহা কথিত হইতেছে—"আপ এব ইদম্ অগ্রে আসুঃ" ইতি। অপ্ (জল) অর্থ এখানে অগ্নিহোত্রপ্রভৃতি কর্ম্মসম্পর্কিত আহুতি-সমূহ। অগ্নিহোত্রাদি যজ্ঞের আহুতি সমূহ সাধারণতঃ দ্রবাত্মক—জলীয় দ্রব্য-প্রধান; এইজন্য এই আহুতিসমূহে অপ্‌ধর্ম্ম বিদ্যমান আছে। যজ্ঞাদি কার্য্য-স্থলে দ্রব-দ্রব্যের বাহুল্য নিবন্ধন জলের প্রাধান্য; সেই কারণে উৎপত্তির পূর্ব্বে অনভিব্যক্ত অবস্থায় অবস্থিত জীবসহকৃত সমস্ত ভূতই এখানে 'আপঃ' বলিয়া নির্দিষ্ট হইতেছে। সেই জলসমূহ অগ্নিহোত্রাদি কর্ম্মপরিসমাপ্তির পর, কোনও এক অনির্ব্বচনীয় অদৃষ্ট সূক্ষ্মরূপে—কর্ম্মসম্পর্ক পরিত্যাগ না করিয়াই অপরাপর ভূতগণের সহিত সম্মিলিত হইয়া থাকে। নাম ও রূপাকারে অভিব্যক্ত এই জগৎ উৎপত্তির পূর্ব্বে অব্যক্তরূপে অবস্থিত বীজস্বরূপ সেই অপ্‌রূপেই ছিল, অর্থাৎ উৎপত্তির পূর্ব্বে নামরূপাভিব্যক্ত এই স্থূল জগৎ ছিল না; ইহারাই বীজস্বরূপ সূক্ষ্ম অপ্ বা আহুতি মাত্র ছিল, তদ্ভিন্ন অন্য কোনও জন্য পদার্থ বিদ্যমান ছিল না। ১

সেই অপ্ সমূহই সত্য ব্রহ্মের সৃষ্টি করিয়াছিল; এই কারণে সত্য ব্রহ্ম প্রথমজ। এই যে, অব্যাকৃত বা অনভিব্যক্ত-নামরূপাত্মক জগতের ব্যাকরণ—অভিব্যক্তিসাধন, ইহাই হিরণ্যগর্ভনামক সূত্রাত্মার জন্ম। ভাল, সেই সত্য পদার্থটীকে ব্রহ্ম বলা হয় কি কারণে? হাঁ, যেহেতু তাহা মহৎ; তাহার মহত্ত্বেরই বা প্রমাণ কি? যেহেতু তাহাই সকলের স্রষ্টা—সৃষ্টিকর্ত্তা; কি প্রকারে? যেহেতু সেই সত্য ব্রহ্মই প্রজাপতিকে—সূর্য্যচন্দ্রাদি যাহার চক্ষুঃপ্রভৃতি ইন্দ্রিয়স্থানীয়, সেই বিরাট্‌পুরুষকে সৃষ্টি করিয়াছিলেন। সেই প্রজাপতি অর্থাৎ সেই বিরাট্‌-সংজ্ঞক প্রজাপতি আবার দেবতাগণকে সৃষ্টি করিয়াছিলেন। যেহেতু সত্য ব্রহ্ম হইতেই এই প্রকারে সমস্ত পদার্থ জন্মলাভ করিয়াছে, সেই হেতুই উক্ত সত্য বস্তুটী মহৎ—ব্রহ্ম। ভাল, উহা যক্ষ (পূজনীয়) কেন? তাহা বলা যাইতেছে—যেহেতু যথোক্ত পদ্ধতিক্রমে সৃষ্ট দেবগণ পিতা প্রজাপতিকেও

অতিক্রম করিয়া সেই সত্য ব্রহ্মেরই উপাসনা করেন, সেই হেতুই এই প্রথমজ মহৎ পদার্থটী যক্ষ; সেই কারণে সর্ব্বতোভাবে তাহারই উপাসনা করা উচিত। ২

সেই ব্রহ্মের অপর নাম হইতেছে—'সত্যম্'। এই সত্য নামটী ত্র্যক্ষর অর্থাৎ তিনটী অক্ষরযুক্ত। সেই তিনটী অক্ষর কি কি? তাহা বলিতেছেন—'স' একটী অক্ষর, 'তি' একটী অক্ষর; 'তি'র ইকার কেবল উচ্চারণার্থ; 'য' আর একটী অক্ষর। এই অক্ষরত্রয়ের মধ্যে প্রথম ও শেষ অক্ষরটী অর্থাৎ স ও য অক্ষর দুইটী সত্য; কারণ, উহারা মৃত্যুরহিত; মধ্যবর্ত্তী 'তি' অক্ষরটী অনৃত। অনৃতই মৃত্যু; কারণ, মৃত্যু ও অনৃতের মধ্যে 'ত'কারের সমতা রহিয়াছে। সেই এই অনৃত মৃত্যুস্বরূপ 'তি' অক্ষরটী সত্যস্বরূপ স ও য দ্বারা উভয়দিকে পরিগৃহীত—পরিবেষ্টিত বা কবলীকৃত রহিয়াছে; অতএব সেই 'তি' অক্ষরটী অকিঞ্চিৎকর, সত্যই প্রধান। যে ব্যক্তি এইরূপ সত্যের বাহুল্য এবং অনৃত মৃত্যুর অল্পত্ব বা অকিঞ্চিৎকরত্ব জানে, সেই বিদ্বান্‌কে, সময়বিশেষে অনবধানতা নিবন্ধন প্রযুক্ত অনৃতরূপী মৃত্যু কখনও হিংসা করিতে পারে না॥ ৩৪১॥ ১॥

তদ্যৎ তৎ সত্যমসৌ স আদিত্যো য এষ এতস্মিন্মণ্ডলে পুরুষঃ, যশ্চায়ং দক্ষিণেঽক্ষন্ পুরুষস্তাবেতাবন্যোন্যস্মিন্ প্রতিষ্ঠিতৌ, রশ্মিভিরেষোঽস্মিন্ প্রতিষ্ঠিতঃ, প্রাণৈরয়মমুষ্মিন্। স যদোৎক্রমিষ্যন্ ভবতি শুদ্ধমেবৈতন্মণ্ডলং পশ্যতি নৈনমেতে রশ্ময়ঃ প্রত্যায়ন্তি॥ ৩৪২॥ ২॥

সরলার্থঃ।—তৎ (পূর্ব্বোক্তম্) (যৎ ব্রহ্ম) সত্যম্, অসৌ সঃ (বক্ষ্যমাণঃ) আদিত্যঃ। [অসৌ কঃ? য এষঃ আদিত্যমণ্ডলে পুরুষঃ, যশ্চ (যোঽপি) [অধ্যাত্মং] অয়ং দক্ষিণে অক্ষন্ (অক্ষিণি চক্ষুষি) পুরুষঃ; তৌ এতৌ (অক্ষ্যাদিত্যপুরুষৌ) অন্যোন্যস্মিন্ (পরস্পরে প্রতিষ্ঠিতৌ (পরস্পরং সম্বদ্ধৌ)। [অন্যোন্যপ্রতিষ্ঠামেবাহ—] এষঃ (আদিত্যমণ্ডলস্থঃ পুরুষঃ) রশ্মিভিঃ (কিরণৈঃ দ্বারা) অস্মিন্ (অক্ষিপুরুষে [প্রতিষ্ঠিতঃ], অয়ং (অক্ষিপুরুষঃ চ) প্রাণৈঃ (দ্বারা) অমুষ্মিন্ (আদিত্যপুরুষে) [প্রতিষ্ঠিতঃ]। সঃ (অক্ষিপুরুষঃ) যদা (যস্মিন্ কালে) উৎক্রমিষ্যন্ (জীবো যদা আসন্নমৃত্যুঃ) ভবতি, তদা এনং (আদিত্যপুরুষং) শুদ্ধম্ (রশ্মিবিযুক্তম্) এব পশ্যতি; এতে রশ্ময়ঃ এনং (আসন্নমৃত্যুং পুরুষং) ন প্রত্যায়ন্তি (ন প্রাপ্নুবন্তি নোপকুর্ব্বন্তি

ভাবঃ)। [এবংবিধসূর্য্যমণ্ডল-দর্শনং হি দ্রষ্টুঃ আসন্নমৃত্যুসূচকঃ অরিষ্টবিশেষ ইতি জ্ঞেয়ম্] ॥ ৩৪২ ॥ ২ ॥

মূলানুবাদ।—সেই যে প্রথমজ সত্যব্রহ্ম, তাহাই এই আদিত্য, যাহা এই মণ্ডলমধ্যস্থ পুরুষ এবং যাহা এই দক্ষিণ চক্ষুর মধ্যবর্ত্তী পুরুষ, অর্থাৎ আদিত্য-মণ্ডলাধিষ্ঠিত আধিদৈবিক পুরুষ, আর চক্ষুর মধ্যগত অধ্যাত্মপুরুষ, এই উভয় পুরুষই পরস্পর পরস্পরের আশ্রয়ে অবস্থিত—আদিত্যপুরুষ রশ্মি দ্বারা ইহার সহিত সম্বদ্ধ, আর চাক্ষুষ পুরুষ প্রাণ দ্বারা আদিত্য পুরুষের সহিত সম্বদ্ধ। এই দেহস্বামী পুরুষ যে সময়ে উৎক্রমণ করিবে অর্থাৎ আসন্নমৃত্যু হইবে, সে সময়ে সে এই আদিত্যমণ্ডলকে শুদ্ধ অর্থাৎ রশ্মিহীন দেখিতে পায়, অর্থাৎ স্বাভাবিক চক্ষে সূর্য্যকে দর্শন করিতে পারে; তখন সূর্য্যের রশ্মিসমূহ আর তাহার নিকটে আইসে না, অর্থাৎ তাহার চক্ষুর পীড়া জন্মায় না। [এরূপ ভাবে সূর্য্যদর্শন আসন্ন মৃত্যুর সূচক—অরিষ্ট বিশেষ] ॥ ৩৪২ ॥ ২ ॥

শাঙ্করভাষ্যম্।—অস্যাধুনা সত্যস্য ব্রহ্মণঃ সংস্থানবিশেষে উপাসন-মুচ্যতে—তদ্ যৎ; কিং তৎ? যৎ সত্যং ব্রহ্ম প্রথমজম্; কিম্? অসৌ সঃ; কোঽসৌ? আদিত্যঃ; কঃ পুনরসাবাদিত্যঃ? য এষঃ; ক এষঃ? য এতস্মিন্ আদিত্যমণ্ডলে পুরুষাভিমানী; সোঽসৌ সত্যং ব্রহ্ম। যশ্চায়ম্ অধ্যাত্মং দক্ষিণে অক্ষন্ অক্ষিণি পুরুষঃ; চশব্দাৎ স চ সত্যং ব্রহ্মেতি সম্বন্ধঃ। তাবেতাবাদিত্যাক্ষিস্থৌ পুরুষাবেকস্য সত্যস্য ব্রহ্মণঃ সংস্থানবিশেষৌ যস্মাৎ, তস্মাদন্যোঽন্যস্মিন্নিতরেতরস্মিন্—আদিত্যশ্চাক্ষুষে চাক্ষুষশ্চাদিত্যে প্রতিষ্ঠিতৌ, অধ্যাত্মাধিদৈবতয়োরন্যোন্যোপকার্য্যোপকারকত্বাৎ। কথং প্রতিষ্ঠিতাবিতি উচ্যতে—রশ্মিভিঃ প্রকাশেন অনুগ্রহং কুর্ব্বন্ এষ আদিত্যঃ অস্মিন্ চাক্ষুষে অধ্যাত্মে প্রতিষ্ঠিতঃ; অয়ঞ্চ চাক্ষুষঃ প্রাণৈঃ আদিত্যমনুগৃহ্নন্ অমুষ্মিন্নাদিত্যে অধিদৈবে প্রতিষ্ঠিতঃ।

সঃ অস্মিন্ শরীরে বিজ্ঞানময়ো ভোক্তা, যদা যস্মিন্ কালে উৎক্রমিষ্যন্ ভবতি, তদা অসৌ চাক্ষুষ আদিত্যপুরুষো রশ্মীনুপসংহৃত্য কেবলেন ঔদাসীন্যেন রূপেণ ব্যবতিষ্ঠতে; তদা অয়ং বিজ্ঞানময়ঃ পশ্যতি শুদ্ধমেব কেবলং বিরশ্মি এতন্মণ্ডলং চন্দ্রমণ্ডলমিব। তদেতদরিষ্টদর্শনং প্রাসঙ্গিকং প্রদর্শ্যতে, কথং

নাম পুরুষঃ করণীয়ে যত্নবান্ স্যাদিতি। ন—এনং চাক্ষুষং পুরুষমুররীকৃত্য তং প্রত্যনুগ্রহায় এতে রশ্ময়ঃ স্বামিকর্ত্তব্যবশাৎ পূর্ব্বমাগচ্ছন্তোঽপি পুনস্তৎকর্ম্মক্ষয়ম্ অনুরুধ্যমানা ইব নোপসর্পন্তি ন প্রত্যাগচ্ছন্তি এনম্। অতোঽবগম্যতে পরস্পরোপ-কার্য্যোপকারকভাবাৎ সত্যস্যৈবৈকস্য আত্মনঃ অংশাবেতাবিতি ॥ ৩৪২ ॥ ২ ॥

টীকা। ব্রাহ্মণান্তরমবতার্য্য ব্যাকরোতি—অস্যেত্যাদিনা। তত্রাধিদৈবিকং স্থানবিশেষমুপন্যস্যতি—তদিত্যাদিনা। সংপ্রত্যাধ্যাত্মিকং স্থানবিশেষং দর্শয়তি—যশ্চেতি। প্রদেশভেদবর্ত্তিনোঃ স্থানভেদেন ভেদং শঙ্কিত্বা পরিহরতি—তাবেতাবিতি। অন্যোন্যমুপকার্য্যোপকারকত্বেনান্যোন্যস্মিন্ প্রতিষ্ঠিতত্বং প্রশ্নপূর্ব্বকং প্রকটয়তি—কথমিত্যাদিনা। প্রাণৈশ্চক্ষুরাদিভিরিন্দ্রিয়ৈরিতি যাবৎ। অমুষ্মিন্নাদিত্যমণ্ডলাত্মানং প্রকাশয়ন্নিত্যর্থঃ। প্রাসঙ্গিকমুপাসনাপ্রসঙ্গাগতমিত্যর্থঃ। তৎপ্রদর্শনস্য কিং ফলমিত্যাশঙ্ক্যাহ—কথমিতি। পুরুষদ্বয়স্যান্যোন্যমুপকার্য্যোপকারকত্বমুক্তং নিগময়তি—নেত্যাদিনা। পুনঃশব্দেন মৃতেরুত্তরকালো গৃহ্যতে। রশ্মীনামচেতনত্বাদিবশব্দঃ। পুনর্নকারোচ্চারণমন্বয়প্রদর্শনার্থম্। ৩৪২। ২।

ভাষ্যানুবাদ।—এখন উক্ত সত্যব্রহ্মের দেহাদি অংশবিশেষে উপাসনা-প্রণালী কথিত হইতেছে—সেই যাহা; তাহা কি? যাহা প্রথমজ সত্য ব্রহ্ম; তাহা কি? ইহাই তাহা; ইহা কি? না, আদিত্য; এই আদিত্য আবার কে? যাহা এই; এই—কি? যাহা এই আদিত্যমণ্ডলে স্থিত পুরুষ, অর্থাৎ আদিত্যমণ্ডলাভিমানী পুরুষ, তাহাই এই সত্য ব্রহ্ম; এবং দেহমধ্যে এই যে, দক্ষিণ চক্ষুতে অবস্থিত অভিমানী পুরুষ; চ-শব্দ থাকায় বুঝিতে হইবে যে, তাহাও সত্য ব্রহ্ম। যেহেতু আদিত্যস্থ ও অক্ষিস্থ এই পুরুষদ্বয় সেই সত্য ব্রহ্মেরই অংশবিশেষ মাত্র, সেই হেতু ইহারা পরস্পরে অর্থাৎ আদিত্য পুরুষ অক্ষি-পুরুষে, অক্ষিপুরুষ আবার আদিত্যপুরুষে প্রতিষ্ঠিত—সম্বদ্ধ; কারণ, অধ্যাত্ম আর যে অধিদৈবত, ইহাদের মধ্যে পরস্পর 'উপকার্য্যোপকারকভাব বিদ্যমান রহিয়াছে। ইহারা কি প্রকারে প্রতিষ্ঠিত আছেন, তাহা কথিত হইতেছে—এই আদিত্য রশ্মিসমূহ দ্বারা অর্থাৎ প্রকাশ কার্য্য দ্বারা উপকার সাধন করত অধ্যাত্ম চাক্ষুষ পুরুষে প্রতিষ্ঠিত, এই চাক্ষুষ পুরুষও আবার প্রাণব্যাপার দ্বারা উপকার সম্পাদন করত এই আধিদৈবিক আদিত্যপুরুষে প্রতিষ্ঠিত আছেন।

এই দেহমধ্যে অবস্থিত ভোক্তা বিজ্ঞানময় আত্মা (জীব) যে সময়ে উৎ-ক্রমণ করিবে অর্থাৎ দেহত্যাগ করিয়া চলিয়া যাইবে, সেই সময়ে অর্থাৎ মৃত্যুর আসন্ন পূর্ব্ববর্ত্তী সময়ে এই অক্ষিসম্বদ্ধ আদিত্যপুরুষ রশ্মিসমূহকে প্রত্যাবৃত্ত করিয়া কেবল উদাসীনভাবে—নিষ্প্রভভাবে অবস্থান করেন; সেই সময়ে এই বিজ্ঞানময় পুরুষ আদিত্যমণ্ডলকে শুদ্ধ—রশ্মিবিহীন—চন্দ্রমণ্ডলের ন্যায় অতীব-

ভাবাপন্ন দর্শন করে। এই অরিষ্টদর্শনের কথা এখানে প্রসঙ্গক্রমে বলা হইল। উদ্দেশ্য—সাধারণ লোক যেন ইহা দ্বারা নিজ নিজ কর্ত্তব্য কর্ম্মে যত্নবান্ হয় (১)। উক্ত রশ্মিসমূহ পূর্ব্বে এই চাক্ষুষ পুরুষের প্রতি অনুগ্রহপ্রকাশার্থ স্বপ্রভু মণ্ডল-পুরুষের কর্ত্তব্য সম্পাদনোদ্দেশ্যে আগমন করিত, এখন তাহার সেই কর্ত্তব্য পরিসমাপ্ত হইয়া গিয়াছে, এইজন্যই যেন তাহারা আর ইহার দিকে আগমন করে না। অতএব এইরূপ পরস্পর উপকার্য্যোপকারকভাব হইতে বুঝা যাইতেছে যে, ঐ আদিত্যপুরুষ ও অক্ষিপুরুষ একই সত্য ব্রহ্মের দুইটী অংশ মাত্র ॥ ৩৪২ ॥ ২ ॥

য এষ এতস্মিন্মণ্ডলে পুরুষস্তস্য ভূরিতি শিরঃ, একং শিরঃ একমেতদক্ষরম্, ভুব ইতি বাহূ, দ্বৌ বাহূ, দ্বে এতে অক্ষরে। স্বরিতি প্রতিষ্ঠা, দ্বে প্রতিষ্ঠে, দ্বে এতে অক্ষরে। তস্যোপনিষদ-হরিতি, হন্তি পাপ্মানং জহাতি চ য এবং বেদ ॥ ৩৪৩ ॥ ৩ ॥

সরলার্থঃ।—যঃ এষঃ এতস্মিন্ মণ্ডলে (সূর্য্যমণ্ডলে) পুরুষঃ [সত্য-নামকঃ], তস্য (পুরুষস্য) ভূঃ ইতি (ব্যাহৃত্যক্ষরং) শিরঃ; [যতঃ] একং শিরঃ (শিরস একত্বং প্রসিদ্ধম্), এতৎ (ভূঃ ইতি চ) একম্ অক্ষরং, [এতস্মাৎ সামান্যাৎ ভূঃ শির উচ্যতে ইত্যাশয়ঃ।] তথা ভুব ইতি বাহূ; [যতঃ] দ্বৌ বাহূ [ভবতঃ], এতে (ভু-বরূপে) অক্ষরে [অপি] দ্বে (দ্বিত্বসংখ্যকে), [অতঃ 'ভুব' ইত্যেতয়োঃ বাহুত্বম্]; তথা স্বর্-ইতি প্রতিষ্ঠা (প্রতিষ্ঠতি অনয়া ইতি প্রতিষ্ঠা পাদ উচ্যতে); [যতঃ] প্রতিষ্ঠে (পাদৌ) দ্বে, এতে অক্ষরে (স্ব-র্ ইত্যেবংরূপে) [অপি] দ্বে, [তস্মাৎ স্বঃপদস্য প্রতিষ্ঠাত্বম্]। তস্য সত্যপুরুষস্য (উপনিষদ্) গুহ্যং নাম—'অহঃ' ইতি; যঃ এবং (যথোক্তরূপাং উপনিষদং)

---

(১) তাৎপর্য্য—অরিষ্ট অর্থ নিকটবর্ত্তী মৃত্যুর সূচক ঘটনাবলী। এরূপ কতকগুলি আকস্মিক ঘটনা উপস্থিত হয়, যাহা দ্বারা অনায়াসে বুঝিতে পারা যায় যে, অমুক ব্যক্তির মৃত্যুকাল নিকটবর্ত্তী হইয়াছে। যেমন—"দীপনির্ব্বাপজং গন্ধং, সুহৃদ্বাক্যমরুন্ধতীম্। ন জিঘ্রন্তি ন শৃণ্বন্তি ন পশ্যন্তি গতায়ুষঃ॥" অর্থাৎ যাহাদের আয়ুঃশেষ হইয়াছে, তাহারা দীপনির্ব্বাণোত্থিত গন্ধ পায় না, বন্ধুর হিতকথা ভাল মনে করে না, অরুন্ধতী নক্ষত্র দেখিতে পায় না ইত্যাদি। সূর্য্যমণ্ডলকে প্রভাহীন—নিস্তেজ দর্শনকরাও একটী অরিষ্ট; ইহা দর্শন করিলে লোকে বুঝিতে পারিবে যে, আমার মৃত্যুর আর বিলম্ব নাই। ইহা জানিলে, সত্তই লোকের ঐহিক ও পারলৌকিক আত্মহিতকর কর্ম্মে সমধিক যত্ন হইতে পারে; এইজন্য এখানে ইহার উল্লেখ করা হইয়াছে।

বেদ, [সঃ] পাপ্মানং হন্তি, জহাতি চ (ত্যজতি চ, নিষ্পাপো ভবতীত্যর্থঃ) ॥ ৩৪৩ ॥ ৩ ॥

মূলানুবাদ ।—এই যে, আদিত্যমণ্ডলস্থ পুরুষ, [ব্যাহৃতির অবয়ব] 'ভূ' অক্ষরটী তাহার শির ; কারণ, শিরও এক, এই 'ভূ' অক্ষরটীও এক, [ভূ অক্ষরকে শির বলিয়া চিন্তা করিবে]। 'ভুব' অক্ষর দুইটী তাহার বাহুদ্বয় ; কেন না, বাহুও দুইটী, 'ভুব' শব্দের অক্ষরও দুইটী ; 'স্বর্' তাহার প্রতিষ্ঠা (পদদ্বয়) ; কারণ, পদ সাধারণতঃ দুইটী, 'স্বর্' শব্দেতে অক্ষরও দুইটী। তাহার উপনিষদ্ বা রহস্য নাম হইতেছে—'অহঃ'। যে ব্যক্তি এইরূপ জানে, সে ব্যক্তি সমস্ত পাপ নষ্ট করে এবং পরিত্যাগ করে, অর্থাৎ নিষ্পাপ হয় ॥ ৩৪৩ ॥ ৩ ॥

শাঙ্করভাষ্যম্ ।—তত্র যঃ,—অসৌ কঃ ? য এষ এতস্মিন্ মণ্ডলে পুরুষঃ সত্যনামা ; তস্য ব্যাহৃতয়ঃ অবয়বাঃ। কথম্ ? ভূরিতি যেয়ং ব্যাহৃতিঃ, সা তস্য শিরঃ, প্রাথম্যাৎ। তত্র সামান্যং স্বয়মেবাহ শ্রুতিঃ—একম্ একসংখ্যাযুক্তং শিরঃ, তথা এতদক্ষরমেকং ভূরিতি। ভুব ইতি বাহূ, দ্বিত্বসামান্যাৎ ; দ্বৌ বাহূ, দ্বে এতে অক্ষরে। তথা স্বরিতি প্রতিষ্ঠা ; দ্বে প্রতিষ্ঠে, দ্বে এতে অক্ষরে ; প্রতিষ্ঠে পাদৌ, প্রতিতিষ্ঠত্যাভ্যামিতি। তস্যাস্য ব্যাহৃত্যবয়বস্য সত্যস্য ব্রহ্মণ উপনিষদ্ রহস্যমভিধানম্,—যেনাভিধানেনাভিধীয়মানং তদ্ব্রহ্ম অভিমুখীভবতি, লোকবৎ। কাসাবিত্যাহ—অহরিতি। অহরিতি চৈতদ্রূপং হন্তের্জহাতেশ্চেতি যো বেদ, স হন্তি জহাতি চ পাপ্মানং, য এবং বেদ ॥ ৩৪৩ ॥ ৩ ॥

টীকা। তত্র স্থানিদ্বয়সংবন্ধিনঃ সত্যস্য ব্রহ্মণো ধ্যানে প্রস্তুতে সতীত্যর্থঃ। তত্রেতি প্রথমব্যাহৃতৌ শিরোদৃষ্ট্যারোপে বিবক্ষিতে। তস্যোপনিষদিত্যাদি ব্যাচষ্টে—তস্যেত্যাদিনা। যথা লোকে গবাদিঃ যেনাভিধানেনাভিধীয়মানঃ সংমুখীভবতি, তদ্বদিত্যাহ—লোকবদিতি। নামোপাস্তিফলমাহ—অহরিতি চেতি ॥ ৩৪৩ ॥ ৩ ॥

ভাষ্যানুবাদ ।—সেখানে যিনি ; এই যৎপদবাচ্য (যিনি) কে ? না, এই যিনি এই আদিত্যমণ্ডলে অবস্থিত সত্যনামক পুরুষ। ব্যাহৃতিসমূহ ('ভূ' 'ভুব' ও 'স্বর্' এই অক্ষরসমূহ) তাহার অবয়ব। কি প্রকারে ? এই যে, 'ভূ' ব্যাহৃতি, তাহা তাহার শিরঃ (মস্তক) ; কারণ, উহা ব্যাহৃতির প্রথম অক্ষর ; শ্রুতি নিজেই শিরের সহিত 'ভূ'র সাদৃশ্য প্রদর্শন করিতেছেন—শিরঃ সাধারণতঃ

এক—একসংখ্যক, সেইরূপ এই 'ভূ' অক্ষরটীও এক। 'ভুব' তাহার বাহুদ্বয়; কারণ, উভয়েতেই দ্বিত্ব সংখ্যা সমান;—বাহু দুইটী, আর 'ভু-ব' অক্ষরও দুইটী; [অতএব উভয়েরই সংখ্যা সমান]। সেইরূপ 'স্বর্' এই অক্ষর দুইটী তাহার প্রতিষ্ঠা; প্রতিষ্ঠাও দুইটী, এবং এই অক্ষরও দুইটী; প্রতিষ্ঠা অর্থ—পদদ্বয়; কারণ, এই দুইটীর সাহায্যে স্থিতি লাভ করা (দাঁড়ান) হয়। ব্যাহৃতিরূপ অবয়ববিশিষ্ট সেই এই সত্যব্রহ্মের উপনিষদ্ বা রহস্য অভিধান (নাম), যে নামে অভিহিত হইলে ব্রহ্মও সাধারণ লোকের স্থায় অভিধায়কের অভিমুখী হন, সেই নাম; সেই রহস্য নামটী কি? না, 'অহঃ'। 'অহঃ' পদটী হিংসার্থক 'হন্' ধাতু ও ত্যাগার্থক 'হা' ধাতু হইতে নিষ্পন্ন; ইহা যিনি জানেন, তিনি পাপ ধ্বংস করেন এবং পাপ ত্যাগও করেন, অর্থাৎ নিষ্পাপ হন ॥ ৩৪৩ ॥ ৩ ॥

যোঽয়ং দক্ষিণেঽক্ষন্ পুরুষস্তস্য ভূরিতি শিরঃ, একং্ শির একমেতদক্ষরম্, ভুব ইতি বাহূ, দ্বৌ বাহূ দ্বে এতে অক্ষরে, স্বরিতি প্রতিষ্ঠা, দ্বে প্রতিষ্ঠে দ্বে এতে অক্ষরে। তস্যোপনিষদ-হমিতি, হন্তি পাপ্মানং জহাতি চ য এবং বেদ ॥ ৩৪৪ ॥ ৪ ॥

ইতি পঞ্চমং ব্রাহ্মণম্ ॥ ৫ ॥ ৫ ॥

সরলার্থঃ।—[আদিত্যপুরুষবৎ অক্ষিপুরুষস্যাপি ব্যাহৃত্যবয়বত্বাং দর্শয়তি—'যোঽয়ম্' ইত্যাদিনা]। যঃ অয়ং দক্ষিণে অক্ষন্ (অক্ষিণি) পুরুষঃ, তস্য 'ভূঃ' ইতি শিরঃ, [যতঃ] একং শিরঃ, এতৎ অক্ষরমপি একম্; তথা 'ভুবঃ' ইতি বাহূ; [যতঃ] বাহূ দ্বৌ, এতে অক্ষরে অপি দ্বে। তথা 'স্বর্' ইতি প্রতিষ্ঠা; [যতঃ] দ্বে প্রতিষ্ঠে (পাদৌ), এতে অক্ষরে অপি দ্বে। তস্য (অক্ষিপুরুষস্য) উপনিষদ্ (রহস্যং নাম)—'অহম্' ইতি। যঃ এবং বেদ (যথোক্তপ্রকারাৎ উপনিষদং জানাতি), [সঃ] পাপ্মানং হন্তি, জহাতি (ত্যজতি) চ। ৩৪৪ ॥ ৪ ॥

মূলানুবাদ।—[আদিত্য পুরুষের ন্যায় অক্ষিপুরুষেরও ব্যাহৃতি-অবয়ব প্রদর্শন করিতেছেন—] এই যে, দক্ষিণ অক্ষিমধ্যস্থ সত্য পুরুষ, তাহার শির হইতেছে 'ভূঃ'; কারণ, শিরও এক, এই অক্ষরটীও এক; 'ভুব' তাহার দুইটী বাহু; কারণ, বাহু দুইটী, আর এই অক্ষরও দুইটী; 'স্বর্' তাহার প্রতিষ্ঠা—পদদ্বয়; কারণ, পদ সাধারণতঃ দুইটী, এই অক্ষরও দুইটী। তাহার উপনিষদ্ হইতেছে—'অহম্'।

যিনি ইহা জানেন, তিনি পাপ নাশ করেন, এবং পাপ পরিত্যাগ করেন ॥ ৩৪৪ ॥ ৪ ॥

ইতি পঞ্চমাধ্যায়ে পঞ্চম ব্রাহ্মণব্যাখ্যা ॥ ৫ ॥ ৫ ॥

শাঙ্করভাষ্যম্।—এবং যোঽয়ং দক্ষিণেঽক্ষন্ পুরুষস্তস্য ভূরিতি শির ইত্যাদি সর্ব্বং সমানম্। তস্যোপনিষদহমিতি, প্রত্যগাত্মভূতত্বাৎ। পূর্ব্ববদ্ হন্তের্জহাতেশ্চেতি ॥ ৩৪৪ ॥ ৪ ॥

ইতিপঞ্চমাধ্যায়স্য পঞ্চম-ব্রাহ্মণভাষ্যম্ ॥ ৫ ॥ ৫ ॥

টীকা। যথা মণ্ডলপুরুষস্য ব্যাহৃতাবয়বস্য সোপনিষৎকস্যাধিদৈবতমুপাসনমুক্তং, তথাঽধ্যাত্মং চাক্ষুষপুরুষস্যোক্তবিশেষণস্যোপাসনমুচ্যতে ইত্যাহ—এবমিতি। চাক্ষুষস্য পুরুষস্য কথমহমিত্যুপনিষদিষ্যতে? তত্রাহ—প্রত্যগিতি। হন্তের্জহাতেশ্চাহমিত্যেতদ্রূপমিতি যো বেদ, স হন্তি পাপ্মানং জহাতি চেতি পূর্ববৎ ফলবাক্যং যোজ্যমিত্যাহ—পূর্ব্ববদিতি ॥ ৩৪৪ ॥ ৪ ॥

ইতি বৃহদারণ্যকোপনিষদ্ভাষ্যটীকায়াং পঞ্চমাধ্যায়স্য পঞ্চমং ব্রাহ্মণম্ ॥ ৫ ॥ ৫ ॥

ভাষ্যানুবাদ।—পূর্ব্বের ন্যায় এই যে, দক্ষিণ অক্ষিগত পুরুষ, তাহার 'ভূ' হইতেছে শির, ইত্যাদির ব্যাখ্যা সমস্তই পূর্ব্বশ্রুতির অনুরূপ। তাহার উপনিষদ্ 'অহম্'; যেহেতু উহা জীবাত্মস্বরূপ। পূর্ব্বের ন্যায় 'অহম্' পদটীও 'হন্' ও 'হা' ধাতু হইতে নিষ্পন্ন ॥ ৩৪৪ ॥ ৪ ॥

পঞ্চম অধ্যায়ে পঞ্চমব্রাহ্মণের ভাষ্যানুবাদ ॥ ৫ ॥ ৫ ॥

আভাসভাষ্যম্।—উপাধীনামনেকত্বাদ্ অনেকবিশেষণত্বাচ্চ তস্যৈব প্রকৃতস্য ব্রহ্মণো মনউপাধিবিশিষ্টস্যোপাসনং বিধিৎসন্নাহ—

আভাসভাষ্যানুবাদ।—ব্রহ্মের উপাধি অনেক ও অনেকপ্রকার; এই কারণে এখন মন-উপাধিবিশিষ্ট সেই ব্রহ্মের উপাসনা বিধানার্থ বলিতেছেন—

মনোময়োঽয়ং পুরুষো ভাঃসত্যস্তস্মিন্নন্তর্হৃদয়ে যথা ব্রীহির্ব্বা যবো বা, স এষ সর্ব্বস্যেশানঃ সর্ব্বস্যাধিপতিঃ সর্ব্বমিদং প্রশাস্তি, যদিদং কিঞ্চ ॥ ৩ ৩৪৫ ॥ ১ ॥

ইতি ষষ্ঠং ব্রাহ্মণম্ ॥ ৫ ॥ ৬ ॥

সরলার্থঃ।—মনোময়ঃ (মনঃপ্রায়ঃ মনসি উপলভ্যমান ইত্যর্থঃ), ভাঃসত্যঃ (ভাঃ দীপ্তিঃ এব সত্যং প্রকৃতং স্বরূপং যস্য, স ভাঃসত্যঃ); অয়ং (পূর্ব্বোক্তঃ সত্যাখ্যঃ) পুরুষঃ তস্মিন্ (প্রসিদ্ধে) অন্তর্হৃদয়ে (হৃদয়স্য মধ্যে) যথা ব্রীহিঃ বা, যবঃ বা, [তথা সূক্ষ্মরূপতয়া অবস্থিতঃ অস্তি]; সঃ এষঃ

(অন্তর্হৃদয়ে স্থিতোঽপি পুরুষঃ) সর্ব্বস্য (বস্তুজাতস্য) ঈশানঃ, সর্ব্বস্য অধিপতিঃ (অধিষ্ঠায় অধ্যক্ষরূপেণ পাতি), ইদং সর্ব্বং (জগৎ) প্রশাস্তি (নিয়ময়তি), যৎ ইদং (অনুভূয়মানং কিঞ্চ, (তৎ সর্ব্বং ইতি সম্বন্ধঃ) ॥ ৩৪৫ ॥ ১ ॥

মূলানুবাদ ।—পূর্ব্বে যে সত্যব্রহ্মের কথা বলা হইয়াছে, সেই পুরুষ মনোময় অর্থাৎ মনোমধ্যে দৃষ্ট হয় বলিয়া প্রায় মনেরই মত, এবং ভাঃ—দীপ্তিই তাহার যথার্থ স্বরূপ, এই জন্য ভাঃসত্য ; সেই পুরুষ ব্রীহি (হৈমন্তিক ধান্য) ও যবের ন্যায় সূক্ষ্মরূপে হৃদয়ের মধ্যে অবস্থিত আছেন। সেই এই পুরুষই আবার সকলের অধিপতি ও সকলের পালনকর্ত্তা এবং জগতে যাহা কিছু আছে, তৎসমস্তের শাসনকর্ত্তা ॥ ৩৪৫ ॥ ১ ॥

শাঙ্করভাষ্যম্ ।—মনোময়ঃ মনঃপ্রায়ঃ, মনস্যুপলভ্যমানত্বাৎ ; মনসা চ উপলভ্যত ইতি মনোময়োঽয়ং পুরুষঃ, ভাঃ-সত্যঃ ভা এব সত্যং—সদ্ভাবঃ স্বরূপং যস্য, সোঽয়ং ভাঃসত্যঃ, ভাস্বরইত্যেতৎ ; মনসঃ সর্ব্বার্থাবভাসকত্বান্মনোময়ত্বাচ্চ অস্য ভাস্বরত্বম্। তস্মিন্ অন্তর্হৃদয়ে হৃদয়স্যান্তঃ, তস্মিন্নিত্যেতৎ ; যথা ব্রীহির্ব্বা যবো বা পরিমাণতঃ, এবংপরিমাণঃ, তস্মিন্নন্তর্হৃদয়ে যোগিভির্দৃশ্যত ইত্যর্থঃ ।

স এষ সর্ব্বস্যেশানঃ সর্ব্বস্য স্বভেদজাতস্য ঈশানঃ স্বামী ; স্বামিত্বেঽপি সতি, কশ্চিদমাত্যাদিতন্ত্রঃ ; অয়ন্তু ন তথা ; কিং তর্হি ? অধিপতিঃ অধিষ্ঠায় পালয়িতা ; সর্ব্বমিদং প্রশাস্তি, যদিদং কিঞ্চ যৎ কিঞ্চিৎ সর্ব্বং জগৎ, তৎ সর্ব্বং প্রশাস্তি। এবং মনোময়স্যোপাসনাৎ তথারূপাপত্তিরেব ফলম্ ; "তং যথা যথোপাসতে, তদেব ভবতি" ইতি ব্রাহ্মণম্ ॥ ৩৪৫ ॥ ১ ॥

পঞ্চমাধ্যায়স্য ষষ্ঠং ব্রাহ্মণম্ ॥ ৫ ॥ ৬ ॥

টীকা। ব্রাহ্মণান্তরমুত্থাপয়তি—উপাধীনামিতি। অনেকবিশেষণত্বাচ্চ প্রত্যেকং ভেদমিতি শেষঃ। তৎপ্রায়ত্বে হেতুমাহ—মনসীতি। প্রকারান্তরেণ তৎপ্রায়ত্বমাহ—মনসা চেতি। তস্য ভাস্বররূপত্বং সাধয়তি—মনস ইতি। তস্য ধ্যানার্থং স্থানং দর্শয়তি—তস্মিন্নিতি। ঔপাধিকমিদং পরিমাণং, স্বাভাবিকং ত্বানন্ত্যমিত্যভিপ্রেত্যাহ—স এষ ইতি। যদুক্তং সর্ব্বস্যেশান ইতি, তদ্বিশদয়তি—সর্ব্বমিতি। যথোক্তস্য তথাত্রাপ্যুক্তফলমিদমুপাসনমকার্য্যমিতি চেন্নেত্যাহ—এবমিতি ॥ ৩৪৫ ॥ ১ ॥

ইতি বৃহদারণ্যকোপনিষদ্ভাষ্যটীকায়াং পঞ্চমাধ্যায়স্য ষষ্ঠং ব্রাহ্মণম্ ॥ ৫ ॥ ৬ ॥

ভাষ্যানুবাদ।—মনোময় অর্থ মনঃপ্রায়ঃ অর্থাৎ এই পুরুষকে মনোমধ্যেই উপলব্ধি করিতে হয়, এবং মনের দ্বারাই উপলব্ধি করা হয়, এই কারণে এই পুরুষ মনোময় অর্থাৎ একপ্রকার মনেরই মত; এবং ভাঃসত্য, অর্থাৎ ভা দীপ্তিই তাহার সত্য—সদ্ভাব—যথার্থ স্বরূপ, এই জন্য তিনি ভাঃসত্য অর্থাৎ তিনি ভাস্বর বা সমুজ্জ্বল; যোগিগণ এই পুরুষকে অন্তর্হৃদয়ে অর্থাৎ হৃদয়ের অভ্যন্তরে—ব্রীহি কিংবা যব যেমন [সূক্ষ্ম], সেই পরিমাণ সূক্ষ্মাকার দর্শন করিয়া থাকেন।

সেই পুরুষই আবার সকলের অর্থাৎ আপনারই বিবর্ত্তরূপ বিভিন্ন পদার্থনিচয়ের ঈশান অর্থাৎ স্বামী বা প্রভু। স্বামী হইয়াও কেহ কেহ মন্ত্রিপ্রভৃতির অধীন থাকেন, কিন্তু এই পুরুষ কখনই সেরূপ নহে; তবে কি প্রকার? না, তিনি অধিপতি, স্বয়ংই অধ্যক্ষরূপে পালন করেন; জগতে যাহা কিছু আছে অর্থাৎ সমস্ত জগৎই তিনি সম্যক্রূপে শাসন করেন। মনোময় পুরুষের এবংবিধ উপাসনা হইতে তদনুরূপ ফলই সিদ্ধ হইয়া থাকে; কারণ, অন্য ব্রাহ্মণোনিষদে কথিত আছে যে, 'তাঁহাকে যে ভাবে যে ভাবে উপাসনা করে, উপাসক সেই সেই ভাবেই ফল প্রাপ্ত হয়' ইতি॥ ৩৫৫ ॥ ১ ॥

ইতি পঞ্চমাধ্যায়ে ষষ্ঠ ব্রাহ্মণের ভাষ্যানুবাদ ॥ ৫ ॥ ৬ ॥

বিদ্যুদ্‌ব্রহ্মেত্যাহুঃ, বিদানাদ্বিদ্যুৎ, বিদ্যত্যেনং পাপ্মনো য এবং বেদ বিদ্যুদ্ ব্রহ্মেতি বিদ্যুদ্ধ্যেব ব্রহ্ম ॥৩৪৬॥১॥

ইতি সপ্তমং ব্রাহ্মণম্ ॥ ৫ ॥ ৭ ॥

সরলার্থঃ।—[তস্যৈব সত্যব্রহ্মণঃ প্রকারান্তরেণোপাসনমুচ্যতে—'বিদ্যুদ্‌ব্রহ্ম' ইত্যাদিনা]। বিদ্যুৎ (তড়িৎ) [এব] ব্রহ্ম—ইতি আহুঃ (কথয়ন্তি) [কেচিৎ ইতি শেষঃ]। (কথং বিদ্যুৎ ব্রহ্ম? ইত্যাহ—) বিদানাৎ (মেঘান্ধকারস্য খণ্ডনাৎ বিদারণাৎ) বিদ্যুৎ। যঃ এবং বিদ্যুদ্‌ব্রহ্ম-ইত্যেবং বেদ, [সঃ] এনং (আত্মানং) [প্রতি, প্রতিকূলভূতান্] পাপ্মনঃ (পাপানি) বিদ্যতি (অবখণ্ডয়তি নাশয়তীত্যর্থঃ)। [কুত এবং ফলম্?] হি (যতঃ) বিদ্যুদ্ এব (নিশ্চয়ে) ব্রহ্ম; [উপাসনানুরূপং ফলং হি যুক্তমিত্যাশয়ঃ] ॥ ৩৪৬ ॥ ১ ॥

মূলানুবাদ।—[সেই সত্য-ব্রহ্মেরই অন্য প্রকারে উপাসনা কথিত হইতেছে—] বিদ্যুৎই ব্রহ্ম, কেহ কেহ এইরূপ বলিয়া থাকেন, অর্থাৎ কেহ কেহ ব্রহ্মকে বিদ্যুৎ-গুণযোগে উপাসনা করিয়া থাকেন।

যেহেতু মেঘান্ধকারের ন্যায় পাপান্ধকার খণ্ডন করিয়া—অপনীত করিয়া আবির্ভূত হয়, সেই হেতু ব্রহ্মকে বিদ্যুৎ বলিয়া জানেন। তিনি আত্মলাভের প্রতিকূল যে সমুদয় পাপ আছে, সে সমুদয় পাপ খণ্ডন করেন। যেহেতু বিদ্যুৎই ব্রহ্ম, (সেই হেতু ঐরূপ ফললাভ সমুচিতই হয়) ॥ ৩৪৬ ॥ ১ ॥

শাঙ্করভাষ্যম্।—তথৈবোপাসনান্তরং সত্যস্য ব্রহ্মণো বিশিষ্টফলমারভ্যতে—বিদ্যুদ্ব্রহ্মেত্যাহুঃ। বিদ্যুতো ব্রহ্মণো নির্ব্বচনমুচ্যতে—বিদানাদবখণ্ডনাৎ তমসঃ, মেঘান্ধকারং বিদার্য্য হি অবভাসতে বিদ্যুৎ, এবংগুণং বিদ্যুৎব্রহ্মেতি যো বেদ, অসৌ বিদ্যতি অবখণ্ডয়তি বিনাশয়তি পাপ্মনঃ; এনমাত্মানং প্রতি প্রতিকূলভূতাঃ পাপ্মানো যে, তান্ সর্ব্বান্ পাপ্মনোঽবখণ্ডয়তীত্যর্থঃ। য এবং বেদ বিদ্যুদ্ব্রহ্মেতি, তস্যানুরূপং ফলম্, বিদ্যুৎ হি যস্মাদ্ ব্রহ্ম ॥ ৩৪৬॥ ১ ॥

ইতি পঞ্চমস্য সপ্তমং ব্রাহ্মণম্ ॥ ৫ ॥ ৭ ॥

টীকা। ব্রাহ্মণান্তরমুত্থাপ্য বিভজতে—তথৈবেত্যাদিনা। তমসো বিদানাদ্বিদ্যুদিতি সম্বন্ধঃ। তদেব স্ফুটয়তি—মেঘেতি। উক্তমেব ফলং প্রকটয়তি—এনমিতি। ৩৪৬। ১।

ইতি বৃহদারণ্যকোপনিষদ্ভাষ্যটীকায়াং পঞ্চমাধ্যায়স্য সপ্তমং ব্রাহ্মণম্। ৫। ৭।

ভাষ্যানুবাদ।—পূর্ব্বের ন্যায় পুনশ্চ সত্য-ব্রহ্মের বিশিষ্ট ফলজনক অন্যপ্রকার উপাসনা বলিতেছেন—"বিদ্যুৎ-ব্রহ্ম ইত্যাহুঃ" ইত্যাদি। কিরূপ অর্থযোগে বিদ্যুৎকে ব্রহ্ম বলা হইল, তাহা বলিতেছেন, বিদ্যুৎ যেহেতু অন্ধকারের অবখণ্ডন বা বিদারণ করে, বাস্তবিকই মেঘান্ধকার বিদীর্ণ করিয়া বিদ্যুৎ প্রকাশ পাইয়া থাকে; এই কারণে তাহার নাম বিদ্যুৎ। যে ব্যক্তি এবংবিধ গুণযুক্ত বিদ্যুৎ-ব্রহ্ম জানেন, তিনিও পাপসমূহ বিদীর্ণ করেন, অর্থাৎ বিনষ্ট করেন, এবং এই আত্মার সম্বন্ধে প্রতিকূলভূত যে সমুদয় পাপ, সেই সমস্ত—অবখণ্ডন করেন, পাপ নিবারণ করেন (বিনষ্ট করেন)। যেহেতু বিদ্যুৎই ব্রহ্ম, সেই হেতু, যে লোক বিদ্যুৎ ব্রহ্ম জানে, তাহার এইরূপে যে পাপ খণ্ডন করা, তাহা (উপাসনার) অনুরূপ ফলই বটে ॥ ৩৪৫ ॥ ১ ॥

ইতি পঞ্চমাধ্যায়ে সপ্তম ব্রাহ্মণের ভাষ্যানুবাদ ॥ ৫ ॥ ৭ ॥

বাচং ধেনুমুপাসীত, তস্যাশ্চত্বারঃ স্তনাঃ, স্বাহাকারো বষট্কারো হন্তকারঃ স্বধাকারঃ, তস্যৈ দ্বৌ স্তনৌ দেবা উপজীবন্তি

স্বাহাহাকারং চ বষট্‌কারঞ্চ, হন্তকারং মনুষ্যাঃ, স্বধাকারং পিতরঃ, তস্যাঃ প্রাণ ঋষভঃ, মনো বৎসঃ ॥ ৩৪৭ ॥ ১ ॥

সরলার্থঃ।—পুনরপি তস্যৈব সত্য-ব্রহ্মণ উপাসনান্তরমুচ্যতে—'বাচং ধেনুম্' ইত্যাদিনা। বাচং (বাঙ্ময়ং বেদং) ধেনুং (ধেনুমিব সর্বার্থদাং মত্বা) উপাসীত ; তস্যাঃ (বাগ্‌রূপায়াঃ ধেনোঃ) চত্বারঃ স্তনাঃ (স্তনা ইব আজ্যরূপ-পয়ঃক্ষরণাৎ)—স্বাহাকারঃ, বষট্‌কার, হন্তকারঃ, স্বধাকারঃ [চ]। তস্যৈ (তস্যাঃ) দ্বৌ স্তনৌ—স্বাহাকারং চ বষট্‌কারং চ দেবা উপজীবন্তি (উপভুঞ্জতে), হন্ত কারং মনুষ্যাঃ, স্বধাকারং চ পিতরঃ [উপজীবন্তি]। প্রাণঃ তস্যাঃ (বাগ্‌ধেনোঃ) ঋষভঃ (বৃষভস্থানীয়ঃ, প্রাণসংযোগেনৈব বাচঃ ফলপ্রসবাৎ), মনঃ বৎসঃ (বৎস-স্থানীয়ং, যতঃ মনঃসংযোগেনৈব বাচঃ রসস্রাবো ভবতি, তস্মাৎ মনঃ বৎস-ইত্যর্থঃ) ॥ ৩৪৭ ॥ ১ ॥

মূলানুবাদ।—বাক্যকে ধেনুরূপে উপাসনা করিবে। সেই বাক্যরূপা ধেনুর স্বাহাকার, বষট্‌কার, হন্তকার ও স্বধাকারনামক চারিটী স্তন আছে ; তন্মধ্যে স্বাহাকার ও বষট্‌কারনামক স্তন দুইটী দেবগণ উপভোগ করেন, এবং হন্তকার স্তনটী মনুষ্যগণ ও স্বধাকার স্তনটী পিতৃগণ উপভোগ করিয়া থাকেন। প্রাণ তাহার বৃষস্থানীয় এবং মন তাহার বৎসস্বরূপ ; (কারণ, প্রাণের সাহায্যেই বাক্য প্রকাশে যোগ্যতা লাভ করে, এবং মনের সহযোগেই বক্তব্য বিষয় প্রকাশ করিয়া থাকে) ॥ ৩৪৭ ॥ ১ ॥

শাঙ্করভাষ্যম্।—পুনরুপাসনান্তরং তস্যৈব ব্রহ্মণঃ,—বাগ্বৈ ব্রহ্মেতি। বাগিতি শব্দঃ ত্রয়ী ; তাং বাচং ধেনুম্, ধেনুরিব ধেনুঃ, যথা ধেনুশ্চতুর্ভিস্তনৈঃ স্তন্যং পয়ঃ ক্ষরতি বৎসায়, এবং বাগ্ধেনুর্বক্ষ্যমাণৈঃ স্তনৈঃ পয় ইবান্নং ক্ষরতি দেবাদিভ্যঃ। কে পুনস্তে স্তনাঃ ? কে বা তে, যেভ্যঃ ক্ষরতি ? তস্যা এতস্যা বাচো ধেন্বা দ্বৌ স্তনৌ দেবা উপজীবন্তি বৎসস্থানীয়াঃ। কৌ তৌ ? স্বাহাকারং চ বষট্‌কারঞ্চ ; আভ্যাং হি হবির্দীয়তে দেবেভ্যঃ। হন্তকারং মনুষ্যাঃ ; হন্তেতি মনুষ্যেভ্যোঽন্নং প্রযচ্ছন্তি। স্বধাকারং পিতরঃ ; স্বধাকারেণ হি পিতৃভ্যঃ স্বধাং প্রযচ্ছন্তি। তস্যা ধেন্বা বাচঃ প্রাণ ঋষভঃ, প্রাণেন হি বাক্ প্রসূয়তে। মনো বৎসঃ ; মনসা হি প্রস্রাব্যতে, মনসা হি আলোচিতে বিষয়ে বাক্

প্রবর্ত্ততে; তস্মাৎ মনঃ বৎসস্থানীয়ম্। এবং বাগ্ধেনূপাসকঃ তাদ্ভাব্যমেব প্রতিপদ্যতে ॥ ৩৪৭ ॥ ১ ॥

ইতি পঞ্চমাধ্যায়স্যাষ্টমং ব্রাহ্মণম্ ॥ ৫ ॥ ৮ ॥

টীকা। ব্রাহ্মণান্তরমবতারয়তি—পুনরিতি। তাং ধেনুমুপাসীতেতি সংবন্ধঃ। বাচো ধেন্বাদৃশ্য সাদৃশ্যং বিশদয়তি—যথেত্যাদিনা। স্তনচতুষ্টয়ং ভোক্তৃত্রয়ং চ প্রশ্নপূর্ব্বকং প্রকটয়তি—কে পুনরিত্যাদিনা। কথং দেবা যথোক্তৌ স্তনাবুপজীবন্তি? তত্রাহ— আভ্যাং হীতি। হন্তেত্যন্নপেক্ষিতমিত্যর্থঃ। স্বধামন্নম্। প্রস্রাবয়তে প্রকৃতা করণোদ্যতা ক্রিয়তে। মনসা হীত্যাদিনোক্তং বিবৃণোতি—মনসেতি। ফলাভাবশ্যাশঙ্কা তদ্গুণানমকিঞ্চিৎকরমিত্যাশঙ্ক্যাহ—এবমিতি। তাদ্ভাব্যং যথোক্ত-বাগুপাধিকব্রহ্মরূপত্বমিত্যর্থঃ ॥ ৩৪৭ ॥ ১ ॥

ইতি বৃহদারণ্যকোপনিষদ্ভাষ্যটীকায়াং পঞ্চমাধ্যায়স্যাষ্টমং ব্রাহ্মণম্ ॥ ৫ ॥ ৮ ॥

ভাষ্যানুবাদ।—"বাগ্ বৈ ব্রহ্ম" ইত্যাদি বাক্যে সেই সত্য ব্রহ্মেরই অন্য প্রকার উপাসনা কথিত হইতেছে। বাক্ অর্থ—শব্দ—অর্থাৎ শব্দময় বেদ; সেই বেদকে ধেনুরূপে উপাসনা করিবে। এখানে 'ধেনু' অর্থ ধেনুর মত; ধেনু যেমন চারিটী স্তন দ্বারা বৎসের উদ্দেশ্যে স্তন্য (দুগ্ধ) ক্ষরণ করিয়া থাকে, তেমনি এই বাক্যরূপ ধেনুও বক্ষ্যমাণ চারিটী স্তন দ্বারা দেবতা প্রভৃতির উদ্দেশ্যে দুগ্ধের মত অন্ন (ভোগ্য বস্তু) ক্ষরণ করে। এই বাগ্ধেনুর সেই চারিটী স্তন কি কি? এবং যাহাদের নিমিত্ত ক্ষরণ করে—অন্ন প্রদান করে, তাহারাই বা কাহারা? [উত্তর—] সেই বাক্যরূপ ধেনুর দুইটী স্তন বৎসস্থানীয় দেবগণ উপভোগ করিয়া থাকেন; সেই দুইটী স্তন কি কি? না, স্বাহা ও বষট্কার; কেননা, এই স্বাহা ও বষট্শব্দযোগেই দেবতাগণের উদ্দেশ্যে হব্য (ঘৃত প্রভৃতি দ্রব্য) প্রদত্ত হইয়া থাকে। মনুষ্যগণ হন্তকারনামক স্তনটী (উপজীব্য করিয়া থাকে); কেননা, 'হন্ত'-শব্দ উচ্চারণপূর্ব্বক মনুষ্যগণকে অন্ন প্রদান করা হইয়া থাকে। পিতৃগণ স্বধানামক স্তনটি [ভোগ করিয়া থাকে]; কেননা, পিতৃগণের উদ্দেশ্যে যাহা দিতে হয়, তাহা স্বধা শব্দ দ্বারাই প্রদত্ত হয়। সেই বাক্রূপা ধেনুর ঋষভ (বৃষস্থানীয়) হইতেছে প্রাণ; কারণ, বাক্য যাহা প্রসব করে—অর্থ প্রকাশ করে, প্রাণের সাহায্যেই [তাহা প্রকাশ করিয়া থাকে]। মন তাহার বৎসস্থানীয়; কেননা, মনের সাহায্যেই তাহার স্রাব (ভাবপ্রকাশন) হইয়া থাকে; কারণ, মনে মনে আলোচিত বিষয়েই বাক্যের প্রবৃত্তি হইয়া থাকে; এই কারণে মন তাহার বৎসস্থানীয়। এইরূপে বাগ্-ধেনুর উপাসক ব্যক্তি উপাস্যের স্বভাবই প্রাপ্ত হন ॥ ৩৪৭ ॥ ১ ॥

ইতি পঞ্চমাধ্যায়ে অষ্টম ব্রাহ্মণের ভাষ্যানুবাদ ॥ ৫ ॥ ৮ ॥

অয়মগ্নির্বৈশ্বানরো যোঽয়মন্তঃপুরুষে, যেনেদমন্নং পচ্যতে যদিদমদ্যতে, তস্যৈষ ঘোষো ভবতি, যমেতৎ কর্ণাবপিধায় শৃণোতি, স যদোৎক্রমিষ্যন্ ভবতি, নৈনং ঘোষং শৃণোতি॥ ৩৪৮॥ ১॥

ইতি নবমং ব্রাহ্মণম্॥ ৫॥৯॥

সরলার্থঃ।—[অত্রাপি উপাসনান্তরং বিধিৎসন্ আহ—'অয়মগ্নিঃ' ইত্যাদি।] অয়ম্ অগ্নিঃ বৈশ্বানরঃ; [অয়ং কঃ? ইত্যাহ—] যঃ অয়ং পুরুষে অন্তঃ (পুরুষস্য অন্তর্বর্ত্তী—জাঠরঃ অগ্নিঃ), যেন (জাঠরেণ অগ্নিনা) ইদং অন্নং পচ্যতে; [কিং নাম তদন্নম্?] যৎ ইদং (অন্নং) পুরুষেণ অদ্যতে (ভক্ষ্যতে), [তৎ]। তস্য (বৈশ্বানরস্য) এষঃ ঘোষঃ (ধ্বনিঃ) ভবতি; [কোঽসৌ ঘোষঃ?] [জনঃ কর্ণৌ অপিধায় (আচ্ছাদ্য) যং (ঘোষং) এতৎ (যথা স্যাৎ তথা) শৃণোতি, [এষ এব স ঘোষঃ]। সঃ (পুরুষঃ) যদা উৎক্রমিষ্যন্ (মুমূর্ষুঃ) ভবতি, [তদা] এনং ঘোষং ন শৃণোতি; [অরিষ্টবিশেষোঽয়মিতি ভাবঃ]॥ ৩৪৮॥ ১॥

মূলানুবাদ।—এখন অন্য প্রকারে উপাসনা কথিত হইতেছে—এই অগ্নি হইতেছে বৈশ্বানর, যাহা এই পুরুষের অভ্যন্তরে [দেহমধ্যে] অবস্থিত এবং যাহা দ্বারা এই অন্ন—যাহা পুরুষ ভক্ষণ করে, সেই অন্ন পরিপাক প্রাপ্ত হইয়া থাকে। সেই বৈশ্বানর জঠরাগ্নির ইহাই ঘোষ (ধ্বনি), লোকে কর্ণদ্বয় আচ্ছাদন করিয়া যে ধ্বনি শুনিতে পায়। এই পুরুষ যে সময় আসন্নমৃত্যু হয়, তখন সেই ধ্বনি শুনিতে পায় না। (ইহা এক প্রকার অরিষ্ট বা মৃত্যুচিহ্ন)॥ ৩৪৮॥১॥

ইতি পঞ্চমাধ্যায়ে নবম ব্রাহ্মণ ব্যাখ্যা॥ ৫॥ ৮॥

শাঙ্করভাষ্যম্।—অয়মগ্নির্বৈশ্বানরঃ। পূর্ববদুপাসনান্তরম্। অয়মগ্নির্বৈশ্বানরঃ; কোঽয়মগ্নিরিত্যাহ—যোঽয়মন্তঃ পুরুষে। কিং শরীরারম্ভকঃ? নেত্যুচ্যতে—যেনাগ্নিনা বৈশ্বানরাখ্যেন ইদমন্নং পচ্যতে। কিং তদন্নম্? যদিদম্ অদ্যতে ভুজ্যতে অন্নং প্রজাভিঃ, জাঠরোঽগ্নিরিত্যর্থঃ। তস্য সাক্ষাদুপলক্ষণার্থমিদমাহ—তস্যাগ্নেরন্নং পচতো জাঠরস্য এষ ঘোষো ভবতি। কোঽসৌ? যং ঘোষম্, এতদিতি ক্রিয়াবিশেষণম্, কর্ণাবপিধায় অঙ্গুলীভ্যামপিধানং কৃত্বা শৃণোতি; তং প্রজাপতিমুপাসীত বৈশ্বানরমগ্নিম্। অত্রাপি তাদ্ভাব্যং ফলম্। তত্র

প্রাসঙ্গিকমিদমরিষ্টলক্ষণমুচ্যতে—সোঽত্র শরীরে ভোক্তা যদা উৎক্রমিষ্যন্ ভবতি, নৈনং ঘোষং শৃণোতি ॥ ৩৪৮ ॥ ১ ॥

ইতি পঞ্চমাধ্যায়স্ত নবমং ব্রাহ্মণম্ ॥ ৫ ॥ ৯ ॥

টীকা। ব্রাহ্মণান্তরমনূদ্য তস্ত তাৎপর্য্যমাহ—অয়মিতি। অন্নপানস্ত পক্তা। তৎসদ্ভাবে মানমাহ—তস্তেতি। ক্রিয়ায়াঃ শ্রবণনৌত্তমিতি বিশেষণং, তথা ভবতি তথেত্যর্থঃ। কৌক্ষেয়াগ্নুপাধিকস্ত পরস্যোপাসনে প্রস্তুতে সতীত্যাহ—তত্রেতি ॥৩৪৮॥১॥

ইতি বৃহদারণ্যকোপনিষদ্ভাষ্যটীকায়াং পঞ্চমাধ্যায়স্ত নবমং ব্রাহ্মণম্ ॥ ৫ ॥ ৯ ॥

ভাষ্যানুবাদ।—'অয়ম্ অগ্নিঃ বৈশ্বানরঃ' ইত্যাদি বাক্যও উপাসনান্তর-বিধায়ক। এই অগ্নি বৈশ্বানর; এই অগ্নিকে? তদুত্তরে বলিতেছেন, এই যে পুরুষের অভ্যন্তরে [অবস্থিত]। ভাল, ইহা কি তবে শরীরারম্ভক, (যাহা দ্বারা এই শরীর নির্ম্মিত হইয়াছে, সেই অগ্নি)? বলিতেছেন—না—তাহা নহে; পরন্তু বৈশ্বানরনামক যে অগ্নি দ্বারা এই অন্ন পরিপাক পাইয়া থাকে। কোন অন্ন? লোকে এই যাহা ভক্ষণ করে, অর্থাৎ যে অন্ন ভোজন করিয়া থাকে; (অতএব, এই বৈশ্বানর হইতেছে) জাঠরাগ্নি। তাহার সাক্ষাৎ সম্বন্ধে প্রতীতির জন্য বলা হইতেছে যে, ভুক্তান্নের পরিপাককারী সেই জাঠরাগ্নির ইহা হইতেছে—ঘোষ—ধ্বনি; কর্ণদ্বয় আবৃত করিলে—দুই অঙ্গুলী দ্বারা আচ্ছাদন করিলে, লোকে যে ধ্বনি শুনিতে পায়, তাহাই সেই ঘোষ। সেই যে বৈশ্বানরনামক প্রজাপতি অগ্নি, তাহার উপাসনা করিবে। পূর্ব্বের ন্যায় ইহারও ফল—তদ্ভাব প্রাপ্তি। এখানে প্রসঙ্গক্রমে এইরূপ একটী অরিষ্টলক্ষণ কথিত হইতেছে যে, এই শরীরস্থিত ভোগকর্ত্তা পুরুষ যে সময় উৎক্রমণ করিবে অর্থাৎ আসন্নমৃত্যু হইয়া থাকে, তখন সে ঐ শব্দ শুনিতে পায় না ॥ ৩৪৮ ॥ ১ ॥

যদা বৈ পুরুষোঽস্মাল্লোকাৎ প্রৈতি স বায়ুমাগচ্ছতি, তস্মৈ স তত্র বিজিহীতে যথা রথচক্রস্য খম্, তেন স ঊর্দ্ধ্ব আক্রমতে, স আদিত্যমাগচ্ছতি, তস্মৈ স তত্র বিজিহীতে যথা লম্বরস্য খম্, তেন স ঊর্দ্ধ্ব আক্রমতে, স চন্দ্রমসমাগচ্ছতি, তস্মৈ স তত্র বিজিহীতে যথা দুন্দুভেঃ খম্, তেন স ঊর্দ্ধ্ব আক্রমতে, স লোকমাগচ্ছত্যশোকমহিমম্, তস্মিন্ বসতি শাশ্বতীঃ সমাঃ ॥৩৪৯॥১॥

ইতি দশমং ব্রাহ্মণম্ ॥৫॥১০॥

সরলার্থঃ।—[ইদানীং সর্ব্বেষামেবোপাসনানাং গতিপ্রকারঃ ফলং উচ্যতে—'যদা বৈ' ইত্যাদিনা।] পুরুষঃ (উপাসকঃ) যদা বৈ অস্মাৎ লোকাৎ প্রৈতি (প্রয়াতি—দেহং ত্যক্ত্বা গচ্ছতি), [তদা] সঃ (প্রয়াতা পুরুষঃ) [প্রথমং] বায়ুং (বায়ুমণ্ডলং) আগচ্ছতি (প্রাপ্নোতি); সঃ বায়ুঃ তস্মৈ (উপাসকায়) তত্র (স্বশরীরে) যথা রথচক্রস্য খং (ছিদ্রং, তথা) বিজিহীতে (ছিদ্রং—গমনদ্বারং করোতি)। সঃ (পুরুষঃ) তেন (ছিদ্রেণ) ঊর্দ্ধঃ সন্ আক্রমতে (গচ্ছতি), সঃ (ঊর্দ্ধগামী পুরুষঃ) আদিত্যম্ আগচ্ছতি; সঃ (আদিত্যঃ) তস্মৈ যথা লম্বরস্য (বাদ্যযন্ত্রবিশেষস্য) খং (ছিদ্রং), [তথা] বিজিহীতে; সঃ তেন ঊর্দ্ধঃ সন্ আক্রমতে, সঃ চন্দ্রমসম্ (চন্দ্রম্) আগচ্ছতি; সঃ চন্দ্রঃ) তস্মৈ (পুরুষায়) তত্র (দেশে) যথা দুন্দুভেঃ (পটহস্য) খং (ছিদ্রং), [তথা] বিজিহীতে (ছিদ্রং করোতি); সঃ (উপাসকঃ) তেন (ছিদ্রপথেন) ঊর্দ্ধ আক্রমতে (গচ্ছতি); [ততশ্চ] সঃ (ঊর্দ্ধগামী পুরুষঃ) অশোকম্ (মানসেন দুঃখেন বর্জ্জিতম্), অহিমং (হিমরহিতং শারীরদুঃখরহিতং চ) লোকং (প্রজাপতিলোকম্) আগচ্ছতি; তস্মিন্ (প্রজাপতিলোকে) শাশ্বতীঃ সমাঃ (বৎসরান্ ব্যাপ্য) বসতি (তিষ্ঠতি) ॥৩৪৯॥১॥

মূলানুবাদ।—উপাসক পুরুষ যখন ইহলোক হইতে প্রস্থান করে—দেহ ত্যাগ করিতে উদ্যত হয়, তখন প্রথমে বায়ুমণ্ডলে উপস্থিত হয়; বায়ু তাহার জন্য স্বদেহে রথচক্রের ছিদ্রের ন্যায় একটী সূক্ষ্ম ছিদ্রপথ করিয়া দেন; উপস্থিত পুরুষ সেই ছিদ্রপথে ঊর্দ্ধে গমন করেন; তিনি যাইয়া আদিত্যমণ্ডলে উপস্থিত হন; আদিত্য তাহার জন্য স্বশরীরে লম্বরনামক বাদ্যযন্ত্রের ছিদ্রের ন্যায় একটী সূক্ষ্ম ছিদ্রপথ করিয়া দেন; সেই পুরুষ তাহার সাহায্যে পুনশ্চ ঊর্দ্ধে গমন করেন; এবং তিনি চন্দ্রমণ্ডলে যাইয়া উপস্থিত হন; চন্দ্রও সেখানে তাহার নিমিত্ত দুন্দুভি বাদ্যের ছিদ্রের ন্যায় একটী সূক্ষ্ম ছিদ্রপথ প্রস্তুত করিয়া দেন; উপাসক তাহা দ্বারা ঊর্দ্ধে গমন করেন; তিনি ক্রমে শোক ও হিমবর্জ্জিত অর্থাৎ মানসিক ও শারীরিক দুঃখরহিত লোকে—ব্রহ্মলোকে গমন করেন, এবং সেখানে বহু কল্পকাল বাস করিয়া থাকেন ॥ ৩৪৯ ॥ ১ ॥

পঞ্চমাধ্যায়ে দশম ব্রাহ্মণব্যাখ্যা ॥ ৫ ॥ ১০ ॥

শাঙ্করভাষ্যম্।—সর্ব্বেষামস্মিন্ প্রকরণে উপাসনানাং গতিরিয়ম্ ফলঞ্চোচ্যতে—যদা বৈ পুরুষঃ বিদ্বান্ অস্মাৎ লোকাৎ প্রৈতি শরীরং পরিত্যজতি, স তদা বায়ুমাগচ্ছতি, অন্তরিক্ষে তির্য্যগ্ভূতো বায়ুঃ স্তিমিতঃ অভেদ্যস্তিষ্ঠতি; স বায়ুঃ তত্র স্বাত্মনি তস্মৈ সম্প্রাপ্তায় বিজিহীতে স্বাত্মাবয়বান্ বিগময়তি, ছিদ্রীকরোত্যাত্মানমিত্যর্থঃ। কিংপরিমাণং ছিদ্রম্—ইত্যুচ্যতে, যথা রথচক্রস্য খং ছিদ্রং প্রসিদ্ধ-পরিমাণম্; তেন ছিদ্রেণ স বিদ্বান্ ঊর্দ্ধঃ আক্রমতে ঊর্দ্ধঃ সন্ গচ্ছতি; স আদিত্যমাগচ্ছতি। আদিত্যঃ ব্রহ্মলোকং জিগমিষোর্মার্গনিরোধং কৃত্বা স্থিতঃ, সোঽপ্যেবংবিদে উপাসকায় দ্বারং প্রযচ্ছতি; তস্মৈ স তত্র বিজিহীতে; যথা লম্বরস্য খং বাদিত্রবিশেষস্য ছিদ্রপরিমাণম্, তেন স ঊর্দ্ধ আক্রমতে, স চন্দ্রমসমাগচ্ছতি। সোঽপি তস্মৈ তত্র বিজিহীতে; যথা দুন্দুভেঃ খং প্রসিদ্ধম্; স তেন ঊর্দ্ধ আক্রমতে। স লোকং প্রজাপতিলোকম্ আগচ্ছতি। কিংবিশিষ্টম্? অশোকং মানসেন দুঃখেন বিবর্জ্জিতমিত্যেতৎ; অহিমং হিমবর্জ্জিতং শারীরদুঃখবর্জ্জিতমিত্যর্থঃ। তং প্রাপ্য তস্মিন্ বসতি শাশ্বতীঃ নিত্যাঃ সমাঃ সংবৎসরানিত্যর্থঃ; ব্রহ্মণো বহূন্ কল্পান্ বসতীত্যেতৎ॥ ৩৪৯॥ ১॥

পঞ্চমাধ্যায়স্য দশমং ব্রাহ্মণম্॥ ৫॥ ১০॥

টীকা। ব্রাহ্মণান্তরস্য তাৎপর্য্যমাহ—সর্ব্বেষামিতি। ফলং চাত্রত্যফলানামিতি শেষঃ। কিমিতি বিদ্বান্ বায়ুমাগচ্ছতি, তমুপেক্ষ্যৈব ব্রহ্মলোকং কুতো ন গচ্ছতীত্যাশঙ্ক্যাহ—অন্তরিক্ষ ইতি। আদিত্যং প্রত্যাগমনে হেতুমাহ—আদিত্য ইতি। উক্তেঽর্থে বাক্যং পাতয়তি—তস্মা ইতি। বহূন্ কল্পানিত্যবান্তরকল্পোক্তিঃ। ৩৪৯।১।

ইতি বৃহদারণ্যকোপনিষদ্ভাষ্যটীকায়াং পঞ্চমাধ্যায়স্য দশমং ব্রাহ্মণম্।৫।১০।

ভাষ্যানুবাদ।—এই প্রকরণে সাধারণতঃ সমস্ত উপাসনারই গতি-প্রণালী ও ফল বলা হইতেছে,—যে সময় বিদ্বান্ পুরুষ (উপাসক) বর্ত্তমান লোক হইতে প্রস্থান করেন, অর্থাৎ শরীর পরিত্যাগ করিয়া চলিয়া যান, সে সময় তিনি প্রথমে বায়ুমণ্ডলে উপস্থিত হন; নভোমণ্ডলে যে বক্রভাবাপন্ন বায়ু স্তিমিত (স্থির) ও অভেদ্যভাবে অবস্থিত আছে, সেই বায়ু সেই পুরুষের জন্য সেখানে—স্বশরীরে অবয়বগুলি বিশ্লেষণ করে অর্থাৎ দেহাবয়বগুলিকে বিশ্লিষ্ট করিয়া আপনার মধ্যেই একটী ছিদ্র উৎপাদন করে; সেই ছিদ্রটী কত বড়, তাহা বলা হইতেছে—রথচক্রের ছিদ্রের পরিমাণ যত বড় প্রসিদ্ধ, ঠিক সেই পরিমাণে বড়। সেই ছিদ্রপথে উপস্থিত বিদ্বান্ ঊর্দ্ধাভিমুখী হইয়া গমন করেন, তিনি আদিত্যমণ্ডলে উপস্থিত হন। আদিত্যও ব্রহ্মলোকে গমনেচ্ছু

সেই পুরুষের গমন-পথ অবরুদ্ধ করিয়া রহিয়াছেন; এই কারণে তিনিও এই বিদ্বান্ উপাসকের জন্য প্রবেশের দ্বার (পথ) প্রদান করেন; তিনিও সেই উপাসকের জন্য লম্বরনামক বাদ্য যন্ত্রের ছিদ্রের ন্যায় একটা সূক্ষ্ম ছিদ্র করিয়া দেন; উপাসক সেই ছিদ্রপথে ঊর্দ্ধে যাইতে থাকেন; তিনি ক্রমে চন্দ্রলোকে উপস্থিত হন। সেই চন্দ্রও আবার সেখানে তাহার জন্য দুন্দুভিনামক বাদ্য যন্ত্রের—ঢাকের ছিদ্রের ন্যায় একটা ছিদ্রপথ করিয়া দেন; তিনি সেই ছিদ্রপথে ঊর্দ্ধে গমন করেন; তিনি যাইয়া প্রজাপতিলোকে (ব্রহ্মলোকে) উপস্থিত হন। সেই প্রজাপতি-লোকের বিশেষত্ব কি? না, উহা অশোক—মানসিক দুঃখবর্জ্জিত, এবং অহিম—হিমশূন্য অর্থাৎ শারীরিক দুঃখরহিত; উপাসক সেই লোকে উপস্থিত হইয়া শাশ্বত সংবৎসরকাল বাস করেন, অর্থাৎ ব্রহ্মার বহু কল্পপর্য্যন্ত সেখানে অবস্থান করেন ॥ ৩৪৯ ॥ ১ ॥

ইতি পঞ্চমাধ্যায়ে দশম ব্রাহ্মণের ভাষ্যানুবাদ ॥ ৫ ॥ ১০ ॥

এতদ্বৈ পরমং তপো যদ্ ব্যাহিতস্তপ্যতে, পরমং হৈব লোকং জয়তি য এবং বেদ, এতদ্বৈ পরমং তপো যং প্রেতমরণ্যং হরন্তি, পরমং হৈব লোকং জয়তি য এবং বেদ, এতদ্বৈ পরমং তপো যং প্রেতমগ্নাবভ্যাদধতি, পরমং হৈব লোকং জয়তি য এবং বেদ ॥৩৫০॥১॥

ইত্যেকাদশং ব্রাহ্মণম্ ॥৫॥১১॥

সরলার্থঃ।—এতৎ বৈ পরমং (উৎকৃষ্টং) তপঃ, যৎ ব্যাহিতঃ (ব্যাধিভিঃ পীড়িতঃ সন্) তপ্যতে (তাপং অনুভবতি); এতৎ পরমং তপ ইতি চিন্তয়েদিত্যাশয়ঃ।) যঃ এবং বেদ, [সঃ] পরমম্ এব লোকং জয়তি হ। এতৎ বৈ পরমং তপঃ, যং প্রেতম্ অরণ্যং হরন্তি (অন্ত্যেষ্টিকর্ম্মণে অরণ্যং নয়ন্তি); যঃ এবং বেদ, [সঃ] পরমম্ এব লোকং জয়তি হ। তথা এতৎ বৈ পরমং তপঃ, যং প্রেতম্ অগ্নৌ অভ্যাদধতি (আরোপয়ন্তি); যঃ এবং বেদ, [সঃ] পরমম্ এব লোকং জয়তি হ ॥ ৩৫০ ॥ ১ ॥

মূলানুবাদ।—ইহাই একটা পরম তপস্যা যে, লোকে ব্যাধিগ্রস্ত হইয়া সন্তাপ ভোগ করে। যিনি এইরূপ জানেন, তিনি উৎকৃষ্ট লোকই জয় করেন (প্রাপ্ত হন)। ইহাই একটা পরম

তপস্যা যে, লোকে অন্ত্যেষ্টিক্রিয়ার জন্য প্রেতকে (মৃতব্যক্তিকে) অরণ্যে লইয়া যায়। যিনি ইহা জানেন, তিনি নিশ্চয়ই উৎকৃষ্ট লোক লাভ করেন। ইহাই আর একটী পরম তপস্যা যে, লোকে প্রেতব্যক্তিকে অগ্নিতে স্থাপন করে; যিনি ইহা জানেন, তিনি অবশ্যই পরম লোক লাভ করেন ॥ ৩৫০ ॥ ১ ॥

শাঙ্করভাষ্যম্।—এতদ্বৈ পরমং তপঃ। কিং তৎ? যদ্ ব্যাহিতঃ ব্যাধিতঃ জ্বরাদিপরিগৃহীতঃ সন্ যৎ তপ্যতে, তদেতৎ পরমং তপইত্যেবং চিন্তয়েৎ, দুঃখসামান্যাৎ। তস্যৈবং চিন্তয়তো বিদুষঃ কর্মক্ষয়হেতুঃ তদেব তপো ভবতি অনিন্দতঃ অবিষীদতঃ। স এব চ তেন বিজ্ঞান-তপসা দগ্ধকিল্বিষঃ পরমং হৈব লোকং জয়তি, য এবং বেদ। তথা মুমূর্ষুঃ আদাবেব কল্পয়তি; কিম্? এতদ্বৈ পরমং তপঃ, যং প্রেতং মাং গ্রামাদরণ্যং হরন্তি ঋত্বিজঃ অন্ত্যকর্মণে; তদ্‌গ্রামাদরণ্যগমনসামান্যাৎ পরমং মম তৎ তপো ভবিষ্যতি; গ্রামাদরণ্যগমনং পরমং তপ ইতি হি প্রসিদ্ধম্। পরমং হৈব লোকং জয়তি, য এবং বেদ। তথা এতদ্বৈ পরমং তপঃ, যং প্রেতম্ অগ্নাবভ্যাদধতি, অগ্নিপ্রবেশসামান্যাৎ। পরমং হৈব লোকং জয়তি, য এবং বেদ ॥ ৩৫০ ॥ ১ ॥

ইতি পঞ্চমাধ্যায়স্যৈকাদশ-ব্রাহ্মণভাষ্যম্ ॥ ৫ ॥ ১১ ॥

টীকা। ব্রহ্মোপাসনপ্রসঙ্গেন ফলবদ্‌ব্রহ্মোপাসনমুপন্যস্যতি—এতদিতি। ব্যাহিত ইতি পদং ব্যাচষ্টে—জ্বরাদীতি। কর্মক্ষয়হেতুরিত্যত্র কর্মশব্দেন পাপমুচ্যতে। পরমং হৈব লোকমিত্যত্র তপসোঽনুকূলং ফলং লোকশব্দার্থঃ। অস্তু গ্রামাদরণ্যগমনং, তথাপি কথং তপস্ত্বমিত্যাশঙ্ক্য—গ্রামাদীতি ॥ ৩৫০ ॥ ১ ॥

ইতি বৃহদারণ্যকোপনিষদ্ভাষ্যটীকায়াং পঞ্চমাধ্যায়স্যৈকাদশং ব্রাহ্মণম্ ॥ ৫ ॥ ১১ ॥

ভাষ্যানুবাদ।—ইহাই উৎকৃষ্ট তপস্যা। সেই তপস্যাটা কি? না, ব্যাহিত—ব্যাধিত অর্থাৎ লোক যে জ্বরাদিরোগগ্রস্ত হইয়া তাপ ভোগ করে; সেই এই সন্তাপকে তপস্যা বলিয়া চিন্তা করিবে; কারণ, রোগযাতনা ও তপস্যা, উভয়েতেই দুঃখ বা ক্লেশভোগ সমান। এইরূপ চিন্তাশীল বিদ্বান্ পুরুষ যদি রোগ-ভোগের নিন্দা না করে এবং বিষণ্ণ না হয়, তাহা হইলে, ঐরূপ সন্তাপই তাঁহার কর্মক্ষয়ের নিদানভূত তপস্যাস্বরূপ হইয়া থাকে। সেই ব্যক্তিই ঐরূপ জ্ঞানময় তপস্যা প্রভাবে পাপরাশি দগ্ধ করিয়া উত্তম লোক (স্বর্গাদি স্থান) জয় করেন অর্থাৎ নিজে প্রাপ্ত হন। সেইরূপ, মুমূর্ষু পুরুষ প্রথমেই মনোমধ্যে কল্পনা করিয়া থাকেন; কিরূপ? না, ইহাই পরম তপস্যা হইবে যে, ঋত্বিক্‌গণ আমাকে

মৃতাবস্থায় অন্ত্যেষ্টিক্রিয়ার (দাহের) জন্য গ্রাম হইতে অরণ্যে লইয়া যাইবে 'সেই যে, আমার গ্রাম হইতে অরণ্যে গমন, তাহাই আমার পরম তপস্যা হইবে কেন না, উভয়স্থলেই অরণ্যে গমন তুল্য। গ্রাম হইতে যে, অরণ্যে গমন অর্থা বানপ্রস্থ অবলম্বন, তাহা পরম তপস্যা বলিয়া জগতে প্রসিদ্ধ। যিনি এইরূ জানেন, তিনি পরম লোকই লাভ করেন। সেইরূপ ইহাও আর একটী পর তপস্যা ; [তাহা কি ?] প্রেত ব্যক্তিকে যে, অগ্নিতে স্থাপন করিয়া থাকে, ইহা একটী পরম তপস্যা ; কারণ, উভয়েতেই অগ্নিপ্রবেশের সাম্য রহিয়াছে। যি এই প্রকার জানেন, তিনি নিশ্চয়ই পরম লোক লাভ করিয়া থাকেন ॥৩৫০॥১॥

অন্নং ব্রহ্মেত্যেক আহুস্তন্ন তথা, পূয়তি বা অন্নমৃতে প্রাণাৎ প্রাণো ব্রহ্মেত্যেক আহুস্তন্ন তথা, শুষ্যতি বৈ প্রাণ ঋতেঽন্নাৎ এতে হ ত্বেব দেবতে একধাভূয়ং ভূত্বা পরমতাং গচ্ছতঃ, ত স্মাহ প্রাতৃদঃ পিতরং কিংস্বিদেবৈবং বিদুষে সাধু কুর্য্যা কিমেবাস্মা অসাধু কুর্য্যামিতি। স হ স্মাহ পাণিনা, মা প্রাতৃ কস্ত্বেনয়োরেকধাভূয়ং ভূত্বা পরমতাং গচ্ছতীতি, তস্মা হৈতদুবাচ বীতি, অন্নং বৈ বি, অন্নে হীমানি সর্ব্বাণি ভূতা বিষ্টানি ; রমিতি, প্রাণো বৈ রম্, প্রাণে হীমানি সর্ব্বাণি ভূতা রমন্তে। সর্ব্বাণি হ বা অস্মিন্ ভূতানি বিশন্তি, সর্ব্বাণি ভূতা রমন্তে য এবং বেদ ॥৩৫১॥১॥

ইতি দ্বাদশং ব্রাহ্মণম্ ॥৫॥১২॥

সরলার্থঃ।—[পুনশ্চ উপাসনান্তরমাহ—অন্নমিত্যাদি।] একে আহুঃ অন্নং ব্রহ্মেতি ; [অন্নমত্র ভক্ষ্যমাত্রমুচ্যতে] ; তৎ তথা ন (অন্নং ব্রহ্মেতি আহুঃ, তৎ ন সঙ্গতমিত্যর্থঃ) ; বৈ (যতঃ), প্রাণাৎ ঋতে (প্রাণং বিনা) অ (ভক্ষ্যং, অন্নপরিণামঃ দেহো বা) পূয়তি (পূতিভাবং প্রাপ্নোতি)। [অত প্রাণঃ ব্রহ্ম-ইতি একে আহুঃ, তৎ তথা ন (প্রাণঃ ব্রহ্ম ইত্যেবমপি ন গ্রহণীয়ম্) ; বৈ (যতঃ) অন্নাদ্ ঋতে (অন্নং বিনা) প্রাণঃ শুষ্যতি (দে নির্গচ্ছতীতিভাবঃ) ; এতে এব (নিশ্চয়ে) তু (পুনঃ) দেবতে (অন্ন-প্রাণরূপে একধাভূয়ং ভূত্বা (একার্থপরে ভূত্বা) পরমতাং (শ্রেষ্ঠতাং) গচ্ছতঃ।

প্রাতৃদঃ (তন্নামকঃ কশ্চিৎ) তৎ (যথোক্তং তত্বং) পিতরম্ আহ স্ম—

বিদুষে (প্রাণান্নয়োঃ সম্ভূয়কারিত্বং জানতে) কিং স্বিৎ (বিতর্কে) সাধু (হিতং কর্ম্ম) কুর্য্যাম্, কিম্ অস্মৈ (বিদুষে) অসাধু এব কুর্য্যাম্ ? (কৃতকৃত্যতয়া তস্ত সাধ্বসাধু-কর্ম্মাপেক্ষা নাস্তীতি ভাবঃ)। ইতি। সঃ (পিতা) স্ম পাণিনা [বারয়ন্] আহ স্ম [পুত্রম্],—হে প্রাতৃদ, মা [এবং ন ব্রূহি] ; কঃ তু (পুনঃ) এনয়োঃ (অন্ন-প্রাণয়োঃ) একধাভূয়ং ভূত্বা (তদ্বিদিত্বা) পরমতাং (ব্রহ্মভাবং) গচ্ছতি ? (ন কোঽপীতিভাবঃ) ইতি। তস্মৈ (প্রাতৃদায়) এতৎ (বক্ষ্যমাণং বচনং) উবাচ হ—বি-ইতি ; অন্নং বৈ বি ; হি (যস্মাৎ) ইমানি সর্ব্বাণি ভূতানি (চরাচরাত্মকানি) অন্নে বিষ্টানি (প্রবিষ্টানি—আশ্রিতানীত্যর্থঃ) ; [অতঃ অন্নং বীতি বিজানীয়াৎ] ; তথা রম্-ইতি [উবাচ]। প্রাণঃ বৈ রম্ ; হি (যতঃ) ইমানি সর্ব্বাণি ভূতানি প্রাণে রমন্তে (প্রাণমাশ্রিত্য রমন্তে, অন্যথা বিষীদন্তীতি ভাবঃ)। যঃ এবং (যথোক্তগুণং প্রাণান্নভাবং) বেদ, সর্ব্বাণি ভূতানি বৈ অস্মিন্ (বিদুষি) বিশন্তি, তথা সর্ব্বাণি ভূতানি রমন্তে চ [ইতি বিজ্ঞানফল-মেতৎ] ॥ ৩৫১ ॥ ১ ॥

মূলানুবাদ ঃ—কেহ কেহ বলেন—অন্ন—ভক্ষ্যবস্তুই ব্রহ্ম ; অপর আচার্য্যগণ বলেন—না, এরূপ হইতে পারে না—অন্নকে ব্রহ্ম-বুদ্ধিতে গ্রহণ করা উচিত নহে ; কারণ, প্রাণ ব্যতিরেকে অন্নমাত্রই পূতিভাব প্রাপ্ত হয় (পচিয়া যায়) ; অতএব প্রাণই ব্রহ্ম। বস্তুতঃ এ কথাও এইরূপে গ্রহণ করা উচিত হয় না ; কারণ, অন্নের অভাবে প্রাণও শুষ্ক হইয়া যায়, অর্থাৎ প্রাণও বহির্গত হইয়া যায় ; পরন্তু এই উভয় দেবতাই (অন্ন ও প্রাণই) একত্রিত হইয়া পরমত্ব—ব্রহ্মভাব লাভ করিয়া থাকে।

প্রাতৃদনামক ঋষি তাহার পিতাকে এই কথা জিজ্ঞাসা করিয়া-ছিলেন যে, যে ব্যক্তি এই প্রকারে অন্ন ও প্রাণের সহবৃত্তিতা-মূলক ব্রহ্মভাব অবগত হন ; [তিনি নিশ্চয়ই কৃতার্থ হন] ; অতএব তাহার উদ্দেশ্যে কেনই বা অসাধু কর্ম্ম করিব, অথবা তাহার উদ্দেশ্যে কিসের জন্যই বা সাধু কর্ম্ম করিব ? একথা শুনিয়া তাহার পিতা হস্ত দ্বারা বারণপূর্ব্বক পুত্রকে বলিয়াছিলেন—না—এরূপ বলিও না ; এই প্রাণ ও অন্নের যথোক্তপ্রকার একধাভাব প্রাপ্ত হইয়া

কোন ব্যক্তি পরমত্ব লাভ করিয়াছে ? অর্থাৎ কেহই নহে। অনন্তর তিনি 'বি' শব্দ উচ্চারণ করিয়া প্রাতৃদকে বলিলেন—অন্ন হইতেছে বি ; কেননা, চরাচর এই সমস্ত জগৎই এই অন্নে প্রতিষ্ঠিত, অর্থাৎ অন্নের অধীন ; তাহার পর তিনি 'রম্' শব্দ উচ্চারণ করিয়া উপদেশ করিলেন যে, প্রাণ হইতেছে—'রম্' ; কারণ, চরাচরাত্মক এই জগৎই এই প্রাণে রমণ করে, অর্থাৎ প্রাণের অধীন থাকিয়া তৃপ্তি ভোগ করে ; [প্রাণহীনের রতি হয় না,—মৃত্যু হয়]। যে ব্যক্তি এই প্রকার জানে, সমস্ত জগৎই তাহাতে প্রবেশ করে, এবং তাহার আশ্রয়ে থাকিয়া রমণ করে ॥ ৩৫১ ॥ ১ ॥

ইতি পঞ্চমাধ্যায়ে দ্বাদশ ব্রাহ্মণব্যাখ্যা ॥ ৫ ॥ ১২ ॥

শাঙ্করভাষ্যম্ ।—অন্নং ব্রহ্মেতি। তদেতদুপাসনান্তরং বিধিৎসন্নাহ—অন্নং ব্রহ্ম। অন্নম্—অদ্যতে যৎ, তৎ ব্রহ্মেতি একে আচার্য্যা আহুঃ ; তৎ ন তথা গ্রহীতব্যম্—অন্নং ব্রহ্মেতি। অন্যে চাহুঃ, প্রাণো ব্রহ্মেতি। তচ্চ তথা ন গ্রহীতব্যম্। কিমর্থং পুনরন্নং ব্রহ্মেতি ন গ্রাহ্যম্ ? যস্মাৎ পূয়তি ক্লিদ্যতে পূতিভাবমাপদ্যতে ঋতে প্রাণাৎ, তৎ কথং ব্রহ্ম ভবিতুমর্হতি ? ব্রহ্ম হি নাম তৎ, যদবিনাশি। অস্তু তর্হি প্রাণো ব্রহ্ম ; নৈবম্, যস্মাৎ শুষ্যতি বৈ প্রাণঃ শোষমুপৈতি ঋতে অন্নাৎ ; অত্তা হি প্রাণঃ ; অতোঽন্নেনাদ্যেন বিনা ন শক্নোত্যাত্মানং ধারয়িতুম্ ; তস্মাৎ শুষ্যতি বৈ প্রাণঃ ঋতেঽন্নাৎ ; অত একৈকস্য ব্রহ্মতা নোপপদ্যতে যস্মাৎ, তস্মাদেতে হ তু এব অন্নপ্রাণদেবতে একধাভূয়ম্ একধাভাবং ভূত্বা গত্বা পরমতাং পরমত্বং গচ্ছতঃ ব্রহ্মত্বং প্রাপ্নুতঃ। ১

তদেতদ্ এবমধ্যবস্য হ আহ স্ম—প্রাতৃদো নাম পিতরমাত্মনঃ। কিংস্বিদিতি বিতর্কে। যথা ময়া ব্রহ্ম পরিকল্পিতম্, এবং বিদুষে কিংস্বিৎ সাধু কুর্য্যাৎ—সাধু শোভনং পূজাম্ কাং অস্মৈ পূজাং কুর্য্যামিত্যভিপ্রায়ঃ। কিমেব বাস্মৈ বিদুষে অসাধু কুর্য্যাম্ ? কৃতকৃত্যোঽসাবিত্যভিপ্রায়ঃ। অন্নপ্রাণৌ সহভূতৌ ব্রহ্মেতি বিদ্বান্ নাসৌ অসাধুকরণেন খণ্ডিতো ভবতি, নাপি সাধুকরণেন মহীকৃতঃ। তমেবংবাদিনং স পিতা হ স্ম আহ—পাণিনা হস্তেন নিবারয়ন্, মা প্রাতৃদ মৈবং বোচঃ। কস্ত—এনয়োঃ অন্ন-প্রাণয়োরেকধাভূয়ং ভূত্বা পরমতাং কস্ত গচ্ছতি ?—ন কশ্চিদপি বিদ্বান্ অনেন ব্রহ্মদর্শনেন পরমতাং গচ্ছতি। তস্মান্নৈবং বক্তুমর্হসি—কৃতকৃত্যোঽসাবিতি। যদ্যেবম্, ব্রবীতু ভবান্, কথং পরমতাং গচ্ছতীতি ? ২

তস্মৈ উ হ এতদ্বক্ষ্যমাণং বচ উবাচ। কিং তৎ? বীতি। কিং তৎ বি-ইতি? উচ্যতে, অন্নং বৈ বি; অন্নে হি যস্মাৎ ইমানি সর্ব্বাণি ভূতানি বিষ্টানি; আশ্রিতানি; অতঃ অন্নং বীত্যুচ্যতে। কিঞ্চ, রমিতি, রম্ ইতি চোক্তবান্ পিতা। কিং পুনস্তৎ রম্? প্রাণো বৈ রম্; কুতঃ? ইত্যাহ—প্রাণে হি যস্মাদ্ বলাশ্রয়ে সতি সর্ব্বাণি ভূতানি রমন্তে; অতো রং প্রাণঃ। সর্ব্বভূতাশ্রয়গুণমন্নম্, সর্ব্বভূতরতিগুণশ্চ প্রাণঃ; ন হি কশ্চিদনায়তনো নিরাশ্রয়ো রমতে, নাপি সত্যপ্যায়তনে প্রাণী দুর্ব্বলো রমতে; যদা তু আয়তনবান্ প্রাণী বলবাংশ্চ, তদা কৃতার্থমাত্মানং মন্যমানো রমতে লোকঃ; "যুবা স্যাৎ সাধু যুবাধ্যায়কঃ" ইত্যাদিশ্রুতেঃ। ইদানীমেবংবিদঃ ফলমাহ—সর্ব্বাণি হ বা অস্মিন্ ভূতানি বিশন্তি অন্নগুণজ্ঞানাৎ, সর্ব্বাণি ভূতানি রমন্তে প্রাণগুণজ্ঞানাৎ, য এবং বেদ॥ ৩৫১॥ ১॥

ইতি পঞ্চমাধ্যায়ে দ্বাদশং ব্রাহ্মণম্॥ ৫॥ ১২॥

টীকা। ব্রাহ্মণান্তরং পূর্ববৎ তাৎপর্য্যমাহ—অন্নমিতি। যথা পূর্বস্মিন্ ব্রাহ্মণে ফলবদ্ব্রহ্মোপাসনমুক্তং, তথেদমিত্যাহ—তদেতি। এতদিতি ব্রহ্মবিদ্যোক্তিঃ। উপাস্যং ব্রহ্ম নির্দ্ধারয়িতুং বিচারয়তি—অন্নমিত্যাদিনা। অন্নস্য বিনাশিত্বেঽপি ব্রহ্মত্বং কিং ন স্যাদত আহ—ব্রহ্ম হীতি। কথমন্নং বিনা প্রাণস্য শোষপ্রাপ্তিস্তত্রাহ—পূয়তীতি। প্রত্যেকং নাশিত্বমস্পষ্টার্থঃ। ১

কিংস্বিদিত্যাদিবাক্যস্যার্থং বিবৃণোতি—অন্ন প্রাণাবিতি। কস্মিতি প্রতীকমাদায় ব্যাকরোতি—এনয়োরিতি। সন্দেহবুদ্ধীত্যাং পরমতঃ যদি নাস্তীত্যর্থঃ। উক্তমসংকীর্ণ-গুণমন্নং সংক্ষিপ্যাহ—সর্ব ভূতানীতি। অন্নগুণং বিনা প্রাণগুণাদেতজ্জ্ঞানং মিথ্যাত্বাশঙ্ক্যাহ—ন হীতি। প্রাণগুণস্যাপ্যন্নগুণবৎ সম্ভবাদ্ধেতুং প্রাণস্যেত্যাশঙ্ক্যাহ—নাপীতি। যাবত্তস্য পরস্পরাপেক্ষামনুক্ত-বাহুল্যাবেণ ক্ষোরয়তি—যদা ত্বিতি। আয়তনবতো বলবতশ্চ কৃতার্থত্বে তত্র তৈত্তিরীয়শ্রুতিং সংবাদয়তি—যুবা স্যাদিতি। আশিষ্ঠো দ্রঢিষ্ঠো বলিষ্ঠস্তস্যেয়ং পৃথিবী সর্বা বিত্তস্য পূর্ণা স্যাদিত্যেতদ্ আদিশব্দেন গৃহ্যতে। ৩৫১। ১।

ইতি বৃহদারণ্যকোপনিষদ্ভাষ্যটীকায়াং পঞ্চমাধ্যায়স্য দ্বাদশং ব্রাহ্মণম্। ৫।১২।

ভাষ্যানুবাদ।—"অন্নং ব্রহ্মেতি"। পূর্ব্বের ন্যায় এইরূপ আর একটী উপাসনা বিধানার্থ বলিতেছেন—কোন কোন আচার্য্য বলেন যে, অন্নই ব্রহ্ম; যাহা কিছু ভোজন করা যায়, তাহাই অন্ন, এবং তাহা ব্রহ্মস্বরূপ। অন্য আচার্য্যগণ বলেন—ইহা সত্য নহে—অন্নকে ব্রহ্মস্বরূপে গ্রহণ করা উচিত হয় না; প্রাণ হইতেছে ব্রহ্মস্বরূপ; এই জন্যই অন্নকে ব্রহ্মস্বরূপে গ্রহণ করিতে নাই। ভাল, কি কারণে অন্নকে ব্রহ্মস্বরূপে গ্রহণ করিতে নাই? যেহেতু প্রাণের অভাবে অন্ন পূতিভাব প্রাপ্ত হয়—পচিয়া যায়, সেই হেতু উহা কিরূপে ব্রহ্মস্বরূপ হইতে পারে? কারণ, সেই বস্তুই ব্রহ্ম, যাহার কখনও বিনাশ হয় না। তবে প্রাণই

ব্রহ্ম হউক ? না, তাহাও হইতে পারে না ; কারণ, অন্নের অভাবে প্রাণও শোষপ্রাপ্ত হয়—শুষ্ক হইয়া যায় ; কেননা, প্রাণই ভোজনের কর্ত্তা—ভোক্তা ; (১) এই জন্য ভক্ষ্য অন্নের অভাবে প্রাণ কখনই আপনাকে রক্ষা করিতে পারে না ; সেই কারণেই অন্নের অভাবে প্রাণ শুষ্ক হইয়া পড়ে। অতএব, যেহেতু এক একটীর (কেবল অন্নের, কিংবা কেবল প্রাণের) ব্রহ্মভাব কখনই উপপন্ন হয় না, সেই হেতুই এই অন্ন ও প্রাণরূপী দেবতাদ্বয় একধা হইয়া—একত্রিত হইয়া পরমতা—পরমত্ব অর্থাৎ ব্রহ্মভাব লাভ করিয়া থাকে। ১

প্রাতৃদনামক ঋষি এইরূপ নিশ্চয় করিয়া নিজের পিতাকে বলিয়াছিলেন,—'কিং স্বিৎ' কথাটী বিতর্ক-জ্ঞাপক ; অর্থাৎ আমি যেরূপ ব্রহ্ম কল্পনা করিলাম, এই প্রকার ব্রহ্মকে যিনি অবগত হন, তাঁহার উদ্দেশ্যে আমি আর কি শোভন কর্ম্ম—পূজা করিব ? অর্থাৎ তাঁহার আবার পূজা কি ? এবং তাঁহার উদ্দেশ্যে অসাধু কর্ম্মই বা কি করিব ? অর্থাৎ সেরূপ বিদ্বান্ পুরুষ ত কৃতকৃত্য হইয়া গিয়াছেন ; সুতরাং তাঁহার উদ্দেশ্যে ভাল মন্দ কোন অনুষ্ঠানেরই প্রয়োজন হয় না। কেননা, যিনি সহভূত (সহযোগে স্থিতিশীল) অন্ন ও প্রাণকে ব্রহ্ম বলিয়া জানিয়াছেন, সেই বিদ্বান্ ত কোন অসাধু কার্য্য দ্বারাও হীনতা প্রাপ্ত হন না, আর উত্তম কর্ম্ম দ্বারাও অভিনন্দিত হন না ; [সুতরাং তাঁহার সম্বন্ধে সাধু বা অসাধু কর্ম্মের কোনটি প্রয়োজনীয়তা নাই]। পুত্র এইরূপ অভিপ্রায় ব্যক্ত করিলে পর, পিতা তাঁহাকে হস্তদ্বারা নিবারণপূর্ব্বক বলিলেন, হে প্রাতৃদ, তুমি এরূপ কথা বলিও না। এই অন্ন ও প্রাণের উক্তপ্রকার একধাভাব অবগত হইয়া কোন লোক পরমতা প্রাপ্ত হয় ? এরূপ ব্রহ্মদর্শনের ফলে কোন বিদ্বান্‌ই পরমত্ব বা ব্রহ্মভাব লাভ

(১) তাৎপর্য্য—প্রশ্নোপনিষদে প্রাণকে স্পষ্টাক্ষরে 'অত্তা' (ভোক্তা) বলিয়া নির্দ্দেশ করা হইয়াছে। যথা—"ব্রাত্যস্ত্বং প্রাণৈকঋষিরত্তা বিশ্বস্য সৎপতিঃ। বয়মাদ্যস্য দাতারঃ পিতা ত্বং মাতরিশ্ব নঃ॥" (২।১১)। ইহার অর্থ এই যে, হে প্রাণ, তুমি ব্রাত্য ; কেননা, তুমি সকলের প্রথমে উৎপন্ন এবং তোমাদ্বারাই অপরের সংস্কার সম্পন্ন হইয়া থাকে, কিন্তু তোমার সংস্কার-সাধক কেহ নাই। তুমিই একর্ষি নামে প্রসিদ্ধ অগ্নিস্বরূপ ; তুমিই সমস্ত ভোগ্য বস্তুর অদনকর্ত্তা—ভোক্তা এবং জগতের সৎপতি ; আমরা তোমার উদ্দেশ্যেই অন্নদান করিয়া থাকি। হে বায়ুরূপী প্রাণ, তুমিই আমাদের পিতা। অন্যত্র আরও স্পষ্ট করিয়া বলিয়াছেন, "ক্ষুৎপিপাসে প্রাণধর্ম্মৌ স্বপ্ননিদ্রে তু মানসে", অর্থাৎ ক্ষুধা ও পিপাসা এই দুইটি প্রাণের ধর্ম্ম, আর স্বপ্ন ও নিদ্রা হইতেছে মনের ধর্ম্ম।

করিতে পারে না; অতএব, ঐরূপ বিদ্বান্ যে, কৃতকৃত্য, একথা কখনই বলিতে পার না। ভাল, ইহা যদি এইরূপই হয়, তবে আপনিই বলুন, কি প্রকারে লোক পরমতা লাভ করিতে সমর্থ হয়। ২

পিতা তদুত্তরে এই কথা বলিয়াছিলেন। সেই কথাটা কি? [সেই কথাটা হইতেছে—] 'বি'। এই 'বি' পদের অর্থ যে কি, তাহা বলা হইতেছে—অন্নই 'বি'; কেননা, চরাচরাত্মক সমস্ত ভূতই এই অন্নে বিষ্ট—আশ্রিত রহিয়াছে; এই জন্য অন্নকে 'বি' বলা হইতেছে। ইহার পর পিতা আবার বলিলেন, 'রম্' ইতি; সেই 'রম্' অর্থ কি?—প্রাণই 'রম্'; কেন? তাহা বলিতেছেন—যেহেতু বলের আশ্রয়ভূত প্রাণে সমস্ত ভূতবর্গ রমণ করে; এই জন্য প্রাণ হইতেছে 'রম্'। যেহেতু অন্ন সমস্ত ভূতের আশ্রয়ভূত এবং প্রাণ সর্ব্বভূতের রতি বা আনন্দদায়কগুণযুক্ত; [সেই হেতুই প্রাণ 'রম্';] কেননা, কেহই দেহবিযুক্ত নিরাশ্রয়ভাবে রতি অনুভব করিতে সমর্থ হয় না; অথবা আশ্রয়ভূত দেহসত্ত্বেও প্রাণ না থাকিলে দুর্ব্বল অবস্থায় রতি অনুভব করিতে পারে না। লোক যখনই দেহ ও প্রাণের সংযোগে সবল হয়, তখনই আপনাকে কৃতার্থ মনে করিয়া আনন্দ অনুভব করিতে থাকে; কারণ, শ্রুতিও বলিয়াছেন—'সৎস্বভাবাপন্ন প্রথমবয়স্ক যুবা হইবে এবং বেদাধ্যায়ী হইবে' ইত্যাদি। অতঃপর, যথোক্ত বিজ্ঞানের ফল বলা হইতেছে—যিনি এইরূপ জানেন, অন্নগুণ-জ্ঞানের দরুণ সমস্ত ভূত তাহাতে প্রবেশ করে, এবং প্রাণ-বিজ্ঞানের দরুণ সমস্ত ভূত ইহাতে রমণ করে॥ ৩৫১॥১॥

ইতি পঞ্চমাধ্যায়ে দ্বাদশ ব্রাহ্মণের ভাষ্যানুবাদ॥ ৫॥ ১২॥

উক্থম্, প্রাণো বা উক্থম্, প্রাণো হীদꣳসর্ব্বমুত্থাপয়ত্যুদ্ধাস্মাদুক্থবিদ্ বীরস্তিষ্ঠত্যুক্থস্য সাযুজ্যꣳ সলোকতাং জয়তি য এবং বেদ॥ ৩৫২॥ ১॥

সরলার্থঃ।—[ইদানীমপরম্ 'উক্থোপাসনম্' উচ্যতে—'উক্থম্' ইতি]। প্রাণঃ বৈ উক্থম্; হি (যস্মাৎ) প্রাণঃ ইদং সর্ব্বং (জগৎ) উত্থাপয়তি, [জগদুত্থাপনাৎ প্রাণস্য উক্থত্বমিতি ভাবঃ]। যঃ এবং বেদ; অস্মাৎ (এবংবিধজ্ঞানসম্পন্নাৎ) হ (নিশ্চয়ে) উক্থবিদ্ বীরঃ [চ পুত্রঃ] তিষ্ঠতি (উৎপদ্যতে); [স্বয়ং চ] উক্থস্য সাযুজ্যং সলোকতাং (সমানলোকবর্ত্তিত্বং) জয়তি (অধিকরোতি)॥ ৩৫২॥ ১॥

মূলানুবাদ।—অতঃপর উক্থ-রূপে আর একটী উপাসনা

কথিত হইতেছে—প্রাণ হইতেছে উক্থ; কারণ, প্রাণই এই সমস্ত জগৎ উত্থাপিত করে। যে লোক এই প্রকার জ্ঞান লাভ করে, সেই লোকের উক্থবিদ্ বীর পুত্র উৎপন্ন হয়; এবং সে নিজেও উক্থের সাযুজ্য ও সালোক্য লাভ করে॥ ৩৫২॥ ১॥

শাঙ্করভাষ্যম্।—উক্থম্—তথা উপাসনান্তরম্; উক্থং শস্ত্রম্; তদ্ধি প্রধানং মহাব্রতে ক্রতৌ। কিং পুনস্তদুক্থম্? প্রাণো বৈ উক্থম্; প্রাণশ্চ প্রধান ইন্দ্রিয়াণাম্, উক্থঞ্চ শস্ত্রাণাম্; অত উক্থমিত্যুপাসীত। কথং প্রাণ উক্থম্? ইত্যাহ—প্রাণঃ হি যস্মাৎ ইদং সর্ব্বম্ উত্থাপয়তি; উত্থাপনাদুক্থং প্রাণঃ; ন হি অপ্রাণঃ কশ্চিদুত্তিষ্ঠতি। তদুপাসনফলমাহ—উৎ হ অস্মাৎ এবংবিদঃ উক্থবিৎ প্রাণবিদ্ বীরঃ পুত্র উত্তিষ্ঠতি হ। দৃষ্টমেতৎ ফলম্; অদৃষ্টম্ উক্থস্য সাযুজ্যং সলোকতাং জয়তি, য এবং বেদ॥ ৩৫২॥ ১॥

টীকা। অত্রপ্রাণয়োঃগুণদ্বয়বিশিষ্টয়োর্মিলিতয়োরুপাসনমুক্তম্, ইদানীং প্রাণস্যাঙ্গরূপাদাঃ তৎপরমাহ—উক্থমিতি। নন্বত্র শাস্ত্রান্তরেষু কিমিত্যুক্থমুপাস্যত্বেনোপন্যস্যতে? তত্রাহ—তদ্ধীতি। কস্মিন্ ক্রিয়ায়োপা কর্ম্মোপাস্ত্যমিতি প্রশ্নদ্বারা বিবৃণোতি—কিং পুনরিতি। তস্মিন্নুক্থদৃষ্টৌ হেতুমাহ—প্রাণশ্চেতি। তস্মিন্নুক্থশব্দস্য সমবেতার্থঃ প্রশ্নপূর্ব্বকমাহ—কথমিত্যাদিনা। উত্থানস্য স্বতোঽপি সম্ভবাৎ প্রাণকৃতত্বমিত্যাশঙ্ক্যাহ—ন হীতি। উক্তস্য প্রাণস্যৈ তদ্বিজ্ঞানতারতম্যাপেক্ষা সাযুজ্যং সালোক্যং চ ব্যাখ্যেয়ম্॥ ৩৫২॥ ১॥

ভাষ্যানুবাদ।—'উক্থ'—পূর্ব্বের ন্যায় ইহাও একটা উপাসনা। উক্থ অর্থ সামবেদোক্ত শস্ত্রবিশেষ অর্থাৎ একপ্রকার গাথা বা স্তোত্র; মহাব্রতনামক ক্রতুতে এই উক্থই প্রধান অঙ্গ। এখানে সেই উক্থ কি? প্রাণই উক্থ; কেননা, প্রাণই ইন্দ্রিয়বর্গের মধ্যে প্রধান; আর উক্থও সমস্ত 'শস্ত্রের' মধ্যে প্রধান; অতএব প্রাণকে উক্থ বলিয়া উপাসনা করিবে। প্রাণ যে, কি কারণে উক্থ, তাহা বলা হইতেছে,—যেহেতু প্রাণই সমস্ত বস্তুকে উত্থাপিত করে, সেই হেতু—উত্থাপন করে বলিয়াই প্রাণ উক্থ-পদবাচ্য; কেননা, প্রাণহীন কেহই উত্থিত হয় না। এই উপাসনার ফল বলিতেছেন—যিনি এইরূপ জানেন, সেই বিদ্বান্ পুরুষ হইতে উক্থবিদ্ অর্থাৎ প্রাণবিদ্ ও বীর পুত্র উত্থিত হয় (জন্ম লাভ করে); ইহা হইতেছে উপাসনার দৃষ্ট ফল অর্থাৎ উক্থ-বিদ্যার ঐহিক ফল; কিন্তু অদৃষ্ট বা পারলৌকিক ফল হইতেছে—তিনি উক্থের সালোক্য ও সাযুজ্য লাভ করেন॥ ৩৫২॥ ১॥

যজুঃ, প্রাণো বৈ যজুঃ, প্রাণে হীমানি সর্ব্বাণি ভূতানি

যুজ্যন্তে, যুজ্যন্তে হাস্মৈ সর্ব্বাণি ভূতানি শ্রৈষ্ঠ্যায়, যজুষঃ সাযুজ্যং সলোকতাং জয়তি, য এবং বেদ ॥ ৩৫৩ ॥ ২ ॥

সরলার্থঃ।—[অতঃপরং যজুঃস্বরূপেণ উপাসনান্তরমুচ্যতে—"যজুঃ" ইত্যাদিনা]। প্রাণঃ বৈ (এব) যজুঃ; হি (যস্মাৎ) ইমানি সর্ব্বাণি ভূতানি (প্রাণিনঃ) প্রাণে যুজ্যন্তে (সংবধ্যন্তে)। যঃ এবং বেদ, অস্মৈ (বিদুষে) ইমানি সর্ব্বাণি ভূতানি শ্রৈষ্ঠ্যায় (এবংবিদঃ শ্রেষ্ঠত্বসাধনায়) যুজ্যন্তে (উদ্যমং কুর্ব্বন্তি)। [স চ] যজুষঃ সাযুজ্যং সলোকতাং জয়তি ॥ ৩৫৩ ॥ ২ ॥

মূলানুবাদ।—অতঃপর যজুঃস্বরূপে প্রাণোপাসনা কথিত হইতেছে। প্রাণই যজুঃ; কারণ, এই সমস্ত ভূতই প্রাণের সহিত সংযুক্ত থাকে; যে লোক এই বিদ্যা জানে, তাহার শ্রেষ্ঠতা-সাধনার্থ দৃশ্যমান সমস্ত ভূতই উদ্যম করিয়া থাকে, এবং তিনি নিজেও যজুর সাযুজ্য ও সালোক্য প্রাপ্ত হইয়া থাকেন ॥ ৩৫৩ ॥ ২ ॥

শাঙ্করভাষ্যম্।—যজুরিতি চোপাসীত প্রাণম্; প্রাণো বৈ যজুঃ। কথং যজুঃ প্রাণঃ? প্রাণে হি যস্মাৎ সর্ব্বাণি ভূতানি যুজ্যন্তে; ন হ্যসতি প্রাণে কেনচিৎ কস্যচিদ্‌যোগসামর্থ্যম্; অতো যুনক্তীতি প্রাণো যজুঃ। এবংবিদঃ ফলমাহ, যুজ্যন্তে উদ্যচ্ছন্ত ইত্যর্থঃ, হ অস্মৈ এবংবিদে, সর্ব্বাণি ভূতানি, শ্রৈষ্ঠ্যং শ্রেষ্ঠভাবঃ, তস্মৈ শ্রৈষ্ঠ্যায়—অয়ং নঃ শ্রেষ্ঠো ভবেদিতি। যজুষঃ প্রাণস্য সাযুজ্যমিত্যাদি সর্ব্বং সমানম্ ॥ ৩৫৩ ॥ ২ ॥

টীকা। যজুঃশব্দস্যাক্ষরস্য গত্যাদ্যযুক্তং প্রাণবিষয়ত্বমিতি শঙ্কাং পরিহরতি—কথমিত্যাদিনা। অসত্যপি প্রাণে যোগঃ সম্ভবতীত্যাশঙ্ক্যাহ—ন হীতি। প্রকরণানুগৃহীতপ্রাণশব্দশ্রুত্যা যজুঃশব্দস্য বৃত্তিং ত্যক্ত্বা যোগোঽঙ্গীক্রিয়ত ইত্যাহ—অত ইতি ॥ ৩৫৩ ॥ ২ ॥

ভাষ্যানুবাদ।—যজুঃস্বরূপে প্রাণের উপাসনা করিবে। প্রাণই যজুঃ। প্রাণ যজুঃস্বরূপ কেন? যেহেতু এই সমস্ত ভূতই এই প্রাণে সংযুক্ত থাকে; কেননা, প্রাণ না থাকিলে কেহ কোন বস্তুর সহিত যোগ লাভ করিতে সমর্থ হয় না; অতএব যোগসাধন করে বলিয়াই প্রাণ যজুঃস্বরূপ। এবংবিধ জ্ঞানীর ফল বলিতেছেন—[যে লোক এইরূপ উপাসনা করে,] তাহার শ্রৈষ্ঠ্যের (শ্রেষ্ঠতার) জন্য, সমস্ত ভূত উদ্যম করিয়া থাকে। 'যজুঃস্বরূপ প্রাণের' ইত্যাদির অর্থ পূর্ব্বশ্রুতির অর্থের অনুরূপ ॥ ৩৫৩॥২॥

সাম, প্রাণো বৈ সাম, প্রাণে হীমানি সর্ব্বাণি ভূতানি

সম্যঞ্চি, সম্যঞ্চি হাস্মৈ সর্ব্বাণি ভূতানি শ্রৈষ্ঠ্যায় কল্পন্তে, সাম্নঃ সাযুজ্যং সলোকতাং জয়তি য এবং বেদ ॥ ৩৫৪ ॥ ৩ ॥

সরলার্থঃ।—[ইদানীং সামবিষয়কমুপাসনমুচ্যতে সামেত্যাদিনা।] প্রাণঃ বৈ (এব) সাম ; হি (যতঃ) ইমানি সর্ব্বাণি ভূতানি প্রাণে সম্যঞ্চি (সংগতানি ভবন্তি), যঃ এবং বেদ, অস্মৈ (বিদুষে) শ্রৈষ্ঠ্যায় (শ্রেষ্ঠত্বায়) সর্ব্বাণি ভূতানি সম্যঞ্চি (সংগতানি ভবন্তি); [স্বয়ংচ] সাম্নঃ সাযুজ্যং সলোকতাং চ জয়তি ॥ ৩৫৪ ॥ ৩ ॥

মূলানুবাদ।—এখানে সামবিষয়ক উপাসনা কথিত হইতেছে—প্রাণই সামস্বরূপ ; কারণ, এই সমস্ত ভূতই সামে সঙ্গত আছে। যে কোন লোক এইরূপে ইহা জানে, সমস্ত ভূত তাহার শ্রেষ্ঠতা-সাধনের জন্য উদ্যোগী হয় ; এবং সে নিজেও সামের সাযুজ্য ও সলোকতা লাভ করেন ॥ ৩৫৪ ॥ ৩ ॥

শাঙ্করভাষ্যম্।—সামেতি চোপাসীত প্রাণম্। প্রাণো বৈ সাম ; কথং প্রাণঃ সাম। প্রাণে হি যস্মাৎ সর্ব্বাণি ভূতানি সম্যঞ্চি সঙ্গচ্ছন্তে, সঙ্গমনাৎ সাম্যাপত্তিহেতুত্বাৎ সাম প্রাণঃ। সম্যঞ্চি সঙ্গচ্ছন্তে হ অস্মৈ সর্ব্বাণি ভূতানি। ন কেবলং সঙ্গচ্ছন্ত এব, শ্রেষ্ঠভাবায় চাস্মৈ কল্পন্তে সমর্থ্যন্তে। সাম্নঃ সাযুজ্যমিত্যাদি পূর্ব্ববৎ ॥ ৩৫৪ ॥ ৩ ॥

টীকা। সংগমনাদিত্যেতদেব ব্যাচষ্টে—সাম্যেতি। ৩৫৪। ৩।

ভাষ্যানুবাদ।—প্রাণকে সাম বলিয়া উপাসনা করিবে। প্রাণই সাম ; প্রাণ সামস্বরূপ কিপ্রকারে? যেহেতু সমস্ত ভূতই প্রাণেতে সম্যক্ অন্তর্গত থাকে ; সেই হেতু—সাম্যপ্রাপ্তির হেতু বলিয়া প্রাণই সামস্বরূপ। যে ব্যক্তি এইরূপে উপাসনা করে, সমস্ত ভূত তাহার জন্য সম্মিলিত হয় ; কেবল যে, সম্মিলিতই হয়, তাহা নহে, পরন্তু তাহার শ্রেষ্ঠতা-সম্পাদনের নিমিত্ত সামর্থ্যও প্রাপ্ত হয়, এবং সে ব্যক্তি সামের সাযুজ্য ও সলোকতা অধিকার করে ॥৩৫৪॥৩

ক্ষত্রম্, প্রাণো বৈ ক্ষত্রম্, প্রাণো হি বৈ ক্ষত্রম্, ত্রায়তে হৈনং প্রাণঃ ক্ষণিতোঃ, প্র ক্ষত্রমত্রমাপ্নোতি, ক্ষত্রস্য সাযুজ্যং সলোকতাং জয়তি য এবং বেদ ॥ ৩৫৫ ॥ ৪ ॥

ইতি ত্রয়োদশং ব্রাহ্মণম্ ॥ ৫ ॥ ১৩ ॥

সরলার্থঃ।—[অথ ক্ষত্রবিষয়কমুপাসনমুচ্যতে ক্ষত্রমিত্যাদিনা]। প্রাণঃ বৈ ক্ষত্রম্; হি (যস্মাৎ) প্রাণঃ ক্ষত্রং বৈ (প্রসিদ্ধম্), [তস্মাৎ] প্রাণঃ হ এনং (দেহং) ক্ষণিতোঃ (হিংসনাৎ) ত্রায়তে (রক্ষতি)। যঃ এবং বেদ, [সঃ] অত্রং (অন্যেন ন ত্রায়তে ইতি অত্রম্, তাদৃশং) ক্ষত্রং প্রাণং প্রাপ্নোতি, ক্ষত্রস্য সাযুজ্যং সলোকতাং জয়তি ॥ ৩৫৫ ॥ ৪ ॥

মূলানুবাদ।—এখন ক্ষত্রবিষয়ক অন্যরকম উপাসনা বর্ণিত হইতেছে—প্রাণই ক্ষত্র। প্রাণ হইতেছে ক্ষত্র—যেহেতু হিংসা হইতে সে এই দেহকে রক্ষা করে, সেই হেতু প্রাণের ক্ষত্রত্ব সুপ্রসিদ্ধ। যে ব্যক্তি প্রাণের ক্ষত্রত্ব জানে, প্রাণসমূহ তাহাকে ক্ষয় বা হিংসা হইতে রক্ষা করিয়া থাকে; এবং সে নিজেও অনন্যরক্ষিত ক্ষত্র প্রাণকে প্রাপ্ত হইয়া থাকে; অধিকন্তু ক্ষত্র প্রাণের সাযুজ্য ও সলোকতা লাভ করে ॥ ৩৫৫ ॥ ৪ ॥

ইতি পঞ্চমাধ্যায়ে ত্রয়োদশ ব্রাহ্মণব্যাখ্যা ॥ ৫ ॥ ১৩ ॥

শাঙ্করভাষ্যম্।—তং প্রাণং ক্ষত্রমিত্যুপাসীত। প্রাণো বৈ ক্ষত্রম্; প্রসিদ্ধমেতৎ প্রাণো হি বৈ ক্ষত্রম্। কথং প্রসিদ্ধতেত্যাহ—ত্রায়তে পালয়ত্যেনং পিণ্ডং দেহং প্রাণঃ ক্ষণিতোঃ শস্ত্রাদি-হিংসিতাৎ পুনর্মাংসেনাপূরয়তি যস্মাৎ, তস্মাৎ ক্ষতত্রাণাৎ প্রসিদ্ধং ক্ষত্রত্বং প্রাণস্য। বিদ্বৎফলমাহ—প্র ক্ষত্রমত্রম্, ন ত্রায়তেঽন্যেন কেনচিদিত্যত্রম্—ক্ষত্রং প্রাণঃ, তমত্রং ক্ষত্রং প্রাণং প্রাপ্নোতীত্যর্থঃ। শাখান্তরে বা-পাঠাৎ ক্ষত্রমাত্রং প্রাপ্নোতি প্রাণো ভবতীত্যর্থঃ। ক্ষত্রস্য সাযুজ্যং সলোকতাং জয়তি য এবং বেদ ॥ ৩৫৫ ॥ ৪ ॥

ইতি পঞ্চমাধ্যায়স্য ত্রয়োদশং ব্রাহ্মণম্ ॥ ৫ ॥ ১৩ ॥

টীকা। শাখান্তরশব্দেন মাধ্যন্দিনশাখোচ্যতে ॥ ৩৫৫ ॥ ৩ ॥

ইতি বৃহদারণ্যকোপনিষদ্ভাষ্যটীকায়াং পঞ্চমাধ্যায়স্য ত্রয়োদশং ব্রাহ্মণম্ ॥ ৫ ॥ ১৩ ॥

ভাষ্যানুবাদ।—সেই প্রাণকে ক্ষত্র বলিয়া উপাসনা করিবে। প্রাণই ক্ষত্র; প্রাণ যে, ক্ষত্র, ইহা প্রসিদ্ধও বটে। কি রকমে প্রসিদ্ধ, তাহা কথিত হইতেছে—যেহেতু প্রাণ এই দেহ-পিণ্ডকে শস্ত্রাদিজনিত ক্ষয় হইতে ত্রাণ করে—রক্ষা করে অর্থাৎ মাংস দ্বারা পুনর্ব্বার ক্ষতস্থান পূরণ করে, সেই হেতু—ক্ষত-ত্রাণ হেতু প্রাণের ক্ষত্রত্ব প্রসিদ্ধ। বিদ্যার ফল বলিতেছেন—যাহা আত্মরক্ষার জন্য অন্য কাহারো অপেক্ষা করে না, তাহার নাম—অত্র; উক্ত ক্ষত্র প্রাণই অত্র;

বিদ্বান্ পুরুষ সেই অত্র ক্ষত্র প্রাণকে প্রাপ্ত হয়। অন্য শাখায় এখানে 'বা' শব্দ থাকায় বুঝিতে হইবে যে, সে কেবলই ক্ষত্রস্বরূপ—প্রাণরূপ প্রাপ্ত হয়। যে লোক এইরূপ উপাসনা করে, সে লোক ক্ষত্রের সাযুজ্য ও সমান লোক লাভ করিয়া থাকে ॥৩৫৫॥৪ ॥

ইতি পঞ্চমাধ্যায়ে ত্রয়োদশ ব্রাহ্মণের ভাষ্যানুবাদ ॥ ৫ ॥ ১৩ ॥

ভূমিরন্তরিক্ষং দ্যৌরিত্যষ্টাবক্ষরাণ্যষ্টাক্ষরং হ বা একং গায়ত্র্যৈ পদমেতদু হৈবাস্যা এতৎ, স যাবদেষু ত্রিষু তাবদ্ধ জয়তি, যোঽস্যা এতদেবং পদং বেদ ॥ ৩৫৬ ॥ ১ ॥

সরলার্থঃ।—[ইদানীং গায়ত্রীচ্ছন্দোদ্বারেণ প্রাণোপাসনমুচ্যতে—"ভূমিঃ" ইত্যাদিনা]। ভূমিঃ (পৃথিবী), অন্তরিক্ষং (আকাশং), দ্যৌঃ (দ্যুলোকঃ স্বর্গঃ) ইতি (এতানি) অষ্টৌ অক্ষরাণি; (দ্যৌঃ ইত্যত্র দ-কার-য-কারয়োর্বিশ্লেষণাৎ অষ্টত্বম্ মন্তব্যম্, অন্যথা সপ্তত্বং স্যাৎ)। গায়ত্র্যৈ (গায়ত্র্যাঃ) একং পদং (প্রথমঃ পাদঃ) অষ্টাক্ষরম্ চ, হবৈ (ইতি প্রসিদ্ধিদ্যোতকৌ)। অস্য এতৎ (অক্ষরাষ্টাত্মকং) (গায়ত্র্যাঃ) এতৎ (প্রথমং পদং) উ হ এব (নিশ্চয়ে)। সঃ (উপাসকঃ) এষু ত্রিষু লোকেষু যাবৎ, তাবৎ হ জয়তি; [কঃ?] যঃ অস্যাঃ (গায়ত্র্যাঃ) এতৎ (পদং) এবং (যথোক্তেন রূপেণ) বেদ (জানাতি, সঃ) ॥ ৩৫৬ ॥ ১ ॥

মূলানুবাদ ।—প্রকারান্তরে উপাসনা কথিত হইতেছে—ভূমি, অন্তরিক্ষ ও দ্যৌ [দ ও য্], এই তিনটী শব্দে আটটী অক্ষর আছে; আট অক্ষরে গায়ত্রীর একটী পদ বা চরণ হয়; উক্ত আটটী অক্ষরই গায়ত্রীর সেই পদ বলিয়া প্রসিদ্ধ। (১) যিনি এই গায়ত্রীর এই পদটী জানেন, তিনি ত্রিলোকের মধ্যে যাহা কিছু আছে, সে সমস্তই জয় (অধিকার) করেন ॥ ৩৫৬ ॥ ১ ॥

শাঙ্করভাষ্যম্ ।—ব্রহ্মণো হৃদয়াদ্যনেকোপাধিবিশিষ্টস্যোপাসনমুক্তম্; অথেদানীং গায়ত্র্যুপাধিবিশিষ্টস্যোপাসনং বক্তব্যমিত্যারভ্যতে। ১

সর্বচ্ছন্দসাং হি গায়ত্রী ছন্দঃ প্রধানভূতম্; তৎপ্রয়োক্তৃ-গয়-ত্রাণাদ্ গায়ত্রীতি বক্ষ্যতি। ন চান্যেষাং ছন্দসাং প্রয়োক্তৃ-প্রাণত্রাণসামর্থ্যম্। প্রাণাত্মভূতা চ সা; সর্বচ্ছন্দসাত্মা প্রাণঃ। প্রাণশ্চ ক্ষতত্রাণাৎ ক্ষত্রমিত্যুক্তম্; প্রাণশ্চ গায়ত্রী; তস্মাত্তদুপাসনমেব বিধিৎস্যতে; দ্বিজোত্তমজন্মহেতুত্বাচ্চ—"গায়ত্র্যা

ব্রাহ্মণমসৃজত, ত্রিষ্টুভা রাজন্যম্, জগত্যা বৈশ্যম্" ইতি দ্বিজোত্তমস্ত দ্বিতীয়ং জন্ম গায়ত্রীনিমিত্তম্; তস্মাৎ প্রধানা গায়ত্রী; "ব্রাহ্মণা ব্যুত্থায়, ব্রাহ্মণা অভিবদন্তি, স ব্রাহ্মণো বিপাপো বিজরোঽবিচিকিৎসো ব্রাহ্মণো ভবতি" ইত্যুত্তমপুরুষার্থসম্বন্ধং দর্শয়তি। তচ্চ ব্রাহ্মণত্বং গায়ত্রীজন্মমূলম্, অতো বক্তব্যং গায়ত্র্যাঃ সতত্ত্বম্।

গায়ত্র্যা হি যঃ সৃষ্টো দ্বিজোত্তমো নিরঙ্কুশ এবো ত্তমপুরুষার্থসাধনেঽধিক্রিয়তে; অতস্তন্মূলঃ পরমপুরুষার্থসম্বন্ধঃ। তস্মাত্তদুপাসনবিধানায়াহ—ভূমিরন্তরিক্ষং দ্যৌঃ ইত্যেতান্যষ্টাবক্ষরাণি; অষ্টাক্ষরম্ অষ্টাবক্ষরাণি যস্ত, তদিদমষ্টাক্ষরম্; হ বৈ প্রসিদ্ধ্যবদ্যোতকৌ। একং প্রথমম্, গায়ত্র্যৈ গায়ত্র্যাঃ, পদম্; যকারেণৈবাষ্টত্ব-পূরণম্। এতদ্ধ্ উ এব এতদেবাস্যা গায়ত্র্যাঃ পদং পাদঃ প্রথমঃ ভূম্যাদিলক্ষণস্ত্রৈ-লোক্যাত্মা, অষ্টাক্ষরত্বসামান্যাৎ; এবমেতৎ ত্রৈলোক্যাত্মকং গায়ত্র্যাঃ প্রথমং পদং যো বেদ, তস্যৈতৎ ফলং—বিদ্বান্—যাবৎ কিঞ্চিৎ ত্রিষু লোকেষু জেতব্যম্, তাবৎ সর্বং হ জয়তি, যোঽস্যা এতদেবং পদং বেদ ॥ ৩৫৬ ॥ ১ ॥

টীকা। বৃত্তমনূদ্য গায়ত্রীব্রাহ্মণস্য তাৎপর্য্যমাহ—ব্রহ্মণ ইত্যাদিনা। ছন্দোঽন্তরেষ্বপি বিদ্যমানেষু কিমিতি গায়ত্র্যুপাধিকমেব ব্রহ্মোপাস্তমিষ্যতে? তত্রাহ—সর্ব্বচ্ছন্দসামিতি। তৎপ্রাধান্যে হেতুমাহ—তৎপ্রয়োক্তৃতি। তুল্যং প্রয়োক্তৃপ্রাণত্রাণসামর্থ্যং ছন্দোঽন্তরাণামপীতি চেত্তত্রাহ—ন চেতি। প্রমাণাভাবাদিতি ভাবঃ। কিঞ্চ, প্রাণাত্মভাবো গায়ত্র্যা বিবক্ষ্যতে, প্রাণশ্চ সর্ব্বেষাং ছন্দসাং নির্ব্বর্ত্তকত্বাদাত্মা, তথা চ সর্ব্বচ্ছন্দোব্যাপকগায়ত্র্যুপাধিকব্রহ্মো-পাসনমেবাত্র বিবক্ষিতমিত্যাহ—প্রাণাত্মেতি। তদাত্মভূতা গায়ত্রীত্যুক্তং ব্যক্তীকরোতি—প্রাণশ্চেতি। তৎপ্রয়োক্তৃণত্রাণাদ্ধি গায়ত্রী। প্রাণশ্চ বাগাদীনাং ত্রাতা। তত্তশ্চৈক-লক্ষণত্বাৎ তয়োস্তাদাত্ম্যমিত্যর্থঃ। প্রাণগায়ত্র্যোস্তাদাত্ম্যে ফলিতমাহ—তস্মাদিতি। গায়ত্রী-প্রাধান্যে হেত্বন্তরমাহ—দ্বিজোত্তমেতি। তদেব স্ফুটয়তি—গায়ত্র্যেতি। তৎপ্রাধান্যে হেত্বন্তর-মাহ—ব্রাহ্মণা ইতি। কথমেতাবতা গায়ত্রীপ্রাধান্যং? তত্রাহ—তচ্চেতি। সতো বক্তব্য-মিত্যত্রাতঃশব্দার্থমাহ—গায়ত্র্যা হীতি। অধিকারিত্বকৃতং কার্য্যমাহ—অত ইতি। তদ্ধেতো গায়ত্রীবিষয়ঃ। গায়ত্রীবৈশিষ্ট্যং পরামৃশ্য ফলিতমুপসংহরতি—তস্মাদিতি। গায়ত্রীপ্রথমপাদস্য সপ্তাক্ষরত্বং প্রতীয়তে, ন ত্বষ্টাক্ষরত্বমিত্যাশঙ্ক্যাহ—যকারেণেতি। গায়ত্রীপ্রথমপাদস্য ত্রৈলোক্য-দৃষ্টেঃ সংখ্যাসামান্যপ্রযুক্তং কার্য্যমাহ—এতদিতি। গায়ত্রীপ্রথমপাদে ত্রৈলোক্যদৃষ্ট্যারোপস্য প্রয়োজনং দর্শয়তি—এবমিতি। প্রথমপাদজ্ঞানে বিরাড়াত্মকত্বং ফলতীত্যর্থঃ। ৩৫৬। ১।

ভাষ্যানুবাদ।—ইতঃপূর্ব্বে হৃদয়প্রভৃতি নানাবিধ উপাধিসহযোগে ব্রহ্মের উপাসনা অভিহিত হইয়াছে; অতঃপর এখন গায়ত্রীরূপ উপাধিবিশিষ্ট ব্রহ্মের উপাসনা বলিতে হইবে; এইজন্য পরবর্ত্তী প্রকরণ আরদ্ধ হইতেছে। ১

যতরকম ছন্দ আছে, তন্মধ্যে গায়ত্রী ছন্দই সর্ব্বাপেক্ষা প্রধান; যাহারা

উহার প্রয়োগ বা গান করে, তাহাদিগকে ত্রাণ করে বলিয়া ঐ ছন্দের নাম 'গায়ত্রী', একথা নিজেই পরে বলিবেন। অপরাপর ছন্দের যে, প্রয়োগকর্ত্তা প্রাণকে পরিত্রাণ করিবার ক্ষমতা আছে, তাহাও নহে। গায়ত্রী হইতেছে প্রাণের আত্মস্বরূপ; প্রাণ আবার সমস্ত ছন্দের আত্মা; এবং ক্ষতত্রাণ হেতু প্রাণই ক্ষত্রস্বরূপ, একথাও বলা হইয়াছে। সেই প্রাণই আবার গায়ত্রী; এই-জন্য সেই প্রাণের উপাসনা-বিধান করা অভিপ্রেত হইতেছে। বিশেষতঃ উত্তম দ্বিজসৃষ্টির হেতুভূত বলিয়াও গায়ত্রীর উপাসনা বিধান করা আবশ্যক হইতেছে; 'বিধাতা গায়ত্রী ছন্দোযোগে ব্রাহ্মণ সৃষ্টি করিয়াছেন, ত্রিষ্টুভ্ ছন্দে ক্ষত্রিয়, আর জগতীছন্দে বৈশ্য সৃষ্টি করিয়াছেন', এই শ্রুতি দৃষ্টে জানা যায় যে, গায়ত্রী ছন্দটী দ্বিজোত্তম ব্রাহ্মণের দ্বিতীয় জন্মের হেতুভূত; এই কারণে গায়ত্রী হইতেছে ছন্দঃসমূহের মধ্যে প্রধানভূতা। তাহার পর, 'ব্রাহ্মণগণ গায়ত্রী দ্বারা এষণাত্রয় হইতে ব্যুত্থিত হইয়া অভিবাদন করিয়া থাকেন; সেই ব্রাহ্মণই পাপ-বিনির্মুক্ত রজঃসম্পর্কশূন্য ও সন্দেহবর্জ্জিত ব্রাহ্মণ হন'। এখানে আবার যে ব্রাহ্মণের পক্ষে উত্তম পুরুষার্থ-লাভের যোগ্যতা প্রদর্শিত হইতেছে, সেই ব্রাহ্মণত্বের মূল কারণ হইতেছে গায়ত্রীর জন্ম; এই কারণে গায়ত্রীর তত্ত্ব-নির্দ্দেশ করা আবশ্যক। ২

গায়ত্রী দ্বারা যে দ্বিজোত্তম ব্রাহ্মণ সৃষ্ট হন, তিনিই উত্তম পুরুষার্থ—মোক্ষ-সাধনে অব্যাহতভাবে অধিকার প্রাপ্ত হন; কাজেই গায়ত্রীকে পরম পুরুষার্থ-সিদ্ধির মূল বলিতে হয়। এই কারণেই সেই গায়ত্রীর উপাসনা বিধানার্থ বলিতেছেন 'ভূমি', 'অন্তরিক্ষ' ও 'দ্যৌ' [এই শব্দত্রয়ে] আটটী অক্ষর আছে; গায়ত্রীর একটী (প্রথম) পাদও অষ্টাক্ষরযুক্ত, অর্থাৎ আটটী অক্ষর যাহাতে আছে, এইরূপ অষ্টাক্ষরযুক্ত বলিয়া প্রসিদ্ধ। এখানে [দ্যৌ শব্দের] 'য' অক্ষরটী পৃথক্ করিয়া অষ্টাক্ষর পূরণ করিতে হয় (১)। ইহাই উক্ত গায়ত্রীর ভূমি, অন্তরিক্ষ ও দ্যৌরূপী ত্রৈলোক্যাত্মক প্রথম পদ (পাদ) অর্থাৎ চারিভাগের প্রথমভাগ; কেননা, আট অক্ষরে গায়ত্রীর একটী পাদ হয়, আর 'ভূমি, অন্তরিক্ষ

(১) তাৎপর্য্য—যদিও 'ভূমি অন্তরিক্ষ ও দ্যৌ' এই তিনটী শব্দে সাতটীর অধিক অক্ষর দেখা যায় না সত্য, তথাপি 'দ্যৌ' শব্দের দ ও য্ অক্ষর দুইটীকে পৃথক্ করিয়া গণনা করিলে নিশ্চয়ই আট সংখ্যা পূর্ণ হয়। এইরূপ অক্ষর-বিশ্লেষণ করিয়া সংখ্যা পূরণ করিবার পদ্ধতি বেদে বহুস্থানে দৃষ্ট হয়; প্রসিদ্ধ বৈদিক গায়ত্রীর 'বরেণ্য' শব্দটীর 'ণ' ও 'য্' অক্ষর দুইটীকে পৃথক্‌ভাবে পাঠ করিয়া অষ্টাক্ষর পূরণের ব্যবস্থা রহিয়াছে।

ও দ্যৌ' এই শব্দত্রয়েও আট অক্ষর রহিয়াছে; এই সাম্যনিবন্ধন এই অষ্টাক্ষরকে গায়ত্রীর প্রথম পাদ বলা হইয়াছে। যে ব্যক্তি গায়ত্রীর উক্ত প্রকারে ত্রৈলোক্যাত্মক প্রথম পাদ জানে, তাহার ফল এইরূপ—ভূমি, অন্তরিক্ষ ও দ্যুলোক—এই লোকত্রয়ে যাহা কিছু জেতব্য (অধিকার করিবার বিষয়) আছে; যিনি এইরূপে গায়ত্রীর প্রথম পাদ জানেন, তিনি সে সমস্ত বিষয় জয় করেন, অর্থাৎ ত্রিলোকে তাহার অনধিকৃত কোন বিষয় থাকে না ॥ ৩৫৬ ॥ ১ ॥

ঋচো যজূংষি সামানীত্যষ্টাবক্ষরাণ্যষ্টাক্ষরং হ বা একং গায়ত্র্যৈ পদমেতদু হৈবাস্যা এতৎ, স যাবতীয়ং ত্রয়ী বিদ্যা, তাবদ্ধ জয়তি যোঽস্যা এতদেবং পদং বেদ ॥ ৩৫৭ ॥ ২ ॥

সরলার্থঃ।—'ঋচঃ যজূংষি সামানি' ইতি অষ্টৌ অক্ষরাণি; গায়ত্র্যৈ (গায়ত্র্যাঃ) একং পদং (চরণঃ) অষ্টাক্ষরং হ বৈ (অষ্টাক্ষরত্বেন প্রসিদ্ধম্); এতৎ (ঋগ্‌যজুঃসামলক্ষণম্) উ হ এব অস্যাঃ (গায়ত্র্যাঃ) এতৎ (দ্বিতীয়ং পদম্)। যঃ (জনঃ) অস্যাঃ (গায়ত্র্যাঃ) এতৎ পদং এবং (যথোক্তপ্রকারং) বেদ, সঃ (বিদ্বান্), ইয়ং ত্রয়ী বিদ্যা (বেদবিদ্যা) যাবতী [যাবৎপরিমাণা—যাবৎফলা), তাবৎ (তাবৎ ফলম্) জয়তি (লভতে) হ ॥ ৩৫৭ ॥ ২ ॥

মূলানুবাদ।—ঋচঃ (ঋক্‌সমূহ) 'যজূংষি' (যজুঃসমূহ) ও 'সামানি' (সামসমূহ) এই আটটী অক্ষর; গায়ত্রীর একটী (দ্বিতীয়) পদও অষ্টাক্ষরযুক্ত বলিয়া প্রসিদ্ধ। উক্ত বেদত্রয়ের আটটী নামাক্ষরই গায়ত্রীর সেই দ্বিতীয় পাদ। যে লোক এইরূপে গায়ত্রীর এই পাদটী জানেন, তিনি বেদত্রয়ে যে সমস্ত ফল অভিহিত আছে, সে সমস্ত ফল প্রাপ্ত হন ॥ ৩৫৭ ॥ ২ ॥

শাঙ্করভাষ্যম্।—তথা ঋচো যজূংষি সামানীতি। ত্রয়ীবিদ্যানামাক্ষরাণি এতান্যপ্যষ্টাবেব; তথৈবাষ্টাক্ষরং হ বা একং গায়ত্র্যৈ পদং দ্বিতীয়ম্। এতদ্ হৈবাস্যা এতৎ ঋগ্‌যজুঃসামলক্ষণম্, অষ্টাক্ষরত্বসামান্যাদেব। স যাবতীয়ং ত্রয়ী বিদ্যা, ত্রয্যা বিদ্যয়া যাবৎ ফলজাতমাপ্যতে, তাবদ্ধ জয়তি, যোঽস্যা এতদ্‌গায়ত্র্যাস্ত্রৈবিদ্যালক্ষণং পদং বেদ ॥ ৩৫৭ ॥ ২ ॥

টীকা। প্রথমে পাদে ত্রৈলোক্যদৃষ্টিবৎ দ্বিতীয়ে পাদে কর্ত্তব্যা ত্রৈবিদ্যদৃষ্টিরিত্যাহ—তথেতি। দৃষ্টিবিধ্যুপযোগিত্বেন সংখ্যাসামান্যং কথয়তি—ঋচ ইতি। সংখ্যাসামান্যফলমাহ—এতদিতি। বিদ্যাফলং দর্শয়তি—স যাবতীতি। ৩৫৭ । ২ ।

ভাষ্যানুবাদ।—পূর্ব্বের ন্যায় ত্রয়ীবিদ্যার (বেদবিদ্যার) যে, 'ঋক্', 'যজূংষি' ও 'সামানি' এই নামাক্ষর, ইহাও আটটী; 'গায়ত্রী' ছন্দের একটী পদও (দ্বিতীয় পাদও) সেইরূপই অষ্টাক্ষর বলিয়া প্রসিদ্ধ। এইরূপে অক্ষরগত অষ্টত্বসাম্যনিবন্ধন ঋক্ যজুঃ সামই গায়ত্রীছন্দের দ্বিতীয় পদ। এই ত্রয়ী বিদ্যা যে পরিমাণ অর্থাৎ ত্রয়ী বিদ্যা দ্বারা যে পরিমাণ ফল লাভ করা যায়, সেই ব্যক্তি সেই সমস্ত ফল প্রাপ্ত হন, যিনি গায়ত্রীর উক্তপ্রকার বেদত্রয়স্বরূপে গায়ত্রীর দ্বিতীয় পাদ অবগত হন ॥ ৩৫৭ ॥ ২ ॥

প্রাণোঽপানো ব্যান ইত্যষ্টাবক্ষরাণ্যষ্টাক্ষরং হ বা একং গায়ত্র্যৈ পদমেতদু হৈবাস্যা এতৎ, স যাবদিদং প্রাণি তাবদ্ধ জয়তি, যোঽস্যা এতদেবং পদং বেদ, অথাস্যা এতদেব তুরীয়ং দর্শতং পদং পরোরজা য এষ তপতি, যদ্বৈ চতুর্থং তত্তুরীয়ং দর্শতং পদমিতি—দদৃশ ইব হ্যেষ পরোরজা ইতি সর্ব্বমু হ্যেবৈষ রজ উপর্য্যুপরি তপত্যেবং হৈব শ্রিয়া যশসা তপতি যোঽস্যা এতদেবং পদং বেদ ॥ ৩৫৮ ॥ ৩ ॥

সরলার্থঃ।—তথা, 'প্রাণঃ অপানঃ ব্যানঃ' ইতি অষ্টৌ অক্ষরাণি; গায়ত্র্যৈ (গায়ত্র্যাঃ) একং পদং (তৃতীয়ং পদং) অষ্টাক্ষরং হ বৈ (প্রসিদ্ধম্); এতৎ উ হ এব অস্যাঃ (গায়ত্র্যাঃ) এতৎ (তৃতীয়ং পদম্)। যঃ (জনঃ) অস্যাঃ এতৎ (তৃতীয়ং পদং) এবং (যথোক্তেন প্রকারেণ) বেদ, সঃ (বিদ্বান্) ইদং প্রাণি (প্রাণবদ্ বস্তু) যাবৎ (যাবৎপরিমাণং), তাবৎ হ (তাবদেব—সর্ব্বং প্রাণি-জাতং) জয়তি।

অথ (অনন্তরম্) [চতুর্থং পদমুচ্যতে—] অস্যাঃ (গায়ত্র্যাঃ) এতদ্ এব তুরীয়ং (চতুর্থং) দর্শতং (দৃশ্যমানমিব) পদম্। [কিং তৎ?] যঃ এষঃ পরোরজাঃ (রজসঃ পরঃ রজঃসম্বন্ধশূন্যঃ সূর্য্যঃ) তপতি; যৎ বৈ চতুর্থং (পদং), তৎ তুরীয়ং দর্শতং পদম্—ইতি। [কুতঃ দর্শতম্?] হি (যতঃ) এষঃ (মণ্ডলমধ্যস্থঃ পুরুষঃ) দদৃশে ইব দৃশ্যতে ইব। [কুতশ্চ] পরোরজা ইতি? হি (যস্মাৎ) সর্ব্বম্ রজঃ (রজোগুণাত্মকং জগৎ) উপর্য্যুপরি (অধিপতি-রূপেণ) এষঃ তপতি, [অতঃ পরোরজাঃ]। যঃ অস্যাঃ (গায়ত্র্যাঃ) এতৎ (তুরীয়ং) পদং এবং বেদ, (স বিদ্বান্) এবং হ (এবমেব) শ্রিয়া যশসা তপতি ॥ ৩৫৮ ॥ ৩ ॥

মূলানুবাদ।—পূর্ব্বের ন্যায় প্রাণ, অপান ও ব্যান, এই শব্দত্রয়ে আটটী অক্ষর আছে, গায়ত্রীর তৃতীয় পদেও আটটী অক্ষর আছে; এইরূপ সংখ্যা-সাম্যনিবন্ধন প্রাণাদি আট অক্ষরই গায়ত্রীর তৃতীয় পাদস্বরূপ। যে লোক এইপ্রকার গায়ত্রীর তৃতীয় পাদ জানেন, তিনি জগতে যত প্রাণী আছে, সে সমুদয়কে জয় করেন।

অতঃপর গায়ত্রীর চতুর্থ পাদ কথিত হইতেছে—ইহাই গায়ত্রীর দর্শত ও পরোরজা চতুর্থ পাদ—এই যিনি তাপ দিতেছেন। যাহা চতুর্থ, তাহাই তুরীয় দর্শত; যেহেতু যেন দৃষ্টই হইতেছেন, [বাস্তবিক-পক্ষে কিন্তু মণ্ডলমধ্যবর্ত্তী পুরুষ দৃষ্ট হন না; এই কারণে তাহা দর্শত]; এবং যেহেতু রজোগুণময় এই সমস্ত জগতের উপরে উপরে অর্থাৎ অধিপতিরূপে অবস্থান করেন, সেইহেতু তিনি পরোরজাঃ। যে লোক এই প্রকারে গায়ত্রীর চতুর্থ পাদ অবগত হন, তিনিও শ্রী ও যশের দ্বারা সমস্ত জগৎকে তাপ দিয়া থাকেন॥ ৩৫৮॥ ৩॥

শাঙ্করভাষ্যম্।—তথা প্রাণঃ অপানঃ ব্যানঃ, এতান্যপি প্রাণাদ্যভিধানাক্ষরাণ্যষ্টৌ, তচ্চ গায়ত্র্যাস্তৃতীয়ং পদম্; যাবদিদং প্রাণিজাতম্, তাবদ্ধ জয়তি, যোঽস্যা এতদেবং গায়ত্র্যাস্তৃতীয়ং পদং বেদ। অথ অনন্তরং গায়ত্র্যাস্ত্রিপদায়াঃ শব্দাত্মিকায়াস্তুরীয়ং পদমুচ্যতে অভিধেয়ভূতম্—অথ অস্যাঃ প্রকৃতায়া গায়ত্র্যা এতদেব বক্ষ্যমাণং তুরীয়ং দর্শতং পদম্, পরোরজা য এষ তপতি। ১

তুরীয়মিত্যাদিবাক্য-পদার্থং স্বয়মেব ব্যাচষ্টে শ্রুতিঃ—যদ্বৈ চতুর্থং প্রসিদ্ধং লোকে, তদিহ তুরীয়শব্দেনাভিধীয়তে। দর্শতং পদমিত্যস্য কোঽর্থ ইত্যুচ্যতে—দদৃশ ইব, দৃশ্যত ইব হি এষ মণ্ডলান্তর্গতঃ পুরুষঃ, অতো দর্শতং পদমুচ্যতে। পরোরজা ইত্যস্য পদস্য কোঽর্থ ইত্যুচ্যতে—সর্ব্বং সমস্ত- উ হি এব এষ মণ্ডলস্থঃ পুরুষঃ রজঃ রজোজাতং সমস্তং লোকমিত্যর্থঃ; উপর্য্যুপরি আধিপত্য-ভাবেন সর্ব্বং লোকং রজোজাতং তপতি। উপর্য্যুপরীতি বীপ্সা সর্ব্বলোকাধি-পত্যখ্যাপনার্থা। ননু সর্ব্বশব্দেনৈব সিদ্ধত্বাদ্বীপ্সানর্থিকা? নৈষ দোষঃ, যেষা-মুপরিষ্টাৎ সবিতা দৃশ্যতে, তদ্বিষয় এব সর্ব্বশব্দঃ স্যাদিত্যাশঙ্কানিবৃত্ত্যর্থা বীপ্সা, "যে চামুষ্মাৎ পরাঞ্চো লোকাস্তেষাঞ্চেষ্টে দেবকামানাঞ্চ" ইতিশ্রুত্যন্তরোধাৎ; তস্মাৎ সর্ব্বাববোধার্থা বীপ্সা। যথাসৌ সবিতা সর্ব্বাধিপত্যলক্ষণয়া শ্রিয়া

যশসা চ খ্যাত্যা তপতি, এবং হৈব শ্রিয়া যশসা চ তপতি, যোহস্যা এতদেবং তুরীয়ং দর্শতং পদং বেদ ॥ ৩২৮ ॥ ৩ ॥

টীকা। প্রথমদ্বিতীয়পাদয়োস্ত্রৈলোক্যত্রৈবিদ্যদৃষ্টিবৎ তৃতীয়ে পাদে প্রাণাদিদৃষ্টিঃ কর্ত্তব্যেত্যাহ—তথেতি। নহু ত্রিপদা গায়ত্রী ব্যাখ্যাতা চেৎ, কিমুত্তরগ্রন্থেনেত্যাশঙ্ক্যাহ—অথেতি। শব্দাত্মক-গায়ত্রী-প্রকরণবিচ্ছেদার্থোহথশব্দঃ। বক্ষ্যে চতুর্থমিত্যাদিগ্রন্থস্য পূর্ব্বেণ পৌনরুক্ত্যমাশঙ্ক্যাহ—তুরীয়মিতি। ইংহেতি প্রকৃতবাক্যোক্তিঃ। যোহিভিদৃশ্যত ইবেতি লক্ষ্যতে, ন তু মুখ্যমীষদস্য দৃশ্যত্বমত্যাশ্রিয়মাদিত্যাহ—দৃশ্যত ইবেতি। 'লোকা রজাংস্যুচ্যন্তে' ইতি শ্রুত্যন্তরমাশ্রিত্যাহ—সমস্তমিতি। আধিপত্যস্যাবেনৈত কথং ব্যাখ্যানমিত্যাশঙ্ক্যাহ—উপর্য্যুপরীত্যতি। বীপ্সাম্যক্তিপতি—নন্বিতি। সর্ব্বং রজস্তপতীত্যেতাবতৈব সর্ব্বাধিপত্যস্য সিদ্ধত্বাদ ব্যর্থা বীপ্সেতি চোদ্য দূষয়তি—নৈষ দোষ ইতি। যেষাং লোকানামিতি যাবৎ। মণ্ডলপুরুষস্য নিরঙ্কুশমাধিপত্যমিত্যত্র ছান্দোগ্যশ্রুতিমনুকূলয়তি—যে চেতি। বীপ্সার্থবত্ত্বমুপসংহরতি—তস্মাদিতি। চতুর্থপাদজ্ঞানস্য ফলবত্ত্বং কথয়তি—যথেতি ॥ ২৫৮ ॥ ৩ ॥

ভাষ্যানুবাদ।—পূর্ব্বের ন্যায় প্রাণাদির অভিধায়ক প্রাণ অপান ও ব্যান, এই তিনটী নামেতেও আটটী অক্ষর আছে; সেই অক্ষরসংখ্যই গায়ত্রীর তৃতীয় পাদ। যিনি গায়ত্রীর এই তৃতীয় পাদকে এইরূপে জানেন, তিনি, জগতে যে সমস্ত প্রাণী আছে, সে সমুদয়কে জয় করেন। অতঃপর শব্দাত্মক ত্রিপদা গায়ত্রীর প্রতিপাদ্য চতুর্থ পাদ কথিত হইতেছে—এই যে প্রস্তাবিত, ইহাই—যাহার কথা পরে বলা হইবে, তাহাই তুরীয় (চতুর্থ) দর্শত পদ, এই যিনি পরোরজারূপে তাপ দিতেছেন।

এখন শ্রুতি নিজেই 'তুরীয়' ইত্যাদি বাক্যান্তর্গত পদগুলির অর্থ বর্ণনা করিতেছেন। এই আদিত্যমণ্ডলের মধ্যবর্ত্তী পুরুষ যেন দৃষ্টই হইতেছেন, এই জন্য তাহাকে 'দর্শত' পদ বলা হইতেছে। 'পরোরজাঃ' এই পদটীর অর্থ কি, তাহা বলিতেছেন—যেহেতু এই মণ্ডলমধ্যস্থ পুরুষ রজঃ—রজোগুণজাত সমস্ত লোকের উপরে উপরে থাকিয়া অধিপতিরূপে তাপ দিয়া থাকেন। 'উপর্য্যুপরি' এইরূপে বীপ্সা বা দ্বিরুক্তির উদ্দেশ্য—সর্ব্বলোকের উপরে তাহার আধিপত্য বা প্রভুত্ব জ্ঞাপন করা। ভাল, 'সর্ব্ব' পদ থাকাতেই যখন বীপ্সার প্রয়োজন সিদ্ধ হইতেছে, তখন বীপ্সার আর প্রয়োজন কি? না, ইহা দোষাবহ হইতেছে না; কেননা, এরূপ আশঙ্কাও হইতে পারিত যে, যাহাদের উপরিভাগে সূর্য্যদেব দৃষ্ট হইয়া থাকেন, 'সর্ব্ব' শব্দটী বোধ হয় কেবল সেই সমুদয় লোকেরই বোধক; সেই আশঙ্কা অপনয়নের নিমিত্ত এখানে বীপ্সার আবশ্যক রহিয়াছে; কারণ, অন্য শ্রুতি বলিয়াছেন—'এই

সূর্য্যমণ্ডলের উপরে যে সমুদয় লোক (ভোগস্থান) বিদ্যমান আছে, সেই সমুদয় লোকের এবং দেবগণের কাম্য বিষয়সমূহেরও তিনি 'ঈশ্বর'; অতএব বুঝিতে হইবে যে, নিখিল লোক বুঝাইবার নিমিত্তই এখানে বীপ্সা প্রযুক্ত হইয়াছে। এই সূর্য্যদেব যেরূপ সর্ব্বাধিপত্যরূপ শ্রী ও যশঃ—লোকপ্রতিষ্ঠা দ্বারা তাপ দিয়া থাকেন, যিনি গায়ত্রীর এই চতুর্থ দর্শত পদ অবগত হন, তিনিও সেইরূপ শ্রী ও যশঃ দ্বারা তাপ দিয়া থাকেন ॥ ৩৫৮ ॥ ৩ ॥

সৈষা গায়ত্র্যেতস্মিংস্তুরীয়ে দর্শতে পদে পরোরজসি প্রতিষ্ঠিতা, তদ্বৈ তৎ সত্যে প্রতিষ্ঠিতং, চক্ষুর্ব্বৈ সত্যম্, চক্ষুর্হি বৈ সত্যম্, তস্মাদ্ যদিদানীং দ্বৌ বিবদমানাবেয়াতাম্—অহমদর্শম্‌-হমশ্রৌষমিতি, য এব ব্রূয়াদহমদর্শমিতি, তস্মা এব শ্রদ্দধ্যাম। তদ্বৈ তৎ সত্যং বলে প্রতিষ্ঠিতম্, প্রাণো বৈ বলম্, তৎ প্রাণে প্রতিষ্ঠিতম্, তস্মাদাহুর্ব্বলংসত্যাদোগীয় ইত্যেবম্ বেষা গায়ত্র্যধ্যাত্মং প্রতিষ্ঠিতা, সা হৈষা গয়াংস্তত্রে, প্রাণা বৈ গয়াস্তৎ প্রাণাংস্তত্রে, তদ্যদ্গয়াংস্তত্রে তস্মাদ্ গায়ত্রী নাম, স যামেবামূং সাবিত্রীমন্বাহৈবৈষ সা, স যস্মা অন্বাহ তস্য প্রাণাং-স্ত্রায়তে ॥ ৩৫৯ ॥ ৪ ॥

সরলার্থঃ।—সা এষা (উক্তা ত্রিপদা) গায়ত্রী এতস্মিন্ (যথোক্তে) তুরীয়ে পরোরজসি দর্শতে পদে প্রতিষ্ঠিতা। তৎ (তুরীয়ং পদং) তৎ (তস্মিন্) সত্যে প্রতিষ্ঠিতম্। চক্ষুঃ বৈ (প্রসিদ্ধৌ) সত্যম্; হি (যস্মাৎ) চক্ষুঃ বৈ (এব) সত্যম্; তস্মাৎ হেতোঃ, ইদানীমপি যৎ (যদি) অহং অদর্শং (দৃষ্টবান্ অস্মি), অহং অশ্রৌষম্ (শ্রুতবানস্মি) ইতি বিবদমানৌ দ্বৌ এয়াতাং (আগচ্ছতঃ); [তত্র] যঃ এবং ব্রূয়াৎ—অহম্ অদর্শম্ ইতি, তস্মৈ (দর্শকায়) এব শ্রদ্দধ্যাম (শ্রদ্ধাং কুর্য্যঃ, ন পুনঃ শ্রুতবতে)। তৎ সত্যং বলে প্রতিষ্ঠিতম্; প্রাণঃ বৈ বলম্, তৎ (সত্যং) প্রাণে প্রতিষ্ঠিতম্; তস্মাৎ হেতোঃ বলং সত্যাদ্ ওগীয়ঃ (ওজীয়ঃ বলবত্তরম্) ইতি আহুঃ (কথয়ন্তি) [ঋষয়ঃ]।

এবং (উক্তেন প্রকারেণ) উ (অপি) এষা গায়ত্রী অধ্যাত্মং (দেহসম্বন্ধিনি প্রাণে) প্রতিষ্ঠিতা। সা এষা গায়ত্রী হ গয়ান্ তত্রে (ত্রাতবতী)। [গয়াঃ কে? উচ্যতে—] প্রাণাঃ বৈ গয়াঃ, তৎ প্রাণান্ (গায়কান্) তত্রে; তৎ (ততশ্চ) যৎ

(যস্মাৎ) গয়ান্ তত্রে (ত্রায়তে), তস্মাৎ গায়ত্রী নাম (গায়ত্র্যা গায়ত্রীত্বং প্রসিদ্ধমিত্যর্থঃ)। সঃ (আচার্য্যঃ) যাং অমূং সাবিত্রীং (সবিতৃদেবতাকাং গায়ত্রীং) এব অন্বাহ (উপনীতং মাণবকং উপদিশতি), সা (সাবিত্রী) এষা (প্রাণাধিষ্ঠিতা গায়ত্রী) এব, (নাম্না); সঃ (আচার্য্যঃ) যস্মৈ (মাণবকায়) অন্বাহ, তস্য প্রাণান্ ত্রায়তে (অধর্ম্মাৎ রক্ষতীত্যর্থঃ)॥ ৩৫৯॥ ৪॥

মূলানুবাদ।—এই যে, পূর্ব্বে ত্রিপদা গায়ত্রীর কথা বলা হইয়াছে, সেই গায়ত্রী এই পরোরজা দর্শতনামক তুরীয় (চতুর্থ) পদে প্রতিষ্ঠিত আছে; সেই চতুর্থ পাদটী আবার সত্যে প্রতিষ্ঠিত। [সত্য কি?] চক্ষুই সত্য বলিয়া প্রসিদ্ধ; সেই কারণেই এখনও যদি দুইজন লোক [কোন বিষয় লইয়া] বিবাদ করিতে করিতে আইসে, তন্মধ্যে একজনে যদি বলে, আমি ইহা দেখিয়াছি—প্রত্যক্ষ করিয়াছি, আর অপর ব্যক্তি যদি বলে, আমি ইহা শুনিয়াছি; তাহা হইলে, তাহাদের মধ্যে যে ব্যক্তি বলে, আমি প্রত্যক্ষ করিয়াছি, সেই প্রত্যক্ষদর্শীর কথাতেই আমরা শ্রদ্ধা করিয়া থাকি। সেই তুরীয় পদের আশ্রয়ভূত সেই সত্যও আবার বলে প্রতিষ্ঠিত। [বল কি?] না, প্রাণই বল; কেননা, বল সাধারণত প্রাণেরই অধীন; সেই কারণেই লোকে সত্য অপেক্ষাও প্রাণের শ্রেষ্ঠত্ব নির্দ্দেশ করিয়া থাকে; উক্ত গায়ত্রী এই প্রকারে অধ্যাত্ম প্রাণে প্রতিষ্ঠিত রহিয়াছে। সেই এই গায়ত্রী গয়সমূহকে ত্রাণ করে (দুঃখরহিত করে); প্রাণসমূহই গয় (গায়ত্রীর গায়ক); সেই প্রাণরূপী গয়সমূহকে ত্রাণ করে। যেহেতু গয়সমূহকে ত্রাণ করে, সেই হেতুই 'গায়ত্রী' নাম প্রসিদ্ধ। আচার্য্য যে, উপনীত বালককে এই সাবিত্রীর—সূর্য্যদৈবতক গায়ত্রীর যথানিয়মে উপদেশ করেন, এই গায়ত্রীই সেই সাবিত্রী। তিনি যাহাকে উপদেশ করেন, তাহার প্রাণকে পরিত্রাণ করেন॥ ৩৫৯॥ ৪॥

শাঙ্করভাষ্যম্।—সৈষা ত্রিপদোক্তা যা ত্রৈলোক্য-ত্রৈবিদ্য-প্রাণলক্ষণা গায়ত্রী, এতস্মিংশ্চতুর্থে তুরীয়ে দর্শতে পদে পরোরজসি প্রতিষ্ঠিতা, মূর্ত্তামূর্ত্তরসত্বাদাদিত্যস্য; রসাপায়ে হি বস্তু নীরসমপ্রতিষ্ঠিতং ভবতি; যথা কাষ্ঠাদি দগ্ধসারম্,

জগৎ। তথা মূর্ত্তামূর্ত্তাত্মকং জগত্রিপদা গায়ত্রী আদিত্যে প্রতিষ্ঠিতা, তদ্রসত্বাৎ সহ ত্রিভিঃ পাদৈঃ ; তদ্বৈ তুরীয়ং পদং সত্যে প্রতিষ্ঠিতম্। কিং পুনস্তৎ সত্যম্? উচ্যতে,—চক্ষুর্ব্বৈ সত্যম্ ; কথং চক্ষুঃ সত্যমিত্যাহ—প্রসিদ্ধমেতৎ চক্ষুর্হি বৈ সত্যম্। কথং প্রসিদ্ধতেত্যাহ—তস্মাদ্, যদ্ যদি, ইদানীমেব দ্বৌ বিবদমানৌ বিরুদ্ধং বদমানৌ এয়াতামাগচ্ছেয়াতাম্—অহমদর্শং দৃষ্টবানস্মীতি, অন্য আহ—অহমশ্রৌষম্—ত্বয়া দৃষ্টং ন তথা তদস্বিতি ; তয়োর্য এবং ব্রূয়াৎ—অহমদ্রাক্ষমিতি, তস্মা এব শ্রদ্দধ্যাম, ন পুনর্যো ব্রূয়াৎ অহমশ্রৌষমিতি। শ্রোতুর্ম্মৃষা শ্রবণমপি সম্ভবতি, ন তু চক্ষুষো মৃষা দর্শনম্। তস্মান্ন অশ্রৌষমিত্যুক্তবতে শ্রদ্দধ্যাম। তস্মাৎ সংপ্রতিপত্তিহেতুত্বাৎ সত্যং চক্ষুঃ ; তস্মিন্ সত্যে চক্ষুষি সহ ত্রিভিরিতরৈঃ পাদৈস্তুরীয়ং পদং প্রতিষ্ঠিতমিত্যর্থঃ। উক্তঞ্চ,—"স আদিত্যঃ কস্মিন্ প্রতিষ্ঠিত ইতি, চক্ষুষি" ইতি। ১

তদ্বৈ তুরীয়পদাশ্রয়ং সত্যং বলে প্রতিষ্ঠিতম্। কিং পুনস্তদ্বলম্? ইত্যাহ—প্রাণো বৈ বলম্ ; তস্মিন্ প্রাণে বলে প্রতিষ্ঠিতং সত্যম্। তথাচোক্তম্—"সূত্রে তদোতঞ্চ প্রোতঞ্চ" ইতি। যস্মাদ্বলে সত্যং প্রতিষ্ঠিতম্, তস্মাদাহুঃ—বলং সত্যাদোগীয়ঃ ওজীয়ঃ ওজস্তরমিত্যর্থঃ। লোকেঽপি যস্মিন্ হি যদাশ্রিতং ভবতি, তস্মাদাশ্রিতাদাশ্রয়স্য বলবত্তরত্বং প্রসিদ্ধম্ ; ন হি দুর্ব্বলং বলবতঃ কচিদাশ্রয়ভূতং দৃষ্টম্। এবমুক্তন্যায়েন তু এষা গায়ত্রী অধ্যাত্মমধ্যাত্মে প্রাণে প্রতিষ্ঠিতা। সৈষা গায়ত্রী প্রাণঃ ; অতো গায়ত্র্যাং জগৎ প্রতিষ্ঠিতম্ ; যস্মিন্ প্রাণে সর্ব্বে দেবা একং ভবন্তি, সর্ব্বে বেদাঃ, কর্ম্মাণি ফলঞ্চ, সৈবং গায়ত্রী প্রাণরূপা সতী জগত আত্মা। ২

সা হ এষা গয়ান্ তত্রে ত্রাতবতী। কে পুনর্গয়াঃ? প্রাণা বাগাদয়ো বৈ গয়াঃ, শব্দকরণাৎ ; তান্ তত্রে সৈষা গায়ত্রী ; তৎ তত্র যৎ যস্মাদ্ গয়ান্ তত্রে, তস্মাদ্ গায়ত্রী নাম ; গয়ত্রাণাদ্ গায়ত্রীতি প্রথিতা। স আচার্য্য উপনীয় মাণবকমষ্টবর্ষং যামেব অমূং সাবিত্রীং সবিতৃদেবতাকাম্ অন্বাহ—পচ্ছঃ অর্দ্ধর্চশঃ সমস্তাঞ্চ, এষৈব স সাক্ষাৎ প্রাণো জগত আত্মা মাণবকায় সমর্পিতা ইহ ইদানীং ব্যাখ্যাতা, নান্যা। স আচার্য্যঃ যস্মৈ মাণবকায় অন্বাহ অনুবক্তি, তস্য মাণবকস্য গয়ান্ প্রাণান্ ত্রায়তে নরকাদিপতনাৎ ॥ ৩৫৯ ॥ ৪ ॥

টীকা। অভিধানাভিধেয়াত্মিকাং গায়ত্রীং ব্যাখ্যায়াভিধানস্যাভিধেয়তন্ত্রত্বমাহ—সৈষেতি। আদিত্যে প্রতিষ্ঠিতা মূর্ত্তামূর্ত্তাত্মিকা গায়ত্রীত্যত্র হেতুমাহ—মূর্ত্তেতি। তদ্বতু মূর্ত্তামূর্ত্তব্রাহ্মণান্ত-সারেণাদিত্যস্য তৎসারত্বং, তথাপি কথং গায়ত্র্যাস্তৎপ্রতিষ্ঠত্বং, পৃথগেব সা মূর্ত্তাদ্যাত্মিকা গায়ত্রী

ত্যাদপ্রতিষ্ঠিতেতি শেষঃ। সারাবৃত্তে স্বাতন্ত্র্যেণ মূর্ত্তাদের্ন স্থিতিরিতি স্থিতে ফলিতমাহ—তদ্বেতি। আদিত্যস্য স্বাতন্ত্র্যং বারয়তি—তদ্বৈ ইতি। তৎপক্ষস্যানুভববিপরীতত্বাভিপ্রায়ঃ শঙ্কাদ্বারা বারয়তি—কিং পুনরিত্যাদিনা। চক্ষুষঃ সত্যত্বে প্রমাণাভাবং শঙ্কিত্বা দূষয়তি—কথমিত্যাদিনা। শ্রোত্রস্য অপ্রামাণ্যে হেতুমাহ—শ্রোতুরিতি। দ্রষ্টুরপি মৃষাদর্শনং সম্ভবতীত্যা-শঙ্ক্যাহ—ন ত্বিতি। ক্বচিৎ কথঞ্চিৎ সম্ভবেঽপি শ্রোত্রপেক্ষয়া দ্রষ্টরি বিশ্বাসো দৃষ্টো লোকস্যে-ত্যাহ—তস্মাদিতি। বিশ্বাসাতিশয়ফলমাহ—তস্মাদিতি। আদিত্যস্য চক্ষুষি প্রতিষ্ঠিতত্ব-পক্ষেঽপি প্রতিপাদিতমিত্যাহ—উক্তং চেতি। ১

সত্যস্য স্বাতন্ত্র্যং প্রত্যাহ—তদ্বৈ তদিতি। সত্যস্য প্রাণপ্রতিষ্ঠিতত্বং সাধয়িতুমিত্যাহ—তথা চেতি। সূক্ষ্মঃ প্রাণো বায়ুঃ। তচ্ছব্দেন সত্যশব্দিতসর্ব্বভূতগ্রহণম্। সত্যং বলে প্রতিষ্ঠিতমিত্যত্র লোকপ্রসিদ্ধিং প্রমাণয়তি—তস্মাদিতি। তদেবোপপাদয়তি—লোকেঽপীতি। তদেব ব্যতিরেকমুখেনাহ—ন হীতি। এতেন গায়ত্র্যাঃ সূত্রাত্মকং নিষ্পন্নমিত্যাহ—এবমিতি। তস্মিন্নর্থে বাক্যং যোজয়তি—সৈষেতি। গায়ত্র্যাঃ প্রাণত্বে কিং সিধ্যতি, তদাহ—অত ইতি। তদেব স্পষ্টয়তি—বাগিত্যাদিনা। ২

গায়ত্রীনামনির্ব্বচনেন তস্যা জগদ্ভাবনহেতুত্বমাহ—সা হৈষেতি। প্রয়োক্তৃশরীরং সপ্তম্যর্থঃ। গায়ন্তীতি গয়া বাগুপলক্ষিতাশ্চক্ষুরাদয়ঃ। প্রাণাত্মনৈব স্তুত্যর্থং গায়ত্র্যা এব সাবিত্রীত্বমাহ—স আচার্য্য ইতি। পচ্ছঃ পাদশঃ। সাবিত্র্যা গায়ত্রীত্বং সাধয়তি—স ইতি। অতঃ সাবিত্রী গায়ত্রীতি শেষঃ। ৩।৪ ॥ ৪ ॥

ভাষ্যানুবাদ।—পূর্ব্বে যে ত্রৈলোক্যাত্মক, ত্রয়ীবিদ্যাত্মক ও প্রাণ-স্বরূপ গায়ত্রীর কথা বলা হইয়াছে, সেই ত্রিপদা গায়ত্রী পরোরজা ও দর্শত-স্বরূপ এই চতুর্থ পদে প্রতিষ্ঠিত; কেননা, জগতে মূর্ত্ত (স্থূল আকৃতি-সম্পন্ন) ও অমূর্ত্ত যত পদার্থ আছে, এই আদিত্য সে সমুদয়ের রস বা সারভূত। রসের অভাবে বস্তুমাত্রই নীরস হইয়া অবস্থানের অযোগ্য হইয়া থাকে; যেমন দগ্ধ হইলে কাষ্ঠাদির অবস্থা হয়, ইহাও সেইরূপ। মূর্ত্তামূর্ত্ত জগদাত্মক ত্রিপদা গায়ত্রীও পাদত্রয়ের সহিত নিজের সারভূত আদিত্যে অবস্থিত আছে; সেই চতুর্থ পদটীও আবার সত্যে প্রতিষ্ঠিত। সেই সত্য পদার্থটা কি? তাহা বলা হইতেছে—চক্ষু হইতেছে সেই সত্যপদার্থ। ভাল, চক্ষু সত্য-স্বরূপ কিরূপে? তাহা বলা যাইতেছে—যেহেতু এখনও যদি দুইজন বিবদমান—বিরুদ্ধ কথা বলিতে বলিতে আসিয়া উপস্থিত হয়; একজন বলে—আমি দেখিয়াছি—চাক্ষুষ প্রত্যক্ষ করিয়াছি, আর অপরে যদি বলে—আমি শুনিয়াছি—তুমি যাহা দেখিয়াছ, তাহা সেরূপ নহে। এই উভয়ের মধ্যে যে ব্যক্তি এইরূপ বলে যে, আমি প্রত্যক্ষ করিয়াছি, আমরা তাহাকেই শ্রদ্ধা ক-

বিশ্বাস করিয়া থাকি; কিন্তু যে ব্যক্তি 'আমি শুনিয়াছি' বলে, তাহাকে শ্রদ্ধা করি না; কেননা, শ্রোতার ভুল শ্রবণও সম্ভব হইতে পারে, কিন্তু চক্ষু দ্বারা ভ্রান্ত দর্শন সম্ভব হয় না। সেইহেতু সত্যপ্রতীতির হেতু বা উপায় বলিয়া চক্ষু হইতেছে—সত্য। গায়ত্রীর চতুর্থ পদটি অপর পদত্রয়ের সহিত এই চক্ষুঃ-স্বরূপ সত্যে প্রতিষ্ঠিত আছে; অন্যত্রও উক্ত আছে যে, 'সেই আদিত্য কোথায় প্রতিষ্ঠিত? [উত্তর—] চক্ষুতে [প্রতিষ্ঠিত]' ইতি। ১

সেই তুরীয় পদের আশ্রয়ভূত সত্যও আবার বলে প্রতিষ্ঠিত। সেই বল আবার কে? হাঁ, বলা যাইতেছে—প্রাণ হইতেছে বল; সেই প্রাণরূপী বলে সত্য প্রতিষ্ঠিত আছে, 'সূত্রসংজ্ঞক প্রাণে সেই বল ওত-প্রোত রহিয়াছে' এই শ্রুতিতেও সেই কথাই উক্ত হইয়াছে। যেহেতু বলেতেই সত্য প্রতিষ্ঠিত, সেই হেতু বিজ্ঞ লোকেরা বলিয়া থাকেন যে, সত্য অপেক্ষাও বল ওজীয় অর্থাৎ সমধিক শক্তিমান্। আশ্রিত অপেক্ষা আশ্রয়ের যে, অধিক বলবত্তা, ইহা লোকপ্রসিদ্ধও বটে; জগতে কোথাও দুর্ব্বলকে বলবানের আশ্রয় হইতে দেখা যায় না। যথোক্ত প্রণালীক্রমে এই গায়ত্রী অধ্যাত্ম অর্থাৎ দেহসম্বন্ধ প্রাণে আশ্রিত রহিয়াছে। এই গায়ত্রীই প্রাণ স্বরূপ; এই কারণে সমস্ত জগৎই গায়ত্রীতে প্রতিষ্ঠিত। 'সমস্ত দেবতা, সমস্ত বেদ, সমস্ত কর্ম্মফল যে প্রাণেতে একীভূত হইয়া যায়', এই গায়ত্রী সেই প্রাণস্বরূপ বলিয়াই জগতেরও আত্মস্বরূপ। ২

সেই এই গায়ত্রীই গয়সমূহকে ত্রাণ করিয়াছে। 'গয়' কাহারা? না, প্রাণসমূহ; শব্দোচ্চারণের সাধন বলিয়া ইন্দ্রিয়গণ 'গয়' নামে প্রসিদ্ধ। যেহেতু গয়সমূহকে ত্রাণ করিয়াছে ও করিতেছে, সেই হেতু 'গায়ত্রী' নাম প্রসিদ্ধ। আচার্য্য (১) অষ্টবর্ষবয়স্ক বালককে উপনীত করিয়া এই যে সাবিত্রীকে—সূর্য্যদৈবতক গায়ত্রীকে এক এক পাদ, অর্দ্ধ পাদ ও সমস্ত বা ত্রিপাদ করিয়া উপদেশ করেন, এখানে যে গায়ত্রীর কথা বর্ণিত হইল, সাক্ষাৎ প্রাণ-

---

(১) তাৎপর্য্য—মনু বলিয়াছেন—"উপনীয় দদদ্বেদ আচার্য্যঃ পরিকীর্ত্তিতঃ।" অর্থাৎ যিনি উপনয়ন সংস্কার সম্পাদন করিয়া বেদবিদ্যা শিক্ষা দেন, তিনি 'আচার্য্য'। এইরূপ আচার্য্যই যথার্থ গুরুপদবাচ্য। ইহা ছাড়া আর একপ্রকার আচার্য্যের লক্ষণ আছে, তাহা এই—"আচিনোতি চ শাস্ত্রার্থম্ আচারে স্থাপয়ত্যপি। স্বয়মাচরতে যস্মাদাচার্য্যস্তেন কীর্ত্তিতঃ॥" অর্থাৎ যিনি শাস্ত্রের সারার্থ সংগ্রহ করেন, লোককে সদাচার শিক্ষা দেন, এবং নিজেও তদনুরূপ আচরণ করেন, তাহাকে আচার্য্য বলা হয়।

স্বরূপ জগদাত্মা সেই গায়ত্রীকেই তিনি মাণবককে প্রদান করিয়া থাকেন, অন্য কিছু নহে। সেই আচার্য্য, যে মাণবককে (উপনীত বালকে) এইরূপে উপদেশ প্রদান করেন, সেই মাণবককে (প্রাণসমূহকে) নরক-নিপাত হইতে পরিত্রাণ করিয়া থাকেন ॥৩৫৯॥৪॥

তাং হৈতামেকে সাবিত্রীমনুষ্টুভমন্বাহুর্ব্বাগনুষ্টুবেতদ্বাচমনুক্রম ইতি, ন তথা কুর্য্যাদ্গায়ত্রীমেব সাবিত্রীমনুব্রূয়াৎ, যদিহ বা অপ্যেবংবিদ্ বহ্বিব প্রতিগৃহ্ণাতি ন হৈব তদ্গায়ত্র্যা একঞ্চন পদং প্রতি ॥ ৩৬০ ॥ ৫ ॥

সরলার্থঃ ।—[অত্র প্রতীতিপ্রভেদ উচ্যতে—"তাং হৈতাম্" ইত্যাদিনা।] একে (কেচিৎ শাখিনঃ) বাক্ অনুষ্টুপ্; এতৎ (এবং যথাস্মাৎ, তথা) বাচং অনুক্রমঃ (বয়ং মাণবকায় কথয়ামঃ, ইতি বদন্তঃ সন্তঃ) তাং হ এতাং (আচার্য্যেণ মাণবকায় উপদিষ্টাং) সাবিত্রীং অনুষ্টুভং (অনুষ্টুপ্‌ছন্দোময়ীম্) অন্বাহুঃ (কথয়ন্তি) ইতি। [শ্রুতিরত্র স্বসিদ্ধান্তমাহ—] ন তথা কুর্য্যাৎ (গায়ত্রীমিমাম্ অনুষ্টুভং ন বিদ্যাৎ), [অপি তু] গায়ত্রীম্ এব সাবিত্রীম্ অনুব্রূয়াৎ [আচার্য্যঃ], [ন তু অনুষ্টুভং]। [অতঃপরং বিদ্যাফলমুচ্যতে—] যদি হ বৈ এবংবিদ্ (যথোক্তবিজ্ঞানসম্পন্নঃ) বহু প্রতিগৃহ্ণাতি ইব, প্রতিগ্রহস্য অসত্যত্বাং সূচয়িতুম্ ইবশব্দঃ), তৎ (প্রতিগ্রহবাহুল্যং) গায়ত্র্যাঃ একঞ্চন (একমপি) পদং প্রতি ন (একস্যাপি গায়ত্রীপাদস্য অপকর্ষং সাধয়িতুং ন সমর্থমিত্যর্থঃ) ॥৩৬০॥৫॥

মূলানুবাদ ।—অপর বেদশাখীয়া বলিয়া থাকেন যে, বাক্ হইতেছে অনুষ্টুপ্ ছন্দঃ; [সেই বাক্‌ই সরস্বতী]; আমরা মাণবককে এই বাক্‌স্বরূপা সরস্বতীরই উপদেশ করিয়া থাকি; অতএব সাবিত্রী—যাহা মাণবককে উপদেশ করা হইয়া থাকে, প্রকৃত পক্ষে তাহা অনুষ্টুপ্ ছন্দোময়ী (কিন্তু গায়ত্রীছন্দোযুক্তা নহে)। [শ্রুতি বলিতেছেন] না—সেরূপ করিবে না, অর্থাৎ সাবিত্রীকে অনুষ্টুপ্ বলিয়া উপদেশ করিবে না; পরন্তু সাবিত্রীকে গায়ত্রী বলিয়াই উপদেশ করিবে। এবংবিধ গায়ত্রী-তত্ত্ববিদ্ পুরুষ যদি কখনও বহু প্রতিগ্রহ করিতেছে বলিয়াও মনে হয়, [বাস্তবিক পক্ষে সর্ব্বাত্মভাবাপন্ন

তাহার পক্ষে অল্প বা বহু কিছুই নাই]। বুঝিতে হইবে যে, তাহা গায়ত্রীর একটী পদের পক্ষেও যথেষ্ট নহে॥ ৩৬০॥ ৫॥

শাঙ্করভাষ্যম্।—তামেতাং সাবিত্রীং হ একে শাখিনোঽনুষ্টুভম্ অনুষ্টুপ্প্রভবাম্ অনুষ্টুপ্ছন্দস্কাম্ অন্বাহুঃ উপনীতায়। তদভিপ্রায়মাহ—বাগনুষ্টুপ্; বাক্ চ শরীরে সরস্বতী; তামেব হি বাচং সরস্বতীং মাণবকায় অনুব্রূম ইত্যেতদ্বদন্তঃ। ন তথা কুর্য্যাৎ, ন তথা বিদ্যাৎ, যত্তে আহুঃ, মৃষৈব তৎ। কিং তর্হি? গায়ত্রীমেব সাবিত্রীমনুব্রূয়াৎ। কস্মাৎ? যস্মাৎ প্রাণো গায়ত্রীত্যুক্তম্। প্রাণে উক্তে, বাক্ চ সরস্বতী চান্যে চ প্রাণাঃ সর্ব্বং মাণবকায় সমর্পিতং ভবতি।

কিঞ্চ, ইদং প্রাসঙ্গিকমুক্ত্বা গায়ত্রীবিদং স্তৌতি—যদি হ বৈ অপি এবংবিদ্ বহ্বিব, ন হি তস্য সর্ব্বাত্মনো বহু নামাস্তি কিঞ্চিৎ, সর্ব্বাত্মকত্বাদ্বিদুষঃ; প্রতিগৃহ্ণাতি, ন হৈব তৎ প্রতিগ্রহজাতং গায়ত্র্যা একঞ্চন একমপি পদং প্রতি পর্য্যাপ্তম্॥ ৩৬০॥ ৫॥

টীকা। মতান্তরমনুভাষয়তি—তামেতামিতি। 'তৎ সবিতুর্বৃণীমহে বয়ং দেবস্য ভোজনম্। শ্রেষ্ঠং সর্ব্বধাতমং তুরং ভগস্য ধীমহি' ইত্যনুষ্টুভং সাবিত্রীমাহুঃ, সবিতৃদেবতাকত্বাদিত্যর্থঃ। উপনীতস্য মাণবকস্য প্রথমতঃ সরস্বত্যাঃ বর্ণাত্মিকায়াঃ সাপেক্ষত্বং দ্যোতয়িতুং হিশব্দঃ। দূষয়তি—নেত্যাদিনা। নবপেক্ষিতবাগাত্মকসরস্বতীসমর্পণং বিনা গায়ত্রীসমর্পণময়ুক্তমিতি শঙ্কিত্বা পরিহরতি—কস্মাদিত্যাদিনা। যদি হেত্যাদেরুত্তরস্য গ্রন্থস্যাব্যবহিতপূর্ব্বগ্রন্থাসংগতি-মাশঙ্ক্যাহ—কিংচেদমিতি। সাবিত্র্যা গায়ত্রীত্বমিতি যাবৎ। ত্রৈবশব্দার্থং দর্শয়তি—ন হীতি। যদ্যপি বহু প্রতিগৃহ্ণাতি বিদ্বানিতি পূর্ব্বেণ সংবন্ধঃ। তথাপি ন তেন প্রতিগ্রহজাতেনৈকস্যাপি গায়ত্রীপদস্য বিজ্ঞানফলং মুক্তং স্যাৎ, দূরতস্তু দোষাধায়কত্বং তস্যেত্যর্থঃ। ৩৬০। ৫।

ভাষ্যানুবাদ।—কোন কোন বেদশাখীরা সেই এই সাবিত্রীকে অনুষ্টুপ্ অর্থাৎ অনুষ্টুপ্ছন্দোময়ী বলিয়া উপনীত বালককে উপদেশ করিয়া থাকেন। তাহাদের অভিপ্রায় বলিতেছেন—তাহারা বলিয়া থাকেন যে, বাক্ই অনুষ্টুপ্, এবং সেই বাক্ই শরীরমধ্যে সরস্বতীরূপে (বাণীরূপে) অবস্থিতা; আমরা মাণবককে সেই বাক্—সরস্বতীরই উপদেশ করিয়া থাকি। [স্বয়ং শ্রুতি বলিতেছেন যে,] না—সেরূপ করিবে না, অর্থাৎ সেইরূপ বুঝিবে না; কারণ, তাহারা যাহা বলিয়া থাকেন, তাহা সম্পূর্ণ মিথ্যা বা ভ্রান্তিপূর্ণ। তবে কিরূপ (উপদেশ করিবে)? না, গায়ত্রী বলিয়াই সাবিত্রীর উপদেশ করিবে। কারণ? যে হেতু পূর্ব্বেই বলা হইয়াছে যে, প্রাণই গায়ত্রী; সুতরাং প্রাণের (প্রাণরূপা গায়ত্রীর) উপদেশ করিলেই (প্রাণের অধীন) বাক্,

সরস্বতী এবং অন্যান্য সমস্ত প্রাণ বা ইন্দ্রিয়বর্গই মাণবককে উপদেশ করা হইয়া যায়।

অতঃপর, প্রসঙ্গাগত কথা শেষ করিয়া গায়ত্রীবিদ্ পুরুষের প্রশংসা করিতেছেন—এবংবিধ গায়ত্রীতত্ত্বজ্ঞ পুরুষ যদি কখনও বহুই প্রতিগ্রহ করেন, বাস্তবিকপক্ষে কিন্তু তাঁহার নিকট বহু কিছু নাই; কারণ, বিদ্যাবলে তিনি সর্ব্বাত্মভাব লাভ করিয়াছেন; সুতরাং তাঁহার আবার বহু কি? তথাপি সেই সমস্ত প্রতিগ্রহ গায়ত্রীর একটী পদের পক্ষেও যথেষ্ট হয় না ॥৩৬০॥৫॥

স য ইমাংস্ত্রীল্লোঁকান্ পূর্ণান্ প্রতিগৃহ্লীয়াৎ সোঽস্যা এতৎ প্রথমং পদমাপ্নুয়াৎ, অথ যাবতীয়ং ত্রয়ীবিদ্যা যস্তাবৎ প্রতিগৃহ্লীয়াৎ সোঽস্যা এতদ্দ্বিতীয়ং পদমাপ্নুয়াদথ যাবদিদং প্রাণি, যস্তাবৎ প্রতিগৃহ্লীয়াৎ, সোঽস্যা এতত্তৃতীয়ং পদমাপ্নুয়াদথাস্যা এতদেব তুরীয়ং দর্শতং পদং পরোরজা য এষ তপতি, নৈব কেনচনাপ্যং কুত উ এতাবৎ প্রতিগৃহ্লীয়াৎ ॥ ৩৬১ ॥ ৬ ॥

সরলার্থঃ।—সঃ যঃ (গায়ত্রীবিদ্) পূর্ণান্ (ধনরত্নাঢ্যান্) ইমান্ ত্রীন্ (পৃথিব্যাদীন্) লোকান্ প্রতিগৃহ্লীয়াৎ, সঃ (প্রতিগ্রাহী) অস্যাঃ (গায়ত্র্যাঃ) এতৎ (যথোক্তং) প্রথমং পদম্ আপ্নুয়াৎ (তৎ গায়ত্র্যাঃ প্রথমপদ বিজ্ঞান-ফলমিতি ভাবঃ), অথ (পক্ষান্তরে) ইয়ং ত্রয়ী বিদ্যা (বেদবিদ্যা) যাবতী, যঃ তাবৎ প্রতিগৃহ্লীয়াৎ, সঃ (প্রতিগ্রাহী) অস্যাঃ (গায়ত্র্যাঃ) এতৎ দ্বিতীয়ং পদম্ আপ্নুয়াৎ (দ্বিতীয়পদবিজ্ঞানেন স উপভুঙ্‌ক্তে ইতি ভাবঃ)। অথ ইদং প্রাণি (প্রাণি জগৎ) যাবৎ, যঃ (গায়ত্রীবিদ্) তাবৎ প্রতিগৃহ্লীয়াৎ, সঃ (প্রতিগ্রাহী) অস্যাঃ এতৎ তৃতীয়ং পদম্ আপ্নুয়াৎ; (এবংবিধৈঃ প্রতিগ্রহৈঃ ন তস্য কিঞ্চিৎ হীয়তে ইত্যাশয়ঃ)। অথ অস্যাঃ (গায়ত্র্যাঃ) এতদেব তুরীয়ং দর্শতং পদম্—য এষ পরোরজাঃ (আদিত্যঃ) তপতি। তৎ (তুরীয়ং পদং) কেনচন (কেনাপি প্রতিগ্রহেণ) আপ্যং (প্রাপ্যং) ন ভবতি। [যতঃ] কুতঃ (কস্মাৎ স্থানাৎ) এতাবৎ (এতৎপরিমাণং বস্তু) প্রতিগৃহ্লীয়াৎ? (ন কুতোঽপি, অসম্ভবাদিতি ভাবঃ) ॥৩৬১॥৬॥

মূলানুবাদ।—উক্ত প্রকারে গায়ত্রীতত্ত্বজ্ঞ কোন লোক

যদি ত্রিলোকও প্রতিগ্রহ করেন, [তাহা হইলেও বুঝিতে হইবে যে,] সেই প্রতিগ্রহ গায়ত্রীর একটীমাত্র পদকে প্রাপ্ত হয়, অর্থাৎ প্রথম পদবিজ্ঞানের ফল মাত্র; আর যদি কেহ ত্রয়ী বিদ্যার (বেদবিদ্যার) সমপরিমাণ প্রতিগ্রহ করেন, তাহা হইলে, সেই প্রতিগ্রহও গায়ত্রীর দ্বিতীয় পদবিজ্ঞানের ফল প্রাপ্ত হয়; আর কেহ যদি প্রাণিজগতের সমপরিমাণ প্রতিগ্রহ করেন, তাহা হইলে সেই প্রতিগ্রহকারী গায়ত্রীর তৃতীয় পদ জানার ফলপ্রাপ্ত হয়। তাহার পর, গায়ত্রীর এই যে দর্শত চতুর্থ পদ, যাহা আদিত্যরূপে তাপ দিতেছেন, গায়ত্রীর সেই চতুর্থ পদটী কোন প্রতিগ্রহ দ্বারাই প্রাপ্য নহে; কারণ, লোকে কোথা হইতে তাহার তুল্যপরিমাণ বস্তু প্রতিগ্রহ করিবে? অর্থাৎ গায়ত্রীর চতুর্থ পদের তুল্যপরিমাণ বস্তু ত জগতে নাই ॥ ৩৬১ ॥ ৬ ॥

শাঙ্করভাষ্যম্ ।—স য ইমাংস্ত্রীন্—স যো গায়ত্রীবিদ্ ইমান্ ভূরাদীন্ ত্রীন্ গোশ্বাদিধনপূর্ণান্ লোকান্ প্রতিগৃহ্ণীয়াৎ, স প্রতিগ্রহঃ অস্যা গায়ত্র্যাঃ এতৎ প্রথমং পদং যদ্ব্যাখ্যাতম্ আপ্নুয়াৎ, প্রথমপদবিজ্ঞানফলং তেন ভুক্তং স্যাৎ, ন তদ্বিকদোষোৎপাদকঃ স প্রতিগ্রহঃ। অথ পুনর্যাবতী ইয়ং ত্রয়ী বিদ্যা, যস্তাবৎ প্রতিগৃহ্ণীয়াৎ, সোঽস্যা এতদ্দ্বিতীয়ং পদমাপ্নুয়াৎ, দ্বিতীয়পদবিজ্ঞানফলং তেন ভুক্তং স্যাৎ। তথা যাবদিদং প্রাণি, যস্তাবৎ প্রতিগৃহ্ণীয়াৎ, সোঽস্যা এতত্তৃতীয়ং পদমাপ্নুয়াৎ, তেন তৃতীয়পদবিজ্ঞানফলং ভুক্তং স্যাৎ।

কল্পয়িত্বেদমুচ্যতে—পাদত্রয়সমমপি যদি কশ্চিৎ প্রতিগৃহ্ণীয়াৎ, তৎ পাদত্রয়বিজ্ঞানফলস্যৈব ক্ষয়কারণম্, ন তন্ন্যস্য দোষস্য কর্তৃত্বে ক্ষমম্। ন চৈবং দাতা প্রতিগ্রহীতা বা; গায়ত্রীবিজ্ঞানস্তুতয়ে কল্প্যতে; দাতা প্রতিগ্রহীতা চ যদ্যপ্যেবং সম্ভাব্যতে, নাসৌ প্রতিগ্রহোঽপরাধক্ষমঃ; কস্মাৎ? যতঃ অভ্যধিকমপি পুরুষার্থবিজ্ঞানম্ অবশিষ্টমেব চতুর্থপাদবিষয়ং গায়ত্র্যাঃ। তদ্দর্শয়তি—

অথাস্যা এতদেব তুরীয়ং দর্শতং পদং পরোরজা য এষ তপতি। যচ্চৈতৎ নৈব কেনচন কেনচিদপি প্রতিগ্রহেণ আপ্যং নৈব প্রাপ্যমিত্যর্থঃ, যথা পূর্ব্বোক্তানি ত্রীণি পদানি; এতান্যপি নৈব আপ্যানি কেনচিৎ; কল্পয়িত্বৈবমুক্তম্; পরমার্থতঃ কুত উ এতাবৎ প্রতিগৃহ্ণীয়াৎ ত্রৈলোক্যাদিসমম্? তস্মাদ্ গায়ত্রী এবংপ্রকারা উপাস্যেত্যর্থঃ ॥ ৩৬১ ॥ ৬ ॥

টীকা। গায়ত্রীবিদঃ প্রতিগৃহ্নতো দোষাভাবং সামান্যেনোক্ত্বা বিশেষতস্তদভাবমাহ—

স য ইতি। যথা ত্রৈলোক্যাবচ্ছিন্নস্য ত্রৈবিদ্যাবচ্ছিন্নস্য চার্থস্য প্রতিগ্রহেণ পাদত্রয়বিজ্ঞান-ফলমেব ভুক্তং, নাধিকং দূষণং, তথেতি যাবৎ। প্রতিগ্রহীতা দাতা বা নৈবংবিধঃ সম্ভাব্যতে, কিন্তু স্তুত্যর্থঃ শ্রুত্যৈতৎ কল্পিতমিত্যাহ—কল্পয়িত্বেতি। উক্তমেব সংগৃহ্ণাতি—পাদত্রয়েতি। কল্পয়িত্বেদমুচ্যত ইতি। কিমিতি কল্প্যতে ? মুখ্যমেবৈতৎ কিং ন স্যাদিত্যাশঙ্ক্যাহ—ন চেতি। কল্পনাপি তর্হি কিমর্থেত্যাশঙ্ক্যাহ—গায়ত্রীতি। অঙ্গীকৃতোত্তরবাক্যমুত্থাপয়তি—পাদেতি। তদেবাকাঙ্ক্ষাপূর্ব্বকমাহ—কস্মাদিতি। ব্যাখ্যাতপদত্রয়বিজ্ঞানফলভোগোক্ত্যানন্তর্য্যমথশব্দার্থঃ। নৈব প্রাপ্যঃ প্রতিগ্রহেণ কেনচিদপি নৈব ভুক্তঃ স্যাদিত্যর্থঃ। তত্রৈব বৈধর্ম্ম্যদৃষ্টান্তমাহ—যথেতি। তানি প্রতিগৃহ্ণন্ যথাপাপানি, ন তথৈতদপাপমিত্যর্থঃ। কুত ইত্যাদিবাক্যস্য তাৎপর্য্যমাহ—এতাবন্তীতি। গায়ত্রীবিদঃ স্তুতিরুক্তা, তৎফলমাহ—তস্মাদিতি। এবংপ্রকার পাদচতুষ্টয়রূপা সর্ব্বাত্মিকেত্যর্থঃ। ৩৯১ । ৬ ।

ভাষ্যানুবাদ ।—'স য ইমান্ ত্রীন্' ইত্যাদি। যে কোন গায়ত্রীতত্ত্ববিদ পুরুষ যদি গো-অশ্বাদি ধনে পরিপূর্ণ এই পৃথিবী প্রভৃতি ত্রিলোকও প্রতিগ্রহ করেন, তাহা হইলে সেই প্রতিগ্রহ এই গায়ত্রীর এই প্রথম পদকে—যাহা পূর্ব্বে ব্যাখ্যাত হইয়াছে, তাহাকে প্রাপ্ত হয়, অর্থাৎ উহাদ্বারা তাহার প্রথম পাদ-বিজ্ঞানের ফল মাত্র ভুক্ত হয়; সেই প্রতিগ্রহ তাহার অধিক দোষ সমুৎপাদনে সমর্থ হয় না। তাহার পর, এই ত্রয়ীবিদ্যা (বেদবিদ্যা) যে পরিমাণ, তাবৎ পরিমাণও যদি কেহ প্রতিগ্রহ করেন, সেই প্রতিগ্রহ ইহার দ্বিতীয় পদটীমাত্র প্রাপ্ত হয়, অর্থাৎ তাহা দ্বারা তাহার দ্বিতীয় পদবিজ্ঞানের ফলমাত্র ভুক্ত হয়। সেইরূপ এই প্রাণিজগতের যাহা পরিমাণ, তাবৎপরিমাণ যিনি প্রতিগ্রহ করেন, সেই প্রতিগ্রহও তাহার এই তৃতীয় পদটী মাত্র প্রাপ্ত হয়, অর্থাৎ তাহা দ্বারা মাত্র তৃতীয় পদবিজ্ঞানের ফল উপভুক্ত হয়।

এখন চতুর্থ পদ সম্বন্ধে ফল কল্পনা করিয়া বলা হইতেছে যে, পূর্ব্বোক্ত পদত্রয়ের সমানও যদি কেহ প্রতিগ্রহ করেন, তাহা কেবল সেই পদত্রয়-বিজ্ঞানেরই ফল ক্ষয় করিতে সমর্থ হয়, কিন্তু অপর কোনও নূতন দোষ সমুৎপাদনে সমর্থ হয় না; প্রকৃত পক্ষে এরূপ দাতা বা প্রতিগ্রহীতা জগতে সম্ভবপরই হয় না; কেবল গায়ত্রীবিজ্ঞানের প্রশংসার্থ এইরূপ কল্পনা করিয়া বলা হইল মাত্র; আর যদি বা এই প্রকার দাতা ও প্রতিগ্রহীতা সম্ভবপরই হয়, তাহা হইলেও ঐরূপ প্রতিগ্রহ তাহার কোন অনিষ্ট উৎপাদনে সমর্থ হয় না; কারণ? সর্ব্বাতিশায়ী পুরুষার্থ-সাধনক্ষম যে, গায়ত্রীর চতুর্থ পদবিষয়ক বিজ্ঞান, তাহাত তখনও তাহার অক্ষতই রহিয়াছে, অর্থাৎ প্রতিগ্রহেও অসংস্পৃষ্টই রহিয়াছে; অতঃপর তাহাই প্রদর্শন করিতেছেন। ২

এই গায়ত্রীর ইহাই চতুর্থ দর্শত পদ, যাহা এই পরোরজা সূর্য্যরূপে তাপ দিতেছেন; এবং যাহা পূর্ব্বোক্ত পাদত্রয়ের ন্যায় কোন প্রকার প্রতিগ্রহ-দোষের বিষয়ীভূত হয় না; প্রকৃতপক্ষে কিন্তু উক্ত পাদত্রয়ও কোনরূপ প্রতিগ্রহ-দোষের বিষয়ীভূত নহে; তবে এখানে কেবল কল্পনা করিয়া ঐরূপ বলা হইয়াছে মাত্র; কেননা, বাস্তবিক পক্ষে ত্রিলোকাদিসমষ্টির সমপরিমাণ বস্তু কোথা হইতে প্রতিগ্রহ করিবে? অতএব সকলে ঈদৃশ মহিমান্বিত গায়ত্রীর উপাসনা অবশ্য করিবে ॥ ৩৬১॥৬ ॥

তস্যা উপস্থানম্, গায়ত্র্যস্যেকপদী, দ্বিপদী, চতুষ্পদ্যপদসি, ন হি পদ্যসে। নমস্তে তুরীয়ায় দর্শতায় পদায় পরোরজসেঽসাবদো মা প্রাপদিতি, যং দ্বিষ্যাদসাবস্মৈ কামো মা সমৃদ্ধীতি বা, ন হৈবাস্মৈ স কামঃ সমৃধ্যতে, যস্মা এবমুপতিষ্ঠতেঽহমদঃ প্রাপমিতি বা ॥ ৩৬২ ॥ ৭ ॥

সরলার্থঃ।—[সম্প্রতি গায়ত্র্যা উপস্থানং—নমস্কার উচ্যতে—"তস্যাঃ" ইত্যাদিনা]। তস্যাঃ (গায়ত্র্যাঃ) উপস্থানং (নমস্কারঃ) [উচ্যতে—] হে গায়ত্রি, ত্বং একপদী (ত্রৈলোক্যপদাত্মিকা), দ্বিপদী (ত্রয়ীবিদ্যারূপ-দ্বিতীয়-পদসম্পন্না), ত্রিপদী (প্রাণাদিনা তৃতীয়পদান্বিতা), চতুষ্পদী (দর্শতাখ্যেন চতুর্থপদেন চ যুক্তা) অসি। [তথা নিরুপাধিকেন রূপেণ] অপদ্ (পাদ-বিভাগবর্জ্জিতা চ) অসি (ভবসি); হি (যস্মাৎ) ন পদ্যসে (নির্বিশেষরূপত্বাৎ নেতি নেতীতি গম্যত্বাৎ ন জ্ঞায়সে; তস্মাৎ অপদ্ অসি)। তে (তব) পরোরজসে দর্শতায় তুরীয়ায় পদায় নমঃ (নমস্কারঃ অস্তু)। অসৌ (শত্রুঃ পাপম্) অদঃ (ত্বৎপ্রাপ্তিপ্রতিবন্ধকত্বং) মা প্রাপৎ (ন প্রাপ্নোতু) ইতি; [ইতি-শব্দঃ মন্ত্র-সমাপ্ত্যর্থঃ]।

বা (অথবা) অসৌ (বিদ্বান্) যং (জনং) দ্বিষ্যাৎ (দ্বেষং কুর্য্যাৎ)—অস্মৈ (অমুকনাম্নে শত্রবে) অসৌ কামঃ (তদভিলষিতঃ অর্থঃ) মা সমৃদ্ধি (বৃদ্ধিং ন গচ্ছতু) ইতি। যস্মৈ এবম্ উপতিষ্ঠতে, অস্মৈ স কামঃ ন হ এব (নৈব) সমৃধ্যতে (সমৃদ্ধিং গচ্ছতি); বা (অথবা) অহং (গায়ত্রীবিদ্) অদঃ (কাম্যং ফলং) প্রাপম্ ইতি উপতিষ্ঠতে; এবং যস্মৈ [তৎ সম্পদ্যতে ইতি শেষঃ। রুচিভেদাদ্ এবমুপস্থানভেদ ইত্যাশয়ঃ] ॥ ৩৬২॥৭॥

মূলানুবাদ।—অতঃপর সেই গায়ত্রীর উপস্থান বা নমস্কারমন্ত্র কথিত হইতেছে—হে গায়ত্রি, তুমি হইতেছ—পূর্ব্বোক্ত প্রকারে ত্রকপদী, দ্বিপদী ও চতুষ্পদী, এবং নিরুপাধিরূপে অপদ্ অর্থাৎ পাদাদিবিভাগবর্জ্জিত; কেননা, তুমি সাধারণের প্রাপ্য নহে। তোমার পরোরজঃ ও দর্শত চতুর্থ পদের উদ্দেশ্যে নমস্কার।

এইরূপ নমস্কারের প্রয়োজন এই যে,—এই গায়ত্রীবিদ্ যে লোককে বিদ্বেষ করেন, [তাহার নামগ্রহণপূর্ব্বক এইরূপে উপস্থান করিবেন যে,] অমুক লোক অমুক ফল প্রাপ্ত না হউক; অথবা অমুকের অভিলষিত বিষয় সমৃদ্ধি (পুষ্টি) লাভ না করুক। যাহাকে উদ্দেশ করিয়া এইরূপ উপস্থান করেন, তাহার কাম অর্থাৎ অভিলষিত বিষয় কখনও সুসম্পন্ন হয় না: অথবা [গায়ত্রীবিদ ব্যক্তি আত্মহিতের জন্য এইরূপেও উপস্থান করিতে পারেন যে,] আমি অমুক ফল প্রাপ্ত হইব; [তাহা হইলে, তাহার সেই কাম্য ফল সুসিদ্ধ হয়]॥ ৩৬২ ॥ ৭ ॥

শাঙ্করভাষ্যম্।—তস্যা উপস্থানম্—তস্যা গায়ত্র্যা উপস্থানম্ উপেত্য স্থানং নমস্করণমনেন মন্ত্রেণ। কোঽসৌ মন্ত্রঃ? ইত্যাহ—হে গায়ত্রী, অসি ভবসি, ত্রৈলোক্যপাদেন একপদী, ত্রয়ীবিদ্যারূপেণ দ্বিতীয়েন দ্বিপদী, প্রাণাদিনা তৃতীয়েন ত্রিপদ্যসি, চতুর্থেন তুরীয়েণ চতুষ্পদ্যসি; এবং চতুর্ভিঃ পাদৈরুপাস্যসে; অতঃ পরং পরেণ নিরুপাধিকেন স্বেনাত্মনা অপদসি,—অবিদ্যমানঃ পদং যস্যাস্তব—যেন পদ্যসে, সা ত্বমপদসি, যস্মাদ্ধি পদ্যসে নেতি নেত্যাত্মত্বাৎ। অতো ব্যবহারবিষয়ায় নমস্তে তুরীয়ায় দর্শতায় পদায় পরোরজসে। অসৌ শত্রুঃ পাপ্মা ত্বৎপ্রাপ্তিবিঘ্নকরঃ, অদঃ তদাত্মনঃ কার্য্যং যৎ ত্বৎপ্রাপ্তিবিঘ্নকর্তৃত্বং মাপ্রাপৎ মৈব প্রাপ্নোতু; ইতিশব্দো মন্ত্রপরিসমাপ্ত্যর্থঃ॥

যং দ্বিষ্যাৎ—যং প্রতি দ্বেষং কুর্য্যাৎ স্বয়ং বিদ্বান্, তং প্রত্যনেনোপস্থানম্; অসৌ শত্রুঃ অমুকনামেতি নাম গৃহ্নীয়াৎ, অস্মৈ যজ্ঞদত্তায় অভিপ্রেতঃ কামো মা সমৃদ্ধি সমৃদ্ধিং মা প্রাপ্নোত্বিতি বোপতিষ্ঠতে; ন হৈবাস্মৈ দেবদত্তায় স কামঃ সমৃধ্যতে; কস্মৈ? যস্মৈ এবমুপতিষ্ঠতে। অহমদো দেবদত্তাভিপ্রেতং প্রাপমিতি

বা উপতিষ্ঠতে। অসাবদো মা প্রাপদিত্যাদিত্রয়াণাং মন্ত্রপদানাং যথাকামং বিকল্পঃ ॥ ৩৬২ ॥ ৭ ॥

টীকা। প্রকৃতমুপাসনমেব মন্ত্রেণ সংগৃহ্ণাতি—তস্যা ইত্যাদিনা। ধ্যেয়ং রূপমুক্ত্বা জ্ঞেয়ং মাত্রয়া রূপমুপস্থাপয়তি—অতঃ পরমিতি। চতুর্থস্য পাদস্য পাদত্রয়াপেক্ষয়া প্রাধান্যমভিপ্রেত্যাহ—অত ইতি। যথোক্তনমস্কারস্য প্রয়োজনমাহ—অসাবিতি।

দ্বিবিধমুপস্থানমাভিচারিকমাভ্যুদয়িকং চ, তত্রাদ্যং যেনা দ্যুৎপাদয়তি—যং দ্বিষ্যাদিতি। নাম গৃহ্ণীয়াৎ, তদীয়ং নাম গৃহীত্বা চ তদভিপ্রেতং মা প্রাপদিত্যনেনোপস্থানমিতি সম্বন্ধঃ। আভ্যুদয়িকমুপস্থানং দর্শয়তি—অহমিতি। কীদৃগুপস্থানমত্র মন্ত্রপদেন কর্তব্যমিত্যাশঙ্ক্য যথারুচি বিকল্পং দর্শয়তি—অসাবিতি। ৩৬২। ৭।

ভাষ্যানুবাদ।—সেই গায়ত্রীর উপস্থান কথিত হইতেছে—এই মন্ত্র দ্বারা গায়ত্রীর উপস্থান—সমীপগত হইয়া অবস্থান অর্থাৎ নমস্কার বিহিত হইতেছে। সেই মন্ত্রটা কি? তাহা বলা হইতেছে—হে গায়ত্রি, তুমি হইতেছ—পূর্ব্বোক্ত ত্রৈলোক্যপাদ দ্বারা একপদী, ত্রয়ীবিদ্যারূপ দ্বিতীয়পাদ দ্বারা দ্বিপদী, প্রাণাদিরূপ তৃতীয় পাদ দ্বারা ত্রিপদী, এবং চতুর্থ পাদ দ্বারা চতুষ্পদী। তুমি এইরূপ চারিটী পাদ দ্বারা বিশেষিত হইয়া উপাসকগণের নিকট পরিজ্ঞাত হইয়া থাক; ইহার পর কিন্তু সর্ব্বোপাধিবর্জ্জিত স্বীয় রূপে তুমি আবার অপদ্ও বটে; তোমার পদ—যাহা দ্বারা তোমাকে জানা যাইতে পারে, তাহা বর্ত্তমান নাই; কারণ, 'নেতি নেতি' শ্রুতিগম্য নিষ্প্রপঞ্চ ভাবই তোমার স্বরূপ; সুতরাং উহা অবেদ্য (অবিজ্ঞেয়); অবেদ্য বলিয়াই তুমি হইতেছ অপদ্। অতএব লোকব্যবহারের বিষয়ীভূত তোমার পরোরজা দর্শত তুরীয় পদের উদ্দেশ্যে নমস্কার।

গায়ত্রীবিদ্ পুরুষ যাহার প্রতি দ্বেষ করেন, তাহার নামগ্রহণপূর্ব্বক এই মন্ত্রে উপস্থান করিবেন যে, অমুক পাপাত্মা শত্রু যেন নিজের অভীষ্ট কার্য্যে—তোমার প্রাপ্তি বিষয়ে আমার বিঘ্ন সমুৎপাদনে সমর্থ না হয় ইতি। এখানে 'ইতি' শব্দটা মন্ত্রসমাপ্তিসূচক। এইরূপে উপস্থান করিবেন; অথবা গায়ত্রীবিদ্ পুরুষ যাহার প্রতি বিদ্বেষপরবশ হইবেন, তাহার উদ্দেশ্যে এইরূপে উপস্থান করিবেন;—আমার শত্রুর নাম—অমুক, এই বলিয়া প্রথমে তাহার নাম গ্রহণ করিবেন, পরে, অমুকনামক শত্রুর অভিপ্রেত—অভিলষিত অর্থাৎ প্রার্থনীয় বিষয় সমৃদ্ধি লাভ (পুষ্টিলাভ) না করুক, এইরূপে উপস্থান করিবেন। নিশ্চয়ই তাহার সেই কাম্য বিষয় সুসম্পন্ন হইবে না। কাহার? না, যাহার জন্য ঐরূপে উপস্থান করিয়া থাকেন। অথবা আমি অমুকের অভিলষিত অমুক বিষয়টী

প্রাপ্ত হইব, এইরূপে উপস্থান করিবেন। উক্ত মন্ত্রে কথিত 'অসৌ অদঃ মা প্রাপৎ' ইত্যাদি তিনটী প্রার্থনা-মন্ত্রের মধ্যে যাহার যাহা ভাল লাগে, সে তাহাই করিতে পারে; ইহা ব্যক্তিগত রুচি অনুসারে ইচ্ছাবিকল্পের স্থল (১) ॥৩৬২॥৭॥

এতদ্ধ বৈ তজ্জনকো বৈদেহো বুড়িলমাশ্বতরাশ্বিমুবাচ, যন্নু হো তদ্গায়ত্রীবিদব্রূথা অথ কথꣳ হস্তীভূতো বহসীতি, মুখꣳহ্যস্যাঃ সম্রাণ্ন বিদাঞ্চকারেতি হোবাচ। তস্যা অগ্নিরেব মুখং যদি হ বা অপি বহ্বিবাগ্নাবভ্যাদধতি সর্ব্বমেব তৎ সন্দহত্যেবꣳ হৈবৈবংবিদ্ যদ্যপি বহ্বিব পাপং কুরুতে সর্ব্বমেব তৎ সংপ্সায় শুদ্ধঃ পূতোঽজরোঽমৃতঃ সম্ভবতি ॥ ৩৬৩ ॥ ৮ ॥

পঞ্চমস্য চতুর্দ্দশং ব্রাহ্মণম্ ॥ ৫ ॥ ১৪ ॥

সরলার্থঃ।—[আখ্যায়িকামুখেন গায়ত্র্যা মুখবিজ্ঞানস্যার্থবাদ উচ্যতে—"এতদ্ধ বৈ" ইত্যাদিনা।] বুড়িলো নাম কশ্চিৎ গায়ত্র্যা মুখবিজ্ঞানাভাবদোষেণ হস্তী ভূত্বা রাজানমুবাহ, তমবলম্ব্য ইয়মাখ্যায়িকা প্রবৃত্তা]।

বৈদেহঃ জনকঃ তৎ এতৎ (গায়ত্রীবিজ্ঞান-মাহাত্ম্যং) আশ্বতরাশ্বিং (অশ্বতরাশ্বস্য অপত্যং) বুড়িলং উবাচ—বৈশব্দঃ স্মরণার্থকঃ। হো (অহো বুড়িল), নু (বিতর্কে); [ত্বং] যৎ তদ্গায়ত্রীবিদ্ [অস্মি ইতি] অব্রূথাঃ (কথিতবান্ অসি); অথ (বিরোধদ্যোতনে), কথং (কেন কারণেন তর্হি) হস্তীভূতঃ (হস্তিভাবম্ আপন্নঃ সন্) বহসি [মাম্] ইতি। [বুড়িলঃ] উবাচ—হে সম্রাট্, অস্যাঃ (গায়ত্র্যাঃ) মুখং হি ন বিদাংচকার (ন বিদিতবান্ অহং, তেন অপরাধেন হস্তীভূতোঽস্মি) ইতি। [জনক আহ—] অগ্নিঃ এব তস্যাঃ (গায়ত্র্যাঃ) মুখম্;

---

(১) তাৎপর্য্য—গায়ত্রীর উপস্থান দুই প্রকারে সম্পাদিত হইতে পারে; এক আভিচারিকরূপে, অপর আভ্যুদয়িকরূপে। আভিচারিকের আবার দুই প্রকার ভেদ প্রদর্শন করিতেছেন। (১) 'অসৌ * * * মা প্রাপৎ' ইতি; (২) "অস্মৈ * * * মা সমৃদ্ধীতি।" আভ্যুদয়িক উপস্থান হইতেছে একটী "অহম্ অদঃ প্রাপম্" ইতি। এই তিন প্রকারের মধ্যে কাহাকে কোন উপস্থানটী গ্রহণ করিতে হইবে, তাহার কোন নিয়ম নাই; যাহার যেরূপ অভিলাষ বা রুচি, তিনি সেই প্রকার উপস্থানই গ্রহণ করিতে পারেন। এই অভিপ্রায় জ্ঞাপনের উদ্দেশ্যে ভাষ্যকার বলিয়াছেন যে,—"যথাপদানাং যথাকামং বিকল্পঃ," অর্থাৎ যাহার যেরূপ কামনা, তাহার পক্ষে সেইরূপ উপস্থানই প্রযোজ্য; কিন্তু সকলকেই যে, একইরূপ করিতে হইবে, তাহার কোন নিয়ম নাই।

যদি হবৈ বহু ইব (এব, অনেকমেব বস্তু) অগ্নৌ অভ্যাদধতি (প্রক্ষিপন্তি) [জনাঃ], তৎ সর্ব্বম্ এব [অগ্নিঃ যথা] সংদহতি, এবম্ এব হ এবংবিদ্ যদি অপি বহু ইব পাপং (পাপকরং কর্ম্ম) কুরুতে, তৎ সর্ব্বম্ এব সংপ্সায় (ভক্ষয়িত্বা ভস্মীকৃত্য) শুদ্ধঃ (পাপসংস্পর্শরহিতঃ) পূতঃ (কর্ম্মফলৈঃ অসংস্পৃষ্টঃ) অজরঃ অমৃতঃ [চ] ভবতি ॥ ৩৬৩ ॥ ৮ ॥

মূলানুবাদ ।—[এখন গায়ত্রীর মুখ-বিজ্ঞানের প্রশংসা প্রদর্শিত হইতেছে]—বিদেহাধিপতি জনক অশ্বতরাশ্বির পুত্র বুড়িলকে সম্বোধন করিয়া বলিয়াছিলেন—হে বুড়িল, তুমি যে, নিজেকে গায়ত্রীবিদ্ বলিয়া পরিচয় প্রদান করিতেছ, তবে তুমি এইরূপ হস্তী হইয়া বহন করিতেছ কেন ? [বুড়িল] বলিলেন—হে সম্রাট্, আমি গায়ত্রীর মুখ যে কি, তাহা জানিতে পারি নাই, [তাহার ফলে এই-রূপ হইয়াছি]। জনক বলিলেন—অগ্নিই গায়ত্রীর মুখ। লোকে যদি অগ্নিতে বহু বস্তুও প্রক্ষেপ করে, তাহা হইলে অগ্নি যেরূপ সে সমস্তকে দগ্ধ করে, তেমনি গায়ত্রীমুখবিদ্ পুরুষও যদি বহু পাপকর্ম্মও করেন, তাহা হইলেও, সেই সমুদয় পাপ ভক্ষণ করিয়া—বিনষ্ট করিয়া শুদ্ধ (পাপে অসংস্পৃষ্ট), পূত (পাপবাসনা দ্বারাও অসম্বন্ধ) এবং অজর ও অমর হইয়া থাকেন ॥ ৩৬৩ ॥ ৮ ॥

ইতি পঞ্চমাধ্যায়ে চতুর্দ্দশব্রাহ্মণব্যাখ্যা ॥ ৫ ॥ ১৪ ॥

শাঙ্করভাষ্যম্ ।—গায়ত্র্যা মুখবিধানায় অর্থবাদ উচ্যতে—এতদ্ধ কিল বৈ স্মর্য্যতে, তত্তত্র গায়ত্রীবিজ্ঞানবিষয়ে। জনকঃ বৈদেহঃ, বুড়িলো নামতঃ অশ্বতরাশ্বস্যাপত্যমাশ্বতরাশ্বিঃ, তং কিলোক্তবান্। যন্নু ইতি বিতর্কে ; হো অহো ইত্যেতৎ। তদ্ যৎ ত্বং গায়ত্রীবিদ্ অব্রূথাঃ গায়ত্রীবিদস্মীতি যদব্রথাঃ, কিমিদং তস্য বচসোঽননুরূপম্ ? অথ কথম্, যদি গায়ত্রীবিদ্, প্রতিগ্রহ-দোষেণ হস্তী-ভূতো বহসীতি। স প্রত্যাহ রাজ্ঞা স্মারিতঃ—মুখং গায়ত্র্যা হি যস্মাদস্যাঃ হে সম্রাট্, ন বিদাঞ্চকার ন বিজ্ঞাতবানস্মীতি হোবাচ ; একাঙ্গবিকলত্বাৎ গায়ত্রী-বিজ্ঞানং মমাফলং জাতম্। শৃণু তর্হি, তস্যা গায়ত্র্যা অগ্নিরেব মুখম্ ; যদি হ বৈ অপি বহ্বিবেন্ধনং অগ্নাবভ্যাদধতি লৌকিকাঃ, সর্ব্বমেব তৎ সন্দহত্যেবেন্ধনমগ্নিঃ, এবং হ এব এবংবিদগায়ত্র্যা অগ্নির্মুখমিত্যেবং বেত্তীত্যেবংবিৎ স্যাৎ, স্বয়ং গায়-

ত্র্যাত্মা অগ্নিমুখঃ সন্। স যদ্যপি বহ্বিব পাপং কুরুতে প্রতিগ্রহাদিদোষম্, তৎ সর্ব্বং পাপজাতং সংপ্সায় ভক্ষয়িত্বা শুদ্ধোঽগ্নিবৎ পূতশ্চ তস্মাৎ প্রতিগ্রহদোষাদ্‌গায়ত্র্যাত্মা, অজরোঽমৃতশ্চ সম্ভবতি ॥ ৩৬৩ ॥ ৮ ॥

পঞ্চমাধ্যায়স্য চতুর্দ্দশং ব্রাহ্মণম্ ॥ ৫ ॥ ১৪ ॥

টীকা। কিং তদ্গায়ত্রীবিজ্ঞানপ্রতিকূলমুপলভ্যতে, তদাহ—অথেতি। পূর্ব্বাপরবিরোধাবদ্যোতকোঽথশব্দঃ। তথাপি গায়ত্রীবিজ্ঞানস্য ফলবত্ত্বে সতি প্রতিকূলমিদং হস্তীভূতস্য তস্য মাং প্রতি বহনমিত্যাশঙ্ক্যাহ—একাঙ্গেতি। রাজ্ঞা কৃতে—মুখমিতি। মুখবিজ্ঞানস্য দৃষ্টান্তাবষ্টম্ভেন ফলমাচষ্টে—যদীত্যাদিনা। ইবশব্দোঽবধারণার্থঃ। পাপসম্পর্করাহিত্যং শুদ্ধিস্তৎফলাসংস্পর্শস্তু পূতত্বমিতি ভেদঃ। গায়ত্রীজ্ঞানস্য ক্রমমুক্তিফলত্বং দর্শয়তি—গায়ত্র্যাত্মেতি। ৩৬৩ ॥ ৮ ॥

ইতি বৃহদারণ্যকোপনিষদ্ভাষ্যটীকায়াং পঞ্চমাধ্যায়স্য চতুর্দ্দশং ব্রাহ্মণম্। ৫। ১৪।

ভাষ্যানুবাদ।—গায়ত্রীর মুখবিষয়ক বিজ্ঞান-বিধির প্রশংসার্থ 'অর্থবাদ' বা প্রশংসাবাক্য কথিত হইতেছে—গায়ত্রীবিজ্ঞান বিষয়ে এইরূপ একটী আখ্যায়িকা স্মরণ হইতেছে,—বৈদেহ (বিদেহপতি) জনক বুড়িল নামে প্রসিদ্ধ অশ্বতরাশ্বের পুত্র আশ্বতরাশ্বিকে বলিয়াছিলেন—'যৎ হু' কথাটা বিতর্কবোধক অর্থাৎ শঙ্কা বা বিরোধসূচক। 'হো' অথ অহো—আশ্চর্য্যবোধক। সেই যে, তুমি গায়ত্রীবিদ্‌রূপে বলিয়াছিলে, অর্থাৎ আমি গায়ত্রীবিদ্ এই বলিয়া যে, আত্মপরিচয় দিয়াছিলে; এইরূপ ব্যবহার কি সেই কথার অনুরূপ হইতেছে? তুমি যদি নিশ্চয়ই গায়ত্রীবিদ্ হইবে, তবে প্রতিগ্রহ-দোষে হস্তী হইয়া বহন করিতেছ কেন? রাজা পূর্ব্ববৃত্তান্ত স্মরণ করাইয়া দিলে পর সে বলিল—হে সম্রাট্, যেহেতু আমি গায়ত্রীর মুখ অবগত হইতে পারি নাই, [সেইহেতু আমার এই অবস্থা]; ঐ একটা অংশ বিকল—অসম্পূর্ণ থাকায় আমার সমস্ত গায়ত্রী-বিজ্ঞানই বিফল হইয়াছে।

[জনক বলিলেন—যদি না জান,] তবে শ্রবণ কর; [আমি বলিয়া দিতেছি—] অগ্নিই সেই গায়ত্রীর মুখ; লোকে যদি কখনও বহুতর কাষ্ঠ অগ্নিতে নিক্ষেপ করে, তাহা হইলে, অগ্নি যেমন সেই সমস্ত কাষ্ঠই সম্পূর্ণরূপে দগ্ধ করে, তেমনি এবংবিদ্ অর্থাৎ অগ্নিই গায়ত্রীর মুখ, এই প্রকার বিজ্ঞানসম্পন্ন পুরুষও স্বয়ং গায়ত্রীস্বরূপ হন; কখনও যদি তিনি প্রতিগ্রহাদি দ্বারা বহুতর পাপও করেন, সেই সমস্ত পাপ ভক্ষণ করিয়া—বিনষ্ট করিয়া অগ্নির ন্যায় শুদ্ধ (সেই প্রতিগ্রহ—পাপে অসংস্পৃষ্ট) ও পূত (তাহার ফলসম্পর্কশূন্য) এবং গায়ত্রীস্বরূপে অজর ও অমর হইয়া থাকেন ॥ ৩৬৩ ॥ ৮ ॥

ইতি পঞ্চমাধ্যায়ে চতুর্দ্দশ ব্রাহ্মণের ভাষ্যানুবাদ ॥ ৫ ॥ ১৪ ॥

হিরণ্ময়েন পাত্রেণ সত্যস্যাপিহিতং মুখম্, তত্ত্বং পূষন্নপাবৃণু সত্যধর্ম্মায় দৃষ্টয়ে, পূষন্নেকর্ষে যম সূর্য্য প্রাজাপত্য ব্যূহ রশ্মীন্ সমূহ তেজো যত্তে রূপং কল্যাণতমম্, তত্তে পশ্যামি। যোঽসাবসৌ পুরুষঃ সোঽহমস্মি। বায়ুরনিলমমৃতমথেদং ভস্মান্তং শরীরম্। ওঁম্ ক্রতো স্মর কৃতং স্মর, ক্রতো স্মর কৃতং স্মর। অগ্নে নয় সুপথা রায়ে অস্মান্ বিশ্বানি দেব বয়ুনানি বিদ্বান্। যুযোধ্যস্মজ্জুহুরাণমেনো ভূয়িষ্ঠাং তে নম উক্তিং বিধেম ॥৩৬৪॥১॥

ইতি বৃহদারণ্যকোপনিষদি পঞ্চদশং ব্রাহ্মণম্ ॥ ৫ ॥ ১৫ ॥

ইতিবৃহদারণ্যক্যোপনিষৎসু পঞ্চমোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ ৫ ॥

বৃহদারণ্যকব্রাহ্মণক্রমেণ তু সপ্তমোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ ৭ ॥

সরলার্থঃ।—[পারত্র্যাস্বরীরপাদস্ত আদিত্যরূপত্বাৎ তদানীং তদুপস্থানমপি নক্তিময়ং, ইতি জ্ঞানকর্ম-সমুচ্চয়কারিণঃ প্রাণপ্রয়াণকালীনপ্রার্থনাপ্রকার উচ্যতে—"হিরণ্ময়েন" ইত্যাদিনা]।

হিরণ্ময়েন পাত্রেণ (জ্যোতির্ময়েন আদিত্যমণ্ডলেন) সত্যস্য (সত্যাখ্যস্য ব্রহ্মণঃ) মুখং (উপলব্ধিদ্বারং) অপিহিতম্ [অস্তি]; হে পূষন্ (সূর্য্য), ত্বং সত্যধর্ম্মায় (সত্যং ধর্ম্মঃ যস্য মম, সোঽহং সত্যধর্ম্মা, তস্মৈ মহ্যম্) দৃষ্টয়ে (দর্শনায়)—সত্যব্রহ্মোপলব্ধয়ে তৎ (দৃষ্টিপ্রতিবন্ধকং অপিধানং) অপাবৃণু (অপনয়)। হে পূষন্ (জগৎপোষক), হে একর্ষে (একশ্চাসৌ ঋষিশ্চ—প্রকাশাত্মকত্বাৎ জগতঃ দ্রষ্টা চ), হে যম (জগতঃ সংযমনকারক), হে সূর্য্য (রসানাং প্রাণানাং চ সমাক্ ঈরণাৎ প্রেরণাৎ সূর্য্য), হে প্রাজাপত্য (প্রজাপতেঃ হিরণ্যগর্ভস্য অপত্যম্), [অত্রানেকনামগ্রহণম্ অভিমুখীকরণার্থম্]; তে (তব) রশ্মীন্ (কিরণান্) ব্যূহ (অপনয়), তেজশ্চ সমূহ (সংকোচয়)। [তৎপ্রয়োজনমাহ—] তে (তব) যৎ কল্যাণতমং (সর্ব্বকল্যাণেভ্যঃ অতিশয়েন কল্যাণাত্মকং) রূপম্, তে (তব) তৎ (রূপং) পশ্যামি (দ্রষ্টুম্ ইচ্ছামি); [অতঃ দৃষ্টিরোধকরং তেজ উপসংহর]। যঃ অসৌ (ব্যাহৃত্যবয়বঃ) পুরুষঃ, অহং সঃ অসৌ (পুরুষস্বরূপঃ) অমৃতম্ অস্মি (ভবামি)। অথ বায়ুঃ (প্রাণঃ) অনিলং (বাহ্যং বায়ুং) [প্রতিগচ্ছতু]; ইদং শরীরং চ ভস্মান্তং (ভস্মীভূতং সৎ) [পৃথিবীং প্রতিগচ্ছতু]; [অন্যেষামপি ইন্দ্রিয়াদীনাং দেহোপাদানে প্রতিগমনোপলক্ষণার্থমেতদিত্যভিপ্রায়ঃ]

[অপেদানীং মনসি চিন্ত্যমানাম্ অগ্নিদেবতামভিমুখীকৃত্য ইদং প্রার্থয়তে। অত্র চ ওঁম্পদং মনঃপরম্, মনস ওঁঙ্কারপ্রতীকত্বাৎ সংকল্পপ্রধানত্বাচ্চ]। হে ওঁম্ (ওঁঙ্কারপ্রতীক), হে ক্রতো (সংকল্পময়ং মনঃ), স্মর (ইদানীং যৎ স্মর্ত্তব্যম্, তৎ স্মর), তথা কৃতং (যৎ প্রাগনুষ্ঠিতম্, তদপি) স্মর (আলোচয়); [আগ্রহাতিশয়প্রদর্শনার্থা 'ক্রতো স্মর, কৃতং স্মর' ইতি পুনরুক্তিঃ]। হে অগ্নে, রায়ে (ধনায়—কর্ম্মফলানি প্রাপ্তুম্) সুপথা (শোভনেন মার্গেণ উত্তরায়ণেন) নয় (মাং পরিচালয়); হে দেব, বিশ্বানি (নিখিলানি) বয়ুনানি (প্রজ্ঞানানি) বিদ্বান্ (জানন্ ত্বম্) জুহুরাণং (কুটিলং) এনঃ (পাপং) অস্মৎ (অস্মত্তঃ) যুযোধি বিয়োজয় ; তে (তুভ্যং) ভূয়িষ্ঠাং (প্রচুরতরাং) নমউক্তিং (বাচিকং নমস্কারং) বিধেম (কুর্ম্মঃ), [ইদানীং নান্তৎ সম্পাদয়িতুং সমর্থোঽস্মীতি ভাবঃ] ॥ ৩৬৪ ॥ ১ ॥

মূলানুবাদ ।—[এখন জ্ঞান ও কর্ম্মের এক সঙ্গে অনুষ্ঠানকারী ব্যক্তি দেহান্ত সময়ে মনোগত ভাবনা অনুসারে যেরূপ প্রার্থনা করিয়া থাকেন, তাহা কথিত হইতেছে]—হে পূষন্—জগৎপোষক সূর্য্য, তোমার হিরণ্ময় অর্থাৎ সমুজ্জ্বল মণ্ডলরূপ যে পাত্র দ্বারা সত্য ব্রহ্মের মুখ (উপলব্ধির দ্বার) আচ্ছাদিত হইয়া রহিয়াছে, তুমি তাহা অপসারণ কর ; কারণ, আমি সেই সত্যব্রহ্মে তৎপর ; তাঁহাকে দর্শন করিতে ইচ্ছা করি ; [অতএব আবরণ অপনয়ন কর]। হে পূষন্ (জগতের পোষণকারিন্), হে একর্ষে (অদ্বিতীয় তত্ত্বদর্শিন্), হে যম (সংযমনকারিন্), হে সূর্য্য, হে প্রাজাপত্য, তুমি তোমার রশ্মিসমূহ সংকোচিত কর, এবং দৃষ্টিবিঘাতকারী তোমার তেজঃপুঞ্জ অপনয়ন কর ; যাহাতে তোমার যাহা সর্ব্বোত্তম কল্যাণময় রূপ, সেই রূপটী দর্শন করিতে পারি। [পূর্ব্বে ব্যাহৃতি-অবয়বযুক্ত যে পুরুষের কথা বলা হইয়াছে, আমি এখন তৎস্বরূপ হইয়াছি ; আমার দেহত্যাগের পর] প্রাণবায়ু বাহ্য বায়ুতে মিলিত হউক, এবং এই শরীর ভস্মীভূত হইলে পর, দেহোপাদান পৃথিবীতে বিলীন হইয়া যাউক।

হে প্রণবাত্মক ও সংকল্পময় মন, তুমি এখন যাহা স্মরণ করিবার,

স্মরণ কর; এবং আজীবন যাহা করিয়াছ, তাহাও পুনঃ পুনঃ স্মরণ কর। হে অগ্নে, স্বকৃত কর্ম্মফল-প্রাপ্তির নিমিত্ত তুমি আমাদিগকে সুপথে (উত্তরায়ণ পথে) লইয়া চল; হে দেব, তুমি নিখিল লোকের বুদ্ধিবৃত্তি অবগত আছ; তুমি আমাদের কুটিলস্বভাব পাপসমূহ অপনীত কর; তোমাকে কেবল প্রচুর পরিমাণে প্রণাম করিতেছি, [এখন আমার আর কিছু করিবার ক্ষমতা নাই] ॥ ৩৬৪ ॥ ১ ॥

ইতি পঞ্চমধ্যায়ে পঞ্চদশ ব্রাহ্মণব্যাখ্যা ॥ ৫ ॥ ১৫ ॥

শাঙ্করভাষ্যম্।—যো জ্ঞানকর্ম্ম-সমুচ্চয়কারী, সোঽন্তকালে আদিত্যং প্রার্থয়তি।—অস্তি চ প্রসঙ্গঃ; গায়ত্র্যাস্তুরীয়ঃ পাদো হি সঃ; তদুপস্থানং প্রকৃতম্; অতঃ স এব প্রার্থ্যতে। ১

আপো বাস ইতি। অপো ভক্ষ্যমাণা বাসঃস্থানীয়াঃ তব। অত্র চ প্রাণস্য আপো বাস ইত্যেতদ্দর্শনং বিধীয়তে, ন বাসঃকার্য্যে আপো বিনিযোক্তুং শক্যাঃ; তস্মাদ্‌যথাপ্রাপ্তে অব্ভক্ষণে দর্শনমাত্রং কর্ত্তব্যম্। ন হ বৈ অস্য সর্ব্বং প্রাণস্যান্নমিত্যেবংবিদঃ অনন্নম্ অনদনীয়ং জগ্ধং ভুক্তং ভবতি হ। যদ্যপি অনেন অনদনীয়ং ভুক্তম্, অদনীয়মেব ভুক্তং স্যাৎ, ন তু তৎকৃতদোষেণ লিপ্যতে—ইত্যেতদ্বিদ্যাস্তুতিরিত্যবোচাম। তথা ন অনন্নং প্রতিগৃহীতম্, যদ্যপি অপ্রতিগ্রাহ্যং হস্ত্যাদি প্রতিগৃহীতং স্যাৎ, তদাপি অন্নমেব প্রতিগ্রাহ্যং প্রতিগৃহীতং স্যাৎ, তত্রাপি অপ্রতিগ্রাহ্য-প্রতিগ্রহদোষেণ ন লিপ্যতইতি স্তুত্যর্থমেব; য এবমেতদস্য প্রাণস্যান্নং বেদ, কস্মাৎ প্রাণাত্মভাব এব; ন হ্যেতৎ ফলাভিপ্রায়েণ, কিং তর্হি, স্তুত্যভিপ্রায়েণেতি। ৬

ননু এতদেব ফলং কস্মাৎ ন ভবতি? ন, প্রাণাত্মদর্শিনঃ প্রাণাত্মভাব এব ফলম্; তত্র চ প্রাণাত্মভূতস্য সর্ব্বাত্মনঃ অনদনীয়মপি আদ্যমেব; তথা অপ্রতিগ্রাহ্যমপি প্রতিগ্রাহ্যমেবেতি যথাপ্রাপ্তমেবোপাদায় বিদ্যা স্তূয়তে; অতো নৈব ফলবিধিসরূপতা বাক্যস্য। ৭

যস্মাদাপো বাসঃ প্রাণস্য; তস্মাদ্বিদ্বাংসঃ ব্রাহ্মণাঃ শ্রোত্রিয়া অধীতবেদাঃ, অশিষ্যন্তঃ ভোক্ষ্যমাণাঃ, আচামন্তি অপঃ, অশিত্বা আচামন্তি ভুক্ত্বা চোত্তরকালম্ অপো ভক্ষয়ন্তি। অত্র তেষামাচামতাং কোঽভিপ্রায় ইত্যাহ—এতমেব অনং প্রাণমনগ্নং কুর্ব্বন্তো মন্যন্তে। অস্তি চৈতৎ—যো যস্মৈ বাসো দদাতি, স তমনগ্নং করোমীতি হি মন্যতে; প্রাণস্য চাপো বাস ইতি হ্যুক্তম্। যদপঃ পিবামি, তৎ প্রাণস্য বাসো দদামীতি বিজ্ঞানং কর্ত্তব্যমিত্যেবমর্থমেতৎ। ৮

ননু ভোক্ষ্যমাণো ভুক্তবাংশ্চ প্রযতো ভবিষ্যামীত্যাচামতি; তত্র চ প্রাণস্যানগ্নতাকরণার্থত্বে চ দ্বিকার্য্যতা আচমনস্য স্যাৎ। নচ কার্য্যদ্বয়মাচমনস্যৈকস্য যুক্তম্; যদি প্রায়ত্যার্থং, নানগ্নতার্থম্; অথ, অনগ্নতার্থম্, ন প্রায়ত্যার্থম্; যস্মাদেবম্, তস্মাদ্দ্বিতীয়ম্ আচমনান্তরং প্রাণস্যানগ্নতাকরণায় ভবতু; ন, ক্রিয়াদ্বিত্বোপপত্তেঃ; দ্বে হ্যেতে ক্রিয়ে; ভোক্ষ্যমাণস্য ভুক্তবতশ্চ যদাচমনং স্মৃতিবিহিতম্; তৎ প্রায়ত্যার্থং ভবতি ক্রিয়ামাত্রমেব; ন তু তত্র প্রায়ত্যং দর্শনাদি অপেক্ষতে; তত্র চ আচমনাঙ্গভূতাসু অপ্সু বাসোবিজ্ঞানং প্রাণস্য ইতিকর্ত্তব্যতয়া চোদ্যতে; ন তু তস্মিন্ ক্রিয়মাণে আচমনস্য প্রায়ত্যার্থতা বাধ্যতে, ক্রিয়ান্তরত্বাদাচমনস্য। তস্মাদ্ভোক্ষ্যমাণস্য ভুক্তবতশ্চ যদাচমনম্, তত্রাপো বাসঃ প্রাণস্যেতি দর্শনমাত্রং বিধীয়তে, অপ্রাপ্তত্বাদন্যতঃ॥ ৩৭৮॥ ১৪॥

ইতি ষষ্ঠাধ্যায়ে প্রথম-ব্রাহ্মণভাষ্যম্॥ ৬॥ ১॥

টীকা।—সা হ বাগিতি প্রতীকমাদায় ব্যাচষ্টে—প্রথমমিতি। তেন বসিষ্ঠগুণেন ত্বমেব বসিষ্ঠোঽসি, তথা চ তদ্বসিষ্ঠঃ তবৈবেতি যোজনা। বলিদানমঙ্গীকৃতবাগ্বাদ্যশী পৃচ্ছতি—সাস্তবমিত্যাদিনা। এবংগুণবিশিষ্টস্য জ্যেষ্ঠশ্রেষ্ঠবসিষ্ঠাদিসংবন্ধস্য অর্থঃ। যদিদমিত্যাদি বাক্যং ব্যাচষ্টে—যদিদমিতি। প্রকৃতেন শ্বাদিভ্যেন কীটাদীনাং চান্নেন সহ যৎকিঞ্চিৎ কৃমিভিঃ ভুজ্যতে, তৎ সর্ব্বমেব তবান্নমিতি যোজনা। তদেব স্ফুটয়তি—যৎ কাচিদিতি। পদার্থমুক্ত্বা বাক্যার্থং কথয়তি—সর্ব্বমিতি। ১

অস্মিন্নেব বাক্যে পক্ষান্তরমুখাপেক্ষতি—কেচিদ্বিতি। স হ বা অন্তেভ্যাস্তর্থবাদদর্শনাদিতার্থঃ। তদ্ দূষয়তি—তদসদিতি। শাস্ত্রান্তরেণ কৃময়ো ভবন্ত্যভক্ষাভক্ষিণ ইত্যাদিনেত্যর্থঃ। প্রাণবিদ্বিত্তিরিক্তবিষয়ং শাস্ত্রান্তরং, সর্ব্বভক্ষণং তু প্রাণদর্শিনো বিবক্ষিতম্, অতো ব্যবস্থিতবিষয়ত্বাৎ

প্রতিষেধেন সর্ব্বভক্ষণস্যোদিতাশুদ্ধিহেতোর্ব্বিধিকথং স্যাদিতি শঙ্কতে—তেনেতি। কিং তৎ সর্ব্বান্নভক্ষণং বিহিতং ন বা? ন চেৎ, ন তস্য নিষিদ্ধস্যানুষ্ঠানং প্রাণবিদি, তৎপ্রাপকাভাবাৎ; বিহিতং চেৎ, তৎ কিং যদিদমিত্যাদিনা ন হেত্যাদিনা বা বিহিতং? নাদ্য ইত্যাহ—নাবিধায়কত্বাদিতি। যদিদমিত্যাদিনা হি সর্ব্বং প্রাণস্যান্নমিতি জ্ঞানমেব বিধীয়তে, ন তু প্রাণবিদঃ সর্ব্বান্নভক্ষণং, তদবস্থোতিপদাভাবান্ন বিকল্পোপপত্তেরিত্যর্থঃ। দ্বিতীয়ং দূষয়তি—ন বা ইতি। অন্তেতি বিষৎপরামর্শান্নিপাতয়োরর্থবাদস্যোতিনোর্দর্শনাদেকবাক্যত্বসম্ভবে বাক্যভেদস্যা-ন্যায্যত্বাচ্চেতি হেতুমাহ—তেনেতি। অর্থবাদস্যাপি স্বার্থে প্রামাণ্যং দেবতাধিকরণন্যায়েন ভবিষ্যতীত্যাশঙ্ক্য "ন কলঞ্জং ভক্ষয়েৎ" ইত্যাদিবিহিতস্য ভক্ষণাভাবস্য বাধনে, ন হেত্যাদেন সামর্থ্যং, দৃষ্টিপরত্বাদস্য, মানান্তরবিরোধে স্বার্থে মানত্বাযোগাদিত্যাহ—ন ত্বিতি। ন হেত্যা-দেরন্নপরত্বং প্রপঞ্চয়তি—প্রাণমাত্রস্যেতি। ২

তত্র দোষাভাবজ্ঞাপনাত্তদেব বিধিৎসিতমিত্যাশঙ্ক্যাহ—যত্ত্বিতি। অর্থবাদস্য মানান্তর-বিরোধে স্বার্থে মানত্বাযোগস্যোক্তত্বাদিতি ভাবঃ। প্রমাণেস্তাবস্তান্নিদ্বিমাশঙ্কতে—বিদুষ ইতি। সামর্থ্যাৎ প্রাণস্বরূপবলাদিতি যাবৎ। অদোষঃ সর্ব্বান্নভক্ষণং ভবত্বিতি শেষঃ। অর্থাপত্তিং দূষয়তি—নেত্যাদিনা। অনুপপত্তিমেব বিবৃণোতি—সত্যমিতি। যেনেত্যস্মাৎ প্রাক্ তথাপীতি বক্তব্যং বক্ষ্যমাণোপক্রমাৎ। প্রাণস্বরূপসামর্থ্যাদনুপপত্তিরপি নাস্তীতি শঙ্কতে—নন্বিতি। কিং কলাত্মনা বিদুষঃ সর্ব্বান্নভক্ষণং সাধ্যতে, কিং বা সাধকস্বরূপেণেতি বিকল্প্যাদ্যমঙ্গীকরোতি—বাঢ়মিতি। প্রাণরূপেণ সর্ব্বভক্ষণং ভবত্বিত্যর্থঃ। তত্র প্রতিষেধাভাবে সদৃষ্টান্তং ফলিতমাহ—তস্মাদিতি। তথা স্বারসিকং প্রাণস্য সর্ব্বভক্ষণং তত্র চাপ্রতিষেধাৎ, দোষরাহিত্যমিতি শেষঃ। তদ্রাহিত্যং কিং স্যাদিতি চেত্তদাহ—অত ইতি। পক্ষমাৰ্থমেব স্ফোরয়তি—অপ্রাপ্তত্বাদিতি। ইহেতি প্রাণবিদুচ্যতে। নিষিদ্ধস্যৈবাদেতাস্যাপ্রাপ্তবিষয়ো বিধিঃ প্রতিপ্রসবঃ, যথা ঋত্বিক্তে-শনপ্রতিষেধেঽপ্যৌষধং পিবেদিতি, তথা শাস্ত্রাধিকারিণঃ সর্ব্বাভক্ষ্যভক্ষণনিষেধেঽপি প্রাণবিদে বিশেষবিধিনোপলভ্যতে, তথা চ তস্য ভক্ষণং দুঃসাধ্যমিত্যর্থঃ। প্রতিপ্রসবাভাবে দোষং দর্শয়তি—তস্মাদিতি। অর্থবাদস্য তর্হি কা গতিরিত্যাশঙ্ক্যাহ—অন্যবিষয়ত্বাদিতি। তস্য স্তুতিমাত্রার্থত্বান্ন তদ্বশান্নিষেধাতিক্রম ইত্যর্থঃ। ১

নন্বিদং বিশিষ্টস্য প্রাণস্য সর্ব্বান্নত্বদর্শনমত্র বিধীয়তে, তথা চ বিদুষোঽপি তদাত্মনঃ সর্ব্বান্নভক্ষণে ন দোষো যথাদর্শনং ফলাভ্যুপগমাৎ, অত আহ—ন চেতি। ইতোঽপি সর্ব্বং প্রাণস্যান্নমিতে-তদবস্থত্বেন প্রাণবিদঃ সর্ব্বভক্ষণং ন বিধেয়মিত্যাহ—তথা চেতি। প্রাণস্য যথোক্তস্য স্বীকারেঽপি কস্যচিৎ কিঞ্চিদন্নং জীবনহেতুরিত্যত্র দৃষ্টান্তমাহ—যথেতি। তথা সর্ব্বপ্রাণিষু ব্যবস্থাশ্রয়বেশে দার্ষ্টান্তিকমাহ—তথেতি। প্রাণবিদোঽপি কার্য্যকরণবতো নিষেধাতিক্রমাযোগে ফলিতমাহ—তস্মাদিতি। ৪

বাক্যান্তরমাদায় ব্যাকরোতি—আপ ইতি। স্মার্তাচমনাদন্যদেব শ্রৌতমাচমনমস্তীতোঽ-য়প্রাপ্তং বিধেয়ং, তদর্থমিদং বাক্যমিতি কেচিৎ, তান্ প্রত্যাহ—অত্র চেতি। বাসঃ কার্য্যং পরি-ধানম্। সাক্ষাদপাং বিনিয়োগাযোগে প্রাপ্তমর্থমাহ—তস্মাদিতি। যদিদং কিঞ্চেত্যাদ্যুক্তং

পতঙ্গ হইতে আরম্ভ করিয়া যে সমস্ত প্রাণী এবং ঐ কুকুর, কৃমি ও কীট পতঙ্গের যাহা অন্ন (ভক্ষণীয়), তাহার সহিত প্রাণিগণের ভক্ষণীয় যাহা কিছু আছে, সেই সমস্তই তোমার অন্ন। এখানে সর্ব্বত্র প্রাণান্ন-দৃষ্টিমাত্র বিহিত হইতেছে। ১

কেহ কেহ বলেন যে, প্রাণান্নবিদ্ পুরুষের পক্ষে সর্ব্বান্ন-ভক্ষণেও যে, কোন প্রকার দোষ হয় না, ইহা প্রতিপাদন করাই এই শ্রুতির উদ্দেশ্য। বস্তুতঃ সে কথা সত্য নহে; কারণ, শাস্ত্রান্তরে সর্ব্বভক্ষণ প্রতিষিদ্ধ হইয়াছে। যদি বল, সেই নিষেধক শাস্ত্রের সহিত ইহার বিকল্প হউক, অর্থাৎ সর্ব্বান্ন-ভক্ষণ কাহারো পক্ষে নিষিদ্ধ, আবার কাহারো পক্ষে বিহিত, এইরূপ ব্যবস্থা করা হউক? না, তাহাও হইতে পারে না; কারণ, এই শ্রুতিটী সর্ব্বান্ন-ভক্ষণের বিধায়ক নহে; পরন্তু 'তাহার পক্ষে কখনও অনন্ন ভক্ষিত হয় না', এই কথাটি 'সমস্তই প্রাণের অন্ন' এই বাক্যবিহিত বিজ্ঞানের (উপাসনার) স্তুতিপ্রকাশক মাত্র; সুতরাং নিষেধক শাস্ত্রের সহিত ইহার একবাক্যতা বা একার্থপরতা হওয়াই উচিত, কিন্তু শাস্ত্রান্তরে বিহিত বা নিষিদ্ধ বিষয়ের বাধা করিতে ইহার শক্তি নাই; কারণ, এই বাক্যটী হইতেছে—অন্যার্থপর; অর্থাৎ প্রাণান্ন-বিজ্ঞানের স্তাবক মাত্র (১)। অতএব বুঝিতে হইবে যে, প্রাণমাত্রেরই যে, সমস্ত বস্তু অন্নস্বরূপ, তদ্বিষয়ক দৃষ্টি করাই (উপাসনা করাই) এখানে বিধিৎসিত (বিধানকরা অভিপ্রেত), কিন্তু 'সমস্ত বস্তু ভক্ষণ করিবে' এই প্রকার বিধি নহে। অতএব সর্ব্বভক্ষণে যে দোষাভাব জ্ঞান, তাহা নিশ্চয়ই ভ্রমাত্মক; কারণ, সে বিষয়ে কোন প্রমাণ নাই। ২

যদি বল, বিদ্বান্ পুরুষ নিজেও যখন প্রাণস্বরূপ হইয়া যান, তখন তাহার পক্ষে সর্ব্বান্ন গ্রহণ করাও সম্ভবপরই হয়; সুতরাং সর্ব্বান্ন-ভক্ষণে তাহার দোষ হইবে কেন? না, তাহাও বলিতে পার না; কারণ, তাহার পক্ষেও সর্ব্বান্ন-গ্রহণ

---

(১) তাৎপর্য্য—বস্তু বা কার্য্যবিধির প্রকাশক বাক্য সাধারণতঃ দুই শ্রেণীতে বিভক্ত; এক স্বার্থপর, অপর অন্যার্থপর। স্বপ্রতিপাদ্য বিষয় প্রতিপাদনেই যে বাক্যের তাৎপর্য্য বুঝিতে হইবে, সেই বাক্যটী স্বার্থপর; আর যে বাক্যের অন্য কোনও বিষয় প্রতিপাদনেই মুখ্য তাৎপর্য্য, কিন্তু প্রসঙ্গক্রমে বা মুখ্যার্থের আনুকূল্যসাধকরূপে অন্য কোন বিষয়েরও প্রতিপাদন করে, সেই বাক্য হয় অন্যার্থপর। অন্যার্থপর বাক্যোক্ত বিষয়টী শাস্ত্রান্তর-বিহিত বিধির সহিত বিরুদ্ধ হইলে, কখনই তাহাকে বাধা দিতে পারে না। এখানেও প্রাণান্নবিদের যে, সর্ব্বান্নভক্ষণের কথা, তাহা কেবল প্রাণান্ন-বিদ্যার প্রশংসা জ্ঞাপক মাত্র; সুতরাং এই বাক্য দ্বারা কখনই শাস্ত্রান্তরনিষিদ্ধ সর্ব্বান্নভক্ষণ বাধিত হইতে পারে না।

করা সম্ভবপর হয় না। অভিপ্রায় এই যে, বিদ্বান্ পুরুষ যদিও জ্ঞানবলে প্রাণ-স্বরূপই হন সত্য, তথাপি, যে দেহেন্দ্রিয়াদি-সমষ্টিবিশেষ লইয়া তাঁহার বিদ্বত্তা (বিদ্যা), সেই দেহে ত কৃমি কীট ও পতঙ্গাদি ভক্ষণ করা কথনই উপপন্ন হইতে পারে না; সুতরাং তাহার জন্য যে, সর্ব্বান্ন-ভক্ষণে দোষাভাব জ্ঞাপন, তাহা সম্পূর্ণ নিরর্থক; কারণ, তাহার ভক্ষণজনিত দোষের প্রাপ্তি-সম্ভাবনাই হয় না। ৩

ভাল, বিদ্বান্ পুরুষ যখন প্রাণস্বরূপই হইয়া যান, তখন তিনি ত কৃমি-কীটাদির অন্নও অবশ্যই ভক্ষণ করেন! হাঁ, একথা আংশিক সত্য বটে; কিন্তু প্রাণস্বরূপে সর্ব্বান্ন ভক্ষণ করিতে ত কোন নিষেধও নাই; অতএব সে স্থলে যে, দোষাভাব, তাহাত দৈবরক্ত কিংশুকের তুল্য। (১) সুতরাং সেইরূপে (প্রাণ-স্বরূপে) সর্ব্বান্ন-ভক্ষণে দোষাভাব জ্ঞাপন করিবার কিছুমাত্র প্রয়োজনই হয় না; কেন না, সে স্থলে অশেষান্ন ভক্ষণজনিত দোষের প্রাপ্তি-সম্ভাবনাই নাই; [যাহার প্রাপ্তি-সম্ভাবনা থাকে, তাহারই নিষেধ করা আবশ্যক হয়, অপ্রাপ্তের নিষেধ উন্মত্তের কার্য্য ভিন্ন আর কিছুই হইতে পারে না]। পক্ষান্তরে, যে দেহেন্দ্রিয়সংঘাতের সহিত সম্বন্ধনিবন্ধন সর্ব্বান্ন-ভক্ষণের নিষেধ করা হইতেছে, সেই দেহেন্দ্রিয়-সংঘাতের সম্বন্ধে ত এখানে কোনও প্রতিপ্রসব (নিষিদ্ধের পুনঃ অনুমোদন) করা হয় নাই; অতএব শাস্ত্রান্তরোক্ত প্রতিষেধের অতিক্রমে অবশ্যই দোষ হইতে পারে; যেহেতু উহা প্রাণান্নবিজ্ঞানের স্তুতিপর মাত্র। ৪

তাহার পর, এখানে কেবল ব্রাহ্মণাদি শরীরবিশেষের জন্য সর্ব্বান্নদর্শন বিহিত হয় নাই; পরন্তু প্রাণমাত্রের জন্যই হইয়াছে, অর্থাৎ এখানে সাধারণতঃ সমস্ত প্রাণেরই যে, সমস্ত অন্নের সহিত সম্বন্ধ রহিয়াছে, কেবল তাহাই প্রদর্শিত হইয়াছে; কিন্তু ব্রাহ্মণাদি শরীভেদ অনুসারে প্রদর্শিত হয় নাই। প্রাণের সর্ব্বান্নসম্বন্ধ নিশ্চিতসত্বেও যেমন কোন কোন অন্নই কোন কোন প্রাণীর জীবন-রক্ষার হেতুভূত হইয়া থাকে,—যেমন বিষকৃমির পক্ষে বিষই জীবন-রক্ষার উপায় হয়; সেই বিষ প্রাণের অন্ন হইয়াও, অপরের পক্ষে প্রত্যক্ষসিদ্ধ মরণাদি দোষ সমুৎপাদন করিয়া থাকে, তেমনি প্রাণ সর্ব্বান্নভুক্ হইলেও, ব্রাহ্মণাদিশরীরের সহিত সম্বন্ধ নিবন্ধনই অর্থাৎ ব্রাহ্মণাদি বিশিষ্ট-

---

(১) তাৎপর্য্য—'দৈবরক্ত কিংশুক' কথার অর্থ এই যে, কিংশুক (পলাশ পুষ্প) স্বভাবতই রক্তবর্ণ, উহা কোন ব্যক্তিবিশেষের চেষ্টার ফল নহে, পরন্তু দৈবকৃত; সুতরাং 'ইহা রক্ত হইল কেন?' এ প্রশ্ন সেখানে আসিতে পারে না; আলোচ্য স্থলেও প্রাণের পক্ষে সমস্তই অন্ন; তদ্বিষয়ে কোনও নিষেধ নাই, সুতরাং কোন প্রকার দোষেরও সম্ভাবনা নাই।

দেহমধ্যগত হয় বলিয়াই নিষিদ্ধ দ্রব্যভক্ষণে প্রাণের পক্ষেও নিশ্চয়ই দোষ হইবে। অতএব অভক্ষ্য-ভক্ষণে যে, দোষাভাব জ্ঞান, ইহা মিথ্যা—ভ্রমাত্মক জ্ঞান ভিন্ন আর কিছুই নহে। ৫

[এখন "আপো বাসঃ" কথার অর্থ বলা হইতেছে]। ভোজনের সময় যে জল পান করা হয়, সেই জলই তোমার বাসঃস্থানীয় (বস্ত্রস্বরূপ)। এখানে ভোজনকালে যে জলপান করা হয়, সেই জলেতে প্রাণের আচ্ছাদনভাব চিন্তা করিবার বিধান করা হইতেছে, কিন্তু বস্ত্রের কার্য্য যে, গাত্রাবরণ, তদ্বিষয়ে কখনই জলকে বিনিযুক্ত করা হয় নাই; কারণ, তাহা করিতে পারা যায় না; অতএব শাস্ত্রান্তরপ্রাপ্ত জলভক্ষণেই 'বাসঃ' দৃষ্টিমাত্র করিতে হইবে। সমস্ত বস্তুই প্রাণের অন্ন, এইরূপ জ্ঞানসম্পন্ন পুরুষের পক্ষে কিছুই অনন্ন-ভক্ষণ (অভক্ষ্য ভক্ষণ) হয় না। যদি তিনি কখনও অনন্ন ভক্ষণ করিয়া ফেলেন; [বুঝিতে হইবে,] তিনি অদনীয় বস্তুই ভোজন করিয়াছেন; অর্থাৎ সেইরূপ ভক্ষণজনিত দোষে তিনি সংস্পৃষ্ট হন না; ইহা যে, বিদ্যারই স্তুতিমাত্র, এ কথা আমরা পূর্ব্বেই বলিয়াছি। এইরূপ তিনি কখনও অনন্ন বস্তু প্রতিগ্রহও করেন না; যদিও কখন অপ্রতিগ্রাহ্য হস্তী প্রভৃতি বস্তুও প্রতিগ্রহ করেন, তাহাও প্রতিগ্রহযোগ্যরূপেই প্রতিগৃহীত হয়। সেখানেও বুঝিতে হইবে যে, অপ্রতিগ্রাহ্য বস্তুর প্রতিগ্রহজনিত দোষে তিনি লিপ্ত হন না; ইহাও উক্ত বিদ্যারই স্তুতিপ্রকাশক মাত্র। যিনি এই প্রকারে প্রাণের অন্ন অবগত হন, তাহার উক্তপ্রকার ফললাভ হয়। প্রকৃত পক্ষে, প্রাণাত্মভাবই উক্ত বিদ্যার ফল, কিন্তু ইহা বিদ্যার ফলাভিপ্রায়ে কথিত হয় নাই, পরন্তু বিদ্যার স্তুতি অভিপ্রায়ে কথিত হইয়াছে মাত্র। ৬

ভাল, ইহাই বিদ্যার মুখ্য ফল হয় না কেন? না, তাহা হইতে পারে না; প্রাণাত্মদর্শীর প্রাণাত্মভাবই মুখ্য ফল; তাহাতে প্রাণাত্মভাবাপন্ন প্রাণাত্মদর্শী পুরুষের অভক্ষ্যও ভক্ষণীয় হয় এবং প্রতিগ্রহের অযোগ্য বস্তুও নিশ্চয়ই প্রতিগ্রাহ্য হয়; এইরূপে স্বভাবপ্রাপ্ত কার্য্য লইয়াই বিদ্যার স্তুতি করা হইতেছে; এই কারণেই এই বাক্যটী ফলবোধক বিধির সমানরূপ নহে। ৭

যেহেতু জলই প্রাণের বাসঃ (আচ্ছাদন); সেই হেতুই শ্রোত্রিয় (বেদাধ্যায়ী) বিদ্বান্ ব্রাহ্মণগণ ভোজন করিবার পূর্ব্বে আচমন করেন (জল পান করেন), এবং ভোজন করিয়াও অর্থাৎ ভোজনের পরেও আবার জল পান করিয়া থাকেন। সেই আচমনকারীদিগের যে, অভিপ্রায় কি,

তাহা বলিতেছেন— [ঐরূপে জলপায়ীরা] মনে করেন যে, এই সর্ব্বাত্ম প্রাণকে তাহারা অনগ্ন (বস্ত্রাচ্ছাদিত) করিতেছেন। আর ইহা লোকপ্রসিদ্ধও বটে, যে যাহাকে বাসঃ (বস্ত্র) দান করে, সে মনে করে যে, আমি তাহাকে অনগ্ন (উলঙ্গতাবরহিত) করিতেছি। এখানেও জলই প্রাণের বাসঃ—আচ্ছাদন—একথা পূর্ব্বেই উক্ত হইয়াছে। এ কথার অভিপ্রায় এই যে, আমি যে জল পান করিতেছি, তাহা দ্বারা ফলতঃ প্রাণের অনগ্নতাই সম্পাদন করিতেছি ; ভোক্তাকে এই প্রকার চিন্তা করিতে হইবে। ৮

ভাল কথা, লোকে যে, ভোজনের পূর্ব্বে ও পরে আচমন করিয়া থাকে, তাহা কেবল নিজেদের শুদ্ধির জন্যই করিয়া থাকে ; তাহাতে যদি প্রাণের অনগ্নতা-সম্পাদনও কল্পনা করা যায় ; তাহা হইলে একই আচমনের দ্বিবিধ কার্য্য (শুদ্ধি ও অনগ্নতাকরণ) কল্পিত হইয়া পড়ে ? কিন্তু একই আচমনের দ্বিবিধ কার্য্য কল্পনা করা ত কখনই যুক্তিসম্মত হইতে পারে না। অতএব আচমন যদি শুদ্ধির জন্য হয়, তবে অনগ্নতার জন্য নহে, আর যদি অনগ্নতার জন্যই হয়, তবে আর শুদ্ধির জন্য হইতে পারে না। যখন একটী কার্য্যের দুইপ্রকার ফল কল্পনা করা সঙ্গত হয় না, তখন প্রাণের অনগ্নতা সম্পাদনার্থ বরং আর একটী অতিরিক্ত আচমনই করা হউক ? না, এ আপত্তিও হইতে পারে না ; কারণ, এখানে ক্রিয়ারই দ্বৈবিধ্য উপপাদন করা যাইতে পারে। এখানে ক্রিয়া হইতেছে দুইটী—ভক্ষণের পূর্ব্বে ও পরে যে, স্মৃতিশাস্ত্রোক্ত আচমনের বিধান আছে, তাহা শুদ্ধির নিমিত্ত, এবং তাহা কেবলই ক্রিয়াত্মক, কিন্তু তাহাতে প্রাবৃত্য-দর্শন প্রভৃতির (শুদ্ধি-চিন্তা প্রভৃতির) কিছুমাত্র অপেক্ষা নাই ; স্মৃতিশাস্ত্র-বিহিত সেই আচমনেরই অঙ্গস্বরূপ আচমনীয় জলেতে প্রাণের আচ্ছাদনত্ব-চিন্তামাত্র এখানে 'ইতিকর্ত্তব্যতা'রূপে বিহিত হইতেছে। অথচ এইরূপ চিন্তা করিলেও আচমনের যে, শুদ্ধি-সাধনতা, তাহাও বাধিত হয় না ; কেন না, চিন্তা ও আচমন এক ক্রিয়া নহে—ভিন্ন ক্রিয়া। অতএব বুঝিতে হইবে যে, ভোজনের পূর্ব্বে ও পরে স্মৃতিশাস্ত্রবিহিত যে আচমন, সেই আচমনীয় জলকে প্রাণের আচ্ছাদনরূপে চিন্তা করা অন্যত্র বিহিত নাই বলিয়াই এখানে কেবল তন্মাত্র বিহিত হইতেছে॥ ৩৭৮ ॥ ১৪ ॥

ইতি ষষ্ঠাধ্যায়ে প্রথম ব্রাহ্মণের ভাষ্যানুবাদ ॥ ৬ ॥ ১ ॥

দ্বিতীয়ং ব্রাহ্মণম্।

আভাসভাষ্যম্।—"শ্বেতকেতুর্হ বা আরুণেয়ঃ" ইত্যস্য সম্বন্ধঃ। খিলাধিকারোঽয়ম্; তত্র যদনুক্তং তদুচ্যতে। সপ্তমাধ্যায়ান্তে জ্ঞানকর্ম্ম-সমুচ্চয়কারিণা অগ্নের্মার্গযাচনং কৃতম্—"অগ্নে নয় সুপথা" ইতি। তত্রানেকেষাং পথাং সদ্ভাবো মন্ত্রেণ সামর্থ্যাৎ প্রদর্শিতঃ; সুপথেতি বিশেষণাৎ। পন্থানশ্চ কৃতবিপাকপ্রতিপত্তিমার্গাঃ; বক্ষ্যতি চ "যৎ কৃত্বা" ইত্যাদি। তত্র চ কতি কর্ম্মবিপাক-প্রতিপত্তিমার্গাঃ? ইতি সর্ব্বসংসারগত্যুপসংহারার্থোঽয়মারম্ভঃ—এতাবতী হি সংসারগতিঃ, এতাবান্ কর্ম্মবিপাকঃ, স্বাভাবিকস্য শাস্ত্রীয়স্য চ বিজ্ঞানস্যেতি। ১

যদ্যপি "দ্বয়া হ প্রাজাপত্যাঃ" ইত্যত্র স্বাভাবিকঃ পাপ্মা সূচিতঃ, ন চ তস্যেদং কার্য্যমিতি বিপাকঃ প্রদর্শিতঃ; শাস্ত্রীয়স্যৈব তু বিপাকঃ প্রদর্শিতঃ ত্র্যন্নাত্মপ্রতিপত্ত্যন্তেন, ব্রহ্মবিদ্যাপ্রারম্ভে তদ্বৈরাগ্যস্য বিবক্ষিতত্বাৎ। তত্রাপি কেবলেন কর্ম্মণা পিতৃলোকঃ, বিদ্যয়া বিদ্যাসংযুক্তেন চ কর্ম্মণা দেবলোক ইত্যুক্তম্। তত্র কেন মার্গেণ পিতৃলোকং প্রতিপদ্যতে, কেন বা দেবলোকম্ ইতি নোক্তম্; তচ্চেহ খিলপ্রকরণে অশেষতো বক্তব্যমিত্যত আরভ্যতে। অন্তে চ সর্ব্বোপসংহারঃ শাস্ত্রস্যেষ্টঃ। ২

অপি চ, এতাবদমৃতত্বমিত্যুক্তম্; ন কর্ম্মণোঽমৃতত্বাশা অস্তীতি চ। তত্র হেতুর্নোক্তঃ; তদর্থশ্চায়মারম্ভঃ। যস্মাদিয়ং কর্ম্মণো গতিঃ, ন নিত্যেঽমৃতত্বে ব্যাপারোঽস্তি, তস্মাদেতাবদেব অমৃতত্বসাধনমিতি সামর্থ্যাৎ হেতুত্বং সম্পদ্যতে॥ ৩

অপি চ, উক্তমগ্নিহোত্রে—"ন ত্বেবৈতয়োস্ত্বম্ উৎক্রান্তিং ন গতিং ন প্রতিষ্ঠাং ন তৃপ্তিং ন পুনরাবৃত্তিং ন লোকং প্রত্যুত্থায়িনং বেত্থ" ইতি। তত্র প্রতিবচনে "তে বা এতে আহুতী হুতে উৎক্রামতঃ" ইত্যাদিনা আহুতেঃ কার্য্যমুক্তম্; তচ্চৈতৎ কর্ত্তুরাহুতিলক্ষণস্য কর্ম্মণঃ ফলম্। ন হি কর্ত্তারমনাশ্রিত্যাহুতি-লক্ষণস্য কর্ম্মণঃ স্বাতন্ত্র্যেণোৎক্রান্ত্যাদিকার্য্যারম্ভ উপপদ্যতে, কর্ত্রর্থত্বাৎ কর্ম্মণঃ কার্য্যারম্ভস্য, সাধনাশ্রয়ত্বাচ্চ কর্ম্মণঃ। তত্রাগ্নিহোত্রস্তুত্যর্থত্বাৎ অগ্নিহোত্রস্যৈব কার্য্যমিত্যুক্তং ষট্প্রকারমপি, ইহ তু তদেব কর্ত্তুঃ ফলমিত্যুপদি-শ্যতে, কর্ম্মফলবিজ্ঞানস্য বিবক্ষিতত্বাৎ। তদ্দ্বারেণ চ পঞ্চাগ্নিদর্শনমিহ

উত্তরমার্গপ্রতিপত্তিসাধনং বিবিৎসিতম্। এবমশেষসংসারগত্যুপসংহারঃ কর্ম্ম-কাণ্ডস্যৈষা নিষ্ঠা-ইত্যেতদ্দ্বয়ং দিদর্শয়িষুরাখ্যায়িকাং প্রণয়তি। ৪

টীকা।—ব্রাহ্মণান্তরমাদায় তস্য পূর্ব্বেণ সংবন্ধং প্রতিজানীতে—শ্বেতকেতুরিতি। কোঽসৌ সংবন্ধস্তমাহ—খিলেতি। তত্র কর্ম্মকাণ্ডে জ্ঞানকাণ্ডে বা যদস্য প্রাধান্যেন নোক্তং, তদস্মিন্ কাণ্ডে বক্তব্যমস্য খিলাধিকারত্বাৎ; তথাচ পূর্ব্বমনুক্তং বক্তুমিদং ব্রাহ্মণমিত্যর্থঃ। বক্তব্যশেষং দর্শয়িতুং বৃত্তং কীর্ত্তয়তি—সপ্তমেতি। সমুচ্চয়কারিণো মুমূর্ষোরগ্নিপ্রার্থনেঽপি কিং স্যাদিত্যা-শঙ্ক্যাহ—তত্রেতি। অধ্যায়াবসানং সপ্তম্যর্থঃ। সামর্থ্যমেব দর্শয়তি—সুপথেতীতি। বিশে-ষণবশাদুভৌ মার্গৌ ভাতঃ, কিং পুনস্তেষাং স্বরূপং? তদাহ—পন্থানমিতি। তত্র বাক্যশেষ-মনুকূলয়তি—বক্ষ্যতি চেতি। সংপ্রত্যাকাঙ্ক্ষাদ্বারা সমনন্তরব্রাহ্মণতাৎপর্য্যমাহ—তত্রেতি। উপসংহ্রিয়মাণাং সংসারগতিমেব পরিচ্ছিনত্তি—এতাবতী হীতি। দক্ষিণোদগধোগত্যাত্মিকেতি যাবৎ। কর্ম্মবিপাকস্তর্হি কুত্রোপসংহ্রিয়তে, তত্রাহ—এতাবানিতি। ইতিশব্দো যথোক্ত-সংসারগত্যতিরিক্তকর্ম্মবিপাকাভাবাত্তদুপসংহারার্থ এবায়মারম্ভ ইত্যুপসংহারার্থঃ।'

অথোক্তাধিকারে সর্ব্বোঽপি কর্ম্মবিপাকোঽনর্থ এবেত্যুক্তত্বাৎ পরিশিষ্টসংসারগত্যভাবাৎ কথং খিলকাণ্ডে তন্নির্দ্দেশসিদ্ধিরত আহ—যদ্যপীতি।

কস্তর্হি বিপাকস্তত্রোক্তস্তত্রাহ—শাস্ত্রীয়স্যেতি। তত্র সুকৃতবিপাকস্যৈবোপন্যাসে হেতু-মাহ—ব্রহ্মবিদ্যেতি। অনিষ্টবিপাকাত্তু বৈরাগ্যং সুকৃতাভিমুখ্যাদেব সিদ্ধমিতি ন তত্র তদ্বিবক্ষা। ইহ পুনঃ শাস্ত্রসমাপ্তৌ খিলাধিকারে তদ্বিপাকোঽপ্যুপসংহ্রিয়ত ইতি ভাবঃ। প্রকারান্তরেণ সংগতিং বক্তুমুক্তং স্মারয়তি—তত্রাপীতি। শাস্ত্রীয়বিপাকবিষয়েঽপীত্যর্থঃ। উত্তরপ্রশ্নস্য বিষয়পরিশেষার্থং পাঠনিকামাহ—তত্রেতি। লোকদ্বয়ঃ সপ্তম্যর্থঃ। প্রাগনুক্তমপি দেবযানাদ্যত্র বক্তব্যমিতি কুতো নিয়মসিদ্ধিস্তত্রাহ—তচ্চেতি। বক্তব্যশেষস্য সত্ত্বে ফলিতমাহ —ইত্যত ইতি। যত্তর্হি প্রাগনুক্তং তদ্দেবযানাদি বক্তব্যং, প্রাগেবোক্তং তু ব্রহ্মলোকাদি কস্মাদুচ্যতে? তত্রাহ অন্তে চেতি। শাস্ত্রস্যান্তে চেতি সংবন্ধঃ। ২

ইতশ্চেদং ব্রাহ্মণমগতার্থত্বাদারভ্যমিত্যাহ—অপি চেতি। এতাবদিত্যাত্মজ্ঞানোক্তিঃ। অমৃতত্বং তৎসাধনমিতি। চকারাদুক্তমিত্যনুষঙ্গঃ। জ্ঞানমেবামৃতত্বে হেতুরিত্যুক্তোঽর্থ-স্তত্রেতি সপ্তম্যর্থঃ। তদর্থো হেত্বপদেশার্থঃ। কথং পুনর্ব্যাখ্যাণাং কর্ম্মসহিতজ্ঞানমেবামৃতত্ব-সাধনমিত্যত্র হেতুত্বং প্রতিপত্ত্যতে, তত্রাহ—যস্মাদিতি। ব্যাপারোঽস্তি কর্ম্মণ ইতি শেষঃ। সামর্থ্যাজ্জ্ঞানাতিরিক্তস্যোপায়স্য সংসারহেতুত্বনিয়মাদিত্যর্থঃ। ৩

প্রকারান্তরেণ ব্রাহ্মণতাৎপর্য্যং বক্তুমগ্নিহোত্রবিষয়ে জনকযাজ্ঞবল্ক্যসংবাদসিদ্ধমর্থমনুবদতি —অপি চেত্যাদিনা। এতয়োরগ্নিহোত্রাহুত্যোঃ সায়ং প্রাতশ্চানুষ্ঠিতয়োরিতি যাবৎ। লোকং প্রত্যুত্থায়িনং যজমানং পরিবেষ্টোমং লোকং প্রত্যাবৃত্তয়োস্তয়োরনুষ্ঠানোপপত্তিতয়োঃ পরলোকং প্রতি যজমানোত্থানহেতুং পরিণামমিত্যেতদিতি প্রশ্নষট্কমগ্নিহোত্রবিষয়ে জনকেন যাজ্ঞবল্ক্যং প্রত্যুক্তমিতি সংবন্ধঃ। তত্রেত্যাক্ষেপসত্প্রশ্নষট্কোক্তিঃ। ননু ফলবত্তোঽশ্রবণাৎ কস্তেদ-মাঽতিফলঃ? ন হি তৎ যতস্ময়ং সংভবতি, তত্রাহ—তচ্চেতি। কর্ত্তৃবাচিপদাভাবাদাহত্য-

পূর্ব্বত্রৈবোক্তং জায়াদিকাম্যাগ্নিকর্ত্তৃত্বে তত্র কর্তৃগামিকফলমুক্তমিত্যাশঙ্ক্যাহ—ন হীতি। কিঞ্চ, কারকাশ্রয়ত্বাৎ কর্ম্মণো যুক্তং তৎফলস্য কর্তৃগামিত্বমিত্যাহ—সাধনেতি। স্বাতন্ত্র্যাসংভবাদাহুত্যোঃ সকর্তৃকয়োরেব গত্যাদি বিবক্ষিতং চেৎ, তর্হি কথং তত্র কেবলাহুত্যোর্গত্যাদি গম্যতে? তত্রাহ—তত্রেতি। অগ্নিহোত্রপ্রকরণং সপ্তম্যর্থঃ। অগ্নিহোত্রস্তুত্যর্থত্বাৎ প্রশ্নপ্রতিবচনরূপস্য সন্দর্ভস্যেতি শেষঃ। ভবত্বেবমগ্নিহোত্রপ্রকরণস্থিতিঃ, প্রকৃতে তু কিমায়াতং, তত্রাহ—ইহ ত্বিতি। কিমিতি বিদ্যাপ্রকরণে কর্ম্মফলবিজ্ঞানং বিবক্ষ্যতে, তত্রাহ—তদ্দ্বারেণেতি। ব্রাহ্মণারম্ভমুপপাদিতমুপসংহরতি—এবমিতি। সংসারগত্যুপসংহারেণ কর্ম্মবিপাকস্য সর্ব্বস্যৈবোপসংহারঃ সিদ্ধো ভবতি, তদতিরিক্ততদ্বিপাকাভাবাদিত্যাহ—কর্ম্মকাণ্ডস্যেতি। যথোক্তবস্তু দর্শয়িতুং ব্রাহ্মণমারব্ধং চেৎ, তত্র কিমিত্যাখ্যায়িকা প্রণীয়তে, তত্রাহ—ইত্যেতদ্দর্শয়িষ্যামীতি। সর্ব্বমেবং পূর্ব্বোক্তং বস্তু দর্শয়িতুমিচ্ছন্বেদঃ সুখাববোধার্থমাখ্যায়িকাং করোতীত্যর্থঃ। ৪

আভাষ-ভাষ্যানুবাদ।—এই ব্রাহ্মণোক্ত "শ্বেতকেতুর্হ আরুণেয়ঃ" ইত্যাদি বাক্যের সহিত পূর্ব্ব ব্রাহ্মণের সম্বন্ধ [প্রদর্শিত হইতেছে]। ইহাও খিল-কাণ্ডমধ্যে সন্নিবিষ্ট; পূর্ব্বে যাহা বলা হয় নাই, তাহা এখানে কথিত হইতেছে। অতীত সপ্তম অধ্যায়ের (পঞ্চমাধ্যায়ের) শেষে "অগ্নে নয় সুপথা" ইত্যাদি বাক্যে জ্ঞান ও কর্ম্মের সহানুষ্ঠানকারিকর্তৃক কৃত অগ্নির নিকট পথি-প্রার্থনা প্রদর্শিত হইয়াছে। সেই মন্ত্রে 'সুপথা' বিশেষণ দ্বারা কৌশলে অনেকপ্রকার পথের অস্তিত্বও প্রদর্শিত হইয়াছে। সেই সমস্ত পথ যে, স্বকৃত কর্ম্মবিপাক-প্রাপ্তির দ্বারস্বরূপ, পরেও তাহা 'সং কৃত্বা' ইত্যাদি বাক্যে বলা হইবে। তন্মধ্যে কর্ম্মফল প্রাপ্তির দ্বারভূত পথ যে, কতগুলি, তাহা নিরূপণের নিমিত্ত সর্ব্বপ্রকার সংসারপ্রাপ্তির উপসংহারার্থ এই প্রকরণ আরব্ধ হইতেছে। এখানে প্রদর্শিত হইতেছে যে, সংসার-গতি এত প্রকার এবং স্বভাবকৃত ও শাস্ত্রোপদেশপ্রাপ্ত জ্ঞানসহকৃত কর্ম্মের বিপাক বা শেষ ফল এতপ্রকার ইত্যাদি। ১

যদি ও "দ্বয়া হ প্রাজাপত্যাঃ" এইস্থলে স্বভাবজ পাপকর্ম্মের কথা একপ্রকার কথিতই (সূচিত) হইয়াছে, তথাপি তাহার ফল বা পরিণতি প্রদর্শিত হয় নাই; অধিকন্তু, ব্রহ্মবিদ্যার প্রারম্ভে বৈরাগ্যোপযোগী বিষয় প্রতিপাদন করাও অভীপ্সিত; এই জন্য অন্নত্রয়-প্রতিপাদক গ্রন্থপর্য্যন্ত কেবল শাস্ত্রীয় কর্ম্ম-বিপাকই প্রদর্শিত হইয়াছে। সেখানেও বলা হইয়াছে যে, 'কেবল (জ্ঞানরহিত) কর্ম্ম দ্বারা পিতৃলোক লাভ হয়, আর বিদ্যা (উপাসনা) ও বিদ্যাসংযুক্ত কর্ম্ম দ্বারা দেবলোক লাভ হয়।' সেই বিষয়টীও এই খিলপ্রকরণে সম্পূর্ণরূপে বলা আবশ্যক; এই জন্যই এই প্রকরণের

আরম্ভ হইতেছে। বিশেষতঃ গ্রন্থশেষে সমস্ত শাস্ত্রার্থের উপসংহার করাও সকলেরই অভিপ্রেত; [সুতরাং এখানে সে বিষয় প্রদর্শন করাও অসঙ্গত হইতেছে না]। ২

আরও এক কথা, পূর্ব্বে 'কেবল ইহাই একমাত্র অমৃতত্ব' এইরূপ কথা উক্ত হইয়াছে; আবার 'কর্ম্মদ্বারা অমৃতত্বলাভের আশাও নাই' এ কথাও বলা হইয়াছে; অথচ সে বিষয়ে কোনও কারণ প্রদর্শিত হয় নাই; তাহার জন্য ও এই প্রকরণ আরম্ভ করা আবশ্যক হইতেছে। যেহেতু ইহাই কর্ম্মের গতি না হওয়া, অথচ নিত্য মোক্ষে কোনপ্রকার ব্যাপারের (ক্রিয়ার) অপেক্ষা বা উপযোগিতা নাই; সেই হেতু কেবল ইহাই যে, অমৃত্ব-সাধন, তাহা কথার বলা না হইয়া থাকিলেও, ফলে ফলে উহাকেই অমৃতত্বলাভের হেতু বলিয়া নির্দ্দিষ্ট করা হইয়াছে, অর্থাৎ কথায় বলা না হইয়া থাকিলেও উহা যে, মোক্ষ-হেতু, তাহা প্রকারান্তরে সিদ্ধ হইতেছে। ৩

বিশেষতঃ অগ্নিহোত্র-প্রকরণে কথিত হইয়াছে যে, 'তুমি নিশ্চয়ই এতদুভয়ের উৎক্রমণ (গতি প্রকার), প্রতিষ্ঠা, তৃপ্তি (ভোগ), পুনরাবৃত্তি (সংসারে পুনরায় ফিরিয়া আসা), এবং স্বর্গাদি লোকবিশেষের উদ্দেশ্যে গমন-কারী পুরুষকে অর্থাৎ কে কোন লোকে যাইবে, তাহা জান না।' এই প্রশ্নের প্রত্যুত্তরকালে, 'সেই এই আহুতিদ্বয় আহুত হইয়া উৎক্রমণ করে' ইত্যাদি বাক্যে আহুতির কার্য্য উক্ত হইয়াছে। ইহাই হইতেছে কর্ম্ম-কর্ত্তার আহুতিরূপ কর্ম্মের ফল; কিন্তু কর্ত্তাকে আশ্রয় না করিয়া আহুতিরূপ কর্ম্ম কখনই স্বতন্ত্রভাবে উৎক্রমণাদি কার্য্য সমুৎপাদন করিতে পারে না; কেন না, উপকারার্থই কর্ম্মের ফলারম্ভ হইয়া থাকে, এবং কর্ম্মমাত্রই সাধনকে আশ্রয় করিয়া স্থিতিলাভ করে। সেখানে অগ্নিহোত্রযাগের প্রশংসার্থ ছয়প্রকার কার্য্যকেই অগ্নিহোত্রের ফল বলা হইয়াছে; এখানে আবার সেই ছয়প্রকার কার্য্যকেই কর্ত্তার ফল বলিয়া নির্দ্দেশ করা হইতেছে; কারণ, এখানে কর্ম্মফল-বিজ্ঞানই বিবক্ষিত বা শ্রুতির অভিপ্রেত; এবং তদুপলক্ষেই উত্তরায়ণে গতিসাধন পঞ্চাগ্নি-বিদ্যাও বিবিৎসিত হইয়াছে। এই প্রকারে সংসারে যত রকম গতি হইতে পারে, সে সমুদয়ের উপসংহার এবং কর্ম্মকাণ্ডের নিষ্ঠা (ফলের শেষ সীমা), এই দুইটী বিষয় প্রদর্শন করিবার ইচ্ছায় আখ্যায়িকা বিবৃত করিতেছেন—

শ্বেতকেতুর্হ বা আরুণেয়ঃ পঞ্চালানাং পরিষদমাজগাম, স আজগাম জৈবলিং প্রবাহণং পরিচারয়মাণম্, তমুদীক্ষ্যাভ্যুবাদ কুমারা ৩ ইতি, স ভো ৩ ইতি প্রতিশুশ্রাবানুশিষ্টোঽন্বসি পিত্রেত্যোমিতি হোবাচ ॥ ৩৭৯ ॥ ১ ॥

সরলার্থঃ ।—শ্বেতকেতুঃ (তন্নামকঃ) হ (ঐতিহ্যে) বৈ (প্রসিদ্ধৌ) আরুণেয়ঃ (অরুণস্য অপত্যং আরুণিঃ, তস্যাপত্যং) পঞ্চালানাং (পঞ্চাল-প্রদেশানাং) পরিষদম্ (সভাম্) আজগাম। [আগত্য চ] সঃ (শ্বেতকেতুঃ) পরিচারয়মাণং (স্বভৃত্যৈঃ অঙ্গসংবাহনাদি কারয়ন্তম্) জৈবলিং (জীবলস্য অপত্যং) প্রবাহণং (তন্নামধেয়ং রাজানম্) আজগাম। [রাজা] তং (শ্বেতকেতুম্) উদীক্ষ্য (বিলোক্য) অভ্যুবাদ (উক্তবান্) কুমারা ৩ ইতি ; [অত্র প্লুতিঃ অনাদরে।] (এবমুক্তঃ) সঃ (শ্বেতকেতুঃ) প্রতিশুশ্রাব ভো ৩ ইতি ; [অত্রাপি প্লুতিরনাদ-রার্থা]। [রাজা পপ্রচ্ছ—] [ত্বম্ পিত্রা অনু (অনুগতত্বেন) অনুশিষ্টঃ (সম্যক্ অধ্যাপিতঃ) অসি ? ইতি ; [শ্বেতকেতুঃ] উবাচ হ—ওম্ (অনুশিষ্টোঽস্মি) ইতি ॥ ২৭৯ ॥ ১ ॥

মূলানুবাদ ।—পুরাকালে শ্বেতকেতু নামে প্রসিদ্ধ আরুণেয় (আরুণির পুত্র) প্রসিদ্ধ পঞ্চালদেশীয় সভায় গমন করিয়াছিলেন। [সেখানে যাইয়া] তিনি জীবলের পুত্র—জৈবলি প্রবাহণনামক পঞ্চালরাজের নিকট উপস্থিত হইলেন। প্রবাহণ তখন ভৃত্যবর্গ দ্বারা শরীর-সংবাহন করাইতেছিলেন। তিনি শ্বেতকেতুকে দর্শন করিয়া অবজ্ঞা-প্রকাশার্থ 'কুমারাঃ ৩' বলিয়া সম্বোধন করিলেন। শ্বেত-কেতুও বিরক্তি সহকারে 'ভোঃ ৩' বলিয়া প্রত্যুত্তর প্রদান করিলেন। [রাজা বলিলেন—] তুমি তোমার পিতার নিকট উত্তমরূপে শিক্ষা প্রাপ্ত হইয়াছ কি ? শ্বেতকেতু 'ওম্' বলিয়া শিক্ষাপ্রাপ্তির অঙ্গীকার জ্ঞাপন করিলেন ॥৩৭৯॥১॥

শাঙ্করভাষ্যম্ ।—শ্বেতকেতুঃ নামতঃ ; অরুণস্যাপত্যমারুণিঃ, তস্যা-পত্যমারুণেয়ঃ। হশব্দ ঐতিহ্যার্থঃ, বৈ নিশ্চয়ার্থঃ। পিত্রা অনুশিষ্টঃ সন্ আত্মনো যশঃপ্রথনায় পঞ্চালানাং পরিষদমাজগাম। পঞ্চালাঃ প্রসিদ্ধাঃ, তেষাং পরিষদ-মাগত্য, জিত্বা, রাজ্ঞোঽপি পরিষদং জেষ্যামীতি গর্বেণ স আজগাম—জীবলস্যা-

গত্বা জৈবলিং পঞ্চালরাজং প্রবাহণনামানং স্বভৃত্যৈঃ পরিচারয়মাণম্ আত্মনঃ পরিচরণং কারয়ন্তমিত্যেতৎ ।

স রাজা পূর্ব্বমেব তস্য বিদ্যাভিমানগর্ব্বং শ্রুত্বা, বিনেতব্যোঽয়মিতি মত্বা, তমুদীক্ষ্য উৎপ্রেক্ষ্য আগতমাত্রমেব অভ্যুবাদ অভ্যুক্তবান্—কুমারা ৩ ইতি সম্বোধ্য ; ভর্ৎসনার্থা প্লুতিঃ । এবমুক্তঃ স প্রতিশুশ্রাব—ভো ৩ ইতি ; ভো ৩ ইতি অপ্রতিরূপমপি ক্ষত্রিয়ং প্রতি উক্তবান্ ক্রুদ্ধঃ সন্ । অনুশিষ্টঃ অনুশাসিতঃ, অসি ভবসি পিত্রা—ইত্যুবাচ রাজা । প্রত্যাহেতরঃ—ওমিতি, বাঢ়ম্ অনুশিষ্টোঽস্মি ; পৃচ্ছ যদি সংশয়স্তে ॥ ৩৭৯ ॥ ১ ॥

টীকা :—সদা কদাচিদতিক্রান্তে কালে [illegible] নিপাতস্য সম্প্রতি [illegible] । [illegible] বিদ্বৎসু স্বকীয়বিদ্যাসামর্থ্য[illegible] [illegible] [illegible] অস্তুর [illegible] । কিমিতি রাজা শ্বেতকেতুমাগতমাত্রং [illegible] [illegible] [illegible] সম্বোধিতবানিত্যাশঙ্ক্যাহ—স রাজেতি । সম্বোধনং ভর্ৎসনং কুমারাদিতি শেষঃ । [illegible] পরমিত্ত নাশীত্যাশঙ্ক্যাহ—ভর্ৎসনার্থেতি । ভো ৩ ইতি প্রতিবচনমাচার্য্যঃ [illegible], ন ক্ষত্রিয়ং প্রতি, তস্য হীনত্বাদিত্যাহ—ভো ৩ ইতীতি । অপ্রতিরূপবচনে ক্রোধং [illegible]—ক্রুদ্ধঃ সন্নিতি । পিতুঃ সকাশাত্তব লব্ধাপুরুষাসম্বন্ধে [illegible] নাস্তীত্যাশঙ্ক্যাহ—পৃচ্ছেতি ॥ ৩৭৯ ॥ ১ ॥

ভাষ্যানুবাদ ।—শ্রুতির হ শব্দটী পুরাবৃত্তবোধক ; এবং বৈ শব্দটী নিশ্চয়ার্থক । অরুণের পুত্র—আরুণি, তাহার পুত্র—আরুণেয়, অর্থাৎ অরুণের পৌত্র শ্বেতকেতুনামক ঋষি পিতার নিকট শিক্ষাপ্রাপ্ত হইয়া, আপনার যশঃ-খ্যাপনের উদ্দেশ্যে পঞ্চালদিগের সভায় গমন করিয়াছিলেন । জগতে পঞ্চালনামক দেশ অতি প্রসিদ্ধ ; তাহাদের সভায় যাইয়া, বিজয়ী হইয়া, রাজসভাও জয় করিব—এইরূপ গর্ব্বসহকারে তিনি জীবলের পুত্র—জৈবলি প্রবাহণনামক পঞ্চালরাজ যে সময় নিজ ভৃত্যগণ দ্বারা আপনার পরিচর্য্যা (অঙ্গসংবাহনাদি) করাইতে-ছিলেন, সেই সময় তাহার নিকট গিয়াছিলেন ।

সেই রাজা অগ্রেই শ্বেতকেতুর বিদ্যাভিমানজ গর্ব্বের কথা শ্রবণ করিয়াছিলেন, এবং মনে করিয়াছিলেন, ইহাকে শিক্ষা দিতে হইবে (বিনীত করিতে হইবে) ; এইরূপ মনে করিয়া তাহাকে দেখিয়াই —উপস্থিত হইবামাত্র প্লুতস্বরে 'কুমারা ৩' বলিয়া সম্বোধনপূর্ব্বক বলিলেন । ভর্ৎসনাসূচনার জন্য এখানে প্লুত-স্বরের ব্যবহার হইয়াছে । শ্বেতকেতু এইরূপে সম্বোধিত হইয়া 'ভোঃ' শব্দে প্রতিবচন দিয়াছিলেন । যদিও, ক্ষত্রিয়ের প্রতি 'ভোঃ' শব্দে প্রত্যুত্তর দেওয়া

সঙ্গত হয় নাই সত্য, তথাপি শ্বেতকেতু ক্রোধ বশতঃ ঐরূপ প্রতিবচন দিয়া-ছিলেন। [রাজা জিজ্ঞাসা করিলেন—] তুমি কি পিতাকর্ত্তৃক যথাযথভাবে অনু-শিষ্ট—সম্যক্ শিক্ষাপ্রাপ্ত হইয়াছ? শ্বেতকেতু প্রত্যুত্তরে বলিলেন, ওম্—হাঁ, আমি শিক্ষাপ্রাপ্ত হইয়াছি; যদি তোমার সংশয় থাকে, জিজ্ঞাসা কর ॥৩৭৯॥১॥

বেত্থ যথেমাঃ প্রজাঃ প্রয়ত্যো বিপ্রতিপদ্যন্তা৩ ইতি, নেতি হোবাচ। বেত্থো যথেমং লোকং পুনরাপদ্যন্তা৩ ইতি, নেতি হৈবোবাচ। বেত্থো যথাসৌ লোক এবং বহুভিঃ পুনঃ পুনঃ প্রযদ্ভির্ন সম্পূর্য্যতা৩ ইতি, নেতি হৈবোবাচ। বেত্থো যতি-থ্যামাহুত্যাং হুতায়ামাপঃ পুরুষবাচো ভূত্বা সমুত্থায় বদন্তী৩ ইতি; নেতি হৈবোবাচ। বেত্থো দেবযানস্য বা পথঃ প্রতি-পদং পিতৃযাণস্য বা, যৎ কৃত্বা দেবযানং বা পন্থানং প্রতিপদ্যন্তে পিতৃযাণং বাপি হি; ন ঋষের্ব্বচঃ শ্রুতং দ্বে স্রুতী অশৃণবং পিতৃণামহং দেবানামুত মর্ত্ত্যানাম্, তাভ্যামিদং বিশ্বমেজৎ সমেতি, যদন্তরা পিতরং মাতরঞ্চেতি। নাহমত একঞ্চন বেদেতি হোবাচ ॥ ৪৮০ ॥ ২ ॥

সরলার্থঃ।—[ইদানীং রাজ্ঞঃ বচনমেব প্রপঞ্চ্যতে—'বেত্থ' ইত্যাদিনা।] ইমাঃ প্রজাঃ (জায়মানা জনাঃ) প্রযত্যঃ (ম্রিয়মাণাঃ সত্যঃ) যথা (যেন রূপেণ) বিপ্রতিপদ্যন্তা৩ (বিপ্রতিপদ্যন্তে—বিভিন্নপথগামিনঃ ভবন্তি) ইতি বেত্থ ? (জানাসি কিং ?); ন (ন বেদ্মি) ইতি উবাচ হ [শ্বেতকেতুঃ]। উ (ভোঃ), যথা (যেন প্রকারেণ) ইমং লোকং পুনঃ আপদ্যন্তা৩ (আপদ্যন্তে) [পরলোকগতাঃ প্রজাঃ] ইতি বেত্থ ?; ন এব ইতি উবাচ হ [শ্বেতকেতুঃ]। উ (ভোঃ) এবং পুনঃ পুনঃ প্রযদ্ভিঃ (গচ্ছদ্ভিঃ) বহুভিঃ (জনৈঃ) অসৌ লোকঃ (পরলোকঃ যথা ন সম্পূর্য্যতা৩ (ন সম্পূর্য্যতে) ইতি বেত্থ ? ; ন এব ইতি উবাচ হ [শ্বেতকেতুঃ]। উ (ভোঃ), যতিথ্যাং (যৎসংখ্যাকায়াং) আহুত্যাং [হুতায়াং সত্যাম্] আপঃ (জলপ্রধানা আহুতয়ঃ) পুরুষবাচঃ (পুরুষ-পদবাচ্যাঃ) ভূত্বা উত্থায় বদন্তী৩ (বদন্তি—বাগ্ব্যবহারং কুর্ব্বন্তি) ইতি বেত্থ ? ন—এব ইতি উবাচ হ [শ্বেতকেতুঃ]। উ (ভোঃ) দেবযানস্য বা পিতৃযাণস্য বা পথঃ প্রতিপদং (প্রতিপদ্যতে অনয়া ইতি প্রতিপদ্—প্রাপ্তিহেতুঃ ক্রিয়া বিদ্যা বা ;

ভ্যাম্), যৎ (যাং প্রতিপদং) কৃত্বা দেবযানং বা পিতৃযাণং বা পন্থানং প্রতিপদ্যন্তে (লভন্তে প্রজাঃ), [তাং] বেত্থ ? ইতি।

[অস্মিন্ বিষয়ে] হি নঃ (অস্মাকং—অস্মাভিঃ) ঋষেঃ (মন্ত্রদ্রষ্টুঃ) বচঃ (মন্ত্রবাক্যম্) অপি শ্রুতম্ [অস্তি]—'অহং পিতৃণাং দেবানাম্ উত (অপি) (সম্বন্ধিন্ৌ) মর্ত্ত্যানাং [গন্তব্যভূতে] দ্বে সৃতী (পন্থানৌ) অশৃণবম্ (শ্রুতবান্ অস্মি); যৎ ইদং বিশ্বং (জগৎ) পিতরং মাতরং চ অন্তরা (দ্যাবাপৃথিব্যোর্মধ্যে), তাভ্যাং (দেবযান-পিতৃযাণপথাভ্যাম্) এজৎ (গচ্ছৎ সৎ) সমেতি (যথোচিতং কর্ম্মফলং প্রাপ্নোতি) ইতি। অতঃ (এষু প্রশ্নেষু মধ্যে) একঞ্চন (একমপি) অহং ন বেদ (বেদ্মি) ইতি [শ্বেতকেতুঃ] উবাচ হ ॥ ৩৮০ ॥ ২ ॥

মূলানুবাদ ।—[এখন প্রবাহণের প্রশ্ন বিবৃত হইতেছে—] তুমি জান কি, এই সমুদয় প্রজা (লোক) মৃত্যুর পর যাইতে যাইতে কোথায় যাইয়া বিচ্ছিন্ন হয় ? [শ্বেতকেতু] বলিলেন—না—আমি জানি না। তবে জান কি, [পরলোকগত লোকেরা] পুনর্ব্বার যে প্রকারে ইহলোকে ফিরিয়া আইসে ? শ্বেতকেতু বলিলেন—না, আমি নিশ্চয়ই জানি না। এখান হইতে বহু লোক বারংবার গমন করিলেও সেই লোকটা (স্থানটা) যে কারণে পূর্ণ হইয়া যায় না, তাহা তুমি জান কি ? শ্বেতকেতু বলিলেন—না, আমি নিশ্চয়ই জানি না। তুমি জান কি, যজ্ঞীয় আহুতির দ্রব্য সমূহ, যে আহুতিতে আহুত হইয়া, পুরুষ-সংজ্ঞা লাভ করত জন্মগ্রহণ করিয়া বাগ্ব্যবহার করিয়া থাকে ? [শ্বেতকেতু] বলিলেন—না—আমি একেবারেই জানি না। তুমি জান কি, দেবযান ও পিতৃযাণনামক পথের প্রতিপদ্—প্রাপ্তির উপায় কি ? যাহা করিয়া লোকে দেবযান বা পিতৃযাণ পথের একটা লাভ করিয়া থাকে ? আমরা এ বিষয়ে মন্ত্রবাক্যও শ্রবণ করিয়াছি। আমি শুনিয়াছি—মর্ত্ত্য মানবগণের গমনোপযোগী পিতৃলোকসম্বন্ধী ও দেবলোকসম্বন্ধী দুইটা পথ আছে; এই স্বর্গ ও পৃথিবীর (স্বর্গ ও পৃথিবীর) মধ্যবর্ত্তী সমস্ত জগৎ ঐ দুইপথে স্ব স্ব কর্ম্মানুরূপ লোকে গমন করিয়া থাকে। শ্বেতকেতু বলিলেন—ইহার মধ্যে একটাও আমি জানি না ॥ ৩৮০ ॥ ২ ॥

শাঙ্করভাষ্যম্ ।—যদ্যেবম্, বেত্থ বিজানাসি কিম্, যথা যেন প্রকারেণ ইমাঃ প্রজাঃ প্রসিদ্ধাঃ, প্রযত্যঃ ম্রিয়মাণাঃ, বিপ্রতিপদ্যন্তা ৩ ইতি বিপ্রতিপদ্যন্তে, বিচারণার্থা প্লুতিঃ। সমানেন মার্গেণ গচ্ছন্তীনাং মার্গদ্বৈবিধ্যং যত্র ভবতি—তত্র কাশ্চিৎ প্রজা অন্যেন মার্গেণ গচ্ছন্তি, কাশ্চিদন্যেনেতি বিপ্রতিপত্তিঃ ; যথা তাঃ প্রজাঃ বিপ্রতিপদ্যন্তে, তৎ কিং বেত্থেত্যর্থঃ। নেতি হোবাচ ইতরঃ। ১

তর্হি বেত্থ উ যথা ইমং লোকং পুনরাপদ্যন্তা ৩ ইতি পুনরাপদ্যন্তে, যথা পুনরাগচ্ছন্তি ইমং লোকম্ ? নেতি হৈবোচ শ্বেতকেতুঃ। বেত্থ উ যথা অসৌ লোক এবং প্রসিদ্ধেন ন্যায়েন পুনঃ পুনরসকৃৎ প্রযদ্ভির্ম্রিয়মাণৈঃ যথা যেন প্রকারেণ ন সম্পূর্য্যন্তা ৩ ইতি, ন সম্পূর্য্যতেঽসৌ লোকঃ, তৎ কিং বেত্থ ? নেতি হৈবোবাচ। বেত্থ উ যতিথ্যাং যৎসংখ্যাকায়াম্ আহুত্যাম্ আহুতৌ হুতায়াম্ আপঃ পুরুষবাচঃ পুরুষস্য বা বাক্, সৈব বাসাং বাক্, তাঃ পুরুষবাচঃ ভূত্বা, পুরুষশব্দবাচ্যা বা ভূত্বা, যদা পুরুষাকারপরিণতাস্তদা পুরুষবাচো ভবন্তি ; সমুত্থায় সম্যক্ উত্থায় উদ্ভূতাঃ সত্যঃ বদন্তী ৩ ইতি ? নেতি হৈবোবাচ। যদ্যেবম্, বেত্থ উ দেবযানস্য পথো মার্গস্য প্রতিপদম্, প্রতিপদ্যতে যেন, সা (তৎ ?) প্রতিপদ্, তাং প্রতিপদম্, পিতৃযাণস্য বা প্রতিপদম্ ; প্রতিপচ্ছব্দবাচ্যমর্থমাহ—যৎ কর্ম কৃত্বা যথা—বিশিষ্টং কর্ম কৃত্বেত্যর্থঃ ; দেবযানং বা পন্থানং মার্গং প্রতিপদ্যন্তে, পিতৃযাণং বা যৎ কর্ম কৃত্বা প্রতিপদ্যন্তে, তৎ কর্ম প্রতিপদুচ্যতে ; তাং প্রতিপদং কিং বেত্থ, দেবলোক-পিতৃলোকপ্রতিপত্তিসাধনং কিং বেত্থেত্যর্থঃ। ২

অপ্যত্র অস্যার্থস্য প্রকাশকম্ ঋষেৰ্মন্ত্রস্য বচঃ বাক্যং নঃ শ্রুতমস্তি, মন্ত্রোঽপ্যস্যার্থস্য প্রকাশকো বিদ্যত ইত্যর্থঃ। কোঽসৌ মন্ত্র ইত্যুচ্যতে—দ্বে সৃতী দ্বৌ মার্গাবশৃণবং শ্রুতবানস্মি ; তয়োরেকা পিতৄণাং প্রাপিকা পিতৃলোকসম্বদ্ধা, তয়া সৃত্যা পিতৃলোকং প্রাপ্নোতীত্যর্থঃ। অহমশৃণবমিতি ব্যবহিতেন সম্বন্ধঃ। দেবানাম্ উত অপি দেবানাং সম্বন্ধিনী অন্যা, দেবান্ প্রাপয়তি সা। ৩

কে পুনরুভাভ্যাং সৃতিভ্যাং পিতৄন্ দেবাংশ্চ গচ্ছন্তীত্যুচ্যতে—উতাপি মর্ত্ত্যানাং মনুষ্যাণাং সম্বন্ধিন্যৌ ; মনুষ্যা এব হি সৃতিভ্যাং গচ্ছন্তীত্যর্থঃ। তাভ্যাং সৃতিভ্যামিদং বিশ্বং সমস্তম্ এজৎ গচ্ছৎ সমেতি সংগচ্ছতে। তে চ দ্বে সৃতী যদন্তরা যয়োরন্তরা যদন্তরা, পিতরং মাতরঞ্চ মাতাপিত্রোরন্তরা মধ্যইত্যর্থঃ। কৌ তৌ মাতাপিতরৌ ? দ্যাবাপৃথিব্যাবণ্ড-কপালে "ইয়ং বৈ মাতা, অসৌ পিতা" ইতি হি ব্যাখ্যাতং ব্রাহ্মণেন। অণ্ড-কপালয়োর্মধ্যে সংসারবিষয়ে এবৈতে সৃতী

নাত্যন্তিকামৃতত্বগমনায়। ইতর আহ—নাহমতঃ অস্মাৎ প্রশ্নসমুদায়াদেকঞ্চন একমপি প্রশ্নং ন বেদ নাহং বেদেতি হোবাচ শ্বেতকেতুঃ ॥ ৩৮০ ॥ ২ ॥

টীকা।—পদার্থমুক্ত্বা বাক্যার্থমাহ—সমানেনেতি। সাড়ারূপেণ—সাধারণেন মার্গেণ-ভূয়সং গচ্ছতাং যত্র মার্গবিপ্রতিপত্তিস্তৎকিং জানাসীতি প্রশ্নার্থঃ। বিপ্রতিপত্তিমেব বিশদয়তি—তত্রেতি। অধিকৃতপ্রশ্ননির্ধারণার্থা সপ্তমী। প্রথমপ্রশ্নং নিগময়তি—যথেতি। ১

প্রশ্নান্তরমাদত্তে—তহীতি। তদেব স্পষ্টয়তি—যথেতি। পরলোকগতাঃ প্রজাঃ পুনরিমং লোকং যথাগচ্ছন্তি, তথা কিং বেথেতি যোজনা। প্রশ্নান্তরপ্রতীকমুপাদত্তে—বেথেতি। ব্যাকরোতি—এবমিতি। প্রসিদ্ধো স্তায়ো জরাজ্বরাদিমরণহেতুঃ। প্রশ্নান্তরমুত্থাপ্য ব্যাচষ্টে—বেথেত্যাদিনা। পুরুষশব্দবাচ্যা ভূত্বা সমুত্থায় বদন্তীতি সংবন্ধঃ। কথমপাং পুরুষ-শব্দবাচ্যত্বং, তদাহ—যদেতি। প্রশ্নান্তরমবতারয়তি—বেত্থেবং বেথেতি। পিতৃযাণস্ত বা প্রতিপদং বেথেতি সংবন্ধঃ। যৎ কৃত্বা প্রতিপদ্যন্তে পন্থানং, তৎকর্ম প্রতিপদিতি যোজনা। বাক্যার্থমাহ—দেবযানমিতি। উক্তমর্থং সংক্ষিপ্যাহ—দেবলোকেতি। ২

মার্গদ্বয়মেব নাস্তি, ত্বয়া ভূৎপ্রেক্ষামাত্রেণৈব পৃচ্ছ্যতে; তত্রাহ—অপীতি। অত্রেতি কর্মবি-পাকপ্রক্রিয়োক্তিঃ। অস্যার্থস্য মার্গদ্বয়স্যোত্তরম্। তেষামেব মার্গদ্বয়েঽধিকৃতত্বমিতি বক্তু-মীত্যুক্তং, তদেব স্ফুটয়তি—তাভ্যামিতি। বিধঃ সাধ্যসাধনাত্মকং সংগচ্ছতে গন্তব্যত্বেন গন্তৃত্বেন চেতি শেষঃ। প্রকৃতমন্ত্রব্যাখ্যানপ্রস্তো ব্রাহ্মণশব্দার্থঃ। মন্ত্রস্যোত্তরেঽত্রাদৌ বিবক্ষিত-মর্থমাহ—অপ্রকাশনত্বোরিতি ।৩৮০।২।

ভাষ্যানুবাদ।—ভাল, তুমি যদি পিতার নিকট উত্তম শিক্ষালাভ করিয়া থাক; [তবে জিজ্ঞাসা করিতেছি,] তুমি জান কি, এই সমুদয় প্রজা ম্রিয়মাণ হইয়া অর্থাৎ মৃত্যু-গ্রাসে পতিত হইয়া কি প্রকারে বিপ্রতিপন্ন হয়? প্রজাগণ সমান পথে যাইলেও, যেখানে তাহাদের পথভেদ ঘটিয়া থাকে; সেখানে যাইয়া কোন কোন লোক এক পথে যায়, আবার কোন কোন লোক অন্য পথে যায়; এই প্রকার বিপ্রতিপত্তি অর্থাৎ বিভিন্ন পথপ্রাপ্তির কথা অবগত হওয়া যায়? যে প্রকারে সেই প্রজাগণ বিভিন্ন পথে যাইয়া থাকে, তাহা জান কি? এই বিষয়টী যে, বিবেচনীয়, তাহা বুঝাইবার জন্য 'বিপ্রতিপদ্যন্তা ৩' পদে প্লুতস্বর প্রযুক্ত হইয়াছে। শ্বেতকেতু বলিলেন—না—আমি জানি না। ১

তবে তুমি জান কি, প্রজাগণ ইহ লোকে যে প্রকারে পুনর্ব্বার ফিরিয়া আইসে? শ্বেতকেতু এবারও নিষেধ করিলেন। পুনশ্চ, তুমি জান কি, প্রজাগণ মৃত্যুর পর পুনঃ পুনঃ প্রয়াণ (গমন) করিলেও ঐ লোকটি (পরলোকটী) যে কারণে পরিপূর্ণ হয় না? অর্থাৎ যে কারণে ঐ লোক পরিপূর্ণ হয় না, তাহা তুমি জান কি? শ্বেতকেতু বলিলেন—না, আমি জানি না; তবে, তুমি জান

কি, [হবনীয় দ্রব্যের] জল সমূহ বেসংখ্যক আহুতিতে হুত (অর্পিত) হইয়া 'পুরুষবাচঃ'—পুরুষের (মনুষ্যের) যাহা বাক্ (শব্দ), সেই শব্দসম্পন্ন (মনুষ্য) হইয়া, অথবা পুরুষপদবাচ্য হইয়া ;—কেন না, যখন পুরুষাকারে পরিণত হয়, তখন ত নিশ্চয়ই পুরুষপদবাচ্যও হয় ; সেই প্রকারে সমুত্থিত হইয়া অর্থাৎ জন্ম পরিগ্রহ করিয়া যে, বাগ্ব্যবহার করিয়া থাকে, [তাহা তুমি জান কি ? ; শ্বেতকেতু 'জানি না' বলিয়া উত্তর করিলেন। যদি ইহাও না জান ; তবে তুমি জান কি, দেবযান ও পিতৃযাণ পথের প্রতিপদ্ প্রাপ্তির উপায় কি ? শ্রুতি নিজেই 'প্রতিপদ্' শব্দের অর্থ প্রকাশ করিয়া বলিতেছেন—যে কর্ম্ম করিয়া অর্থাৎ প্রজাগণ যে প্রকার বিশিষ্ট কর্ম্ম করিয়া দেবযান পথ প্রাপ্ত হয়, অথবা যেরূপ কর্ম্ম করিয়া পিতৃযাণ পথ প্রাপ্ত হয়, সেই কর্ম্মকে 'প্রতিপদ্' বলা হইয়া থাকে ; সেই প্রতিপদ্ তুমি জান কি ? অর্থাৎ দেবলোক ও পিতৃলোক লাভের উপায় কি তুমি জান ? বক্ষ্যমাণ বিষয়ের প্রকাশক ঋষিবচনও (মন্ত্রবাক্যও) আমাদের শ্রুত আছে, অর্থাৎ এ বিষয়ের প্রকাশক মন্ত্রও বর্ত্তমান আছে। সেই মন্ত্রটী কি, তাহা কথিত হইতেছে—'আমি দুইটী পথের কথা শুনিয়াছি ; তন্মধ্যে একটী পিতৃগণের প্রাপ্তিসাধক অর্থাৎ পিতৃলোক-সম্বন্ধী, সেই পথে গেলে পিতৃলোক প্রাপ্ত হইয়া থাকে। অপর পথটী দেবসম্বন্ধী অর্থাৎ সেই পথটী দেবলোক প্রাপ্তির উপায়। ৩

সেই উভয় পথে পিতৃলোকে ও দেবলোকে কাহারা গমন করে, তাহা বলা হইতেছে—সেই দুইটী পথ মর্ত্ত্যগণের অর্থাৎ মনুষ্যসম্বন্ধী ; মনুষ্যগণই ঐ দুই পথে গমন করিয়া থাকে। এই সমস্ত জগৎই ঐ দুই পথে গমন করিয়া সম্মিলিত হয় ; ঐ যে দুইটী পথ, যে উভয়ের মধ্যে—পিতা ও মাতার মধ্যে অবস্থিত, সেই পিতা ও মাতা কে কে ? না, দ্যাবা-পৃথিবী অর্থাৎ ব্রহ্মাণ্ডের কপালদ্বয় বা আবরণদ্বয়—দ্যুলোক ও ভূলোক ; 'এই পৃথিবী হইতেছে মাতা, এবং ঐ দ্যুলোক হইতেছে পিতা' এই ব্রাহ্মণগ্রন্থেও পিতা ও মাতা কথার এইরূপ ব্যাখ্যাই রহিয়াছে। অভিপ্রায় এই যে, উক্ত পথ দুইটী অণ্ড-কপালদ্বয়ের মধ্যেই অবস্থিত—সংসারেরই অন্তর্গত, কিন্তু আত্যন্তিক অমৃতত্বলাভের উপায় নহে। ইহা শুনিয়া শ্বেতকেতু বলিলেন—এই সমুদয় প্রশ্নের মধ্যে একটি প্রশ্নও আমি জানি না ॥৩৮০॥২॥

অথৈনং বসত্যোপমন্ত্রয়াঞ্চক্রেঽনাদৃত্য বসতিং কুমারঃ প্রদুদ্রাব, স আজগাম পিতরম্, তং হোবাচেতি বাব কিল নো

ভবান্ পুরানুশিষ্টানবোচইতি; কথং সুমেধ ইতি, পঞ্চ মা প্রশ্নান্ রাজন্যবন্ধুরপ্রাক্ষীত্ততো নৈকঞ্চন বেদেতি; কতমে ত ইতীম ইতি হ প্রতীকান্যুদাজহার ॥৩৮১॥৩॥

সরলার্থঃ।—অথ (শ্বেতকেতোরপ্রতিভানানন্তরম্) [রাজা] এনং শ্বেতকেতুং বসত্যা (বাসনিমিত্ত) উপমন্ত্রয়াঞ্চক্রে (আমন্ত্রণং কৃতবান্)। কুমারঃ (শ্বেতকেতুঃ) বসতিং (রাজভবনে স্থিতিং) অনাদৃত্য (উপেক্ষ্য) প্রদুদ্রাব (দ্রুতং প্রতস্থে); সঃ পিতরং আজগাম; আগত্য চ [তং (পিতরং) উবাচ হ— ভবান্ কিল পুরা (প্রথমং) নঃ (অস্মান্) অনুশিষ্টান্ (সম্যগনুশিষ্টান্) ইতি বাব (অবধারণে) অবোচঃ (অবোচৎ উক্তবান্) কিল। [পিতা আহ—] হে সুমেধঃ (সুবোধ), কথম্ ইতি? (কেন কারণেন এবং কথয়সি? ইতি)। [শ্বেতকেতুঃ আহ—] রাজন্যবন্ধুঃ (রাজন্যাপশদঃ, মা (মাং) পঞ্চ প্রশ্নান্ অপ্রাক্ষীৎ (পৃষ্টবান্); ততঃ (তেষু মধ্যে) একঞ্চন (একমপি) ন বেদ (ন প্রত্যভিজ্ঞাতবানস্মি ইতি)। [পিতা আহ—] কতমে (কে কে) তে প্রশ্নাঃ? ইতি। এবমুক্তঃ শ্বেতকেতুঃ—'ইমে' (তে প্রশ্নাঃ) ইতি [কৃত্বা] প্রতীকানি প্রশ্নানাম্ উদাজহার (কথিতবান্) ॥৩৮১॥৩॥

মূলানুবাদ।—অতঃপর, [রাজা শ্বেতকেতু বিদ্যাভিমানজ গর্ব্ব এইরূপে খর্ব্ব করিয়া শ্বেতকেতুকে সেখানে বাস করিবার জন্য অনুরোধ করিয়াছিলেন; (আপনি এখানে বাস করুন; আপনার জন্য আমরা পাদ্য অর্ঘ্য আনয়ন করিতেছি, এইরূপে রাজা তাহাকে আমন্ত্রণ করিয়াছিলেন); কিন্তু কুমার শ্বেতকেতু বসতির আমন্ত্রণ অনাদর করিয়া দ্রুতগতিতে প্রস্থান করিলেন। তিনি পিতার নিকট আগমন করিলেন; এবং পিতাকে বলিলেন—আপনি পূর্ব্বে বলিয়াছিলেন যে, আমাকে সম্পূর্ণরূপে শিক্ষা প্রদান করিয়াছেন! [পিতা বলিলেন—] হে সুমেধ (সুবোধ), তুমি এরূপ বলিতেছ কেন? শ্বেতকেতু বলিলেন—রাজন্যবন্ধু অর্থাৎ নিকৃষ্ট রাজন্য প্রবাহণ আমাকে পাঁচটী প্রশ্ন জিজ্ঞাসা করিয়াছিল, আমি তাহার একটীও বুঝিতে পারি নাই। [পিতা জিজ্ঞাসা করিলেন—] সেই

প্রশ্নগুলি কি কি? শ্বেতকেতু সেই প্রশ্নগুলির প্রতীক বা প্রথমাংশ-মাত্র উল্লেখ করিলেন ॥৩৮১॥৩॥

শাঙ্করভাষ্যম্।—অথানন্তরম্ অপনীয় বিদ্যাভিমানগর্ব্বম্, এনং প্রকৃত শ্বেতকেতুং বসত্যা বসতিপ্রয়োজনেনোপমন্ত্রয়াঞ্চক্রে, ইহ বসন্তু ভবন্তঃ; পাদ্য-মর্ঘ্যমানীয়তামিত্যুপমন্ত্রণং কৃতবান্ রাজা। অনাদৃত্য তাং বসতিং কুমারঃ শ্বেত-কেতুঃ প্রতস্থে প্রতিগতবান্ পিতরং প্রতি। স চাজগাম পিতরম্; আগত্য চ উবাচ তম্। কথমিতি—বাব কিল এনং কিল নঃ অস্মান্, ভবান্ পুরা সমাবর্ত্তন-কালে অনুশিষ্টান্ সর্ব্বাভির্বিদ্যাভিঃ, অবোচৎ ইতি। সোপালম্ভং পুত্রস্য বচঃ শ্রুত্বা আহ পিতা—কথং কেন প্রকারেণ তব দুঃখমুপজাতম্, হে সুমেধঃ, শোভনা মেধা যস্যেতি সুমেধাঃ। ১

শৃণু, মম যথা বৃত্তম্; পঞ্চ পঞ্চসংখ্যাকান্ প্রশ্নান্ মাং রাজন্যবন্ধুঃ—রাজন্যা বন্ধবো যস্যেতি; পরিভববচনমেতৎ—রাজন্যবন্ধুরিতি; অপ্রাক্ষীৎ পৃষ্টবান্। ততস্তেষাং ন একঞ্চন একমপি ন বেদ ন বিজ্ঞাতবানস্মি। কতমে তে রাজ্ঞা পৃষ্টাঃ প্রশ্নাঃ? ইতি পিত্রা উক্তঃ পুত্রঃ—'ইমে তে' ইতি হ প্রতীকানি মুখানি প্রশ্নানামুদাজহার উদাহৃতবান্॥ ৩৮১॥ ৩॥

টীকা।—শ্বেতকেতোরভিমাননিবৃত্তিস্তো তনার্থং বহুবচনম্। রাজ্ঞস্তত্রবসত্যনাদরে হেতু-মাহ—কুমার ইতি। এবং কিলেতি রাজপরাভবলিঙ্গকং পিতৃবচনো মুখাঙ্গং জ্যোতয়েৎ। অজ্ঞানাধীনং দুঃখং তবাসম্ভাবিতমিতি সূচয়তি—সুমেধ ইতি ॥৩৮১॥৩॥

ভাষ্যানুবাদ।—অতঃপর রাজা শ্বেতকেতুর বিদ্যাভিমানজনিত অহঙ্কার বিদূরিত করিয়া, শ্বেতকেতুকে সেখানে অবস্থান করিবার জন্য উপমন্ত্রণ করিয়াছিলেন;—আপনি এখানে অবস্থান করুন; ভৃত্যগণ, ইহার নিমিত্ত পাদ্য ও অর্ঘ্য আনয়ন কর; এইরূপে রাজা তাহাকে আমন্ত্রণ করিয়া-ছিলেন; কিন্তু কুমার শ্বেতকেতু সেখানে অবস্থানে অনাদর করিয়া (উপেক্ষা করিয়া) পিতার নিকট প্রতিগমন করিয়াছিলেন। তিনি পিতার নিকট আগমন করিলেন, এবং আসিয়া পিতাকে বলিলেন। কি কথা বলিলেন? পূর্ব্বে—সমাবর্ত্তনসময়ে আপনি আমাকে সমস্ত বিদ্যায় শিক্ষাপ্রাপ্ত বলিয়া নির্দ্দেশ করিয়াছিলেন; [কিন্তু বাস্তবিক পক্ষে তাহা করেন নাই]। পুত্রের এই প্রকার তিরস্কারগর্ভ বাক্য শ্রবণ করিয়া পিতা বলিলেন—হে সুমেধ, তোমার মেধা—ধারণক্ষম বুদ্ধি অতি উত্তম; অতএব হে সুমেধ, কি কারণে তোমার দুঃখ সমুৎপন্ন হইয়াছে, তাহা বল।

[পুত্র শ্বেতকেতু বলিলেন—] শ্রবণ করুন, যাহা হইয়াছে; রাজন্যগণ যাহার বন্ধু, সেই রাজন্যবন্ধু আমাকে পাঁচটী প্রশ্ন জিজ্ঞাসা করিয়াছিল। এখানে 'রাজন্যবন্ধু' কথাটী পরিভব-জ্ঞাপনার্থ প্রযুক্ত হইয়াছে। সেই পঞ্চ প্রশ্নের একটী ও আমি বুঝিতে পারি নাই বা জানি না। সেই প্রশ্নগুলি কি কি, ইহা পিতা জিজ্ঞাসা করিলে পর, পুত্র 'এই সেই সমুদয় প্রশ্ন এই' বলিয়া, প্রশ্নগুলির প্রতীক অর্থাৎ প্রথমাংশমাত্র উদাহরণ করিয়াছিলেন—বলিয়াছিলেন ॥৩৮১॥৩

স হোবাচ তথা নস্ত্বং তাত জানীথাঃ, যথা যদহং কিঞ্চ বেদ সর্ব্বমহং তত্তুভ্যমবোচম্, প্রেহি তু তত্র প্রতীত্য ব্রহ্মচর্য্যং বৎস্যাব ইতি। ভবানেব গচ্ছত্বিতি, স আজগাম গৌতমো যত্র প্রবাহণস্য জৈবলেরাস, তস্মা আসনমাহৃত্যোদকমাহারয়াঞ্চকারাথ হাস্মা অর্ঘ্যং চকার, তং হোবাচ বরং ভগবতে গৌতমায় দদ্ম-ইতি ॥ ৩৮২ ॥ ৪ ॥

সরলার্থঃ।—[এবং বিষণ্ণং পুত্রমুপসান্ত্বয়ন্] পিতা উবাচ হ—হে তাত (পুত্র), [ত্বম্] নঃ (অস্মান্) তথা জানীথাঃ, যথা অহং বৎ কিঞ্চ বেদ (বেদ্মি), অহং তৎ সর্বং তুভ্যম্ অবোচং (উক্তবানস্মি); [অহমপি নৈতৎ-প্রশ্নপঞ্চকার্থং জানামীতি ভাবঃ]। তু (পুনঃ) প্রেহি (আগচ্ছ), তত্র প্রতীত্য (গত্বা) ব্রহ্মচর্য্যং বৎস্যাবঃ [আবাম্] ইতি। [শ্বেতকেতুঃ আহ—] ভবান্ এব গচ্ছতু ইতি। সঃ গৌতমঃ যত্র প্রবাহণস্য জৈবলেঃ আস (আসনম্, সাক্ষাৎকারস্থানম্), তত্র আজগাম। তস্মৈ (আগতায় গৌতমায়) আসনম্ আহৃত্য (আনীয়) উদকং (পাদ্যং) আহারয়াঞ্চ (আনয়ামাস ভৃত্যৈঃ) [রাজা]। অথ (অনন্তরং) অস্মৈ (গৌতমায়) অর্ঘ্যং (পূজাং) চকার হ; তং উবাচ হ—ভগবতে (পূজনীয়ায় গৌতমায় (তুভ্যং) বরং দদ্মঃ (প্রযচ্ছামঃ) [বয়ম্] ইতি ॥৩৮২॥৪॥

মূলানুবাদ।—(এই প্রকারে বিষাদগ্রস্ত পুত্রকে সান্ত্বনা করিবার উদ্দেশ্যে) পিতা বলিলেন—তাত, (বৎস), তুমি আমাদিগকে সেই প্রকার জানিও যে, আমরা যাহা কিছু জানি, সে সমস্তই তোমাকে বলিয়াছি; (কিছুই বাকি রাখি নাই; ফলকথা, এই

পাঁচটী প্রশ্নের তত্ত্ব আমিও জানি না) ; অতএব এস, আমরা উভয়ে সেই রাজার নিকট যাইয়া ব্রহ্মচর্য্য বাস করিব। (পুত্র বলিলেন), আপনিই গমন করুণ। (অতঃপর) সেই গৌতম ঋষি, যেখানে রাজা প্রবাহণ জৈবলির বসিবার স্থান অর্থাৎ যেখানে বসিয়া রাজা সকলকে দেখা দেন, সেইখানে যাইয়া উপস্থিত হইলেন। রাজা তাহাকে আসন প্রদানপূর্ব্বক পাদপ্রক্ষালনের জল আনাইলেন ; শেষে তাহার অর্চ্চনা করিলেন ; এবং তাহাকে বলিলেন যে, হে পূজনীয় গৌতম, আপনাকে বর প্রদান করিতেছি ; [গ্রহণ করুন] ॥ ৩৮২ ॥ ৪ ॥

শাঙ্করভাষ্যম্।—স হোবাচ পিতা পুত্রং ক্রুদ্ধমুপশময়ন্—তথা ত্বেন প্রকারেণ নঃ অস্মান্ ত্বম্—হে তাত বৎস, জানীথাঃ গৃহ্ণীথাঃ, যথা যদহং কিঞ্চ বিজ্ঞানজাতং বেদ, সর্ব্বং তৎ তুভ্যমবোচমিত্যেব জানীথাঃ ; কোঽন্যো মম প্রিয়তরোঽস্তি ত্বত্তঃ, যদর্থং রক্ষিষ্যে ; অহমপি এতন্ন জানামি, যদ্রাজ্ঞা পৃষ্টম্ ; তস্মাৎ প্রেহি আগচ্ছ ; তত্র গত্বা রাজ্ঞি ব্রহ্মচর্য্যং বৎস্যাবো বিদ্যার্থমিতি। স আহ,—ভবানেব গচ্ছত্বিতি, নাহং তস্য মুখং নিরীক্ষিতুমুৎসহে। স আজগাম গৌতমঃ, গোত্রতো গৌতমঃ, আরুণিঃ, যত্র প্রবাহণস্য জৈবলেরাস আসনম আস্থায়িকা ; সভাদত্ত: প্রথমাস্থানে। তস্মৈ গৌতমায়াগতায় আসনমনুরূপমানায্য উদকং ভৃত্যৈরাহারয়াঞ্চকার। অথ হ অস্মৈ অর্ঘ্যং পুরোধসা কৃতবান্ মন্ত্রবৎ, মধুপর্কঞ্চ। কৃত্বা চৈবং পূজাং তং হোবাচ,—বরং ভগবতে গৌতমায় তুভ্যং দদ্ম ইতি—গোশ্বাদিলক্ষণম্ ॥ ৩৮২ ॥ ৪ ॥

টীকা।—সত্যং কিঞ্চিদুক্তং, কিঞ্চিত্তু বিজ্ঞানমস্তৈয় প্রিয়তমায় দাতুং রক্ষিতমিত্যাশঙ্ক্যাহ—কোঽন্য ইতি। রাজ্ঞা যৎ পৃষ্টং, তন্ময়া ন বিজ্ঞাতম্, তথা চ তস্মিন্ বিষয়ে ত্বং বঞ্চিতোঽস্মীত্যাশঙ্ক্যাহ—অহমপীতি। তর্হি 'তত্ত্বজ্ঞানং' কথং সাধ্যতামিত্যাশঙ্ক্যাহ—তস্মাদিতি। ৩৮২। ৪।

ভাষ্যানুবাদ।—ক্রুদ্ধ পুত্রের সান্ত্বনার্থ পিতা গৌতম পুত্রকে বলিলেন—হে তাত (হে বৎস), তুমি আমাকে সেইরূপ জানিও—গ্রহণ করিও, যাহাতে বুঝিবে, আমি যাহা কিছু বিজ্ঞের বিষয় জানি, সে সমুদয়ই তোমাকে বলিয়াছি—এইরূপই বুঝিবে ; কারণ, তোমা অপেক্ষা অধিক প্রিয়জন আমার আর কে আছে ? যাহার জন্য আমি গোপন করিয়া রাখিব ; বস্তুতঃ

রাজা যাহা জিজ্ঞাসা করিয়াছে, আমিও তাহা জানি না; অতএব এস, সেখানে যাইয়া রাজার নিকট বিদ্যাগ্রহণের জন্য ব্রহ্মচর্য্য বাস করিব। শ্বেতকেতু বলিলেন—আপনিই যান; আমি তাহার মুখদর্শন করিতে ইচ্ছা করি না।

অনন্তর গোতমবংশীয় আরুণি ঋষি আসিয়া সেখানে উপস্থিত হইলেন, যেখানে প্রবাহণ জৈবলির আসন—আস্থায়িকা (যেখানে বসিয়া নৃপতিগণ সাধারণকে দেখা দিয়া থাকেন, তাহা) রহিয়াছে। 'প্রবাহণস্য জৈবলেঃ' এই উভয় পদেই প্রথমাবিভক্তির অর্থে ষষ্ঠী বিভক্তি হইয়াছে। রাজা সেই আগত গোতমকে উপযুক্ত আসন প্রদান করিয়া, ভৃত্যগণ দ্বারা জল আনয়ন করিয়াছিলেন। অনন্তর পুরোহিত দ্বারা মন্ত্রোচ্চারণপূর্ব্বক গৌতমের অর্ঘ্য ও মধুপর্ক প্রদান করিয়াছিলেন। এইরূপ পূজা সমাপন করিয়া তাহাকে বলিয়াছিলেন—গোতমবংশীয় পূজনীয় আপনাকে গো-অশ্বাদিরূপ বর প্রদান করিতেছি ॥৩৮২॥৩॥

স হোবাচ প্রতিজ্ঞাতো ম এষ বরো যাস্তু কুমারস্যান্তে বাচমভাষথাস্তাং মে ব্রূহীতি ॥ ৩৮৩ ॥ ৫ ॥

সরলার্থঃ।—সঃ (গৌতমঃ) উবাচ হ—এষঃ (বক্ষ্যমাণঃ) বরঃ মে (মম সম্বন্ধে) [ত্বয়া] প্রতিজ্ঞাতঃ; তু (পুনঃ) কুমারস্য (শ্বেতকেতোঃ) অন্তে (সমীপে) যাং বাচং (প্রশ্নরূপাং) অভাষথাঃ (উক্তবানসি), তাম্ এব মে (মহ্যং) ব্রূহি (কথয়) ইতি ॥৩৮৩॥৫॥

মূলানুবাদ।—সেই গৌতম বলিলেন—আপনি আমাকে অভিলষিত বর দিতে প্রতিজ্ঞা করিয়াছেন; (এ বিষয়ে আপনি দৃঢ়চিত্ত হউন)। আপনি আমার পুত্রের নিকট যে প্রশ্নবাক্য বলিয়াছিলেন, তাহাই আমাকে বলুন; ইহাই আমার প্রার্থনীয় বর ॥৩৮৩॥৫॥

শাঙ্করভাষ্যম্।—স হোবাচ গৌতমঃ, প্রতিজ্ঞাতো মে মমৈষ বরস্ত্বয়া; অস্যাং প্রতিজ্ঞায়াং দৃঢ়ীকুরু আত্মানম্। যাং তু বাচং কুমারস্য মম পুত্রস্যান্তে সমীপে বাচম্ অভাষথাঃ প্রশ্নরূপাম্, তামেব মে ব্রূহি; স এব নো বর ইতি ॥ ৩৮৩ ॥ ৫ ॥

টীকা।—বিবক্ষিতবিদ্যাগৌরবং বিবক্ষিত্বাহ—অস্যামিতি। তদিতি সামান্যোক্তা বরো বিশিষ্যতে ॥৩৮৩॥৫॥

ভাষ্যানুবাদ।—সেই গৌতম বলিলেন—আপনি আমার জন্য এই যে, বর-প্রদানের প্রতিজ্ঞা করিয়াছেন; সেই প্রতিজ্ঞায় আপনি আপনাকে দৃঢ়তর করুন। আপনি কুমারের—আমার পুত্রের অন্তে—সমীপে যে প্রশ্নবচন বলিয়াছিলেন, আমাকেও সেই বাক্যই (তাহার উত্তরই) বলুন; ইহাই আমার বর ॥৩৮৩॥৫॥

স হোবাচ দৈবেষু গৌতম তদ্বরেষু, মানুষাণাং ব্রূহীতি ॥ ৩৮৪ ॥ ৬ ॥

সরলার্থঃ।—সঃ (রাজা) উবাচ হ—হে গৌতম, তৎ (সঃ ত্বৎপ্রার্থিতঃ বরঃ) দৈবেষু (দেবসম্বন্ধিষু) বরেষু [অন্তর্গতঃ]; [অতঃ তৎ ন প্রার্থনীয়ম্]; মানুষাণাং (মনুষ্যসম্বন্ধিনং বরং) ব্রূহি (প্রার্থয়স্ব) ইতি ॥৩৮৪॥৬॥

মূলানুবাদ।—রাজা বলিলেন—হে গৌতম, তোমার প্রার্থিত বরটা হইতেছে—দেবসম্বন্ধী বরের অন্তর্গত; (অতএব, উহা প্রার্থনা না করিয়া) তুমি মনুষ্যসম্বন্ধী বর প্রার্থনা কর ॥৩৮৪॥৬॥

শাঙ্করভাষ্যম্।—স হোবাচ—দৈবেষু বরেষু তদ্বৈ গৌতম, যং ত্বং প্রার্থয়সে। মানুষাণামন্যতমং প্রার্থয় বরম্ ॥ ৩৮৪ ॥ ৬ ॥

টীকা।—॥৩৮৪॥৬॥

ভাষ্যানুবাদ।—রাজা বলিলেন—হে গৌতম, তুমি যাহা প্রার্থনা করিতেছ, তাহা দৈব বরের অন্তর্গত; তুমি মনুষ্যসম্বন্ধী কোন একটি বর প্রার্থনা কর ॥৩৮৪॥৬॥

স হোবাচ বিজ্ঞায়তে হাস্তি হিরণ্যস্যাপাত্তং গো-অশ্বানাং দাসীনাং প্রবারাণাং পরিদানস্য। মা নো ভবান্ বহোরনন্তস্যাপর্য্যন্তস্যাভ্যবদান্যো ভূদিতি, স বৈ গৌতম তীর্থেনেচ্ছাসা-ইতি, উপৈম্যহং ভবন্তমিতি, বাচা হ স্মৈব পূর্ব্ব উপযন্তি, স হোপায়নকীর্ত্ত্যোবাস ॥ ৩৮৫ ॥ ৭ ॥

সরলার্থঃ।—সঃ (গৌতমঃ) উবাচ হ—বিজ্ঞায়তে হ (যং মে যৎ যৎ দিৎসসি, তৎ সর্ব্বং ভবতা ইব ময়াপি বিজ্ঞায়তে বিশেষেণ জ্ঞায়তে এব; নাস্তি মে তেন প্রয়োজনম্ ইতি ভাবঃ)। [মমাপি] হিরণ্যস্য (সুবর্ণস্য), গো-অশ্বানাং

শাঙ্করভাষ্যম্।—জ্যেষ্ঠায় স্বাহা শ্রেষ্ঠায় স্বাহেত্যারভ্য দ্বে দ্বে আহুতী হুত্বা মন্থে সংস্রবমবনয়তি, স্রুবাবলেপনমাজ্যং মন্থে সংস্রাবয়তি। এতস্মাদেব জ্যেষ্ঠায়-শ্রেষ্ঠায়েত্যাদিপ্রাণলিঙ্গাদ্ জ্যেষ্ঠশ্রেষ্ঠাদিপ্রাণবিদ এবাস্মিন্ কর্ম্মণ্যধিকারঃ। 'রেতসে' ইত্যারভ্য একৈকামাহুতিং হুত্বা মন্থে সংস্রবমবনয়তি, অপরয়োপমন্থন্যা পুনর্ম্মথ্নাতি ॥ ৩৯৬—৩৯৭ ॥ ২—৩ ॥

টীকা। জ্যেষ্ঠায়েত্যাদিমন্ত্রেষু ধ্বনিতমর্থমাহ—এতস্মাদেবেতি। দ্বে দ্বে আহুতী হুত্বেত্যুক্তং, তত্র সর্ব্বত্র দ্বিত্বপ্রসঙ্গং প্রত্যাচষ্টে—রেতস ইত্যারভ্যেতি। সংস্রবং স্রুবাবলিপ্তমাজ্যম্। ৩৯৬—৩৯৭—২। ৩॥

ভাষ্যানুবাদ।—'জ্যেষ্ঠায় স্বাহা শ্রেষ্ঠায় স্বাহা' এই হইতে আরম্ভ করিয়া দুই দুইটী আহুতি অর্পণ করিয়া স্রুবসংলগ্ন আজ্যটুকু মন্থের মধ্যে অর্পণ করিবে। এখানে জ্যেষ্ঠত্ব শ্রেষ্ঠত্বরূপ প্রাণধর্ম্ম কথিত থাকায় বুঝা যাইতেছে যে, এই মন্থাখ্য কর্ম্মের অনুষ্ঠানে কেবল প্রাণতত্ত্ববিদেরই অধিকার। 'রেতসে স্বাহা' হইতে আরম্ভ করিয়া এক একবার মাত্র আহুতি অর্পণ করিয়া স্রুবসংলগ্ন আজ্য মন্থে অর্পণ করিবে, এবং অপর একটী মন্থন দণ্ড দ্বারা পুনর্ব্বার তাহা মর্দ্দন করিবে ॥ ৩৯৬-৭ ॥ ২-৩ ॥

অথৈনমভিমৃশতি—ভ্রমদসি জ্বলদসি পূর্ণমসি প্রস্তব্ধমস্যেক-সভমসি হিঙ্কৃতমসি হিঙ্ক্রিয়মাণমস্যুদ্গীথমসি উদ্গীয়মানমসি শ্রাবিতমসি প্রত্যাশ্রাবিতমস্যার্দ্রে সন্দীপ্তমসি বিভুরসি প্রভুরস্যন্নমসি জ্যোতিরসি নিধনমসি সংবর্গোঽসীতি ॥৩৯৮॥৪॥

সরলার্থঃ।—অথ (অনন্তরং) [বক্ষ্যমাণেন মন্ত্রেণ] এনং (মন্থং) অভিমৃশতি (স্পৃশতি)—[হে মন্থ,] ত্বং ভ্রমৎ (প্রাণস্বরূপতয়া চঞ্চলম্) অসি; জ্বলং (অগ্নিরূপত্বাৎ প্রকাশাত্মকম্) অসি; পূর্ণং (ব্রহ্মরূপেণ পরিপূর্ণম্) অসি; প্রস্তব্ধং (নভোরূপেণ নিশ্চলম্) অসি; একসভং (সর্ব্বৈরবিরোধিত্বাৎ সর্ব্বজগদাত্মকম্) অসি; হিংকৃতং (যজ্ঞারম্ভে করণীয়ং হিঙ্কৃতমপি) অসি; হিঙ্ক্রিয়-

মাণং (যজ্ঞমধ্যে ক্রিয়মাণমপি) অসি ; উদ্গীথং (যজ্ঞারম্ভে পঠনীয়ং) অসি ; উদ্গীয়মানং (যজ্ঞমধ্যে অনুষ্ঠীয়মানং) অসি ; শ্রাবিতং (অধ্বর্য্যুকৃতং শ্রাবিতং চ) অসি ; প্রত্যাশ্রাবিতং (আগ্নীধ্রেণ প্রত্যাশ্রাবিতম্) অসি ; আর্দ্রে (মেঘোদরে) সংদীপ্তং (বিদ্যুদ্রূপেণ প্রকাশময়ং) অসি ; বিভুঃ (বিবিধং ভবতীতি বিভুঃ) অসি ; প্রভুঃ (সমর্থঃ) অসি ; অন্নং (সোমাত্মকত্বাৎ ভক্ষ্যম্) অসি ; জ্যোতিঃ (অগ্নিরূপেণ ভোক্তৃত্বাৎ জ্যোতিঃস্বরূপম্) অসি ; নিধনং (কারণত্বাৎ লয়স্বরূপম্) অসি ; [বাগাদীনাম্ অগ্ন্যাদীনাং চ সংহরণাৎ] সংবর্গশ্চ অসি ইতি ॥৩৯৮॥৪॥

মূলানুবাদ।—অনন্তর কর্ম্মকর্ত্তা, তুমিই ভ্রমৎ—ভ্রমণকারী জাজ্বল্যমান, পরিপূর্ণ, প্রস্তব্ধ, হিংকৃত, হিংক্রিয়মাণ, উদ্গীথ, উদ্গীয়মান, শ্রাবিত, প্রত্যাশ্রাবিত, আর্দ্র বস্তুতে প্রদীপ্ত, বিভু, প্রভু, অন্ন, জ্যোতিঃ, নিধন এবং সংবর্গরূপে অবস্থিত রহিয়াছ, এই বলিয়া মন্থদ্রব্য মন্থন (একত্র মিশ্রিত) করিবে ॥৩৯৮॥৪॥

শাঙ্করভাষ্যম্।—অথৈনমভিমৃশতি—'ভ্রমদসি' ইত্যনেন মন্ত্রেণ ॥ ৩৯৮ ॥ ৪ ॥

টীকা। মন্থদ্রব্যস্য প্রাণদেবতাকত্বাৎ প্রাণেনৈকীকৃত্য সর্ব্বাত্মকত্বং ; তথাচ সর্ব্বদেহেষু প্রাণরূপেণ ত্বং ভ্রমদসি, প্রাণস্য চলনাত্মকত্বাত্তদ্রূপত্বাচ্চ। তত্রাগ্নিরূপেণ চ ত্বং জ্বলদসি প্রকাশাত্মকত্বাদগ্নেস্তদ্রূপত্বাচ্চ। তদনু ব্রহ্মরূপেণ ত্বং পূর্ণমসি, নভোরূপেণ প্রস্তব্ধং নিষ্কম্পমসি, সর্ব্বৈরবিরোধিত্বাৎ সর্ব্বমপি জগদেকমভবাত্মকস্তভাবাপরিচ্ছিন্নতয়া স্থিতং বস্তু ত্বমসি, প্রস্তোত্রা যজ্ঞারম্ভে ত্বমেব হিংকৃতমসি, তেনৈব যজ্ঞমধ্যে হিংক্রিয়মাণং চাসি, উদ্গাত্রা চ যজ্ঞারম্ভে তন্মধ্যে চোদ্গীথমুদ্গীয়মানং চাসি, অধ্বর্য্যুণা ত্বং শ্রাবিতমসি, আগ্নীধ্রেণ চ প্রত্যাশ্রাবিতমসি, আর্দ্রে মেঘোদরে সম্যগ্দীপ্তমসি, বিবিধং ভবতীতি বিভুঃ, প্রভুঃ সমর্থঃ, ভোগ্যরূপেণ সোমাত্মনা স্থিতত্বাদন্নং, ভোক্তৃরূপেণাগ্ন্যাত্মনা জ্যোতিঃ ; কারণত্বান্নিধনং লয়ঃ, অধ্যাত্মাধিদৈবয়োর্ব্বাগাদীনামগ্ন্যাদীনাং চ সংহরণাৎ ত্বং সংবর্গোঽসীত্যভিমর্শনমন্ত্রার্থঃ। ৩৯৮। ৪।

ভাষ্যানুবাদ।—অতঃপর 'ভ্রমৎ অসি' ইত্যাদি মন্ত্রপাঠপূর্ব্বক মন্থদ্রব্য স্পর্শ বা আলোড়ন করিবে ॥ ৩৯৮ ॥ ৪ ॥

অথৈনমুদ্যচ্ছত্যামংস্যামংহি তে মহি স হি রাজেশানোঽধিপতিঃ, স মাং রাজেশানোঽধিপতিং করোত্বিতি ॥৩৯৯॥৫॥

সরলার্থঃ।—অথ (অনন্তরং) [অনেন মন্ত্রেণ] এনং (মন্থং) উদ্যচ্ছতি (পাত্রেণ সহ উত্থাপ্য হস্তে গৃহ্লাতি—) [হে মন্থ, ত্বং] আমংসি (সর্ব্বং

বিজানাসি) ; তে (তব) মহি [মহত্তরং রূপং] আমংহি (মন্যামহে) [বয়ম্]। সঃ (প্রাণরূপঃ) রাজা ঈশানঃ অধিপতিশ্চ ; সঃ রাজা ঈশানঃ অধিপতিশ্চ [প্রাণঃ] মাম্ অধিপতিং করোতু ইতি ॥ ৩৯৯ ॥ ৫ ॥

মূলানুবাদ ।—অনন্তর, হে মন্থ, প্রাণস্বরূপ তুমি সমস্ত অবগত আছ ; আমরাও তোমাকে সেই মহত্তররূপই মনে করি। রাজা ঈশান সেই প্রাণই ইহার অধিপতি ; তিনি আমাকে অধিপতি করুন। এই মন্ত্র পাঠপূর্ব্বক উহা হস্তে গ্রহণ করিবে ॥ ৩৯৯ ॥ ৫ ॥

শাঙ্করভাষ্যম্ ।—অথৈনমুদ্যচ্ছতি সহ পাত্রেণ হস্তে গৃহ্লাতি—আমংস্যামংহি তে মহি' ইত্যনেন ॥ ৩৯৯ ॥ ৫ ॥

টীকা। আমংসি ত্বং সর্ব্বং বিজানাসি, বয়ং চ তে তব মহি মহত্তরং রূপমামংহি মন্যামহে। স হি প্রাণো রাজাদিগুণঃ, স চ মাং তথাভূতং করোত্বিত্যুক্তমন্ত্রস্যার্থঃ ॥ ৩৯৯॥৫ ॥

ভাষ্যানুবাদ ।—অতঃপর আমংসি, আমংহি তে মহি' ইত্যাদি মন্ত্র পাঠ করিয়া মন্থ-পাত্রের সহিত মন্থ হস্তে তুলিয়া লইবে ॥ ৩৯৯ ॥ ৫ ॥

অথৈনমাচামতি—তৎ সবিতুর্ব্বরেণ্যম্ । মধু বাতা ঋতায়তে মধু ক্ষরন্তি সিন্ধবঃ মাধ্বীর্নঃ সন্ত্বোষধীঃ ভূঃ স্বাহা । ভর্গো দেবস্য ধীমহি । মধু নক্তমুতোষসো মধুমৎ পার্থিবং রজঃ । মধু দ্যৌরস্তু নঃ পিতা, ভুবঃ স্বাহা । ধিয়ো যো নঃ প্রচোদয়াৎ । মধুমান্নো বনস্পতির্ম্মধুমাং অস্তু সূর্য্যঃ । মাধ্বীর্গাবো ভবন্তু নঃ । স্বঃ স্বাহেতি । সর্ব্বাঞ্চ সাবিত্রীমন্বাহ সর্ব্বাশ্চ মধুমতীঃ ; অহমেবেদং সর্ব্বং ভূয়াসং ভূর্ভুবঃ স্বঃ স্বাহেত্যন্তত আচম্য পাণী প্রক্ষাল্য জঘনেনাগ্নিং প্রাক্শিরাঃ সংবিশতি, প্রাতরাদিত্যমুপতিষ্ঠতে—দিশামেকপুণ্ডরীকমস্যহং মনুষ্যাণামেকপুণ্ডরীকং ভূয়াসমিতি, যথেতমেত্য জঘনেনাগ্নিমাসীনো বংশং জপতি ॥ ৪০০ ॥ ৬ ॥

সরলার্থঃ ।—অথ (অনন্তরং) এনং (মন্থং) আচামতি (বক্ষ্যমাণেন মন্ত্রেণ ভক্ষয়তি)—[অত্র চ গায়ত্র্যা মধুমত্যাশ্চ প্রথম-পাদাভ্যাম্, ব্যাহৃতেশ্চ প্রথমাবয়বেন প্রথমবারং ভক্ষণম্, গায়ত্র্যা মধুমত্যাশ্চ দ্বিতীয়-পাদাভ্যাং দ্বিতীয়েন চ ব্যাহৃত্যবয়বেন দ্বিতীয়বারং ভক্ষণম্, তয়োরেব তৃতীয়পাদাভ্যাং তৃতীয়েন চ ব্যাহৃত্যবয়বেন তৃতীয়বারং ভক্ষণম্, চতুর্থবারং তু তুষ্ণীং ভক্ষণং,

কার্য্যমিতি জ্ঞেয়ম্।] দেবস্য (প্রকাশমানস্য) সবিতুঃ (জগৎপ্রসবকর্তুঃ) তৎ (প্রসিদ্ধং) বরেণ্যং (বরণীয়ং) ভর্গঃ (তেজঃ) ধীমহি চিন্তয়ামঃ); যঃ (সবিতা) নঃ (অস্মাকং) ধিয়ঃ (বুদ্ধীঃ) প্রচোদয়াৎ (প্রেরয়েৎ), [তস্য তৎ ধীমহি ইতি সম্বন্ধঃ]। বাতাঃ (বায়ুভেদাঃ) মধু (সুখং যথা স্যাৎ, তথা) ঋতায়তে (প্রবহন্তু), সিন্ধবঃ (নদ্যঃ) মধু ক্ষরন্তি (মধুররসং যথা স্যাৎ, তথা স্রবন্তু); ওষধীঃ (তৃণলতাঃ) মাধ্বীঃ (মধুরাঃ) সন্তু; নক্তং (রাত্রিঃ) উষসঃ (দিবসাঃ) উত (অপি) মধু প্রীতিকরাঃ) [সন্তু]; পার্থিবং রজঃ (ধূলিঃ) মধুমৎ (মধুরং) [অস্তু]; নঃ (অস্মাকং) পিতা দ্যৌঃ (দ্যুলোকঃ) মধু (প্রিয়া) [অস্তু]; বনস্পতিঃ (সোমঃ) নঃ (অস্মাকং সম্বন্ধে) মধুমান্ [অস্তু]; সূর্য্যঃ মধুমান্ অস্তু; গাবঃ (দিশঃ) নঃ (অস্মাকং) মাধ্বীঃ [মধুরাঃ] ভবন্তু। সর্ব্বাং চ সাবিত্রীং সর্ব্বাঃ চ মধুমতীঃ অন্বাহ (উক্ত্বা ব্রবীতি) "অহম্ এব সর্ব্বং ভূয়াসম্"। [এবমুক্ত্বা] ভূর্ভুবঃ স্বঃ স্বাহা ইতি [সর্ব্বং ভক্ষয়েৎ]।

অন্ততঃ (অন্তে) চ আচম্য (আচমনং কৃত্বা) পাণী (হস্তদ্বয়ং) প্রক্ষাল্য অগ্নিং জঘনেন (অগ্নেঃ পশ্চাৎ) প্রাক্‌শিরাঃ সন্ সংবিশতি (রাত্রৌ শয়ীত); প্রাতঃ [শয্যাম্ পরিত্যজ্য] [বক্ষ্যমাণেন মন্ত্রেণ] আদিত্যং উপতিষ্ঠতে—[হে সূর্য্য, ত্বং] দিশাং একপুণ্ডরীকং (অদ্বিতীয়পদ্মস্বরূপং, অপি; অহং অপি] মনুষ্যাণাং একপুণ্ডরীকং ভূয়াসম্—ইতি [উক্ত্বা] যথেতং (যথাগতং—গমনপদ্ধতিক্রমেণ) এত্য (প্রত্যাগত্য) অগ্নিং জঘনেন (অগ্নেঃ পার্শ্বে) আসীনঃ সন্ বংশং (বংশব্রাহ্মণং) জপতি (জপেৎ ইত্যর্থঃ)॥ ৪০০॥ ৬॥

মূলানুবাদ ঃ—অনন্তর বক্ষ্যমাণ মন্ত্রক্রমে এই মন্থ ভক্ষণ করিবে। [এখানে গায়ত্রীর এক পাদ, মধুমতীর একপাদ এবং ব্যাহৃতির প্রথম অংশ পাঠপূর্ব্বক মন্থের প্রথম অংশ, গায়ত্রী ও মধুমতীর দ্বিতীয় পাদ ও ব্যাহৃতির দ্বিতীয় অংশ পাঠ করিয়া দ্বিতীয় অংশ, গায়ত্রী ও মধুমতীর তৃতীয় পাদ ও ব্যাহৃতির তৃতীয় অংশ পাঠপূর্ব্বক তৃতীয় অংশ, এবং বিনামন্ত্রে তূষ্ণীম্ভাবে পাত্র প্রক্ষালন-পূর্ব্বক সমস্তটা ভক্ষণ করিবে। [মন্ত্রার্থ এইরূপ]—দীপ্তিমান্ সবিতার সেই বরণীয় ভর্গ আমরা চিন্তা করিতেছি, যে ভর্গ আমাদের বুদ্ধিবৃত্তি-সমূহ কার্য্যে প্রেরণ করিয়া থাকেন। [মধুমতী মন্ত্রের অর্থ—]

বায়ুসমূহ সুখাবহ হইয়া প্রবাহিত হউক, নদীসমূহ মধুর রস ক্ষরণ করুক ; ওষধি তৃণলতাসমূহ আমাদের নিকট মধুররসযুক্ত হউক ; রাত্রি ও দিন মধুময় হউক , পার্থিব ধূলি প্রীতিময় হউক, আমাদের পিতৃস্থানীয় দ্যুলোক প্রিয় হউক, বনস্পতি (চন্দ্র বা সোম) আমাদের পক্ষে মধুমান্ হউক, সূর্য্যও মধুপূর্ণ হউক ; গো—রশ্মিসমূহ আমাদের সম্বন্ধে মাধ্বী (প্রীতিকর) হউক। [ইহার পর] 'স্বাহা' উচ্চারণপূর্ব্বক তিনভাগ ভক্ষণ করিবে। শেষে সমস্ত সাবিত্রী ও সম্পূর্ণ মধুমতী মন্ত্রপাঠ করিয়া 'আমিই যেন এই সমুদয় ভাব প্রাপ্ত হইতে পারি'—বলিয়া সমস্ত ব্যাহৃতি ও 'স্বাহা' শব্দ উচ্চারণপূর্ব্বক পাত্র প্রক্ষালন করিয়া অবশিষ্ট সমস্তটা পান করিবে।

পরে আচমন ও হস্তদ্বয় প্রক্ষালন করিয়া, পূর্ব্বশিরা হইয়া অগ্নির পার্শ্বে শয়ন করিবে। পরদিন প্রাতঃকালে গাত্রোত্থানপূর্ব্বক আদিত্যের উপাসনা করিবে,—[হে সূর্য্য, তুমি] হইতেছ সমস্ত দিকের অদ্বিতীয় পুণ্ডরীক (পদ্মস্বরূপ) ; আমিও যেন মনুষ্যগণের মধ্যে অদ্বিতীয় পুণ্ডরীকতুল্য হইতে পারি ; এই বলিয়া, যেভাবে গমন করিয়াছিল, সেইভাবেই প্রত্যাগমনপূর্ব্বক উপবেশন করিয়া বংশব্রাহ্মণ জপ করিবে ॥ ৪০০ ॥ ৬ ॥

শাঙ্করভাষ্যম্ ।—অথৈনমাচামতি ভক্ষয়তি, গায়ত্র্যাঃ প্রথমপাদেন মধুমত্যৈকয়া ব্যাহৃত্যা চ প্রথময়া প্রথমগ্রাসমাচামতি । তথা গায়ত্রীদ্বিতীয়পাদেন, মধুমত্যা দ্বিতীয়য়া, দ্বিতীয়য়া চ ব্যাহৃত্যা দ্বিতীয়ং গ্রাসম্ ; তথা তৃতীয়েন গায়ত্রীপাদেন, তৃতীয়য়া মধুমত্যা, তৃতীয়য়া চ ব্যাহৃত্যা তৃতীয়ং গ্রাসম্ । সর্ব্বাং সাবিত্রীং সর্ব্বাশ্চ মধুমতীরুক্ত্বা 'অহমেবেদং সর্ব্বং ভূয়াসম্' ইতি চ অন্তে 'ভূর্ভুবঃ স্বঃ স্বাহা' ইতি সমস্তং ভক্ষয়তি । যথা চতুর্ভির্গ্রাসৈস্তদ্দ্রব্যং সর্ব্বং পরিসমাপ্যতে, তথা পূর্ব্বমেব নিরূপয়েৎ । যৎ পাত্রাবলিপ্তম্, তৎ পাত্রং সর্ব্বং নির্ণিজ্য তূষ্ণীং পিবেৎ । পাণী প্রক্ষাল্য অপ আচম্য, জঘনেনাগ্নিং পশ্চাদগ্নেঃ, প্রাক্‌শিরাঃ সংবিশতি । প্রাতঃসন্ধ্যামুপাস্য আদিত্যমুপতিষ্ঠতে—'দিশামেকপুণ্ডরীকম্' ইত্যনেন মন্ত্রেণ । যথেতং যথাগতম্, এত্যাগত্য জঘনেনাগ্নিম্ আসীনো বংশং জপতি ॥ ৪০০ ॥ ৬ ॥

টীকা।—তৎ সবিতুর্ব্বরেণ্যং বরণীয়ং শ্রেষ্ঠং পদং ধীমহীতি সংবন্ধঃ। বাতা বায়বো মধু সুখমৃতায়তে বহন্তি। সিন্ধবো নদ্যো মধু ক্ষরন্তি মধুররসান্ স্রবন্তি। ওষধীশ্চাস্মান্ প্রতি মাধ্বীর্মধুররসাঃ সন্তু। দেবস্য সবিতুর্ভর্গস্তেজোঽন্নং বা প্রস্তুতং পদং চিন্তয়ামঃ। নক্তং রাত্রিরুতোষসো দিবসাশ্চ মধু প্রীতিকরাঃ সন্তু। পার্থিবং রজো মধুমৎসুখোৎপাদকমস্তু। দ্যৌশ্চ পিতা নোঽস্মাকং মধু সুখকরোঽস্তু। যঃ সবিতা নোঽস্মাকং ধিয়ো বুদ্ধীঃ প্রচোদয়াৎ প্রেরয়েত্তস্য তদ্বরেণ্যমিতি সংবন্ধঃ। বনস্পতিঃ সোমোঽস্মাকং মধুমানস্তু। গাবো রশ্ময়ো দিশো বা মাধ্বীঃ সুখকরাঃ সন্তু। অন্তশব্দাদিতিশব্দাচ্চোপরিষ্টাদুক্তেন্তানুষঙ্গঃ। এবং গ্রাসচতুষ্টয়ে নির্বৃত্তে সত্যবশিষ্টে দ্রব্যে কিং কর্ত্তব্যং, তত্রাহ যথেতি। পাত্রাবশিষ্টস্য পরিত্যাগং বারয়তি—যদিতি। নির্ণিজ্য প্রক্ষাল্যেতি যাবৎ। পাণিপ্রক্ষালনসামর্থ্যাৎ প্রাপ্তং শুদ্ধার্থং স্মার্ত্তমাচমনমনুজানাতি—অপ আচম্যেতি। একপুণ্ডরীকশব্দোঽপ্যত্রশ্রেষ্ঠবাচী॥ ৪০০॥ ৬॥

ভাষ্যানুবাদ।—অনন্তর গায়ত্রীর প্রথম পাদ, মধুমতীর প্রথম পাদ এবং ব্যাহৃতির প্রথমাবয়ব দ্বারা প্রথম গ্রাস ভক্ষণ করিবে; তদ্রূপ গায়ত্রীর দ্বিতীয় পাদ, মধুমতীর দ্বিতীয় পাদ এবং ব্যাহৃতির দ্বিতীয় অংশ পাঠ করিয়া দ্বিতীয় গ্রাস ভক্ষণ করিবে; সেইরূপ গায়ত্রী ও মধুমতীর তৃতীয় পাদ ও তৃতীয় ব্যাহৃতি দ্বারা তৃতীয় গ্রাস ভক্ষণ করিবে। পরিশেষে সমস্ত গায়ত্রী এবং সম্পূর্ণ মধুমতী ও ব্যাহৃতি উচ্চারণপূর্ব্বক 'আমিই যেন এই সমস্ত জগৎ-স্বরূপ' এইরূপ চিন্তা করত "ভূর্ভুবঃ স্বঃ স্বাহা" বলিয়া সমস্ত গ্রাস ভক্ষণ করিবে। এখানে জানা উচিত যে, ভক্ষণের পূর্ব্বেই ভক্ষণীয় দ্রব্যসমুদয় এমন ভাবে সজ্জিত রাখিতে হইবে, যাহাতে চারি গ্রাসেই সে সমস্ত নিঃশেষরূপে ভক্ষিত হইতে পারে; আর পাত্র-লিপ্ত যাহা কিছু থাকিবে, তৎসমস্তও পাত্র প্রক্ষালন করিয়া তূষ্ণীম্ভাবে অর্থাৎ বিনা মন্ত্রে পান করিবে। অনন্তর, হস্ত প্রক্ষালন ও জল পান করিয়া, অগ্নির পশ্চাৎদিকে পূর্ব্বশিরা হইয়া শয়ন করিবে। শেষে প্রাতঃকালে সন্ধ্যা-উপাসনার পর "দিশামেকপুণ্ডরীকম্" ইত্যাদি মন্ত্র দ্বারা সূর্য্যোপস্থাপন করিবে; পশ্চাৎ যে ভাবে গমন করিয়াছিল, ঠিক সেই ভাবেই প্রত্যাগত হইয়া অগ্নির পশ্চাদ্ভাগে উপবিষ্ট হইয়া 'বংশ-ব্রাহ্মণ' জপ করিবে॥ ৪০০॥ ৬॥

তং হৈতমুদ্দালক আরুণির্ব্বাজসনেয়ায় যাজ্ঞবল্ক্যায়ান্তেবাসিন-উক্ত্বোবাচাপি য এনং শুষ্কে স্থাণৌ নিষিঞ্চেজ্জায়েরঞ্ছাখাঃ প্ররোহেয়ুঃ পলাশানীতি॥ ৪০১॥ ৭॥

সরলার্থঃ।—[অতঃপরং মন্থকর্ম্মণঃ স্তুত্যর্থমুচ্যতে—"তং হৈতম্" ইত্যাদি]।

আরুণিঃ (অরুণিপুত্রঃ) উদ্দালকঃ (তন্নামধেয় ঋষিঃ) তং (প্রসিদ্ধং) এতং (মন্থং) বাজসনেয়ায় (বাজসনেয়ীশাখাপ্রবর্ত্তকায়) অন্তেবাসিনে (শিষ্যায়) যাজ্ঞবল্ক্যায় উক্ত্বা (উপদিশ্য) উবাচ হ—যঃ এনং (মন্থং) শুষ্কে অপি স্থাণৌ (বৃক্ষে) নিষিঞ্চেৎ (বিসৃজেৎ), [তত্রাপি] শাখাঃ জায়েরন্ (উৎপদ্যেরন্) পলাশানি (পত্রাণিচ) প্ররোহেয়ুঃ (প্রাদুর্ভবেয়ুঃ) ইত্যর্থঃ ॥৪ ১॥৭॥

মূলানুবাদ ।—এখন উক্ত মন্থকর্ম্মের প্রশংসার্থ বলিতেছেন—আরুণি উদ্দালক ঋষি বাজসনেয় (বাজসনেয়ী শাখার প্রবর্ত্তক) স্বশিষ্য যাজ্ঞবল্ক্যকে এই মন্ত ক্রিয়ার উপদেশ করিয়া বলিয়াছিলেন—যদি কেহ এই মন্ত শুষ্ক বৃক্ষেও নিক্ষেপ করে, [তাহা হইলে, সেই শুষ্ক বৃক্ষেও] শাখা জন্মে এবং পল্লব প্রাদুর্ভূত হয় ॥ ৪০১ ॥ ৭ ॥

এতমু হৈব বাজসনেয়ো যাজ্ঞবল্ক্যো মধুকায় পৈঙ্গ্যায়ান্তেবাসিন উক্ত্বোবাচাপি, য এনং শুষ্কে স্থাণৌ নিষিঞ্চেজ্জায়েরঞ্ছাখাঃ প্ররোহেয়ুঃ পলাশানীতি ॥ ৪০২ ॥ ৮ ॥

সরলার্থঃ ।—বাজসনেয়ঃ যাজ্ঞবল্ক্যঃ উ (অপি) অন্তেবাসিনে পৈঙ্গ্যায় মধুকায় এতং (মন্থম্) এব উক্ত্বা উবাচ হ—যঃ এনং (মন্থং) শুষ্কে স্থাণৌ অপি নিষিঞ্চেৎ, [তত্রাপি] শাখাঃ জায়েরন্ পলাশানি চ প্ররোহেয়ুঃ। [ব্যাখ্যা পূর্ব্ববৎ] ইতি ॥ ৪০২ ॥ ৮ ॥

মূলানুবাদ ।—বাজসনেয় যাজ্ঞবল্ক্য ঋষি আবার স্বশিষ্য পৈঙ্গ্য মধুককে উপদেশ করিয়া বলিয়াছিলেন যে, যদি কেহ এই মন্থ শুষ্ক স্থাণুতেও ন্যস্ত করে, [তবে তাহাতেও] শাখা জন্মে এবং পত্ররাশি সমুৎপন্ন হয় ॥ ৪০২ ॥ ৮ ॥

এতমু হৈব মধুকঃ পৈঙ্গ্যশ্চূলায় ভাগবিত্তয়েঽন্তেবাসিন উক্ত্বোবাচাপি, য এনং শুষ্কে স্থাণৌ নিষিঞ্চেজ্জায়েরঞ্ছাখাঃ প্ররোহেয়ুঃ পলাশানীতি ॥ ৪০৩ ॥ ৯ ॥

সরলার্থঃ ।—পৈঙ্গ্যঃ মধুকঃ উ (অপি) অন্তেবাসিনে (স্বশিষ্যায়) ভাগবিত্তয়ে চূলায় এতং (মন্থং) এব উক্ত্বা উবাচ হ—যঃ এনং শুষ্কে স্থাণৌ

অপি নিষিঞ্চেৎ, [তত্রাপি] শাখাঃ জায়েরন্, পলাশানি চ প্ররোহেয়ুঃ ইতি ॥ ৪০৩ ॥ ৯ ॥

মূলানুবাদ ঃ—পৈঙ্গ্য মধুক আবার স্বশিষ্য ভাগবিত্তি চূলকে এই মন্ত্রের সম্বন্ধে উপদেশ করিয়া বলিয়াছিলেন যে, যদি কেহ এই মন্ত্র শুষ্ক স্থাণুতেও নিক্ষেপ করে, [তাহা হইলে সেখানেও] শাখা প্রাদুর্ভূত হয়, এবং পত্ররাশি উৎপন্ন হয় ॥ ৪০৩ ॥ ৯ ॥

এবমু হৈব চূলো ভাগবিত্তির্জ্জানকয় আয়স্থূণায়ান্তেবাসিন-উক্ত্বোবাচাপি য এনং শুষ্কে স্থাণৌ নিষিঞ্চেজ্জায়েরঞ্ছাখাঃ প্ররোহেয়ুঃ পলাশানীতি ॥ ৪০৪ ॥ ১০ ॥

সরলার্থঃ ঃ—ভাগবিত্তিঃ চূলঃ উ (অপি) অন্তেবাসিনে আয়স্থূণায় জানকয়ে এতম্ এব উক্ত্বা উবাচ হ—যঃ এনং শুষ্কে স্থাণৌ অপি নিষিঞ্চেৎ [তত্রাপি] শাখাঃ জায়েরন্, পলাশানি চ প্ররোহেয়ুঃ ইতি ॥৪০৪॥১০॥

মূলানুবাদ ঃ—ভাগবিত্তি চূল ঋষি আবার স্বশিষ্য আয়স্থূণ জানকিকে এই মন্ত্রেরই উপদেশ করিয়া বলিয়াছিলেন যে, যদি কেহ শুষ্ক স্থাণুতেও এই মন্ত্র নিষিক্ত করে, তবে তাহাতেও শাখা জন্মে এবং পত্ররাশি সমুৎপন্ন হয় ॥ ৪০৪ ॥ ১০ ॥

এতমু হৈব জানকিরায়স্থূণঃ সত্যকামায় জাবালায়ান্তেবাসিন-উক্ত্বোবাচাপি য এনং শুষ্কে স্থাণৌ নিষিঞ্চেজ্জায়েরঞ্ছাখাঃ প্ররোহেয়ুঃ পলাশানীতি ॥ ৪০৫ ॥ ১১ ॥

সরলার্থঃ ঃ—আয়স্থূণঃ জানকিঃ উ (অপি) অন্তেবাসিনে জাবালায় সত্যকামায় এতম্ এব উক্ত্বা উবাচ হ—যঃ এনং শুষ্কে স্থাণৌ অপি নিষিঞ্চেৎ, [তত্রাপি] শাখাঃ জায়েরন্, পলাশানি প্ররোহেয়ুঃ ইতি ॥৪০৫॥১১॥

মূলানুবাদ ঃ—আয়স্থূণ জানকি আবার নিজশিষ্য জাবাল সত্যকামকে এই মন্ত্রের উপদেশ করিয়া বলিয়াছিলেন যে, যদি কেহ ইহা শুষ্ক স্থাণুতেও নিক্ষেপ করে, [সেখানেও] শাখা সমুৎপন্ন হয়, এবং পত্ররাশি প্রকাশ পায় ॥ ৪০৫ ॥ ১১ ॥

এতমু হৈব সত্যকামো জাবালোঽন্তেবাসিভ্য উক্ত্বোবাচাপি

য এনং শুষ্কে স্থাণৌ নিষিঞ্চেজ্জায়েরঞ্ছাখাঃ প্ররোহেয়ুঃ পলাশানীতি, তমেতন্নাপুত্রায় বান্তেবাসিনে বা ব্রূয়াৎ ॥৪০৬॥১২॥

সরলার্থঃ ।—জাবালঃ সত্যকামঃ উ (অপি) এতং (মন্থং) এব অন্তেবাসিভ্যঃ (স্বশিষ্যেভ্যঃ) উক্ত্বা উবাচ হ—যঃ এনং (মন্থং) শুষ্কে স্থাণৌ নিষিঞ্চেৎ, [তত্রাপি] শাখাঃ জায়েরন্, পলাশানি চ প্ররোহেয়ুঃ ইতি ॥ ৪০৬ ॥ ১২ ॥

মূলানুবাদ ।—জবালাপুত্র সত্যকামও শিষ্যগণকে এই মন্থবিদ্যা উপদেশ দিয়া বলিয়াছিলেন যে, যদি কেহ শুষ্ক স্থাণুতেও ইহা নিক্ষেপ করে, তবে তাহাতেও শাখা প্রাদুর্ভূত হয় এবং পত্র রাশি সমুদ্গত হয় ॥ ৪০৬ ॥ ১২ ॥

শাঙ্করভাষ্যম্ ।—"তং হৈতমুদ্দালকঃ" ইত্যাদি। সত্যকামো জাবালঃ অন্তেবাসিভ্য উক্ত্বা উবাচ—অপি য এনং শুষ্কে স্থাণৌ নিষিঞ্চেৎ, জায়েরন্নেব অস্মিন্ শাখাঃ, প্ররোহেয়ুঃ পলাশানীত্যেবমন্তম্। এবমেতম্ উদ্দালকাৎ প্রভৃত্যেকৈকাচার্য্য-ক্রমাগতং সত্যকাম আচার্য্যো বহুভ্যোঽন্তেবাসিভ্য উক্ত্বা উবাচ। কিমন্যদুবাচেত্যাহ,—অপি য এনং শুষ্কে স্থাণৌ গতপ্রাণেঽপি এনং মন্থং ভক্ষণায় সংস্কৃতং নিষিঞ্চেৎ প্রক্ষিপেৎ, জায়েরন্ উৎপদ্যেরন্নেব অস্মিন্ স্থাণৌ শাখা অবয়বা বৃক্ষস্য, প্ররোহেয়ুঃ পলাশানি পর্ণানি, যথা জীবতঃ স্থাণোঃ; কিমুত অনেন কর্ম্মণা কামঃ সিধ্যেদিতি। এবংফলমিদং কর্ম্মেতি কর্ম্মস্তুত্যর্থমেতৎ। বিদ্যাধিগমে ষট্ তীর্থানি; তেষামিহ সম্প্রদানদর্শনস্য মন্থবিজ্ঞানস্যাধিগমে দ্বে এব তীর্থে অনুজ্ঞায়েতে—পুত্রশ্চান্তেবাসী চ ॥ ৪০১—৪০৬॥১২॥

টীকা ।—তমেতং নাপুত্রায়েত্যাদেরর্থমাহ—বিদ্যেতি। শিষ্যঃ শোত্রিয়ো মেধাবী ধনদাপ্রিয়ঃ পুত্রো বিদ্যয়া বিদ্যাদাতেতি ষট্ তীর্থানি সম্প্রদানানি ॥ ৪০১—৪০৬ ॥ ১২ ॥

ভাষ্যানুবাদ ।—জবালাপুত্র সত্যকাম শিষ্যগণকে উপদেশ দিয়া বলিয়াছিলেন—যিনি ইহা শুষ্ক স্থাণুতেও নিক্ষেপ করে, নিশ্চয়ই তাহাতেও শাখাসমূহ সমুৎপন্ন হয়, এবং পত্ররাশি প্রাদুর্ভূত হয়। এই প্রকারে উদ্দালক ঋষি হইতে আরম্ভ করিয়া এক এক আচার্য্যক্রমে আগত এই মন্থের বিষয়, আচার্য্য সত্যকাম বহুসংখ্যক শিষ্যগণকে উপদেশ করিয়া বলিয়াছিলেন। তিনি আর কি বলিবেন; [তিনি বলিয়াছিলেন]—

যিনি ভক্তগণের জন্য পরিশোধিত এই মন্থকে শুষ্ক—প্রাণহীন (মৃত) স্থাণুতেও (বৃক্ষেও) নিষেক—প্রক্ষেপ করে, [তাহা হইলে,] জীবিত বৃক্ষের ন্যায় সেই স্থাণুতেও নিশ্চয়ই শাখাসমূহ—বৃক্ষের অবয়বসমূহ জন্মে—উৎপন্ন হয় এবং পলাশসমূহ—পত্ররাশিও প্রাদুর্ভূত হয় ; [সুতরাং] ইহা দ্বারা যে কামনা সিদ্ধ হইবে, তাহাতে আর কথা কি। এই কর্ম্মের ফল যে, ধ্রুব, তাহা জ্ঞাপনের নিমিত্ত এই প্রশংসাপর বাক্যটী প্রযুক্ত হইয়াছে। বিদ্যালাভের পাত্র বা অধিকারী ছয় জন ; এই মন্থবিদ্যালাভে তাহাদের মধ্যে পুত্র ও শিষ্য—এই দুইজনকে মাত্র বিদ্যালাভের অনুমতি দেওয়া হইতেছে (১)॥ ৪০৬ ॥ ১২ ॥

চতুরৌদুম্বরো ভবত্যৌদুম্বরঃ স্রুব ঔদুম্বরশ্চমস ঔদুম্বর ইধ্ম ঔদুম্বর্য্যা উপমন্থন্যৌ, দশ গ্রাম্যাণি ধান্যানি ভবন্তি ব্রীহিযবাস্তিলমাষা অণুপ্রিয়ঙ্গবো গোধূমাশ্চ মসূরাশ্চ খল্বাশ্চ খলকুলাশ্চ, তান্ পিষ্টান্ দধনি মধুনি ঘৃত উপসিঞ্চত্যাজ্যস্য জুহোতি ॥ ৪০৭ ॥ ১৩ ॥

ইতি ষষ্ঠাধ্যায়ে তৃতীয়ং ব্রাহ্মণম্ ॥ ৬ ॥ ৩ ॥

সরলার্থঃ।— অত্র মন্থে চতুরৌদুম্বরঃ (উদুম্বরময়ৈঃ চতুর্ভিঃ পাত্রৈঃ নিষ্পাদ্যঃ) ভবতি ; তথাহি—স্রুবঃ (যজ্ঞীয়পাত্রবিশেষঃ) ঔদুম্বরঃ (উদুম্বরকাষ্ঠনির্ম্মিতঃ), তথা, চমসঃ ঔদুম্বরঃ, ইধ্মঃ (কাষ্ঠং) ঔদুম্বরঃ, ঔদুম্বর্য্যৌ উপমন্থন্যৌ (মন্থনদণ্ডৌ) ; গ্রাম্যাণি (গ্রামভবানি) দশ (দশপ্রকারাণি) ধান্যানি ভবন্তি—ব্রীহি-যবাঃ (ব্রীহয়ঃ হৈমন্তিকধান্যানি, যবাঃ প্রসিদ্ধাঃ), তিল-মাষাঃ (তিলাঃ, মাষাশ্চ) অণু-প্রিয়ঙ্গবঃ (অণবঃ অণুসংজ্ঞিতাঃ, প্রিয়ঙ্গবশ্চ-কঙ্গুশব্দবাচ্যাঃ), গোধূমাঃ চ, মসূরাঃ চ, খল্বাঃ (নিষ্পাবাঃ), খলকুলাঃ (কুলত্থাঃ), পিষ্টান্ (চূর্ণীকৃতান্) তান্ দধনি, মধুনি, ঘৃতে [চ] উপসিঞ্চতি (দধ্যাদিভিরার্দ্রীকরোতি)। (অনন্তরম্) আজ্যস্য জুহোতি (আজ্যরূপেণ অগ্নৌ প্রক্ষিপতি)॥ ৪০৭ ॥ ১৩ ॥

---

(১) তাৎপর্য্য—ঠিক অর্থ বিদ্যাসম্প্রদানের যোগ্য পাত্র। পাত্রগণ—পুত্র, শিষ্য, [illegible], মেধাবী, ধনদাতা, প্রিয়পুত্র ও বিদ্যার বিনিময়ে বিদ্যাদাতা, এই ছয়জন বিদ্যাসম্প্রদানের [illegible] বলিয়া নির্দিষ্ট [illegible] শিষ্য [illegible] এই বিদ্যাদানের সম্মতি দেওয়া হইল।

মূলানুবাদ।—উক্ত মন্থহোম চারিটী ঔডুম্বর পাত্র দ্বারা সম্পাদন করিতে হয়। মন্থহোমের স্রুব ঔডুম্বর—উডুম্বর কাষ্ঠময়, চমস ঔডুম্বর, কাষ্ঠও ঔডুম্বর এবং মন্থনের দণ্ডদুইটীও ঔডুম্বর। দশপ্রকার গ্রাম্য ধান্য থাকিবে—ব্রীহি, যব, তিল, মাষ, অণু, প্রিয়ঙ্গু (কাঐন ?), গোধূম, মসূর, খল্ব ও খলকুল (কুলথ কড়াই), এই দশ প্রকার দ্রব্য পেষণ (চূর্ণ) করিয়া, দধি, ঘৃত ও মধুমিশ্রিত করিবে. এবং পরে আজ্যরূপে হোম করিবে ॥ ৪০৭ ॥ ১৩ ॥

ইতি ষষ্ঠাধ্যায়ে তৃতীয় ব্রাহ্মণব্যাখ্যা ॥ ৬ ॥ ৩ ॥

শাঙ্করভাষ্যম্।—চতুরৌডুম্বরো ভবতীতি ব্যাখ্যাতম্। দশ গ্রাম্যাণি ধান্যানি ভবন্তি ; গ্রাম্যাণাম্ ধান্যানাং দশ নিয়মেন গ্রাহ্যা ইত্যবোচাম। কে তে ইতি নির্দ্দিশ্যন্তে,—ব্রীহিযবাঃ তিলমাষাঃ, অণুপ্রিয়ঙ্গবঃ, অণবশ্চ অণুশব্দবাচ্যাঃ, কচিদ্দেশে প্রিয়ঙ্গবঃ প্রসিদ্ধাঃ কঙ্গুশব্দেন ; খল্বা নিষ্পাবাঃ বল্লশব্দবাচ্যা লোকে, খলকুলাঃ কুলথাঃ। এতদ্ব্যতিরেকেণ যথাশক্তি সর্ব্বৌষধয়ো গ্রাহ্যাঃ, ফলানি চেত্যবোচাম, অযাজ্ঞিকানি বর্জ্জয়িত্বা ॥ ৪০৭ ॥ ১৩ ॥

ইতি ষষ্ঠাধ্যায়ে তৃতীয়ব্রাহ্মণভাষ্যম্ ॥ ৬ ॥ ৩ ॥

টীকা।—॥০॥৪০৭॥১৩॥

ইতি বৃহদারণ্যকোপনিষদ্ভাষ্যটীকায়াং ষষ্ঠাধ্যায়স্য তৃতীয়ং ব্রাহ্মণম্ ॥৬॥৩॥

ভাষ্যানুবাদ।—'চতুরৌডুম্বরো ভবতি' কথার অর্থ পূর্ব্বেই ব্যাখ্যাত হইয়াছে। গ্রাম্য ধান্য দশপ্রকার ; গ্রাম্য ধান্যের মধ্যে দশপ্রকার ধান্য যে অবশ্য গ্রহণ করিতে হইবে, একথা আমরা পূর্ব্বেই বলিয়াছি। সেই দশপ্রকার ধান্য কি কি, তাহাই এখন নির্দ্দেশ করা হইতেছে—ব্রীহি, যব, তিল, মাষ, অণু ও প্রিয়ঙ্গু—অণু অর্থ—অণুশব্দবাচ্য, অর্থাৎ 'অণু' বলিলে যাহাকে বুঝায় ; কোন কোন দেশে 'প্রিয়ঙ্গু' কঙ্গু নামে প্রসিদ্ধ ; খল্ব—নিষ্পাব, লোকে যাহাকে 'বল্ল' নামে অভিহিত করিয়া থাকে, খলকুল অর্থ—কুলথ কড়াই। শক্তি অনুসারে এতদতিরিক্ত সর্ব্বৌষধি ও ফলসমূহ যে, গ্রহণ করিতে হইবে, তাহা আমরা প্রথমেই বলিয়াছি ; অবশ্য অযজ্ঞীয় বস্তুমাত্রই বর্জ্জন করিতে হইবে ॥ ৪০৭ ॥ ১৩ ॥

ইতি ষষ্ঠাধ্যায়ে তৃতীয় ব্রাহ্মণের ভাষ্যানুবাদ সমাপ্ত ॥৬॥৩॥

ষষ্ঠোঽধ্যায়ঃ—চতুর্থং ব্রাহ্মণম্ ।

এষাং বৈ ভূতানাং পৃথিবী রসঃ, পৃথিব্যা আপোঽপামোষধয় ওষধীনাং পুষ্পাণি পুষ্পাণাং ফলানি ফলানাং পুরুষঃ পুরুষস্য রেতঃ ॥৪০৮॥ ১ ॥

সরলার্থঃ ।—[প্রাগুক্তং শ্রীমন্থং কৃতবতঃ প্রাণদর্শিনঃ পুত্রমন্থে অধিকারং জ্ঞাপয়িতুং ব্রাহ্মণমিদমারভ্যতে—'এষাং বৈ ভূতানাম্' ইত্যাদি ।] পৃথিবী বৈ (এব) এষাং (চরাচরাণাং) ভূতানাং রসঃ (সারঃ, পৃথিব্যুপাদানকত্বাদ্ ভূতানাম্); আপঃ (জলানি) পৃথিব্যাঃ [রসঃ]; ওষধয়ঃ অপাং [রসঃ]; পুষ্পাণি ওষধীনাং [রসঃ], ফলানি পুষ্পাণাং [রসঃ]; পুরুষঃ (মনুষ্যাদিদেহঃ) ফলানাং (ব্রীহিযবাদীনাং); রসঃ, তৎপরিণামত্বাৎ]; পুরুষস্য চ রেতঃ [রসঃ; সর্বাঙ্গনির্য্যাসরূপত্বাৎ] ॥৪০৮॥১॥

মূলানুবাদ ঃ—প্রাণদর্শী পুরুষেরই পূর্ব্বোক্ত মন্থকর্ম্মানুষ্ঠানে অধিকার, এবং শ্রীমন্থকর্ম্মানুষ্ঠাতা অধিকারী পুরুষেরই যে, এই পুত্র-মন্থে অধিকার, ইহা জ্ঞাপনের নিমিত্ত এই ব্রাহ্মণ আরব্ধ হইতেছে।

পৃথিবীই এই স্থাবর-জঙ্গম ভূতবর্গের রস অর্থাৎ সারভূত; কারণ, পৃথিবীই উহাদের দেহোপাদান; জল আবার পৃথিবীর সার; কারণ, জল হইতেই পৃথিবীর জন্ম; জলের সার আবার ওষধি—তৃণ লতাসমূহ; ওষধির সার হইতেছে—পুষ্পসমূহ; পুষ্পের সার ধান্য যবাদি ফলসমূহ; ফলের সার পুরুষ; কেননা, পুরুষের দেহ অন্নময়; পুরুষের সার আবার শুক্র; কারণ, উহা পুরুষের সর্ব্বাঙ্গ হইতে নিঃসৃত হইয়া থাকে ॥৪০৮॥১॥

শাঙ্করভাষ্যম্ ।—যাদৃগ্জন্মা যথোৎপাদিতো বৈক্তা গুণৈর্বিশিষ্টঃ পুত্র আত্মনঃ পিতুশ্চ লোক্যো ভবতীতি, তৎসম্পাদনায় ব্রাহ্মণমারভ্যতে। প্রাণদর্শিনঃ শ্রীমন্থং কর্ম্ম কৃতবতঃ পুত্রমন্থেঽধিকারঃ; যদা পুত্রমন্থং চিকীর্ষতি, তদা শ্রীমন্থং কৃত্বা ঋতুকালং পত্ন্যাঃ প্রতীক্ষেত, ইত্যেতদ্ রেতস ওষধ্যাদিরসতমত্বত্বাত্ অবগম্যতে।

এষাং বৈ চরাচরাণাং ভূতানাং পৃথিবী রসঃ সারভূতা সর্ব্বভূতানাং

মধ্বিতি কিমুক্তম্। পৃথিব্যা আপো রসঃ, অপ্সু হি পৃথিবী ওতা চ প্রোতা চ; অপাম্ ওষধয়ো রসঃ, কার্য্যত্বাদ্ রসত্বমোষধ্যাদীনাম্; ওষধীনাং পুষ্পাণি; পুষ্পাণাং ফলানি; ফলানাং পুরুষঃ; পুরুষস্য রেতঃ, "সর্ব্বেভ্যোহঙ্গেভ্যস্তেজঃ সম্ভৃতম্" ইতি শ্রুত্যন্তরাৎ ॥ ৪০৮ ॥ ১॥

টীকা।—প্রাণোপাসকস্য বিজ্ঞানিনো মন্থাখ্যং কর্ম্মোক্তং। ব্রাহ্মণান্তরমুত্থাপয়তি—যাদৃগিতি। উক্তগুণঃ স কথং স্যাদিত্যপেক্ষায়ামিতি শেষঃ। তচ্ছব্দো যথোক্তপুত্রবিষয়ঃ। যদস্মিন্ ব্রাহ্মণে পুত্রমন্থাখ্যং কর্ম্ম বক্ষ্যতে, তত্রাপি সর্ব্বাধিকারবিষয়মিত্যাশঙ্ক্যাহ—প্রাণেতি। পুত্রমন্থস্য কালনিয়মাভাবমাশঙ্ক্যাহ—যদেতি। কিমত্র [illegible] ইত্যাহ—এতেষাং [illegible]। পৃথিব্যা [illegible] [illegible] ইতি। [illegible] ব্রাহ্মণঃ প্রমাণমিত্যাহ—যথেতি। অপাং পৃথিব্যাশ্চ রসত্বং কারণত্বাদ্যুক্তং, ওষধ্যাদীনাং কথমিত্যাশঙ্ক্যাহ—কার্য্যত্বাদিতি। রেতসোহঙ্গেভ্যো [illegible] তেজঃসম্ভৃতং [illegible] পুরুষে সারত্বমেতদ্রেতঃ [illegible] ইত্যাহ—সর্ব্বেভ্য ইতি ॥ ৪০৮ ॥ ১॥

ভাষ্যানুবাদ।—যে প্রকার জন্ম, যে প্রকার উৎপাদন এবং যে সমস্ত গুণবিশেষবিশিষ্ট হইলে পুত্র নিজের ও পিতার লোকহিতকর হইয়া থাকে, তাহা সম্পাদনের অর্থাৎ সেই প্রকার জন্ম, উৎপাদন ও গুণবিশেষ লাভের উপায় নির্দ্দেশের নিমিত্ত এই ব্রাহ্মণ আরব্ধ হইতেছে। যে প্রাণদর্শী পুরুষ পূর্ব্বোক্ত শ্রীমন্থকর্ম্ম করিয়াছেন, এতৎকর্ম্মে পুত্রমন্থ কর্ম্মে তাঁহারই অধিকার। এখানে পুরুষের রেতঃকে ওষধিপ্রভৃতির সারভূত বলিয়া স্তুতি করায় বুঝা যাইতেছে যে, পুরুষ যখন পুত্রমন্থ কর্ম্ম করিতে ইচ্ছুক হয়, তখন অগ্রেই শ্রীমন্থ কর্ম্ম করিয়া পত্নীর ঋতুকাল প্রতীক্ষা করিবে।

এই যে, চরাচরাত্মক (স্থাবর-জঙ্গম) ভূতবর্গ, পৃথিবী তাহাদের রস—সারভূত; পূর্ব্বেও পৃথিবীকে সর্ব্বভূতের 'মধু' বলা হইয়াছে। জল আবার পৃথিবীর রস; কেন না, এই পৃথিবী জলের মধ্যে ওত-প্রোত রহিয়াছে; ওষধি (তৃণলতাসমূহ) জলের রস; কারণ, ওষধিসমূহ জল হইতে উৎপন্ন; এই জন্য উহারা জলের সারভূত; ওষধির সার পুষ্পসমূহ; পুষ্পের সার ফলসমূহ; ফলের সার হইতেছে পুরুষ (জীবদেহ); পুরুষের রস রেতঃ (শুক্র); কারণ, অপর শ্রুতিতে আছে 'শুক্ররূপ তেজঃ সমস্ত দেহাবয়ব হইতে প্রাদুর্ভূত হইয়াছে' ইতি ॥ ৪০৮ ॥ ১॥

স হ প্রজাপতিরীক্ষাঞ্চক্রে হন্তাস্মৈ প্রতিষ্ঠাং কল্পয়ানীতি;
স স্ত্রিয়ং সসৃজে, তাং সৃষ্ট্বাধ উপাস্ত, তস্মাৎ স্ত্রিয়মধ উপাসীত,

স এতং প্রাঞ্চং গ্রাবাণমাত্মন এব সমুদপারয়ত্তেনৈনামভ্য-সৃজত ॥ ৪০৯ ॥ ২ ॥

সরলার্থঃ।—[ইদানীং সারতমস্য রেতসঃ প্রতিষ্ঠা-নির্ম্মাণপ্রকারমাহ—"স হ" ইত্যাদিনা।] সঃ (প্রসিদ্ধঃ) প্রজাপতিঃ (প্রজানাং স্রষ্টা) হ ঈক্ষাংচক্রে (রেতসঃ প্রতিষ্ঠাবিষয়ে আলোচনং কৃতবান্); হন্ত (উৎসাহে) অস্মৈ (রেতসে) প্রতিষ্ঠাং (আশ্রয়ং) কল্পয়ানি (নির্ম্মাণং করবাণি), ইতি (এবমালোচ্য) সঃ (প্রজাপতিঃ) স্ত্রিয়ং (রেতোধারণপাত্রং) সসৃজে (সৃষ্টবান); তাং (স্ত্রিয়ং) সৃষ্ট্বা অধঃ (অধস্তাৎ স্থাপয়িত্বা) উপাস্ত (উপাসনং মিথুন-সাধ্যং কর্ম্ম কৃতবান্); তস্মাৎ (প্রজাপতিনা এবমুপাসিতত্বাৎ) স্ত্রিয়ম্ অধ উপাসীত; [শ্রেষ্ঠজনানুসারিণ্যো হি প্রজাঃ]। সঃ (প্রজাপতিঃ) এতং (প্রসিদ্ধং) প্রাঞ্চং (স্পন্দমানং) আত্মন এব গ্রাবাণং (পাষাণবৎ কঠিনং পুংচিহ্নং) সমুদপারয়ৎ (স্ত্রীয়া জননেন্দ্রিয়ং প্রতি প্রেরিতবান্); তেন (প্রকারেণ) এনাং (স্ত্রিয়ং) অভ্যসৃজত (সম্যক্ সংসর্গং কৃতবান্) ॥ ৪০৯॥২॥

মূলানুবাদ।—[অতঃপর সর্বভূতের সারভূত শুক্রের আধানপাত্র নির্ম্মাণের প্রণালী কথিত হইতেছে—] সেই প্রজাপতি (বিধাতা) উক্ত রেতের প্রতিষ্ঠা সম্বন্ধে চিন্তা করিয়াছিলেন,—ভাল, ইহার (রেতের) প্রতিষ্ঠা বা আধানপাত্র নির্ম্মাণ করিব; তিনি স্ত্রী সৃষ্টি করিলেন; সেই স্ত্রীকে সৃষ্টি করিয়া নীচে রাখিয়া উপাসনা করিয়াছিলেন; সেই হেতু এখনও স্ত্রীকে অধে রাখিয়াই উপাসনা করিবে। সেই প্রজাপতি নিজেরই স্পন্দমান এই পাষাণতুল্য পুং-চিহ্নটী [স্ত্রী চিহ্নে] প্রেরণ করিয়াছিলেন; তিনি সেই প্রকারেই স্ত্রী-সংসর্গ করিয়াছিলেন ॥৪০৯॥২॥

শাঙ্করভাষ্যম্।—তত এব সর্বভূতানাং সারতমমেতদ্রেতঃ, অতঃ কাস্য খলু যোগ্যা প্রতিষ্ঠেতি স হ স্রষ্টা প্রজাপতিরীক্ষাঞ্চক্রে। ঈক্ষাং কৃত্বা স্ত্রিয়ং সসৃজে। তাং চ সৃষ্ট্বা অধ উপাস্ত—মৈথুনাখ্যং কর্ম্ম অধ উপাসনং নাম কৃতবান্। তস্মাৎ স্ত্রিয়ম্ অধ উপাসীত; শ্রেষ্ঠানুসরণা হি প্রজাঃ।

অত্র বাজসনেয়শাখাস্থশ্রুতিমাহ—স এতং প্রাঞ্চং প্রকৃষ্টগতিযুক্তং আত্মনো গ্রাবাণং সোমাভিষবোপলস্থানীয়ং কাঠিন্যসামান্যাৎ প্রজননেন্দ্রিয়ম্, উদপারয়ৎ

উৎপূরিতবান্ স্ত্রী-ব্যঞ্জনং প্রতি ; তেন এনাং স্ত্রিয়মভ্যসৃজৎ অভিসংসর্গং কৃতবান্ ॥ ৪০৯ ॥ ২ ॥

টীকা। শ্রেষ্ঠমনুষ্যাচরিতমনুসরন্তীতি শ্রেষ্ঠানুসরণাঃ। পশ্যকর্মণি ব্যারম্ভেন প্রাণিমাত্রস্য প্রবৃত্তের্দৃষ্টা বিধিরিত্যাশঙ্ক্যাহ—অত্রেতি। অন্যচ্চাং কল্প সম্প্রবার্থঃ ॥ ৪০৯ ॥ ২ ॥

ভাষ্যানুবাদ।—যেহেতু এই রেতঃ হইতেছে সমস্ত ভূতের সারতম, সেই হেতু প্রজাপতি চিন্তা করিয়াছিলেন যে, ইহার উপযুক্ত প্রতিষ্ঠা বা আধান-পাত্র কি হইতে পারে ? তিনি এইরূপ আলোচনা করিয়া স্ত্রীমূর্তি সৃষ্টি করিয়াছিলেন। তিনি সেই স্ত্রী সৃষ্টি করিয়া তাহাকে অধে রাখিয়া উপাসনা করিয়াছিলেন—মৈথুন কর্ম্মরূপ অধ-উপাসনা করিয়াছিলেন ; সেই হেতু অপর লোকেও স্ত্রীর অধ-উপাসনাই করিবে ; কেননা, সাধারণ লোকে শ্রেষ্ঠলোকের আচরণেরই অনুসরণ করিয়া থাকে।

এ বিষয়ে বাজপেয়-যাগের সাধারণ ধর্ম্মের পরিকল্পনা প্রদর্শন করিতেছেন,—তিনি (প্রজাপতি) কাঠিন্যরূপ তুল্য ধর্ম্ম থাকায় [যজ্ঞীয়] সোমনিষ্পেষণের পাষাণখণ্ডস্থানীয় গ্রাব—উত্তম গতিযুক্ত বা স্পন্দনসম্পন্ন আপনার এই পাষাণখণ্ডটী অর্থাৎ কাঠিন্যযুক্ত জননেন্দ্রিয়টী স্ত্রীচিহ্ন লক্ষ্য করিয়া উৎপূরণ করিয়াছিলেন ; তাহা দ্বারাই এই স্ত্রীর সহিত সংসর্গ করিয়াছিলেন ॥ ৪০৯ ॥ ২ ॥

তস্যা বেদিরুপস্থো লোমানি বর্হিশ্চর্ম্মাধিষবণে সমিদ্ধো মধ্যতস্তৌ মুষ্কৌ, স যাবান্ হ বৈ বাজপেয়েন যজমানস্য লোকো ভবতি তাবানস্য লোকো ভবতি, য এবং বিদ্বানধোপহাসঞ্চরত্যাসাং স্ত্রীণাং সুকৃতং বৃঙ্‌ক্তেঽথ য ইদমবিদ্বানধোপহাসঞ্চরত্যাস্য স্ত্রিয়ঃ সুকৃতং বৃঞ্জতে ॥ ৪১০ ॥ ৩ ॥

সরলার্থঃ।—[ইদানীং তত্র যজ্ঞরূপতাং কল্পয়তি "তস্যাঃ" ইত্যাদিনা]। তস্যাঃ (স্ত্রিয়াঃ) উপস্থঃ (জননেন্দ্রিয়ং) বেদিঃ (যজ্ঞবেদিস্থানীয়ঃ) ; লোমানি বর্হিঃ (কুশঃ) ; চর্ম্ম (আভ্যন্তরং চর্ম্মৈব) [আনডুহং চর্ম্ম] ; সমিদ্ধঃ (প্রদীপ্তঃ অগ্নিঃ) মধ্যতঃ (স্ত্রীচিহ্নস্য মধ্যে) (দ্রষ্টব্যঃ) ; তৌ (প্রসিদ্ধৌ) মুষ্কৌ) জননেন্দ্রিয়স্য পার্শ্বস্থৌ মাংসখণ্ডৌ) অধিষবণে (সোম-পেষণোপলখণ্ডৌ)। [স্ত্রিয়াঃ তত্তৎস্থানেষু বেদ্যাদিদৃষ্টিঃ কর্ত্তব্যা ইতি ভাবঃ]। ইদানীং বিজ্ঞানফলমুচ্যতে—] বাজপেয়েন (তন্নাম্না যজ্ঞেন) যজমানস্য সঃ যাবান্ (যৎপরিমাণঃ) হ বৈ (প্রসিদ্ধৌ) লোকঃ (ভোগঃ) ভবতি, অস্য (বিদুষঃ)

তাবান্ লোকঃ ভবতি ; [তস্মাৎ অত্র বীভৎসা ন কার্য্যা] ; যঃ এবং (যথোক্তং) বিদ্বান্ (জানন্) অধোপহাসং চরতি, [সঃ] আসাং (ভোগ্যানাং) স্ত্রীণাং সুকৃতং (পুণ্যং) বৃঙ্‌ক্তে (আয়ত্তং করোতি) ; অথ (পক্ষান্তরে) যঃ ইদং (যথোক্তং বিজ্ঞানং) অবিদ্বান্ সন্ অধোপহাসং চরতি ; স্ত্রিয়ঃ অস্য (অবিদুষঃ) সুকৃতং আবৃঞ্জতে (আবর্জ্জয়ন্তি) ইত্যর্থঃ ॥ ৪১০॥৩॥

মূলানুবাদ।—স্ত্রীর উপস্থটীকে (জননেন্দ্রিয়কে) বেদি [বলিয়া চিন্তা করিবে] ; লোম সমূহকে কুশ বলিয়া, চর্ম্মকে [চর্ম্ম বলিয়া] এবং মুষ্কদ্বয়কে (উভয় পার্শ্বের স্থূল মাংসখণ্ড দুইটীকে) অধিষবণদ্বয় (সোম-পেষণের দুইটী পাষাণখণ্ড) [বলিয়া চিন্তা করিবে]। যজমান (যাজ্ঞিক পুরুষ) বাজপেয় যাগের দ্বারা যে পরিমাণ লোক বা ফল প্রাপ্ত হন, যথোক্তপ্রকার বিজ্ঞানসম্পন্ন পুরুষেরও সেই পরিমাণই ফল লাভ হয়। [অতএব এ বিষয়ে ঘৃণা বা কুৎসা করিতে নাই]। যে ব্যক্তি এই প্রকার বিজ্ঞানসম্পন্ন হইয়া অধোপহাস (উক্ত কর্ম্ম) আচরণ করে, সেই লোক সেই স্ত্রীদিগের পুণ্য আহরণ করে ; পক্ষান্তরে, যে লোক এইরূপ বিজ্ঞানবর্জ্জিত—যথেচ্ছাচারী হইয়া উক্ত অধোপহাস কর্ম্ম আচরণ করে, স্ত্রীগণ তাহার পুণ্য আবৃত করে অর্থাৎ গ্রহণ করে ॥৪১০॥৩॥

শাঙ্করভাষ্যম্।—তস্যা বেদিরিত্যাদি সর্ব্বং সামান্যং প্রসিদ্ধম্। সমিদ্ধোঽগ্নির্মধ্যতঃ—স্ত্রীব্যঞ্জনস্থ ; তৌ মুষ্কৌ অধিষবণফলকে ইতি ব্যবহিতেন সম্বধ্যতে। বাজপেয়যাজিনো যাবান্ লোকঃ প্রসিদ্ধঃ, তাবান্ বিদুষো মৈথুনকর্ম্মণঃ লোকঃ ফলমিতি স্তূয়তে। তস্মাদ্বীভৎসা নো কার্য্যেতি। য এবং বিদ্বান্ অধোপহাসং চরতি, আসাং স্ত্রীণাং সুকৃতং বৃঙ্‌ক্তে আবর্জ্জয়তি ; অথ পুনর্যঃ বাজপেয়সম্পত্তিং ন জানাতি, অবিদ্বান্ রেতসো রসতমত্বঞ্চ, অধোপহাসং চরতি, অস্য স্ত্রিয়ঃ সুকৃতম্ আ বৃঞ্জতে অবিদুষঃ ॥ ৪১০ ॥ ৩ ॥

টীকা।—মুষ্কৌ বৃষণৌ যোনিপার্শ্বয়োঃ কঠিনৌ মাংসখণ্ডৌ, তত্রাধিষবণশব্দিত-সোমফলকদৃষ্টিঃ। যচ্চানডুহং চর্ম্ম সোমকণ্ডনার্থং, তদ্দৃষ্টী রক্তস্থদেশস্থ চর্ম্মণি কর্ত্তব্যেত্যাহ—তাবিতি। উপাস্তিপ্রকারমুক্ত্বা ফলোক্তেস্তাৎপর্য্যমাহ—বাজপেয়েতি। স্তূয়তে মৈথুনাখ্যং কর্ম্মেতি শেষঃ। স্তুতিফলমাহ—তস্মাদিতি। ইতিশব্দঃ স্তুতিফলদর্শনার্থঃ। উপাসেরবিকং ফলমাহ—য এবমিতি। অবিদুষো দুর্ম্মার্গপাতনিয়তস্থ প্রত্যবায়ং দর্শয়তি—অথেতি ॥৪১০॥৩॥

ভাষ্যানুবাদ।—'তস্যা বেদিঃ' ইত্যাদি শ্রুতিতে বাজপেয় যাগের যে সমুদয় সাধর্ম্ম্য কথিত হইয়াছে, সে সমুদয় প্রসিদ্ধই আছে। সমিদ্ধ—স্ত্রীচিহ্নের অভ্যন্তরগত অগ্নি; 'তৌ মুষ্কৌ'—(প্রসিদ্ধ কোষদ্বয়—উভয় পার্শ্বস্থ কঠিন মাংস-খণ্ড দুইটী), এই কপাটীর সম্বন্ধ—ব্যবধানস্থিত 'অধিষবণে' শব্দের সহিত করিতে হইবে; [অধিষবণ' অর্থ—সোম-নিষ্পেষণ করিবার পাষাণখণ্ড। বাজপেয় যজ্ঞকর্ত্তার যে পরিমাণ লোক প্রাপ্য বলিয়া প্রসিদ্ধ, যথোক্ত প্রকার মৈথুন-কর্ম্মকারী বিদ্বানেরও সেই পরিমাণ লোকই—ফলই সিদ্ধ হইয়া থাকে। যখন এইরূপে ঐ কর্ম্মের প্রশংসা করা হইতেছে; তখন এ বিষয়ে বীভৎসা বা নিন্দা করা উচিত নহে।

এইরূপ বিজ্ঞানসম্পন্ন যে লোক 'অধোপহাস' আচরণ করে, সে লোক সেই সকল স্ত্রীর পুণ্য অধিকার করে, আর যে লোক যথোক্তপ্রকার বাজপেয় যাগ-সম্পাদনক্রম জানে না এবং রেতঃ যে, রসতম, ইহাও অবগত নহে, অথচ অধোপহাস আচরণ করে, স্ত্রীগণ সেই অবিদ্বানের সুকৃতি বা পুণ্যরাশি আবৃত করিয়া থাকে ॥ ৪১০॥৩॥

এতদ্ধ স্ম বৈ তদ্বিদ্বানুদ্দালক আরুণিরাহৈতদ্ধ স্ম বৈ তদ্বিদ্বান্নাকো মৌদগল্য আহৈতদ্ধ স্ম বৈ তদ্বিদ্বান্ কুমারহারিত আহ—বহবো মর্য্যা ব্রাহ্মণায়না নিরিন্দ্রিয়া বিসুকৃতোঽস্মাল্লোকাৎ প্রযন্তি, য ইদমবিদ্বাংসোঽধোপহাসঞ্চরন্তীতি, বহু বা ইদং সুপ্তস্য বা জাগ্রতো বা রেতঃ স্কন্দতি ॥ ৪১১ ॥ ৪ ॥

সরলার্থঃ।—তৎ এতৎ (বাজপেয়সম্পন্নং মৈথুনাখ্যং কর্ম্ম) বিদ্বান্ (জানন্) আরুণিঃ উদ্দালকঃ হ বৈ (ঐতিহ্যে) আহ স্ম (উক্তবান্ কিল); তথা তৎ এতৎ বিদ্বান্ কুমারহারিতঃ হ বৈ আহ স্ম। [তে কিমাহুরিত্যাহ:] বহবঃ মর্য্যাঃ (মরণশীলাঃ ব্রাহ্মণায়নাঃ) ব্রাহ্মণ্য-জাতিমাত্রোপজীবিনশ্চ, নিরিন্দ্রিয়াঃ (শিথিলেন্দ্রিয়াঃ) বিসুকৃতঃ (পুণ্যবর্জ্জিতাঃ সন্তঃ) অস্মাৎ লোকাৎ প্রযন্তি। [কে?] যে ইদং (বাজপেয়সম্পদ্যুক্তং কর্ম্ম) অবিদ্বাংসঃ অধোপহাসং চরন্তি ইতি।

[স্ত্রীমন্থং কর্ম্ম সমাপ্য পত্ন্যা ঋতুকালং প্রতীক্ষমাণস্য] অস্য সুপ্তস্য বা জাগ্রতঃ বা [যদি] বহু বা [অল্পং বা] রেতঃ স্কন্দতি (ক্ষরতি)—॥৪১১॥৪॥

মূলানুবাদ।—অরুণ-নন্দন (আরুণি) উদ্দালক ঋষি

এই কর্ম্মতত্ত্ব অবগত হইয়া বলিয়াছিলেন ; এবং মুদ্গলপুত্র (মৌদ্গল্য) নাকনামক ঋষিও সেই এই কর্ম্মতত্ত্ব অবগত হইয়া বলিয়াছিলেন ; এবং কুমারহারিত ঋষিও সেই এই রহস্য জানিয়া বলিয়াছিলেন—বিকলেন্দ্রিয়, পুণ্যহীন ও ব্রাহ্মণাপসদ বহুতর মর্ত্ত্য—মরণশীল মনুষ্য, বর্ত্তমান লোক হইতে প্রস্থান করিয়া থাকে, যাহাদের জাগরণে বা স্বপ্ন সময়ে বহু বা অল্প রেতঃস্খলন হয় ॥৪১১॥৪॥

শাঙ্করভাষ্যম্।—এতদ্ধ স্ম বৈ তদ্বিদ্বানুদ্দালক আরুণিরাহ, অধোপহাসাখ্যং মৈথুনকর্ম্ম বাজপেয়সম্পন্নং বিদ্বানিত্যর্থঃ। তথা নাকো মৌদ্গল্যঃ কুমারহারিতশ্চ। কিং তে আহুরিত্যুচ্যতে, বহবো মর্য্যা মরণধর্ম্মিণো মনুষ্যাঃ, ব্রাহ্মণা অয়নং যেষাং তে ব্রাহ্মণায়ণাঃ—ব্রহ্মবন্ধবো জাতিমাত্রোপজীবিন ইত্যেতৎ। নিরিন্দ্রিয়া বিশ্লিষ্টেন্দ্রিয়াঃ, বিসুকৃতো বিগত-সুকৃতকর্ম্মাণোঽবিদ্বাংসো মৈথুনকর্ম্মাসক্তা ইত্যর্থঃ। তে কিম্? অস্মাল্লোকাৎ প্রযন্তি পরলোকাৎ পরিভ্রষ্টা ইতি। মৈথুনকর্ম্মণোঽত্যন্তপাপহেতুত্বং দর্শয়তি—য ইদমবিদ্বাংসোঽধোপহাসং চরন্তীতি। শ্রীমন্থং কৃত্বা পত্ন্যা ঋতুকালং ব্রহ্মচর্য্যেণ প্রতীক্ষেত ; যদ্যদং রেতঃ স্কন্দতি, বহু বা অল্পং বা, সুপ্তস্য জাগ্রতো বা পাপপ্রাবল্যাৎ—॥ ৪১১ ॥ ৪ ॥

টীকা।—অবিদ্যামধিকৃত্যাহ তদিদং কর্ম্ম তথা চাম্নায়পরম্পরাসংমতিমাহ—এতদ্ধেতি। পঞ্চ-কর্ম্মণো বাজপেয়সম্পন্নত্বমিদংশব্দার্থঃ। অবিদুষামধ্যো কর্ম্মণি প্রবৃত্তানাং দোষিত্বমুপ-সংহরন্নিতিশব্দঃ। বিদুষো নাস্ত্যবিদুষস্তু দোষঃ দর্শয়িত্বা ঋতুকালাৎ প্রাগেব রেতঃস্খলনে প্রায়শ্চিত্তং দর্শয়তি—শ্রীমন্থমিতি। যঃ প্রতীক্ষতে, তস্য রেতো যদি স্কন্দতীতি যোজনা ॥ ৪১১ ॥ ৪ ॥

ভাষ্যানুবাদ।—সেই এই মন্থকর্ম্মাভিজ্ঞ অর্থাৎ অধোপহাসনামক মৈথুন-ক্রিয়ার বাজপেয় যজ্ঞরূপে অনুষ্ঠান-প্রণালীতে অভিজ্ঞ আরুণি উদ্দালক ঋষি বলিয়াছেন ; সেইরূপ মুদ্গলবংশীয় নাক ও কুমারহারিত ঋষিও [বলিয়াছেন]। তাহারা কি বলিয়াছেন, তাহা বলা হইতেছে—ব্রাহ্মণায়ণ—ব্রাহ্মণগণ যাহাদের অয়ন—আশ্রয়, তাহারা ব্রাহ্মণায়ণ—ব্রহ্মবন্ধু অর্থাৎ ব্রাহ্মণত্ব জাতিই যাহাদের একমাত্র উপজীব্য, তাহারা ; নিরিন্দ্রিয়—শিথিলেন্দ্রিয়, পুণ্যানুষ্ঠানবর্জ্জিত, অবিদ্বান্ অথচ মৈথুন কর্ম্মে আসক্ত, এরূপ বহু মর্য্য—মরণশীল—মনুষ্য ; তাহারা কি? না, তাহারা পরলোক হইতে ভ্রষ্ট হইয়া ইহলোক হইতে প্রয়াণ করিয়া থাকে। 'যে ইদমবিদ্বাংসঃ অধোপহাসং

চরন্তি" এই বাক্যটী মৈথুন ক্রিয়ার অত্যন্ত পাপজনকত্ব প্রদর্শন করিতেছে।

পূর্ব্বোক্ত শ্রীমন্থ কর্ম্ম সম্পাদন করিয়া, ব্রহ্মচর্য্য অবলম্বনপূর্ব্বক পত্নীর ঋতুকাল প্রতীক্ষা করিতে হয়; এই সময়ের মধ্যে যদি অনুরাগের প্রবলতা বশতঃ তাহার স্বপ্নাবস্থায়ই হউক, আর জাগ্রৎ অবস্থায়ই হউক, এবং অল্পই হউক, আর অধিকই হউক, রেতঃস্খলন হয়—॥৪১১॥৪॥

তদভিমৃশেদনু বা মন্ত্রয়েত যন্মেঽদ্য রেতঃ পৃথিবীমস্কান্ৎসীদযদোষধীরপ্যসরদযদপঃ। ইদমহং তদ্রেত আদদে পুনর্ম্মা মৈত্বিন্দ্রিয়ং পুনস্তেজঃ পুনর্ভগঃ। পুনরগ্নির্ধিষ্ণ্যা যথাস্থানং কল্পন্তামিত্যনামিকাঙ্গুষ্ঠাভ্যামাদায়ান্তরেণ স্তনৌ বা ভ্রুবৌ বা নিমৃজ্যাৎ ॥ ৪১২ ॥ ৫ ॥

সরলার্থঃ ।—তৎ (স্কন্নং—নির্গতং রেতঃ) অভিমৃশেৎ (মার্জ্জয়েৎ), অনুমন্ত্রয়েত বা (মন্ত্রং বা অনুজপেৎ)। [তত্রাদৌ আদানম্। অদ্য মম যৎ রেতঃ পৃথিবীম্ অস্কান্ৎসীৎ (পৃথিব্যাং নির্গতম্), যৎ (রেতঃ) ওষধীঃ অপি অসরৎ (অগচ্ছৎ), [তথা] যৎ (রেতঃ) অপঃ (জলানি) [অসরৎ]; অহং তৎ রেতঃ ইদং (এবং যথা স্যাৎ, তথা) আদদে (গৃহ্লামি) ইতি (অনেন মন্ত্রেণ) অনামিকাঙ্গুষ্ঠাভ্যাম্ আদায় (গৃহীত্বা), ইন্দ্রিয়ং (রেতোরূপেণ নির্গতম্) পুনঃ মা (মাম্) এতু (প্রত্যাগচ্ছতু); তেজঃ (রেতসা সহ নির্গতা কান্তিঃ) পুনঃ [মাম্ এতু]; ভগঃ (সৌভাগ্যং জ্ঞানং বা) পুনঃ [মাম্ প্রত্যাগচ্ছতু]। অগ্নিধিষ্ণ্যাঃ (অগ্নিঃ ধিষ্ণ্যং স্থানং যেষাং তে অগ্নিধিষ্ণ্যাঃ দেবাঃ); [রেতোরূপেণ বহির্নিঃসৃতং তৎ সর্ব্বং] যথাস্থানং কল্পন্তাং (স্থাপয়ন্তু) [ইত্যনেন মন্ত্রেণ] স্তনৌ বা (স্তনয়োর্ব্বা) ভ্রুবৌ বা (ভ্রুবোর্ব্বা) অন্তরেণ (মধ্যে) নিমৃজ্যাৎ (মার্জ্জয়েৎ) ইত্যর্থঃ ॥৪১২॥৫॥

মূলানুবাদ ।—সেই নির্গত শুক্রটুকু মার্জ্জনা করিবে এবং এই মন্ত্র জপ করিবে। [প্রথমতঃ] 'অদ্য আমার যে রেতঃ পৃথিবীতে স্খলিত হইয়াছে, অথবা যে রেতঃ ওষধি ও জলেতে নির্গত হইয়াছে, আমি সেই এই রেতঃ গ্রহণ করিতেছি, এই মন্ত্র পাঠপূর্ব্বক অনামিকা ও অঙ্গুষ্ঠ অঙ্গুলি দ্বারা সেই রেতঃ গ্রহণ করিয়া,

[রেতোরূপে নির্গত আমার] ইন্দ্রিয় পুনরায় আমাতে প্রত্যাগত হউক, এবং তেজঃ (কান্তি) ও সৌভাগ্য বা জ্ঞানও পুনশ্চ আমাতে আসুক; অগ্নিধিষ্ণ্য (অগ্নিতে আশ্রিত দেবগণ) সেই সমুদয় ইন্দ্রিয়কে পুনর্ব্বার যথাস্থানে স্থাপন করুন, এই মন্ত্র দ্বারা সেই রেতঃ স্তনদ্বয়ের বা ভ্রূদ্বয়ের মধ্যস্থলে মার্জ্জনা করিবে (ঘসিয়া দিবে)॥৪১২॥৫॥

শাঙ্করভাষ্যম্।—তদভিমৃশেদনুমন্ত্রয়েত বা অনুজপেদিত্যর্থঃ। যদা অভিমৃশতি, তদা অনামিকাঙ্গুষ্ঠাভ্যাং তৎ রেত আদত্তে 'আদদে' ইত্যেবমস্তেন মন্ত্রেণ; 'পুনর্মাম্' ইত্যনেন নিমৃজ্যাৎ, অন্তরেণ মধ্যে ভ্রুবৌ ভ্রুবোর্ব্বা, স্তনৌ স্তনয়োর্ব্বা॥ ৪১২ ॥ ৫ ॥

টীকা :—মে মমাদ্য স্বপ্নকালে যদ্রেতঃ পৃথিবীং প্রত্যস্কান্ৎসীৎ ভাগান্তরেকেণ অস্রমাসীৎ, ওষধীঃ প্রত্যপি অসরদগমৎ, যচ্চাপঃ স্বযোনিং প্রতি গতমভূৎ, তদিদং রেতঃ সংপ্রত্যাদদেঽহ-মিত্যাদানমন্ত্রার্থঃ। কেনাভিপ্রায়েণ তদাদানং, তদাহ—পুনর্মামিতি। তৎপুনঃ রেতোরূপেণ বহির্নির্গতমিন্দ্রিয়ং মাং প্রত্যেতু সমাগচ্ছতু। তেজস্ত্বগ্‌গতা কান্তিঃ। ভগঃ সৌভাগ্যং জ্ঞানং বা। তদপি সর্বং রেতোনির্গমাত্তদাত্মনা বহির্নির্গতং মাং প্রত্যাগচ্ছতু। অগ্নিধিষ্ণ্যা স্থানং যেষাং, তে দেবাস্তদ্রেতো যথাস্থানং কল্পয়ন্ত্বিতি মার্জ্জনমন্ত্রার্থঃ॥ ৪১২॥ ৫॥

ভাষ্যানুবাদ।—সেই নিঃসৃত রেতঃ অভিমর্শন বা মার্জ্জনা করিবে, এবং এই মন্ত্র জপ করিবে। যখন অভিমর্শন করিবে, তখন 'আদদে' ইত্যন্ত মন্ত্র দ্বারা অঙ্গুষ্ঠ ও অনামিকা অঙ্গুলি দ্বারা সেই নির্গত রেতঃ গ্রহণ করিবে, আর 'পুনঃ মাম্' ইত্যাদি মন্ত্র দ্বারা স্তনদ্বয়ের কিংবা ভ্রূদ্বয়ের মধ্যে ঐ রেতঃ মার্জ্জনা করিবে॥ ৪১২ ॥ ৫ ॥

অথ যদ্যুদক আত্মানং পরিপশ্যেত্তদভিমন্ত্রয়েত—ময়ি তেজ ইন্দ্রিয়ং যশো দ্রবিণꣳ সুকৃতমিতি; শ্রীর্হ বা এষা স্ত্রীণাং যন্মলোদ্বাসাস্তস্মান্মলোদ্বাসসং যশস্বিনীমভিক্রম্যোপমন্ত্রয়েত॥ ৪১৩ ॥ ৬ ॥

সরলার্থঃ।—[প্রসঙ্গতোঽরিষ্টপ্রতিকারোপায়মাহ—'অথ যদি' ইত্যাদিনা।] অথ যদি (সম্ভাবনায়াং) [কশ্চিৎ] উদকে (জলমধ্যে) আত্মানং (স্বদেহচ্ছায়াং) পশ্যেৎ, তৎ (তদা) অভিমন্ত্রয়েত (বক্ষ্যমাণং মন্ত্রং জপেৎ),—ময়ি তেজঃ, ইন্দ্রিয়ম্, যশঃ, দ্রবিণম্, (ধনম্) সুকৃতং

(পুণ্যং) ইতি। [অশ্চ], এষা (মম পত্নী) স্ত্রীণাং মধ্যে শ্রীঃ (লক্ষ্মীঃ) হ বৈ (প্রসিদ্ধৌ); যৎ (যস্মাৎ) [এষা] মলোদ্বাসাঃ মলবদ্বাসঃপরিহিতা, তস্মাৎ হেতোঃ, মলোদ্বাসসং (মলিনবাসসং) যশস্বিনীং [প্রতিষ্ঠাবতীং] [ত্রিরাত্রান্তে কৃতস্নানাং তাম্, অভিক্রম্য (উপগম্য) উপমন্ত্রয়েত। [মন্ত্রস্ত ইহ অনুক্তোঽপি ভাষ্যে দ্রষ্টব্যঃ]॥ ৪১৩ ॥ ৬ ॥

মূলানুবাদ।—যদি কখনও জলমধ্যে আপনার প্রতিচ্ছায়া দর্শন করে, তাহা হইলে 'ময়ি তেজঃ ইন্দ্রিয়ম্' ইত্যাদি মন্ত্র জপ করিবে। এই স্ত্রী নারীগণের মধ্যে লক্ষ্মীরূপা; যেহেতু ইনি মলোদ্বাসাঃ, অর্থাৎ রজস্বল বস্ত্রপরিহিতা; সেই হেতু রজস্বল বস্ত্র-সমন্বিতা সেই স্ত্রী [ত্রিরাত্রের পর কৃতস্নানা হইলে পর,] তাহাকে গমন করিয়া মন্ত্র জপ করিবে ['আমাদিগকে পুত্র সমুৎপাদন করিতে হইবে' ইত্যাদি] ॥৪১৩॥৬॥

শাঙ্করভাষ্যম্।—যদি কদাচিদুদকে আত্মনমাত্মচ্ছায়াং পশ্যেৎ, তত্রাপি অভিমন্ত্রয়েত অনেন মন্ত্রেণ—'ময়ি তেজঃ' ইতি। শ্রীর্হ বা এষা পত্নী স্ত্রীণাং মধ্যে, যৎ যস্মাৎ মলোদ্বাসা উপগতমলবদ্বাসাঃ, তস্মাত্তাং মলোদ্বাসসং যশস্বিনীং শ্রীমতীং অভিক্রম্যাভিগত্যোপমন্ত্রয়েত ইদম্—অস্ত আবাভ্যাং কার্যং যৎ পুত্রোৎপাদনমিতি, ত্রিরাত্রান্তে আপ্লুতাম্ ॥ ৪১৩ ॥ ৬ ॥

টীকা। অযোনৌ রেতঃস্খলনে প্রায়শ্চিত্তমুক্তং, রেতোযোনাবুদকে রেতঃসিচশ্চাদর্শনে প্রায়শ্চিত্তং দর্শয়তি—অথেত্যাদিনা। নিমিত্তান্তরে প্রায়শ্চিত্তান্তরপ্রদর্শনপ্রক্রমার্থোঽথশব্দঃ। ময়ি তেজঃপ্রভৃতি দেবাঃ কল্পয়ন্ত্বিতি মন্ত্রযোজনা। প্রকৃতেন রেতঃসিচা যস্যাঃ পুত্রো জনয়িতব্যস্তাং স্ত্রিয়ং স্তৌতি—শ্রীরিত্যাদিনা। কথং সা যশস্বিনী, ন হি তস্যাঃ খ্যাতিরস্তি, তত্রাহ—যদিতি। রজস্বলাভিগমনাদি প্রতিষিদ্ধমিত্যাশঙ্ক্য বিশিনষ্টি—ত্রিরাত্রেতি ॥ ৪১৩ ॥ ৬ ॥

ভাষ্যানুবাদ।—যদি কখনও জলমধ্যে আপনাকে—আপনার ছায়াকে দর্শন করে, তখনও 'ময়ি—তেজঃ' ইত্যাদি মন্ত্র জপ করিবে। এই পত্নী হইতেছে—স্ত্রীগণের মধ্যে শ্রীস্বরূপা (লক্ষ্মীরূপা); যেহেতু ইনি মলোদ্বাসাঃ—অর্থাৎ ইহার বস্ত্র হইতে রজোমল অপনীত হইয়াছে; সেই হেতু ত্রিরাত্রের পর কৃতস্নানা সেই মলোদ্বাসা (ঋতুমতী) পত্নীকে উপগত হইয়া 'অস্ত আমাদিগকে পুত্রোৎপাদন করিতে হইবে' এইরূপ চিন্তা করিবে ॥ ৪১৩ ॥ ৬ ॥

সা চেদস্মৈ ন দদ্যাৎ কামমেনামবক্রীণীয়াৎ, সা চেদস্মৈ নৈব দদ্যাৎ, কামমেনাং যষ্ট্যা বা পাণিনা বোপহত্যাতিক্রামেদিন্দ্রিয়েণ তে যশসা যশ আদদ ইত্যযশা এব ভবতি ॥ ৪১৪ ॥ ৭ ॥

সরলার্থঃ।—সা (পত্নী) চেৎ (যদি) অস্মৈ (যথোক্তায় পুরুষায়) ন দদ্যাৎ (মৈথুনাখ্যং কর্ম্ম ন অনুমন্যেত); [তদা] এনাং (অপ্রিয়কারিণীং) কামং (যথেচ্ছং) অবক্রীণীয়াৎ (অলঙ্কারাদিনা বশীকুর্য্যাৎ; [তথাপি] সা চেৎ অস্মৈ নৈব দদ্যাৎ, তদা এনাং যষ্ট্যা বা (যষ্টিদ্বারা বা) পাণিনা (হস্তেন) বা কামং (যথেচ্ছং) উপহত্য (অভিতাড্য) অতিক্রামেৎ (বক্ষ্যমাণং মন্ত্রং জপন্ উপগচ্ছেৎ)—ইন্দ্রিয়েণ যশসা (করণেন) তে যশঃ (সৌভাগ্যং) আদদে (গৃহ্লামি) ইতি। [এবং সতি বিপ্রিয়কারিণী সা স্ত্রী] অযশাঃ এব ভবতি ॥ ৪১৪ ॥ ৭ ॥

মূলানুবাদ।—সেই স্ত্রী যদি এই পুরুষকে [স্বদেহ] দান না করে, তাহা হইলে ইচ্ছানুসারে তাহাকে বস্ত্রালঙ্কারাদি দ্বারা বশীভূত করিবে। তাহাতেও যদি ইহার প্রতি অঙ্গদান না-ই করে, তবে ইচ্ছামত যষ্টি বা হস্ত দ্বারা ইহাকে তাড়না করিয়া, 'আমি ইন্দ্রিয়রূপ যশঃ দ্বারা তোমার যশঃ (সৌভাগ্য) গ্রহণ করিতেছি' বলিয়া তাহাতে উপগত হইবে। [এইরূপ করিলে] সে নিশ্চয়ই যশোহীনা হইবে ॥ ৪১৪ ॥ ৭ ॥

শাঙ্করভাষ্যম্।—সা চেদস্মৈ ন দদ্যাম্মৈথুনং কর্ত্তুং, কামমেনাম্ অবক্রীণীয়াৎ আভরণাদিনা জ্ঞাপয়েৎ। তথাপি সা নৈব দদ্যাৎ, কামমেনাং যষ্ট্যা বা পাণিনা বোপহত্য অভিক্রামেন্মৈথুনায়; শপ্স্যামি ত্বাং, দুর্ভগাং করিষ্যামীতি প্রখ্যাপ্য; তামনেন মন্ত্রেণোপগচ্ছেৎ—'ইন্দ্রিয়েণ যশসা যশ আদদে' ইতি। স তস্মাত্তদভিশাপাৎ বন্ধ্যা দুর্ভগেতি খ্যাতা অযশা এব ভবতি ॥ ৪১৪ ॥ ৭ ॥

টীকা।—জ্ঞাপয়েদাত্মীয়ং প্রেমাতিরেকমিতি শেষঃ। বলাদেব বশীকৃতাং ভার্য্যাং পশুকর্ম্মার্থং কথমুপগচ্ছেদিত্যাকাঙ্ক্ষায়ামাহ—শপ্স্যামীতি ॥ ৪১৪ ॥ ৭ ॥

ভাষ্যানুবাদ।—সেই স্ত্রী যদি ইহাকে মৈথুন ব্যাপার করিতে না দেয়, তাহা হইলে নিশ্চয় ইহাকে অবক্রয় করিবে অর্থাৎ অলঙ্কারাদি দ্বারা [অভিপ্রায়] জ্ঞাপন করিবে; তাহাতেও যদি সে না দেয় অর্থাৎ সম্মত

না হয়, তাহা হইলে, ইচ্ছানুসারে যষ্টি বা হস্ত দ্বারা আঘাত করিয়া মৈথুনের জন্য ইহাকে অতিক্রম করিবে, অর্থাৎ 'আমি তোমাকে শাপ দিব—দুর্ভগা করিব' ইত্যাদি কথা বলিয়া—এই মন্ত্রে তাহাতে উপগত হইবে—'আমি ইন্দ্রিয় যশ দ্বারা তোমার যশ আহরণ করিতেছি' ইতি। সেই কারণে—সেইরূপ অভিশাপ প্রদানের ফলে, সেই স্ত্রী নিশ্চয়ই বন্ধ্যা—দুর্ভগা নামে প্রসিদ্ধা ; সুতরাং যশোহীনা হইয়া পাকে ॥ ৪১৪ ॥ ৭ ॥

সা চেদস্মৈ দদ্যাদিন্দ্রিয়েণ তে যশসা যশ আদধামীতি যশস্বিনাবেব ভবতঃ ॥৪১৫॥৮॥

সরলার্থঃ।—[পক্ষান্তরে] সা (পত্নী) চেৎ (যদি) দদ্যাৎ (দেহদানেন ভর্ত্তারম্ অনুরঞ্জয়েৎ), [তদা] 'ইন্দ্রিয়েণ যশসা তে (তুভ্যং) যশঃ আদধামি (সন্নিবেশয়ামি) ইতি' উপমন্ত্রয়ন্ উপগচ্ছেৎ ; [এবং সতি তৌ] যশস্বিনৌ এব ভবতঃ ॥ ৪১৫ ॥ ৮ ॥

মূলানুবাদ।—আর যদি সেই স্ত্রী [স্বামীর জন্য স্বদেহ] দান করে, [তাহা হইলে] 'আমি ইন্দ্রিয় যশঃ দ্বারা তোমাতে যশঃ আধান করিতেছি', এই বলিয়া [তাহাতে উপগত হইবে] ; ইহার ফলে, তাহারা উভয়েই যশস্বী হইয়া থাকে ॥৪১৫॥৮॥

শাঙ্করভাষ্যম্।—সা চেদস্মৈ দদ্যাৎ অনুগুণা এব স্যাদ্ভর্ত্তুঃ, তদা অনেন মন্ত্রেণোপগচ্ছেৎ—'ইন্দ্রিয়েণ তে যশসা যশ আদধে' ইতি, তদা যশস্বিনাবেবোভাবপি ভবতঃ ॥ ৪১৫ ॥ ৮ ॥

ভাষ্যানুবাদ।—আর সেই স্ত্রী যদি দান করে, অর্থাৎ স্বামীর অনুকূলাই হয়, তাহা হইলে 'ইন্দ্রিয়েণ তে' ইত্যাদি মন্ত্রে তাহাতে উপগত হইবে। তাহা হইলে তদ্দ্বারা উভয়েই যশস্বী হইয়া থাকে ॥৪১৫॥৮॥

টীকা।—। ০ । ৪১৫ । ৮ ।

স যামিচ্ছেৎ কাময়েত মেতি, তস্যামর্থং নিষ্ঠায় মুখেন মুখং সন্ধায়োপস্থমস্যা অভিমৃশ্য জপেৎ অঙ্গাদঙ্গাৎ সম্ভবসি হৃদয়াদধিজায়সে। স ত্বমঙ্গকষায়োঽসি দিগ্ধবিদ্ধমিব মাদয়েমামমূং ময়ীতি ॥৪১৬॥৯॥

সরলার্থঃ।—সঃ যাং (ভার্য্যাং) ইচ্ছেৎ [ইয়ং] মা (মাং) কাময়েত

(প্রার্থয়েত) ইতি; তস্যাং (ভার্য্যায়াং) অর্থং (স্বপ্রয়োজনং জননেন্দ্রিয়ং) নিষ্ঠায় (নিধায়) মুখেন [তস্যাঃ] মুখং সন্ধায় (সংযোজ্য), অস্যাঃ উপস্থম্ অভিমৃশ্য (স্পৃষ্ট্বা) জপেৎ—'অঙ্গাদঙ্গাৎ' ইত্যাদি ॥ ৪১৬ ॥ ৯ ॥

মূলানুবাদ ।—যথোক্তগুণসম্পন্ন পুরুষ যাহাকে ইচ্ছা করেন যে, এই স্ত্রী আমাকে কামনা করুক; সেই স্ত্রীতে আপনার জননেন্দ্রিয় নিক্ষেপ করত নিজের মুখের সহিত তাহার মুখ মিলিত করিয়া, তাহার জননেন্দ্রিয় স্পর্শ করিয়া—'অঙ্গাদঙ্গাৎ' ইত্যাদি মন্ত্র জপ করিবে ॥৪১৬॥৯॥

শাঙ্করভাষ্যম্ ।—স যাং স্বভার্য্যামিচ্ছেৎ—ইয়ং মাং কাময়েতেতি, তস্যামর্থং—প্রজননেন্দ্রিয়ং নিষ্ঠায় নিক্ষিপ্য, মুখেন মুখং সন্ধায়, উপস্থম্ অস্যা অভিমৃশ্য জপেদিমং মন্ত্রম্—'অঙ্গাদঙ্গাৎ' ইতি ॥৪১৬॥৯॥

টীকা।—ভর্তৃভার্য্যাবশীকরণপ্রকারমুক্ত্বা পুরুষদ্বেষিণ্যাস্তস্যাস্ত্বিষয়ে প্রীতিসংপাদনপ্রক্রিয়াং দর্শয়তি—স যামিত্যাদিনা। হে রেতস্ত্বং যদীয়াৎ সর্ব্বস্মাদঙ্গাৎ সমুৎপদ্যসে, বিশেষতশ্চ হৃদয়াদন্নরসসারেণ জায়সে, স ত্বমঙ্গানাং কষায়ো রসঃ সন্ নির্মিতশরবাণবিদ্ধাং মৃগীমিবামূং মদীয়াং স্ত্রিয়ং মে মাদয় মদ্বশাং কুর্ব্বিত্যর্থঃ ॥ ৪১৬ ॥ ৯ ॥

ভাষ্যানুবাদ ।—তিনি যাহাকে—আপনার যে ভার্য্যাকে ইচ্ছা করেন যে, এই স্ত্রী আমাকে কামনা করুক; সেই স্ত্রীতে আপনার জননেন্দ্রিয় নিবেশপূর্ব্বক মুখের সহিত মুখ মিলাইয়া এবং তাহার জননেন্দ্রিয় স্পর্শ করিয়া 'অঙ্গাদঙ্গাৎ' ইত্যাদি মন্ত্র জপ করিবে ॥৪১৬॥৯॥

অথ যামিচ্ছেন্ন গর্ভং দধীতেতি, তস্যামর্থং নিষ্ঠায় মুখেন মুখং সন্ধায়াভিপ্রাণ্যাপান্যাদিন্দ্রিয়েণ তে রেতসা রেত আদদ-ইত্যরেতা এব ভবতি ॥৪১৭॥১০॥

সরলার্থঃ ।—অথ (পক্ষান্তরে) যাং (স্বভার্য্যাম্) ইচ্ছেৎ গর্ভং ন দধীত (ন গৃহ্নীয়াৎ) ইতি; [সঃ পূর্ব্ববৎ] তস্যাম্ অর্থং নিষ্ঠায়, মুখেন মুখং সন্ধায়, অভিপ্রাণ্য (প্রাণনব্যাপারং—স্ত্রীদেহে বায়ুসঞ্চারণং কৃত্বা) অপান্যাৎ (অপানব্যাপারং—ততশ্চৈব বায়োরাকর্ষণং কুর্য্যাৎ—'ইন্দ্রিয়েণ তে' ইত্যাদিনা মন্ত্রেণ]। [এবং চ সতি] সা অরেতা এব ভবতি (গর্ভিণী নৈব ভবতীত্যর্থঃ) ॥৪১৭॥১০॥

মূলানুবাদ ।—সে যদি ইচ্ছা করে যে, এই স্ত্রী যেন গর্ভ-

ধারণ না করে; তাহা হইলে, পূর্ব্বের ন্যায় তাহাতে জননেন্দ্রিয় অর্পণপূর্ব্বক, মুখে মুখ মিলাইয়া এবং প্রাণনব্যাপার—স্ত্রীদেহে বায়ু-প্রেরণ সম্পাদনপূর্ব্বক 'ইন্দ্রিয়েণ তে' ইত্যাদি মন্ত্রে অপান-বায়ুর কার্য্য করিবে। এইরূপ করিলে সেই স্ত্রী নিশ্চয়ই গর্ভিণী হইবে না ॥ ৪১৭ ॥ ১০ ॥

শাঙ্করভাষ্যম্।—অথ যামিচ্ছেৎ ন গর্ভং দধীত ন ধারয়েৎ গর্ভিণী মা ভূদিতি, তস্যামর্থমিতি পূর্ব্ববৎ। অভিপ্রাণনং প্রথমং কৃত্বা পশ্চাদপান্যাৎ 'ইন্দ্রিয়েণ তে রেতসা রেত আদদে' ইত্যনেন মন্ত্রেণ। অরেতা এব ভবতি ন গর্ভিণী ভবতীত্যর্থঃ ॥৪১৭॥১০॥

টীকা।—তস্যাঃ স্ববিষয়ে প্রীতিমাপাদ্য স্ববাচক[illegible] [illegible]প্রায়বিশেষানুসারেণ অনুষ্ঠানবিশেষং দর্শয়তি—অথেত্যাদিনা। [illegible] তত্রাপানশব্দস্বরূপকথনার্থো [illegible]। পশ্চাৎ-কালে প্রথমং স্বকীয়পুংস্বদ্বারা তদীয়শরীরে বায়ুং বিসৃজ্য তেনৈব মার্গেণ [illegible] কুর্য্যাদিত্যাহ—অভিপ্রাণ্যেতি ॥ ৪১৭ ॥ ১০ ॥

ভাষ্যানুবাদ।—"অথ যামিচ্ছেৎ" ইত্যাদি। [এই স্ত্রী] গর্ভধারণ না করুক, অর্থাৎ গর্ভিণী না হউক, এইরূপ যাহার প্রতি ইচ্ছা করেন, তাহাতে—'অর্থ সন্নিবেশ' প্রভৃতি কথার অর্থ পূর্ব্বের ন্যায়। প্রথমে অভিপ্রাণন—বায়ুপ্রেরণ করিয়া, পরে আবার 'ইন্দ্রিয়েণ তে' ইত্যাদি মন্ত্রে অপানন কার্য্য করিবে অর্থাৎ স্ত্রীতে নিবেশিত বায়ু আকর্ষণ করিবে। [এইরূপ করিলে] সেই স্ত্রী নিশ্চয়ই 'অরেতাঃ' হয়, গর্ভিণী হয় না ॥৪১৭॥১০॥

অথ যামিচ্ছেদ্দধীতেতি, তস্যামর্থং নিষ্ঠায় মুখেন মুখং সন্ধায়াপান্যাভিপ্রাণ্যাদিন্দ্রিয়েণ তে রেতসা রেত আদধামীতি, গর্ভিণ্যেব ভবতি ॥৪১৮॥১১॥

সরলার্থঃ।—অথ (পক্ষান্তরে), য যাম্ ইচ্ছেৎ—ইয়ং 'দধীত' ইতি। 'তস্যাং' অর্থং নিষ্ঠায়, মুখেন মুখং সন্ধায়, [পূর্ব্ববিপর্য্যয়েণ] অপান্য (তদন্তর্বায়ুমাকৃষ্য) [পশ্চাৎ] 'ইন্দ্রিয়েণ তে' [ইত্যাদিমন্ত্রেণ] অভিপ্রাণ্যাৎ (তস্মিন্ স্থানে বায়ুং প্রেরয়েৎ) ইতি। (এবং সতি) [সা স্ত্রী] গর্ভিণী এব ভবতি ॥৪১৮॥১১॥

